
अकार्य

BRAHMASÜTRA-O-ŚRIMADBHĀGAVATA

ব্রামপদ চট্টাপাধ্যায়

ভারতীয় মনীষার শ্রেণ্ঠতম বিকাশ বেদাণ্ডদর্শন। স্দ্রে বৈদিক যুগ হতে বেদাণ্ড ভাবনা প্রাচীন ভারতীয় জীবনচর্যার প্রধান লক্ষ্য। গত তিন হাজার বছরের বেদাণ্ডদর্শন সাহিত্য তার সাক্ষ্য বহন করে চলেছে।

বেদান্তপ্রস্থানের মূল গ্রন্থ মহর্ষি বাদরায়ণের 'ব্রহ্ম-স্ত্', যার লক্ষ্য দ্ঃখপারাবারের পারে "আনন্দর্পম-মৃতং যদ্ বিভাতি" সেই প্রমতত্ত্বে সন্ধান দেওয়া। জ্ঞানের পথেই সেই সৎ চিৎ আনন্দময় প্রুষকে উপলব্ধি করা যায়। কিন্তু বিচার বা জ্ঞানই শেষ কথা নর, এর ওপারে আছে ভক্তির পথ, প্রেমময় ঈশ্বরে পরানুর্রন্তির পথ। সেই পথের পথিক হীর লীলাময় ঈশ্বরের অসীম লীলার আস্বাদন করা, সেই প্রেমানন্দে আপনাকে বিভোর করাই ভাগবতধম্ম। ভত্তিবাদের শ্রেষ্ঠগ্রন্থ শ্রীমদ্ভাগবতের ইহাই পরম লক্ষা। ভারত ইতিহাসের এক সংকটময় ম্হত্তে জাতীয় জীবনে শ্রীমদ্ভাগবতের অবদানের কথা প্রচার করেন নদীয়ার প্রেমের ঠাকুর শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভূ। তিনি বলতেন, ব্দাস্তের যথাথতিঃ ভাষ্য শ্রীমদ্ভাগবত। ভারতীয় দশনিশাদের নিষ্ণাত স্বুপণিডত রামপদ চট্টোপাধ্যায়, বেদান্ত বিদ্যাণ্বি, বর্ত্তমান গ্রন্থে মহাপ্রভূ নিদিল্টি সেই ততুটিকেই প্রকাশ করেছেন। জ্ঞানমার্গ ও ভব্তিমার্গের মধ্যে যে অন্তঃসলিলা অন্বৈতমন্দাকিনী নিরণ্তর বয়ে চলেছে, তারই অমৃতধারায় তিনি দর্শন-পিপাস্য চিত্তকে সিম্ভ করেছেন। শাস্তের টীকাটিম্পনীর বিচার বৈভবের মধ্যে এই সমন্বয় দুণ্টিটিকে আমরা হারিয়ে ফেলি, যুক্তিতকের বিচার সেখানে ব্যর্থ হয়ে ফিরে আসে, তা "যতো বাচো নিবর্তকে", মননের দ্বারা তা প্রাপনীয় নয়। অন্ধকারের ওপারে সেই আদিতাবর্ণ মহান প্রবৃষকে জানার একমাত্র পথ অপরোক্ষান্ভূতি। বর্তমান গ্রন্থকার এই মূল আদশ্টিকে ব্লা, স্থিট, মায়া, জীব, কর্মা, উপাসনা প্রভৃতি তত্ত্বে আলোচনার মাধ্যমে সরল ও সাবলীল ভাষায় প্রকাশ করেছেন। বর্তমানকালে ব্রহ্মস্ত্রের ভাগবতসম্মত ব্যাখ্যার এইটিই প্রথম প্রয়াস। জ্ঞান ও ভক্তিতত্ত্বে এমন সহজ ও সরল তুলনাম্লক আলোচনা, দার্শনিক সমণ্বয়দ্ণির এমন স্করতম প্রকাশ অন্যত্ত দ্বভি। লেখকের গভীর শাস্তজ্ঞান ও অনুন্য উপস্থাপন কৌশলের জন্য গ্রন্থটি বেদানত ও ভাগবতধর্ম চর্চার ইতিহাসে এক স্মরণীয় সংযোজন-রূপে গণ্য হবে।





ব্রহ্মসূক্র ও শ্রীমদ্ভাগবত বা শ্রীমদ্ভাগবত সাহয্যে ব্রহ্মস্ত্রালোচনা

BRAHMASUTRA-O-SRIMADBHAGAVATA

A Treatise on Brahmasutra with the help of Srimad Bhagavata

অথম খণ্ড/১–৪ পাদ

तांमभन हरिं भाषांत्र, त्वनाखिवनार्वव

সম্পাদনাঃ শ্রীঅনিলহরি চট্টোপাধ্যায়



ফার্মা কেএলএম প্রাইভেট লিমিটেড কলিকাতা • • ১৯৯৪ প্রকাশক ঃ

ফার্মা কেএলএম প্রাইভেট লিমিটেড ২৫৭ বি, বিপিন বিহারী গাঙ্গুলী স্ফ্রীট কলিকাতা-৭০০০১২

প্রথম সংস্করণ : কলিকাতা ১৯৭৮ পুনমু'দ্রণ ১৯৯৪

© অর্প চটোপাধ্যায়

मृलाः ४०:००

এই লেখকের অন্যান্য গ্রন্থ বেদান্ত প্রবেশ (রহ্মসূত্র ও শ্রীমদ্ভাগবতের ভূমিকা) গায়ত্রী রহস্য মাতৃপ্জা বা চণ্ডীরহস্য ও ন্তবমালা অপরোক্ষানুভূতি, শ্রীশ্রীরামগীতা, শ্রীশ্রীরামলীলাগীতি ওঁম্ শ্রীশ্রীশান্তিগীতা

ওঁম্ শ্রাশ্রাণাান্তগাতা অপ্রকাশিত:—

নাম মহিমা

২০এ, পটুয়াটোলা লেন কলিকাতা-৭০০ ০০৯

ইউনিক কালার প্রিটারস

युष्टन :



৺রামপদ চট্টোপাধ্যায়

॥ জন্ম ॥ ১লা চৈত্র, বুধবার, ১২৭৯ ১৫ই মার্চ, ১৮৭২ ॥ মৃত্যু ॥ ২১শে ভাদ্র, বৃহস্পতিবার, ১৩৬৩ ৬ই সেপ্টেম্বর, ১৯৫৬

পিতৃতপ্ণ

পিতা হি, লোকে পুরুষঃ প্রধানো
হিতো মহাত্মা পরমোহতুকুলঃ।
অহেতুক স্নেহরহস্ত মৃতিঃ
প্রজাপতি বা স্বয়্যেব মৃর্ত্তঃ॥
সর্ব্বহুংখানিহন্ত্রী স্বং ভুক্তি মৃক্তি প্রদায়িনী,
বিশ্বেশ্বরী জগদ্ধাত্রী মাতৃদেবী নমস্ততে॥
কচিৎ পিতা কচিন্নাতা কচিচ্চপিতরো তথা,
কচিদ্ বিধাতা সংহর্তা কচিদ্বা যুগারপধৃক্॥

শ্রীচরণাশ্রিত অনিলহরি চট্টোপাধ্যায়



পরিচারিকা

বেষান্ত দর্শন ও শ্রীমন্তাগবত, উভয়েরই লক্ষ্য এক, অবৈত তত্ত্ব। স্বতরাং উভয়ের মধ্যে তাত্বিক বিরোধ থাকিতে পারে না। প্রচলিত পরম্পরাস্থ্যারে অবৈত-বেদান্ত দর্শন জ্ঞানেরই মহিমা কীর্ত্তন করিয়াছেন। সম্প্রদায়ক্রমে শ্রীমন্তাগবতের প্রতিষ্ঠা ভক্তিতে। স্বতরাং উভয়ের মধ্যে আপাতবিরোধ। কিছ স্বন্ধ বিচারে ইহাই প্রতীত হয় বে উভয়ের মধ্যে ঐক্যভাবই আছে, বিরোধ নাই। শ্রাক্রেয় ফর্গত রামপদ দেবশর্মা তাঁহার "বেদান্ত প্রবেশ" গ্রন্থের নিবেদনে বে কথা লিধিয়াছেন, "পঞ্চবিংশ বর্ষের অধিক কাল বেদান্ত ও শ্রীমন্ ভাগবত আলোচনা করিয়া আগিতেছিলাম; উক্ত আলোচনায় উভয়ের আশ্বর্যা ঐক্যভাব দেখিয়া বিশ্বিত হইয়াছিলাম…" তাহা অক্ষরে অক্ষরে স্বতা।

আনন্দের বিষয় এই যে তাঁহার রচিত "ব্রহ্মসূত্র ও শ্রীমন্ ভাগবতের" পাণুলিপি তাঁহার দেহাবদানের বছদিন পরে তাঁহার একমাত্র পুত্র শ্রী অনিলহরি চট্টোপাধ্যায়ের আগ্রহে ও প্রয়াসে মৃত্রিত হইল। কুরুক্ষেত্র বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের প্রধান অধ্যাপক শ্রীগোপিকা মোহন ভট্টাচার্য্য মহাশয় এ বিষয়ে বন্ধু না লইলে প্রকাশ কার্য্য স্কুকর হইত না।

গ্রন্থানিতে যে অসাধারণ মনীযার পরিচয় আছে তাহাতে বিষধ সমাজ পরিতৃপ্ত হইবেন এই বিশাস আমাদের আছে। জ্ঞানপিপাস্থ গবেষকগণও গ্রন্থানি পাঠ করিলে বিশেষভাবে উপক্বত হইবেন। মূদ্রণ ব্যয়ের কিয়দংশ ভারতীয় সরকার বহন করিয়াছেন ইহা স্থবের কথা। আশা করা যায় বে প্রাদেশিক সরকারও অর্থসাহায্য দানে অগ্রণী হইবেন।

আমরা গ্রন্থানির বছল প্রচার কামনা করি।

২২৪, শ্রামনগর রোড,

ভলিকাতা-৫৫

٥٠١١١١١٥

— शिरगोत्रीमाथ माखी

ব্রহ্মসূত্র ও শ্রীমডাগবত গ্রন্থের ১ম খণ্ডের দ্বিতীয় মুদ্রণ প্রসঙ্গে নিবেদন

শরমারাধ্য পিতৃদেব রচিত ব্রহ্মসূত ও শ্রীমন্তাগবত ১ম, ২য় ও ৩য় খণ্ড
১৯৭৮-১৯৮০-র মধ্যে মুদ্রিত ও প্রকাশিত হয়েছিল। কিছুকাল যাবং ১ম খণ্ডাট
সম্পূর্ণ নি:শেষিত। ২য় ও ৩য় খণ্ডের অস্প কিছু কিপ এখনো পাওয়া যাচেছ
কিন্তু যাঁরা সম্পূর্ণ সেট সংগ্রহে আগ্রহী তাঁদের হাতে তুলে দেওয়া সম্ভব হচেছ না।
কেবলমাত ১ম খণ্ড সংগ্রহ করতে চান এমন পাঠকের সংখ্যাও কম নয়।

এ কারণ ফার্মা কেএলএম প্রাইভেট লিমিটেড-এর বর্তমান সত্ত্বাধিকারী শ্রীমান রপ্রীন্দ্রনাথ মুখোপাধ্যায় গ্রন্থের ১ম খণ্ডটি ছাপার ভুল সংশোধন সহ পুনমুদ্রণ ও প্রকাশিত করার ব্যবস্থা করেছেন। বিগত পনের বছরে গ্রন্থ প্রকাশনার প্রত্যেক ন্তরে খরচ অত্যধিক বৃদ্ধি পেয়েছে। অপর পক্ষে ১ম খণ্ডের প্রথম মুদ্রণের আংশিক বায়ভার কেন্দ্রীয় সরকারের শিক্ষামন্ত্রক বহন করায় গ্রন্থের যে ম্ল্য রাখা সম্ভব হয়েছিল বর্তমান মুদ্রণে সে সুবিধা অনুপক্ষিত। তাই বায় সংকোচের সর্ববিধ চেক্টা সত্ত্বেও ম্লাবৃদ্ধি এড়ানো গেল না। এজন্য পাঠকবর্গের সহযোগিতা প্রার্থনীয়।

মহালয়া, ১৪০০ বঙ্গান্স, ২১ ডি, মহেন্দ্র রোড, কলকাতা-৭০০ ০২৫ শ্রীঅনিলহরি চট্টোপাধ্যায়

नम्भाष्ट्राक्त नश्रवपन

আমার পরমারাধ্য পিতৃদেব স্বর্গাত রামপদ চটোপাধ্যায় মহাশয় পঞ্বিংশ বর্ষের অধিককাল বেদান্ত ও শ্রীমদ্ভাগবত আলোচনা করার পর ১১৩২-৩৩ সালের মধ্যে "ব্ৰহ্মস্ত্ৰ ও শ্ৰীমদ্ভাগবত" গ্ৰন্থ নিথিয়াছিলেন। অৰ্থাভাবে মূলগ্ৰন্থ মূলণ সম্পূর্ণ অসম্ভব বলিয়া, মূলগ্রন্থের ভূমিকারূপে তিনি ধাহা লিথিয়াছিলেন. তাহা প্রস্থাকারে "বেদান্ত-প্রবেশ" নামে ১৯৩৬ সালে মৃদ্রিত ও প্রকাশিত হয়। ইংরাজী ১৯৩৪ পাল হইতে ১৯৫৬ দালের মধ্যে তিনি "শান্তিগীতা", "রামগীতা". "অপরোক্ষারুভৃতি", "নামমহিমা", "গায়ত্তী রহস্ত", "মাতৃপূজা বা চণ্ডীরহস্ত" **নামে** পুশুকগুলি রচনা করেন। ইহার মধ্যে ১৯৩৭ শালে "গায়ত্রী রহস্ত", ও ১১৪• সালে "মাতৃপ্জা" মৃদ্রিত হয়। অর্থাভাবে অ**লগুলি মৃদ্রিত করা সভ**ৰ হয় নাই। "বেদান্ত-প্রবেশ" গ্রন্থ নিবেদন করিতে গিয়া আমার পিতৃদেব লিধিয়াছেন:—"যদি বেদান্ত-প্রবেশ জ্বিজ্ঞাস্থ পাঠকগণের দৃষ্টি আকর্ষণে **সমর্য** হয় এক তাহা হইতে তাঁহাদিগের মৃলগ্রন্থ পাঠের আগ্রহ অনুধাবন করিতে সমর্থ হই, অধিকন্ত মূলগ্রন্থ ছাপাইবার বায়ভার বহন করিবার সামর্থ্য ভগবান প্রদান করেন, তবে উহা ভবিশ্বতে গ্রন্থাকারে মৃদ্রিত করিয়া সাধারণ সমাপে উপস্থিত করিতে পারি, নতুবা উহা পাণ্ডুলিপি অবস্থায় থাকিয়া সহস্র কীটের আহার সংস্থানের কারণ হইবে।" স্বর্গীয় পিতৃদেব এই পুস্তক রচনায় যে কি অক্লান্ত, নির্বস পরিশ্রম ও নীর্ব একাগ্রসাধনা করিচাছিলেন, ভাহার সাকী আমি। গ্রন্থটি মৃত্রিত করিবার আশা পরিত্যাগ করিয়াই বধন তিনি দেহরক্ষা ক্রিলেন, তথন হইতে নিজেকে পিতার অযোগ্য সস্তান বলিয়া মনে ক্রিয়া আত্মগানি ও কষ্টভোগ করিয়াছি। কিন্ত অর্থাভাবে আমিও ইহা মৃদ্রিত ও প্রকাশিত করিতে সম্পূর্ণ অসমর্থ হই।

অবশেষে আমার অগ্রামবাসী, অদেশের ম্থাজ্জনকারী সন্তান, কুরুক্তে বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের প্রধান, অধ্যাপক গোপিকা মোহন ভট্টাচার্ব্যের প্রেরণা, উপদেশ, নির্দ্দেশ, ও আগ্রহে আমি পিতৃদেবের শেষইচ্ছা পূর্ণ করিবার জন্ত অগ্রসর হইতে সমর্ব হই। কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের নিক্ট হইতে অর্থ সাহায্য পাইতে হইলে কিভাবে অগ্রসর হইতে হয় সে সম্বন্ধে ভিনি নানা উপদেশ দিয়া ও সক্রিয় সহযোগিতা করিয়া আমাকে লক্ষ্যপথে আলোক-বর্তিকা দেখাইয়াছেন।

খনামধন্ত পণ্ডিত পূজাপাদ অধ্যক্ষ ড: গৌরীনাথ শান্ত্রী মহাশয় "বেদান্ত-প্রবেশ" গ্রন্থ পাঠ করিয়া অভিভূত হন এবং মূল গ্রন্থটির প্রকাশনায় কেন্দ্রীয় সরকারের অফুদান পাওয়ার জন্ত যথেষ্ট সাহাধ্য করেন ও স্থবিশাল এই মূল গ্রন্থটির মর্মগ্রহণ করিয়া ধথার্থ মূল্যায়নের সঙ্কেতবাহী পরিচায়িকা রচনা করিয়া আমাকে অনুগৃহীত করেন।

এই পুস্তকের প্রকাশনায় বর্ষীয়ান দেশনেতা শ্রীপ্রফুল্লচন্দ্র সেন, মাননীয় শিক্ষামন্ত্রী ড: প্রতাপচন্দ্র চন্দ্রের আন্তরিক উৎসাহদান ক্রতজ্ঞচিত্তে শ্বরণ করি।

ইহার পর মৃদণ ও প্রকাশনের পর্ব। বছবাজার খ্রীটের ফার্মা কে এল এম প্রাইভেট্ লিমিটেডের অভিজ্ঞ, বিচক্ষণ ও স্থদক প্রকাশক শ্রীকানাইলাল মুখোপাধ্যায় মহাশয় এই গ্রন্থ প্রকাশের দায়িত গ্রহণের সঙ্গে সংল কৈলাস বস্থ খ্রীটের রূপশ্রী প্রেদের শ্রীকিতীশ চন্দ্র রায় মহাশয়ের স্থান্যা হত্তে এই পুত্তক মুদ্রণের ভার দেন।

পাণ্ডুলিপির সংস্কৃত অংশগুলি, তরুণ গবেষক ড: তারাপদ পাণ্ডা ও বাদবপুর বিশ্ববিচালয়ের সংস্কৃত বিভাগের অধ্যাপক ডঃ মানবেন্দু বন্দ্যোপাধ্যায় মহাশয়বন্ন সম্ভে ও সানন্দে ভ্রমগংশোধনাদি করিয়া দিয়াছেন।

আমার পিতৃদেবের হস্তলিপি দহজপাঠ্য না হওয়ায়, পিতৃদেবের জীবদ্দশায়
তাঁহার চতুর্থ প্রাতা ৺রামতারণ চট্টোপাধ্যায় ফতঃপ্রবৃত্ত হইয়া তাঁহার মৃক্তাক্ষরে
এই পাণ্ডলিপি নকল করেন। খ্লতাত মহাশয়ের এই অক্লান্ত পরিশ্রম
আমি কভজ্ঞচিত্তে শারণ করি। কিন্তু পিতৃদেব পরে নিজ রচনায় বহু পরিবর্ত্তন
ও পরিবর্ত্তন করেন। এই দকল অংশ সংযোজন ও পুনর্লিখনের কার্য্যে
আমার পরিবারক্ষ দকলের ছাড়াও অনেকের দক্রিয় সাহায়্য লইতে হইয়াছে।
প্রীপ্রকাশ চক্র চক্রবর্তী, কাব্য ব্যাকরণতীর্থ প্রম্থ তাঁহাদের দকলকে আমার
কভক্ষতা জানাই।

৺পিতৃদেবের "বেদান্ত-প্রবেশ" গ্রন্থের প্রকাশক, পরমশ্রন্ধের শ্রীদ্রিষ্টুপ ম্ৰোপাধ্যায় তাঁহার অহম শরীরেও উপদেশাদি ঘারা যে প্রকারে আমাকে সাহায্য ও অহপ্রাণিত করিয়াছেন তাঁহার জন্ম তাঁহাকে আমার আন্তরিক ক্রেক্তা জানাই। পিতৃদেবের তৃতীয় ভ্রাতা তরামচরণ চটোপাধ্যায়ের জ্যেষ্ঠপুত্র, আমার সহোদর প্রতিম শ্রীগোরহরি চটোপাধ্যায় পুস্তক প্রকাশনার কার্য্যে আমার সহিত একাত্ম হইয়া অগ্রজ্জ্লভ মমতা ও আগ্রহ লইয়া আমাকে সর্বাদা সাহায্য করিয়া চলিয়াছেন। আমার পিতৃদেব আমাদের একারবর্তী পরিবারের প্রতিষ্ঠাতা ও রক্ষক ছিলেন। দেই পরিবারের আরও অনেকের নিকট আমি অনুষ্ঠ সাহায্য পাইয়াছি। পিতৃদেবের একান্ত অফ্রাগী ও প্রিয় এই পরিবারেম্ব অনেকেই এই পুস্তক প্রকাশের আনন্দ, আমার ও আমার পরিবারম্ব সকলের সহিত সমভাবে পাইবার অধিকারী। ধর্যবাদ বা ক্বতজ্ঞতা জানাইয়া তাঁহাদিগকে ছোট করিতে পারি না।

অনার পরমারাধ্য তপিতার এই মহান্ কার্য্যের ফল যাহাতে স্থানী সমাজ্যের উপকারে লাগে দেজতা ইহার মৃত্রণ ও প্রকাশের জতা আমার প্রয়াদ। উল্লিখিড মহাক্তর ব্যক্তিগণের প্রত্যেকের নিকট আমি বিক্রিগত ভাবে চিরঞ্জী ও চিরক্বতজ্ঞ। তাঁহাদের নিঃস্বার্থ, পরোপকারের প্রেরণাযুক্ত হৃদয়বভার মূল্যায়ন করা ভাষায় বা কার্য্যে আমার পক্ষে সম্ভব নহে। এরপ উদার ও পরোপকারী মানবদন্তানগণের দায়িধালাভ আমার পরম দৌভাগ্য। ইহারা ছাড়াও, আরও যাঁহারা আমাকে নানাভাবে অন্প্রাণিত বা দাহায্য করিয়াছেন, যাঁহারা আমাকে দাহায্য করিয়াছেন, যাঁহারা আমাকে দাহায্য করিছে প্রস্তুত থাকিয়াও শেষ পর্যন্ত আমি নাই, যাঁহাদের নাম এথানে প্রকাশিত হয় নাই, তাঁহাদের সকলের নিকটও আমি আস্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

ব্রহ্মত্ত্র ও শ্রীমন্ভাগবতের প্রথম থণ্ডে আজ কেবলমাত্র ব্রহ্মত্ত্রের প্রথম অধ্যায় উপস্থাপিত করিতে সক্ষম হইয়াছি। মূল গ্রন্থের দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ অধ্যায় পরমেশ্বর সহায় থাকিলে ইহার পরেই প্রকাশিত হইতেছে। শ্রুতি, শ্রীমন্ভাগবত ও পুরাণাদি হইতে সে সকল উদ্ধৃতি এই তিনটি থণ্ডে সন্নিবেশিত হইয়াছে, পিতৃদেব কৃত তাহাদের একটি নির্ঘণ্টও তৃতীয় থণ্ডের শেষে প্রকাশিত হইবে। প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য যে শ্রীমন্ভাগবতের যে সকল উদ্ধৃতি এই মহাগ্রন্থে আছে তাহা বহরমপুর, মৃশিদাবাদ হইতে প্রকাশিত ওরামনারায়ণ বিভারত্ব মহাশয়ের শ্রীমন্ভাগবতম্ পৃস্তকের তৃতীয় সংস্করণ (১৩০৪-১৩২১ সন) হইতে গৃহীত বলিয়া গ্রন্থকার উৎসনির্দেশ করিয়া গিয়াছেন।

সর্বশেষে আমার নিবেদন, এই পুন্তক আমার পিতৃদেবের জীবদ্দশার প্রকাশিত হইলে ভ্রমপ্রমাদের আশংকা ছিল না। সম্পূর্ণ জনভিত্ত আমরা, একণে ইহার নকল ও মৃদ্রণ-সংশোধন কার্য্যে হয়ত বহু ভ্রমপ্রমাদ করিয়াছি। স্বতরাং এই গ্রন্থের মধ্যে যাহা কিছু ভূল-ভ্রান্তি থাকিবে, তাহার জন্ম আমি বং আমার অজ্ঞতাই দায়ী। পিতৃদেবের ও পাঠকবর্গের নিকট এজন্য আমি ক্যাপ্রার্থী।

এই পুস্তক প্রকাশনায় কেন্দ্রীয় সরকারের আংশিক ব্যরভার বহনের স্বীকৃতির জন্ত আস্তরিক কৃতজ্ঞতা জানাই। ইতি— ভগানীপুর, কলিকাডা

মহালয়া, ১৬৮৫ ইং ১।১•<u>।</u>৭৮ —অনিলহরি চট্টোপাধ্যায়

সূচীপত্র

	পূঠা
পরিচায়িকা -	ভি ৰ
সম্পাদকের সংবেদন	পাঁচ
গ্রন্থকারের নিবেদন	>
অভি াষ	8

সূত্ৰ ও সূত্ৰে আলোচিত বিষয়

প্রথম অধ্যায়—সমন্বয়—প্রথম পাদ

অধ্যায় পাদ স্ত্ৰ

>

প্র

১। জিজাদাধিকর্ণ--

>। অথাতো ব্ৰহ্মজিজ্ঞাস।।

কর্মমাত্রই নশর; কর্ম দ্বারা পরম প্রুমার্থ প্রাপ্তি হয় না; ভগবান বাস্থদেবে ভক্তিই পরম প্রুমার্থ; এক অদ্ম জ্ঞানই পরম তত্ব, উহা ব্রহ্ম, পরমাত্মা, ভগবান আথ্যায় আথ্যায়িত; উহা বাক্যমনের অগোচর, ইন্দ্রিয়গণের অলভ্য, উহাই কিন্তু বাক্, ইন্দ্রিয়, প্রাণ প্রভৃতির নিয়ন্তা; এই ব্রহ্ম, পরমাত্মা, বা ভগবানকে আত্মস্বরূপে জ্ঞানাই পরম পুরুষার্থ; উহা জানিলে আর জ্ঞাতব্য কিছুই থাকে না। এই জিজ্ঞাসাই বৃদ্ধিমানগণের বৃদ্ধি, মনীধিগণের মনীষা; জ্ঞান-শাস্ত্রজ্ঞান, বিজ্ঞান—অপরোক্ষ্প্রান।

২। জন্মাল্যধিকরণ-

২। ভবাদতা যতঃ।

তটিশ্ব লক্ষণ ঘারা স্বরূপ নির্দেশ; শাধাচন্দ্র ক্রায়, স্বরুদ্ধতী ক্রায়; ভাগবতের শ্লোকে একজে তটস্থ ও স্বরূপ লক্ষণ; ব্রুদ্ধই বিশ্বের নিমিন্ত ও উপাদানকারণ; প্রকৃতি = ব্রুদ্ধকি; কাল = ব্রুদ্ধের চেষ্টারূপ; পুরুষ = ব্রুদ্ধাংশ; স্বরূণ ও নিশুণ উভয় শ্রুতিই

সমান অর্থকরী: শক্তির অভিব্যক্তি-স্ষ্টি ও অনভিব্যক্তি—প্রলয়: উভয়ে ব্রন্ধের ইচ্ছা বা স্বভাববশতঃ হইয়া থাকে ; উহা তাঁহার দিব্য মায়াবিনোদ; নিগুণ ব্রন্ধের হারা সৃষ্টি তাঁহার অচিন্ত্যশক্তি প্রভাবে হইয়া থাকে: তিনি স্পষ্টতে প্রকটিত হইলেও খরণবিচাত হন না; পৃষ্টি প্রক্রিয়ার চিত্র: প্রকৃতির আপাতঃ দুখ্যান জড়োপকরণে অল্লবিস্তর চৈত্ত্যাংশ বর্ত্তমান ; চৈততাময় হইতে দুখত: জড়া প্রকৃতির সৃষ্টি চৈতন্ময়ের অচিস্তাশক্তির নিদর্শন ; ভগবানের সংহননী শক্তির দ্বারা প্রাকৃতিক উপকরণ সকলের সংহত করণ: উক্ত উপকরণ সকলে ভগবানের অমুপ্রবেশ; অনুলোম গতিক্রমে সৃষ্টি, প্রতিলোম গতিক্রমে প্রলয়; সৃষ্টি, স্থিতি ও প্রলয়ে ব্রহ্ম নিজ স্বরূপেই অবস্থান করেন: বিশ্ব মিথ্যা নহে, নশ্বর: মিথ্যা কি? অধ্যাস কি? সং ও অসতের লক্ষণ: বিশ্বের অভিব্যক্তি ও অন্ভিব্যক্তির দৃষ্টাস্ত: বিশ্বের স্থ্যাদিতে ত্রন্ধে বিকারাদি স্পর্শে না: ব্ৰহ্ম বা ভগবান-সজাতীয় বিজাতীয় স্বগত ভেদশূত ; একারণ তাঁহার কোনও কর্ম নাই; অভএব তিনি সর্বত্ত সম. উদাসীন।

৩। শাল্তযোনিহাধিকরণ—

৩। শাস্ত্রযোনিত্বাৎ॥

"শান্তবোনি" পদ ছই প্রকারে সিদ্ধ; "শাস্ত্র" শব্দে বেদ, বেদের বোধক, ५ ५ ७ २५०-७७२

অধ্যায় পাদ স্ব পৃষ্ঠা

অর্থকাপক সম্দায় শাস্ত্র, শাস্ত্রজাতের চিত্র ; ব্রম্ব সমুদায় শাম্বের উৎপ্তিকারণ; স্ষ্টিকর্ত্তা ব্রন্ধার চারিমূথ হইতে চতুর্বেদের উৎপত্তি; ভগবান বন্ধার হৃদয় জ্ঞানালোকে উদ্ভাগিত করায় ব্রহ্মা সেই জ্ঞান ভাষায় শাস্ত্ররপে প্রকটিত করেন: **অত**এব ভগবানই মূল শাস্ত্র্যোনি ; সমূদায় শান্তই ব্রন্ধের বা ভগবানের প্রতিপাদক; শম্লায় উপাদনামার্গ ব্রহ্মে বা ভগবানে পর্যাবসিত; ভগবানই সমুদায় বিষয়; সমৃদায় বিরোধ-বিকল্পের প্র্যবসান ভগবানেই; প্রপঞ্চ জগং সম্বন্ধে মানবের জ্ঞান অতি অল্ল সীমার মধ্যে নিবদ্ধ; এই জ্ঞান মানবের ইন্দ্রিয় সংখ্যার ও তাহাদের শক্তির উপর নির্ভর করে; গণিতের ভাষায় ভগবান বা ব্রহ্ম এক দৃষ্টিতে "অমাত্র" অন্ত দৃষ্টিতে "অনন্তমাত্র"; তাঁহাকে খ্যান-ধারণার বিষয় করিতে হইলে অস্তঃকরণের স্তরে অবতরণ করা প্রয়োজন; জীবের কলাাণের জন্ম ভগবান অন্তঃকরণের স্তরে অবতরণ করিয়া শাস্তরূপে আপনাকে প্রকাশ করিয়াছেন ; পরা, পশ্চন্তি, মধামা, বৈথরী ভেদে বাক্ চারিপ্রকার; মহাক্বির কাব্য রচনার দৃগান্তে উহা বুঝিবার প্রয়াস: বেদ স্বতঃ প্রমাণ কেন ? জড় বিজ্ঞানের দুষ্টান্তে উহা বুঝিবার প্রয়াস। মন্ত্রদুষ্টা মহর্ষিগণ বেদমশ্রের রচয়িতা নহেন-আবিষারক; সগুণ শ্রুতিসকল কি প্রকারে নিগুণ বন্ধকে প্রকাশ করিতে সমর্থ ; শব্দবৃত্তি চারিপ্রকার ; শব্দবৃত্তি

অধ্যায় পাদ কৰে পূঠা

ষারা ব্রহ্ম নির্দেশ্য নহেন; ব্রহ্ম সমকালে
সম্প্রণ-নিগুল, সবিশেষ-নির্বিশেষ বলিয়া
শ্রেতিগণ তাঁহাকে প্রকাশ করিতে সমর্থ;
ব্রহ্ম শব্দের বৃৎপত্তি লভ্য অর্থ বৃহত্তম;
তিনি অনস্ত—সর্বব্যাপী; অনস্ত ও
সর্বব্যাপী হইলেও সমকালে কৃটস্ব; বেতার
তঞ্জিৎসংবাদ প্রচারের দল্লান্তে বৃদ্ধিবার
প্রয়াস; বেতার তজিৎসংবাদের গ্রাহক
যম্মের ন্থায় উপযুক্ত অধিকারী হইলেই
সর্বত্ত ব্রহ্মের উপলব্ধি হইয়া থাকে।

৪। সমন্বয়াধিকরণ:--

৪। ওত্তু সমন্বয়াৎ॥

বেদ ত্রিকাণ্ডাত্মক ও বহু শাথায় বিভক্ত হইলেও ব্রহ্মে পর্যাবসান; কর্মকাণ্ডের ফল-শ্রুতি রোচনার্থ; বিধি ও পরিসংখ্যা; কর্মাফুষ্ঠানের ঘারা নৈক্ষ্ম্য সিদ্ধিই বেদের কর্মকাণ্ডের লক্ষ্য; বেদের মন্ত্র বা দেবতাকাণ্ড প্রত্যক্ষভাবেই ব্রহ্মে পর্যাবসান; বিভিন্ন দেবতা "অনস্তমাত্র" ব্রহ্মের বিভিন্ন দেবতা "অনস্তমাত্র" ব্রহ্মের বিভিন্ন গুলমন্ম ভাবের অভিব্যক্তিতে স্বরূপের হানি হয় না; অগতের অভিব্যক্তিতে স্বরূপের হানি হয় না; অগতের অভীত, বর্তমান, ভবিন্তৎ সম্পান্ন ব্রহ্মই; কালের প্রভাব ব্রহ্মে বর্তমান না থাকান্ন অভীত, বর্তমান, ভবিন্ততের প্রয়োগ তাঁহাতে হইতে পারে না; বেদের জ্ঞানকাণ্ড বে ব্রহ্মেই পর্যান্ব্যান, তাহার কথা কি ?

e। ইক্জ্যধিকরণ:-

८। वेक्टडर्नाभवम्।

ব্ৰমের ঈশ্ব কাৰ্য্যশীলা প্রকৃতি বিশৃস্ষ্টি

3 8 000-011

> € 66-675

স্থ্যায় পাৰ্ছ প্ৰ পূঠা

করে; প্রকৃতি ও মায়া এক প্র্যায়ভূক;
ইহা ব্রন্ধের সংকল্পাত্মিকা শক্তি; ব্রন্ধে বা
ভগবানে দেহ-দেহী ভেদ নাই; ব্রন্ধ বা
ভগবান বিশ্বরূপ; জগৎ—ব্রন্ধ হইতে
পৃথক্ নহে, কিন্তু ব্রন্ধ জগৎ হইতে পৃথক্;
শ্রুতিতে কথিত মায়া বা প্রকৃতি সাংব্যোজ্ঞ প্রকৃতি হইতে ভিন্ন; মায়ার স্বরূপ;
ভসবানের বহু হইবার ইচ্ছা স্থান্থি ও
একাকী থাকিবার ইচ্ছা প্রকাশ ভ শন্ত ব্যাধ্যা; ব্রন্ধ শক্বাচ্য বটে, প্রব্বই
ব্রন্ধের বাচক; ওঁকার তত্ব।

७। (जीनंदन्ह्यांचा नंसाम्।

এই পত্তে মধ্ব ও বলদেবসম্মত ব্যাখ্যা; জগৎ স্পষ্টকর্ত্তা ব্রহম বা ভগবানে প্রাকৃতিক গুণের লেশমাত্ত নাই; তিনি প্রাকৃতিক গুণাতীত বলিয়া নিগুণ।

া। ভন্নিষ্ঠস্থ মোকোপদেশাৎ।

ভগবরাম মহিমা; জীবনযাপনের মৃষ্টিযোগ; ভগবরাম গ্রহণে স্থান, কাল,
অবস্থার অপেক্ষা নাই; নামের সহিত
নামীর অভেদ জ্ঞান প্রয়োজন; নাম
গ্রহণের বলে অনারক্ষ কর্মনাশ প্রাপ্ত হয়;
মৃত্যুকালে সাধারণত: প্রারক্ষনাশ প্রাপ্ত হয়
বলিয়া মৃত্যুকালে নামোচ্চারণে প্রমপদ
প্রাপ্তি হইয়া থাকে; মৃত্যুকালে নামোচচারণ বিনা প্রয়ুজে সম্ভব হইতে পারে
বলিয়া চিরজীবন নামগ্রহণ অত্যক্ত
প্রয়োজনীয়।

3 3 4 050-054

3 3 9 054-8-5

		অধ্যায়	পাদ	স্থ্ৰ	পূষ্ঠা
F	হেয়ত্বাবচন্নাচ্চ ।	. 5	۵	Ь	8 = 2 - 8 = 6
	জগডস্ব হত কিছু স্বই আত্মার জন্ম				
	প্রিয়; শ্রীকৃষ্ণ বা পরম তত্ত্ব সেই আত্মার				
	,আত্মা – অভএব প্রিয়তম ; তিনিই জগৎ-				
	কারণ ব্রহ্ম, প্রমাত্মা, ভগবান; অতএব				
	জ্বগৎ-কারণ ব্রহ্ম পরম প্রিয়তম, এজন্ম				
	(ह्य नर्ट्न ।				
>1	প্রতিজ্ঞাবিরোধাৎ ৷	٥	2	۵	8 • 3
	এক বিজ্ঞানে সর্কবিজ্ঞান প্রতিজ্ঞা; অমৃত				
	পানকারীর আর পাতব্য কি থাকিতে				
	भारत ?				
>• 1	স্থাপ্যয়াৎ !	2	5	20	8 0 2 - 8 7 0
	স্ব্ধিতে আত্মজান বর্তমান থাকে।				
22.1	গতি সামান্তাৎ ৷	2	>	22	822-87a
	বন্ধ ও তৎসম্বনীয় জ্ঞান অভেদ; কেহই				
	সমগ্রভাবে ব্রহ্মভাব ধারণা করিতে পারেন				
	না; বিখানগণ নিজ নিজ সামৰ্থ্যান্ত্ৰারে				
	বর্ণনা করেন মাতা।				
ऽ२ ।	শ্রে ডভার চচ ॥	٥	>	25	838-831
	ব্ৰদ্ম নিৰ্ন্তণ হইলেও স্বন্ধপগত অপ্ৰাকৃত				
	গুণদকলের তিনি মহাদাগর।				
। তা	নিন্দ্ময়াধিকরণঃ				
201	व्यानन्सम्बद्धाञ्चामारः ॥	2	2	70	8 > 5-855
	তিনি শত্যজ্ঞানানস্থানন্দমাত্রৈক রস-				
	মূর্তি; তিনি মায়াধীশ্।				
186	বিকারশব্দায়েভি চেন্ন প্রাচুর্য্যাৎ ॥	٥	٥	28	858-658
5¢	ভদ্মেতুব্যপদেশাচ্চ ॥	2	٥	Şŧ	82 ¢-82 6
	ব্ৰহ্মানন্দের কণামাত্রেই জীব, জগৎ				
	व्यानस्य विष्णंत्र ।				
561	মান্ত্ৰবৰ্ণি কমেৰ চ গীগ্ৰতে॥	5	S	•	821

৬

অধ্যায় পাদ প্ত পৃষ্ঠ:

3 39 828-802

১१। নেভরোহনুপপত্তে;॥

জীব অংশ; মৃক জীব ব্রম্বের সহিত সম্দার ভোগ উপভোগ করিয়া থাকেন; ব্রদ্ধ অংশী জীব অংশ;—ব্রদ্ধা পর্যান্ত প্রপঞ্চ জগতের সকলেই জীব পর্য্যায়ভুক্ত; চিত্তমল গুণ-কর্মজাত; ভগবচ্চরণে ভক্তি-হইলে উহা অপদারিত হয়; তথন বিশুদ্ধ আত্মতন্ত্ব সতঃ উদ্ভাসিত হইয়া থাকে।

१ । उन्हें वर्ष भाष्ट्र

জীব ও ব্রন্ধে ভেদ; দেহরপ বুক্ষে তৃই
পক্ষী; দিবিধ ক্ষেত্রজ্ঞ; অন্ত:করণ
উপলব্ধির ষদ্ধ বা সাধন মাত্র; এক, নিতা,
সভাবস্ত বা আত্মার অস্তিত্বের হেতু;
আত্মতত্ত্বিশ্লেষণে জ্ঞাতা "আমি" দারা
জ্ঞার "আমি"র উপলব্ধি; জ্ঞাতা আমি
জীবাত্মা, জ্ঞের আমি পরমাত্মা; তৃইই
এককালে দেহে বর্ত্তমান থাকার তৃইই
ক্ষেত্রক্ত আথ্যায় আথ্যায়িত।

> । কামাচ্চ নানুমানাপেকা।
 ভগবানের সংকল্পবশত: প্রকৃতি জ্বড়া,
 একারণ উহার স্বতম্ব ইচ্ছা দপ্তব নহে।

২০। অস্মিল্লন্ত চ ভদ্যোগং শান্তি।
বৈত পরমার্থত: অবস্ত ; বৈতাতিনিবেশ
ইইতেই ভয় ; আনন্দময়কে আশ্রয়
করিলেই অভয় প্রতিষ্ঠা লাভ হয় ; একারণ
ভগবদ ভক্তগণ বিপদ কিছুমাত্র ভয় করেন
না, বিশ্বে বর্তমান যত কিছু ভাব সবই
পরমাত্মার ভাব ; ভাবাবৈত, ক্রিয়াবৈত
ক্রবাবৈত।

> >> 800-805

٠ ١ ١ ١ ١ ١ ١

> > ₹ 987-88€

অধ্যায় পাচ হুত্র প্রচা 25 886.8¢0 ৭। অন্তরাধিকরণঃ— २)। काललकद्भागिरशमां ॥ চক্ষঃ প্রভৃতি জানেব্রিয়, হস্তপদাদি कर्त्यक्तिय, উহাদের অধিষ্ঠাতা অধিদৈবগণ, সকলেই প্রমাত্মার সভায় সভাবান ও শক্তিতে শক্তিমান; সেই পরমাত্মাই জগৎ-কারণ; স্বতরাং তদ্ব্যতিরিক্ত কিছুই নাই । २२ । ८७ म् बार्श्वर मा १ फर्ना छ। জাগতিক বস্তুজাতে অস্তরে অবস্থিত অন্তৰ্য্যামী জাগতিক বস্তজাত হইতে ভিন্ন; জীবাত্মার অন্তরে অবস্থিত প্রমাত্মা জীবাত্মা হইতে ভিন্ন। ৮। আকাশাধিকরণ:-20 8€€-8€9 ২৩। আকাশস্তল্লিকাৎ। আকাশ ব্ৰহ্মেওই বাচক; আকাশ জগৎ-কারণ নহে, ব্রন্মই জ্গৎ-কারণ। ১। প্রাণাধিকরণ:-২৪। অভএব প্রাণঃ॥ প্রাণ বন্দেরই জ্ঞাপক; প্রাণ-জগৎ-কারণ নহে, ব্রহ্মই জগৎ-কারণ। ১০। জ্যোভির্ষিকরণ:-২৫। জ্যোতিশ্চরণাভিধানাৎ। জ্যোতি: পরবন্ধই। ২৬। ছন্দোহভিধানায়েভি চেন্ন ভথা চেতোহর্পণ নিগমাৎ, তথাহি দর্শনম্ । ১ ১ ২৬ ৪৬৩-৪৬৫ গায়ত্ত্ৰী ছন্দোমাত্ৰ নহে, উহা ব্ৰশ্ববিছা. ব্ৰহ্ম ও বিজা অভেদ বলিয়া গায়তী

ব্ৰশ্বই।

অধ্যার পাদ হত্ত পৃষ্ঠা

- ২৭। **ভূতাদিপাদব্যপদেশোপপত্তিকৈবন্**। ১ ১ ২৭ ৪৬৬ ব্রন্ধবিদ্যা গায়ত্তীতেই অনুস্যাত; গায়ত্তী ব্রন্ধের ছন্দোময় মৃতি।
- ২৮। উ**পদেশভেদায়েভি চেম্লোভয়শ্মিলপ্য-**বি**রোধাৎ** ॥ ১ ১ ২৮ ৪৬৭-৪৬৮
 ব্রহাই পরম জ্যোতিঃ।

১১। हेल्खानाषिकद्रनः—

- ২>। প্রাণস্তথানুগমাৎ। ১ ১ ২> ৪৬% প্রাণ ও অমৃতস্বরূপ বলিয়া আপনাকে নির্দ্দেশ ইন্দ্র ব্রহ্মভাবেই করিয়াছেন।
- ত । ন বন্ধুরাত্মোপদেশাদিভি চেৎ,
 অধ্যাত্মসম্বন্ধভূমাহাস্মিন । ১ ১ ৩ ৪৭ ০ ৪৭ ২
 ইন্দ্রবন্ধকেই উপাস্থারণে নির্দেশ করিয়াছেন।
- ৩১। শান্ত্রদৃষ্ট্যা তু পদেশো বামদেববং। ১ ১ ৩১ ৪৭৩-৪৭৪
 ইন্দ্র ভগবদ্ভাবে তর্ময় হইয়া ঐরপ উপদেশ
 দিয়াছিলেন।
- তহ। জীব-মুখ্যপ্রাণলিন্তামেতি চেন্ন, উপাসাবৈত্রবিধ্যাদাব্রিভত্তাদিহতদ্যোগাৎ । ১ ১ ৩২ ৪৭৫-৪৭৯
 এক ব্রহ্মকেই ভিন্ন ভিন্ন উপাসক নিজ নিজ
 অধিকারাম্পারে ভিন্ন ভিন্ন নামে ভজনা
 করেন; ফলতঃ উপাস্ত, উপাসক,
 উপাসনা, এবং তহপকরণ বৃ৷ সাধন
 সমুদার ব্রহ্মই।

(আঠার)

প্রথম অধ্যায়—দ্বিতীয় পাদ

		অধ্যায়	পাদ	স্ত্র	পৃষ্ঠা
১। 5६ ः	সর্বত্ত প্রসিদ্ধ্যধিকরণঃ—				
)।७७	সক্ত প্রসিদ্ধোপদেশাং "	>	₹:	٥	82-82
	পুরুষ ক্রতুময়; জীব, ক্ষেত্রজ্ঞ প্রভৃতি				
	ব্রহ্মকেই নির্দ্দেশ করে।				
२।७८	বিবক্ষিভগুণোপপত্তেশ্চ ৷	٥	ર	ર	848-648
৩।৩৫	অমুপপত্তেম্ভ ন শারীর: 🛚	٥	ર	9	876-849
81७७	ক ৰ্ম্ম-ক ৰ্ত্ব্যপদেশাচ্চ ॥	٥	ર	8	869-866
	উপাশ্ত উপাদক অভেদ হইতে পারে				
	না ।				
८।७१	শব্দবিশেষাৎ ॥	٥	ર	¢	849
ভাতদ	भूट ः क ॥	>	ર	৬	₹8-068
בטוף	অৰ্ভকৌকস্থাৎ ভদ্ব্যপদেশাচ্চ নেভি				
	চেল্ল, মিচাষাত্বাদেলং; ব্যোমবচ্চ।	۵	ર	٩	368-568
	বন্ধ এককালে একাধারে ক্ষ্-বৃহৎ, স্থূল-				
	সৃন্ম, অণু-মহৎ, শূগ্য-অনন্ত।				
b 80	সম্ভোগপ্রাপ্তিরিভিচেৎ, ন, বৈশেষ্ঠাৎ	11 2	ર	ь	१६८-७६४
	প্রমাত্মা জীবের অন্তরে বর্তমান থাকিলেও	3			
	জীবের স্থথ হৃঃথে, পুণ্য-পাপে লিপ্ত হন না।				
२।५७ व	সত্রধিকরণ ঃ—				
5182	অত্তা চরাচরগ্রহণাৎ "	٥	ર	٥	892-600
	পরমাত্মা চরাচরের সন্তা।				
> 185	প্রকরণাচ্চ 🛚	۶	ર	> 0	۷۰۶
22180	গুহাং প্রবিষ্টাবাত্মানৌ হি ওদর্শনাৎ।	۶ ا	ર	22	& o2-¢ o8
	জীবাত্মাও পরমাত্মা উভয়ে হৃদয়গুহায়				
	অবস্থান করেন বটে।				
>2188	বিশেষণাচ্চ ৷	٥	ર	52	¢04-¢00
	সাক্ষী ও নিয়ন্তরূপে পরমাত্মা হাদয়গুহায়				
	অবস্থিত বটে।				

অধ্যায় পাদ হত্ত পৃষ্ঠা ৩।১৪ অন্তরাধিকরণ:— অন্তর উপপত্তে: । 28106 চক্ষুরাদি ইন্দ্রিয়ের অভ্যস্তরে অবস্থিত পুরুষ পরমাত্মা বটে। षानाषित्रशरमभाष्ठ ॥ 28186 > > > 8- 6>--6>> नियुष्ट ७ जन्नशामीक्रत्य भन्नमाजारे जन्नदन বর্ত্তমান। স্থাবিশিষ্টাভিধানাদেব চ ॥ ১ ২ ১৫ ৫১৩-৫১৪ 52189 অক্ষিপুরুষ স্থাম্বরূপ বিধায় ব্রহ্মই বটে। সেই আনন্দনিধিকে ভজন না করিলে আত্মপাত ঘটে। ১৬।৪৮ অভএব চ স ব্রহ্ম। **শ্রুত্তাপনিষ্**তক-গভ্যক্তিধানাচ্চ । ১ ২ ১৭ 59/82 ব্রন্ধবিদ্গণের যে গতি অক্ষিপুরুষের উপাসকগণেরও সেই গতি। অনবস্থিতেরসম্ভব্যচ্চ নেভর:।। 26/60 ইন্দ্রিগণের অধিদেবতাগণ ক্ষেত্রক্ত নহেন। ক্ষেত্ৰজ্ঞ বা বাস্থদেব ব্ৰহ্মই বটে। ৪।১৫ অন্তর্য্যান্যধিকরণঃ— अखर्गागाधिरेषवाधि**ला**काषियु 23/65 **उद्य**याश्रीप्रभार । প্রমাত্মাই অন্তর্গামী, অধিদৈব, অধিলোক— সমুদায়ই। २०१८२ न ह न्यार्खमण्डम्यां जिनाशास्त्रीयम् । १ २ २० ६२७-६२৮ মায়া বা প্রকৃতি ব্রন্ধের সদসদাত্মিকা শক্তি, यात्रा वा कीव व्यर्खगामी नटर, भन्नमात्रारे

অন্তর্য্যামী।

পূঠা অধ্যায় পাদ স্ত্ৰ **উভয়ে≥পি वि** ভেদেনৈনমধীয়তে । 27 623-600 কাৰ ও মাধ্যন্দিন উভয় শাখীয় পাঠে পরমাতাই জীবের নিয়স্তা ও অন্তর্যামী। १।७७ व्यमुश्राचाविकत्रगः-১ २ २२ ६७५-६७७ व्यक्ष्यशिक्षिभटका धटमा । एकः ॥ २२|६8 পরমাত্মা, জীব ও মায়া উভয়েরই নিয়ামক; তিনি ক্ষেত্ৰজ্ঞ, সর্ব্বাধ্যক্ষ, সর্ব্বদাক্ষী, সমৃদায় কেত্রভার যুল। বিশেষণ-ভেদব্যপদেশাভ্যাঞ্চ নেভব্নে ॥ ১ ২ ২৩ ৫৩৪-৫৩৫ २७।६६ তিনি প্রধান ও পুরুষের ঈশর; দৃশ্যমান कार्यपदर्श विकादमील, छाँ हाट विकादबद সংস্পর্ণ না থাকায় তিনি "অদ্ভূতকারণ।" २ २8 ৫৩७-৫৩१ কুপোপন্যাসাচ্চ ॥ €\$185 শ্রুতিতে উল্লিখিত মূর্ত্তি জীব বা প্রধানে সম্ভব নহে। ७।১१ देवथानत्राधिकत्रणः-दियानदः भाषात्रगमस-विद्मयार শ্রুতিতে বৈশ্বানর শব্দ, এবং শ্বুতিতে সমপ্র্যায়ভুক্ত অগ্নি, হুতাশন শব্দ পরমাত্মারই বোধক। २७।८৮ न्यार्ग्यान्यम् यानः जानिष् ॥ २७ £80 শৰাদিভ্যোহন্ত:প্ৰতিষ্ঠানাচ্চ নেতি, टंडम, उथानृष्ट्राश्रदणमाप्रश्रदाद, পুরুষমণি চৈন-মধীয়তে > 3 ₹9 €83-€88 পরমাত্মা পুরুষরূপে পুরুষস্বক্তে বর্ণিভ আছেন, তাহা উপাসনার জন্ম; তিনি भूक्यक्रभी इटेलिं गर्काम् ।

चशाय भार ख्व शृष्टी

বদাত **অভএব ন দেবতা ভূতঞ্**। ১ ২ ২৮ ৫৪৫-৫৪৩ বন্ধ, পরমাত্মা, ভগবান যখন সর্কমন্ত্র; তখন বৈশ্বানর বন্ধই বটে।

২৯।৬১ সাক্ষাদপ্যবিরোধং জৈমিনিঃ। ১ ২ ২৯ ৫৪৭

ত । ৬২ অভিব্যক্তিরিজ্যাশার্থ্যঃ ॥ ১ ২ ৩ • ৫৪৮-৫৪ন ভগবান যথন উপাসকের ভাবনামুদারে বপুঃ ধারণ করেন, তথন তাঁহার ''বৈশ্বানর" রূপে অভিব্যক্তিতে আশ্র্য্য কি ?

৩১/৬৩ **অমুস্তের্বাদরিঃ** । ১ ২ ৩১ ৫৫০ ৩২/৬৪ সম্পত্তেরিভি জৈমিনিস্তথা হি দর্শয়ভি ৷ ১ ২ ৩২ ৫৫১-৫৫৩

সম্পৎ উপাসনা।

ততাঙ্ধ **আমনন্তি চ এনমস্মিন্** ১ ২ ৩৩ ৫৫৪-৫৫৫ ভগবান সর্বব্যাপী, অনন্ত, তিনি লোকদৃষ্টিতে পরিচ্ছিন্নবৎ প্রতীয়মান হইলেও
সমকালে সর্বব্যাপী ও অনস্ত।

প্রথম অধ্যায়—তৃতীয় পাদ

১৷১৮ ত্যুভ্বাদ্যুধিকরণ:-

১ ৩ ১ ৫৫৭-৫৫র
বিশ্ব পরমাত্মায় ওকপ্রেতভাবে অবস্থিত;
তিনি একাধারে এককালে কর্তৃ কর্ম
প্রভৃতি সম্দায় কারকব্যাপার; তাঁহার
আরাধনায় সম্দায় দেবভার আরাধনা
করা হয়।

২।৬**৭ মুক্তোপত্প্য-ব্যপদেশাচচ** । ১ ও ২ ৫৬০-৫৬১ আত্মারাম, নিগ্রন্থম্নিগণেরও তিনি উপাশ্য ।

অধ্যায় পাদ স্ত্ৰ পৃষ্ঠা 016 नामुमानमञ्जूषार । 665 8165 প্রাণভূচ্চ 🛚 £40 ¢190 टिम्बाभटम्यार् ॥ & 48-692 জীব ব্রন্ধে অচিস্তাভেদাভেদ, বহিরঙ্গা, তটস্থা ও অন্তরঙ্গা শক্তির লৌকিক দৃষ্টান্ত; ব্রন্মের বহিরঙ্গা শক্তি বিকাশে স্বষ্টি; ব্রন্মের অতি অল্লাংশেই প্রপঞ্চ; পাদ, অংশ প্রভৃতি অনস্ত ব্রম্মে প্রযোজ্য নহে, ভাষায় ব্যক্ত করিবার জন্মই ব্যবহার; অহংকারে বহিরঙ্গা ও ভটস্থা উভয় শক্তির ক্রিয়া; জীব ব্রহ্মের তটস্থা শক্ত্যংশ; বহিরস্থা শক্ত্যংশ উপাধিতে অভিমানী জীববদ্ধ; অহংকার তিন প্রকার; প্রথম প্রকার অহংকার শুদ্ধ জীবের; দ্বিতীয় প্রকার অহংকার জীবন্মুক্ত জীবের; তৃতীয় প্রকার षर्कात गांधात्रण वक ष्वीत्वतः , देकवत्ना অহংকার বা অহংজ্ঞান থাকে কিনা বলা যায় না; মৃক্তি পাঁচ প্রকার; ভক্তগৃণ रेशाम्बर कानिएर हान ना ; मूक वरे প্রকার—নিতাসিদ্ধ সাধনসিদ্ধ: 8 নিত্যসিদ্ধ—ভগ্বানের অন্তরঙ্গা শক্তির বিভৃতি; সাধনসিদ্ধ—ভগবানের তটস্বা শক্তির বিভৃতি। প্রকরণাচ্চ ॥ 4113 699 9192 **স্থিত্যদনাভ্যাং চ** ॥ 498 ञ्जां शिकत्रन :--राऽव **जूमा मध्यमापापम्याभाग्या** e96-699 ख्या जीव नरह, श्वमाणाहे वरि । बत्या भिभटल्य ॥ 2198

5

e95-650.

		অধ্যা য়	পাদ	স্থত্ৰ	পৃষ্ঠা
ভাঽ৽	चक्कत्राधिकत्र । ह—				
> 0 1 9 @	অক্ষরমন্দরান্তপ্তভঃ॥	5	9	٥ د	627-625
22198	সা চ প্রশাসনাৎ ॥	>	9	>>	640-646
ऽ२।११	13 411 13 (\$00.0 II	٥	9	১২	৫৮৬-৫৮৭
	অক্ষর পুরুষই পরমত্রন্ধ, তিনিই সকলের ভন্দনীয় ।				
81२५	ইক্ষডি কর্মাধিকরণঃ—				
20116	ঈক্ষতিকশ্ম ব্যপদেশাৎ সং ।	>	9	20	८६७-५५३
	ওঁকার পরম আত্মারই বাচক এবং ওঁকার				
	উপাদক পরম ব্রন্ধেরই উপাদক।	*			
લારર	দহরাধিকরণ ঃ—				
28192	দহর উত্তরে ভ্য ঃ ॥	2	৩	28	e 23-569
	দহরাকাশ পরব্রন্ধই।				
20100	গভি-শব্দাজ্যাং, ভথাহি দৃষ্টং লিকং চ্	1 3	o	50	\$69-869
	স্বৃপ্তিতে ব্ৰহ্মে বা পরমাত্মায় গমন উল্লেখে	Ţ.			
	দহরাকাশ ব্রহ্মই বটে।				
১৬।৮১	ধৃতেশ্চ মহিন্দোহস্তান্মিন্নপলরে:।	2	0	24	469-694
	দহরাকাশে প্রাদেশমাত্রপুরুষই জগদ	-			
	বিধারক।				
ऽ १/४२	প্রসিদ্ধে শ্চ ॥	>	9	2,	ee3 6
১৮/৮৩	ইভরপরামর্শাৎ স ইভি চেম্নাসম্ভবাৎ	()	Ö	51	~ %·o-w• \$
	সম্প্রদাদ (জীব) দহরাকাশ নহে	ξ,			
	প্রমাত্মাই দহরাকাশ।				
75128	উত্তরাচ্চেদাবিভূ ভস্বরূপগু	۵	9	2	∂ ७•२-७• €
	অপহত পাপুত্বাদিগুণ জীবের স্বরূপা	-			

অধ্যায় পাদ স্ত্ৰ পৃষ্ঠা

বির্ভাবের পরে লাভ হয়; জীব সাধন। দারা ত্রহ্মগুণ পাইলেও, জীব ত্রহ্ম নহে।

२०१४ व्यक्तार्थक भन्नामक् ॥

0 20 bob-bog

ভগবান ও ভক্তের সমন্ধ যোগাত্মক ও ঋণাত্মক ভড়িতের সায়, অথবা দর্পণে প্রতিবিম্বিত বালকের মুখের স্তায়।

- ২১ তথা কর্মান ক্রে ক্রি কর্মান ক্রি ধারণ।

 ইপাসকের উপাসনার স্থবিধার জন্ম ক্র্

22 402-430

- ২২।৮৭ **অসুক্রতেন্তস্ত চ**।
 উপাসক উপাস্তের সহিত তন্ময়ত্ব প্রাপ্ত হইলেও এক পদার্থ হইতে পারে না।
- ২৩।৮৮ **অপি স্মর্য্যতে**। ভগবত্পাসনায় ম্কুগণ ভগবৎ সাধর্ম্মা প্রাপ্ত হন।
- .) ० २०*७*)?-७)5

- ৬।২৩ প্রমিডাধিকরণ:—
 - ২৪।৮> শব্দাদেব প্রমিত: ।
 তগবান পরিচ্ছিন্নরূপে প্রতীয়মান হইলেও
 তিনি সমকালে, একাধারে অপরিচ্ছিন্ন,
 অনস্ত, ব্যাপক, স্বরূপতঃ আনন্দমাত্র।
 - ২৫।১০ জ্ঞাপেক্ষা ভুমনুষ্যাধিকারত্বাৎ । ১ ৩ ২৫ ৬১৫-৬১৬

७ २७ ७५१-७२०

- ৭।২৪ দেবভাধিকরণ:-
- ২৬।৯১ **ভতুপর্য্যপি বাদরায়ণ: সম্ভবাৎ**।।

 দেবতাগণ জীবপর্য্যায়ের অন্তর্ভুক্ত;

 দেবগণও পরব্রন্ধের উপাসক; ব্রন্ধাদি

 দেবতার তপস্থা এবং তাহা হইতে ব্রন্ধপ্রাপ্তির অধিকার আছে।

অধ্যায় পাদ হত্ত পূচা

5

٥

২৭। ৯২ বিরোধ: কদ্ম গীন্তি চেৎ, নানেক-প্রান্তিপত্তেদর্শনাৎ ॥ ১ ৩ ২৭ ৬২১ যোগসিদ্ধগণের ন্যায় দেবতাগণের এক-কালে বহুশরীর ধারণ সম্ভব।

বচানত শব্দ ইন্ডি চেৎ, নাডঃ প্রভবাৎ প্রেক্তামুমানান্ড্যাম্

> বেদ পরব্রেদ্ধর শবস্তরে অভিব্যক্তি; প্রদায়ে দেবতা ও ভৃতগণ পরব্রেদ্ধে স্ক্ষার্রপে লীন থাকে; বিশ্ব প্রপঞ্চ পূর্ব-স্ক্ষিতে যাহা ছিল, বর্ত্তমানে তাহাই এবং ভবিশ্বতেও অন্য প্রকার হইবে না।

২১।১৪ অন্ত এব চ নিভ্যত্বম্।।

७ २३ ७२८-७२७

ত । ব সমাননামর প্রথাকার স্তাবপ্য বিরোধো দর্শনাৎ স্মৃতেশ্চ ।। ভবিষ্যৎ জগৎ বর্ত্তমান জগতের প্রতিচ্ছবি মাত্র; প্রলয়ে প্রপঞ্চ জগচ্চিত্র বায়স্কোপের ফিল্মের ন্যায় অতি স্ক্রাবস্থায় থাকে দ

৮/২৫ মধ্বধিকরণ:-

৩১।৯৬ মধ্বাদিষসন্তবাদনধিকারং জৈমিনিঃ।। ১ ৩ ৩১ ৬২৯

৩২।৯৭ জ্যোতিবি ভাবাচ্চ।। ১ ৩ ৩২.৬৩০-৬৩১

তথা স্থান তাম বাদ রায় গোহ তি হি।।

বস্থা প্রভৃতি দেবতাগণেরও মধুবিদ্যাদিতে
অধিকার আছে।

১৷২৬ অপশূজাধিকরণঃ—

৩৪।৯৯ **শুগস্ম ভদনাদর-শ্রেবণাৎ ভদান্তবণাৎ**স্চ্যতে হি ^{||}
জানশ্রুতি-হংস আখ্যায়িকা; শ্রুতিতৈ

অধ্যায় পাদ স্ত্ৰ পৃষ্ঠা

"শৃদ্র" শব্দের অর্থ শোফান্বিত, শৃদ্রজাতি নহে; শৃস্তজাতির বেদে অনধিকারের কারণাত্মান; পরবর্ত্তীকাল পুরাণাদিতে সর্বাধারণের জন্ম উন্মুক্ত হইয়াছে।

961300 ক্ষত্রিয়ত্বাবগতেশ্চ।। 90 600 ৩৬।১০১ উত্তরত্র চৈত্ররথেন লিঙ্গাৎ।। 06 680-683 সংস্কারপরামর্শাৎ ভদভাবাভিলাপাচ্চ । ১ 506160 ৩৭ ৬৪২-৬৪৪ ভদভাবনির্ধারণে চ প্রবৃত্তে:।। ७०८।४०७ OF 486-486 ٥ বেদাধ্যয়ন নিষিদ্ধ বটে, কিন্তু ভগবত্তত্ত্ব শিক্ষাদান নিষিদ্ধ নহে। **टा**वगाश्यामार्थ श्रिष्ठित्यक्षार ।। 806160 486-686 CC 801300 স্মৃতেশ্চ ।। **685** প্রমিডাধিকরণ:-

४)। ३०७ कम्भ्रमार्॥

ডাঽ৩

87 लिए - नेने

ব্রন্দের ভয়েই স্থ্য প্রভৃতি স্বস্থ কার্য্যে অবস্থিত; সত্তে "ভয়াৎ" না বলিয়া স্ত্ৰ-কার "কম্পনাৎ" পদ ব্যবহার করিলেন কেন ? জাগতিক প্রত্যেক ব্যাপারে ষড়্-বিকাররূপ যে পরিবর্ত্তন দৃষ্ট হয়, উহার মূলতত্ত্ব কোথায়? একের বহু হইবার मःकन्नरे **ग्**ल म्लन, উरांद्र अञ्चलना প্রপঞ্চে পরিবর্তনের নিদর্শন ; কি স্থাবর कि जन्म नम्नारा প्रागमकि दिनामान-অভিব্যক্ত বা অনভিব্যক্ত ভাবে; শ্রীকৃফের দোলযাত্রা—সৃষ্টি ও প্রলয়রূপ দোলনের প্রতীক, ব্রহ্ম ভয়ম্বর নহেন, তিনি প্রিয় বস্তু সকলের মধ্যে প্রিয়তম; তিনি আল্রিতগণের

অধ্যায় পাদ হুত্ত পূচা

সর্বার্থদান কারী, এমন কি আপনাকে পর্যান্ত দান করিয়া থাকেন; তিনি আনন্দ স্বরূপ—রসরাজ; নিত্যধামে আনন্দময়ের রাসনৃত্যের অন্তকম্পনে প্রপঞ্চে গতি, ক্রিয়া, বৃদ্ধি প্রভৃতি; ভগবানই ভড়িতের যোগাত্মক কেন্দ্রস্বরূপ, আর সকলে ঋণাত্মক কেন্দ্রস্বরূপ, আর সকলে ঋণাত্মক কেন্দ্রে অবস্থিত, অতএব ভগবানই তত্ততঃ একমাত্র পুরুষ আর সকলে প্রকৃতিধর্মনিশিষ্ট; অনস্ত গতি ও স্থিতি একই; কেন্দ্রের মৃত্ব গতি পরিধির অত্যধিক বেগের কারণ; রাসনৃত্য ভগবানের নিত্যধামের ব্যাপার; সেখানে দেশকাল বস্তু পরিচ্ছেদ নাই; অতএব "গতি" ও "স্থিতি" ভেদ সেখানে নাই।

8२।>०१ ज्याजिक्न्यनार ।

১ ৩ ৪২ ৬৬৩.৬৬৪

ব্রন্মের জ্যোতিঃকণা পাইয়াই প্রপঞ্চের জ্যোতিমানগণের জ্যোতিঃ।

১০।२१ व्यर्धाखत्रशिक्तिश्राप्तिमाधिकत्रवः-

৪০০১০৮ আকাশোহর্থান্তরত্বাদিব্যপদেশাৎ। ১ ৩ ৪৩ ৬৬৫-৬৬৬ নামরূপ তাঁহাতে অবস্থিত কিন্তু তিনি নামরূপ হইতে পৃথক্।

881>०**२ सूत्र्अृ एकात्छार्ट्छएम्ब** ॥

১ ৩ ৪৪ ৬৬१-৬৬৮

৪৫)১১০ পত্যাদিশবে**ভ্যঃ** ॥

38 0 6

666

(আঠাশ)

প্রথম অধ্যায়—চতুর্থ পাদ

অধ্যায় পাদ হত্ত পৃষ্ঠা

ን 8 ዓ ৬৮৪-৬৮৫

১৷২৮	আনুমানিকাধিকরণ:—				
21222	আনুমানিকমপ্যেকেষামিভিচেৎ, ন,				
	শরীররপকবিশুস্ত-গৃহীতের্দ্দর্শয়তি চ	>	8	٥	৬ ৭১- ৬৭৪
	কঠোক্ত "অব্যক্ত'' প্রধান নহে, ভাগবতেও				
	"অব্যক্ত" পরব্রন্ধ অর্থে ব্যবহৃত।				
२।১১२	সৃক্ষান্ত ভদহ হা e ॥	٥	S	ર	৬৭৫
	কারণ শরীরই অব্যক্তশব্দে কঠ শ্রুতিতে				
	কথিত।				
७।১১७	उम्धीनञ्चामर्थ य् ॥	>	8	v	৬৭৬-৬৭৮
	আত্মা, শরীর, রথী, রথাদি সম্দায়				
	পরমাত্মার অধীন।				
81778	ভেত্তয়স্বাবচনাচ্চ॥	>	8	8	&92-6F0
	শ্রুতিতে অব্যক্তের জ্ঞেয়ত্বের উল্লেখ নাই,				
	কিন্তু প্রধানের জ্ঞেয়ত্ব ত্রিতাপজালা নাশের				
	জন্ম প্রয়োজন, সাংখ্য বলেন।				
€ >>€	বদতীতি চেৎ, ন, প্রাক্তো হি প্রকরণাং	>	8	e	৬৮১-৬৮২
@177 @	ত্তরাণামেব চৈবমূপন্তাস: প্রশ্নস্ক ॥	٥	8.	৬	৬৮৩
	কঠশুতিতে নচিকেতার প্রশ্নে প্রধানের				
	উল্লেখ নাই, স্বতরাং উহার উত্তরও প্রদত্ত				

কঠশ্রুতির ''মহং'' সাংখ্যোক্ত মহন্তত্ত্ব নহে; উহা মায়াশক্তিতে ভগবানে অর্গিত চিদাভাস।

হয় নাই।

11>> শহর্চ া

		অধ্যায়	পাদ	স্ত্ৰ পৃষ্ঠা
२।२৯	চমসাধিকরণ ঃ—			
न १३३म	চমসবদবিশেষাৎ ॥	٥	8	৮ ৬৮৬-৬৮৮
	শ্বেতাশ্বতর শ্রুতির "অজা'' সাংখ্যেক্ত			
	প্রধান নহে; উহা ত্রন্ধাক্তি; ত্রন্ধা অজ,			
	একারণ উহা অজা।			
91779	জ্যোতিরূপক্রমা তু তথা হুধীয়ত			
	ब्रा क	>	8	८८४-६न७ ६
	''অজা'' ব্রহ্ম হইতে উৎপন্ন একারণ			
	ব্ৰহ্মশক্তি।			
7-175-	कन्नद्रनाथरम्माक्र मध्वापिवपविद्राधः	1 >	8	১০ ৬৯২-৬৯৩
	ত্রন্ধের যেমন একপাদে প্রপঞ্জগৎ,			
	সেইরপ ব্রহ্মশক্তি অজার একপাদে প্রপঞ্চ,			
	ত্রিপাদ ব্রহ্মে অবিনাভাবে শক্তিরূপে			
	অবস্থিত।			
৩।৩০	সংখ্যোপসংগ্রহাধিকরণ :	-		
221252	ন সংখ্যোপসংগ্ৰহাদপি নানাভাবাদ-			
	ভিরেকাচ্চ ৷	>	8	>> %>8
১২।১২২	প্ৰাণাদয়ো বাক্যনেষাৎ 🛚	>	8)२ ५व १-५वस
১৩।১২৩	জ্যোভিষৈকেষামসভ্যয়ে 🛚	>	8	১৩ ৬৯৭
Obes	কারণহাৰিকরণ :—			
381528	कांत्रगद्वन ठाकानाषियू यथावा-	٥	8	\$ 666-466 8C
	পদিষ্টোজে: "	3	8	
	ज्ञाक्षां ।	,	3	120-123
৫।७२	জগদ্বাচিত্বাধিকরণ ঃ—			
	জ্ঞগদবাচিত্বা ৎ ॥	2	8	74 405-40A
	ব্ৰহ্ম জগভের কর্তা, লগৎ তাহার কার্য।			

অধ্যায় পাদ স্ত্ৰ পৃষ্ঠা

>१।>२१ श्रीवयूष्यक्षांगिक्षारम्भि (हर, ভদ্ব্যাখ্যাভ্য্ ॥ ব্রহ্মে অনন্ত মাত্রা বা পরিমাণ বিভামান, এজন্য জীবলিঙ্গ, প্রাণলিঙ্গ, প্রধান লিঙ্গ সমুদায়ই তাঁহাতে থাকিবে; তিনি সকল ভূতের আত্মা, এজন্য তাঁহার উপাসনা বহবায়াস সাধ্য নহে। ১৮।১২৮ অস্থার্থং তু জৈমিনিঃ প্রশ্ন-বাখ্যানাভ্যামপি চৈবমেকে ৬।৩৩ বাক্যাম্মাধিকরণ:— ১৯।১২৯ বাক্যাখ্যাৎ ॥ 8 79 909-975 २० १)२-१)७ এক বিজ্ঞানে সর্ব্ব বিজ্ঞান সিদ্ধির জন্ম আত্মা পরমাত্মাই বটে। ২১।১৩১ উৎক্রেমিয়াভ এবং ভাবাদিভ্যোত্ লোমিঃ " 23 938-936 ২২**।১৩২ অবস্থিতেরিতি কাশরুৎস্নঃ** 🛚 २२ १७७-१७१ ৭।৩৪ প্রকৃত্যধিকরণ:--২০।১০০ প্রকৃতিশ্চ প্রতিজ্ঞাদৃষ্টান্তাসু-भटकाशाए ॥ ব্রহ্ম শুধু নিমিত্ত কারণ নহেন, উপাদান কারণও বটেন। ২৪1১৩৪ **অভিধ্যোপদেশাচ্চ** # ব্রন্ধের সংকল্প হইতে যথন জগৎ সৃষ্টি, তখন চিৎ-অচিৎ সমৃদায়ই ব্রন্ধের সংকল্প

হইতে উৎপন্ন, অন্তএব ব্রহ্ম উপাদান কারণ।

व्यशास भाम एक शृष्टी

২৫।১৩৫ সাক্ষাচ্চোভয়ামানাৎ ॥

े 8 २€ १२५-१२७

ব্রন্ধ নিমিত্ত ও উপাদান কারণ, ইহা শ্রুতিতে সাক্ষাৎভাবে কথিত হইয়াছে।

২৬১**৩৬ আত্মকুত্তে**॥

'> 8 26 928-926

ব্রহ্ম আপনাকেই বহুরূপে প্রকটিত করিয়াছেন।

२११७०१ श्रित्रग्राम्

১ ৪ २१ १२७-१७२

ব্রহ্ম জগদ্রপে পরিণত হইলেও শ্বর্রপ হইতে বিচ্যুত হন না; ব্রহ্মে সম্দায় বিরোধের সমাধান, ব্রহ্মতত্ত্ব ভাষায় প্রকাশ করিতে হইলে একাধারে পরস্পর বিরোধী ধর্মের সমাবেশ করিতে হয়; সপ্তণ-নিপ্ত'ন, সবিশেষ-নির্বিশেষ উভয় শ্রুতিই তাঁহাতে সার্থকতা লাভ করে।

২৮।১৩৮ যোনিশ্চ হি গীয়তে॥

ह २५ १७७

৮।৩৫ সবর্ব্যাখ্যানাধিকরণ:-

২৯।১৩৯ এতেন সবের্ব্যাখ্যাতা ব্যাখ্যাতাঃ ॥ ১ ৪ ২৯ ৭৩৪-৭৩৫

সম্দায় বেদান্ত ব্রহ্মণর।

Beb. Bas

ওঁ নমে। ভগবতে ৰাম্মদেবায়। ব্ৰহ্মসূত্ৰ ও শ্ৰীমদ্ভাগবত

বা

সার্বজনীন স্থখসাধ্য সাধন-শান্তরূপে শ্রীমদ্ভাগবভসাহায্যে ব্রহ্মসূত্রালোচনা।

ওঁ নিত্যানন্দং পরমস্থখনং কেবলং জ্ঞানমূর্ত্তিম্, বিশ্বাতীতং গগনসদৃশং তত্ত্বমস্তাদিলক্ষাম্। একং নিত্যং বিমলমচলং সর্বধীসাক্ষিভূতম্, ভাবাতীতং ত্তিগুণরহিতং সদৃগুরুং তং নমামি॥

নিবেদন

ব্রহ্মসত্ত্র ও প্রীমদ্ভাগবত গ্রন্থের পাণ্ড্রিপি ১৩৪০ বঙ্গান্ধে শেষ হইয়ছিল।
তাহার পর উহার একটি ভূমিকা লিখিতে আরম্ভ করি। উহাতে প্রাকৃষ্ণিক
নানা বিষয় সরিবেশিত করায় উহার আকার বৃহৎ হইয়া পড়ে। আমার
কয়েকজন বন্ধু, বিশেষতঃ স্বর্গগত, অগ্রজপ্রতিম ভক্তিভাজন ৺রামদাস
বন্দ্যোপাধ্যায় * মহাশয় উহা শুনিয়া মৃশ্ব হন এবং উহা 'বেদান্ত প্রবেশ' নামে
মৃদ্রিত ও প্রকাশিত করিতে অন্তরোধ করেন; তদনুসারে উহা ১৩৪০ সালে
মৃদ্রিত ও প্রকাশিত হয়। মনে আকাজ্জা ছিল য়ে, য়িদ "বেদান্ত প্রবেশ"
সাধারণ শিক্ষিত পাঠক সমাজে আদর পায়, তাহা হইলে মৃল পুস্তক মৃদ্রিত ও
প্রচারিত করিতে চেষ্টা পাইব। কিন্ত ত্র্ভাগ্যের বিষয়, উক্ত "বেদান্ত প্রবেশ"
গ্রন্থ মনীয়ীগণের এবং দৈনিক, মানিক পত্রিকা প্রভৃতির প্রশংসা লাভ

^{*}শান্তিপুর নিবাদী ৺ রামদাদ বন্দ্যোপাধ্যার মহাশর প্রথম জীবনে A. G. Bengal-এ Accounts .Officer ছিলেন। কিন্তু ইংরাজ উপরওরালাদের সঙ্গে তাঁর মনোমালিন্ত হওরার উক্ত কাছে ইন্তকা দিয়া জয়নগর (২৪ পরগণা) ইন্স্টিটিউদনে প্রধান শিক্ষকরূপে যোগদান করেন। জয়নগরেই রামদাদ বাবু শেষ নিঃখাদ ত্যাগ করেন। ইনি কলিকাতা বিশ্ববিভালয়ের একজন কৃতি ছাত্র ছিলেন। রামদাদ বাবু একজন শান্তক্ত পরম ধান্মিক এবং ত্যাগী পুরুষরূপে জয়নগর গ্রামে আপামর জনসাধারণের নিকট "মান্তার মশাই" নামে প্রিচিত। মান্তার মশাই সকলের নিকট গরম শ্রমা ও ভতির পাত্র ছিলেন।

করিলেও বর্তমান উপন্যাসাদি ভরল সাহিত্যের যুগে, উহার প্রতিষ্ঠালাভ আশ্ করা তরাশা ভিন্ন কিছু নয়।

সম্প্রতি অন্তর্যামীর প্রেরণায় প্রণোদিত হইয়া ব্রহ্মণ্যের প্রথম চারিটি প্রের স্থিবিত্ত আলোচনা করিলাম। প্রকৃতপক্ষে মোটাম্টিভাবে বেদান্তের জ্ঞাতব্য বিষয় সকল, উক্ত চারিটি প্রতের অন্তর্ভুক্ত, ইহা বেদান্তাভিজ পণ্ডিতগণের অবিদিত নহে। মূল পুস্তকে মৎকৃত আলোচনা অতিশয় দীর্ঘ হইয়াছে।

ভূমিকা স্বরূপ লিখিত 'বেদাস্ত প্রবেশ' বৃহৎ গ্রন্থ হওয়ায়, উহা প্রকৃতপক্ষে
ভূমিকা পর্যায়ে পড়ে না। একারণ উক্ত চারিটি স্ব্রালোচনা আরম্ভ করিবার পূর্বে
অবতরণিকা স্বরূপ, আলোচনার প্রকৃতি, আমার অক্ষমতা দত্তেও আলোচনা
হইতে নিবৃত্ত না হইবার কারণ প্রভৃতি জ্ঞাপন করিবার জন্ম, একটি নাতিদীর্ঘ
"আভাদ" সংযোজিত করিয়াছি।

প্রথম চারিটি স্ত্তের আলোচনা অতিশয় দীর্ঘ হইয়া পড়িয়াছে। ইচ্ছা করিয়াই উহার সঙ্কোচ দাধন করি নাই। অনেকে মনে করিতে পারেন, এত দীর্ঘ আলোচনার প্রয়োজন কি? একারণ আমার বক্তব্যগুলি নীচেলিপিবদ্ধ করিতেছি।

- (১) ব্রহ্মন্ত্র অতি উপাদের গ্রন্থ। মানব মনীযার অতি গোরবের বস্তু।
 উহা শুধু দর্শনশান্ত্র নহে, অত্যুত্তম আফুষ্ঠানিক সাধনশান্ত্র। মানব সাধারণের
 আধ্যাত্মিক চরম উন্নতি সাধন ইহার মহৎ উদ্দেশ্য। কিন্তু উহা এতদিন
 ভারতবর্ষীয় অতি উচ্চন্তরের সন্ন্যাসী সম্প্রদায় এবং কয়েকজন সর্বশান্তে
 পারদর্শী সংস্কৃতক্ত পণ্ডিতগণের মধ্যে নিবদ্ধ ছিল। সাধারণে উহা বিভীষিকার
 চক্ষে দেখিয়া থাকেন। এই বিভীষিকা দ্র করিবার জন্ম এবং আমার লায় আত
 সাধারণ স্তরের অর্দ্ধশিক্ষিত মানবগণকে বেদান্তালোচনায় উৎসাহিত করিয়া
 আগ্রহ বৃদ্ধির জন্ম, আমি ইহার আলোচনা দর্শনশান্তের দৃষ্টিতে না করিয়া,
 সাধারণের সহজ বোধগম্য অতি সরল ভাষায় সাধনশান্তের দৃষ্টিতে করিয়াছি।
 ইহা "আভাদে" স্কুপ্টভাবে বলিয়াছি।
- (২) আমার বিশাস যে, সংসারে ত্রিভাপ পীড়িত প্রত্যেক মানবের, উক্ত জালা প্রশমনের জন্ম সাধনশাস্ত্র পাঠ করিয়া, উহার উপদেশ মত অনুষ্ঠান করিবার অধিকার বর্ত্তমান আছে।
- (৩) ব্রহ্মান্তরের প্রত্যেক শত্রের ও প্রত্যেক অধিকরণের বিচার ও সিদ্ধান্ত উত্তির দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত। ইহা বিশদভাবে প্রকাশের চেষ্টা করিয়াছি।

- (৪) শ্রীমদ্ভাগবত ব্রহ্মসত্তের স্ত্রকার প্রণীত ভান্য—ইহা যুগাবতার ভগবান শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু স্পষ্টাক্ষরে তৎকালের অতি প্রদিদ্ধ নৈয়ায়িক ও দার্শনিক শ্রীমদ্ বাস্থদেব দার্বভৌম ও শ্রীমৎ প্রকাশানন্দ সরস্বতী প্রমুখ অবৈত-পদ্বাস্থসারী পণ্ডিতগণকে ব্র্ঝাইয়া ও তদন্সসারে ব্রহ্মস্ত্রের ব্যাখ্যা করিয়া, তাঁহাদিগকে স্বমতে আনয়ন করিয়াছিলেন। ক্ষুত্র আমি শ্রীমন্ মহাপ্রভুর পদধূলি সর্বাব্দে মাথিয়া, ভাগবতসাহায্যে ব্রহ্মস্ত্র ব্রিবার প্রয়াস পাইয়াছি।
- (৫) শ্রীমদ্ভাগবত যে স্থৃদৃঢ়ভাবে শ্রুতির অনুগামী ও অত্যুজ্জনভাবে পত্তের প্রকৃত অর্থ-প্রকাশক, তাহা বুঝিবার প্রয়াস পাইয়াছি। চেষ্টা অবশ্র আমার ভগবৎপ্রদত্ত জ্ঞান-বৃদ্ধি অনুযায়ী—ইহা বলা বাহুল্য। আমার অক্ষমতার জন্ম ভ্রম-প্রমাদ প্রভৃতি ক্ষমার চক্ষে দেখিবার প্রার্থনা করি।
- (৬) যে সম্পায় আপত্তি আলোচনা করিতে করিতে, সাধারণ মানবের মনে উদয় হয়, তাহাদিগকে এড়াইয়া যাইবার চেষ্টা না করিয়া, পূর্বপক্ষের মূথে আপত্তি উঠাইয়া, তাহার মীমাংসা যুক্তি ও শাস্ত অনুসারে করিবার যথাসাধ্য চেষ্টা করিয়াছি।
- (१) আমাদের দেশে উচ্চশিক্ষিত মনস্বীগণের মধ্যে অনেকে, তুর্ভাগ্যবশতঃ আমাদের শাস্ত্রের গভীরতায় প্রবেশ না করিয়া, অনেক সময়ে অপ সিদ্ধান্ত করিয়া বসেন। যদিও কালচক্রের আবর্তনে, ইহা ক্রমশঃ তিরোহিত হইতে আরম্ভ করিয়াছে, তথাপি বর্তমানে তাঁহাদের সংখ্যা নগণ্য নহে। পাশ্চান্ত্য শিক্ষা পদ্ধতির ফলে, তাঁহাদের সংশয়প্রবণ মনোভাবের পটভূমিকায়, প্রাচীন কর্ম-জ্ঞান-ভিক্তি সমন্বয়ের স্থমহান চিত্রান্ধণের চেষ্টা যথাসাধ্য করিয়াছি। তবে অপটু হাতের অন্ধণ। হয়ত দেবতা আঁকিতে ভূত আঁকা হইয়াছে। সে দোষ অবশ্যই আমার নিজের।

যাহা করিয়াছি, সম্পূর্ণভাবে আত্ম-বিলোপ করিয়া, ৺ভগবানের হাতের যন্ত্রস্বরূপে করিয়াছি। স্থতরাং আমার অশান্তি উদ্বেগ প্রভৃতি নাই।

যেহেতু —

যন্ত্রস্ত গুণদোষাশ্চ বর্ত্তন্তে যন্ত্রিণি ধ্রুবম্। অহং যন্ত্রো ভবান্ যন্ত্রী ক দোষোহস্তি মম প্রভো॥

ওঁ নমো ভগৰতে বাহ্বদেবায়।

আভাস

'ব্রহ্মসূত্র" পদের ব্যুৎপত্তি।

১। ব্রহ্মন্থর পদের বৃংপত্তিগত অর্থ—ব্রহ্ম স্থ্রাতে - যাথাতথ্যেন নির্মপ্তেঅর্থাৎ যে শাস্ত্রে স্ব্রাকারে শাস্ত্রসঙ্গভাবে ব্রহ্মতত্ব নির্মপণের চেষ্টা করা

হইয়াছে। ইহার অপর নাম "উত্তর মীমাংসা"—বেদ ও উপনিষদের
জ্ঞানকাও পর্যালোচনা করিতে করিতে, মনে যে সম্দায় সংশয় অথবা আপাতঃ
প্রতীয়মান বিরোধ উৎপন্ন হয়, তাহাদের সমাধান ও মীমাংসা করিয়া, সময়য়
সাধন ও অবিরোধ প্রতিষ্ঠার কারণ, ইহার উক্ত নামের সার্থকতা। বেদের
কর্মকাণ্ডালোচনায়ণ্ড উক্তর্মপ সংশয় ও বিরোধ অবশুদ্ভাবী ও উহাদের সমাধান
ত্লায়পে প্রয়োজনীয় বলিয়া, স্ত্রেকার ভগবান বাদরায়ণের শিশু মহামুনি
কৈমিনি, সম্ভবতঃ নিজ গুরুর পরামর্শে,—"পূর্ব্ব মীমাংসা" শাস্ত্র স্ব্রাকারে রচনা
করিয়াছেন। উভয়েই মীমাংসা শাস্তা। পরম্পরের বিশেষত্ব স্থাপনের জন্তু,
কৈমিনি রচিত গ্রন্থ "পূর্ব্বমীমাংসা" নামে ও বর্ত্তমান আলোচ্য গ্রন্থ উত্তর
মীমাংসা" নামে পণ্ডিত সমাজে প্রসিদ্ধ। কর্মকাণ্ড বেদের পূর্ববিভাগ ও
জ্ঞানকাণ্ড উত্তর ভাগ বলিয়া, গ্রন্থব্যের নামকরণে পূর্বব ও উত্তর পদন্বয়ের
ব্যবহার উপযোগী হইয়াছে, ইহা নিঃসন্দেহ বলিতে হইবে।

২) महर्षि वामतात्र्व ও छशवान कृष्ण्टेष्ट भाग्न अण्डि ।

২। আবহমান শারণাতীত কাল হইতে অম্মদেশীয় পণ্ডিতগণের ধ্রব বিশাস ও নিশ্চিত সিদ্ধান্ত যে, ব্রহ্মস্ত্রকার মহর্ষি বাদরায়ণ ও মহাভারতকার ভগবান কৃষ্ণবৈপায়ন বেদব্যাস অভিন্ন ব্যক্তি। মহাভারত পাঠে আমরা জানি যে, যুধিষ্ঠিরাদি পাওব ও ফ্র্যোধনাদি কোরব—উভয়েই কুরুবংশীয় ও ভগবান বেদব্যাসই উভয়ের বীজপ্রদ পিতামহ। স্থতরাং তিনি উহাদের জন্মের পূর্বের, মহাভারতে জ কুরুক্ষেত্র যুদ্ধের সময়ে এবং তাহার পরেও জীবিত ছিলেন। মহাভারত তাঁহারই রচনা। উক্ত যুদ্ধ—আপর ও কলির সন্ধি সময়ে সংঘটিত হইয়াছিল। সেকারণ বর্ত্তমান সময়ের ৫০৫০ বংসর পূর্বের উক্ত যুদ্ধ হয়াছিল। পঞ্জিকাতে প্রতি বংসর "কলের্গতাঝাঃ" লিখিক হইয়া প্রাকে। উক্ত অন্ধ কুরুক্ষেত্র যুদ্ধ বিজ্ঞেতা যুধিষ্ঠিরের সিংহাসনারোহণের সময় হইতে গণিত হইয়া আসিতেছে। পাশ্চাত্য পণ্ডিতগণ ও তাঁহাদের পন্থামুগামী আমাদের দেশের পাশ্চাত্য শিক্ষার শিক্ষিতগণের মধ্যে কেহ কেহ উক্ত যুদ্ধের সময় আর্ও অর্বাচীন কালে নির্দ্ধেশ করিয়াছেন। আমাদের সে বিভগুর কোন প্রয়োজন নাই!

৩) ব্রহ্মসূত্র রচনার বিশেষভা

- ০। ভগবান বেদবাাস আলোচা ব্রহ্মস্ত্র রচনায় যে, লোকাভীত প্রতিভা, অত্যুক্তর মেধা, স্চাগ্র স্থতীক্ষু বৃদ্ধি, দৃষ্টির প্রসার, চিন্তার গভীরতা, মনের স্বচ্ছতা, সরলতা ও উদারতা, সাম্প্রদায়িক মনোভাবের একান্তিক অভাব, বরং সমস্ত জগৎ ও জগতস্থ জীবকুদকে আত্মভাবে বক্ষে ধারণ করিবার আকুল আগ্রহ প্রভৃতি ভাষরভাবে প্রকাশ করিবাছেন, তাহা জগতে অতুলনীয়। রচনা একদিকে এমন সংক্ষিপ্ত যে, কোনও স্বত্রে একটি মাত্র অক্ষরও বেশী নাই, যাহা পরিত্যাগ করা যাইতে পারে; আবার অক্যদিকে, উহা এমন অর্থগর্ভ যে, কি অবৈত্রবাদী, কি বিশিষ্টাহৈতবাদী, কি হৈতাহৈত বা ভেদাভেদবাদী, কি হৈতবাদী, সমুদায় বিভিন্ন সাম্প্রদায়িক মতের তর্ক-মৃদ্ধ-কুশল, স্বচাগ্র-বৃদ্ধি, আচার্য্যগণ ব্রহ্মস্ত্রকে তাঁহাদের উপজীবারপে গ্রহণ করিয়া, নিজ নিজ সম্প্রদায় প্রতিষ্ঠার এবং প্রতি সম্প্রদায়ের ভিত্তির দৃঢ়তা সম্পাদনের প্রয়াস পাইয়াছেন। প্রকৃতপক্ষে প্রত্যেক সাম্প্রদায়িক আচার্য্য ব্রহ্মস্ত্রের সমর্থনি লাভ করিতে পারিলে, তাঁহার সম্প্রদায়ের ভিত্তি দৃঢ়প্রতিষ্ঠ হইল, মনে করেন। সম্প্রতি স্বর্গধামগত, মহামহোপাধ্যায় তপঞ্চানন তর্করত্ব পণ্ডিত মহাশয় ব্রহ্মস্ত্রের শক্তিভান্ম রচনা করিয়া প্রকাশিত করিয়াছেন।
- ৪। ভাগবত ভগবানকে "সর্ববাদ বিষয় প্রতিরূপশীল" (১২।৮।৪৩) বলিয়া পূজা করিয়াছেন। ব্রহ্মস্ত্র সম্বন্ধেও বলিতে পারা যায় যে, সাম্প্রদায়িক আচার্য্যগণের চেষ্টায়, উহাও "সর্ববাদ বিষয় প্রতিরূপশীল" হইয়া দাঁড়াইয়াছে ইহা রচয়িতা ভগবান স্ত্রকারের কম গৌরবের কথা নহে। শুধু রচয়িতার কেন, ইহা ভারতবর্ধের, হিন্দুজাতির, কলিযুগের, আর্য্যসভ্যতার, মানব-মণীষার অত্যুজ্জন গৌরবের বস্তু। কালের প্রভাব অতিক্রম করিয়া ইহা বিশ্বের জ্ঞান ভাণ্ডারে অমূল্য রত্ত্বরূপে দেদীপামান রহিয়াছে; এবং ভবিষ্যতেও শতান্ধীর পর শতান্ধী ধরিয়া, নির্মাল, অত্যুজ্জন জ্ঞানর শ্ম বিতরণ করিতে থাকিবে, এরূপ ভবসা করা যাইতে পারে।
- উপরে বলিয়াছি যে, ব্রহ্মস্ত্র মীমাংসা দর্শনের অন্তর্ভ তি। ইহার মৃধ্য
 উদ্দেশ বেদের জ্ঞানকাও বা উপনিষদ আলোচনায় যে সমৃদায় সংশয় মনে দেখা
 দেয়, ভাহাদের নিরসন। ভগবান শ্ত্রকার সে উদ্দেশ অতি নিপুণভাবে

সাধন করিবার সঙ্গে সঙ্গে—জীব ও জগতের পক্ষে কল্যাণভম, মৃধ্যতম একটি মহৎ উদ্দেশ্য সংসাধন ক্রিয়াছেন। সে উদ্দেশ্যটি হইতেছে, ভাষায় যতদ্র সম্ভব, এবং মানব চিম্ভার যতদ্র সম্ভব, উভয়ের সাহচর্যে, ব্রহ্ম-পরমতত্ত্ব বা ভগবানের পরিচয় দান—অন্ত কথায় ব্রহ্মবিতার উপদেশ প্রদান। এ উপদেশ তিনি যথেচ্ছভাবে প্রদান করেন নাই। শ্রুতির স্থদ্য ভিত্তির উপর, তাঁহার প্রতি উপদেশ প্রতিষ্ঠিত। ব্রহ্ম ও ব্রহ্মবিদ্যা একান্ত অভেদ বলিয়া, একের পরিচয়ে অপরের পরিচয় আপনা-আপনি আত্মপ্রকাশ করিয়াছে। শুধু পরিচয় দিয়াই যে কর্ত্তব্য সমাধা করিয়াছেন, তাহা নয়। কি করিয়া উক্ত উপদেশ কায্যে পরিণত করা সম্ভব এবং কার্য্যে পরিণত করিলে, মানব জীবনের চরম দার্থকতা-পরম পুরুষার্থ-প্রাপ্তি হয়, ইহাও স্ক্র বিচার দ্বারা নিঃদদ্ধিগ্ধ ভাবে প্রতিষ্ঠিত করিয়াছেন। অন্য কথায়, সাধন ও সাধনের সিদ্ধিতে কি ফল পাওয়া যায়, ভাহা বিশদ্ভাবে ব্যক্ত করিয়াছেন। ইহা লোকোত্তর অতিপল্প বুদ্ধির পটুত্য ব্যায়ামে বা অতিমান্থবিক অত্যুজ্জন প্রতিভার চাকচিক্য প্রদর্শনের প্রয়াদে হয় নাই। ইহা অন্তর্ঘামীর প্রেরণায় ও তাঁহার স্বকীয়া বিশ্বপালনী মহাশাক্তর পরিচালনে সম্ভব হইয়াছে। যাহা জানিলে সব কিছু জানা হইয়া যায়, আর কিছু জ্ঞাতব্য অবশিষ্ট থাকে না, ভগবান স্থত্রকার সেই চরম ও পরমতত্ত্বের অপরোক্ষ জ্ঞান লাভ করায়, তাঁহার দিব্যদৃষ্টিতে কিছুই অপ্রকাশিত ছিল না। উন্মুক্ত, নির্মেঘ আকাশে মধ্যাহ্ন স্থপ্রকাশের ন্যায়, সম্দায়ের আত্মন্বরূপ তাঁহার সম্মুখে উদ্ঘাটিত হইয়াছিল। নিজে পরমতত্ত্বের অপরোক্ষাকুভূতি লাভ করিয়া, তাহাই তিনি স্ত্রবদ্ধ করিয়াছেন। স্ক্তরাং ব্রহ্মস্ত্র আলোচনার সময় মনে রাখিতে হইবে যে, ইহা কেবল দর্শনশাস্ত্র নহে। ইহা অত্যুত্তম আহুষ্ঠানিক-অধ্যাত্ম-সাধন শাস্ত। একারণ যিনি ইহার আলোচনা করিতে চাহেন, সাধকের ভক্তিপৃত চিত্তে অগ্রসর হওয়া তাঁহার একান্ত কর্তব্য।

৪) ভাগবতই ব্রহ্মসূত্রের সূত্রকার রচিত ভাষ্য।

৬। ভাগবত পাঠে আমরা অবগত হই যে মহাভারত, পুরাণাদি শাস্ত্র প্রণয়ন বেদবিভাগাদি এবং চতুর্বর্ণের আচরণীয় ধর্মের বিধান বিধিবদ্ধ করিয়া, ভগবান বেদবাাস আত্মপ্রদাদ লাভ করিতে না পারায়, বিষণ্ণ চিত্তে কারণাত্র-দক্ষানে অতি ছন্টিন্তান্বিত হইয়া পড়েন। তথন ৺ভগবানের মঙ্গল ইচ্ছায় তাঁহার পার্যদ পরমভক্ত দেবর্ষি নারদ গুরুদ্ধপে আসিয়া তাঁহাকে ভগবানের নিত্য-শুদ্ধ-সত্য-স্বরূপর্য, জীবের কল্যাণের জন্য তাঁহার নরবপুঃ ধারণ, নক্লীনা প্রকটন-নিত্য ও লীলা উভয়ে নরচক্ষে বিভিন্নরূপে প্রতীয়মান হইলেও, তত্ত্বতঃ উভয়ের चटिन प्र वर रमकात्रन, नीना-अवरन, कीर्जरन, विना चाग्रारम भव्रमभन्थ्राशि প্রভৃতির উপদেশ দিয়া ও তাহা বিস্তৃতভাবে আলোচনা করিয়া শ্রীমন্ভাগবত রচনায় প্রেরণা প্রদান করেন। তদমুসারে শ্রীমদ্ভাগবত রচিত হয় এবং তাহার পর মহর্ষি বেদব্যাস আত্মপ্রসাদ লাভ করেন। ব্রহ্মস্থ, আগেই রচিত হইয়াছিল। ভগ্বান বেদব্যাস ভাবিলেন যে, নারদের উপদেশ কায্যে পরিণত করিবার সর্বব্রেষ্ঠ পয়া হইতেছে, ব্রহ্মণতে যাহা স্বত্রাকারে আছে তাহাই কবির ভাষায়— ভক্তি রসায়নে মিশাইয়। বিস্তৃত করা । তাহা হইলেই গুরু নারদের উপদেশ কার্য্যকরী করিতে পারা যাইবে। বিশেষতঃ লোকোত্তর চরিত্র, পরমপুক্ষের পূর্ণাবতার শ্রীক্লঞ্চ ত তাঁহার সমকালেই ধরাধামে বর্ত্তমান ছিলেন। ভগবদ্গীতার মহান্ দঙ্গীত তথন ভারতের আকাশে বাতাদে ধ্বনিত হইতেছিল—বাাদদেবই ত দে সঙ্গীতের গায়ক। তাঁহার মহাভারতেই তিনিই ত এীকৃষ্ণকে আদর্শ কর্মযোগীরূপে পূজা করিয়াছেন। শ্রীমদ্ভাগবতে শ্রীরুঞ্জীলার মাধুর্য্য অংশ ব্রহ্মস্ত্রের জ্ঞান প্রাধান্মের সহিত মিলাইয়া গীতার ১৮।৫৪-৫৫ শ্লোকে ভগবানের উপদিষ্ট জ্ঞান ও ভক্তির উপায়—উপেয়ভাব শিক্ষা দিবার পর, উপযুক্ত অধিকারীর জন্ম পরাভক্তি ও তাহা লাভের উপায় নির্দেশ করিলে, উদ্দেশ্য সিদ্ধ হইবে। ভগবান বেদব্যাস—আমার মনে হয়, এরূপ চিন্তা করিয়া, ভীব্র ভক্তিযোগে, আপনাকে সম্পূর্ণ বিলুপ্ত করতঃ, ভগবানের উপর একাস্ত নির্ভরতার সহিত, তাঁহার হাতে যন্ত্রের ক্যায় শ্রীমদভাগবত রচনা করিয়াছিলেন। যদিও বেদব্যাস স্পষ্ট করিয়া বলেন নাই, তথাপি মনে হয় যে, তাঁহার গৃঢ় অভিপ্রায় ছিল যে শ্রীমদ্ভাগবত, তাঁহার অতি সংক্ষিপ্ত, স্ত্রাকারে রচিত ব্রহ্মস্ত্রের ভাষ্মরপে গৃহীত ও ব্যবহৃত হইলে ত্রিতাপদগ্ধ, ভবরোগকাতর জীববুন্দের-অমৃত প্রলেপ প্রদান করিয়া, ত্রিতাপ -জালা প্রশমন এবং ভবরোগ নাশের কারণ হইবে। যে কেহ মনে কোনও প্রকার সাম্প্রদায়িক রঞ্জন না লাগাইয়া স্বচ্ছ, সরল, উদার মনে, প্রশান্ত চিতে, দত্য নির্ণয়ে দৃঢ় সংকল্পবদ্ধ হইয়া ভাগবতের সাহায্যে ব্রহ্মস্ত্রালোচনায় অগ্রসর হ্ইবেন, আমার নিশ্চিত বিখাদ, তিনি আমার উপরে কথিত উক্তির যাধার্থ্য সম্বন্ধে নিঃদন্দেহ হইবেন। ভাগবত যে ব্রহ্মপ্রের স্থ্রকার রচিত ভাষ্য, তাহার বিস্তৃত আলোচনা মৎপ্রণীত 'বেদাস্ত প্রবেশ' গ্রন্থের দশম পরিচ্ছেদে করিয়াছি। এখানে আর বিস্তার করিব না।

c) ব্ৰহ্মসূত্ৰ দৰ্শনশান্ত মাত্ৰ ৰহে।

৭। আগেই বলিয়াছি যে, ব্রহ্মস্ত্র—মীমাংসা দর্শনের অন্তর্ভুক।
আমাদের মধ্যে অনেকে বেদাস্তালোচনা না করিয়া সিদ্ধান্ত করিয়া বসেন

বে, "ত্রহ্মস্ত্র" মীমাংসা দর্শনের অন্তর্ভুক্ত বলিয়া, ইহা দর্শনশান্ত্র মাত্র—ঘটত্ব-পটত্ব লইয়া ইহার কারবার। তৈলাধার পাত্র, কি পাত্রাধার তৈল—এই মহাসমন্তা সমাধানের জন্ত মস্তিষ্ক আলোড়ন এবং দিনের পর দিন বিনিদ্র রজনী যাপন ইহার আলোচনায় অবখন্তাবী পরিণতি। একারণ কোনও প্রকৃতিস্থ ব্যক্তি, বিশেষতঃ এই কঠোর জীবন সংগ্রামের দিনে, ইচ্ছা করিয়া ইহার আলোচনায় সময়ক্ষেপণ করিতে প্রস্তুত হইতে পারেন না। আমার দৃঢ় ধারণা যে, ব্রহ্মত্তর নিরপেক্ষভাবে আলোচনা করিলে, এরপ সিদ্ধান্তে উপনীত হওয়া সম্ভব হয় না। আমি আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা অনুসারে বলিতে পারি যে, ভাগবত সাহায্যে আমি ব্রহ্মস্ত্রের যে আলোচনা করিয়াছি তাহা স্থদীর্ঘ হইয়াছে বটে, কিন্তু আমি কোথাও তর্ক গ্রহণে প্রবেশ করি নাই। প্রবেশের বিন্দুমাত্র প্রয়োজন হয় নাই। ব্রহ্মস্ত্র এতদিন ষড়,-দর্শনে বিশেষতঃ ন্যায়দর্শনের বিশেষ অভিজ্ঞ পণ্ডিত সমাজে নিবদ্ধ ছিল। সাধারণে ইহার আলোচনার চিন্তা ব্রিতেও ভীত হইতেন। ইহা যে কি উপাদেয়, প্রাণের পিপাসা মিটাইবার ইহার ক্ষমতা যে কত অদীম, ত্রিতাপদগ্ধ জীবের ত্রিভাপজালা প্রশমণের কি অমৃতস্বাদী মহৌষধি, তাহা সাধারণের কিছুমাত্র বোধগম্য ছিল না। আজকাল গণতান্ত্রিকতার দিনে, জনসাধারণের চোথে ঠুলি দিয়া, ভারতের আর্যাঋষিগণের সাধনালর, লোকাতীত মনীষার উচ্ছল আলোক-রশ্মি দেখিতে বাধা স্থজন করা গঠিত মনে করিয়া, অতি সরল সর্বজনবোধ্য ভাষায় আলোচনা করিতে অগ্রসর হইয়াছি। আমার ন্তায় অল্পবিত সাধারণ যে কোনও ব্যক্তি ধৈর্য্যের সহিত পাঠ করিলে, মুগ্ধ হংবেন, ইহা আমি জোরের সহিত বলিতে পারি। যদিও আমার নিজের মুর্থ তা ও অক্ষমতা প্রযুক্ত ইহাতে অনেক দোষক্রটি থাকিতে পারে, তাহা হইলেও দ্রব্যগুণ নিশ্চয়ই আত্মপ্রকাশ করিবে।

৬) আলোচনার চুটি দিক।

৮। কোনও বিষয় বিচার করিবার ছটি দিক্ পণ্ডিত সমাজে প্রানদ্ধ ।

একটি তত্ত্বের দিক্ হইতে, অপরটি বস্তু তান্ত্রিকতার দিক্ হইতে। ইংরাজীতে
প্রথমটির নাম—Subjective point of view এবং দ্বিতীয়টির নামObjective point of view, উভা দিক হইতে বিচারে আমরা কি পাই।

দেখা যাউক্। প্রথমত: তত্ত্বের দিক হইতে বিচার করিলে আমরা বুঝিতে
পারি যে, ব্রদ্ধ—পরমাত্মা—ভগবান—পরতত্ত্ব এমন একটি বস্তু, যেখানে মনের

চিস্তা এবং উক্ত চিস্তা প্রকাশক বাক্য পৌছছিতে পারে না। তর্ক কেবল বাক্য

সমষ্টি মাত্র। স্থতরাং উহা সে তত্ত্বে পৌহুছিতে না পারিয়া দূরে থাকিতে বাধ্য হয়। একারণ তত্ত্বে দিক হইতে বিচারে বৃঝিলাম যে তর্কের উপযোগিতা কিছুমাত্র নাই।

ই। বস্তুতান্ত্রিকতার দিক হইতে বিচারে আমরা ব্বিতে পারি যে, তর্কের প্রয়োজনীয়তা সাম্প্রদায়িক মত প্রতিষ্ঠায়। কিন্তু উক্ত পরতন্ত্র বা ভগবান বা ব্রহ্ম "সর্ববাদ বিষয়-প্রতিরূপনাল" বলিয়া উহা সম্দায়-সাম্প্রদায়িক মতবাদ ক্রোড়ীকত করিয়া তাহাদের বহু উর্দ্ধে নিজ শাশ্বত অপ্রচ্যুত স্বরূপে প্রতিষ্ঠিত। উহা নিত্য, সত্য, স্বয়ম্প্রকাশ, আত্মপ্রকাশে জাজ্জন্যমান। উহা প্রকাশের জন্তু দ্বিতীয় প্রকাশকের কোনও প্রয়োজন নাই। উহা প্রপঞ্চাতীত বস্তু। প্রপঞ্চ-মায়ার খেলা। মায়ার সহিত উক্ত পর্মতত্বের সংস্পর্শমাত্র নাই। আমাদের চিন্তা করিবার যন্ত্র মন-বৃদ্ধি দেশকালের দ্বারা প্রভাবিত। দেশ-কাল মায়া হইতে অভিব্যক্ত। স্বতরাং মনের চিন্তার সহিত উক্ত তত্বের সংস্পর্শ সম্ভব নহে। বাক্য মনের চিন্তাকে বৈথরী ভাবে প্রকাশ করে মাত্র—অত্পর্ব বাক্যই বা কি প্রকারে উক্ত তত্ব প্রকাশ করিবে? একারণ তর্ক নির্থক।

৭) ভাগবভদাহায্যে ত্রহ্মদূত্রালোচনায় ভর্কের অবসর নাই।

১০। আরও একটি বিষয় বিশেষভাবে মনে রাখা প্রয়োজন। বিভিন্ন সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা আচার্য্যগণ অতি উচ্চস্তরের দাধক। তাঁহারা নিজ নিজ সাধনার সিদ্ধিতে, তাঁহাদের নিজ নিজ সাধনার প্রকৃতি অনুসারে—অনস্ত ভাব ও শক্তির শাশ্বত ভাণ্ডার স্বরূপ পর্যতত্ত্বের বিশেষ বিশেষ ভাবের ও শ**ক্তির** অপরোক্ষানুভূতি লাভ করিয়া, তাহাই নিজ নিজ সম্প্রদায়ের মতবাদরূপে গ্রহণ পূর্বক শিশ্ব-প্রশিষা ক্রমে প্রচারিত করিয়াছেন। ব্রহ্মে বা পরমতত্ত্বে সম্দায় ভাব বর্তমান। যে সাধক যেভাবে তাহার উপাদনা করেন, তিনি সেইভাবেই উক্ত সাধকের সমক্ষে আত্মপ্রকাশ করেন। ভগবান গীতায় ৪।১১ শ্লোকে কুক-ক্ষেত্র সমরপ্রাঙ্গনে ইহা উদাত্ত কণ্ঠে বোষণা করিয়াছেন। অতএব তর্কের অবদর কোথায়? ভাগবত কোনও তর্কে প্রবেশ না করিয়া ভক্তিরামানে পরিমার্জিত ও বিশুদ্ধীকৃত স্থমধূর ভাষায়—উক্ত পরমতত্বের পরিচয় দিয়াছেন। উক্ত পরমতত্ত্বের নরদেহে পূর্ণাবতার শ্রীক্ষের লীলা বর্ণনাব্যপদেশে নিত্যধামের নিত্যলীলা অতি স্থায় ভাষায় লোকচক্ষে প্রকটিত করিয়াছেন । লীলার গভীরতার প্রবেশ করা সহজ নহে বটে, তাহা হইলেও বুঝিয়া হউক্, না বুঝিয়া হউক্, উহা আম্বাদন করিতে থাকিলে, উহার স্বাভাবিক ক্রিয়া—উহা করিবেই করিবে, ইহাতে সন্দেহ নাই। ভাগবতসাহায্যে ব্রহ্মস্ত্রালোচনায়, তর্কের অবসর না থাকায় ও মানবীয় চিন্তার ফল স্বরূপ তর্কশাস্ত্রের প্রয়োজনাভাব হেতু, মন্তিন্ধ বিলোড়নের আবশ্রকতা নাই। ধীর ভাবে যত অগ্রসর হওয়া যাইবে, তত অপরিসীম সৌন্দর্য্য ও মাধুর্যোর প্লাবনে হৃদয় পরিপ্লুত হইবে, মন প্রসন্ন হইবে, বৃদ্ধির মলিনতা তিরোহিত হইবে, এবং সৌন্দর্য্য-সৌকুমার্য্য প্রভৃতির ললামভূত পরমতত্ব, নিজ স্বপ্রকাশ স্বরূপে হৃদয়, মন আলোকিত করিবে, তখন উক্ত আলোচনাকারীর "সর্ব্বাঃ স্থেময়া দিশঃ" (ভাগবত ১১।১৪।১২)—সম্লায় দিক স্থেময় হইবে। ইহা কথার কথা নহে। ভাগবতকার অপরোক্ষ ভাবে অন্তব করিয়া পুত্তকবদ্ধ করিয়াছেন।

- ৮) ব্রহ্মসূত্রালোচনার জন্ম সর্ববন্ত্যাগী সম্ন্যাসী হইবার প্রয়োজন অত্যাবশ্যক নহে।
- ১১। জ্ঞানমার্গের পথিক, কেহ কেহ মনে করেন যে, পরমতত্ব স্বরূপের কথঞ্চিত ধারণার জন্ম সংসার, স্ত্রী-পুত্র প্রভৃতি সমৃদায় পরিত্যাগ করিয়া, সর্ববিত্যাগ হওত, বিজনে গভীর চিন্তায় তন্ময়তা প্রাপ্তি না হইলে, চেষ্টা বৃথা মাত্র। ভাগবত বস্তুগত ভাবে শিক্ষা দিতেছেন যে, না, উহা যে অপরিহার্য্য প্রয়োজনীয়, তাহা নয়। উক্ত ভত্ত-জ্ঞান-মাত্রগম্য, কঠোর শুক্ত, নীরস বস্তু নহে। উহা যে রসস্বরূপ, সে কারণ প্রত্যেকের অতি প্রিয়তম, জগতে সমৃদায় প্রিয়ত্ত্বের মৃদ্রে উহা, প্রত্যেকের পঞ্চেন্ত্রিয় দ্বারা আস্বাদ্য। উহা ত দ্বের বস্তু নহে। উহা "প্রত্যক্ চৈতন্ত্র"—প্রত্যেকের সঙ্গে সঙ্গে, তাহার চৈতন্ত-রূপে ফিরিডেছেন। উহাই ত বিষয় জ্ঞানরূপে প্রত্যেক জীবের প্রতীতিগম্য হইতেছে। কিন্তু বিষয়জ্ঞানে নিবদ্ধ থাকিলেও, উহা বাহিরের বস্তু নহে। বিষয় হইতে ফিরাইয়া, বিষয়জ্ঞানের দ্বারম্বরূপ ইন্দ্রিয়গণকে, অন্তর্মুখীন করিতে পারিলেই, উহার স্বরূপ স্বতঃ প্রকাশ পাইবে। তখন বৃঝিতে পারা যাইবে, উহা অন্তরের ক্ষরতম, অতি প্রিয়তম বস্তু। উহারই প্রিয়তার জন্ম, বিষয়, ধন, জন, দেহ, গেহ, দারা, অপত্য প্রভৃতি সমৃদায় প্রিয়ত্ব লাভ করিয়া, আনন্দ বিচরণের কারণ হয়।
- ১২। উপরে বলা হইয়াছে, "তর্কের অবসর কোথায় ?"—ইহাতে তর্ককুশল কোনও কোনও শিক্ষিত ব্যক্তি, আপত্তি করিতে পারেন, যদি তর্কের অবসর নাই, তাহা হইলে আচার্যা শঙ্কর, তাঁহার শারীরক-ভাষ্ম, কঠোর তর্ক বা ক্যায় শান্তের উপর ভিত্তি করিয়া রচনা করিয়াছেন কেন? ইহার উত্তর অতি স্কুপেষ্ট। ভগবান শঙ্করাচার্য শঙ্করের অবতার বলিয়া, প্রাচীন কাল হইতে, আজিও পৃজিত হইয়া আগিতেছেন। বিশেষ কার্য্য সাধনোদ্দেশে

ভগবানের নির্দ্ধেশ, ভিনি মর্ত্যাধামে শরীর পরিগ্রহ করিয়াছিলেন। এই বিশেষ কার্যা, তৎকাল প্রচলিত বৌদ্ধমত ও বৌদ্ধক্রিয়া কলাপের নিরসন। বৌদ্ধগণ ঘোরতর যুক্তি ও আয়ানুগ বিচারবাদী। ভাহাদিগের নিদ্ধ অস্ত্রে তাহাদিগকে পরাজয় করিতে পারিলে, পরাজয় সর্বাক্ষর্থনর হয়, ইহা সকলেই স্বীকার করিবেন। একারণ—শঙ্করাচার্য্য, তাঁহার শারীরক ভাগ্নে ও উপনিষদের ভাষ্ম সকলে, যুক্তি, বিচার, ওর্ক ও আরের প্রাধান্য দিয়াছিলেন। স্বতরাং আচার্যদেব আয়শান্ত্র বা বাদী-বিবাদী উভয়পক্ষের গৃহীত তর্কশান্তের নিয়মাদি মানিয়া চলিতে বাধ্য হইয়াছিলেন। ইহাই শারীরক ভাগ্নে তর্কশান্ত প্রাধান্তের কারণ। এই আচার্য্য শঙ্করই তাঁহার উক্ত ভাগ্নে ২০১০ প্রে প্রসঙ্গে বলিয়াছেন:—

''অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তকেণ যোজরেং।''

— যে সম্পায় ভাব অচিস্ত্য দে সম্পায়ে তর্ক যোজনা করিও না।
কোন্ সম্পায় ভাব অচিস্ত্য বলিয়া মনে করা যাইবে? উত্তরে বলিতেছেন:—
''প্রকৃতিস্তাঃ পরং যচ্চ তদ্চিন্তাশু লক্ষণম।''

—প্রকৃতির পর (সম্পর্ক শৃক্ত) যাহা, তাহাই অচিন্ত্যের লক্ষণ।

৯) আমার কৃত আলোচনার প্রকৃতি নির্দ্দেশ।

১৩। এখন আমার নিজের সম্বন্ধে কয়েক কথা বলিয়া কর্ত্তব্য সমাধা করিব। ভগবান গীতায় ১৮।৫৭-৫৫ শ্লোকে জ্ঞান ও ভক্তির অতি ঘনিষ্ঠ উপায়-উপেয় সম্বন্ধ প্রকাশ করিয়াছেন। ভাগবতও সে সম্বন্ধ স্থীকার করিয়া পরমতত্ত্বের উপদেশ দিয়াছেন। ইহা ভাগবতের অনেক শ্লোক উদ্ধার করিয়া প্রমাণ করা যাইতে পারে। বাহুল্য ভয়ে বিরত হইলাম। উক্ত উপায়-উপেয় সম্বন্ধের ভিত্তিতে ভাগবত অবলম্বনে জ্ঞানমিশ্রা-ভক্তিমার্গে ব্রহ্মস্ত্র আলোচনার প্রয়াস পাইয়াছি। কতদ্র কৃতকার্য্য হইয়াছি, তাহা ঘাঁহার তম্ব সম্বন্ধে আলোচনা তিনিই জানেন। যন্ত্র, যন্ত্রীর অভিপ্রায় ও ব্যবস্থা মত কাজ করিয়া যাইবে, তাহাতে যন্তের চিস্তার বা উদ্বেশের কারণ নাই।

১৪। আমার আলোচনায় আমি শ্রীমৎ শঙ্করাচার্য্যের অবৈতবাদ-ভাষ্য,
শ্রীমৎ রামাত্মজাচার্য্যের বিশিষ্টাবৈতবাদ ভাষ্য, শ্রীমন্নিমার্কাচার্য্যের বৈতবাদ
বা ভেদাভেদবাদ ভাষ্য, শ্রীমন্মধাচার্যের বৈতবাদ ভাষ্য, শ্রীমদ্ বলদেব বিদ্যাভ্ষণের
অচিস্তাভেদাভেদবাদ ভাষ্য এবং শ্রীমদ্ বলভাচার্যোর শুদ্ধাবৈতবাদ ভাষ্য এই
ছয়থানি আধুনিক কালে প্রচলিত ভাষ্যের যথাসম্ভব সাহাষ্য গ্রহণ করিয়াছি।
উহাদের সকলের পদধ্লি মস্তকে ধারণ করিয়া, উহাদের প্রজ্জনিত আলোক-

বর্ত্তিক। হত্তে গ্রহণ পৃর্বাক, নিজের গন্তব্য পথ সম্জ্জন করিতে প্রয়াস পাইয়া জ্ঞাসর হইয়াছি। সমগ্রভাবে কাহারও পদারুসরণ করি নাই। কাহারও মতবাদ সম্বন্ধে কোনও তর্ক উত্থাপন করি নাই। শ্রহ্মাও ভক্তির সহিত প্রত্যেকের বক্তব্য মনোযোগের সহিত শুনিয়া, নিজের ভগবদত জ্ঞান ও বৃদ্ধির যথাসপ্তর পরিচালনায় যাহা স্থত্তের সরল অর্থ বলিয়া প্রতীয়মান হইয়াছে, তাহাই সরল বাসলা ভাষায় সর্বাজনের স্থবোধ্য করিবার অভিপ্রায়ে লিপিবদ্ধ করিয়াছি। শ্রম প্রথাদ হইয়া থাকিলে, দায়িত্ব একমাত্র আমারই। চেয়া আমার, ফল ভভগবানের হাতে।

১৫। উপরোক্ত ভাষ্যকারগণ, স্ত্রকার মহর্ষি বাদরায়ণের অনেক পরবর্ত্তী কালে আবিভূতি হইয়াছিলেন। ইহা হইতে কেহ যেন মনে না করেন যে, উক্ত বিভিন্ন সাম্প্রদায়িক মতবাদ, ব্রহ্মস্ত্র রচনার অনেক পরবর্ত্তী কালে—ভাষ্যকারগণের সমকালে প্রচলিত হইয়াছিল। ভগবান স্ত্রকারের স্ত্ররচনার সমকালে ও তাহার পূর্ব হইতে উক্ত বিভিন্ন মতবাদ প্রচলিত ছিল। ঐ সকল মতবাদের ভিত্তি উপনিষদ্। উহারা স্ত্র রচনার বহু পূর্ব হইতে বর্ত্তমান ছিল, ইহা নি:সন্দেহে বলা যায়। সে কারণ ব্রহ্মস্ত্র রচনার পূর্ব হইতেই উক্ত মতগুলি প্রচলিত থাকায় বিশ্বয়ের কোনও কারণ নাই।

১৬। ব্রহ্মহত্রেই হ্রকার ছয়জন আচার্বের নাম করিয়াছেন। তাঁহাদের মধ্যে আচার্য্য জৈমিনি হ্রকারের শিশু বলিয়া প্রদিদ্ধ, হ্রতরাং উভয়ে সমকালে বর্তমান ছিলেন, ইহাতে সন্দেহ নাই। অক্যান্ত আচার্বগণের মধ্যে হয়ত, কেহ কেহ হ্রতে পারের সমকালে বর্তমান থাকা সম্ভব হইতে পারে এবং কেহ কেহ তাঁহার পূর্ব্বে ছিলেন। তাঁহাদের নাম দেওয়া হইল, এবং তাঁহাদের মতবাদ নামের পার্ম্বে দেখান হইল। উক্ত মতবাদ সকলের ব্রহ্মহত্র রচনার প্রাক্কালীন গ্রন্থাদি তৎকালে বর্তমান থাকা সম্পূর্ণ সম্ভব। শ্রীমদ্ রামাহজাচার্য্যের শ্রীভাশ্বে বিশিষ্টাহৈত মতের বোধায়ন প্রণীত ভাশ্বের উল্লেখ আছে। উহা এখন পাওয়া যায় না। অক্যান্ত মতবাদের ভাশ্ব প্রাচীনকালে থাকিলেও, বর্তমানে উহারা অপ্রাপ্য।

(১) আত্তেয়—মীমাংসক শ্রীযুক্ত আশুতোষ শাস্ত্রীর মতাহুসারে

(২)	আশ্বর্ম্য — বিশিষ্ট দ্বৈতবাদী	29	>>	>>	ও ভাগবী	
(৩)	ঔড়ুলো মি—ভেদাভেদবাদী	,,			~	
	কাৰ্ম্বাজিনি—অধৈতবাদী	,,	>9	17	•	
))	*7	22	×	
(2)	্বাদ্রি					

(७) द्यमिन-मौग्रांशक

× স্ত্রকারের শিক্স

১৭। আমি বর্তমানকালে প্রচলিত উপরে কথিত ছয়খানি ভাষ্টের যথাসম্ভব সাহায্য গ্রহণ করিয়াছি বটে, কিন্তু কোনও সাম্প্রদায়িক মতের অমুবর্তী হইয়া আলোচনা করি নাই। উহাদের মধ্যে যে আচার্য্যের অর্থপ্রেরে স্বাভাবিক সরল অর্থ পরিস্ফুট করিয়া সর্বপ্রধান উপযোগী বলিয়া মনে হইয়াছে, তাহার সহিত ভাগবতে কথিত অর্থের সামস্ত্রপ্র রাথিয়া গ্রহণ করিয়াছি। যথন একাধিক আচার্য্যের অর্থ, প্রেরে স্বাভাবিক অর্থের অমুকূল বলিয়া মনে হইয়াছে, তথন উভয় অর্থ পৃথক্ ভাবে আলোচনায় সন্নিবিষ্ট করিয়াছি। তবে শ্রীমদ্ বলদেব বিদ্যাভ্রমণের গোবিন্দ ভাষ্য ভাগবতের অধিকতর অনুগামী হওয়ায়, এবং অচিস্তা ভেদাভেদবাদ, আমার ক্যায় স্থূলবৃদ্ধি সাধারণ মানবের বৃত্তিরায় পঙ্গে অধিকতর স্কর্ম বলিয়া, বহুন্থলে উহাই গ্রহণ করিয়াছি বটে, কিন্তু দে জন্ত স্বাভাবিক সরল অর্থের কোনও ব্যতিক্রম সহ্য করি নাই। অন্তর্থামী ভগবানের হাতে যন্ত্র স্বরূপ হইয়া, যাহা করাইয়াছেন, তাহাই করিয়াছি। দোষগুণ বিচারে যন্ত্রের কি অধিকার আছে?

১০) মাঝে মাঝে আধিভৌতিক বিজ্ঞানের উল্লেখ করিয়াছি কেন ?

১৮। আলোচনার অনেক স্থলে, আধিভৌতিক পাশ্চান্ত্য বিজ্ঞানের উল্লেখ করিয়াছি। উহা, আমার উক্ত বিজ্ঞানের যৎসামান্ত জ্ঞান থাকার পরিচয় দিবার জন্ত নহে। আমাদের শান্ত স্থম্পষ্টভাবে শিক্ষা দেন যে, আধিভোতিক, আধ্যাত্মিক ও আধিদৈবিক জগৎ একই স্থত্তে গাঁথা; পরম্পর পরম্পরের সার্থকতা সম্পাদন করিয়া থাকে। আধিভৌতিক জগতে যে নিয়ম, 'অন্ত উভ্য় জগতেও সেই নিয়ম তত্ত্বত্য অবস্থামুসারে কার্য্যকারী—ইহা বস্তুগত উপায়ে বুঝিবার চেষ্টা করিয়াছি। আধিভৌতিক বৈজ্ঞানিকগণ, বিশেষ প্রযত্ম ও অধ্যবসায়ে যে সম্দায় তথ্যে উপনীত হইয়াছেন, সে সম্দায়ের আলোচনা, আধ্যাত্মিক ও আধিদৈবিক জগতের পটভূমিতে না করিলে, আলোচনা সর্ব্যাঙ্গীন হয় না। এজন্য উহার আলোচনা আমার স্বন্ধ জ্ঞান ও বৃদ্ধি অমুসারে করিতে বাধ্য হইয়াছি।

১১) আমার নিজের অক্ষমতা।

১৯। আমি জানি যে ব্রহ্মস্ত্রালোচনায় হস্তক্ষেপ করা আমার পর্বত-প্রমাণ ধৃষ্টতার পরিচায়ক। আমি আমার সর্বপ্রকার অক্ষমতার সম্বন্ধে সম্পূর্ণ

সচেতন থাকিয়াই আলোচনায় অগ্রসর হইয়াছি। ইংরাজীতে একটা প্রবাদ বাছে:- "Fool rushes in, where angels fear to tread" - অর্থাৎ পণ্ডিতের। যেথা যেতে ভয় পায়, দ্বিধা বিনা মূর্থ সেথা ছুটে যায়। এ-সব ভাল করিয়া জানিয়াও পশ্চাৎপদ হইতে পারি নাই। মহাকবি কালিদাস রঘ্বংশ রচনা করিতে বসিয়া নিজের প্রচেষ্টার সহিত "প্রাংগুলভ্যে ফলে লোভাচুদ্বাহুরিব বামনঃ" — দীর্ঘকায় ব্যক্তির লভ্য ফল হস্তগত করিবার জন্ম ক্ষুম্রকায় মানবকের উর্দ্ধবাহ হইবার দুষ্টান্তের উপমা দিয়াছিলেন এবং উক্ত বামনের তায় লোকসমাজে উপহাদাম্পদ হইবার আশন্ধা করিয়াছিলেন। আমার প্রচেষ্টার সহিত উক্ত উপমার কিছুমাত্র সামঞ্জ নাই। আমার প্রয়াসের সঙ্গত উপমা (১) একটি ক্ষুদ্র চড়ুই পাখীর সম্প্র শোষণের প্রচেষ্টার তায়, (২) একটি ক্ষুদ্র কাঠবেড়ালীর মুখে কয়েকটি করিয়া বালুকাকণা আনিয়া সমূত্র বন্ধনের প্রয়াসের স্থায়, (৩) একটি ক্ষুদ্র ইন্দুরের গর্ত্ত করিয়া পৃথিবীর পৃষ্ঠ হইতে কেন্দ্র ভেদ পূর্বক অপর পূর্চে যাইবার প্রচেষ্টার তায়। স্বতরাং আমার প্রচেষ্টা যে সর্বথা উপহাসাম্পদ, ভাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। কিন্তু ইহা জানিয়াও নিজেকে নিরস্ত করিতে পারি নাই। কোনও অদৃশ্য শক্তি যেন জোর করিয়া আমাকে গন্তব্য পথে অগ্রসর হইতে বাধ্য করিতেছেন। স্থতরাং বন্ধীর হাতে যন্ত্রের ন্যায় নিজের স্বাতন্ত্রা সম্পূর্ণভাবে বর্জন করিয়াই অগ্রসর হইতেছি।

১২) ব্ৰহ্মসূত্ৰ— অত্যুত্তম আমুষ্ঠানিক সাধন শাস্ত্ৰ।

২০। ব্রহ্মন্থত্র দর্শনশাস্ত্র বলিয়া প্রথিত। ইহা আগেই বলিয়াছি। কিন্তু আমার আলোচনায় আমি ইহাকে দর্শন শাস্ত্ররূপে গ্রহণ করি নাই। উহা অত্যুক্তম, আরুষ্ঠানিক সাধন-শাস্ত্র মনে করিয়াই, আমি আমার ভগবৎপ্রদন্ত জ্ঞান বৃদ্ধি সাহায্যে এবং ভগবানের রূপার উপর দৃঢ় ভরসা রাথিয়া, যথাসাধ্য আলোচনায় প্রয়াস পাইয়াছি। দর্শনশাস্ত্রালোচনার ভাষা, বাগ্-বাহুল্য বিচ্ছিত, মাত্রা ও পরিমাণের প্রতি তীব্র দৃষ্টি রাথিয়া, বাক্য—বাক্যাংশ—শন্ধ- অক্ষর-প্রয়োগে চাতুর্য্যথিত, প্রয়োজনমত বাক্য—বাক্যাংশ-শন্ধ এমন কি প্রতি অক্ষরের ব্যবহার দক্ষতা, ফলে উহাদের কোনও একটির বুথা ব্যবহাররাহিত্য, অল্পকথায় ভাবশম্পদরাশি প্রকাশে সম্জ্জল, কঠোর ন্যায়শাস্ত্রান্থসারী, পূর্বাপর সঙ্গতিরক্ষায় একান্ত ভৎপর, সংক্ষিপ্ত, পরিমার্জ্জিত, অর্থগর্ভ হওয়া এক জ উচিত। কিন্তু আমি সে মার্জ্জিত ভাষা গ্রহণ করি নাই। আনুষ্ঠানিক দাধন শাস্ত্র আলোচনায় উহা একান্ত প্রয়োজনীয় বলিয়া মনে হয় না। অবশ্রুই অল্প কথার অধিক ভাবপ্রকাশ করিতে পারিলে, ভাহা পাওতগণের, বিশেষতঃ দর্শন /

শাস্ত্রাভিজ্ঞগণের মনোজ হয় বটে, কিন্তু তাহা অনেক সময়ে আমার নায় সূলবুদি, অর্দ্ধশিক্ষিত ব্যক্তির পক্ষে হৃদয়সম করা তুরহ হইয়া পড়ে। আমার এই আলোচনার নাম হইতেই ইহা বুঝা যাইবে যে, ইহার উদ্দেশ সার্বজনীন স্থবোধ্য করিবার চেটা। বিস্তারিভভাবে, সমৃদায় সংশয়ছেদী আলোচনা হইলেই ত, কি শিক্ষিত, কি অর্দ্ধক্ষিত, কি অশিক্ষিত সকলের বোধগম্য হওয়া সম্ভব। তাছাড়া সংক্ষেপ, অর্থগর্ভ আলোচনায় দর্শনশাত্তের ম্যাদা রক্ষা সম্ভব হইলেও সাধনশাত্তের ম্যাদাহানি সংঘটিত হয়।

২১। দৃষ্টান্ত স্বরূপ একটি স্ত্তের উল্লেখ করি। স্ত্রেটি অভি ছোট।
"ফলমভ উপপতেঃ" থাং।ও৮—সরল অর্থ—ব্রহ্ম বা ভগবানই কর্মের সহিভ ফল যে।জনা করেন। ইহা বলিলেই দর্শন শাস্ত্রের প্রয়োজন মিটিয়া গেল।

কিন্ত সাধন-শাস্ত্রালোচকের-চক্ষে নানাপ্রকার বিরোধ, সংশয়, অসঙ্গতি দেখা দিল। কারণ, উক্ত প্রকার নগ্ন অর্থে, (১) কর্মফলের প্রাধান্ত স্থাপনের সহিতে, ভগবান বা ব্রহ্ম—উহার পরিচালক বা পর্যবেক্ষক মাত্র বলা হইল। (২) তাহাতে চিরস্বতন্ত্র ভগবানের স্বাতয়্রহানির সন্তাবনা আপতিত হইল। (৩) তাঁহার-ভগবতা, মহিমা, ভক্তবংসলতা প্রভৃতি কুল হইল। (৪) ভাগবত বলিয়াছেন যে, তিনি উপযুক্ত ভক্তকে আত্মদান পর্যান্ত করিয়া থাকেন, তাহা প্রত্যাহার করিবার কারণ উৎপন্ন হইল। (e) ভাগবত ভগবানের মৃথ দিয়া বলাইয়াছেন "যমনুগৃহামি তদ্বিশো বিধূনোমাহম্" (৮।২২।২৪)—আমি যাহাকে অহুগ্রহ করি, তাহার ধন হরণ করিয়া থাকি—ইহা অত্যাচারীর যথেচ্ছাচার-রূপে প্রতীয়মান হইবার কারণ দেখা দিল। গীতায় ১৮।৬৬ শ্লোকে ভগবানের নিজের উক্তি "অহং ত্বাং দর্বপাপেভাো মোক্ষরিয়ামি"—অতিশয়োক্তি বলিয়া মনে করিবার সম্ভাবনা দেখা দিল। সাধনশাস্ত্র ও তাহার আলোচক কি ইহা সহ্থ করিতে পারেন? এ কারণ উক্ত আলোচক যদি পূর্বপক্ষের মুখ দিয়া আপত্তি উত্থাপন করাইয়া প্রকৃত তত্ত্ব সংস্থাপনের প্রয়াসী হন, এবং দে কারণ অপ্রাদঙ্গিক না হউক, আলোচ্য বিষয়ের সহিত, দাক্ষাৎভাবে অতি ঘনিষ্ঠ সম্বন্ধ না থাকা, কোনও দৃশ্যতঃ অপর-বিষয়ের অবতারণা ও আলোচনা মারা ভগবন্মহিমা ক্ষাপনে যত্নবান হন, তাহাতে কি তাঁহাকে দোষ দেওয়া যায়? এই দৃষ্টিভঙ্গীতে আমি উক্ত স্থত্তের আলোচনা করিয়াছি। ইহাতে किकिं वान् वाङ्ना हरेशाष्ट्र, मत्नर नारे अव कर्तात्र ग्रायमाञ्चान्यायी विघारत, তর্ককুশল পণ্ডিতমণ্ডলী, হয়ত নাদিকা কুঞ্চিত করিবেন, এ সম্ভাবনা থাকা সত্ত্বেও আমি নিরস্ত হই নাই। উক্ত অহাত স্ত্র সম্বন্ধে যাহা বলিলাস, তাহা হইতেই আমার বক্তবা বিশদভাবে বুঝা যাইবে।

২২। কিন্তু ন্যায়শাস্ত্রদমত কুদ্রদোধে দোষী হইলেও, আমি কিছুমাত্র তু:খিত নহি। ভাগবত আমার অনুকৃলে, ভাগবৎকার বলিতেছেন :—

তদ্বাগ্রিসর্গো জনতাঘবিপ্লবো যশ্মিন্ প্রতিশ্লোকসবদ্ধবতাপি।
নামান্তনন্তস্ত যশোক্ষিতানি যৎ শৃথান্তি গায়ন্তি গৃণন্তি সাধবঃ ॥
ভাগবত ১।৫।১১, ১২।১২।৬৮

যে বাগাড়গরের প্রতিবাকা অবদ্ধ ইইলেও অর্থাৎ বাক্য-নিরমলকারী শান্তসকলের (যথা ব্যাকরণ, ছন্দ, অলঙ্কার, ন্যায়শাগ্রাদির) নিয়ম লঙ্ঘন করিলেও, অনন্ত ভগবানের যশোঙ্কিত নাম সকল বিস্তারিত ভাবে প্রকাশ করে বলিয়া, উহা জনসাধারণের পাপরাশি ধ্বংসের ক্ষমতা রাথে, সে কারণ সাধুগণ উহাদেরই শ্রবণ, গান ও গ্রহণ করিয়া থাকেন। ভাগঃ ১া৫১১, ১২১১২০০।

সাধুগণের শ্রবণ, গান ও গ্রহণের দ্বারা ভাগবতকার ভগবানের শ্রবণাদির প্রতি ইন্ধিত করেলেন। স্থতরাং আমার হৃঃথিত হইবার কারণ মাত্র নাই।

১৩) প্রত্যক্ষ দৃষ্টান্ত।

২৩। বিশেষতঃ প্রত্যক্ষতঃ দেখিতে পাই যে, উত্তর ভারতের হনীকেশ হইতে আরম্ভ করিয়া, অনেক বড় বড় সহর গদার উভয় তীরে অবস্থিত। কাল বিপর্যায়ে ঐ সকল সহরের লক্ষ্ণ লক্ষ্ণ অধিবাসীর গৃহের মল-দৃষিত নর্দ্ধার জল, গদায় পড়িবার ব্যবস্থা কর্তৃপক্ষগণের ধারা বিধিবন্ধ হইয়াছে। কাশীতেই দেখি, স্নানের ঘাটের পাশেই ভূগভত্ব পয়ঃপ্রণালী দিয়া পায়থানার মলসহ দৃষিত, পুতিগন্ধময় জল গদায় আগিয়া পড়িতেছে। কিন্তু তাহাতে কি গদাজলের পবিত্রতা ক্ষুর্ম হয়? অথবা গদাজলে স্নান করিয়া ক্মওলুতে গদাজল লইয়া ৺বিশ্বনাথের মন্তকে ভক্তির সহিত "নমঃ শিবায়" বলিয়া অর্পণ করিতে কি কোনও বিধা হয়? বড় বড় দার্শনিক ও নৈয়ায়িক পণ্ডিতগণ্ড কোন প্রকার বিধা বা সংকোচ অন্তব্য করেন না। গদার পবিত্রতার সংস্পর্শে উহাদের অপবিত্রতা দ্রীভূত হইয়া উহারা গদাজলের সম পবিত্রতা লাভ করিয়াছে। গদাজলের জীবাণুনাশকতা, পবিত্রতা প্রভৃতি গুল সম্বন্ধে বিশেষ বিশেষ বিশ্বম পণ্ডিতগণ্যর উক্তি সমন্বিত সংক্ষেপ আলোচনা গত ১৭ মে, ১৯৫৩, এয়া জ্যৈষ্ঠ ১০০০ জারিথের "হিন্দুম্বান স্ট্যাণ্ডার্ড" নামক ইংরাজী দৈনিক পত্রিকায় প্রকাশিত হইয়াছিল।

সেইরূপশভগবানের নাম "পাবনং পাবনানাং" বলিয়া উহার সংস্থার্শ আমার নানাপ্রকার দোষতৃষ্ট, ভ্রমপ্রমাদ সম্বলিত, পণ্ডিত ও বিশেষজ্ঞগণের দৃষ্টিতে পৃতিগন্ধময় আলোচনা যে, পৰিত্ৰতা লাভে সমৰ্থ হইবে, ভাহাতে সন্দেহ কি?
ভ্রম কেহ ইচ্ছা করিয়া করেন না। ভগবান নিজ মুখেই বলিয়াছেন:—"মতঃ
স্মৃতিজ্ঞানমপোহনঞ্চ" (গীতা ১৫।১৫)—আমা হইতেই স্মৃতি, জ্ঞান, উহাদের
উভয়ের বিকাশ ও সকোচ হইয়া থাকে। স্কৃতরাং তিনি যদি আমার জ্ঞানের
সঙ্কোচ সাধন করিয়া ভ্রম উৎপাদন করিয়া থাকেন, ভাহাত্তে তঃথ করিবার কি
আছে? তাঁহার উপর সম্পূর্ণ নির্ভর করিয়া এবং সমৃদায় ফল তাঁহাকে অপ্রপ্
করিয়া, তাঁহারই কাজ যথাশক্তি সম্পাদন করিতে অগ্রসর হইয়াছি।

১৪) নিজ নিজ সাধনার অঙ্গস্তরপে ত্রহ্মসূত্রালোচনা বিধেয়।

২৪। ব্রহ্মস্ত্রালোচনারূপ অভি তুর্রহ ব্যাপার হইতে, আমার নিরস্ত থাকিতে না পারার আরেকটি অপরের অজ্ঞাত গৃঢ় কারণ আছে। ভাগবত-সাহায্যে ব্রহ্মকুত্রালোচনা আমার সাধনার প্রধান অঙ্গ। উহা হইতে নিরস্ত **इरेल** जामात माधना इरेजिअ निवस इरेजि हव। जामात स्रिप्तिज अ ञ्चनिकिष्ठ निकास्य এवः तम कात्रन मृत् धात्रना ও विश्वाम त्य, मानवत्मरधात्री জীব মাত্রেরই ভগবানের আরাধনা করিবার অধিকার আছে। ভক্তাবতার ভগবান শ্রীকৃষ্ণ চৈতন্ত মহাপ্রভু ভক্তদিগকে শিক্ষা দিয়া গিয়াছেন যে, নরদেহধারী জীবমাত্রই ভগবানের নিতাদাস। সে কারণ প্রত্যেক মানবই নিতাপ্রভু ভগবানের সেবা করিতে বাধ্য। বেদাস্তমতেও, তত্ত্বদৃষ্টিতে, ব্রঙ্গে ও জীবে, চৈত্যাংশে সাম্যভাব হেতু, অভেদ তত্তঃ হইলেও, যতদিন না অবিছা সম্পূৰ্ণ-রূপে ধ্বংস হয়, অবিন্তার অতি ক্ষীণ আভাস মাত্র থাকিতেও উক্ত অভেদচিস্তা, অনেক সময়ে অকল্যাণের পথ প্রশস্ত করে; পতনের সন্তাবনা স্থ করে। দে কারণ আমাদিণের ভায় সাধারণ মানবের পক্ষে "দাস আমি" বলিয়া— মনে প্রাণে ভগবানের চরণে লুটাইয়া পড়িলে, পতনের সম্ভাবনা ত থাকেই না; অধিকন্ত পরম আশ্রয়ে স্থান লাভ হেতু, শাশ্বত অভয় প্রতিষ্ঠা সংসাধিত একারণ, "আমি নিভাদাস, তুমি শাখত প্রভু"—এই চিস্তা করিয়া ভগবানের চরণে ভক্তির সহিত পূজা অর্পণ করা প্রত্যেক সাধারণ মানবের উচিত।

২৫। আমি যখন মানবদেহ ধারণ করিয়া ভারতের অতি পবিত্র ব্রাহ্মণ বংশে জন্মগ্রহণ করিয়াছি, তখন আমি যতই মূর্য, অপদার্থ, শক্তিহীন হই না কেন, ভগবানের নাম লইবার ও তাঁহাকে পূজা করিবার জন্মগত অধিকার আমার আছে। পণ্ডিত, কৃতী, ধনী, ঐশ্ব্যাশালী কি কেবল তাঁহার পূজা করিবে? যে দরিস্ত, সে কি কেবল দ্বে দাঁড়াইয়াই থাকিবে? ভাহার কি

পৃজার অধিকার নাই? কিন্তু ভগবান ত সকলের প্রতি সমান। তিনি ত পণ্ডিত-মূর্থ, ধনী-নির্ধন, কৃতী-অকৃতী—ইহাদের মধ্যে কোনও বিভিন্নতা দর্শন করেন না। অতএব আমার হতাশ হইবার কারণ কি? শাস্ত্র বলেন যে, ভগবানের পৃজায় বিত্তশাঠ্য করিতে নাই। পণ্ডিত তাঁহার পাণ্ডিতা দিয়া, কৃতী তাঁহার কৃতিত্ব দিয়া, ধনী তাঁহার ধন দিয়া, ঐশ্বর্যাশালী ঐশ্বর্য দিয়া, ভগবানের পূজা করুন, তাঁহাদিগকে ত কেহ নিবারণ করিতেছে না। আমি লোক সমারোহের মধ্যে প্রবেশ না করিয়া, উহাদের বাহিরে থাকিয়া, আমার যাহা সম্বল, তাহা দিয়া তাঁহার পূজা করিব, দে জাতিগত ও জন্মগত অধিকার ত আমার আছে। আমি দরিদ্র—সর্ববিষয়ে দরিদ্র। কি চিন্তায়, কি ভাষায়, কি ভাবপ্রকাশের শক্তিতে, কি ক্রিয়ায়, কি জ্ঞানে, কি ভক্তিতে, কি সাধনায়, সবদিকে আমি কার্মাল। আমি আমার সর্ব্বতোম্থী দারিদ্রা ও অক্ষমতা দিয়া, তাঁহার পূজা করিব, এ ইচ্ছা ত অন্তর্যামী ভগবানের প্রেরণাতেই হৃদ্য়ে জাগরিত হওয়ায়, আমার এই প্রয়াদের বিড্রনা আত্মপ্রকাশ করিয়াছে। অতএব বিত্তশাঠ্য না করিয়া আমার উক্ত সর্বগ্রাদী দারিদ্রা ও অক্ষমতা উজাড় করিয়া তাঁহার চরণে সমর্পণ করিলাম। শাস্ত্র বলেন:—

তুলসীদলমাত্ত্রেণ জলস্ত চুলুকেন বা বিক্রীণীতে স্বমাত্মানং ভগবান্ ভক্তবংসলঃ।।

ইহা ত কথার কথা মাত্র নয়। ভক্ত বলিয়া অভিমান করিবার আমার কিছুই নাই। তবে তিনি কর্ম-জ্ঞান-ভক্তি প্রভৃতি সম্দায়ের শাখতভাণ্ডার, এজন্ত আমাদের মনের অতি স্ক্রতম স্পাদন তাঁহার কাছে অবিদিত থাকিতে পারে না। পৃথিবী সম্দায় তভিৎ শক্তির শাখত ভাণ্ডার বলিয়া যেমন অতি ক্রত্র তভিৎ স্পাদন, ভ্দেবীর নিকট অজ্ঞাত থাকে না, সেইরূপ আমার উজ্জ্ঞলা ভক্তি না থাকিলেও, যদি উহার যৎসামান্ত, অতি ক্রীণ আভাসের প্রতিভাসও থাকে, তাহা হইলে আমার পূজা ভগবানের নিকট অবজ্ঞাত হইতে পারে না। হৃদয়ের অক্তন্তনে এই বিশ্বাস ধারণ করিয়া তাঁহার চরণে সর্ক্রর অপনি করতঃ, তাঁহার মহিমা খ্যাপনে ব্রতী হইয়াছি। তিনি, তাঁহার নাম, তাঁহার মহিমা সমৃদায় অভেদ বলিয়া,—তাঁহার নাম জপ করা, বা তাঁহার মহিমা সমৃদের আলোচনা করা, তাঁহারই সঙ্গে প্রত্যক্ষ কারবার বলিয়া জানি।

২৬। উপরে বলিয়াছি যে, ব্রহ্মস্থত্তের আলোচনা দর্শন শাল্পের দৃষ্টিতে না করিয়া, আনুষ্ঠানিক অধ্যাত্ম সাধনশাল্পের দৃষ্টিতে, ভাগবতের

ভিত্তিতে করিয়াছি। আরও বলিয়াছি যে, এ আলোচন। আমার সাধনার ম্থ অস। ইহাতে হয়ত কাহারও মনে সন্দেহ উঠিতে পারে যে, সাধনা করিতে रहेटन, व्यथं मत्नारयांन खरमांन कदिए रम्न, नजून छेरा कनमामक रम ना ; এজন্য সকলে কি পৃহত্ত ধর্ম পরিভ্যাগ করিয়া সন্মাস ত্রভ ধারণ করিবে? এই দলেহের প্রথম অংশটি অর্থাৎ দাধনায় অথও মনোযোগ অর্পণ--- সভ্য বটে, কিন্ত শেষের অংশটি সত্য নহে। আমাদের শান্তের উপদেশে, ব্যবহারিক দৈনিক জীবনের কর্মাচরণের সঙ্গে, সাধনার কোন বিরোধ নাই। ব্যাবহারিক কোনও কাজ করিতে হইলে, উহাতে অথও মনোযোগ লাগাইলে তবে ত উহা সর্বাঙ্গ স্থন্দরভাবে অন্নষ্ঠিত হয়—ইহা প্রত্যেকের প্রত্যক্ষ দৃষ্ট সভ্য। লোকে দৈনিক ব্যাবহারিক জীবনে বিভিন্ন প্রকারের কত কাজ প্রতিদিন করিয়া থাকে, আজকাল উদরান্তের সংস্থান করা যে মহা সমস্থার বিষয় হইয়াছে, তাহাতে উহার জন্ত, নানাবিধ বিভিন্ন প্রকারের কর্মাবর্তে প্রায় সকলকেই পড়িতে সেই কর্মাবর্ত হইতে উত্তরণের উপায়—প্রত্যেক কর্মের জন্ম —ছোট হউক বা বড় হউক—পরিমাণ মতো সময় নির্দ্ধেশ এবং সেই নির্দিষ্ট সময়ে অথও মনোযোগের সহিত উহার সম্পাদন। এইরূপ করিলে বিত্রত হইতে হয় না। অথচ সমস্ত কাজই করা হইয়া যায়। ব্যাবহারিক জীবনেয় উদরান্ন সংস্থানের জন্ম দৈনিক সাধারণ কাজের ন্যায়, প্রভিদিন অধ্যাত্ম জীবনের তৃষ্টি-পৃষ্টিকর অন্নস্থানীয় সাধনার জন্ম, পরিমাণ ও স্থবিধামতো অল্প কিছু সময় নির্দেশ ও সেই সময় অথও মনোযোগ অর্পণ করা কি व्यमुख्य ? इच्छा थाकितन, मकतनई हेश महरक कतिराज भारतन । छेभरत याहा লেখা হইল, তাহা বৈধীভাবে সাধনার কথা। উহা ছাড়া ভগবান গীতায় কর্মসম্পাদনের যে "কোশল" (গী: ২।৫০), জীবহিতের জন্ম প্রকাশ বলিয়াছেন, তাহা সম্ভব্মতো ও সাধ্যমতো অবলম্বন করিয়া. কর্মাচরণের অমুষ্ঠানে, সংসারের প্রত্যেক কর্ম-এমন কি উদ্রান্নসংস্থামের জ্ব্য বিভিন্ন ব্যক্তির বিভিন্ন কর্ম-ভগবহুপাসনা রূপ-চরম ও পরম কর্মে পরিণত করা যাইতে পারে। অথবা উহাকে চরম ও পরম কর্ম বিল্ই বা কেন? উহাইত নৈন্ধর্মা। প্রত্যেক কর্মকে নৈন্ধর্ম্যে পরিণত করিবার উপদেশই গীতার विटमंख्य। आमात विनास्त्रात्नाहना यिन छेक भर्यात्य ना भएए, छेश आमात्ररे দোষ। সে দোষ তাঁহারই চরণে সমর্পণ করিয়াই অগ্রসর হইয়াছি। এইভাবে বিভাবিত হইয়া সাধকপ্রবর রামপ্রসাদ অমর গীতি গাহিয়া গিয়াছেন : —

শয়নে প্রণাম জ্ঞান, নিজায় করে। মা'কে ধ্যান, (ওরে) নগর ফির মনে কর প্রদক্ষিণ শ্যামা মা'রে। যত শোন কর্ণপুটে, সবই মায়ের মন্ত্র বটে,

আহার কর মনে কর আহুতি দিই শ্রামা মা'রে।

২৭। শাস্ত ব্যক্তি বিশেষের পক্ষে সন্নাস গ্রহণের উপদেশ দেন বটে, সকলের পক্ষে নহে। বাঁহাদের পূর্বজন্মের স্থকতীর ফলে তীত্র বৈরাগ্যাদের হইয়াছে, সন্নাদের বাবস্থা তাঁহাদেরই জন্ম। বৃদ্ধদেব, শহরাচার্য্য বা শ্রীকৃষ্ণ চৈতন্ত্র মহাপ্রভুর সন্নাদের বাধা দিবে কে? কিন্তু শাস্ত্র পেট সর্বস্থ সন্নাদের বিরোধী। সন্নাদের বেশ পরিধান করিয়া সন্নাসী সাজিলেই সন্নাসী হওয়া যায় না। কাল চক্রের আবর্তনে, বর্তমান জীবন সংগ্রামের দিনে, সংসারে পিতা-মাতাভার্য্যা-পূত্র-কন্তা প্রভৃতির প্রতি অবশ্য পালনীয় কর্তব্য এড়াইয়া, কোনও মঠাধীশের চেলা হইলেই সন্নাসী হওয়া যায় না। আজকাল, ঐরপ সন্নাসী হওয়ার একটা রেয়াজ হইয়াছে। বলা বাহুল্য, শাস্ত্র উহার ঘোরতর বিরোধী এবং উহা অতি কদর্য্য আত্মপ্রক্ষনা। আধ্যাত্মিক জগতে উহার ফল অতিভীষণ।

১৫) নরদেহ প্রাপ্তি কোন আক্মিক ব্যাপার নহে, উহা গভীর উদ্দেশ্যযুলক।

২৮। নরদেহ ধারণ করিয়া সংসারে জন্মগ্রহণ, কোনও উদ্দেশ্রহীন, আকন্মিক ব্যাপার নহে। উহার মূলে, পূর্ব্ব পূর্ব্ব কত শত শত জন্মের, কতবিধ-কর্মা, ফল প্রদানে উন্মুখী হইয়া রহিয়াছে। সেই সমৃদায়-ফলোন্মুখী কর্ম পিঠে বাধিয়া মান্মৰ জন্মগ্রহণ করে। উহাই তাঁহার ইহজীবনের অবশু কর্ত্বব্য কর্ম। উহা নানাবিধ,—পিতামাতার প্রতি কর্ত্বব্য, ভাই ভগ্নী প্রভৃতির প্রতি, বন্ধু-বান্ধবের প্রতি যে, সংসারে জন্মিয়াছে সেই সমষ্টি সংসারের প্রতি ও তাহার অন্তর্ভুক্ত বাষ্টি সকলের প্রতি, প্রতিবেশী, পরিজন, পরিকর প্রভৃতির প্রতি, সমাজের প্রতি, দেশের প্রতি ও দেশের সকলের প্রতি কর্ত্ব্য। প্রকৃতপক্ষে এই সকলের প্রতি কর্ত্ব্য স্থানণ করিয়া, ভগবানের ইচ্ছা পরিচালক কর্মদেবতাগণ, কোনও বিশেষ মানবের—বিশেষ দেশে, বিশেষ সমাজে, বিশেষ পরিবারে জন্মগ্রহণ করিবার ব্যবস্থা করেন। যে ব্যক্তি এই সমৃদায় কর্ত্ব্য যথাশক্তি সম্পাদনের চেষ্টা করে এবং যথাসাধ্য সম্পাদন করে, তাহার জীবন সার্থকতা লাভ করে।

অপর পকে, যে উহা এড়াইয়া চলে, ভাহার জীবন শুরু বার্থ নয়, অন্তান্ত অশুভ কর্ম সঞ্চিত হইয়া পিঠের বোঝা আরও ভারী করিয়া থাকে। শাস্ত্র আমাদের এই শিক্ষাই দিয়া থাকেন। আলোচনায় অগ্রসর হইলে, ইহা ক্রমশ: স্কুপ্ট বুঝা যাইবে। স্কুডরাং গাহ স্থাধর্মে থাকিয়া, সাংসারিক কার্য্য—গীতার উপদেশ অস্থুসারে, ভগবানের আরাধনার অঙ্গ স্বরূপ মনে করিয়া সম্পাদন করা এবং ভাহার সঙ্গে সঙ্গে বিশেষ নির্দ্দিন্ত সময়ে, নিজের স্বাধীন ইচ্ছামত গৃহীত সাধনায় অথও মনোযোগ দিয়া যথাসাধ্য চেন্তা করা কর্ত্ব্য। উভয়ের মধ্যে কোনও বিরোধ নাই, ভাহার বুঝা গেল। শাস্ত্রের উপদেশ, সাধনা সহ, সর্বপ্রকার কর্ম্ম-সম্পাদনের স্কর্ছ উপায় জানায় বলিয়া, উহাদের পরিপোষক ও পরিবর্দ্ধক। এ কারণ ভগবান গীতায় ১৬৷২৪ শ্লোকে, কুরুক্ষেত্র সমরে অজ্ব্নিকে হিংসাত্মক কর্মাচরণে ও শাস্ত্রের প্রমাণের অন্ববর্ত্ত্রী হইয়া চলিবার উপদেশ দিয়াছেন।

২৯। ভক্তি প্রবণ চিত্ত, ঈশ্বর বিশ্বাসী কেহ কেহ মনে করেন যে, মান্ত্র্য ঈশ্বরের হাতের খেলার পুতৃল মাত্র। তাঁহার উপর সমৃদায় নির্ভর করিয়া, নিশ্চেষ্ট হইয়া থাকাই তাহার উচিত। কিন্তু এ সিদ্ধান্ত আমাদের শান্ত্র-বিরোধী। সংসারে সমৃদায় কর্মে কর্তৃত্ববৃদ্ধি ও ভজ্জনিত অভিমান পুরামাত্রায় বর্ত্তমান থাকিবে, কেবল, একটু সময় গাধনায় নিয়োগ করার বেলায়, আমি তাঁহার হাতের পুতৃল মাত্র বলিয়া নিশ্চেষ্ট হইয়া থাকা—দারুণ আত্মপ্রবর্ত্তনা ভিন্ন অন্ত কিছু নহে। অবশুই ঈশ্বরের উপর নির্ভরতা খ্বই ভাল সন্দেহ নাই, কিন্তু ঈশ্বর-নির্ভরতা নিশ্চেষ্ট্রতা নহে। নিশ্চেষ্ট্রতা ও জড়তা সম-পর্য্যায় ভুক্ত। ইহা অন্ধ তমসাচ্ছন্নতার পরিচায়ক। ভগবান গীতায় ১৪ অধ্যারে গুণত্রয়-বিভাগ-যোগে ইহার আলোচনা করিয়াছেন। গীতায় ৮।৭ ক্লোকে ভগবান উপদেশছলে অর্জ্ঞ্ণকে বলিলেন:—

তস্মাৎ সর্কেষ্ কালেষ্ মামনুস্মর যুদ্ধ চ।। গী---৮।৭

অতএব তুমি সর্বাচল আমাকে চিন্তা কর। কিন্তু মনে রাখিও, তুমি রজোগুণ-প্রধান ক্ষত্রিয়। তোমার শুধু চিন্তাতে হইবে না, "যুদ্ধ চ"—তোমার স্বধর্ম পালন করিয়া যুদ্ধ কর। গী—৮।৭, অর্জুনের প্রতি যুদ্ধ করিবার উপদেশ। কিন্তু সকলেই যে তদন্মসারে অস্ত্র-শস্ত্রে সচ্জিত হইয়া মারণোমুখী হইবে, তাহা নহে। প্রত্যেকেই নিজ্ঞ নিজ স্বধর্ম অনুষ্ঠান করিবে। নিশ্চেই হইয়া থাকিবে না, ইহাই ভগবানের অভিপ্রায়। ইহা স্কুপ্রভাবে বুঝাইবার জন্ত, ভগবান বলিয়াছেন:—

তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর। অসক্তো হ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পুরুষ:।। গী—৩:১৯

কিরপভাবে কর্মাচরণ করিতে হইবে ? তাহার উত্তরে ভগবান বলিতেছেন। ফলকামনা শৃত্য হইয়া কর্ত্তব্য বোধে কর্ম আচরণ করিবে, তাহা হইলে উক্ত আচরণকারী নিঃশ্রেয়স প্রাপ্ত হয়।

৩০। অতএব সংসারে ফলাকাজ্জা শৃন্ত হইয়া "আমার অবশু করণীয়" এই বোধে কর্ম করিয়া যাইলে পরমপদ প্রাপ্তি ঘটে। নিশ্চেইতার প্রশ্রম শাস্ত্রে কোথাও নাই। জ্ঞানীগণের পক্ষে ভিন্ন কথা। কিন্তু জ্ঞানী বা ব্রহ্মজ্ঞানপ্রাপ্ত জ্ঞানী সংসারে কয়টা আছে? ভগবানের উপদেশ অনুসারে আমাদের ন্তায় সাধারণ সকলের কর্ত্বা বোধে, আসক্তিশূন্ত হইয়া কর্মাচরণ কর্ত্বা। এই উপদেশই অক্ষমতা সত্ত্বেও আমাকে এই আলোচনায় প্রবৃত্তিত করিয়াছে।

১৬) ভাগবভ সাহায্যে আলোচনার অন্যভন কারণ।

ত্য। ভাগবতের ভিত্তিতে ব্রহ্মস্ত্রালোচনার যে কারণ উপরে বিবৃত করা হইয়াছে, তাহা ছাড়া আরও একটি কারণ আছে। উহার পরিচয় দিতেছি। শাস্ত্র ভগবানকে "সচ্চিদানন্দ" স্বরূপ বলিয়া উক্তি করিয়াছেন। সং-চিং-আনন্দ এই তিনটি পৃথক্ পৃথক্ শব্দ লইয়া সচ্চিদানন্দ পদ গঠিত। উক্ত সং-চিং-আনন্দ তিনটি পৃথক্ পৃথক্ নামে কথিত হইলেও, উহারা পরম্পর পৃথক্ পৃথক্ বস্তু নহে। এক অয়য় বস্তুরই আমাদের বিশ্লেষাত্মিকা দৃষ্টি ভঙ্গীতে পৃথক-ভাবে বুঝিবার প্রয়াস মাত্র। এ তিনটি গুণ বা ধর্ম নহে। পরমতত্ত্বের স্বরূপ ভাষায় কথকিং প্রকাশ করিতে হইলে, উহাদের ব্যবহার ভিন্ন উপায় নাই বলিয়া, উপনিষদ্ ও ভদমুসারী অস্তান্ত শাস্ত্র, আমাদের বোধ সৌকর্যার্থে উহাদের ব্যবহার করিয়াছেন। পরমতত্ত্বের প্রপঞ্চণত প্রত্যেক বস্তুতে অনুপ্রবেশ হেতু (ছান্দোগ্য—৬।৩২), উক্ত তিন ভাব প্রত্যেক বস্তুতে অনুপ্রতেশ এবং ক্রের নিজ নিজ আকারে বর্ত্তমান থাকা "সং" ভাবের, উহার প্রকাশ এবং সেকারণ আমাদের প্রতীতি গোচর হওয়া "চিং" ভাবের এবং উহার প্রিয়্ম, "আনন্দ" ভাবের পরিচয় দান করে।

তং। এক খণ্ড কাষ্ঠ বা প্রস্তর গ্রহণ কর—উহা জড়, অচেতন, অন্ধ তমসাচ্ছন। কিন্তু প্রপঞ্চের সম্দায় বস্তর ভায়, উহার "সন্তা সামান্ত" আছে, ইহা বুঝাইতে হইবে না। কারণ উহা নিজের আকারে অবস্থান ও অপর বস্তর স্থানাবরোধকরপে উহার কোনও বিশেষ স্থানে বর্ত্তমানতা—এই সন্তা সামান্তের জন্ম। উহাতে "চিং" বা প্রকাশ ভাব থাকায়, উহা আমার এবং সেকারণ জগতের সম্পায় সচেতন জীবের জ্ঞানের বিষয় হইতে পারিয়াছে। উহার আনন্দভাব থাকা হেতু, আমি বা অন্ত কেহ, উহা প্রিয়র্রপে গ্রহণ করিয়া, উহা হইতে গৃহনির্মাণের উপকরণ ও সাজসজ্জা প্রস্তুত করিয়া আনন্দ লাভ করিতে পারি। এই দৃষ্টাস্ত সমভাবে অন্তান্ত সম্পায় বস্তুতে প্রযোজ্য, ইহা সহজে বুঝা যায়।

তও। ব্রহ্মস্ত্র—ব্রহ্মতন্ত নির্মপণ, ব্রহ্মতন্ত্রে জ্ঞান লাভের সাধন বা উপায় এবং সাধনের ফল-বিবৃত্তি হেতু, ব্রহ্মবিল্ঞা শিক্ষার অত্যুত্তম সহায়ক। ব্রহ্ম ও তাঁহার বিল্ঞা-অভেদ বলিয়া, ব্রহ্ম যেমন "সচ্চিদানন্দ" স্বরূপ, ব্রহ্মবিল্ঞাও তাই, সেকারণ ব্রহ্মবিল্ঞাও সচ্চিদানন্দ স্বরূপাত্মক। উহার সদ্ভাবাত্মক, সন্তা সামাল্ঞ বিচার-বিতর্কের বিষয় নহে। সংশয় হইলেই—বিচার বিতর্কের প্রয়োজন হইয়া থাকে। উহার "সন্তা সামাল্ঞ" সন্দেহ করিলে, সন্দেহকারীর সন্তা ও সন্দেহের বিষয় হইয়া পড়ে। তথন কেইবা সন্দেহ করে, কেইবা বিচার করে। এ কারণ উহার দার্শনিক আলোচনা সর্ব্বধা পরিত্যাজ্য। স্ক্রমং চিদ্ভাব ও আনন্দভাবই এই আলোচনার বিষয় হইয়া দাঁড়ায়।

ত্ত ভাষান শঙ্করাচার্য্য তাঁহার শারীরক ভাষ্যে, রন্ধের চিদ্ভাবের—
অন্ত কথায় জ্ঞানের প্রাধান্ত দিয়া আলোচনা করিয়াছেন। অন্তান্ত আচার্যগণ,
অল্পবিস্তর তাঁহারই অনুসরণ করিয়াছেন। কেবল শ্রীমদ্ বলদেব বিত্তাভূষণ
চিদ্ভাবের সহিত আনন্দভাবের সংমিশ্রণ করিলেও, মোটাম্টি বলিতে গেলে,
বলিতে হইবে, জ্ঞানের প্রাধান্ত তাঁহার "গোবিন্দভাষ্তে" ও বর্তমান। কেবল
শ্রীমদ্ভাগবত উহাদের সকলের হইতে পৃথক ভাবে, আনন্দের প্রাধান্ত দিয়া পরমতত্ত্ব ভগবানের স্বরূপের পরিচয় দিয়া, তিনি যে আমাদের কত আপনজন, প্রিয়
হইতেও প্রিয়তম, তাহা স্থমধুর ভাষায় স্থল্পইভাবে ব্রাইয়াছেন। ভাগবত উহা
শ্রুতির ভিত্তিতেই করিয়াছেন, বলা বাহল্য। তৈত্তিরীয় শ্রুতির "রুনো-বৈ-সং"
মন্ত্রাংশ, মন্তরূপে নিবন্ধ না রাথিয়া, রসকদম্বর্দ্তি, সৌন্দর্য্য-সৌকুমার্য্য
প্রভৃতির পরাকান্তার্মণ বিগ্রহ প্রতিন্তা করিয়াছেন এবং মানবদেহধারী আপামর
সাধারণ জীবগণের পরমশ্রেয়ঃ প্রাপ্তির উপায়ম্বরূপ উক্তরস স্বরূপ বিগ্রহের নিজ
নিজ অধিকার অনুসারে রসাম্বাদনের জন্ম আবাহন জানাইয়াছেন। ভাগবত—
"নিগম কল্পতরোর্গলিতং ফলম্" (ভাগ ১।১।৩)—বেদরূপ কল্পরুক্ষ হইতে
স্বতঃপতিত, অমৃতরসপূর্ণ স্থপক ফল। উহার কণামান্ত রস্বেসবনে, আনন্দের

অমৃতধারার হৃদয়মন প্লাবিত হয়। আমরা জানি যে, বৃক্ষের অন্তরে প্রবহমান রসমোতের সারাংশের কেন্দ্রীভূত অভিব্যক্তি তাহার ফল ও ফলের রস। একারণ ভাগবত সম্দায় বেদের যাহা সার, তাহার কেন্দ্রীভূত অভিব্যক্তি। স্থতরাং উহা হইতে আনন্দধারা বহিবে তাহার কথা কি ?

৩৫। আমরা প্রত্যক্ষ দেখিতে পাই যে, বিশুদ্ধ স্থবর্ণে অলম্বার প্রস্তুত হয় না। উহার সহিত কোনও ইতর ধাতুর সংমিশ্রণ প্রয়োজন। ভাগবতকার এই দ্টান্তের অনুসরণ করিয়া, বিশুদ্ধ আনন্দের সহিত স্থনিপুণভাবে, পরিমাণ মত জ্ঞানের সংমিশ্রণ করিয়াছেন। জ্ঞানের সঙ্গে সঙ্গে উহার সহিত পরম্পর ঘনিষ্ঠ উপায়-উপেয় সম্বন্ধযুক্ত ভক্তিও আসিয়া সংমিশ্রণে যোগ দেওয়ায়, এমন স্থলর নমনীয় অথচ ত্রিকাল স্থায়ী দৃঢ় মশলা প্রস্তুত হইয়াছে যে, ভাগবতকার উহা দিয়া, তাঁহার মহত্দেশ্য—"তাপত্রয়োন্মলনম্"—(ভাগ ১৷১৷২) সাধনের জন্ত আনন্দসৌধ নির্মাণ করিয়া, ত্রিতাপদগ্ধ জীবের দহন জালা প্রশমনের ও শাশ্বত বিশ্রাম লাভের ব্যবস্থা করিয়াছেন। শুধু বিশ্রামসৌধনির্মাণ করিয়াই তিনি ক্ষান্ত হন নাই। যে আনন্দের কণা পাইয়া বিশ্ব ও তদন্তর্গত যত কিছু আনন্দে আত্মহারা, যে আনন্দের অতি ক্ষীণ ছায়া আমরা মুক্ত আকাশের নিবিড় নীলিমায়, উষার রক্তিম রাগে, তরুণ অরুণের স্নিগ্ধ, কোমল জ্যোতি:তে, সান্ধ্য গগনের বর্ণবিক্তাসে, শারদ পূর্ণিমার পূর্ণ শশধরে, ফুল্ল কমলের অমল হাসিতে ও সৌরভ বিতরণে, মলয় পবনের শিহরণ-জাগরণে, বিহঙ্গের মধুর কাকলীতে, নীরব নিশীথে নিপুণ বাদকের দূর বাঁশীর পানে, মায়ের স্নেহে, সভীর প্রেমে, ভন্নীর ভালবাসায়, সন্তান-বাৎসলো দেখিতে পাই, সেই আনন্দের ফোয়ারা ছটাইয়া প্লাবন স্বষ্টি করিয়াছেন। যিনি উক্ত প্লাবনের তীরে বসিয়া, নিগম কল-তরুর স্থপক ফলের কণামাত্র রসাস্বাদন করিবার সোভাগ্য লাভ করিয়াছেন, তিনি ইহা প্রাণে প্রাণে অমুভব করিবেন।

৩৬। মামি ভাগবতের পদান্ত্সরণে ব্রহ্মস্ত্রালোচনার প্রয়াস পাইয়াছি
বটে, কিন্তু আমি ত বলিয়াছি যে আমি সর্ব্যতোভাবে অতি দরিদ্র। ভাবুক ব্যক্তি
যে ভাগবত পাঠ করিয়া আত্মহারা হন, যে ভাগবতের একটি মাত্র শ্লোকার্ত্ত
পাঠ ভনিতে না ভনিতে ভগবান শ্রীকৃষ্ণচৈতন্ত মহাপ্রভূ—বাহ্মজান শ্লু হইয়া
পড়িতেন এবং দরবিগলিত ভাব ও আনন্দাশ্রুধারায় বক্ষঃ, পরিধেয়, বিসবার
আসন ও ধরাতল ভাগিয়া যাইত, সেই ভাগবত আলোচনা করিয়া ত পাষাণ
ক্রদয় গলিল না, ভক্তি দেবীর দয়া হইল না, ভাবের উ্দয় হইল না, নয়নে
অশ্রুবিন্দু দেখা দিল না, শরীরে রোমাঞ্চ শিহরণ জাগিল না। সবই আমার

হুরদৃষ্ট ও অন্তভ কর্মরাশির ফল। তবে তাহাতে হৃ:থ করিয়া কোনও ফল নাই।
মনে দৃঢ় বিশ্বাস ও বিশ্বাস জনিত সান্তনা আছে যে, দ্রব্যগুল অপ্রকাশ থাকিবে
না। কালে প্রকাশ পাইবেই পাইবে। না জানিয়া বিষ থাইলে বিষ কি তাহার
কাজ করে না? উগ্রবীর্য্য, তিক্ত ঔষধ অভি অনিচ্ছায় গলাধঃকরণ করিলে, কি
তাহার গুণে রোগ প্রশমিত হয় না? অতি স্থান্ধ গোলাপ ফুল হাতে লইয়া
ঘাটাঘাটি করিলে, হাতে কি তাহার স্থান্ধ আমোদিত করে না? বুঝি বা
না বুঝি, পাষাণ হৃদয় গলিত হউক্ বা না হউক্, ভাগবত লইয়া নাড়াচাড়া
করিলে বস্তগুণ নিশ্চয়ই প্রকাশ পাইবে। ভাগবত ত ভগবানেরই মৃত্তি-শাস্ত্ররূপে
প্রকটিত। ভাগবত লইয়া সময়ক্ষেপ করা—ভগবানের প্রসঙ্গ লইয়া থাকা—।
বিশেষতঃ ভগবানেরই নিজের উক্তি—"ন হি কল্যাণকৃৎ কশ্চিদ্ হুর্গতিঃ তাত
গচ্ছতি"। গীতা: ৬।৪০।

৩৭। অনেক সময়ে প্রত্যক্ষতঃ এমন দেখা যায় যে, এক ব্যক্তি গীতি শাস্ত্রে সম্পূর্ণ অজ্ঞ। গানের তাল, মান, স্থর, লয়, মৃচ্ছ না, রাগ, রাগিণী প্রভৃতি বিষয়ে কিছুমাত্র জ্ঞান নাই, কণ্ঠস্বরও অতিশয় কর্কশ, রাগভ বিনিন্দিত, গান গাহিবার কিছুমাত্র উপযোগী নহে, তথাপি তাঁহার মনে ক্থনও কোনও কারণে আনন্দের আতিশ্যা হইলে, তিনি চেষ্টা করিয়াও, চাপিয়া রাখিতে না পারিয়া গৰ্দভ রাগে তান ধরিয়া থাকেন। আমারও দেই প্রকার। হৃদয়ের আলোড়ন চাপিয়া রাখিতে অসমর্থ হইয়া, লজ্জাসরম বিদর্জন দিয়া, গর্দভ কণ্ঠে আমার চিৎকার এই আলোচনা অভিব্যক্ত করিয়াছে। গৰ্দ্ধভ রাগে চিৎকার, জীববিশেষের আনন্দের অভিব্যক্তি ত বটে। সে কারণ উহা যতই কর্কশ, যতই শ্রুতিকঠোর হউক না কেন, যতই ব্যাকরণ-অলম্বার-স্থায়শাল্পের মর্য্যাদা লঙ্বন করুক না কেন-স্চিদানন্দ স্বরূপের শ্রীচরণগলিত আনন্দ প্রস্রুবণের অতি ক্ষীণ ধারার কণামাত্রও উহাতে বর্ত্তমান আছে। সচ্চিদানন্দের চরণ গলিত ধারাই ত মর্ভো "গোমুখীর মুখ হইতে ঝরা পূত বারিধারা"। কবি উক্তধারা "স্বস্থনে" ঝরে বলিয়া উল্লেখ করিলেও, উহা কি সভাসতাই তন্ত্রী-লয়-সমন্বিত মধুর বীণা নিক্তনের ন্যায় ঝরিতে থাকে? উহাকি কান ফাটান শব্দে প্রবৃত হইতে প্রবৃতে লাফাইয়া পড়ে না ? কোনও কবি—উহাকে নৃত্যশীলা বালিকার চঞ্চল-আনন্দ-নর্ত্তনছন্দে গতিশীলা বলিয়া উল্লেখ করিলেও উহা ক মূলা প্রকৃতির উন্মাদ তাণ্ডব-নর্তনের চিত্র মনে জাগায় না? অন্তথা দেবাদিদেব মহারুদ্রকে বিচলিত করিবার স্পদ্ধী উহাতে কোথা হইতে আসিল? মহাহন্তী এবাবতকে ওলটপালটে হাবুডুবু খাওয়াইয়া ভাসাইয়া লইয়া যাইবার শক্তি কোথা হইতে পাইল! সর্বাণজিমান ভগবানের চরণ সংস্পর্ণ হেতু-ঐ স্পদ্ধা ঐ শক্তি, ইহা স্ক্রম্পষ্ট নহে কি । আমার গদ্ধভরাগও সেই ভগবচ্চরণ সংস্পর্ণে শক্তিমান ত বটে। স্থভরাং ইহাতে আমার কৃষ্ঠিত হইলে চলিবে কেন ?

তদ। জ্যোতিঃ পদার্থের সাধারণ ধর্ম এই যে ইহার প্রতি জ্যোতিঃকণা বহিম্খীন। সেই জ্যোতিঃ কণার কোনও একটিকে অবলম্বন করিয়া প্রতি লোম ক্রমে অন্তর্মর হইলে পরিণামে সেই জ্যোতিঃর উৎস পদার্থ-প্রাপ্তি ঘটে। আমার আলোচনা যত দোষে দোষী হউক্ না কেন—ইহা আনন্দ স্থরূপের আনন্দ জ্যোতিঃর বহিম্খীন অভিব্যক্তি। মৃত্তক ও বৃহদারণ্যক শ্রুতিতে তিনিই "জ্যোতিষাং জ্যোতিঃ" বলিয়া উক্ত হইয়াছেন। (মৃত্তক হাহাছ, বৃহঃ ৪।৪।১৬)। স্কুরাং যদি কেহ উহা ধরিয়া অন্তর্ম্থে অগ্রসর হন, তিনি যে "জ্যোতিবাং জ্যোতিঃ" অন্ত কথায় আনন্দ স্বরূপের চরণপ্রান্তে উপস্থিত হইয়া, শাশ্বত বিশ্রাম প্রাপ্ত হইবেন, তাহাতে সন্দেহ মাত্র নাই।

১৭) উপসংহার।

- ০৯। ব্রহ্মপ্ত শ্রীমদ্ভাগবতের পাণ্ড্লিপি লেখা বাং ১৩৪০ সালে, ইংরাজী ১৯০০ সনে শেষ হইয়াছিল। আজ ১৩৬০ সালের অগ্রহায়ণ মাস। এই দীর্ঘ ২০ বৎসর ইহা মৃদ্রিত ও প্রকাশিত হয় নাই। আমি এখন অশীতিপর বৃদ্ধ। ইন্দ্রিয় বিকল। কর্মশক্তি লুপ্ত প্রায়। এ বয়সে এত বৃহৎ পুস্তক আমার হারা মৃদ্রণ ও প্রচার সম্ভব নহে। আমার কানফাটান গর্দ্ধভ রাগ আমিই শুনিতে থাকি, তাহাতে আমার হঃখ নাই—উহা আমাকে আনন্দ দান করে। ভবিয়তে কখনও আমার কোনও উত্তর পুক্ষ তাহার পূর্বপুক্ষের বহু পরিশ্রম ও চিন্তার ফলস্বরূপ, এই আলোচনা, সংরক্ষণ করিবার ইচ্ছায় কখনও ইহা মৃদ্রিত ও প্রকাশিত করিতে পারে।
- ৪০। উপসংহারে ৺পিতৃদেবের, ৺শীগুরুর, ৺ইষ্টদেবের, ৺স্ত্রকারের ও তাঁহার ভাশ্যকারগণের চরণে, আমার জাতি-বংশ-শিক্ষা উপাধি প্রভৃতি সম্ভূত অভিমানক্ষীত মস্তক ধ্ল্যবল্ঠনে প্রণাম করিয়া, আমার ভাল মন্দ সম্দায় অর্পন করিলাম।

নাস্থা ধর্মেন বস্থনিচয়ে, ন চ কামোপভোগে, যদ্ ভাবাং তদ্ ভবতু ভগবন্ পূর্ববকর্মানুরূপম্। এতং প্রার্থ্যং মম বহুমতং জন্ম জন্মান্তরেইপি। হং পাদাস্ভোরুহযুগগতা নিশ্চলা ভক্তিরপ্ত। কিয়ে মানুষ পশুপখীমে জনমিয়ে, অথবা কীট-পতক্ষে।
করম বিপাকে গতাগতি পুনঃ পুনঃ রতিরহুতুয়াপরসক্ষে ।
বিভাপতি।

স্বকর্মফলনির্দিষ্টং যাং যাং যোনিং ব্রজাম্যহম্।
তন্ত্রাং তন্ত্রাং ক্রমীকেশ ভূয়ি ভক্তিদূ ঢ়াল্তমে।
পাগুবগীতা।

alevan Da mon -

জয়নগর

২৮ অগ্রহায়ণ, শনিবার, ১৩৬০। ১২ ডিসেম্বর, ১৯৫৩।



ব্রহ্মসূত্র ও শ্রীমদ্ভাগবত। বা শ্রীমদ্ভাগবত সাহায্যে ব্রহ্মসূত্রালোচনা।

প্রথম শশু

প্রথম অধ্যায়। প্রথম পাদ।

আলোচক: - প্রীরামপদ চটোপাধ্যায়, বেদান্ত বিভার্ণব।

ব্ৰহ্মসূত্ৰ ও শ্ৰীমদ্ভাগবড

বা

শ্রীমদ্ভাগবভ সাহায্যে বেদান্ত আলোচনা।
ওঁ নমো ভগবতে বাস্তুদেবায়। ওঁ নমো গুরুবে।

ব্ৰহ্মসূত্ৰ বা বেদান্তদৰ্শন

প্রধন্ন অধ্যায়ের প্রতিপাত্য:-সমন্তর।

সম্দায় বেদাস্ত বাক্যের তাৎপর্যা কি, তাহা প্রথম অধ্যায়ে প্রতিপাদিত হইয়াছে। ভাগবতে ইহা স্পষ্টতঃ বলা হইয়াছে—

> "বেদা ব্রহ্মাত্মবিষয়ান্ত্রিকাণ্ডবিষয়া ইমে। পরোক্ষবাদা ঋষয়ঃ পরোক্ষঞ্চ মম প্রিয়ম্॥" ১১।২১।৩৫

"কিং বিধত্তে কিমাচন্টে কিমন্ত বিকল্পয়েং। ইত্যাস্থাহানয়ং লোকে নাতো মদেন কশ্চনঃ॥" ১১।২১।৪০...

"মাং বিধন্তেহভিধত্তে মাং বিকল্প্যাপোহ্নতে ত্বহম্ ॥" ১১/২১/৪১

"এতাবান্ সর্ববেদার্থঃ শব্দঃ আস্থায় মাং ভিদাম্। মায়ামাত্রমন্তান্তে প্রতিষিধ্য প্রসীদতি॥ ১১।২১।৪২

প্রথম অধ্যায়ের চারিটি পাদ—

প্রথম পাদে—পাই ব্রহ্মলিপযুক্ত বাক্যবিচার।

বিত্তীয় পাদে—অপাই উপাশু ব্রহ্মবোধক বাক্য বিচার।

তৃতীয় পাদে—জ্বের ব্রহ্মবোধক অপাই বাক্য বিচার।

চতুর্থ পাদে—অব্যক্ত, অজা প্রভৃতি সন্দিশ্ধ পদবিচার।

বৈয়াসিক-স্থায়মালা। ৫।

ওঁ নমো ভগবতে বাহ্নদেবায়। ওঁ নমো ওরবে

ৰক্ষসূত্ৰ ও শ্ৰীমদ্ভাগবভ

বা

সার্ব্বজনীন স্থপসাধ্য সাধন-শান্তরপে শ্রীমদ্ভাগবভ সাহায্যে ব্রহ্মসূত্রালোচনা

প্রথম অধিকরণ। প্রথম সূত্র।

- ১। জিজাসাধিকরণ।
- ১) ভিভি:

ভিত্তি:—(১) ধো বৈ ভূমা তৎ স্থম্ নাল্লে স্থমস্তি। ভূমৈব স্থম্।
ভূমাত্বেব বিজিজ্ঞাসিতব্য। ছান্দোগ্য ৭।২৩।১

— ভূমাই স্থ্য, অল্লে স্থ্য নাই, ভূমাই স্থ্য, অতএব ভূমাকে জানা উচিত।

ছা: ৭।২৩।১

- (২) আত্মা বা অরে দুগুরা: শ্রোতব্যা মন্তব্যো নিদিধ্যাসিতব্যো
 মৈত্রেয়াত্মনো বা অরে দুর্শনেন শ্রবণেন মত্যা বিজ্ঞানেনেদং
 সর্বাং বি'দিতম্। বৃহদারণাক ২।৪।৫
 অয়ি মৈত্রেয়ি! আত্মাই দুষ্ট্রবা, শ্রোতব্য, অবিচ্ছিন্ন তৈলধারার
 ভায় ধ্যানের যোগ্য। আত্মার দুর্শনে, শ্রবণে, মননে ও ধ্যানের
 দ্বারা লব্ধ অপরোক্ষ জ্ঞানে, পরিদৃশ্যমান জগৎ ও তদন্তর্গত
 যত কিছু জানা হইয়া যায়। বৃহ: ২।৪।৫
- (৩) প্রীক্ষ্য লোকান্ কর্ম চিতান্ ব্রান্ধণো নির্বেদমায়ারাস্ত্যকৃতঃ কৃতেন। তদ বিজ্ঞানার্থং দ গুরুমেবাভিগচ্ছেৎ সমিৎপানিঃ শ্রোতিয়ং ব্রন্ধনিষ্ঠম্॥
- (৪) তব্মৈ স বিশ্বান্ উপসন্নায় সমাক্, প্রশাস্তচিত্তায় শমাশ্বিতায়।

 যেনাক্ষরং পুরুষং বেদ সত্যং, প্রোবাচ তাং তত্ততো ব্রহ্মবিভাম্।

 মুণ্ডক ১া২।১২—১৩

— ব্রাহ্মণ কর্মার্জিত লোকসকল পরীক্ষা করিয়া, পরীক্ষা ছারা অনিত্য, অসার বলিয়া অবধারণ পূর্বক, জগতে অকৃত (নিত্য) কোনও বস্তু নাই, এবং কৃত বা অনিতা বস্তুতে আমার কোনও প্রয়োজন নাই (অথবা উৎপান্ত-সংকার্য্য- বিকার্য্য-আপ্য এই চতুর্বিধ কর্ম দ্বারা লভ্য, যাহা কিছু, সম্দায় অনিত্য, স্ন্তরাং কর্ম দ্বারা নিত্য বস্তু লাভ হয় না) বুঝিয়া বৈরাগ্যবান হইবার পর, গুরু সেবায়, প্রয়োজন হইলে সর্ববিধ, এমন কি নীচ কর্ম করিতে প্রস্তুত—কার্য্যতঃ ইহা জ্ঞানাইবার অভিপ্রায়ে, হস্তে সমিধ্ভার গ্রহণ করিয়া (অর্থাৎ জাত্যাভিমান, বংশাভিমান, শিক্ষাভিমান, ধনাভিমান প্রভৃতি সকল প্রকার অভিমান পরিত্যাগ করতঃ) প্রকৃত সত্য ব্রহ্মবিজ্ঞানের উদ্দেশ্যে, শ্রোত্রিয় (সমগ্র শ্রুতিপাঠ ও অর্থবোধ সম্পন্ন) ব্রহ্মনিষ্ঠ গুরুকে সর্ব্বতোভাবে আশ্রয় করিবেন । মৃণ্ডক সংঘাহর । দেই ব্রহ্মজ্ঞ গুরু সমীপাগত, শান্ধান্মশীলনে দন্তাদিদোধ রহিত, বাহ্যন্তিয় সংযমনশীল সেই ব্রাহ্মণকে শিল্পরূপে গ্রহণ করিয়া, যে বিত্যা দ্বারা অক্ষরং অন্দ্রেশং প্রভৃতি বিশেষণ দ্বারা লক্ষিত, পরিপূর্ণ স্বরূপ, প্রত্যেকের হৃদয়পুরে অবস্থিত পরমতত্বের উপদেশ যথাযথভাবে প্রদান করিবেন, যাহাতে উক্ত ব্রাহ্মণ উপদিষ্ট উক্ত তত্ত্বের ধারণা করিতে পারেন। মৃণ্ডক সংযাত

(৫) জ্ঞাত্বা দেবং সর্ব্ব পাশাপহানি: ক্ষীণৈ: ক্লেশৈর্জনামৃত্যু প্রহাণি:।
তন্ত্রাভিধ্যানাতৃতীয়ং দেহভেদে বিশৈশ্বর্ধ্যং কেবল আপ্তকামঃ।

খেতা: ১।১১

—দেই দেব (দ্যোতনশীল অর্থাৎ জ্ঞান স্বরূপ) পরমাত্মাকে জ্ঞানিলে, জ্ঞান সাধকের সমস্ত বন্ধন-পাশ অর্থাৎ বন্ধনের হেতৃভূত অবিভাদি দোষ ক্ষয়-প্রাপ্ত হয়। অবিভাজনিত ক্লেশ ক্ষয় প্রাপ্ত হইলে, জন্ম এবং মৃত্যুও নিবৃত্ত হয়। জন্ম-মৃত্যু প্রবাহে উন্মুক্তন ও নিম্ভ্জন চিরতরে বিলোপ প্রাপ্ত হয়। দেই দেবের অভিধ্যান বা অনুচিন্তনের দ্বারা, সর্বপ্রকার ঐর্থ্যময় তৃতীয় ভাগবত পদ লাভ হয় এবং আপ্রকাম হইয়া, দেহত্যাগে কৈবল্য লাভ করিয়া থাকে। শ্বেতা ১১১১

- (৬) তদা বিদ্বান পুণাপাপে বিধ্য নিরঞ্জনঃ পরমং সাম্যমূপৈতি ॥ মৃত ৩।১।৩

 —তথন ব্রহ্মবিভাপ্রাপ্ত পুরুষ পুণ্য-পাপ পরিত্যাগ করিয়া, নির্মল হয়তঃ
 নির্বিশ্য ব্রহ্মসাম্য লাভ করেন। মৃত্তক ৩।১।৩
 - (१) ব্রহ্ম বেদ ব্রক্ষৈব ভবতি। মৃত্তক তাহাক
 —ব্রহ্মজ্ঞ ব্যক্তি ব্রহ্মই হইয়া যান। মৃত্তক তাহাক
 - ২) সংশয়।

২। সংশয়। ছান্দোগ্য শ্রুতির ৭।১৩।১ ও বৃহদারণ্যক শ্রুতির ২।৪।৫ মন্ত্র স্কুপ্টে উপদেশ দিভেছেন, ভ্যাকে জানা উচিত। আত্মাই দ্রুটবা, শ্রোতব্য, মস্তব্য ও নিদিধ্যাসিতব্য (অবিচ্ছিন্ন ভাবে ধ্যেয়)। উক্ত শ্রুতিমন্ত্র ঘৃটি একসঙ্গে পাঠ করিলে বুঝা যায় যে, ভ্যা যে বস্তু, আত্মাও সেই বস্তু। উভয়েই আমাদের পরিদ্খ্যমান বস্তজাতের-অন্তর্ভুক্ত নহে। কিন্তু জানা উচিত, শোনা উচিত, মনন করা উচিত, অবিচ্ছিন্ন ভাবে ধ্যান করা উচিত বলায় মনে হয় যে, শ্রুতির উপদেশ সর্ব্ব-সাধারণ মানবের পক্ষে নিরন্ধুশ ভাবে প্রযোজ্য। ইহা কি সন্তব ? যদি তাহা হয়, তাহা হইলে, যে সকল মানব দেহধারী জীব, অতি নিম্নস্তরে অবস্থিত, সন্তবতঃ ক্রমবিবর্তনের অমোঘ নিয়ম বলে, ইতর প্রাণী হইতে সবে মাত্র মানব দেহ প্রাপ্ত হইয়াছে, এখনও প্রায় পশুর ন্যায় জীবন যাপন করিয়া থাকে, অসভা, উলস্ক, সভ্যতার ও শিক্ষার আলোক কিছুমাত্র পায় নাই, তাহাদিগের সম্বন্ধে উক্ত উপদেশের সার্থকতা কি ? অথবা উপদেশ পালনের জন্য অধিকারী ভেদ বর্তমান আছে ?

দিতীয়তঃ, আমরা প্রত্যক্ষ দেখিতে পাই যে, বিনা উদ্দেশ্যে কেই কোনও কাজে প্রাবৃত্ত হয় না। ভূগা, আত্মা বা ব্রহ্মকে দর্শন, শ্রবণ, মনন ও অবিচ্ছিন্ন ধ্যান—সমুদায় ক্রিয়া লাপেক্ষ ত বটে। এরপ করিবার উদ্দেশ্যই বা কি ?

৩) সূত্র।

৩। এই সংশয় অপনোদনের জন্ম স্থ্রকার স্থ্র করিলেন :—
ভাথাতে বিদ্যালিক্তাসা। ১৷১৷১
অথ + অতঃ + ব্রহ্ম + জিজ্ঞাসা।

উক্ত স্থ্রটি, তরিমে প্রদর্শিত চারিটি পদে গঠিত। উক্ত চারিটি পদের প্রত্যেকটির পৃথক্ পৃথক্ ভাবে অর্থের অন্থধাবন করিলে সংশয় তিরোহিত হইবে।

8) তাথ।

- ৪। অথ পদের ত্ইটি অর্থ প্রসিদ্ধ—(১) মঙ্গলাচরণ স্ট্রক ও (২) অনন্তর। স্বেত্ব "অথ" পদ উক্ত উভয় অর্থে ব্যবহার করা ভগবান স্বেকারের অভিপ্রায়। যদিও "ব্রহ্মস্ত্র" গ্রন্থের, উপক্রমে, উপসংহারে, প্রত্যেক অধ্যায়ে, প্রত্যেক পাদে, পরম মঙ্গলময়, মঙ্গল স্বরূপ, পরম ব্রহ্ম আলোচিত হইয়াছেন। তথাপি গ্রন্থের প্রারম্ভে মঙ্গলাচরণ শিষ্টাচার সঙ্গত বলিয়া লোক দৃষ্টিতে প্রয়োজনীয় বিষয়ে, "অথ" পদের প্রয়োগে উক্ত প্রয়োজন সাধন করা হইয়াছে।
- ৫। উহা ছাড়া উক্ত পদের "অনস্তর" অর্থ গ্রহণও অতি প্রয়োজনীয়। 'অনস্তর" বলিলে, কাহার অনস্তর-ইহা জানিবার আকাজ্জার উদয় হয়। শিরোদেশে উদ্ধৃত মুগুক শ্রুতির ১/২/১২ মন্ত্রের প্রথমার্দ্ধে এই আকাজ্জার নিবৃত্তি সাধিত হইরাছে। উহা স্পষ্টই বলিয়াছেন যে, কর্ম্মলভ্য লোকসকল—মধা ম্বর্গাদি

স্থা ভোগের স্থান হইলেও—শাস্ত্র ও অভিজ্ঞ ব্যক্তিগণের উপদেশে পরীক্ষা করিলে, উহারা নশ্বর, অনিত্য প্রতিপন্ন হয় এবং অনিত্য কিছুর দ্বারা নিত্য বস্তুর লাভ সম্ভব নয়, এই জ্ঞান জন্মে। দৃঢ়ভাবে ইহার প্রতীতি হইলে উক্ত পরীক্ষক ব্রাহ্মণের নির্কেদ বা বৈরাগ্য জন্মে। বৈরাগ্য জন্মিবার পর ব্রহ্ম জিজ্ঞাসার বা ব্রহ্মবিভালাভের প্রবৃত্তি দেখা দেয়। কারণ তথন মনে স্পষ্ট ভাবে না হউক্, অস্পষ্ট ছায়ার ন্যায় জ্ঞান জন্মে যে ব্রহ্মই এবং সে কারণ তাঁহা হইতে অভিন্ন ব্রহ্মবিভাই একমাত্র নিত্য ও শার্থত বস্তু। স্থভরাং শ্রুতির উপদেশ সার্ব্বজনীন হইলেও, উহা নির্ভ্বশভাবে প্রযোজ্য নহে।

৬। মৃওক শ্রুতির আলোচ্য ১।২।১২ মত্ত্রে প্রথমার্দ্ধে "ব্রাহ্মণঃ" পদ ব্যবস্থৃত হইয়াছে। ইহাতে আপত্তি উত্থাপিত হইতে পারে যে, যথন দ্বিজাতিমাত্তেরই অর্থাৎ ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য এ তিন বর্ণের পুরুষগণের বেদে অধিকার আছে, তথন শ্রুতি কেবলমাত্র "ব্রাহ্মণ" পদ ব্যবহার করিলেন কেন? ক্ষত্রিয় ও বৈশ্যগণকে বাদ দিবার কি অভিপ্রায় ? এই প্রকার আপত্তির সম্ভাবনা অনুমান করিয়া ভাষ্যকার ভগবান শঙ্করাচার্ঘ্য-"ব্রাহ্মণ" পদ ব্যবহারের ভাৎপর্ঘ্য ব্যাখ্যায় বলিতেছেন:-- "ব্রাহ্মণ: ব্রাহ্মণশৈচব বিশেষতোহধিকার: সর্বভ্যাণেন ব্রহ্ম বিভায়ামিতি ব্রাহ্মণ গ্রহণম্"—শ্রুতিতে ব্রাহ্মণপদ ব্যবহারের তাৎপর্য্য এই যে, "ব্রাহ্মণ" জাতিগত ভিখারী সর্বস্বত্যাগ করিয়া, তিনি ব্রদ্ধবিতালাভে তৎপর হইতে পারেন। ক্ষতিয় রাজাপালন, তুল্টের দমন, শিষ্টের পালন, সম্দায় প্রজার যথাযোগ্য মর্য্যাদা ও ধনপ্রাণ রক্ষা প্রভৃতি ব্যাবহারিক হিতকর কার্য্যে নিযুক্ত ও তৎপর না হইলে, সমাজে বিশৃঙ্গলতা ঘটিবার আশঙ্কা ও পরিণামে সমাজ ধ্বংসের সম্ভাবনা হইয়া থাকে। বৈশুধন উপার্জনে তৎপর না হইলে, ক্তিয়ের রাজ্যরকা, প্রজা গালন, তাহাদের মর্যাদা-ধন-প্রাণ রক্ষা, জনসাধারণের উপদেষ্টাগণকে বৃত্তিদান প্রভৃতি তৃষ্ণর, এমনকি অসম্ভব হইবার আশঙ্কা আপতিত হয়। উক্ত উভয় বর্ণে ব্রহ্মবিছা লাভের উপযুক্ত ব্যক্তি থাকিলেও, তাঁহারা বান্ধণের ভাষ় সর্বত্যাগী হইয়া বন্ধবিভাষ তংপর হইয়া থাকা, সমাজের পক্ষে মঙ্গলকর নয় বলিয়া, শ্রুতি বিশেষ করিয়া ত্রান্ধণের উক্তি করিয়াছেন। ত্রান্ধণ লেকেশিক্ষক—সর্বস্ব ত্যাগ করিয়া লোকশিক্ষাদান তাঁহার ধর্ম। ভিথারীর দর্বিত্যাগে সমাজের কভি নাই। বিশেষতঃ ব্রহ্ম বিভালাভের প্র, উহার শিক্ষা সমাজস্থ উপযুক্ত অধিকারীগণের মধ্যে বিতরণ স্থকর হয়। হেতু চরিত্রগৌরবও সর্বদেমকে আত উচ্চ ও পবিত্র আদর্শ প্রকটিত করে। উহা সমগ্র সমাজের নৈতিক আদর্শের মান উন্নয়নের কারণ হয়।

পূর্বপক্ষের প্রথম আপত্তি ও তাহার সমাধান।

৭। পূর্বপক্ষ বলিতেছেন :—শান্তে ত্রান্ধণ-ক্ষত্রিয়-বৈশ্য এই জিন বর্ণের উপযুক্ত অধিকারীর ব্রন্ধবিতা লাভে অধিকার আছে, বলিলে, অথচ তুমি ভোমার বর্জমান আলোচনার নাম দিয়াছ—"সার্বজনীন স্থ্যসাধ্য সাধন-শান্ত রূপে"— এই আলোচনা—স্কুতরাং এই আলোচনাগুলিতে এবং তদনুসারে-বিচার বিত্তক করিতে শূদ্রও এমনকি বিধর্মীগণেরও অধিকার আছে। স্কুতরাং ভোমার আলোচনা কি শান্তবিরোধী হইল না ?

ইহার উত্তরে সিদ্ধান্তবাদী বলিতেছেন :—তোমার আপত্তি শুনিয়া বড়ই আনন্দিত হইলাম। তুমি যে মনোযোগ দিয়া আলোচনা শুনিতেছ-তাহাতে সন্দেহ নাই। এখন আমার বক্তব্য অবধান কর।

শান্তে শ্রগণের এবং সে কারণ অন্ত ধর্মের লোকগণের বেদাধায়ন ও ব্রহ্মবিভালাভের প্রয়াসের বিরুদ্ধে নিষেধবাণী আছে বটে, তাহা তৎকালোপযোগী ছিল, ইতিহাস তাহার সাক্ষ্য দেয়। সে সময় শ্রুগণ অতিশয় নিম স্তরের ছিল—দেহ মাত্র মানুষের মত ছিল, কিন্তু মানসিক শক্তির বিকাশ কিছুমাত্র ছিল না ও নীতিজ্ঞান অতিশয় ক্ষীণ ছিল। আজিও অষ্ট্রেলিয়ার আদিম অধিবাসী, পাপুয়া বাসীগণের ও আরও অনেক অসভ্য মানব জাতির মধ্যে, ইহার নিদর্শন দেখিতে পাওয়া যায়। বেদের বা বেদান্তের ক্ষা বিষয় তাহাদের বুদ্ধির অগম্য। বেদান্তে উপদিষ্ট ব্রহ্মবিভা লাভ তাহাদের অসম্ভব ছিল। তথন খৃষ্ট বা মুসলমান ধর্মের অভ্যুদয় হয় নাই।

পরে কাল বিপ্লবে, নিমন্তরের শ্রুনামধারী মানবগণ, আর্যা ঋষি, তাঁহাদের লিয়-প্রশিষ্য, ক্ষত্রিয়, বৈশ্ব প্রভৃতির সংস্পর্শে আসিয়া, তাঁহাদের আচরণ, ক্রিয়া কলাপ দেখিতে দেখিতে ক্রমশঃ বৃদ্ধির বিকাশ ও জ্ঞানের উন্নেম লাভ করিতে থাকে। যখন তাহারা উপযোগী বলিয়া বিবেচিত হইল, তখন সকলের প্রতি সমদর্শী ঋষিগণ, তাহাদের পারমার্থিক কল্যাণের জন্ম ব্রদ্ধিতার উপদেশ পুরাণ, মহাভারত, গীতা, চণ্ডী, রামায়ণ প্রভৃতির মাধ্যমে অকুন্তিত ভাবে বিতরণ করিলেন। ইহা খৃষ্ট জন্মের বহু পূর্বের সংঘটিত হইয়াছিল। যদি ইতিহাস আলোচনা কর, ইহা স্পষ্ট বৃষিতে পারিবে। তারণার বৌকধর্মের অভ্যুদয়। উহা ত হিন্দুধর্ম হইতে পৃথক কিছু নহে। উহা উপনিষ্কের দূচ ভিত্তির উপর প্রতিষ্ঠিত। উহাতে কাল বিপ্লবে অনেক গ্লানি প্রবেশ করিয়াছিল, একারণ ভগবনে শহরাচার্য্য বিশেষ কর্য্য সমাধ্যনের জন্ম আবিভৃতি হইয়া,

উহার উপনিষদিক ভিত্তি অটুট রাখিয়া, আগন্তক মালিক্য দূর করিলেন ও বৈদান্তিক হিন্দুধর্ম প্রচার করিলেন।

খৃষ্টধর্ম বৌদ্ধধর্মের ভিত্তির উপর প্রতিষ্ঠিত। দেণ্টজন, যিনি খুষ্টের দীক্ষাগুরু তিনি একজন বৌদ্ধ শ্রমণ ছিলেন। দীক্ষার পর খুষ্ট ভারতবর্ষে আদিয়া-হিন্দুগুরুর নিকট ও পরে হিমালয়ে তিব্বতে গিয়া বৌদ্ধ শ্রমণের নিকট শিক্ষালাভ করেন। (দেখ গায়ত্রী রহস্ত পৃঃ-৪৭) মুললমান ধর্ম যে খুষ্ট ধর্মের উপর প্রতিষ্ঠিত, তাহাতে সন্দেহ নাই। এখন এই উভম ধর্মের মানবগণই পৃথিবী ব্যাপিয়া অবস্থান করিতেছে।

উপরের সংক্ষেপ আলোচনা হইতে বুঝা গেল যে, ভারতের সনাতন ধর্ম—
অন্তান্ত সকল ধর্মের মাতৃত্বানীয়া। থেদান্তের উপদেশ খৃই ও মৃদলমান ধর্মেকোথাও প্রত্যক্ষভাবে, কোথাও বা পরোক্ষভাবে অনুস্যত। সে কারণ উক্ত
উভয় ধর্মের মধ্যে বেদান্তের উপদেশে গঠিত উন্নত স্তরের সাধকগণের সংখ্যা
বিরল নহে। স্বতরাং পূর্কে যে কারণে সমদর্শী ঋষিগণ, বেদের সম্মান বজার
রাখিয়া প্রাণ, গীতা প্রভৃতির মাধ্যমে ব্রন্ধবিভার উপদেশ আপামর সকলের
মধ্যে প্রচার করিয়াছিলেন, সে কারণ তুলাভাবে এখন বর্ত্তমান। অতএব
আমার এ আলোচনার নাম সার্ক্রজনীন বলায় কি দোষ হইয়াছে!

মূওক শ্রুতি আগেই পরা ও অপরা বিভার পরিচয়ে বলিয়াছেন—ব্রহ্মবিভাই পরাবিভা। চারিবেদ, তাহাদের অঙ্গ, উপাঙ্গ হৃতরাং বার্তা বা জীবিকোপায়ের কিলা—সম্পায় অপরা বিভার অন্তর্ভুক্ত। উভরের সাধনোপায় পৃথক। নির্কোদ, কৈলো, তালই পরাবিভালাভের অপরিহার্য্য অঙ্গ। সমাজের তিন বর্ণের সকল ব্যক্তি যদি কর্মপ্রভাগ মত্ত্বে দীক্ষিত ইইয়া, পরাবিভা অর্জনে লাগিয়া যায়, তাহা হইলে সহাজের স্থানিস্ব অসম্ভব হইয়া পড়ে। এ কারণ শ্রুতি সর্ববিভাগী ব্রাহ্মণের পঞ্চে ভার বধান ক্রিয়াছেন।

৮। উক্ত মৃত্তক শ্রুতির ১।২।১২ মন্ত্রের প্রথমার্দ্ধ সম্বন্ধে ভাগ্রত কি বলিতেছেন, দেখা যাউক্। ভাগ্রত বলিতেছেন:—

মাগুন্তবন্ত এবৈষাং লোকাঃ কর্মবিনিন্মিতাঃ

তুঃখোদকান্তমোনিষ্ঠাঃ কুদ্রানন্দাঃ শুচার্পিতাঃ। ১১।১৪।১০

এই সকল কন্মী পুরুষের কর্মাচরণ দ্বারা প্রাপা লোক সকল, অনিত্য, তুংথামপ্রিত, মোহময়, কুন্ত, মন্দ ও শোক পরিবাপ্ত। ১১১১৪।১০

কর্মনাং পরিণামিত্বাদাবিরিঞ্চাদমঙ্গলম্। বিপশ্চিন্নশ্বরং পশ্যেদদৃষ্টমপি দৃষ্টবং॥ ১১।১৯-১৭ কর্ম্মাত্রের পরিণাম অবশ্যস্তাবী বলিয়া দৃষ্ট কর্মের ন্যায়, ব্রন্ধলোক পর্যস্ত অদৃষ্ট কর্মাদল ও তু:থরপ, নশ্বর বিবেচনা করিবে। ১১।১৯।১৭ দৃষ্ট কর্মা, ভূমি কর্মণ, বীজ বপন প্রভৃতি ও তাহার ফল ভূমি হইতে উৎপন্ন ফলশ্যাদি। উহারা যেমন নশ্বর প্রত্যক্ষ দৃষ্ট হয়, সেইরূপ যজ্ঞ, ইষ্ট্, পূর্ত্ত, দানাদি কর্মের অদৃষ্ট ফলও নশ্বর।

১। মীমাংসকগণ এই অদৃই কলকে "অপূর্ব্ব" আখ্যার আখ্যারিত করেন। তাঁহাদের মতে এই "অপূর্ব্ব" যজ্ঞাদি আচরণকারীর দঙ্গে সঙ্গে ইহলোক হইতে লোকান্তরে গমন করিরা স্বর্গাদি লোক সকলে স্থযভোগের বিধান করে। ভাগবত বলিতেছেন যে, মীমাংসকগণের উক্ত মত স্বীকার করিলেও, স্বর্গাদিতে উক্ত ভোগ যে নশ্বর, তাহাতে সন্দেহ নাই। শ্রেয় কামীর উহা নশ্বর বলিয়া ব্ঝিয়া সাবধান হওয়া উচিত।

এবং লোকং পরং বিভান্ নশ্বরং কর্মনির্দ্মিতম্। সতুল্যাতিশয়ধ্বংসং যথা মণ্ডলবর্ত্তিনাম্। ভাঃ ১১।৩।২১ তস্মাদ্ গুরুং প্রপাছেত জিজ্ঞাস্তঃ শ্রেয় উত্তমম্। শাব্দে পরে চ নিঞ্চাতং ব্রহ্মণাপশমাশ্রায়ম্। ভাঃ ১১।৩।২২

কর্মজন্য এই সম্দায় লোক নশ্বর বলিরা জানিবে। এই লোক সকল উপভোগের সময়ও হৃঃথজনক, কারণ খণ্ডমণ্ডলবর্তী রাজাদিগের যেমন তুলার প্রতি স্পর্কা, অতিশয়ের (অর্থাৎ অপেক্ষাকৃত উচ্চস্তরের) প্রতি অহ্যা এবং সর্ববদা ধ্বংসের (অর্থাৎ উক্ত খণ্ড-মণ্ডলের রাজ্য হইতে বিচ্যুতির) ভয় থাকে। সেইরূপ ঐ সকল লোক ভোগিগণের মধ্যে তুলোর প্রতি স্পর্কা, অপেক্ষাকৃত উচ্চস্তরের লোক ভোগিগণের প্রতি অহ্যা এবং নিজেদের উক্ত লোক সকল হইতে প্রতনের ভয় সর্ববদা বর্ত্রমান থাকে। ভাঃ ১১।০।২১

অতএব যে ব্যক্তি উত্তম শ্রেষঃ অর্থাৎ নিত্য শাখত বস্তু বা মোক্ষলাভে অভিলাষ করিবেন, তিনি বেদাখ্য শব্দ-ব্নন্ধের রহস্ত অর্থ ব্যাখ্যানে নিপুন এবং পরব্রহ্ম ভগবানে পরিনিষ্ঠিত ও তাঁহার অপরোক্ষান্থভূতি হেতু ক্রোধ-লোভাদির অবশীভূত গুরুদেবের আশ্রয় গ্রহণ করিবেন। ১১।৩২২। লক্ষ্য করিছে হইবে যে, শ্রীমদ্ ভাগবতের উদ্ধৃতঃ১১।৩২১ ও ১১।৩২২ শ্লোক্ষয়ে শিরোদেশে উদ্ধৃত মুণ্ডকশ্রুতির ১।২।১২ মন্ত্রের অর্থ স্কুপেষ্টভাবে প্রকাশ করিতেছে।

১০। শ্রতিমন্ত্রের যে আলোচনা উপরে করা হইয়াছে, তাহা হইতে আমরা বুঝিয়াছি যে, উক্ত উপদেশ অনুসারে, ব্রহ্ম বা ভূমা বা আত্ম-তত্ত্ব

জিজ্ঞাদার পূর্বের জিজ্ঞান্থর প্রাক্কালীন কয়েকটি অপরিহার্য্য অস দাধন একান্ত প্রয়োজন। ভাগবতও ইহা উদ্ধৃত কয়েকটি খ্লোকে স্বম্পত্ত ভাবে বুঝাইলেন। ভাগবতের উক্ত খ্লোকে কর্মপদ ব্যাপক ভাবে গ্রহণ করায়, আপত্তি হইতে পারে যে, যখন ব্রহ্মবিভালাভে কর্মাচরণের অত্যধিক প্রয়োজনীয়তা নাই, তখন বেদের কর্মকাণ্ডে যজ্ঞাদি কর্মান্টানের বিধান কেন? এবং শান্তে প্রায়শ্চিত্ত—চান্দ্রায়নাদির বিধি কেন?

ইহার বিস্তৃত আলোচনার স্থল ইহা নহে। পরে ইহা করা যাইবে।
মোটাম্টি এককথায় বলিতে পারা যায় যে, যজ্ঞাদি কর্মামুগানের বিধান চিন্তুশুদ্ধির জন্ম। পাপ স্থালনের জন্ম প্রায়েশ্চিত-চান্দ্রায়নের-বিধানের পশ্চাতে
বৈজ্ঞানিক কারণ বর্তমান রহিয়াছে। সংক্ষেপে বলা যায় যে, যাহা কর্ম-হইতে
উৎপন্ন, কর্মধারা তাহার আত্যন্তিক ধ্বংস না হউক্, অনেকটা বিলোপ সাধিত
হইতে পারে। যেমন কোন ধোত বস্ত্রে কালী পড়িলে, উহাতে লেবুর রস বা
আন্ত কোনও অন্ত্র পদার্থ মিশাইয়া পরে নির্মান জলে ধোত করিলে, কালির
দাণের প্রগাঢ়তা অনেক কম হয় বটে, কিন্তু সম্পূর্ণরূপে নির্মান্ত হয় না। বস্তের
স্কার মধ্যে কালির সংস্পর্শে যে রাসায়নিক পরিবর্ত্তন সংঘটিত হয়, তাহা
অন্ত্রবিস্তর থাকিয়া যাইবেই। সেইরূপ প্রায়শ্চিত্তাদির দ্বারা পাপাচরণের
গাঢ় কালিমা কতকটা নিরাক্বত হইলেও, উহা অন্তরে যে সংশ্বার জন্মাইবার
কারণ হয়, তাহা সহজে লোপ পায় না। এ সম্বন্ধে ভাগবত বলিতেছেন:—

কর্মণা কর্মনিহ'ারো ন আত্যন্তিক ইয়াতে। অবিদ্বদাধকারিত্বাৎ প্রায়শ্চিত্তং বিমর্শনম্॥ ভাঃ ৬।১।১০

কর্মনাত্রই অবিদ্যার অন্তর্ভুক্ত। প্রায়শ্চিত্ত-চান্দ্রায়ণাদিও কর্ম। স্থতরাং উহারাও অবিন্যার অন্তর্ভুক্ত। উভয়েই অবিদ্যাভুক্ত হওয়ায় কর্মের দ্বারা কর্মের আত্যন্তিক ধ্বংস হয় না। জ্ঞানই কর্মনাশের মৃথ্য প্রায়শ্চিত্ত।

ভাগ: ৬।১।১৫

গীতায় ভগবানও এই কথাই বলিয়াছেন :---

অপি চেদসি পাপেভাঃ সর্ব্বেভাঃ পাপকৃত্তমঃ সর্ব্বং জ্ঞানপ্লবেনৈব বৃদ্ধিনং সন্তবিশ্বসি॥ গীঃ ৪।৩৬ যথৈধাংসি সমিদ্ধোহগ্নিভস্মসাৎ কুরুতেহর্জ্জুন। জ্ঞানাগ্নিঃ সর্ব্বকৃশ্মাণি ভস্মসাৎ কুরুতে তথা॥ গীঃ ৪।৩ হে অর্ন! যদি তুমি পাপী সকল হইতেও অত্যধিক পাপাচরণকারী হও, তথাপি জ্ঞানপোতের সাহায্যে পাপ সাগর পার হইতে পারিবে। যেমন প্রদীপ্ত অগ্নি কাষ্টরাশি ভয় করে, সেইরপ আত্মজ্ঞানরপ অগ্নি সকল কর্মাই ভ্রম্মাৎ করিতে পারে। ৪।৩৬-৩৭। অত্রব প্রতিপাদিত হইল যে, কর্মের আত্যক্তিক ধ্বংস হয় না। কর্ম্মজনিত স্থর্গাদি লোক নশ্বর ও তৃঃথময়। জ্ঞান বা তত্ম্জান অন্য কথার ব্রহ্মজ্ঞাসাই নিঃশ্রেয়দ লাভের একমাত্র উপায়। তবে মনে রাখা প্রয়োজন যে মৃত্তক শ্রুতির ১।২।১২ মন্ত্রে ও ভাগবতের উদ্ধৃত শ্লোক সকলে এবং গ্রীতার উদ্ধৃত ৪।৩৬-৩৭ শ্লোকে কথিত কর্ম্ম-কাম্য কর্ম্ম, উভরেই বন্ধন শক্তি। উহা নিভাম কর্ম্ম নহে। সে সম্বন্ধে আলোচনা পরে করা যাইবে।

- ৫) অভঃ।
- ১১। "অত:"—এই কারণে বা এই হেতুতে।

স্ত্রের প্রথম "অথ" পদের সালোচনায় এতদ্রে আসিয়াছি। এই আলোচনায় ''অত:'' পদ সহস্কে বলিবার অনেক কথা বলা হইয়া গিয়াছে। তাহার পুনক্ত্রেণ ফগাসন্তব পরিত্যাগ করিয়া, যাহা বলিবার তাহা বলিতে অগ্রসর হইতেছি।

আলোচা প্রথম স্থরের প্রতিপাত "ব্রুজজ্ঞানা"। ব্রহ্মপদের ব্যুৎপত্তি লব্ধ অর্থ—"বৃহস্থাৎ বৃংহণস্থাদ্ ব্রহ্ম"—বৃহত্তম বলিয়া ও সংবর্জনকারী বলিয়া ব্রহ্ম-পদের তাৎপর্যা। যত বৃহৎ আমরা কল্পনা করিতে পারি—কি জ্ঞানে, শক্তিতে, নামে, রূপে, ঐশ্বর্যা, বীর্যো, পরিমাণে, মাধুর্য্যে, সৌন্দর্যো—সর্কবিষয়ে বৃহত্তম বলিয়া তিনি "ব্রহ্ম" নামে পণ্ডিত সমাজে পূজা। এই একই কারণে, তিনি তৈত্রিরীয় শ্রুতির ২।১ মল্লে—"গত্যং জ্ঞানমনস্তং ব্রহ্ম"—"অনন্ত" নামে ও ছান্দোগ্য শ্রুতির শিরোদেশে উদ্ধৃত ৭।২৩।১ মল্লে "ভূমা" নামে উক্ত হইয়াছেন। 'অত্,' ধাতু হইতে উৎপন্ধ—বৃহদারণ্যক শ্রুতির শিরোদেশে উদ্ধৃত ২।৪।৫ মল্লে কথিত "আত্মা" ও এক পর্য্যায়ে ভূক্ত। বৃহত্বের দিক হইতে ব্রন্ধের কিঞ্চিৎ পরিস্থা পাইলাম।

২২। অন্তপকে, তিনি, নিজ সংকর হইতে অভিব্যক্ত জীব ও জগৎকে সর্কবিষয়ে সমৃদ্ধ করেন, বিশেষতঃ উপাসনাকারিগণকে নিজের শাশ্বত পদ প্রদান করেন। এমন কি, উপযুক্ত অধিকারী ভক্তকে আত্মদান পর্যান্ত করিতে কুন্তিত হন না—একারণ তিনি ব্রহ্ম নামে পূজ্য। ব্রহ্মস্ত্র আলোচনায় যত অগ্রদর হওয়া যাইবে, ইহা ততই বোধগমা হইবে। তিনিই একমাত্র তত্ত্ব

বলিয়া ভিন্ন ভিন্ন উপাসকণণ নিজ নিজ উপাসনার ভাবামুদারে কেই পরব্রহ্ম, কেই পরমাত্মা, কেই পরমপুরুষ, কেই ভগবান, কেই কেই বা রাম, ক্বঞ্চ, শিব, ছুর্গা, কালী প্রভৃতি নামে নিজ নিজ ইষ্টদেবরূপে আরাধনা করিয়া থাকেন। 'ভত্ব' পদের অর্থ-ভৎ-এর ভাব। 'ভৎ' শব্দ ব্রহ্মেরই নির্দেশক—ইহা ভগবান গীভার ১৭।২৩ শ্লোকে স্পষ্টই বলিয়াছেন। স্থতরাং কোন কিছুর ভত্ব অন্মন্ধান করিভে হুইলে, উহা যভক্ষণ না ব্রহ্মে পর্যাবদান হয়, তভক্ষণ পর্যাস্ত উহার বিরাম নাই।

১০। ইহা হইতে সিদ্ধান্ত শ্বতঃই আসিয়া পড়ে যে, "ব্রহ্মজিজ্ঞাসা" পদের অর্থ শুধু ব্রহ্মের বা আত্মার প্রতাক্ষভাবে স্বর্ধসাত্মভূতির ইচ্ছা মাত্র নহে, প্রপঞ্চ জগতের ও উহার অন্তভূকি দৃশ্যমান—অপরিদৃশ্যমান সম্দায়ের মূল তত্ত্বাত্মধাবনের ইচ্ছা। ইহা হইতে অনুসিদ্ধান্ত আপনিই প্রকাশ পায় যে, ব্রহ্মবিলা অধিগত করিতে পারিলে, সমৃদায় জানা হইয়া যায়, সম্দায়ের তত্ত্ব প্রত্যক্ষভাবে প্রকটিত হইয়া পড়ে। ইহাই ছান্দোগ্য শ্রুতির ৬।১ ও মৃত্তক শ্রুতির ১।১ কথিত এক বিজ্ঞানে সর্ব বিজ্ঞান। পরে ইহার সহিত সাক্ষাৎকার হইবে। কিন্ত ইহা বড়ই ত্রহ ব্যাপার; কঠ শ্রুতি ১৷২।৭ মত্রে বলিতেছেন:—

শ্রবণায়াপি বহুভির্যোন লভ্যঃ, শৃগন্তোহপি বহুবো যং ন বিছ্যঃ। আশ্চর্য্যো বক্তা কুশলোহস্য লকা আশ্চর্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ॥

कर्ठ ४१२ व

শ্রবণমাত্রের জন্মও তিনি বহুলোকের লভা নহেন— অর্থাৎ শ্রবণেচ্ছু বহু ব্যক্তি তাঁহার বিষয় শুনিবার সুযোগ পান না। শুনিলেও বহু লোক তাঁহাকে জানিতে পারেন না অর্থাৎ শ্রবণের কল আত্মজ্ঞান লাভ সকলের পক্ষে স্থলভ নয়। ইহার বক্তা বা উপদেই। আশ্চর্যা এবং ষে ব্যক্তি তাঁহাকে লাভ করেন, তিনিও আশ্চর্যা। অধিক কি বলিব, তাঁহার তক্ত বুঝাইতে পারেন এমন আচার্যাও আশ্চর্যা (হল'ভ) এবং শুবিষয়ক জ্ঞান লাভ করে, এরপ শ্রোভা বা শিষাও আশ্চর্যা বা হল'ভ। কঠ ১।২।৭

স্থতরাং যিনি উপদেশ দিবেন, তাঁহার তত্ত্বালোকে অপরের অজ্ঞানান্ধকার দূর করিবার যেমন শক্তি থাকা প্রয়োজন, দেইরূপ যিনি উপদেশ গ্রহণ করিবেন তাঁহার উহা ধারণা করিয়া আত্মন্থ করিবার শক্তি থাকা তুলাভাবে প্রয়োজনীয়। অত্য কথার জিজ্ঞান্থর উপযুক্ত অধিকার না থাকিলে ব্রহ্মজিজ্ঞানার ইচ্ছা গভীরভাবে হয় না। শুধু মুখে প্রকাশ করিয়া নিজের বাহাত্বরি লাভের প্রয়াসমাত্রে পরিণত হয়।

- ১৪। শিরোদেশে উদ্ধৃত মূওক শ্রুতির ১।২।১২ ও ১।২।১৩ মন্ত্র অতি
 বিশদ্ভাবে অধিকারী নির্দেশ করিতেছেন, উক্ত মন্ত্রন্থের সরল বাঙ্গলা অর্থগ্রহণে
 আমরা জানিতে পারি যে, ত্রন্ধ জিজ্ঞাসায় অগ্রসর হইবার পূর্ব্ধে—প্রাক্কালীন
 অপরিহার্য্য কয়েকটি প্রয়োজন সাধন করা অতি আবশ্যক। স্ত্রে ব্যবহৃত "অতঃ''
 পদের দ্বারা সেই প্রয়োজন কয়টির প্রতি লক্ষ্য করা হইয়াছে। সেই গুলিই ত্রন্ধজিজ্ঞাসার ইচ্ছা জাগরণের প্রাক্কালীন কারণ বা হেতু ' সেগুলি নীচে লিখিত
 হইল :—
 - (ক) কর্ম্মলভা লোক সকলের পরীক্ষা-শাস্থ সাহায্যে ও অভিজ্ঞ ব্যক্তির উপদেশাহুদারে করিতে হয়।
 - (খ) উক্ত পরীক্ষার ফলে, কর্মমাত্রই অনিত্য এবং অনিত্য কর্মের দার। নিত্য বস্তু লাভ অসম্ভব,এই জ্ঞান জন্ম।
 - (গ) এই জ্ঞান জন্মিবার সঙ্গে সঙ্গে, ব্যাবহারিক প্রপঞ্চ জগতে, ইন্দ্রিয় দ্বারা যাহা কিছু প্রভীতি গোচর হয়, সম্দায় নশ্বর বিষয়ে নির্কোদ বা সম্দায়ে বৈরাগ্য ভাব উৎপন্ন হইয়া থাকে।
 - (ঘ) সম্পায়ে বৈরাগ্যভাব উদয় হইলে, সর্ব্যপ্রকার অভিমান পরিত্যাগ করিয়া, শ্রোত্তির, ব্রহ্মনিষ্ঠ গুরুর পদ্মৃণে আশ্রয় লওয়া প্রয়োজন।
 - (৬) ব্রহ্মজ্ঞ গুরু, সমীপাণত উক্ত বৈরাগ্যবান ব্যক্তিকে (তখন শিখ) পরীক্ষা করিয়া যদি জানিতে পারেন, যে—
 - (i) উক্ত শিশু সরলান্ত:করণে ব্রহ্মবিদ্যা শিক্ষাভিলাষে আসিয়াছেন, মনে কাপট্য, আত্মন্তরিতা, লোকের চক্ষে মিথ্যা বিশিষ্টতা প্রতিষ্ঠার চেষ্টা নাই,
 - (ii) শাস্ত্রাদি অনুশীলনে এবং পূর্ব্বোক্ত পরীক্ষায় নির্বেদ প্রাপ্ত ও দন্ত-দর্পাদি দেশ্য বহিত,
 - (iii) বাহেন্দ্রের সংযমনশীল-সেকারণ ক্রোধ, দ্বেষ. অস্য়াদি বজ্জিত,

তথনই তিনি তাঁকে শিশুরূপে গ্রহণ করিয়া ব্রহ্মবিভোপদেশ দিবেন। উক্ত শিশুকে মুগুক ১।২।১২ শ্রুতিমন্ত্র "ব্রাহ্মণ" আখ্যায় আখ্যায়িত করিয়াছেন অর্থাৎ তিনি ব্রহ্মবিভালাভের জন্ম সর্বস্বভাগে করিতে প্রস্তুত হইয়া গুরু সমীপে আগত হইয়াছেন—বুঝিতে হইবে। গুধু জাতিগত ব্রাহ্মণ হইলে চলিবে না। ইহা বুঝাইবার জন্ম ছান্দোগ্য শ্রুতির ৪।৪ প্রপাঠকে জাবাল সভ্যকামের উপাখ্যান কথিত হইয়াছে। উক্ত উপাখ্যান অনুসারে-সভ্যকাম গুরুর প্রশ্নে নিজের গোত্র পরিচয় দিতে অসমর্থ হওয়ায়, স্বীয় মাভার উক্তি গুরুচরণে অসঙ্কোচে নিবেদন করা হেতু, গুরু তাঁহার সভ্য কথায় প্রীত হইয়া শিশুত্বে গ্রহণ করিয়াছিলেন। ং। যাহা হউক্, অবাস্তর কথা ছাড়িয়া আলোচ্য বিষয়ে অবতরণ করা যাউক্। যেমন ঘট প্রস্তুত করিতে হইলে, কারণ স্বরূপ (১) মৃত্তিকা, (২) জল, (৩) কুলাল চক্র, (৪) দণ্ড, (৫) কুস্তুকার, (৬) কুস্তুকারের দক্ষতা, (৭) কুস্তুকারের ইচ্ছা প্রভৃতি সম্পায়ের সমবেত প্রয়োগে ঘট নিশাণ কার্যা সমাধা হয়, সেইরূপ ব্রহ্মবিভালাভ করিতে হইলে, উপরে লিখিত (ক) হইতে (৬ iii) পর্যান্ত সম্পায় ব্রহ্মবিভালাভ হইয়া থাকে।

স্তরাং ব্রহ্মবিতা লাভ করিতে হইলে, অন্ত কথায় ব্রহ্মজিজ্ঞাস্থ হইতে হইলে,
নিজেকে উপযুক্ত অধিকারী হইতে হইবে, ইহা বুঝা গেল। অতএব উপরে
লিখিত সংশয়ের প্রথম অংশের সমাধান হইল—অর্থাৎ ব্রহ্মবিতা-মানবদেহধারী
জীবমাত্রের জন্ম মভিপ্রেত হইলেও, নিরস্থাভাবে অনধিকারীকে, উহার উপদেশ
দেওয়া বিধেয় নহে। উহাতে কল্যাণ অপেক্ষা অকল্যাণের সন্থাবনা অতি বেশী।
আরও বুঝা গেল যে, উপযুক্ত অধিকারী না হইলে ব্রহ্মবিতার উপদেশ ফলপ্রদ
হয়না।

৬) পূর্ব্বপক্ষের দিভীয় আপত্তি ও তাহার সমাধান।

১৬। পূর্ব্বিশক আপত্তি করিতেছেন। উপরের আলোচনায়, শ্রুতিমন্ত্রের বলে, ব্রহ্মবিছা লাভের জন্ম গুরুচরণ আশ্রয়-অপরিহার্য বলিয়া উলিথিত হইয়াছে। গুরুত শাস্ত্রমতই উপদেশ দান করেন। আজকাল ব্রহ্মপ্ত গুরুত যে অতি তুর্প্রাপ্যা, তাহা বলা বাহুল্য। শাস্ত্রজ্ঞ পণ্ডিতও তুর্লভ। অন্য পক্ষে, মূদ্রাযন্ত্রের কল্যাণে শম্দায় শাস্ত্রগ্রু, ভাষ্য-টীকা-টিপ্পনী, সমেত—সহজপ্রাপ্য হইয়াছে। এখনও কি গুরুর আশ্রয় প্রয়োজন? প্রাচীনকালে শাস্ত্র সহজলভ্য ছিল না। শাস্ত্র ও তাহার রহস্তজ্ঞান গুরুর মনে নিবদ্ধ ছিল, স্বত্রাং তখন গুরুকরণের প্রয়োজনীয়তা ব্রিতে পারি। কিন্তু বর্ত্তমান পরিস্থিতিতে মনে হয়, উহা অপরিহার্য্য নহে।

১৭। ইহার উত্তরে দিদ্ধান্তবাদী বলিতেছেন—৫ সম্বন্ধে তোমার ছান্দোগা শ্রুতির সপ্তম অধ্যায়ে বিস্তারিতভাবে কথিত "ভূমা" বিভাপ্রসঙ্গে, নারদ-সনৎকুমার সংবাদে মনোযোগ আকর্ষণ করি। নারদ ত সম্দায় শাস্তে বাৎপন্ন ছিলেন, অথচ ব্রন্ধবিভালাভ করিতে পারেন নাই। এ কারণ তিনি ব্রন্ধজ, সনৎকুমারের শিশুত্ব গ্রহণ করিবার পর, তাঁহার নিকট হইতে ব্রন্ধবিভার উপদেশ গ্রহণ করতঃ ব্রন্ধজ্ঞ হইয়া ধন্য হইয়াছিলেন।

১৮। তোমার উত্থাপিত আপত্তির সম্ভাবনা কল্পনা করিয়া শ্রীমচ্ছঙ্করাচার্য্য

শিরোদেশে উদ্ধৃত মৃওকশ্রুতির ১।২।১২ মন্ত্রের ভাষ্যে বলিতেছেন:—"শান্তজ্যের পাতস্ত্রেণ ব্রদ্ধজানষেধণং ন কুর্যাদিত্যেতৎ 'গুরুমের' ইতি অবধারণ কলম্।" অর্থাৎ ১।২।১২ মন্ত্রে 'গুরুমের' পদ আছে, উক্ত পদে 'এব' ব্যবহারের তাৎপর্য্য অবধারণ—'গুরুকেই'—শান্ত্রজ্ঞ হইলেও স্বতন্ত্রভাবে ক্রদ্ধবিদ্যা অন্বেষণ বিধেন নহে। গীতারও শ্রীভগবান্ বলিতেছেন:—

তদ্ বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া। উপদেক্ষান্থি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ ॥ গীঃ ৪:৩৪

প্রণিপাত, পরিপ্রশ্ন ও দেবার দারা পরিতৃষ্ট তত্ত্বদর্শী জ্ঞানিগণ তোমাকে উক্তজান (ব্রন্ধজ্ঞান) উপদেশ দিবেন। গীঃ ৪।৩৪

वना वाल्ना এই एक्नभी कानीरे छक।

১৯। ব্রহ্মবিদ্যা-গুরুর নিকট হইতেই লাভ করিবার বিধান কেন, শান্ত জ্ঞানে লভা নহে—এ সম্বন্ধে বিস্তারিত আলোচনা ১০০ প্রনঙ্গে করা যাইবে। এখানে তাহাতে প্রবেশ করিব না। যথাকালে উহা বুঝিতে পারিবে। এখানে এইমাত্র শুনিরা রাখ যে, ব্রন্ধবিদ্যা বা ব্রন্ধজ্ঞান লাভ-প্রকৃতপক্ষে নিজের অন্তরে পরব্রন্ধের-অপরোক্ষান্তভূতি প্রাপ্তি। ইহা অনুভূতির ব্যাপার, ভাষায় প্রকাশের ব্যাপার নহে। অথবা সম্পায় শাস্ত্রে সর্বক্ত হইলে ইহা লাভ করা যায় না। গুরু প্রথমে শিশ্তকে ভাষায় যতদ্র সন্তব, বাচনিক্ উপদেশ দেন, যথন তিনি দেখেন যে, শিশ্ত উপদেশ মত অনুষ্ঠান যথাযথ করিয়া, উচ্চতর স্তবে আরোহণ করিবার উপযুক্ত হইয়াছে, তখন তিনি নিজে ব্রন্ধজ্ঞ বলিয়া, স্বীয় ব্রন্ধান্তভূতি শিশ্তের অন্তরে সংক্রামিত করিয়া দেন। এই সংক্রমণের জ্ল্জ্ ভাষার প্রয়োজন হয় না—অন্তরে অন্তরে নীরবে অথচ অতিশয় কার্য্যকারীভাবে, অনুভূতির আদান প্রদান চলে। ভগবান শঙ্করাচার্য্য তাঁহার কৃত "দক্ষিণামূর্ত্তি" গুরুস্তবে ইহার স্কুম্পষ্ট পরিচয় দিয়াছেন:—

গুরোস্ত মৌনব্যাখ্যানং শিশ্তানুচ্চিন্নসংশয়াঃ।

কোন কঠিন সংশয় হৃদয়ে পোষণ করিয়া, উহা সমাধানের জন্ম শিশ্ব গুরুচরণে উপাস্থত হইয়া, নীরবে তাঁহার নিকটে বসিয়া থাকিলে; নীরব গুরু বাক্যমাত্ত্ব উচ্চারণ না করিয়া-"মৌনব্যাখ্যানের" দ্বারা তাহার সংশয় অপনোদন করেন।

স্থতরাং গুরুকরণ-অপরিহার্য্য।

২০। এখন প্রকৃত "অধিকারী" সম্বন্ধে ভাগবত কি বলিতেছেন, দেখা যাউক্। কর্ম্মলভা লোক সকলের পরীক্ষার দারা, উহারা নশ্বর—এই জ্ঞানলাভ সম্বন্ধে ভাগবতের উক্তি আগেই আলোচনা করা হইয়াছে। ব্রহ্মজিজাদার অধিকারী সম্বন্ধে ভাগবতের উক্তি নীচে উদ্ধত করিতেছি।

অমাত্তমংসরো দক্ষে। নির্ম্মমো দৃঢ়সৌত্তদঃ ।
অসপ্রোহর্থ জিজ্ঞান্ত্রনসূত্রমোঘবাক্ ॥ ১১।১০।৬
জায়াপত্য গৃহক্ষেত্র-স্বজন-দ্রবিণাদিষু ।
উদাসীনঃ সমংপশুন্ সর্বেধর্থমিবাত্তনঃ ॥ ১১।১০।৭

জিজ্ঞান্থ ব্যক্তি অভিমানশৃত্য, নিরহত্বত, অনলস, মমতারহিত, দৃঢ়সোহার্দ্যাবিশিষ্ট, অসত্মর (অর্থাৎ সাধ্যবস্তা লাভের জন্তা অরারহিত-যথাসময়ে উহা
আসিবে, এই প্রত্যাশায় অপেক্ষাকারী), অস্থাশৃত্য ও ব্যর্থালাপ শৃত্য হইবেন।
আরও, জায়া-অপত্য, গৃহ-ক্ষেত্র-আত্মীয় ও ধনজনাদি সম্দায়ে উদাসীন, সকল
পদার্থকে নিজের তায় সমভাবে দর্শন করিবেন। ভাগবৃত ১১।১০।৬-৭

উদ্ধৃত ১১।১০।৬ শ্লোকে "অসন্বর" একটি বিশেষণ আছে। উহার তাৎপর্য্য ইংরাজীতে যাহাকে hasty অথবা চলিত বাঙ্গালায় ষাহাকে "ব্যস্তবাগীশ" বলে, তাহা নয়। সর্কাণা সর্কবিষয়ে-প্রশান্ত ও দীরভাবে বিবেচনা করিয়া কার্য্যান্ত্র্যানকারী। আজকাল উদরার সংস্থানের মহাসমন্ত্রার দিনে অনেককেই ক্টাবর্ত্তে পতিত হইয়া, অল্পময়ে অনেক কাজ বাধ্য হইয়া করিতে হয়। ইহাতে সব সময় কার্য্য হয়ত স্থচাকরপে সম্পাদিত হয় না। হইলেও 'সত্তর' কাজ শেষ করিবার আগ্রহ, মনে বিক্ষোভ আনয়ন করে। ব্রন্ধবিদ্যালাভের প্রচেষ্টায় উক্ত বিক্ষোভ যথাসম্ভব পরিত্যাগ করিয়া মনোনিবেশ সর্ক্ষতোভাবে কর্ত্ব্য।

মন বিক্ষোভরহিত ও প্রশাস্ত করিয়া হৈর্য্য সম্পাদন করা উক্ত ব্রহ্মবিদ্যা-লাভের ম্থ্য অঙ্গ। জিজ্ঞাস্থ ব্যক্তির গুরুচরণ আশ্রয় যে একান্ত কর্ত্ব্য, তাহা ভাগবতের ১১।৩।২২ শ্লোক আলোচনায় আগেই বুঝিয়াছি।

৭) পূর্ববিপক্ষের পুনরায় আপত্তি ও তাহার সমাধান।

২১। পূর্ব্বপক্ষ পুনরার আপত্তি করিতেছেন:—তুমি তো শ্রুতি ও ভাগবত প্রমাণে প্রতিষ্ঠিত করিলে যে, জিজ্ঞান্থ ব্যক্তির গুরুর শরণ গ্রহণ একান্ত কর্তব্য এবং উক্ত গুরু বেদবিং ও ব্রহ্মক্ত হওয়া প্রয়োজন। কিন্তু বর্ত্তমানে বেদের আলোচনা, শুধু বঙ্গদেশে কেন, প্রায় সমগ্র ভারতবর্ষ হইতে উঠিয়া গিয়াছে। স্থতরাং বেদের রহস্তজ্ঞ গুরু কোথায় মিলিবে ? ব্রহ্মজ্ঞ গুরুলাভ ত অতি দূরের কথা। স্থতরাং বর্ত্তমান কালে জিজ্ঞান্থ ব্যক্তির পরাবিদ্যা লাভের কি কোল্ল উপায় নাই ?

২২। ইহার উত্তরে সিদ্ধান্তবাদী বলিতেছেন:—তুমি বেদের রহশুজ্ঞ ও ব্রহ্ম জ গুরু অতি ঘূর্লভ বলিলে, ইহাতে কোনও সন্দেহ নাই। কিন্তু সেজগু নিশ্চেষ্ট হইয়া বসিয়া থাকা শ্রেম্বান্ধার পক্ষে উচিত নহে। শাস্তবিধানমত, নিজেকে উপযুক্ত অধিকারীরূপে প্রস্তুত করিতে পারিলে, গুরুর জন্ম ভাবিতে হইবেন। ভগ্রানের মঙ্গল বিধানে গুরু আপনিই উপস্থিত হইবেন।

ভগবান গীতায় স্বস্পাই অঙ্গীকার করিয়াছেন:---

ঈশ্বরঃ দর্বভূতানাং ক্রনেশ্হেজুন তিষ্ঠতি। আময়ন্ দর্বভূতানি যন্ত্রারুঢ়ানি মায়য়া। গীঃ ১৮৮১ তমেব শরণং গচ্ছ দর্বভাবেন ভারত। তংপ্রসাদাৎ পরাং শান্তিং স্থানং প্রাগ্যাদি শাশ্বতম্। গীঃ ১৮৮২

হে অর্জুন! অন্বর্থামী ঈশ্বর, সকল ভৃতগণের হৃদয়ে বাস করিয়া, নিজের মায়াশক্তির খারা সকল ভূতজাতকে যন্ত্রারটের ন্থায় ভ্রমণ করাইতেছেন। তুমি সর্ববিত্তাভাবে তাঁহারই শরণ গ্রহণ কর। তাঁহার প্রসাদে প্রমা শান্তি, নিতাধাম স্বরূপ ভগবানকেই প্রাপ্ত হইবে। গীঃ ১৮।৬১-৬২

লক্ষ্য করিতে হইবে যে, ১৮৪৬২ শ্লোকে "তমেব" পদে এব' অব্যয়পদ ব্যবহারের দ্বারা ভগবান বুঝাইলেন যে, অন্তর্য্যামী ঈশ্বরেরই শরণ গ্রহণ করিলে পরমপদ প্রাপ্তি সম্বন্ধে সন্দেহ করিবার কিছু থাকে না।

২৩। ভাগবতও বলিভেছেন :---

বাস্থদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রযোজিতঃ। জনয়ত্যাস্থ বৈরাগাং জ্ঞানং যদ্ ব্রহ্মদর্শনম্॥ ৩৩২।১৮

ভগবান বাস্থদেবে ভক্তিযোগ প্রযোজিত হইলে, তাহা আণ্ড বৈরাগ্য ও ব্রন্ধের অপরোক্ষান্তভৃতি রূপ জ্ঞান জন্মাইয়া দেয়। ভাগঃ ৩৩২।১৮

যাহার। সর্বতোভাবে ঈশ্বরের উপর নির্ভর করিতে অক্ষম, দেহধারী গুরুর দর্শন ও আশ্রয়-প্রার্থী, ভগবান তাঁহাদিগকে উপযুক্ত অধিকারী বলিয়া মনে করিলে নিজেই গুরু-প্রাপ্তির ব্যবস্থা করেন।

ভাগবত বলিতেছেন :--

যোহন্তর্বহিস্তন্মভূতামশুভং বিধূধন্ আচার্ঘ্য-চৈত্ত্যবপুষা স্বগতিং ব্যনক্তি। ১১১২৯৬ যিনি তাঁহার শরণাগত দেহধারীগণের অস্তরের ও বাহিরের সম্দায় অশুভ দূর করিয়া, বাহিরে আচার্যামৃতিতে উপদেশদানে ও অস্তরে অন্তর্যামীরূপে, উক্ত বাক্তির ইষ্টমৃত্তি প্রকটনে নিজপদ প্রদান করেন। ভাগঃ ১১।২৯।৬

ভগবান ভ জগদ্গুরু। সমষ্টি জগৎ সম্বন্ধে যেমন, বাষ্টি প্রভাবেক মানব সম্বন্ধেও তেমন। তাঁহারই মঙ্গল বিধানে, তাঁহার পার্যদগণ বিশ্বের সর্ব্বিত্র বিচরণ করিয়া তাঁহার ভক্তদিগের সম্দায় বিদ্ন দ্ব করতঃ পরমপুরুষার্থ প্রাপ্তির বিধান করেন। নারদ উক্ত পার্যদগণের মধ্যে একজন মৃথ্য। তিনি গুরুরুরেপ পাঁচ বৎসরের শিশু ধ্রুবকে উপদেশ দিয়া, তাঁহার ভগবৎ প্রাপ্তিযোগ সাধনের হেতৃ হইয়াছিলেন। ভাগবতে ত ব্যাসদেব স্পষ্ট বলিয়াছেন যে, তিনি বেদবিভাগ, মহাভারত ও অ্যান্ত শাস্ত্র প্রণয়ন, বর্ণাশ্রম-ধর্মপ্রতিষ্ঠা প্রভৃতি সম্পাদন করিয়াও আ্রপ্রসাদ লাভ করিতে না পারিয়া—চিন্তান্থিত থাকাকালে, নারদ গুরুরুরেপ তাঁহার সম্মুথে উপস্থিত হইয়া ভগবানের স্বরূপাত্মক সৌন্দর্য্য-মাধ্র্য্য-আনন্দ প্রকাশক ভাগবত শাস্ত্র রচনা করিতে উপদেশ দেন, তদন্তসারে ভাগবত রচিত হয় এবং ব্যাসদেবও আ্রপ্রসাদ লাভ করেন। বাল্মীকির রামায়ণ রচনার মূলেও নারদের উপদেশ; ইহা রামায়ণ পাঠে জানা যায়। অবশ্যই এ সমৃদায় অতি প্রাচীনকালের কথা।

২৪। অতি আধুনিক কালের একটি সত্য ঘটনার উল্লেখ করিতেছি।
ইহা বেশীদিনের কথা নয়। তবিজয়ক্ষ গোস্বামী, অল্পদিন হইল, দেহত্যাগ
করিয়াছেন তথ্য জীবনে তিনি ব্রাহ্মধর্মের প্রচারক ছিলেন। পরে উহা
ছাড়িয়া, হিন্দুধর্মের বিধানামুসারে—সন্নাস গ্রহণান্তর তগয়ায় ব্রহ্মধোনি
পাহাড়ের সন্নিকট আকাশগঙ্গা পাহাড়ে তপস্থা আরম্ভ করেন। তথায় তাঁহার
গুরু স্ক্র শরীরে আগমন করতঃ, স্থুল রক্ত-মাংসের দেহ প্রকট করিয়া তাঁহাকে
মন্ত্রদান পুরঃসর উক্ত মন্ত্রসাধনের উপযুক্ত শিক্ষাদানান্তে অন্তর্দ্ধান করেন।
এখনও হয়ত সে সময়কার লোক জীবিত আছেন।

২৫। এ সম্পায় দৃষ্টান্ত হইতে বুঝা পোল যে, ভগবান মানুষকে যে শক্তিটুকু দিয়াছেন, মানুষ যদি তাহার সীমাবদ্ধ স্বাধীন ইচ্ছাশক্তির পরিচালনে উক্ত শক্তির ষথাসম্ভব সদ্ব্যবহার করিয়া আপনাকে উপযুক্ত অধিকারী করিতে সমর্থ হয়, তাহা হইলে ভগবানের দ্য়া, অজম্বধারে তাহার মন্তকে বর্ষিত হইয়া. তাহার সমৃদায় পুরুষার্থ সিদ্ধ করিয়া থাকে। মানুষ ত অমৃতলোকের অধিবাসী। ভগবানের সম্পায় পুরুষার্থ সিদ্ধ করিয়া থাকে। মানুষ ত অমৃতলোকের অধিবাসী। ভগবানের সম্পায় স্ক্রী। ক্রীড়ার সাধক নিয়মের ভঙ্গাপরাধে মায়ার অধিকার অপিতিত হইয়া কইছেলে করিতেছে। যে স্বত্রতার গর্লে উক্ত

সাধক নিয়ম ভঙ্গ করিয়াছিল, সেই স্বভন্তবার পরিচালনে অত্বতপ্ত হইয়া গৃতি ফিরাইয়া, যদি ভগবদভিম্থী করিতে পারে, তাহা হইলে, ভগবানই, তাহার বিনষ্ট গৌরবময় পথ পুনঃ প্রাপ্তির সম্পায় বাবস্থা করেন। তিনি ত থেলার সঙ্গীকে চিরকালের জন্ম ছাড়িয়া থাকিতে পারেন না। অন্তর্যামীরূপে সঙ্গে ফিরিভেছেন। অন্তরের কিছুই ত তাঁহার কাছে লুকায়িত থাকে না। জীব তাঁহার অতি প্রিয়। জীবকে বক্ষে ধারণ করিবার জন্ম বিশ্বার করিয়াই আছেন। প্রান্ত জীবকে ইহা স্পষ্টভাবে ব্যাইবার জন্ম সমগ্র জীবচৈতন্ত্য-কৌন্তভন্তরূপে—অলম্বার স্বরূপ বক্ষে ধারণ করিয়া আছেন। (ভাগবত ১২।১১৮)। অজ্ঞানান্ধ জীব বিষয়ের চাকচিক্যে মৃদ্ধ হইয়া, তাঁহার দিকে পশ্চাৎ ফিরিয়া থাকায়, তিনি বিষয়চিত্তে ফিরিয়া যাইতে বাধ্য হন। কিন্তু অপার করুণাসাগর তিনি। তাহাতে রুপ্ট বা অসন্তর্ম্ভ না হইয়া জীবের স্বাতন্ত্র্য কণায় কোন হস্তক্ষেপ না করিয়া জীবের নিজের ঘারাই উহার অনুকূল পরিচালনের প্রত্যাশায় থাকেন।

পূর্বপক্ষের চতুর্থ আপত্তি ও তাহার সমাধান।

২৬। পূর্বপক্ষ পুনরায়, আপত্তি করিতেছেন:—তুমি যাহা বলিলে, সব জ শুনিলাম। ভগবানের উপর নির্ভর করিলে, তাঁহার অমুগ্রহে পরমপুরুষার্থসিছি হইয়া থাকে। ভগবান বাস্থদেবে ভক্তি হইতেই ব্রহ্ম বা পরমতত্ত্বর-অপরোক্ষামুভ্তি লাভ হয়। মানুষের ভগবদত্ত শক্তির সদ্ব্যবহার করা উচিত— এসব ত খুব ভাল কথা। কিন্তু ইহাতে যে তোমার বেদাস্তালোচনার মস্তকে কুঠারাঘাত হইতেছে, তাহা কি বুঝিতেছ না? বিশেষতঃ চৈতন্ত-চরিতামুতের আতথ্যে ১৭শ অধ্যায়ে স্পষ্ট কথিত আছে যে, শ্রীশ্রীমন্মহাপ্রভু, শ্রীকৃষ্ণ চৈতন্তদেব বৃহন্নারদীয় পুরাণের শ্লোকের—

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্। কলে। নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরভাধা।

ব্যথ্যার হরিনাম গ্রহণের অত্যাবশুকতা শিক্ষা দিয়াছিলেন এবং শিক্ষা দিয়াই যে নিজ্ঞিয় ছিলেন, তাহা নহে। নিজে নামের শক্তিতে পাগল হইয়া সন্ন্যাস গ্রহণপূর্বক, নামগ্রহারে সমগ্র ভারতবর্ধ মাতাইয়া তুলিয়াছিলেন। উক্ত শোকের শিক্ষাও শ্রমন্বহাপ্রভুর নিজের আচরণ অত্যারে, হরিনাম ভির্কিকালে বদি অত্য উপায় না থাকে, তাগে হুইলে বেলাভালেনে ব

গুরুকরণের প্রয়োজন কি ? এই দারুণ সংশয় মনে জাগিতেছে। ইহার সমাধান করিতে পারিবে কি ?

২৭। ইহার উত্তরে দিদ্ধান্তবাদী বলিতেছেন, তোমার সংশয় যে যুক্তিযুক্ত, তাহাতে সন্দেহ নাই। কিন্তু তোমার বক্রোক্তি অতি আপত্তিজনক। অবশুই, আমি জানি যে, উহা তোমার বেদান্ত সম্বন্ধে পাহাড়-প্রমাণ অজ্ঞতার পরিচয়, এ কারণ আমি উহাতে কোনও গুরুত্ব আরোপ করি না। তবে ইহা স্বন্দান্তভাবে বুঝাইতে চাই যে, আমার বেদান্তালোচনা এত উর্দ্ধে নিজের শাশত, স্বয়প্রত, প্রশান্তিময়, স্লিশ্ব, জ্যোতির্মণ্ডলে প্রতিষ্ঠিত যে, সেখানে সাম্প্রদায়িকতা বা সংকীর্ণতার কুঠার পৌহুছিবার কিছুমাত্র সন্তাহনা নাই। ইহা তোমাকে বিশেষভাবে বুঝাইবার প্রয়োজন মনে করি। যদি আমাদের-শাল্পের উক্তিতে অন্ধ বিশ্বাস করিতে দ্বিধা কর, সেজন্ত অতি সংক্ষেপে আধিভৌতিক বৈজ্ঞানিকগণের বর্ত্তমান বিংশ শতান্ধীর দ্বিতীয়পাদে একটি বিশ্বয়কর আবিষ্কারের উল্লেখ করিতেছি। ইহা ৪।৩।৬ সত্ত্রে বিস্তান্তিতভাবে আলোচনা করিয়াছি।

२৮। आमारनत्र भाषाञ्चमारत- এই পृथिवीत् ्वा ज्र्लारकत वाहिरत हेहात বেষ্টনীশ্বরূপ ভূব:, স্ব:, জন:, তপ: ও সত্যলোক-প্রত্যেক পরেরটি পূর্বেরটি অপেক্ষা দশগুণ বিস্তারে ঘিরিয়া আছে 🖟 আধিভৌতিক বিজ্ঞানানুসারে স্থূল কঠিন পৃথিবী বা ভূলে কিকে বেষ্টন করিয়া আছে অপ্-লোক বা জলের বেষ্টনী বা মেঘলোক। এইখানে মেঘ, বৃষ্টি, ভ্ষার, করকা, শিলা প্রভৃতির অন্তিত্বের পরিচয় আমরা প্রত্যক্ষতঃ উহাদের পৃথিনীর পৃষ্ঠে পতনে দেখিতে পাই। এথানে বায়্ প্রবহ্মান। ঝঞ্জা, ঝটিকা, বিচ্যুৎকুরণ, মেঘসঞ্চরণ, অশনি গর্জন ইহার প্রমাণ দেয়। ইহা জলের বেষ্টনী। ইহার বাহিরে তেজের বেষ্টনী। দেখানে যত উর্দ্ধে উঠা যাইবে, তত তাপের হ্রাস ও শৈত্যের বৃদ্ধি অনুভূত হইবে। এথানে মেঘবৃষ্টি নাই, কিন্তু বায়ু প্রবহমান। ভ্-বায়্র ভায় এই উভয় বেইনীর অস্তভু ক্ত বায়্—উহার উপাদানীভৃত-অম্লজান, উদজান, যবক্ষার জান, অঙ্গারক প্রভৃতি বাম্পের সহিত ঘনিষ্ঠভাবে সংমিশ্রিত। প্রবহমান বার্ই এই সংমিশ্রণের হেতু, ইহা সহজে বুঝা যায়। বাহিরে বাণুর বেষ্টনী। এখানে প্রবাহ-আবহ প্রভৃতি বাষ্প্রবাহ বর্তমান নাই। এ কারণ বায়্র উপাদানীভূত উপরোক্ত অমজানাদি বাষ্পগণ পরস্পর সংমিশ্রিত না হইয়া, নিজ নিজ আপেক্ষিক গুরুত্বান্স্পারে উপরে-নীচে সচ্জিত। এই নেইনাতে ভাপের হ্রাপর্দ্ধি নাই। উক্ত বেষ্টনীর নীচের স্তরে যে তাপ,

উপরে ১০০ বা ১৫০ মাইল উঠিলেও তাপের কোনও ব্রাস উপলব্ধ হয় না। ইংরাজীতে ইহার নাম Tropo Pansa, বাংলায় "তাপদ্বির" বলা যাইতে পারে। এথানে বিক্ষোভমাত্র নাই। নিবিড প্রশাস্তি চিরবিরাজিত। এই তিন বেষ্টনীর প্রথম দুইটি সমগ্র ও হৃতীয়টির আধাভাগ লইয়া আমাদের শাস্ত্রকথিত ভুবর্লোক। তৃতীয় বেষ্টনীর উপর স্তর ও তাহার বাহিরে আকাশ বেষ্টনীর অনেকাংশ লইয়া শাস্ত্রকথিত স্বর্লোক। দেখানে ও তাহার বাহিরে মহঃ, জনঃ, তপঃ লোকে যে চিরপ্রশান্তি নিবিড়ভাবে বিরাজ করিবে, তাহা বলা বাহুল্যমাত্র।

২৯। আমার বেদাস্তালোচনার শিরোদেশ উহাদের সকলকে ভেদ করিয়া এবং উহাদের বাহিরে সত্যালোকও অতিক্রম করিয়া, নিজের স্বয়স্প্রকাশ, শ্রিগ্ন, নির্মাল জ্যোতিঃতে সমূজ্জ্বল, চৈতন্তময় তত্তলোক। সেথানে ব্রহ্ম বা পরমাত্মা বা পরমপুরুষ বা ভগবান যে পদার্থ—ভাঁহার ভাবস্বরূপ তত্তলোকও সেই পদার্থ। স্থতরাং সেখানে ভোমার কুঠারের প্রবেশাধিকার নাই, ইহা বৃঝা গেল না কি ?

০০। অন্তপক্ষে দেব, আমার উক্ত আলোচনার ভিত্তি সর্বপ্রকার বিক্ষেপবর্জিত, চিরপ্রশান্ত, চিরন্তন, দত্যের উপর প্রভিন্তিত। একারণ পৃথিবীর
পরিচিত, অতি কঠিন গ্র্যানিট প্রস্তরের-ভিত্তি অপেক্ষা উহা যে কোটি কোটি
ন্তান স্থান্ন, তাহা কি আর বলিতে হইবে? কাঠিন্ত-কোমলতা ত আপেক্ষিকতার
অন্তর্ভুক্ত। নিরপেক্ষ সত্যম্বরূপে উহাদের স্থান কোথায়? স্থতরাং হঠকারিতা
বশতঃ উক্ত ভিত্তিতে কুঠারাঘাতের কল্পনা করিক্ষে কুঠার চ্প্বিচ্প হইয়া
ধূলিকণার পরিণত হইবে। অতএব ডোমার আক্ষালন ব্থা, সন্দেহ নাই।

আরও একটি কথা শারণ করিতে অনুরোধ করি। শ্রুতি এবং শ্রুতির দৃঢ় ভিত্তিতে স্প্রতিষ্ঠিত ব্রহ্মস্ত্র বা বেদান্ত সর্বদেশের, সর্বকালের, সর্বব্রহায় মানবদেহধারী জীববৃদ্দের আতান্তিক কল্যাণকামী। এজন্ত ইহার শিক্ষা অতি উদার, অতি সরল ও সর্বগ্রাহী। ইহা কোন বিশেষ সম্প্রদায়ের মতবাদ নহে। উহা অপৌক্ষরেয়, ১।:।০ স্ত্রের আলোচনায় ইহা বৃথিতে চেষ্টা করিব। ভগবানের জগৎ ক্রীড়ার দঙ্গী জীব ল্রান্ত হইয়া—কুপথে গিয়া কষ্ট পাইতেছে। অপার করণায় ভগবান তাহাদিগকে স্পথে আনয়ন করিবার জন্ত তাহাদের স্বাতয়্রো হস্তক্ষেপ না করিয়া, উক্ত স্বাতয়্যের ভিতর দিয়াই নিজ্ব স্বরূপে ফিরাইয়া আনিবার জন্ত "বেদান্তরুৎ" রূপে (গীতা ১৫।১৫) বেদান্ত জীবসমাজে অভিব্যক্ত করিয়া, জগৎ ক্রীড়ার বৈচিত্র্য বিধান করিয়াছেন।

७१ त्वान इरेट निवास इरेनाव रेश जासाय ७विस, मकलाव ज्या हेश जान्ति । एमू निष्कंत मिन्ति मन्त्रावराति, छेवस ग्रहानित ७ सार्वानिक हरेनाव जिसका नाज कवा माल निवास । तिनास मार्क्षजनीन ७ मार्क्षकानिक रखाय, त्कान निवास वाजित्क मल ग्रानिनाव अभरे जिते ना। हेश काशाव कान श्रामित वाजित प्रमाण कान निवास अक्षेत्र निवास निवास विवास निवास अक्षेत्र निवास निवास

৩১। তুমি হয়ত মনে করিয়াছ, তোমার আন্ফালন আমাকে নিরুৎসাহ করিবে। ইহা তোমার বড়ই ভ্রম। আমার পক্ষে তোমার দংশয় সমাধান অতি সহজ। হরিনাম গ্রহণের সহিত ভাগবত সাহায্যে বেদান্তালোচনার কিছুমাত্র বিরোধ নাই। যদি হরিনাম করিয়া, তুমি মনে শান্তি পাও, তাহা হইলে উহাই ভোমার একমাত্র আলম্বন। ভোমার বেদান্তালোচনা শুনিবার কোনও প্রয়োজন নাই। ভোমার উহা আলোচনার বা গুনিবার জন্য আমার কোনও উপরোধ-অহুরোধ নাই। তবে একটা অতি প্রয়োজনীয় কথা স্মরণ রাখিও। আশা করি, ইহা ভোমার অবিদিত নয় যে, নাম গ্রহণের সময় নাম ও নামীর অভেদ চিন্তন-শাঞ্জে উপদিষ্ট। এই অভেদ চিন্তনের-সহিত নাম গ্রহণ করিলে শুভ ফল শীঘ্র শীঘ্র প্রকটিত হয়। ভাগবত ১০।৮৭।২ শ্লোকে (উহা ১৷১৷২ স্ত্রোলোচনায় উদ্ধৃত হইয়াছে) বলিয়াছেন যে, মানব, বুদ্ধি-ইন্দ্রিয়-মন ও প্রাণসহযোগে জন্মগ্রহণ করিয়াছে। প্রাণ—মন্থয় ও মনুয়েতর সকলের আছে, স্তরাং উহা ছাড়িয়া দিলেও, বৃদ্ধি, ইল্রিয় ও মন মানবের যেরপ উন্নত স্তরের, অপর প্রাণীদিণের সেরপ নহে। মাহুষের এই বিশেষ ব্যবস্থা উদ্দেশ্যমূলক। भानव त्रह्धांद्री खीव यनि উहात्मद्र यथायथ পরিচালনের সহিত জीবনযাত্র। নির্ব্বাহ করে, তাহা হইলে, তাহার চতুবর্গফল লাভ হয়—অর্থাৎ বিষয় উপভোগ, তজ্জনিত জন্মের পর জন্মলাভ, তাহা হইতে ক্রমশঃ ক্রমোন্নতি সোপানের, উচ্চ হইতে উচ্চতর স্তরে আরোহণ এবং পরিণতিতে মোক্ষ প্রাপ্তি বা নিজের শাখত, কিন্তু অধুনাল্প্ত, নিতাম্বরূপে অবস্থান লাভ করিরা সংসারের উত্থান-পতন প্রবাহ হইতে মুক্তি পায়। একারণ জীবন ধারণের সার্থকতা সম্পাদনের জন্ম, বৃদ্ধি ইজ্রিয়-মনের যথায়থ পরিচালন। অতি অবশ্য কর্তব্য। বুদ্ধি ও মন চিস্তনের যন্ত্র। এই হেতু, নামের সহিত নামীর অভেদ চিস্তনের উপদেশ শাল্পে দেওয়া হইয়াছে :

তথা আমি নিজে বিশ্বাস করি যে, নামের শক্তি অসীম। না জানিয়া উপ্রবিধ্য ঔষধ সেবন করিলে দ্রব্যগুণবশতঃ উহার কার্য্য উহা যেমন করিবেই করিবে, সেরুপ হেলায় হউক্, শ্রদ্ধায় হউক্, নামগ্রহণে বল্পগুণ প্রকৃতিত হইবেই হইবে। তবে আধিতোতিক ক্ষেত্রে যেমন মৃষ্ব্র্বাক্তর জীবনী-শক্তি অতি ক্ষীণ হইয়া পড়িলে, উক্ত উগ্রবীধ্য ঔষধ নিজপুণ প্রকাশ করিছে পারে না। আধ্যাত্মিক ক্ষেত্রেও সেইরূপ মন বা বৃদ্ধি সংযোগ না করিয়া নাম গ্রহণ করিলে, নামের শক্তি প্রকৃতিত হইতে অভিশয় দেরি হইয়া যায়। এমন কি জন্মের পর জন্ম, এইরূপে বহু জন্ম অতীত হইয়া যায়। (গীঃ ৭।১৯)। এজন্ম মন ও বৃদ্ধি সংযোগের সহিত নাম-নামীর অভেদ চিন্তনে নামগ্রহণ অতীব প্রয়েজনীয়। এই জন্মই ছালোগ্য শ্রুতি প্রস্ট উপদেশ দিরাছেন "যদেব বিজ্ঞয়া করোতি শ্রেদ্ধয়োপনিষদা। তদেব বীধ্যবন্তরং ভবতি।" (ছালোগ্য ১।১)১০)

৩৩। তারপর আরও দেখ। নাম ত আমাদের ইন্দ্রিয়গ্রাহ্ন বস্তু। উহার পরিচয় আমাদের সকলের অল্পবিস্তর জানা আছে। কিন্তু নামী—এমন একটি বস্তু, যাহার পরিচয় অতি তুর্লভ। বাক্য-মন-বুদ্ধি সে বস্তকে প্রকাশ বা ধারণা করিতে পারে না। অথচ উহার সম্ভবমত কিছু পরিচয় না জানিলে, উহার চিন্তন ও নামের সহিত উহার অভেদ-সম্বদ্ধ-জ্ঞান কেমন করিয়া সম্ভব হইতে পারে? অতএব যুক্তিতে পাইতেছি যে, উহার সম্ভবম্ভ অল্প-বিস্তর পরিচয় জানা প্রয়োজন। এই পরিচয় কি প্রকারে পাওয়া যাইতে পারে? এই প্রশ্নের বিচারে আমরা এই দিদ্ধান্তে উপনীত হইতে বাধ্য হই যে, যাঁহারা উক্ত পরিচয় লাভ করিয়াছেন, তাঁহাদের সাহায্য গ্রহণ ব্যতীত উপায় নাই। ব্রহ্ম গুরুই সেই পরিচয়ক্ত, একারণ গুরুচরণ আশ্রয় প্রয়োজনীয়, এই উপদেশ শ্রুতি দিয়াছেন এবং আমরা উপরে ইহার আলোচনা করিয়াছি। তবে ব্রহ্মজ্ঞ গুরু দুষ্পাপ্য এমন কি অপ্রাপ্য, ভাহা তুমিও বলিয়াছ। স্বতরাং উপযুক্ত গুরু না পাইলে কি নিশ্চেষ্ট হইয়া বসিয়া থাকিবে? তাহা হইতে পায়ে না। শ্রুতি উক্ত পরিচয়দানে সম্পূর্ণ সমর্থ। উহা অপৌরুষেয়, তাহা পূর্বের বলিয়াছি। ব্যক্তিগত ভ্রম-প্রমাদ প্রভৃতি উহাতে নাই। উহা পরমেশরের শব্দ স্তরে অভিব্যক্তি—ইহা যদি বিশ্বাস কর কথা নাই। নতুবা, শ্রুতিমন্ত্র সকল, সাধন সিদ্ধ, ব্রহ্মভাবপ্রাপ্ত-মহাপুরুষগণের-প্রত্যক্ষাস্তৃতির ফল, ইহাতে সন্দেহ নাই। স্তির আদি হইতে, আমাদের দেশের সাধক, সিদ্ধ, পণ্ডিত সকলেই ইহা দৃঢ় বিশাস করিয়া আসিতেছেন। স্বতরাং শ্রুতির সাহায্যগ্রহণ অত্যাবশ্রক বুঝা তার। কিন্তু শ্রুতি বহুবিস্তুত। উহার বহু শাখা ও প্রশাখা। সম্দায়ের আলোচনা মাজিকার দিনে অসন্তব। ব্রহ্মতা শ্রুতি সকলের সমন্ত্র ও অবর্ধে প্রতিটার বাবন্থিত। শ্রুতিই উহার ভিক্তি: এই সকল কারণে, ব্রহ্মত্ত্রের সাহায়ে উক্ত পরম বস্তুর যথাসন্তব পরিচয় লাভের চেটা কি কর্ত্বরা নহে? গঙ্গামানেজু বাক্তি গঙ্গামান করিবার জন্ম কি গোম্থী হইতে সাগরসঙ্গম পর্যান্ত গদার স্রোতে ভাসিয়া গিয়া স্নান-ক্রিয়া সমাধা করেন? তাহা করা এটা নহে। যদি কেহ চেটা করেন, তবে অতি শীল্র যে তাহার ভবলীলা সাঞ্চ হবে, তাহা কি আর বলিতে হইবে? উক্ত স্নানেজু বাক্তি যেমন গঙ্গা প্রবাহের যে কোন ও স্থানে স্থান করিয়াই গঙ্গামানের ফলপ্রাপ্ত হন। সেইরূপ ব্রহ্ম বা পরভত্বের পরিচয় লাভেচ্ছু বাক্তি, বিশাল, বিস্তৃত সম্দায় শ্রুতি না ঘাঁটিয়া যদি সম্দায়ের সমন্ত্র ও অবিরোধ স্থাপনকারী ব্রহ্মত্ত্র আলোচনা করেন, তাহাতে দোষের কি আছে? এইজন্ম আমার ব্রহ্মত্ত্রালোচনা। শ্রীমদ্ভাগবত ইহার রহস্ত প্রকাশক ভান্ম বলিয়া আমি বিশ্বাস করি। এজন্ম ভাগবত সাহায়ে আমার এই মালোচনা।

এখন জিজ্ঞাদা করি, জোমার দংশয় নিরদন হইল কি ?

৩৫। পূর্ববিক্ষ অমুতপ্ত হইয়া বলিতেছেন :— তোমার অমুত্রহে সংশর অপনোদন হইল বটে, কিন্তু মনে শান্তি পাইতেছি কৈ ? আমার মনে হইভেছে যে, চাপল্যবশতঃ অসংযত ভাষা ব্যবহার করিয়া, তোমায় কট দিলা মহা অপরাধী হইয়া পড়িয়াছি। আমি অকপটভাবে ক্ষমা চাহিতেছি। অমুত্রহ করিয়া ক্ষমা করিবে কি ?

তভা ইহার উত্তরে দিছান্তবাদী বলিতেছেন:—আহা ! তুমি তো বড়ই ঠুন্কো দেখিতেছি। ভাষা একটু অসংযত হইয়াছে বটে, তাহার জন্ম যেটুকু অমুযোগ করা প্রয়োজন, তাহার কোন ক্রটি করি নাই। আর কথা বাড়াইবার প্রয়োজন নাই। তুমি অপরাধ করার কথা বলিতেছ, আমার সম্বন্ধে কোনও অপরাধ হয় নাই। ইহা আমি নিঃসঙ্কোচে বলিতেছি। যদি কিছু অসমান করা হইয়া থাকে, তাহা ভাগবত সাহায্যে বেদান্ত-আলোচনা সম্বন্ধে। এবং সেকারণ, পাকে প্রকারে শ্রীমন্মহাপ্রভু শ্রীরুফ্ণ চৈতন্মদেবের সম্বন্ধে। কি শ্রীমন্ভাগবত, কি ব্রহ্মন্থর, কি শ্রীমন্মহাপ্রভু শ্রীরুফ্ চৈতন্মদেবের সম্বন্ধে। কি শ্রমন্ভাগবত, কি ব্রহ্মন্থর, কি শ্রীমন্মহাপ্রভু শ্রীরুফ্ চৈতন্মদেবের সম্বন্ধে। কি শ্রমন্ভাগবত, কি ব্রহ্মন্থর, কি শ্রীমন্মহাপ্রভু শ্রীরুফ্ চৈতন্মদেবের আমার মান ক্রমন্থরি, অজ্ঞান, মানবদেহধারীগণের মান-ব্যামানের অনেক উর্দ্ধে, নিজের-নিজের স্বংজ্যোতিঃ স্বপ্রকাশ শ্বরূপে প্রতিষ্ঠিত। স্থতরাং তোমার মনে কোন প্রকার কুচিন্তা করিবার প্রয়োজন নাই। তোমার আমার স্থায় সংসার-

পীড়িত প্রত্যেকের মনে রাখা প্রয়োজন যে, অজ্ঞানান্ধ মানবের অজ্ঞানান্ধকার দূর করিয়া, জ্ঞান-বিজ্ঞান-ভক্তি সমূজ্জ্জল তত্বালোকে উদ্ভাদিত করিবার জন্ম ব্রহ্মসূত্র, শ্রীমদ্ভাগবত এবং শ্রীমন্মহাপ্রভুর মর্ত্যধামে আবির্ভাব। তিনিই এক মহত্দেশ্যমূলক। স্বতরাং তোমার হুঃখ করিবার কিছুই নাই।

০৭। তুমি বৃহন্নারদীয় পুরাণের "হরের্নাম……" যে শ্লোক উল্লেখ করিয়াছ—শ্রীমন্মহাপ্রভু উক্ত শ্লোক দারা সর্ব্বসাধারণকে শুরু বাচনিক উপদেশ দিয়া ক্ষান্ত হন নাই, উহা সংঘবদ্ধভাবে প্রচলনের জন্তু, গৃহসংকীর্ত্তন, নগরসংকীর্ত্তনের ব্যবস্থা করিয়াছিলেন। কেহ কেহ মনে করেন যে, উক্ত ব্যবস্থা মৃদলমানগণের সংঘবদ্ধ উপাসনার অন্তকরণে প্রবর্তন করিয়াছিলেন। ইহার কারণস্বরূপ তাঁহারা বলিয়া থাকেন যে, তথন মৃদলমানগণ দেশের রাজা, স্থতরাং মহাপ্রভুর পক্ষে রাজশক্তির অন্তকরণে প্রবর্তন করা সম্পূর্ণ সঙ্গত হইয়াছিল। কিন্তু উহা সম্পূর্ণ ভুল। যদি চৈতন্যভাগবতে কথিত নগরসংকীর্তনের বিবরণ আলোচনা করা যায়, তাহা হইলে ম্পান্ত প্রতীয়মান হইবে যে, উহা তৎকালীন কাজীর গৃহসংকীর্তন বন্ধ করিবার হকুমের বিক্তমে অনুষ্ঠিত হইয়াছিল এবং মহাপ্রভু নিজে কাজীর গৃহে গিয়া তাঁহাকে ব্র্ঝাইয়া উক্ত হুকুম প্রত্যাহার করাইয়াছিলেন। শ্রীমন্মহাপ্রভুর উক্ত অনুষ্ঠানের ভিত্তি আমরা গীতার ১০০ শ্লোকে দেখিতে পাই। ভগবান উক্ত শ্লোকে ব্লিতেছেন:—

মচিচত্তা মদ্গতপ্রাণা বোধয়ন্তঃ পরস্পরম্। কথয়ন্তশ্চ মাং নিত্যং তুস্তান্তি চ রমন্তি চ॥ গীঃ ১০।১

মচ্চিত্ত, ও মদ্গতপ্রাণ সাধকগণ আমার বিষয় পরস্পরকে বুঝাইয়া ও কীর্ত্তন করিয়া তুষ্টি ও নিবৃত্তি লাভ করেন। ১০।>

তদ। যে সম্দায় সাধক পূর্ব্বস্থকতিবলে, দৃঢ়বিশ্বাসের সহিত উহার সাধনা করিবেন, তাহাদের যে পরম পুরুষার্থ লাভ হইবে, তাহাতে সন্দেহমাত্র নাই। তবে বিশেষভাবে মনে রাখিতে হইবে যে, দৃঢ় বিশ্বাস ও শ্রুদ্ধা অপরিহার্য। এজন্য আগেই বলিয়াছি "যদি তুমি হরিনাম করিয়া মনে শাস্তি পাও, তাহা হইলে উহাই তোমার একমাত্র আলম্বন। তোমার বেদাস্কানলোচনার কোন প্রয়োজন নাই।" কিন্তু পাশ্চাত্যদেশের শিক্ষানীতি. আমাদের দেশে প্রচলিত হইয়া, আমাদের মনে শ্রুদ্ধা ও বিশ্বাসের ম্লোৎপাটন-পূর্বাক, তাহাদের স্থানে, নানাপ্রকার সংশার, সন্দেহ, গুরু ও শাস্ত্রবাক্যে অবিশ্বাস প্রভৃতি আগাছা রোপন করিয়াছে। ফলে আমরা কোনও কিছু দৃঢ় বিশ্বাসের প্রভৃতি আগাছা রোপন করিয়াছে। ফলে আমরা কোনও কিছু দৃঢ় বিশ্বাসের

সহিত গ্রহণ করিতে পারি না। যুক্তি, বিচার প্রভৃতি বড় বড় কথার উল্লেখ করি। এমন কি যে অচিন্তা, সর্বজ্ঞ, অনস্ত শক্তিমান মহাসন্তা, বিশের রচনা, পরিচালনা, পরিপোষণ, সংবর্দ্ধন, ক্রমোম্নতি—সম্পাদন প্রভৃতি করিতেছেন এবং যাহার কাছে মানবীয় যুক্তি-বিচার প্রভৃতি পৌহছিতে পারে না, তাঁহার সম্বন্ধেও সহজে বিশ্বাস করিতে পারি না। বাগ্-বিততায় প্রয়োজন উপলব্ধি করিয়া, উহাদের অবভারণা করিয়া আনন্দ পাই। পাছে বুথা তর্ক করিয়া "ইতো नष्टे छट्छा चर्डः" इरेशा পড़ि, এकात्रण मानव-एण हथाती जीव माट्यंतरे भूतम হিতিষী শ্রতিগণের সারম্বরূপ বন্ধাহ্ব ও তাহারই রছ্তা প্রকৃত অর্হজাপক ভাগবত লইয়া আলোচনায় শেষজীবন যাপন করিতেছি। সংশয়প্রবণ। সম্লায় সংশয়ের চূড়ান্ত মীমাংসা ব্রহ্মত্তই আছে। সে কার্ন বিচার-বিতর্কের কণ্ডুয়নও উহার ঘারা নিবারিত হয়। মানবদেহের সহিত বৃদ্ধি-ইন্দ্রিয়-মনঃদংযোজনের দার্থকতা দিদ্ধ হয়—উহারাই ত বিচার-বিতর্কের-ম্থাতম অঙ্গ। ভগবান কর্ত্ব গীতায় কথিত জ্ঞান ও ভক্তির পরস্পর উপায়-উপেয় সম্বন্ধ। (গী: ১৮।৫৪-৫৫) হৃদয়ঙ্গম করিবার প্রচেষ্টাও যথাসম্ভব সম্পাদিত হয়। যদি আমার এই অপটু আলোচনায় সত্যাত্মসন্ধিৎস্থাণের মধ্যে একজনেরও কিছু উপকার হয়, তাহা হইলে জীবন দার্থক মনে করিব। ণাশ্চাত্য শিক্ষায় তথাকথিত শিক্ষিতগণের মনোভাবের পটভূমিকায় এই আলোচনা প্রধানতঃ করা হইতেছে। জানি না, ইহা তাঁহাদের মনঃপৃত হইবে কিনা ? কিন্তু ভাহার জন্ম আমার উদ্বেগমাত্র নাই। ভগবানের অনুগ্রহে ও अभिजामाजात जामीकारि रयपूर् मिक्नाला कतियाहि, जारा यनि जनवारनत মহিমাচিন্তনে ও খ্যাপনে নিয়োগ করিতে পারি, তাহা হইলেই উহা সার্থক, এই মনে করিয়া, আমার নিজের জন্তই এই আলোচনা। স্থতরাং তুমি নিজের ইচ্ছায় ইহা শোন ভাল, না শোন তাহাতেও কোনও ক্ষতি নাই। আমার कान উপরোধ-অনুরোধ নাই, ইহা আগেও বলিয়াছি।

৩৯। পূর্ববিক্ষ পূনরায় বলিতেছেন:—তোমার উদারতায় আমি মৃষ্ট হইয়াছি। তোমার স্থল মৃক্তি-বিচারে, প্রাঞ্জল ব্যাখ্যায়, আমার বহুদিনের অনেক সংশয় মিটিয়া যাইতেছে। ইহাও বলি যে, আমি বরাবর তোমার চিস্তাধারায় এই প্রথম স্ত্রের ব্যাখ্যানেই অনেক ব্যাঘাত স্তজন করিয়াছি। ইহাতে আমি সত্যই তুঃখিত। কিন্তু কি করিব? সংশয় নিরসনের জন্ম আর কোথাই বা যাইব? তুমি বেদাস্তালোচনা কর, জানিয়া তোমার কাছে আসিয়াছি।

৪০। সিদ্ধান্তবাদী বলিতেছেন:—ভোমার কুন্তিত হইবার কোনও কারণ নাই। বেদান্তলোচনায় আমি আনন্দ পাই বলিয়া উহা করিয়া থাকি। আপতি উত্থাপিত হইলে তাহার আলোচনায় ও বিচারে, যে সমৃদায় বিষয় অল্পবিস্তর কুহেলিকাচ্ছন্ন ছিল, সে সকল পরিস্ফুটরুপে আলোকিত ও প্রকাশিত হইয়া আমারও উপকার সাধন করে। স্কুতরাং তোমার সংশর-অকুন্তিত চিত্তে বল। আমি যথাসাধ্য উহার সমাধানের চেষ্টা করিব এবং যদি সে চেষ্টায় তোমার সংশয় নিরসন করিতে পারি, তাহা হইলে ধন্য হইব।

তবে যদি কিছু মনে না কর, একটা কথা বলিয়া রাখি যে, এই স্তের শেষ-ভাগে ও পরবর্ত্তী অনেক স্ত্রে ব্রহ্মতত্ব আলোচিত হইবে। ব্রহ্ম ও তাঁহার তত্ব-উভয়ে অভিন্ন। উহা এমন একটি বন্তু, যেথানে বাক্যাও চিন্তা পৌহছিতে পারে না। একারণ মানবের বাক্য-মনঃ-বৃদ্ধির পরিচালনায় উন্তৃত ভর্কশান্ত্রের যুক্তি-বিচার-প্রমাণ-প্রমেয় প্রভৃতি দে বস্তুতে প্রযোজ্যা নহে। দেখানে শ্রুতিই একমাত্র প্রমাণ এবং শ্রুতির বিধানাত্র্যারে সাধনাকারী লন্ধবিদ্য সাধকের অপরোক্ষাত্রভৃতিলন্ধ উপদেশ। আমার একান্ত অন্থরোধ সে ক্ষেত্রে হঠকারিতার প্রশ্রে দিয়া যথেচ্ছে আপত্তি উত্থাপন—আলোচনা চলাকালে করিও না। যদি আপত্তি করিতেই হয়, আলোচনার শেষে করিলে, আমি যথাসাধ্য উহা সমাধানের চেষ্টা করিব। যদি ইহা স্বীকার কর এবং শ্রুতি প্রমাণ-গ্রাহ্য কর, তবে এদ, উভয়ে একত্র অগ্রসর হই। অন্যথায় আমাদের ছাড়াছাড়িই ভাল।

৪১। পূর্ব্বপক্ষ বলিতেছেন:—শ্রুতি আমার পূজার বস্তু। উহার প্রমাণআমি বিনা দিধায় মস্তকে গ্রহণ করিব। এবং শ্রুতির ঘনিষ্ঠ অনুগামী শ্রীমদ্ভাগবত
ব্রহ্মপুত্রের প্রকার রচিত, উহার প্রকৃত অর্থজ্ঞাপক ভাষ্ম বলিয়া, ভক্তির সহিত
গ্রহণ করিব, ইহাতে সন্দেহ করিও না। আমি আরও অপীকার করিতেছি
বে, অতঃপর ব্রহ্ম বা ব্রহ্মবিত্যা বা অপর কোনও বিষয় সম্বন্ধে আপত্তি, আলোচনা
চলাকালে উঠাইব না। তবে নিতান্ত প্রয়োজনে বাধ্য হইয়া যদি আপত্তি
উঠাইতে হয়, তাহার অনুসতি দিও।

৯) পূর্ব্বপঞ্চের পঞ্চম আপত্তি ও তাহার সমাধান।

9২। পূর্ববিক্ষ বলিতেছেন:—এখন আমার মনের সংশয়টি নিবেদন করিতেছি। তুমি উপরে বলিয়াছ যে, মান্থবের ভগবংপ্রদত্ত শক্তির যথাসম্ভব সদ্ব্যবহার করিয়া নিজেকে ব্রন্ধবিচ্চালাভের উপযুক্ত মধিকারী-রূপে গড়িয়া তোলা সকলের কর্ত্ব্য। কিন্তু বর্ত্তমানে আমাদের চতুর্দিকে দেখিতে পাই যে, অনেক ব্যক্তি সারা জীবন ধরিয়া, চেষ্টা করিয়াও কোনও দৃশ্য ফল লাভ

করিতে পারেন নাই। অপরের কথা ছাড়িয়া দিলেও আমার নিজের ব্যক্তিগত চেষ্টা ত আমার কাছে অবিদিত নাই। অবশুই নিজের কথা বলা আশোভন, তাহা জানি। তথাপি ইহা প্রবসত্য যে, চেষ্টা করিয়াও কোন ফল পাইয়াছি বলিয়া মনে হয় না। ইহাতে প্রাণে হতাশভাব জাগে যে, এ সম্দায় চেষ্টা কি বৃথা হইল ? এ সম্বন্ধে কি কোনও আশার বাণী তোমার কাছে ভনিতে পাইব?

৪৩। উত্তরে সিদ্ধান্তবাদী বলিতেছেন: -তুমি মনে করিও না যে, এই অনন্ত, অগণ্য বিশ্বে এবং তাহাদের অন্তর্ভুক্ত প্রত্যেক ব্যষ্টি বস্তর প্রতি অণু-পরমাণুতে যে থেলা দিবারাত্র অবিচ্ছেদে চলিতেছে, তাহা অন্ধ নিয়তির উদেশহীন, থামথেয়ালী কল্পনা বিলাস মাত্র। সৃষ্টি উদেশুমূলক—ইহা পূর্বেত বলিয়াছি। একজন সর্বজ্ঞ, সর্বাণক্তিমান্, পরমকারুণিক, জীববৎসল, মহাসত্তা স্ষ্টির মূলে থাকিয়া সেই উদ্দেশ্য পরিচালনা করিতেছেন। ক্রমাভিয়ক্তিই সেই উদেশ। দৃশত: জড়, অচেডন, একটি বালুকাৰণা বা একথও প্রস্তরকে-দেঁতলা, ছত্তক, উদ্ভিদ প্রভৃতির মধ্য দিয়া, ক্ষুত্র ক্ষুত্র, ইতর জীবমণ্ডলীর নানা যোনির পর, যোনিতে জন্ম-মৃত্যুপ্রবাহে-উন্মজ্জিত-নিমজ্জিত করণান্তে, উন্নততর জীবে পরিণত করিতে করিতে পরিণতিতে মানবদেহধারী জীবে অভিব্যক্ত করে। মানবদেহধারণের পর, অভিব্যক্তির বিশিষ্ট দোপানে প্রতিষ্ঠিত হয়। ইহার পূর্বে ওধু প্রাকৃতিক শক্তির অমোঘ নিয়মে ক্রমাভিব্যক্তি হইতেছিল। এখন হইতে মানবদেহধারী জীব, প্রাকৃতিক শক্তির সহিত নিজের বহি: ও অন্তরেন্দ্রিয়গণের শক্তি সংযোজন করিবার স্বাধীন ইচ্ছা লাভ করে। এই স্বাধীন ইচ্ছা ভগবতপ্রদত্ত। ক্রমাভিব্যক্তির অনস্ত সন্তাবনার প্রাপ্তিই এই স্বাধীনতার লক্ষ্য। এই স্বাধীনতা দিয়াছেন, বলিয়া ভগবান, এই স্বাধীন ইচ্ছা পরিচালনে रखरक्त करतन ना। मानवर्षिशाती कीव, यिष এই श्राधीन रेक्कांत यथाि छि পরিচালনায়, প্রাকৃতিক শক্তির সহিত আত্মশক্তি সংযোজিত করিয়া, একযোগে লক্ষ্যাভিম্থে অগ্রসর হয়, ত্থন উন্নতির অনন্ত সম্ভাবনার (খেতাখতর ৫০১) সম্ভ্রল मण, ভारात गम्यू थकि रहेगा, जारात्क भीत भार बात्र अवामत रहे আহ্বান করে। এমন কি পরিণতিতে ভগবানের-নিত্যধামে-শাশ্বত প্রশান্তি লাভ করিয়া থাকে। (ছান্দোগ্য ৭।২৫)। কাল অনস্ত, আত্মাও নিত্য-স্কুতরাং হতাশ হইবার কিছুই নাই। যে অচিন্ত্য শক্তিশালী মহাসন্তার উল্লেখ করিয়াছি, তিনি সমষ্টিও ব্যষ্টি বিশের—সুল স্ক্র সম্দারের অন্তরে ও বাহিরে প্রকাশমান। বিশের ক্ষুদ্র বৃহৎ সমুদায় ব্যাপার, তাঁহার চিরজাগ্রত চক্ষুর

উপরে সংসাধিত হইতেছে। জগতের কুত্রাপি স্থল হউক বা পরমাণ্ অপেক্ষা স্থল হউক, কোনও ব্যতিক্রম, ব্যতিচার বা অগুধা ভাব নাই। প্রকাশ্রে বা অপ্রধাশ্রে বিদলে বায় না। সমস্তই প্রতি মানবদেহধারী জীবের কর্মস্থপে সঞ্চিত থাকে। শাম্ক বেমন ভাহার ঘর-বাড়ী নিজের পিঠে লইয়া চলা কেরা করে, উক্ত দেহধারী জীবও সেইরপ এই কর্মস্থপ সঙ্গে সঙ্গে লইয়া, জন্ম হইতে জন্মান্তরে চলাফেরা করিয়া থাকে। এই কর্মস্থপই জীবের আবরণ। ইহাই তাহার প্রকৃত স্বরূপ আবরণ করিয়া রাখে। এ সব কথা পরে বিস্তান্বিভভাবে বলা হইবে, তোমার আগ্রহে, আগেই সংক্ষেপে বলিতে হইল।

৪৪। তুমি যে সংশয়ের উল্লেখ করিলে, ভগবানের নিজম্থে গীতার-তত্ত্ শুনিতে শুনিতে, অর্জ্জ্নের মনেও এই সংশয় উদিত হইয়াছিল। উক্ত সংশয় এবং ভগবান কর্তৃক উহার সমাধান গীতার ষষ্ঠ অধ্যায়ে ৩৫ হইতে ৪৫ শ্লোকে কথিত হইয়াছে। উহা যথাস্থানে মনোযোগের সহিত পড়িতে অন্তরোধ করি। গ্রন্থবাহুল্য পরিহারের জন্ম উহাদিগকে উদ্ধৃত করিলাম না। কুকক্ষেত্র সমর প্রাঙ্গণে উভয় পক্ষের অষ্টাদশ অক্ষেহিণী পরস্পর যুদ্ধোন্ম্থ দৈন্যসমূহের সমক্ষে, ধীর, স্থির, অদঙ্গ, উদাদীন, ভগবান শ্রীকৃষ্ণ অর্জ্বনের রথে দার্যথির সাজে সাজিয়া, উদাত্ত কঠে যে অভয় বাণী উচ্চারণ করিয়াছিলেন, তাহা আজিও ভারতের আকাশে বাতাদে প্রতিধ্বনিত হইতেছে, এক নরদেহধারী জীবের স্থান্যে পুলক-ম্পান্দন জাগাইতেছে। উহাই ভোমার সংশয়ের সমাধান। ভগবানের উক্ত বাণীর মর্মকথা এই যে, "হে জীব! হতাশ হইও না। এখানকার-কিছুই বিফলে याग्र ना। "कलाानकूर" কেহ कि ইহকালে কি পরকালে হুর্গতি প্রাপ্ত হয় না। যে ব্যক্তি ইহকালে আত্মোন্নতির পথে যতদূর অগ্রসর হইয়াছেন, পরজন্ম উপযুক্ত পরিস্থিতির মধ্যে জন্মগ্রহণ করিয়া, সেই স্থান হইতে আরও অগ্রসর হইবার পথে-যাইবার স্থযোগ প্রাপ্ত হন। নৃতন দেহে পূর্বজন্মের দেই বৃদ্ধি-সংযোগ লাভ করেন। এমন কি ইচ্ছা না করিলেও, বাধ্য হইয়া, অবশভাবে দেই পূর্ব্বাভ্যাদ হেতু ব্রহ্মনিষ্ঠ হন।" স্বতরাং হতাশ হইবার কিছুই নাই।

৪৫। এ সম্বন্ধে আর একটি কথা বলি যে, তোমার চেষ্টার ফল কি হইতেছে বা না হইতেছে, তাহা বুঝিতে পারা যায় না। একটা অতি সাধারণ দৃষ্টাস্তে ইহা আমরা বুঝিতে পারি। আমরা জানি যে, কোনও উর্বার ভূমিথও-যদি রৌদ্র ও বাতাদে সম্পূর্ণ উন্মুক্ত থাকে—তাহাতে কোনও বীজ লাগাইলে,

তাহা হইতে অঙ্কুর, পত্র, শাখা, কাও প্রভৃতি উৎপন্ন হইয়া প্রকাও বৃক্ষ আকারে প্রকৃতিত হয়। তবে উহার জন্ত অপেক্ষা করা প্রয়োজন। যদি আমি বীজ লাগানর পর-হইতে সকাল-বিকাল হুই বেলা, উহা উঠাইয়া অঙ্কুর হইল কিনা, দেখিতে থাকি, তাহা হইলে অঙ্কুর কোনও কালেই উৎপন্ন হইবে না। বীজটি মই হইয়া যাইবে, ইহা বলা বাহুলা। ধীর ভাবে অঙ্কুরোৎপত্তির জন্ত অপেক্ষা করাই আমার কর্ত্তবা। সেইরূপ-আমি এত করিলাম, অত করিলাম, এরূপ চিন্তায় ও উৎকণ্ঠায় বিচলিত না হইয়া ধীর ভাবে অপেক্ষা করাই কর্তব্য। ইহা ব্যাইবার জন্ত, ভাগবত এই আলোচনায় ১৯ প্রকরণে উদ্ধৃত ১১।১০।৬ আনে জিজাইর একটি বিশেষণ "অসত্তরঃ" দিয়াছেন। উহার অর্থ আশা করি, অন ক্রই হউক, আর বেনীই হউক, যথাকালে হইবেই হইবে, ইহাতে সন্দেহ নাই। বাগানে আম গাছ রহিয়াছে। পৌষমাসে উহাকে দেখিলে কে বিলিবে যে, বৈশাথে উহা অমৃতময় কল প্রস্ব করিবে। উপাসনা ক্ষেত্রেও সেইরূপ। অতএব ভয় পাইবার বা হতাশ হইবার কিছুই নাই। ভগবানের মন্ত্র বাণী কলবতী হইবেই হইবে,

ভাগবত বলিতেছেন:-

মন্যেহকুতশ্চিদ্ভয়মচ্যুতস্ত পাদামুজোপাসনমত্র নিত্যম্। উবিগ্লবুদ্ধেরসদাত্মভাবাদ বিশ্বাত্মনা যত্র নিবর্ত্ততে ভীঃ॥ ভাগঃ ১১।২।৩১

আমার নিশ্চিত সিদ্ধান্ত এই যে, ভগবান অচ্যুতের পাদপদ্ম উপাসনা করিলে আতান্তিক কল্যাণ হয়, কিছু হইতে ভয় পাইতে হয় না। এই সংসারে দেহ, গেহ, জায়া, অপত্য, কুটুমাদি অসৎ বস্তুতে আত্মভাব নিবন্ধন, সর্ব্ধদা উদিগ্নচিত্ত ব্যক্তিগণের ভয়, উক্ত উপাসনা হেতু, বিশ্বাত্মা ভগবান কর্তৃক সর্ব্বতোভাবে দ্রীকৃত হয়। ১১/২।৩১

বর্ত্তমান কাল বিপর্যায়ে-উপযুক্ত গুরু প্রাপ্তি সন্তব না হইলে, আগ্রহশীল, জিজ্ঞাত্ম, ভগবান বাস্থদেবের নাম, ভক্তিযোগ সহকারে সর্বাদ্য গ্রহণ করিলে, সর্বার্থ সিদ্ধি হইয়া থাকে। মৎপ্রণীত "নাম মহিমা" পুস্তকে বিস্তারিতভাবে ইহা আলোচিত হইয়াছে।

১০) ২ অনুচ্ছেদে প্রারম্ভিক সংশ্বের দিতীয়াংশের সমাধান।

৪৬। উপরে (২) চিহ্নিত অনুচ্ছেদে প্রারম্ভিক সংশয়ের প্রথমাংশের সমাধান পূর্বেই করা হইয়াছে। অধুনা দ্বিতীয়াংশের সমাধানে অগ্রসর হইতেছি। ব্যাবহারিক জগতে, বিনা কোনও প্রাপ্তির প্রয়োজনে লোকে কোনও কাধ্য করে না, সভ্য। অভএব সংশয় উত্থাপন করা হইয়াছে, ভূমা বা আত্মা বা ব্রহ্মকে দর্শন, প্রবণ, মনন ও নিদিধ্যাসন, লোকে কি প্রয়োজনে করিবে?

৪৭। শিরোদেশে উদ্ধৃত শ্বেভাশ্বতর শ্রভির ১০০০, মৃত্তক শ্রুভির ৩০০০ ও তাহার স্পান্ত ভাবে, এই প্রয়োজনের পরিচয় দিভেছে। ভূমা, আআ বা ব্রহ্মকে দর্শন, শ্রবণ, মনন ও নিদিধ্যাদন করিলে, উহাদের অনুষ্ঠান কর্ত্তা, পরিণভিত্তে ব্রহ্মস্তরে উন্নীত হইয়া থাকে, তথন তাহার সমৃদায় বয়ন পাশহুতিতে মৃক্তিপ্রাপ্তি হেতু সমৃদায় ক্রেশ ক্ষয়প্রাপ্ত, জন্মমৃত্যু হইতে অব্যাহতি লাভে ভগবানের পরমপদ প্রাপ্তি হইয়া থাকে। ভগবানের সহিত পরম সাম্যুভাব প্রাপ্ত হয়-এমন কি ভিনি নিজে ব্রহ্মই হইয়া যান। ইহাই ত পরম ও চরম লাভ। ইহার সম্বন্ধে ভগবান গীতায় ৬০২২ শ্লোকে বলিতেছেন:—

যং লব্ধু। চাপরং লাভং মন্ততে নাধিকং ততঃ। সীঃ ৬:২২

যাহা পাইলে, তাহার অধিক আর কিছু অধিক লব্ধবা থাকে না। গীঃ ৬।২২ উহাই সম্পায় প্রাপ্তির পরাকার্ছা। উহাই নরদেহ প্রাপ্তির সম্পূর্ণ সার্থকতা। উহাই স্প্তি-বিস্তারের উদ্দেশ্যের পরম ও চরম সিদ্ধি। উহাই জীবের স্বাতন্ত্রাকণার-অযথা পরিচালনে অমৃতলোক হইতে পরিচ্যুত্তির পূর্ণ প্রায়ন্তিত্ত। এ কারণ—প্রত্যেক শ্রেঃ কামীর নিজের স্বাতন্ত্রাকণা যথাযথভাবে প্রয়োগে, স্বরূপে প্রত্যাবর্ত্তন করিবার চেষ্টা অতি অবশ্য কর্তবা। ইহা নৃতন কিছু নহে। হারানো অমৃল্য রত্বের পুনঃ প্রাপ্তি। স্থতরাং কে ইহার জন্ম যত্র করিবে না ?

৪৮। আলোচ্য ক্রে ব্যবহৃত চারিটি পদের মধ্যে "অথ" ও "অতঃ" এই প্রথম ঘুইটির আলোচনায় আমরা, "ব্রদ্ধজিজ্ঞাদায়" পূর্বকালীন অপরিহার্য্য প্রোজনগুলি, বৃঝিবার প্রয়াদ পাইয়াছি। উক্ত প্রয়োজনগুলি সাধিত হইলেই, "ব্রদ্ধজিজ্ঞাদার" অধিকার লাভ হয়, তাহাও বৃঝিয়াছি। এখন "ব্রদ্ধ" বস্তুটি কি, তাহা যথাসন্তব বৃঝিবার চেষ্টায় অগ্রদর হইতেছি। ভাষার ঘারা উহার প্রকাশ অসন্তব হইলেও, উহার দিগ্দেশন জন্ম, বাক্য ব্যবহার ভিন্ন অন্ম কোনও উপায় নাই। বিশেষতঃ "ব্রদ্ধ" শাস্ত্রবোনি, ইহা ক্রেকার সাসত প্রতিষ্ঠিত করিবেন। শাস্ত্র বাক্যসমষ্টি—ইহা সর্ব্ববাদি সম্মত। স্ক্রেরাং আমাদের এই আলোচনা বাক্য সাহায্যে করা সঙ্গত বটে।

১১) ত্রকা।

৪৯। তৈত্তিরীয় শ্রুতি ২।১ মন্ত্রে ব্রন্ধনির্দেশে বলিতেছেন:—

"সভ্যংজ্ঞানমনন্তং ব্রহ্ম" ব্রহ্ম সভ্য—জ্ঞান—অনন্ত স্বরূপ। সঙ্গে সঙ্গে ২।৪ মন্ত্রে বলিলেন—

> যতো বাচো নিবৰ্ত্তন্তে অপ্ৰাপ্য মনসা সহ। আনন্দং ব্ৰহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুত*চন॥

> > তৈঃ ২া৪

বাক্য ও মন তাঁহাকে না পাইয়া ফিরিয়া আসে, সেই আনন্দস্তরপ-এদ্ধকে জানিলে, কিছু হইতে ভয় হয় না। তৈঃ ২!৪

এই উভয় মন্ত্র একত্র পাঠে অর্থ হয়, যে ব্রহ্ম সত্য—জ্ঞান—অনস্ত— আনন্দ্ররপ। বাক্য দারা তাঁহার নির্দেশ বা মন দারা তাঁহার চিন্তা-সভব নহে। অথচ তাঁহাকে জানা যায় এবং জানিলে সম্পূর্ণ অভয় প্রতিষ্ঠা লাভ হইয়া থাকে। ভাগবত-ও ১০।১৩।৪৯ শ্লোকে ''সত্যজ্ঞানানস্তানন্দ'' স্বরূপ বলিয়া, তাঁহাকে নির্দ্দেশ করিয়াছেন। ছান্দোগ্য ও বৃহদারণ্যক শ্রুতি শিরোদেশে উদ্ধৃত মন্ত্ৰদ্বয়ে যথাক্ৰমে "ভূমা" ও "আত্মা" বলিয়া তাঁহারই নির্দ্দেশ করিয়াছেন। ঐতরেয় শ্রুতি ২।৩ মন্ত্রে "প্রজ্ঞানং ব্রহ্ম" বলিয়া তাঁহারই নির্দ্দেশ করিয়াছেন। এই প্রকারে দেই একই পরমতত্ত্ব, আমাদের বোধ সৌক্ধ্যার্থে, নানাপ্রকারে বিভিন্ন উপনিষদে নির্দ্দেশিত হইয়াছেন। তাঁহার নির্দ্দেশক নামের কি অন্ত আছে? ইহা বুঝাইবার জন্য ভগবান স্ত্রকার "চরাচর ব্যাপাশ্রয়ম্ব স্থান্তদ্ব্যপদেশো ভক্তি-স্তদ্ভাবভাবিত্বাং" ২।০)১৭স্ত্র প্রণয়ন করিয়া সিদ্ধান্ত স্থাপন করিলেন যে, চরাচরে সমুদায় শব্দ মুখ্যরূপে ব্রন্ধেরই বাচক— গৌণভাবে তত্ত্বৎ পদার্থের বাচক মাত্র। এইরূপ হওয়াই তো সঙ্গত। জগতের অগণ্য জীব,—অভিব্যক্তির বিভিন্ন স্তরে ।র্গুমান থাকা হেতু, তাহাদের চিস্তার ধারা বিভিন্ন, সে কারণ, তাহাদের উপাসনা বিভিন্ন হইবে, সন্দেহ কি ? এই জন্য উপাসনায় বিভিন্ন আলম্বনও অতি প্রয়োজনীয়।

৫০। ছান্দোগ্য শ্রুতিতে ব্যবহৃত "ভূমা" নামের ব্যাখ্যায় ভাগবত বলিতেছেন:—

ন বাং বয়ং জড়ধিয়োমু বিদাম ভূমন্, কৃটস্থমাদি পুরুষং

জগতামধীশম্ ॥ ১০১০০০

হে ভূমন্! আমরা জড়মতি। আপুনি কৃটস্থ (নির্কিকার), আদি পুরুষ, জগদীশ্বর, আমরা আপুনাকে কি করিয়া জানিতে পারি ? ভাগঃ ১০১৩

কারণ, তাং বায়ুরগ্নিরবনী বিয়দমুমাত্রাঃ, প্রাণেন্দ্রিয়ানি হাদয়ং চিদমুর্গ্রহশ্চ। সবব^{*}ং ত্বমেব সগুণো বিগুণশ্চ ভূমন্,

মান্য হৃদন্তা পি মনো বচদা নিক্ক ম্॥ ভাগবত ৭।৯।৪৭ ইহার অর্থ ১।১।২ পত্রে দেওয়া হইয়াছে। ইহার তাৎপর্য এই :— হে ভ্রমন্! তুমি যথন জগতের যা কিছু সবই, আমাদের বাক্যে যাহা কিছু প্রকাশ পায়, মনের চিন্তা যাহা কিছু মনন করে, সবই যখন তুমি, তখন আমরা বিশাল বিশ্বে একটি নগণ্য অতি ক্ষম্ম প্রমাণ্ হইতেও ক্ষ্ম হইয়া, ভোমায় কি

৫১। বৃহদারণ্যক শ্রুতি মন্ত্রে "আত্মা" পদ সম্বন্ধে ভাগবত বলিতেছেন :—
আত্মাইব্যয়োইগুণঃ শুদ্ধঃ স্বয়ং জ্যোতিরপাবতঃ। ভাগঃ : ০।২৮।১২
আত্মা অব্যয় (নির্বিকার), নিগুণ, শুদ্ধ, স্বয়ম্প্রকাশ এবং অপাবৃত স্বভাব
অর্থাৎ সর্বব্যাপী।

এক এব পরো হ্যাত্মা সর্বেষামেব দেহিনাম্। নানেব গৃহতে মূঢ়ৈ ঘথা জ্যোতি ঘথা নভঃ॥ ১০।৫৪/২৮

সম্বায় দেহধারীগণে একমাত্র বিশুদ্ধ পরমাত্মা বিরাজমান। মৃঢ় ব্যক্তিগণ, জলে প্রতিবিধিত স্থাাদির ন্যায়, অথবা ঘটাদির দ্বারা পরিচ্ছির আকাশের ন্যায়, তাঁহাকে নানার ন্যায় জ্ঞান করিয়া থাকে। ভাগঃ ১০।৫৪।২৮

ব্রহ্মপদের বৃংপত্তিলভ্য অর্থ আগেই দেওয়া হইয়াছে।

উক্ত অর্থের সহিত উপরে বিবৃত ''ভ্মা'' ও ''আত্মা'' পদের ভাগবত সম্মত ব্যাখ্যা তুলনা করিলে, তিনি যে একই পর্যায়ভুক্ত, ইহা সহজে বুঝা যাইবে।

৫২ ৷ কেনোপনিষদের ১١৪ মন্ত্রে বলিতেছেন :--

অন্তাদেব ভণ্ণিদিতাদথো অবিদিতাদধি ৷ কেন ১৷৪

বিদিতাৎ অর্ধাং বিদ্ ক্রিয়ায় কর্মভৃত সম্নায় ব্যাকৃত প্রপঞ্চ এবং অবিদিতাৎঅর্থাৎ তাহার বিপরীত-অব্যাকৃত (অবিছা লক্ষণ বিশিষ্ট ব্যাকৃত বীজ্ঞ)
সম্দায়কে অতিক্রম করিয়া, তাহাদের উপরে অবস্থিত।

্রিই ব্যাখ্যা ভগবান শঙ্করাচার্য্য সম্মত। ইহার অন্য এক স্থল্দর অর্থ হইতে পারেন না।
পারে। যথা,—তিনি বাক্য মনের অগোচর বলিয়া, বিদিত হইতে পারেন না।
অন্যপক্ষে তিনি আত্মস্বরূপ—একারণ তাঁহাকে অবিদিতও বলা চলে না,
কারণ, "আমি আছি" এ জ্ঞান প্রত্যেকের প্রতাক্ষ দিন্ধ—ইহা শাস্ত্র পড়িয়

শিখিতে হয় না এবং "আমি আছি" ইহা আমার অজ্ঞাত নহে—ইহাও প্রত্যেকের প্রত্যক্ষ সিদ্ধ নতুবা জগদ্ ব্যাপার সম্পাদন অসম্ভব হইয়া পড়ে। অভএব তাঁহাকে একাস্ত অবিদিতও বলা যায় না। এই হেতু শ্রুতি বলিলেন যে, তিনি বিদিত ও অবিদিত উভয়কে অতিক্রম করিয়া, নিজস্বরূপে বর্তমান রহিয়াছেন।

উহাই যদি প্রকৃত তত্ত্ব, তাহা হইলে, তাঁহাকে জানা কি একান্ত অসন্তব ?
একান্ত অসন্তব হইলে, ব্রহ্মশ্র প্রণয়নে বা তাহার আলোচনায় কি উদ্দেশ্য
পিন্ধ হইবে। শ্রুতি বলিভেছেন, শান্ত্র পাঠে, তীক্ষ বৃদ্ধি বলে, বা তর্ক-বিতর্ক
বলে, তাঁহাকে জানা যায় না। তিনি যাহাকে "আপন জন" বলিয়া অসীকার
করেন তাঁহার নিকটই আত্মপ্রকাশ করেন। কঠঃ ১।২।২২
মন্ত্রটি এই:—

নায়মাত্মা প্রবচনেন লভ্যো, ন মেধ্য়া ন বহুনা শ্রুতেন।

ধমেবৈষ বৃণুতে তেন লভ্য-স্তস্থৈষ আত্মা বিবৃণুতে তনুংস্বাম্॥

কঠঃ ১৷২৷২২

উপাসনার দারা, তাঁহার "নিজ জন" রূপে বৃত হওয়া সন্তব, ইহা বুঝাইবার জন্ম এবং মানবদেহধারী জীবকে উপাসনার প্রবর্তনের জন্ম, ব্রহ্ম-স্ত্রের প্রয়াস। তৃতীয় অধ্যায়ে বিস্তারিতভাবে ইহার আলোচনা স্ত্রকার করিয়াছেন।

তে। শ্বেতাশ্বতর শ্রুতি ৬।২৩ মন্ত্রে স্থুম্পাষ্ট বলিয়াছেন যে, শ্রুতির অভিপ্রায় সহজে বৃঝিতে পারা সম্ভব নহে। উহা বৃঝিবার জন্ম পরদেবতার প্রতিত পরাভক্তি যেমন প্রয়োজনীয়, নিজের গুরুর প্রতিও সেরূপ পরাভক্তি প্রয়োজন।

ভাগবত ১১।১৭।২২ শ্লোকে বলিতেছেন:—"আচার্যাং মাং বিজ্ঞানীয়াং"—
আচার্যা বা গুরুকে সচিদানল সংস্করপই জানিবে। এথানেও গুরুর
আবশ্যকতা ব্ঝা গেল। আমার মনে হয় যে, যদি প্রয়াস ও আগ্রহ সন্তেও
উপযুক্ত গুরু লাভ না হয় তাহা হইলে নিশ্চেইভাবে বসিয়া না থাকিয়া জগদ্গুরু
ভগবানকেই এবং তাঁহার শন্দরপ শ্রীমদ্ভাগবতকেই গুরুর আসনে বসাইয়া
গল্পবা পথে অগ্রসর হওয়া শ্রেয়: কামীর পক্ষে কর্তব্য। মৃত্তিকা গঠিত
গুরুষ্তি যদি একলব্যের অগ্রবিদ্যা শিক্ষা দিতে পারিয়াছিলেন, তখন সর্বজন
পূজা ও শ্রুতির একান্ত অনুগামী শ্রীমদ্ভাগবত পরম তত্ত্বে জ্ঞান প্রদানে
সমর্থ কেন না হইবেন ?

৫৪। এখন ভাগবত "ব্রহ্ম" সম্বন্ধে কি বলিতেছেন, দেখা যাউক্। বদস্তি তৎ তত্ত্ববিদস্তব্বং যজ্জ্ঞানমদ্বয়ম্। ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ॥ ভাগঃ ১।২।১১

এক অব্যয় জ্ঞান তত্তকেই, তত্ত্বিদ্গণের মধ্যে কেহ ব্রহ্ম, কেহ প্রমাত্মা, কেহ বা ভগ্বান আখ্যায় আখ্যায়িত করেন। ভাগঃ সংখ্য

ভাগবত বলিতেছেন যে, পরমতত্ত্বর যে তিনটি নাম, জ্ঞানী, ষোগী ও ভক্ত সাধক সমাজে প্রচলিত, তাহা উদ্ধৃত শ্লোকে বলিলাম। কিন্তু তাঁহার যে উক্ত তিনটি মাত্র নাম, তভোধিক নহে, ইহা মনে করিও না। প্রকৃতপক্ষে "স সর্ব্বনামা, স চ বিশ্বরূপঃ" (ভাগ: ৬।৪।২৩)। শ্রুতি তাঁহাকে "অশব্দমস্পর্শমরূপম্" (কঠ ১।৩)১৫) বলিয়া তাঁহার নির্দ্দেশ দিয়াছেন বটে। স্বরূপতঃ তিনি তাহাই। কিন্তু সমকালে তিনি অরূপ হইলেও উক্তরূপ বা বিশ্বরূপ। এজন্য ৮।১।১ শ্লোকে "অরূপায়োক্রন্পায়" বলিয়া তাঁহাকে নমস্বার করিয়াছি। উক্তরূপ ধারণ করিবার কারণ কি শুনিবে?

যোহনুগ্রহার্থং ভজতাং পাদমূলম্ নামরূপো ভগবাননন্তঃ। নামানি রূপানি চ স্কন্ম কর্ম্মভি র্ভেন্কে স মহাং পরমঃ প্রসীদতু॥

6.812

দেই পরমতত্ত্ব স্বরূপ অনস্তদেব, স্বরূপতঃ নামরূপ রহিত হইলেও তাঁহার পাদপদ্ম ভজনকারী ভক্তগণের অমূগ্রহ করিবার জন্ম বহু বহু নাম-রূপ ধারণে মর্ত্তাধামে জন্মগ্রহণ করিয়া, বহু কর্ম আচরণ করেন। ৬।৪।২৮

রাম পূর্ব তাপনী শ্রুতি ম্পষ্ট বলিতেছেন :—

চিম্ময়স্তাদ্বিতীয়স্তা নিফলস্তাশরীরিণঃ।

উপাসকানাং কার্য্যার্থং ব্রহ্মণো রূপকল্পনা॥ রাম পৃঃ তা ১।৭

চিন্মর, অদ্বিভীয়, স্বয়স্পূর্ণ, অরূপ—পরব্রন্মের রূপ কলনা উপাদকণণের হিতের জন্ম। রাম পূ: তা ১।৭

৫৫। এরপ না করিলে ক্ষুদ্র জীবের উপায় কি? ভাগবত ১২।৮।৪৩
লোকে বলিতেছেন "আত্মনি গৃঢ়বোধন্"। তাঁহার দেহ বা আত্মা তাঁহার
স্বরূপ হইতে অভিন্ন বলিয়া, তাঁহার তত্ত্ব তাঁহাতেই নিগৃঢ় এবং উহা তাঁহার
দেহ হইতে অভিন্ন। অতএব জীব হিতের জ্বন্ত উক্ত তত্ব প্রকাশ করিতে
হইলে, তাঁহার স্বরূপ অপ্রচ্যুত ভাবে বঙ্গায় রাধিয়া তাঁহাকে নামরূপের জ্বগতে

নামরূপ গ্রহণ করিয়া অভিবাক্ত হইতে হয়। এই অভিবাক্তি তৎকালীন জীবিত জীবগণের চক্ষের সমূখে হইলেও কি সকলে তাঁহাকে জানিতে পারে? তাহা নয়। তিনি যে সকল জীবকে নিজের "স্বজন" বলিয়া বরণ করেন, তাঁহারাই তাঁহাকে চিনিয়া ইহ জীবনেই প্রমপ্কধার্থ লাভ করিতে পারেন। ইহাই উপরে উদ্ধৃত কঠ শ্রুতির ১।২।২২ মন্তের অভিপ্রায়।

৫৬। তবে ইহা মনে রাখিতে হইবে যে, প্রত্যেক অধিকারী মানবের জন্ম কি ভগবানের মূর্তি ধারণ করিয়া মর্ত্তাধামে প্রকটিত হইবার প্রয়োজন ? তাহা নহে। সমষ্টি জীব কল্যাণের স্বন্থ এবং গীতায় ৪।৭-৮ শ্লোকছয়ে কথিত বিশ্বকল্যাণ সাধনের প্রয়োজন হইলেই ভগবান আকার প্রকটিত করিয়া সূল দেহে আবিভৃতি হন। ব্যষ্টি জীবের জন্য পৃথক্ ব্যবস্থা—ইহা ভাগবত ৩।১।১১ শ্লোকে বিশদ্ভাবে বলিয়াছেন। উক্ত শ্লোক ১।২।৩০, পুত্রের আলোচনায় উদ্ধৃত হইয়াছে। বাত্ন্য পরিহারের জন্ম এখানে উঠাইতে বিরও হইলাম। উহার সরল অর্থ এই: - যে সকল মানবের হৃদয়পদ্ম ভগবানের প্রতি ভ ক্রিযোগ ধারা পরিশোধিত হইয়াছে, তাহারা ভগবানের যে মৃত্তি নিজেদের ইষ্টুর্ত্তি রূপে দেখিতে চাহেন, ভগবান্ তাঁহাদের হৃদয়ে দেই মুর্ত্তিতেই প্রকটিত হইয়া তাঁহাদের সর্বার্থ সিদ্ধি করেন। ইহাই কঠ শ্রুতির স্বজন রূপে বরণ। इंहा चरेहजूक वा यरथच्छाठारत्रत्र पृष्टीख नरह। এই वत्रापत जन्म जानक किष्ट्र করিবার আছে, বুঝা গেল। আরও বুঝা গেল যে, ভগবতত্ত্ব অতি ছুজের বলিয়া, এবং মানবের বাক্য-মনের অণোচর হইলেও, তাঁহার কুপা তাঁহার তত্ত্ব বা স্বরূপ অধিকারী ভভেতর নিকট প্রকাশিত করে। তথনই যিনি অজ্ঞের, তিনি জ্ঞেম হইমা পড়েন। উপাসনার প্রয়োজনীয়তা এইথানে।

৫৭। ভগবান ত আপ্তকাম, তিনি কি অজ্ঞানাচ্ছর কৃদ্র মানবের পূজার কাঙ্গাল ? তাহা নয়। ভাগবত বলিতেছেন:—

নৈবাত্মনঃ প্রভুরয়ং নিজলাভপূর্ণো মানং জনাদ বিত্যঃ করুণোর্ণীতে।

যদ্ যজ্জনো ভগবতে বিদধীত মানং তচ্চাত্মনে প্রতিমুখস্য যথামুখন্ত্রী ॥
ভাগঃ ৭।১।১০

ভগবান হরি সদা নিজলাভে পূর্ন, তিনি আপনার নিমিত্ত অবিধান কুজ ব্যক্তিদিগের পূজা গ্রহণ করেন না। দয়া স্বভাব প্রয়ুক্ত ঐ সকল ব্যক্তির হিতার্থেই তাহা স্বীকার করিয়া থাকেন। যে হেতু আপনার মূখে ভিলকাদি শ্রী রচিত হইলেই প্রতিবিশ্বিত মূখের শোভা হইয়া থাকে, সাক্ষাৎ প্রতিবিশ্বে ঐ শ্রী করিতে পারা যায় না, তাহার ন্তায় লোকেরা ভগবানের প্রতি ধনাদি ধারা যে সম্মান বিধান করে, তাহা তাহাদের আপনার নিমিত্তই হয়। १।२।১০
(ওরামনারায়ণ বিভারত্ব মহাশয়ের অর্থ)

[আমি মৎকৃত "মাতৃপূজা" পুস্তকে এই শ্লোক উদ্ধৃত করিয়া বিস্তারিত অর্থ করিয়াছি]

১২) ভগবত্বপাদনা कि मानदात्र टेप्हाधीन ?

৫৮। মনে সহজেই সন্দেহ হয় যে, ভগবত্বপাসনা কি মানবের ইচ্ছাধীন ? আমার মনে হয় তাহা নহে। ইহা জগদ্বিধারণের অমোঘ নিয়মে ঘটিতে বাধা। আমরা জানি যে, মানব যত অসভা, বর্বর, অজ্ঞান হউক্ না কেন, সকলেই কোনও না কোনও প্রকারে কোনও অজ্ঞাত মহাশক্তির নিকট মস্তক অবনত করে। দৃষ্টান্ডের উল্লেখ করিয়া গ্রন্থ বাহুল্যের প্রয়োজন নাই। এরপ হওয়াই সর্ব্বতোভাবে সঙ্গত। ভগবান স্ব্রকার ২০০০ স্থ্রে বিশ্বস্থি ভগবানের "লীলাকৈবল্যমাত্র" অন্ত কথায় ক্রীড়ামাত্র—ইহা প্রতিপাদিত করিবেন। ভাগবতও চা২২০০ শ্লোকে বলিতেছেন:—

ক্রীড়ার্থমাত্মন ইদং ত্রিজগৎ কৃতং তে। ৮।২২।২০
—ভূ:, ভুবঃ, স্বঃ এই তিন জগৎ তুমি নিজের ক্রীড়ার্থে রচনা করিয়াছ।

टारराइ॰

ক্রীড়া একা একা হয় না, এজন্ত বহুত্বের প্রকটন। জীবগণ উক্ত খেলায় যোগদান করিয়া আনন্দে আপুত হইবে—ইহাই খেলার উদ্দেশ্ত। খেলা করিতে হইলে, খেলুড়েদিগকে, খেলার সাধক নিয়ম পরম্পরায় সীমার মধ্যে স্বাতন্ত্র্য দান প্রয়োজন। নতুবা খেলা জমে না। সেইজন্ত জীবকে সীমাবদ্ধ স্বাতন্ত্র্য দান।

জীব যদি নিজের উক্ত স্বাভন্তাকণার অযথা পরিচালনে নিজের ইচ্ছায় থেলার নিয়ম ভঙ্গ করে, ভজ্জন্য উক্ত নিয়মানুসারেই জীবকে শান্তি ভোগ করিতে হইবে, তাহাতে সন্দেহ কি? যুক্তিতেও ইহা আমরা বৃন্ধিতে পারি। জীব অমৃতলোকের অধিবাসী। বিশ্বরুগমঞ্চে, ভগবানের থেলার সঙ্গী। থেলার নিয়ম ভঙ্গ হেতু শান্তি ভোগ ও উহার ভোগের পর, অমৃতপ্ত হইয়া, পুনরায় নিয়মানুবর্তী হইবার চেষ্টা করিলে, পুনরায় থেলার সঙ্গীরূপে গ্রহণ সঙ্গতই বটে। এই অমৃতপ্ত জীবই সাধক বা উপাসক—ক্রমোন্নতির যে কোনও স্থরেই অবস্থিত হউন না কেন, জ্পাদ্বিধারণের অন্ত কথায় বিশ্বরুগমঞ্চে থেলার,

অমোঘ নিয়মে, স্ব স্বরূপে অর্থাৎ অমৃতলোকের অধিবাসীরূপে প্রজ্ঞাবর্তনের চেষ্টা করিতে বাধ্য। উদ্ধৃত ভাগবতের গানা১০ শ্লোক ইহারই পূজার কথা বলিয়াছেন। এই সংক্ষেপ আলোচনা হইতে বুঝা গেল, ভগবছপাসন।— জীবের নিজ কল্যাণ সাধনের জন্মই। ভগবান করুণাসাগর। তিনি উপাসনা সিদ্ধির জন্ত সর্ববিধ স্থযোগ দান করিতে সর্বাদাই প্রস্তত। ইহা ক্রমশঃ বিশন্ হইবে। অধুনা এই স্তের আলোচনায় ২৩ অনুচ্ছেদে উদ্ধৃত ভাগবভের ১১।২৯।৬ শ্রোকে দৃষ্টি আকর্ষণ করি।

১৩) স্বজনরূপে বরণের ভাৎপর্য্য।

৫৯। উপরে উদ্ধৃত কঠশ্রুতির ১।২।২২ মঞ্রের স্বজন রূপে বরণ করিয়া লইবার যে অর্থ দেওয়া হইয়াছে, তাহার তাৎপর্যা বিশেষভাবে বুঝা গেল। খেলার দলী স্বজন ত বটেই, ভগবনেও তাহার-ম্বতেম্ব্রাকণায় হস্তক্ষেপ না করিয়া, উহারই মধ্য দিয়া, তাহার বইচ্ছার পরিচালনে, প্রত্যাবর্তনের পথে ভগবানের मित्क फितिटलरे, जिनि जांशांक बृदक कित्रा लरेवात जग नर्वनारे श्रयंख, ইহা বিশন্তাবে বুঝা গেল! তবে এ প্রসঙ্গে, এখানে উল্লেখ করা প্রয়োজন মনে করি যে, উক্ত মল্লের "যমেবৈষ বৃণুতে" বাক্যাংশে "যম্" পদে সাধক ও ''এষ'' পদে আত্মা গ্রহণ না করিয়া, ভগবান শঙ্করাচার্য্য 'বিম্'' পদে আত্মা ও "এষ" পদে সাধক গ্রহণ করিয়া, অর্থ করিয়াছেন, "যে সাধক এই আত্মাকে বরণ করেন"। এ প্রকার বিভিন্ন অর্থে কোনও বিশেষ অসম্পতি হয় নাই, কেবল জীবের বা সাধকের কর্তৃত্ব বুদ্ধির প্রাধান্ত দেওয়া হইয়াছে মাত্র।

৬০। কঠশ্রুতির উক্ত ১।২।২২ মন্ত্রের প্রথম যে অর্থ দেওয়া হইয়াছে, তাহার বিরুদ্ধে আপত্তি উত্থাপিত হইতে পারে যে, ভগবানের কি 'শ্ব''—'পর'' মতি আছে ? "স্থজন রূপে বরণ করেন" বলায়, কেহ স্বজন এবং অপর কেহ স্বজন নহে, এরপ সন্দেহ ত মনে সভাবত:ই উদয় হইতে পারে। ইহা কি সঙ্গত? এপ্রকার আপত্তি নিরসনের জন্ম ভগবান স্ত্রকার ২।১।৩৫ স্ত্র প্রণয়ন করিয়া প্রতিপাদিত করিয়াছেন, যে ভগবানে "বৈষম্য—নৈর্ঘুণ্য"-অর্থাৎ বিষমতা, নির্দিয়তা প্রভৃতি নাই। ইহার আলোচনা যথাস্থানে করা যাইবে। ভাগবত উক্ত আপত্তির উত্তরে বলিতেছেন :--

সংসেবয়া স্থরতরোরিব তে প্রসাদঃ সেবামুরপম্দয়ো ন পরাবর্তম্।

१ ३ १ १७

ভোমার প্রদাদ প্রার্থনামুসারে ফলদাতা কল্পতকর গ্রায়। <u>দেবাফুদারেই</u> ফলদান করিয়া থাক। উহাতে উত্তম অধম বিচার কর না। ১০১২৬ অন্যত্ত্রও ভাগবত বলিতেছেন:—

সর্বাত্মনঃ সমদৃশো বিষমঃ স্বভাবো ভক্তপ্রিয়ো যদিস কল্পতরু স্বভাব॥
৮।২৩।৬

তুমি সকলের আত্মসরূপ, সর্বত্র ভোমার সমদৃষ্টি। তবে ভক্ত প্রিয় বলিয়া ভোমার যে বিষম স্বভাব, দৃশুতঃ প্রতীত হয়, তাহার কারণ তুমি, কল্পতক্ স্বভাব বশতঃ সমীপাগত প্রার্থনাকারিগণের প্রার্থনা প্রণ করিয়া থাক। এই সমীপাগতগণই ভক্ত বা সাধক নামে পরিচিত। ৮।২৩।৬

শ্লতক সকলের প্রতি সমভাবাপর। উত্তম-অধম বা স্থ-পর-ভেদ-বিচার নাই। যেই হউক্ না কেন, কল্লতকর সমীপে গিয়া, ফল প্রার্থনা করিলে, কল্লতক তাহা নির্কিচারে দান করিয়া থাকে। সেইরূপ ভগবানের "উপ্' সমীপে, ''আসন'' লইয়া গিয়া, ভাহাতে বিদিয়া তাঁহার নিকট যাহা প্রার্থনা করা যায়, তিনি ভাহা দান করেন। কোনও প্রকার কার্পণ্য নাই। এমন কি, যদি উক্ত ব্যক্তি প্রার্থনা করেন, তিনি আত্মদান করিতেও কুঠিত হন না। এ প্রসঙ্গে আভাস শীর্ষক প্রস্তাবনায় ২৫ অমুচ্ছেদে উদ্ধৃত শ্লোকে দৃষ্টি আকর্ষণ করি।

৬১। উপরে যে কল্পতকর দৃষ্টান্ত দেওয়া হইল, তাহা কেবল সমীপে আগত বা উপাসনাকারিদিগের সম্বন্ধে প্রযোজ্য। যাহারা কল্পতকর সমীপে না আসিয়া দ্রে থাকেন, কল্পতক তাঁহাদের সম্বন্ধে উদাসীন থাকেন। কিন্তু ভগবান কাহারও সম্বন্ধে উদাসীন থাকিতে পারেন না। তিনি ত দেশ-কাল-পরিচ্ছেদ শৃত্য—একারণ তাঁহার কাছে দ্র-নিকট নাই। তিনি প্রত্যেকের অন্তর্মের অন্তর্মামীরূপে অবস্থিত থাকিয়া জগদ্ব্যাপার সম্পাদন করিতেছেন। মানবদেহধারী যে সকল জীব, তাঁহার প্রসঙ্গ হইতে দ্রে থাকে, তাঁহার সম্বন্ধে কথনও কোনও চিন্তা করেন না, তিনি কি তাঁহাদিগকে পরিত্যাগ করিতে পারেন? সকলের অন্তর্যামী ভগবান, সমস্ত ব্যষ্টি মানবের এবং দে কারণ তাঁহাদেরও সম্বন্ধে প্রত্যেকের উপযোগী ব্যবস্থার বিধান করিয়া প্রত্যেককে কেমোন্নতির উচ্চ হইতে উচ্চতের লোপানে উনীত করিতেছেন অপচ কেহই ইহা অন্তন্ত্ব করিতে পারিতেছে না, প্রত্যেকেই মনে করে, যেন নিজ্ব নিজ্ব স্থাধীন ইচ্ছার ও চেষ্টার পরিচালনে ক্রমশঃ উন্নত স্তরে আরোহণ করিতেছে। ইহা প্রাকৃতিক নিয়মের—অন্ত কথায় জগদ বিধারণের অমো্য নিয়মের ক্রিয়া।

ইহার সহিত মানব যদি নিজের আত্মিক শক্তি, জ্ঞানপূর্বক নিয়োগ করিতে পারে, তাহা হইলে উন্নতি শীঘ্র শীঘ্রই সংঘটিত হইবে, তাহাতে সন্দেহ কি? ছান্দ্যোগ শ্রুতি ১৷১ মন্তে ইহাই বলিয়াছেন—''যদেব বিভায়া করোতি শ্রুতিযোপনিষদা তদেব বীর্যাবত্তরং ভবতি।'' ইহা আগেও বলা হইয়াছে।

১৪) ব্ৰহ্ম = অন্বয়জ্ঞান = ভগবান।

৬২। ভাগবত অনেক উপাদেয় শ্লোকে ভগবতত্ব বা ব্রহ্মতত্ব আলোচনা করিয়াছেন। উহাদের কাহাকে ছাড়িব, কাহাকে বা গ্রহণ করিব। অল্প কয়েকটি গ্রহণ করিয়া কর্ত্তব্য সমাধা করিতেছি। উপরে উদ্ধৃত ১।২।১১ শ্লোকে যে অন্বয় জ্ঞানের কথা বলা হইয়াছে, তাহার কিছু পরিচয় দিতেছেনঃ—

বিশুদ্ধং কেবলং জ্ঞানং প্রত্যক্ সম্যাগবস্থিতম্। সত্যং পূর্ণমনাদ্যন্তং নিগুলম্ নিত্যমন্বয় ॥ ভাগ ২,৬।৩৮

তিনি বিশুদ্ধ, কেবল অর্থাৎ একমাত্র বা অদ্বয় জ্ঞান স্বরূপ, যে জ্ঞান স্পরিতাসম্প্ত নহে, জীবনাত্রের অন্তরে অন্তর্ভূতি স্বরূপে সম্যক্ অবস্থিত, স্বর্ধাৎ সর্বত্র ব্যাপিয়া অবস্থান করিতেছেন। সেই জ্ঞানই একমাত্র সত্য, তাহার সত্যতার উপর, জীব ও জগতের সত্যতা প্রতিষ্ঠিত, একারণ উহাই পরম সত্য, সেজ্যু চিরপূর্ণ। উহা আগন্তহীন—স্থতরাং নিত্য। নির্পূণ্ণ একারণ গুণ-ক্ষোভ বশতঃ তাহাতে কোনও চাঞ্চল্য নাই—তিনি প্রাকৃত গুণের স্বতীত। তিনি অবয়-তিনি ভিন্ন পৃথক্ বস্তু কিছুই নাই। ২০১০৮

উদ্ধৃত শ্লোকে "জ্ঞানং" পদের বিশেষণ কয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করি।
আমাদের পরিচিত জ্ঞান-অজ্ঞানের অপেক্ষা রাথে, একারণ উহা "সমাক্
অবস্থিত" নহে। কিন্তু আলোচ্য ব্রহ্ম স্বরূপাত্মক জ্ঞান—নিরপেক্ষ জ্ঞান-সে
কারণ উহাই "সমাক্ অবস্থিত"। সিনেমা গৃহে দৃষ্ঠপটের পশ্চাতে অত্যুজ্জ্বল
আলোক-ইহার দৃষ্টান্তরূপে উল্লেখ করা যাইতে পারে। উক্ত আলোক
সিনেমা গৃহে ব্যবহৃত ছবিগণের ধারাবাহিক অভিব্যক্তি দৃষ্ঠপটের উপর
প্রকটিত করিয়া দর্শকমগুলীর আনন্দের কারণ হয়। কিন্তু উহা কি ছবি
সকলের, কি দৃষ্ঠ-পটের, কি দর্শক মগুলীর কোনও অপেক্ষা রাথে না।
অভিনয়ান্তে দর্শকগণ চলিয়া গেলেও দৃষ্ঠপট সরাইয়া লইলেও উক্ত
আলোক তুলা সম্জ্জ্ল ভাগে বর্তমান থাকে-একারণ উহা "সমাক্ অবস্থিতির"
দৃষ্টান্ত। উহা "প্রত্যক্" (প্রতি+অঞ্-কিপ্.) অর্থাৎ সর্বান্ত্রভূতি স্বরূপ
বলিয়া কোনও বিশেষ গত অন্তর্ভূতি দ্বারা বিচলিত হয় না। উহা-"অনাত্যন্ত্র"-

আদি-জন্ম ও অস্ত—নাশ—উভয়শূল—অর্থাৎ ষড়,বিকারের আদি ও অস্ত বিকার
শূল—েসেই হেতু উক্ত উভয় সীমার অস্তর্ভুক্ত বিকার—চতুইয়—অল কথায়
অক্তিত্ব, বৃদ্ধি, বিপরিণাম, অপক্ষর—উহাতে বর্তমান নাই। আমাদের পরিচিত
অস্তিত্ব আপেক্ষিক, উহা অনস্তিত্ব বা নাশের অপেক্ষা রাথে—দে প্রকার
আপেক্ষিক অস্তিত্ব উহাতে নাই। উহাই একমাত্র 'সত্য' বা নিরপেক্ষ
অস্তিত্ব বিশিষ্ট। উহারই অস্তিত্ব হেতু, প্রপঞ্চের অবভাদনান অস্তিত্বের প্রতীতি
হইয়া থাকে। নিজের স্বরূপায়ুবন্দী সংখ্যাতীত গুণে গুণ্বান্ হইলেও, আমাদের
পরিচিত প্রাভৃতিক গুণের সহিত সম্পর্ক নাই বলিয়া, আমাদের ভাষায় নিগুণ।
"নিত্যমন্বয়ম্"—আমাদের বৈত প্রতীতির সময়েও পরমার্থতঃ-অদয়। এই
বিশেষণগুলির সার্থকতা ক্রমশঃ উপলব্ধ হইবে।

৬৩। উপরে বলিয়াছি যে, যে সকল মানবদেহধারী জীব; ভগবানের "উপ" সমীপে "আসন" গ্রহণ করে না—অন্ন কথার জ্ঞানতঃ উপাসনা করেন না, ভগবান্ তাঁহাদের প্রতিও উদাসীন থাকিতে পারেন না। বর্ত্তমান আলোচ্য শ্লোক হইতে ইহার প্রপ্ত আভাস পাইতেছি। তিনি প্রত্যেকের অন্তরে অন্তর্থামীরূপে অবস্থিত আছেন. অন্তর্ভতি রূপে প্রতি জীবের আত্মায় আত্মা হইয়া সঙ্গে সঙ্গে ফিরিভেছেন। জীবের স্বাভন্ত্র্য রক্ষা করিয়া, প্রতিক্ষণে, তাঁহার অন্তর্ভৃতি, মনোরন্তি প্রভৃতি, উক্ত জীবের অন্ত্রাতসারে, তাহার দ্বারাই উন্নতির পথে পরিচালিত করিতেছেন। ইহাতে একসঙ্গে অনেকগুলি উদ্দেশ্য সাধিত হইল। (১) সর্ব্বশক্তিমান্ হইলেও, জীবের স্বাভয়্কোর বিরোধী কিছুই করা হইল না। (২) স্বাভয়্রা রক্ষা করা হইল। (৩) ক্রেমান্নতির পথে অগ্রসর হইবার স্থ্যোগ, জীবকে দেওয়া হইল। (৪) জীব বুঝিল যে, সে ভাহার স্বাভয়্রোর ইচ্ছামত পরিচালনে নিজেই ইহা সম্পাদন করিল। (৫) ভগবানের জীব বৎসলতা প্রকাশ পাইল। (৬) তিনি যে অপার কর্ষণাময়, ভাহাও প্রকটিত হইল। এবং জীব শত অপরাধে অপরাধী হইলেও, ভগবান, তাহার অপরাধ গ্রহণ করেন না, জানানো হইল।

৬৪। ভাগবতের উদ্ধৃত ২।৬।৩৮ শ্লোকে কথিত বিশুদ্ধ, অদয় জ্ঞানই বাস্থদেব বা সগুণ ও সাকার ভগবান।

জ্ঞানং বিশুদ্ধং পরমার্থমেকমনন্তরং ত্বহিত্র ন্ম সত্যম্। প্রত্যক্ প্রশান্তং ভগবচ্ছকদংজ্ঞং যদ্ বাস্থদেবং কবয়ো বদন্তি॥ বিশুদ্ধ, বাহাভ্যন্তরশৃণ্য—(অর্থাৎ স্থূল-স্কু সকলের অন্তরে, বাহিরে বর্ত্তমান) অতএব পরিপূর্ণ, অপরিচ্ছিন্ন, নির্বিকার যে জ্ঞান তাহাই পরমার্থ সত্যা, তাহাই ব্রহ্ম। সেই জ্ঞানেরই ভগবৎ সংজ্ঞা। তাঁহাকেই পণ্ডিভগণ বাস্থদেব বলিয়া থাকেন। ৫।১২।১১

তিনি স্ন্ধাতিস্ন্ধ বলিয়া শৃহ্যবৎ কল্পিভ হইলেও, অভাবাত্মক শৃষ্য নহেন। প্রকৃত পক্ষে তিনিই পরমভাব পদার্থ, এ কারণ অশৃষ্য স্বরূপ। ভক্তগণ তাঁহাকেই ভগবান্ বাস্থদের বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। ভাগঃ ১।১।৪০

যত্তদ্ ব্রহ্ম পরং সুক্ষমশৃত্যং শৃত্যকল্পিতম্।
ভগবান বাস্থদেবেতি যং গৃণন্তি হি সাত্বতাঃ ৯৯।৪০
—জগতে যাহা কিছু বর্ত্তমান; কিছুই তাঁহা হইতে পৃথক্ নহেন।
জ্ঞানমাত্রং পরং ব্রহ্ম পরমাত্মেশ্বরঃ পুমান্।
দৃত্যাদিভিঃ পৃথগ্ভাবৈর্ভগবানেক ঈয়তে॥ ৩।৩২।২১

জ্ঞান মাত্র স্বরূপ পরমতত্ত্বই, পরব্রন্ধ, পরমাত্মা, পরমেশ্বর, পরমপুরুষ নামে প্রদিদ্ধ। এক ভগবানই জ্ঞান মাত্র রূপে সকল পদার্থে সম হইলেও দৃশ্যাদি পৃথগ, ভাবে—অর্থাৎ দৃশ্য-দ্রষ্টা-দর্শন, শ্রোতা-শ্রাব্য-শ্রবণ, প্রভৃতি পৃথগ, ভাবে প্রতীয়মান হইয়া থাকেন। ৩৩২।২১

১৫) বিধি-নিষেধ উভয়ই-ত্রক্ষে বা ভগবানে পর্যবসিত।

৬৫। তাহা হইলেও কি তিনি ইন্দ্রির বা মনের দারা গ্রাহ্ন ? ভাগবজ বলিতেছেন:—নয়।

নৈতন্মনো বিশতি বাগুত চক্ষুরাত্মা, প্রাণেন্দ্রিয়াণি চ যথানলমচ্চিষঃ স্বাঃ। শব্দোহপি বোধকনিষেধতয়াত্মমূলমর্থোক্তমাত যদতে ন নিষেধসিদ্ধিঃ॥

2210,09

যেমন স্বীয় অংশভূত বিশ্বলিঙ্গ সকল, অগ্নিরাশিকে দাহ বা প্রকাশ করিতে পারে না, সেইরপ মনঃ, বাক্, চক্ষুঃ, বুদ্ধি, প্রাণ, ইন্দ্রিয় সকল (যাহারা তাঁহা হইতেই অভিব্যক্ত ও কার্যাশীল), তাঁহাতে প্রবেশ করিতে, অর্থাৎ তাঁহাকে প্রকাশ করিতে পারে না। অক্তপক্ষে, যিনি ভিন্ন নিষেধের সমাপ্তি নাই, বাক্য তাঁহাকে অর্থাক্তরূপে "ভন্ন তন্ন" (তাহা নয়, তাহা নয়) বলিয়া ব্যক্ত করে মাত্র, সাক্ষাৎ সম্বন্ধে বলিতে সমর্থ হয় না। ১১।৩৩৭

এক কথায় বিধি—নিষেধ উভয়েই তাঁহাতে পর্যাবসিত। বিধিম্থে যেমন তাঁহাকে প্রকাশ করা অসম্ভব, নিষেধম্থেও সেইরূপ-অর্থাৎ নিষেধম্থে "নেতি নেতি" বলিলে, ইহা নয়, ইহা নয় ত বটে—ইহার উপরে অনেক কিছু অক্ষিত রহিয়া গেল। ভগবান্ স্ত্রকার "প্রকৃতৈভারত্বং হি প্রতিষেধতি, তভাব্রবীতি চ ভ্য়ঃ"—গহাহহ স্ত্রে ইহা প্রতিপাদিত করিয়াছেন, যথাস্থানে স্রষ্টব্য :

৬৬। মনঃ, প্রাণ, ইন্দ্রিয়গণই বা কি করিয়া তাঁহাকে প্রকাশ করিবে? উহারা ত তাঁহার দ্বারা পরিচালিত হইয়াই কার্য্যশীল হইয়া থাকে।

এবঃ স্বয়ং জ্যোতিরজোইপ্রমেয়ো মহানুভূতিঃ সকলামুভূতিঃ। একোইবিতীয়ো বচসাং বিরামে যেনেষিতা বাগসবশ্চরন্তি॥

ভাঃ ১১।২৮।৩৬

এই পরমাত্মা স্বয়ং জ্যোতিঃ—য়প্রকাশ (ইহাকে প্রকাশের জন্ম অন্ম কোনও প্রকাশকের প্রয়োজন নাই), ইনি অজ, অপ্রমেয় (সর্কবিধ প্রমাণের অগোচর), মহারভৃতি (চিদ্ধন) সকলামূভনি (সর্কভৃতেন অমভৃতির মূলে তিনি, একারণ সর্বজ্ঞ), অন্ধিতীয় (বিজ্ঞাতীয় ভেদ রহিত), বাক্যের অগোচর, কারণ তাঁহার দ্বারা প্রেরিত হইয়াই প্রাণ ৬ বাক্য (সম্দায় জ্ঞানেশ্রিয় ও কর্মেশ্রিয়) স্ব স্ব ব্যাপারে বিচরণ করে। ১১।২৮।৩৬

মহাত্মভৃতি ও সকলাত্মভৃতি, এই দুই পদে ভাগবত কি বলিতে চাহিতেছেন, তাহা আমরা তড়িংশক্তি উৎপাদনের কেন্দ্র (Power House) হইতে সমগ্র নগরে তড়িং শক্তি পরিচালনের দৃষ্টান্তে বিশদ্ ধারণা কারতে পারি। প্রত্যেক রাষ্ট্র জীবের বিভিন্ন ভাবের, বিভিন্ন চিন্তার, বিভিন্ন বস্তুর, বিভিন্ন অন্নভৃতির মূলে কেন্দ্রীভৃত সমষ্ট্র অন্নভৃতি স্বরূপ, ব্রহ্মা বা ভগবান্ থাকিয়া, উহাদিগকে নিয়ন্ত্রণ করিতেছেন। যাহা হউক্, যথন বাক্য, মন, প্রাণ, ইন্দ্রিয় প্রভৃতির দ্বারা তাঁহাকে জনিবার উপায় নাই, তখন তাঁহার চরণে শরণ গ্রহণ করিয়া অজম্ব প্রণতি নিবেদন ভিন্ন আর উপায় কি? তাই ভাগবত বলিতেছেন:—

নমস্তে সর্বভাবায় ব্রন্মণেহনন্তশক্ষয়ে॥ ১০.৬৪।২০

—তুমি আমাদের মনের সমৃদায় ভাবের মৃলে, তোমাকে নমস্কার। ১০।৬৪।২০
ত্রক্ষের, পরমাত্মার বা ভগবানের সত্যা—জ্ঞান—অনস্ত স্বরূপত্ব স্থান্তে
পরিচয় দিয়া, ভাগবত ইদাণীং তাঁহার আনন্দ স্থরপত্বের পরিচয় দিতে অগ্রসর
হইতেছেন। ভাগবত বলিতেছেন:—তিনি,

কেবলামুভবানন্দ সন্দোহো নিরুপাধিক॥ ১১ ৯।১৮ ভিনি কেবল অন্তবানন্দ রাশি শ্বরূপ, নিরুপাধিক। ১১।৯।১৮

•••• কৈবল্য নির্ব্বাণস্থামুভূতিঃ। ৭০১০:৩৮
••• মববাধ রুসৈকাত্মসানন্দমন্মসন্ততম্॥ ৪৮১৩,৭

---কেবল নির্বাণ স্থাত্নভূতি সরপ। ৭।১০।৩৮

— অববোধ (স্বরূপ জ্ঞান) রসস্বরূপ প্রত্রন্ধের সহিত অভিন হওরার সর্বতোভাবে আনন্দে পরিপ্রত। ৪।১০।৭

> প্রপঞ্চ নিম্প্রপঞ্চোইপি বিড়ম্বয়সি ভূতলে। প্রপন্নজনতানন্দ সন্দোহং প্রথিতুং প্রভো॥ ১০1১৪।৩৫

হে প্রভা! আপনি স্বরূপতঃ নিশ্রাপঞ্জ-প্রপারে সহিত সম্পর্কমাত্র শৃত্ত, কেবল প্রপন্ন ভক্তগণের আনন্দ প্লাবনে পরিপ্রত করিবার জন্ম মর্ত্তাধামে অবতার গ্রহণের বিভূমনা করিতেছেন ॥ ১০।১৪।৩৫

স এব নিত্যাত্মস্থানুভূত্যভিব্যুদন্তমায় ০০১২,৩৮

তিনি নিজ নিতা স্থান্তভৃতি স্বরূপে মায়াকে পরাভবপুর্বক স্বরূপে বর্তমান আছেন। ১০১২।৩৮

১৬) বিষয়ানন।

আর বিস্তারের প্রয়োজন নাই। উপরে উদ্ধৃত করেনটি শ্লোকাংশ হইতে স্থাপিন্ট বুঝা যাইবে যে, ভগবান্ আনন্দময় বা আনন্দ স্বরূপ। তাঁহার-আনন্দের কণামাত্র জীব ও জগৎকে আনন্দ প্লাবনে পরিপ্লৃত করে। তৈত্তিরীয় শ্রুতি হাচ্চ মস্ত্রে ম্পান্ট বলিয়াছেন "সৈষা আনন্দস্ত মীমাংসা ভবতি"—তিনি আনন্দের পরিসীমা। বৃহদারণাক শ্রুতি ৪।৩৩২ মস্ত্রে "এতস্তৈবানন্দস্যান্তানি ভূতানি মাত্রাম্পজীবস্তি।" এই আনন্দের কণা, বিষয়ের সহিত ইন্দ্রিয় সংযোগে অমুস্থাত হওয়ায় মর্ত্রাধামে জীবগণ বিষয় ভোগের জন্ত ছুটাছুটি করিয়া থাকে। এই ছুটাছুটিই কি জীবমাত্রের অপরিহার্য্য নিয়তি? শ্রুতি উক্ত মস্ত্রে বিষয়ানন্দে আনন্দ-স্বরূপের আনন্দকণার উপলব্ধির কথা বলিয়াছেন। ভাগবত বলিলেন যে, বিষ্ফানন্দ আনন্দ-স্বরূপের আনন্দের কণা তো বটেই। কিন্তু তাঁহার জন্ত লালায়িত নয়। ভগবানের শ্রুবণ, কীর্ত্তন, স্মরণ প্রভাত হইতে যে আনন্দ অমুভব করেন, তাহাতে পরমেষ্ঠার পদ স্বর্গাধিপতি, রসাতলাধিপতির পদ

প্রভৃতি এমন কি অপূর্ণভব মোক্ষণ্ড তাঁহার। ঘুণার সহিত পরিত্যাগ করেন। (ভাগবত ৬০১১২৩, ১১০১৪১১০)। বিষয়ানন্দ—আনন্দ-স্বরূপের আনন্দের কণা হইলেও, উহা উপভোগের সময় ভোক্তা তাহা ভূলিয়া গিয়া, বিষয়ের প্রাধান্ত দেয় এবং সে কারণ বন্ধন গ্রহণ করে। "বিশেষেণ সিনোতি বা বর্গাভি"—এই ব্যুৎপত্তিতে বিষয়পদ্সিদ্ধ—এজন্ত উহার ব্যুৎপত্তিগত অর্থ-যাহা বিশেষরূপে বন্ধন করে। বন্ধন করাই উহার স্বভাব। হতরাং ভোগের সময় উহার প্রাধান্ত দিলে, উহা যে উহার স্বভাবগত শক্তি প্রকটন করিয়া বন্ধন করিবে, তাহার কথা কি? এজন্ত ভগবান্ গীতায় ২০১৪ শ্রেকে ইহার নিন্দা করিয়াছেন।

৬৭। তৈত্তিরীয় শ্রুতি ৩।৬ মন্ত্রে বিশদ্ভাবে বলিয়াছেন যে, আনন্দ হইতেই ভূতসকল জাত, আনন্দেই স্থিত এবং আনন্দেই লগ প্রাপ্ত হয়। জনন, পালন, রক্ষণ, নাশ করিতে হইলে ক্রিয়ার প্রয়োজন, এ কারণ শ্বেতাশ্বতর শ্রুতির ৬।৮ মন্ত্রে পরপ্রক্ষের স্বাভাবিকী পরাশক্তি বর্ণনায়—"জ্ঞান বল ক্রিয়া চ" বলিয়া নির্দেশ করিলেন। বল—শক্তি—বিশ্ববিধারিণী সৎ শক্তি, জ্ঞান শক্তিচিং শক্তি ও আনন্দ শক্তি—ক্রিয়া শক্তি। পরপ্রক্ষ প্রধানতঃ এই তিন মহাশক্তিতে শক্তিমান্ হইয়া বিশ্বের স্কেন, পালন, রক্ষণ, নাশ প্রভৃতির বিধান করিতেছেন। গায়ক যেমন গাহিবার শক্তি কথনও প্রকাশ করিয়া গায়ক বলিয়া পরিচিত হন, কথনও শক্তি আপনাতে অপ্রকটিত রাথেন, সেইরপ শক্তির বিকাশে সৃষ্টি ও স্থিতি, শক্তির অপ্রকাশে প্রলয়।

১৭) নিরীহতা ও নিজ্ঞিয়তার সহিত সঞ্জ ও সক্রিয়তার বিরোধ নাই।

৬৮। নিংশাস-প্রশাস গ্রহণে ও ত্যাগে, চক্ষুর উন্মীলনে—নিমীলনে,
আমরা ক্রিয়ায় পরিচয় পাইয়া থাকি, সেই কারণে পরব্রন্ধ বা ভগবানের
শক্তির উদ্বোধনে ও সংহরণে ক্রিয়ার পরিচয় ত স্বম্পষ্ট। কিন্তু নিরীহ, নিজ্রিয়,
"অশব্দমম্পর্শমরপ্রয়ন্" বন্ধের সহিত ক্রিয়ার সামঞ্জ্রত্য কোথায়? বিশেষতঃ
তাঁহার নিজ্রিয়তার ও নিরীহন্তের উপর লক্ষ্য করিয়া ভাগবত উপরে উদ্ধৃত
মাহার কিল্রিয়তার ও নিরীহন্তের উপর লক্ষ্য করিয়া ভাগবত উপরে উদ্ধৃত
মাহারৎ কল্পিত হইয়া থাকেন। অতএব সন্দেহ হওয়া স্বাভাবিক যে, উপরে
উদ্ধৃত কয়েকটি প্লোকে "আনন্দ সন্দোহ", "আনন্দমন্থসন্তত্ম্" প্রভৃতি পদ
প্রয়োগ দ্বারা জীব ও জগতে আনন্দের প্রশ্রবণ ছুটাহবার কথা বলা হইয়াছে,

তাং। কি প্রকারে সন্তব হয়। বরং তিনি প্রলয়ে আত্মন্থ থাকাকালে, বা স্পৃষ্টি ও স্থিতিকালেও, আত্মানন্দে মগ্ন ছিলেন, ইহা বুঝিতে পারি।

৬৯। ইহার উত্তরে বলিতে হয় যে, শ্রুতির উপদেশ স্পষ্টভাবে বুঝিতে না পারায় এই প্রকার সংশয় ত হইবেই। প্রমার্থতঃ তিনি নিরীহ, নিজিয় বটে. তাহাতে সন্দেহ নাই। কিন্তু ব্যাবহারিক জগত ভুলিলে ত চলিবে না। শ্রতি, স্মৃতি প্রভৃতি যত কিছু—সম্দায় ত ব্যাবহারিক জগতের ব্যবহার নিপাদন স্থসম্পন্ন করিবার উপদেশ দানের জন্ম। এজন্ম যিনি "অক্ষর"— বলিয়া শ্রুতিতে (বৃহদা: ৩৮ অধ্যায়) কথিত এবং অস্থুল, অনণু, অহুত্ব, অদীর্ঘ ---- অচকুজম্, অশ্রোত্রম্, অবাক্, অমনঃ প্রভৃতি বিশেষণ ব্যবহারে সমুদায় বিরোধের সমন্বয় স্থল বলিয়া পরিচয় দিবার প্রয়াস হইয়াছে, সেই সমৃদায় নিষেধের পরিসমাপ্তি রূপ "অক্ষয়" তত্ত্বের 'প্রশাসনে ত্থ্যাচন্দ্রমসৌ বিধ্বতো তিষ্ঠত:—দ্যাবাপৃথিবো) বিধ্বতে তিষ্ঠত:" ইত্যাদি। ইনি নিরীহ 'নিচ্ছিয় বটে, কিন্তু "ভীষাস্মাদ্ধাতঃ পৰতে। ভীষোদেতি স্বৰ্ধ্যঃ। ভীষাস্মা-দগ্নিকেন্দ্রত। মৃত্যুর্ধবিতি পঞ্চম:। (তৈত্তি: ২৮৮১)—ইহার ভয়েই বায়্ প্রবহমান, স্র্যোর উদয়—আকাশ ভ্রমণ—অন্ত, পুনরায় সমভাবে দিনের পর দিন পরিভ্রমণ। অগ্নিও ইন্দ্র নিজ নিজ নির্দিষ্ট কার্যো নিযুক্ত, এবং পঞ্চম মৃত্যুও ধাবমান। স্থতরাং ভগবততত্ত্ব সম্দায় বিরোধের পরিহার ও সামঞ্জ বুঝান শ্রুতির অভিপ্রায় বুঝিতে পারা গেল।

৭০। ভগবান্ গীতায় স্ক্পষ্ট বলিতেছেন :—

ন মে পার্থান্তি কর্ত্তব্যং ত্রিষ্ লোকেষ্ কিঞ্চন।
নানবাপ্তমবাপ্তব্যং বর্ত্ত এব চ কর্মণি॥ সীঃ ৩:২২
যদি হৃহং ন বর্ত্তেয়ং জাতু কর্মণ্যতন্ত্রিতঃ।
মম বর্ম্মান্থরিত্তে মনুযাঃ পার্থ। সর্ব্বশঃ॥ সীঃ ৩:২৩
উৎসীদেয়্রিমে লোকাঃ ন কুর্যাং কর্মচেদহম্॥ সীঃ ৩:২৪

হে অর্জুন! আমার কোন কর্ত্তব্য কিছুমাত্র নাই, যেহেতু তিনলোকে আমার অপ্রাপ্ত—স্বতরাং প্রাপণীয় বলিয়া কোনও বস্তু নাই, তথাপি আমি কর্মে নিযুক্ত থাকি। যদি আমি আলস্তুণ্ত হইয়া, কথনও কর্মানুষ্ঠান না করি, তাহা হইলে মন্তুগণ আমারই পথ সর্বপ্রকারে অনুসরণ করিবে। ফলেলোক সকল উৎসন্ন হইয়া যাইবে। গীঃ ৩।২২—২৩—২৪। উদ্ধৃত তিনটি

শ্লোকে ব্যবহৃত তিনটি বাক্যাংশের প্রতি দৃষ্টি আকর্ষণ করি। (i) "ত্রিষ্ লোকেয়্" (ii) "মন্ত্র্যাং" (iii) "ইমে লোকাং"—বলা বাহুলা যে, ব্যাবহারিক জগৎ ব্রাইতে এই তিনটি বাক্যাংশ গ্রহণ করিয়াছেন। ব্যাবহারিক জগতের মানবদেহধারী জীবগণ নিজ নিজ কর্মফলান্থসারে সাধারণতঃ ভূ—ভূবঃ—স্বঃ এই তিন লোকের মধ্যে পরিভ্রমণ করে। উহাদিগের উপরিতন—মহঃ—জনঃ—তপঃ—সত্য—লোক চতুষ্টয় ব্যাবহারিক জগতের বাহিরে। "মন্ত্র্যাং" পদ ব্যবহারের সার্থকতা এই যে, মানবদেহধারী জীবের জন্মই শান্ত্রও তাহাদের সামুখে আদর্শ প্রতিষ্ঠার জন্মই ভগবানের মর্ত্ত্যধামে অবতার গ্রহণ। "ইমে লোকাঃ" পদ ব্যবহারের উদ্দেশ্যক ভূ—ভূবঃ—স্বঃ এই তিন লোক লইয়া। উহাদের উৎসন্ন হইলে, ব্যাবহারিক জগতের বিলোপ সাধন হইবে, জগদ্ বিধারণের ও জীবের এবং উক্ত লোকত্র্যের মর্য্যাদা রক্ষা প্রভৃতির নিয়ম-শুদ্ধালা ভাঙ্গিয়া যাইবে।

৭১। ঋগ্বেদীয় পুক্ষফ্ক স্থান্থ শিক্ষা দেন যে, পরমপুক্ষ বা ব্রহ্ম বা ভগবান্ আপনাকেই জগজপে অভিব্যক্ত করিয়াছেন। এই অভিব্যক্তি ক্রিমাণিজির পরিচয় প্রদান করে। ইহাই আদি ক্রিয়া বা সম্দায় কর্মের মূল উৎস। সেই উৎস হইতে কর্মপ্রোত কি সমষ্টি, কি বাষ্টি, কি স্থান, কি মহৎ, কি অণু-পরমাণু সর্ক্রই প্রভাবিত হইতেছে ও হইতে থাকিবে। যে ক্রিয়াণিজি, স্র্যা-তারকা-গ্রহ-উপগ্রহ প্রভৃতিকে অনবরত তীব্রবেশে ছুটাছুটি করিতে বাধ্য করিয়াছে, সেই মহাশক্তিই উদ্ভিদের অভ্যন্তরে কেশের চেয়েও অভিস্থান নালিকার মধ্য দিয়া, রসপ্রবাহ উহার সর্ক্র্রে সঞ্চারণ করিয়া রহিয়াছে ও উহার বিশ্লেষণে অচন্ত্য শক্তির বিকাশ করিয়া জীব ও জগৎকে স্তন্তিত করিতেছে। ইহা কেন হইতেছে, ইহার উত্তর কে দিবে? খাহার ক্রিয়া শক্তির অল্ল ক্ররণে জীব ও জগতের অভিব্যক্তি, তিনি না বুঝাইলে উহা বুঝবার উপায় নাই। আধিভোতিক হৈজানিকগণ উক্ত মহাশক্তির কর্থঞ্বৎ পরিচয় পাইয়া আত্মহারা হইয়া যান এবং এইরূপ হইয়া থাকে বলিয়া হয়—এইমাত্র বলিয়া নিরস্ত হন।

৭২। যুক্তিতে আমরা কি পাই, দেখা যাউক্। অবশ্যই এ যুক্তির ভিত্তি আতি। বৃহদারণাক শ্রুতির অক্ষয় ব্রান্ধণে অর্থাৎ ওাদ অধ্যায়ে— অক্ষয়ের পরিচয়ে আমরা ব্রিবার চেষ্টা করিয়াছি যে, সমুদায় পরম্পর বিরোধী ভাবের সমন্বয় পরমতত্ত্ব বা ভগবানে। তাঁহার দৃষ্টিতে স্থুল নাই, স্ক্ষ নাই, কার্য্য নাই, কারণ নাই, স্ষষ্টি নাই, প্রলয়ও নাই। সবই যেমন থাকা উচিৎ, দেই ভাবেই সর্বাদা বর্ত্তিমান। নিরীহত্ত, সংকল্প, নিজিয়তা, সক্রিয়তা, পরমার্থিক. ব্যাবহারিক—সম্দায় আমাদের ভাষার কথা, আমাদের মনোভাবের ভূমিকার উপর গঠিত। আমরা ঐ সকল তাঁহাতে আরোপ করিয়া, আমাদের আত্মন্তরিতার পরিচয় দিয়া থাকি। উক্ত আত্মন্তরিতা সর্বথা পরিত্যজ্য হইলেও আমরা উহার একটা মন গড়া, মুখরোচক, শ্রুতি স্থধকর নাম দিয়া চিন্তাশীল বলিয়া আত্মপ্রসাদ লাভ করি। আমরা বুঝি না বে, ঐ সকল তাঁহাতে আরোপিত হইলেই তিনি ঐ সকলে বন্ধ হইয়া পড়িলেন, ইহা মনে করা অতি আমাদের ভাষা, চিন্তা, তর্ক-বিতর্ক, বিচার-সিদ্ধান্ত-लग । সমুদায় দেশ-কাল-বস্তু-পরিচ্ছেদের অন্তভুক্তি, অন্ত কথায় মান্নার প্রভাবে প্রভাবিত। উহারা সম্দায় পরিচ্ছেদহীন, "মায়া-মৃগী-নর্ত্ক" আমাদের প্রাণ-মনঃ-বুদ্ধি-ইল্রিয়াদির পরিচালক পরমতত্ত্বে কি প্রকারে প্রযোজ্য হইতে পারে ? সে কারণ ভগবানের স্বষ্টি সংকল্পের কারণ, জীব-জগৎ অভিব্যাক্ততে তাঁহার দায়িত্ব, ব্রহ্মাণ্ড নির্মাণে তাঁহার ভ্রম অনুসন্ধান, উহার পরিচালনে নিপুণতার অভাব প্রভৃতি বিষয়ে মন্তিষ আলোড়ন না করিয়া, শ্রুতির উপদেশ মন্তকে ধারণপূর্বক, যাহাতে তাঁহার কুপাকণা লাভ করিয়া ধণ্য হইতে ও মনুষ্য জীবন সার্থক করিতে পারা যায়, তাহার জন্ম চেষ্টা প্রতি শ্রেয়:-কামীর কর্ত্তব্য।

১৮) উপরের সমুদায় আলোচনার উপসংহার ম্বরূপ ভাগবডের শ্লোক।

৭৩। উপরে যে সম্দায় আলোচনা করা হইল, তাহারই একপ্রকার উপসংহার স্বরূপ ভাগবতের একটি অতি উপাদেয় শ্লোক উদ্ধৃত হইল। উহা আলোচনার পূর্ব্বে বলিয়া রাখি যে, যখন ব্রহ্ম বা ভগবান, জীব ও জগৎকে আত্মন্থ করিয়া প্রলয়ে যোগনিস্রায় অবস্থান করেন, তখন তাঁহার জ্ঞান অবাভিচারী ভাবে বর্ত্তমান থাকিলেও, কোন কিছু বর্ত্তমান না থাকায়, প্রকাশ্যের অভাব হেতু জ্ঞানের প্রকাশ না হওয়ায়, তিনি যেন নিজেকে "অসন্তমিব"—না থাকার মত, মনে করিয়াছিলেন। ইহা ভাগবত ৩া৫।২৪ শ্লোকে বলিয়াছেন। উক্ত শ্লোক ১৷১৷৫ স্ত্তের আলোচনায় উদ্ধৃত হইয়াছে। বাহুল্য পরিহারের জন্ম এখানে উদ্ধৃত করিতে বিরত হইলাম। এই "না থাকার মত" থাকা আমাদের দৈনিক জীবনে যেন কিছু ফাঁকা ফাঁকা, কিছু অভাবগ্রস্থের

মত থাকা আমরা মাঝে মাঝে অমুভব করিয়া থাকি। দৃষ্টান্ত দিবার প্রয়োজন নাই। এই যে অভাবের মত কিছু—প্রকৃত অভাব নহে। তিনি তথন আত্মারাম, আপ্রকাম, আত্মকীড়, আত্মানন্দে বিভার। কিন্ত লৌকিক ভাষায় উক্ত অবস্থা প্রকাশ করিতে হইলে, উক্তরূপ বলা ভিন্ন প্রকাশের উপায় নাই। বলা বাহুলা, উক্ত বর্ণনা, আমাদের দৃষ্টান্তে করা হইয়াছে। আমাদের দৃষ্টিতে অভাবগ্রন্থের মত থাকা হেতু, স্ষ্টের প্রদার, আনন্দময়ের আনন্দের খেলা। তৈত্তিরীয় শ্রুতি ৩৮ মন্ত্রে ইহাই বলিয়াছেন, তাহা বর্তমান স্ত্রের আলোচনায় ৬৭ অমুচ্ছেদে বলা হইয়াছে। এখানে লক্ষ্য করিতে হইবে যে, আত্মন্থ ভাব হইতে, অন্ত কথায় যোগনিশ্রা হইতে জাগরিত না হইলে, আনন্দ হইতে স্ষ্টির প্রসার এবং জীব ও জগতে আনন্দের প্রপ্রবণ ছুটানো সন্তব হইত না। এই সম্দায় মনে রাথিয়া, নিম্নে উদ্ধৃত ভাগবতের শ্লোকটির মর্ম্ম ব্রিতে হইবে, উহার অর্থ—যথাশক্তি বিস্তারিত ভাবে দিতেছি।

৭৪। শ্লোকটি এই:--

শশ্বৎ প্রশান্তমভয়ং প্রতিবোধমাত্রং শুদ্ধং সমং সদসতঃ প্রমান্তত্ত্ম্। শব্দো ন যত্ত্ব পুরুকারকবান্ ক্রিয়ার্থো মায়া পরৈত্যভিগুখে চ বিলজ্জ্মানা। তব্দি পদং ভগবতঃ পদমস্ত পুংসো ব্রন্ধেতি যদ বিল্ফল্লস্থং বিশোকম্॥ ভাগবত ২।৭।৪৬

শ্লোকে ব্যবহৃত পদগুলির প্রত্যেকটির অর্থ করিলে তাৎপর্য্য পরিক্ষুট হইবে। "শশ্বং"—অব্যয় পদ হইলেও, ইহা শ্লোকের প্রথম ছত্রের (১) প্রশান্তম্, (২) অভয়ং, (৩) প্রতিবোধমাত্রম্, (৪) ওক্ষং, (৫) সমং, (৬) সদসতঃ পরম্, (৭) আত্মতত্বম্—এই সাতটি পদের বিশেষণ রূপে ব্যবহৃত হইয়াছে বুঝিতে হইবে। "শশ্বং" পদের আভিধানিক অর্থ বারবার, সর্ব্বদা, তাহা হইতে নিত্য। অতএব যাহা নিত্য বা সত্য—অভ্য কথায় যাহা সৎ—তাহাই শ্লোকের তৃতীয় ছত্রের "ব্রহ্ম" ইহা বলা হইল। সঙ্গে তিনি—নিত্য প্রশান্ত, নিত্য অভয়, নিত্য প্রতিবোধমাত্র, নিত্য ওক্ষ, নিত্য সম, নিত্য সদসৎকে অতিক্রম করিয়া নিজ স্বরূপে অবস্থিত এবং সকলের নিত্য—আত্মতত্ব স্বরূপ বলা হইল।

''প্রশান্তম্''—বিক্ষোভ রহিত বলিয়া স্বরূপগত প্রকৃষ্ট শাস্তভাবে নিত্য অবস্থিত। দৈত সম্পর্ক বিবর্জিত বলিয়া বিক্ষোভ রহিত। ''অভয়ম্''—হৈত হইতেই ভয়ের সম্ভাবনা। অধৈভতত্ত্ব—হৈতের সংস্পর্শ সম্ভব নয় বলিয়া, নিত্য অভয় স্বরূপে প্রতিষ্ঠিত।

"প্রতিবোধমাত্র্য্"—প্রতিবোধ পদের আভিধানিক অর্থ জাগরণ। পর্যতত্ত্ব ভগবানে কি স্থপ্তি—জাগরণ আছে? না, থাকিতে পারে না। যখন ভিনি সমৃদায় শক্তি সংহরণ পূর্বক, আত্মন্ত করিয়া নিক্রিয়ভাবে অবস্থান করেন, তথন আমাদের স্বৃপ্তির নিদর্শনে—স্থপ্তি আমরাই তাঁহাতে আরোপ করি। আবার যথন শক্তি প্রকাশ করিয়া স্ষ্টির অভিবাক্তি করেন, তথনও আমাদের জাগরণের এবং জাগরিত অবস্থায় কার্য্য সম্পাদনের নিদর্শনে, জাগরণ ও আমরা তাঁহাতে আরোপ করিয়া থাকি। আরোপিত বলিরা, উভরই ঔপচারিক। কি স্থপ্তি (বা যোগ নিদ্রা), কি জাগরণ—উভয়ই প্রপঞ্চের সম্পর্কে বুঝিতে হইবে। স্বরূপতঃ তাঁহার স্থৃথি-জাগরণ নাই। তবে ভাগবত "প্রতিবোধমাত্রম্" পদ ব্যবহার করিলেন কেন? "নিজবোধ্যাত্রম্' বলিলে ত চলিত, ছন্দের বা অর্থের কোনও দোষ হইত না। উক্ত পদ ব্যবহারের উদ্দেশ্য অনুসন্ধান করিলে, আমার মনে হয় যে, ভাগবত বিশেব উদ্দেশ্যেই "প্রতিবোধমাত্রম্' পদ ব্যবহার করিয়াছেন। প্রথমতঃ ভাগবত বুঝাইতে চাহেন যে, ভগবান্ নিত্য জাগরিত। জাগরণের সহিত স্থির ঘনিষ্ঠ সম্বন্ধ থাকায়, স্থিও অনাদি এবং অনন্ত। বিশাল বিশের অন্তর্ভুক্ত কোনও বিশেষ ব্রন্ধার ব্রন্ধাও কালপ্রভাবে নাশপ্রাপ্ত হুইলেও, আরও অগ্ণা ব্রহ্মাণ্ড অভিব্যক্তভাবে বর্তমান থাকিয়া সৃষ্টির ধারা অক্ষুপ্ন রাথে। আমাদের শরীরের অগণ্য জীবকোষের বা রক্তকণিকার বর্ত্তমানতার দৃষ্টাস্তে আমরা ইহার ধারণা করিতে পারি। উহারা প্রত্যেকে সজীব, উহাদের প্রমায়ু আমাদের প্রমায়্র তুলনায় অতি অল্পকণ মাত্র। কোনও বিশেষ खीवटकांच वा बक्तकिंग नाम প্राश्च हरेल, ज्ञाल्य जीवटकांच वा बक्तकिंग তাহার স্থান পূরণ করিয়া আমাদের জীবন ধারা অন্ধুর রাখে। সেইরূপ প্রত্যেক ব্রহ্মাণ্ড, অনন্ত বিশ্বে, অনন্তদেবের শরীরে অতিকৃত্র জীবকোষ মাত্র। উহাদের কোনটির নাশ হইলে বিশের জীবনধারা অক্ষুগ্রই থাকে। দ্বিতীয়তঃ উদ্ধৃত লোকের শেষ চরণে, "অজস্রস্থম্" বলিয়া ব্রন্ধ নির্দ্ধেশিত হইয়াছেন। উপরের আলোচনায় আমরা ব্ঝিয়াছি যে, আনন্দের অনুভূতি বা ক্রিয়াই স্থা। জাগরণ না হইলে ক্রিয়ার সহিত সম্বন্ধ সংঘটিত হয় না—ইহা প্রপঞ্চে প্রত্যক দৃষ্ট—এই নিদর্শনে জাগরণের সমপর্যায়ভুক্ত "প্রতিবোধ" পদ ব্যবস্থাত হইয়াছে। তৈত্তিরীয় শ্রুতির এ৬ মন্ত্রে আনন্দ হইতেই সৃষ্টির অভিব্যক্তি স্থুম্পষ্ট কথিত হইয়াছে। অভিব্যক্তি ক্রিয়া হইতেই সম্ভব এবং ক্রিয়া জাগরণের অপেক্ষা

রাথে। একারণও "প্রতিবোধমাত্রম্'' পদ ব্যবহৃত হইয়াছে। শ্রীধরস্বামী উক্ত পদের "জ্ঞানৈকরদ" অর্থ করিয়াছেন—অর্থাৎ যথন "আত্মনিগৃঢ় বোধম্' তথন থেমন "জ্ঞানৈকরদ''— জাবার যথন "প্রতিবোধমাত্রম্" তথনও তুলারপে "জ্ঞানৈকরদ"। তবে প্রথম ক্ষেত্রে জ্ঞান—অন্তর্নিহিত—নিজ্ঞিয়, দ্বিতীয় ক্ষেত্রে সেই একই অদ্বয় জ্ঞান—বহিরভিব্যক্ত, সক্রিয়। অবশ্রুই ভগবানে অন্তর—বাহির বা স্ষ্টি প্রলয় নাই—উহাদের ব্যবহার আমাদের বুদ্ধির ধারণা সৌকর্য্যার্থ করা হয় মাত্র। উক্ত "প্রতিবোধমাত্রম্" পদ ব্যবহারে ভাগবত আরও বুঝাইলেন—ভিনি নিতা, বুদ্ধ। "গুদ্ধং"—নিতা গুদ্ধ, নিতা নির্মল। কখনও মারাজনিত মলের সংস্পর্শ নাই। "সমং"—নিতা সম। কখনও কোনও প্রকার হ্রাস—বৃদ্ধি বা স্ব-পর-ভেদ জ্ঞান নাই। জ্ঞান, ঐশর্য্য, বীর্ঘ্য, সৌন্দর্য্য, মাধুর্ঘ্য, শক্তি, শ্রী, যশ প্রভৃতি যাহা কিছু ধরা যাউক্ না কেন, সমৃদায় সমভাবে, তাঁহাতে পর্যাবসানরপে নিত্য বর্তমান। ভেদ থাকা সম্ভব হইলেই সমতায় ব্রাস বৃদ্ধির সম্ভাবনা আপতিত হয়। এই হেতু তিনি সজাতীয় —বিজাতীয়—স্বগত ভেদ বৰ্জ্জিত। সে কারণ তাঁহার "দেহ-দেহী" বা "তিনি ও তাঁহার" ভেদ নাই। তিনি যাহা, তাঁহার দেহ, বসন, ভূষণ, আয়ুধ, ধাম, পরিকর প্রভৃতিও তাই। অতএব নিগুণ—সগুণ, নিরাকার—সাকার, নির্কিশেষ—সবিশেষ প্রভৃতি ভেদ তাঁহাতে বর্ত্তমান থাকিতে পারে না। এই আলোচনায় ৫০ অমুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ৭৷২৷৪৭ শ্লোকে স্পষ্টাক্ষরে "ব্রমেব সগুণো বিগুণ*চ ভূমন্" বলিয়া তাঁছার নির্দেশ দিয়াছেন। প্রকৃতপক্ষে ভেদের তত্ত্ব আলোচনা করিলে স্পষ্ট প্রতীয়মান হয় যে, উহা বস্তুগত নহে, আমাদের বৃদ্ধিগত মাত্র। স্থতরাং পরমতত্ত্বে উহা নাই। উহা নিত্য সম।

''সদসত: পরম্''—নিত্য। কার্যা-কারণাত্মক প্রপঞ্চ অতিক্রম করিয়া নিজ শাশ্বত স্বরূপে সর্বাদা অবস্থিত। পুরুষস্থক ''অত্যতিষ্ঠদ্দশাসুলম্' মন্ত্রাংশে ইহাই প্রকাশ করিয়াছেন। অক্যকথায়-নিরুপাধিক এজন্ম নিত্যমৃক্ত।

''আত্মতত্তম্''—জ্ঞাতা ব্যষ্টি আত্মার স্বরূপ। নিজের স্বরূপ এবং বাষ্টি জীব ও জগৎস্থ বস্তুজাতের অন্তরাকাশে জ্ঞাত্তরূপে অধিষ্টিত বাষ্টি আত্মার স্বরূপ— তত্ত্বত অভিন্ন। এই অভিন্ন সম্বন্ধ নিত্য বর্ত্তমান।

"শব্দোন যত্র''—বাক্য দ্বারা এবং সে কারণ বাকারাশি স্বরূপ বেদ দ্বারা সে তত্ত প্রকাশ করা যায় না। "শব্দ' পদ ব্যবহার করিবার উদ্দেশ, আমার মনে হয় যে, পঞ্চ ভূতের মধ্যে শব্দ স্ক্রতম—উহা আকাশের গুণ। স্তরাং স্ক্রতম আকাশের গুণ যথন তাঁহাকে প্রকাশ করিতে পারে না, তথন অপেকাকৃত স্থূল ভূতগণের ও তাহাদের গুণ গণের কথা কি? অতএব সর্বাপ্রকার প্রাকৃতিক গুণ—সমন্ধ বর্জিত।

"পুরুকারকবান ক্রিয়ার্থোনে যত্র"—বহুকারক ব্যাপার (কর্তা, কর্ম করণ, অপাদান, সম্প্রদান, সম্বন্ধ, অধিকরণ প্রভৃতি কারক ব্যাপার) দ্বারা সম্পাদিত যজ্ঞাদি ক্রিয়ার—উৎপাত্য—আপ্য—সংস্কার্যা—বিকার্যা অর্থের বা ফলের সহিত তাহার কোনও সম্বন্ধ নাই। কেননা শব্দ (আকাশের গুণ বশতঃ) এবং পুরুকারকবান ক্রিয়ার্থ সকল মায়ার অন্তভুক্ত, মায়ার প্রভাবে প্রভাবিত। কিন্ত, "অভিমুখে বিলজ্জ্মানা মায়া পরৈতি"—মায়া তাহার অভিমুখে থাকিতে পারে না, বিশেষরূপে লজ্জ্বিতা হইয়া দ্রে পলায়ন করে।

উক্ত তত্ত্বের সহিত মায়ার কোনও সংশ্রব না থাকায়, মায়ার অধিকারে বর্তমান কি শব্দ (বেদ শাস্তাদি), পুরুকারকবান যজ্ঞাদি কর্মের ফলের সহিত তাঁহার সংশ্রব থাকিবে কি প্রকারে? যজ্ঞাদি কর্মের ফল স্বর্গাদি প্রাপ্তি, "আব্রন্ধভূবনাল্লোকা" মায়ার অধিকারে বর্তমান থাকায় উক্ত প্রাপ্তি সঙ্গত বটে। কিন্তু ভগবলোক মায়ার পারে। তাহার প্রাপ্তি, মায়ার প্রভাবে প্রভাবিত শব্দ বা যজ্ঞাদি কর্ম দ্বারা সন্তব নহে।

"তদ্বৈ পদং ভগবত: পরমশ্য পুংসং" উহাই পরমপুরুষ ভগবানের স্বরূপ।
শশ্বং, প্রশান্ত প্রভৃতি যে আটটি পদের উল্লেখ করা হইয়াছে, উহারা পৃথক্
পৃথক্ গুল বা বিশেষণ নহে। উহারা প্রত্যেকে ভগবানের স্বরূপ বলিয়া, এবং
স্বরূপে বিভেদের সম্ভাবনা নাই বলিয়া, ভাগবত-বহুবচন ব্যবহার না করিয়া,
একবচনের "তদ্" পদ ব্যবহার করিয়া, ইহা বৃঝাইলেন। তবে, শশ্বং, প্রশান্ত
প্রভৃতি বিভিন্ন পদের উল্লেখ করা কেন হইল? আমার মনে হয় যে, বিভিন্ন
সাধকের দৃষ্টিভঙ্গী বিভিন্ন প্রকার বলিয়া ভগবানের একই স্বরূপকে বিভিন্ন ভাবে
দর্শন করিয়া থাকে। ইহা বৃঝানও ভাগবতের অভিপ্রায়।

"ব্রেক্ষেতি"—ব্রহ্ম + ইতি—ভগবানের স্বরূপ যাহা, ব্রহ্মণ্ড তাহাই। আলোচা শ্লোকে ভগবানের ও পরম পুরুষের স্বরূপ "ব্রহ্ম" উল্লেখ করায়, এই শ্লোক পূর্বেউদ্ধৃত ভাগবতের সহাস্ত শ্লোকের ব্যাখ্যা স্বরূপ, ইহা বুঝা গেল। আলোচা শ্লোকে ভাগবত আরও বুঝাইলেন যে, পরমতত্ব বা ভগবান, স্বরূপগত ভাবে, নিগ্র্পণ, নিরাকার (নিরুপাধিক), নিজ্জিয় হইলেও, সমকালে স্প্তিগতভাবে সন্তুপ, সাকার ও সক্রিয়ণ্ড বটেন। স্বরূপগত ও স্ক্তিগত ভাবের পার্থক্য তত্ত্তঃ বর্তমান নাই। উহা আমাদের বিশ্লেষিকা বৃদ্ধিতে বর্তমান মাত্র, এজন্য উহাতে আত্যন্তিক গুরুষ কিছুমাত্র আরোপ করিবার প্রয়োজন নাই।

উক্ত আমাদের দৃষ্টিতে—উভয়ভাবে স্বরূপ—"একমেবাদ্বিতীয়ম্'' (ছান্দোগ্য ৬।২।১) ভাবে বর্ত্তমান।

"যদ্বিতৃ:"—তত্ত্বজ্ঞ পণ্ডিতগণ যাহাকে জানেন এবং জানিয়া লোকহিতার্থ প্রকাশ করেন।

"অজম মুখন্''—এই স্বরূপই অজম বা অপরিমিত মুখ—অন্ত কথার মুখের পরিদীমা। তৈত্তিরীয় শ্রুতির ২৮ মস্ত্রের আনন্দের পরিদীমার পরিচয় পাইয়াছি। এই শ্লোকে ভাগবত মুখের পরিদীমার পরিচয় দিলেন। আগে বলিয়াছি যে, সুখ—আনন্দের অনুভৃতি বা ক্রিয়া—এবং এই ক্রিয়া হইতেই বিশ্বের অভিব্যক্তি—ইহা প্রকাশ করিবার জন্ম "প্রতিবোধমাত্রন্'' পদ ব্যবহৃত হইয়াছে। ভাগবত বুঝাইলেন যে, বিশ্বের অভিব্যক্তি—আনন্দ-স্বরূপের ক্রিয়া শক্তির পরিচায়ক। যে ভাগাবান জীব—বিশ্বের প্রকৃত দর্শনলাভ করিতে পারেন, তিনি বিশ্বের সর্বত্র আনন্দের খেলা দেখিয়া—আনন্দ সাগরে ময় হন। আমাদের চোখে যে তৃঃখ-কষ্টের দৃশ্য প্রকটিত হয়, তাহা আমাদের চোখের রোগের নিদর্শন ভিন্ন অন্য কিছু নহে।

কারণ---

"বিশোকম্"—ছ:খ, শোক ত মায়ার ব্যাপার, এ কারণ ভগবৎ স্বরূপে কি প্রকারে থাকিবে? ভগবৎ ম্বরূপ হইতে উহারা বিশিষ্টভাবে সম্বন্ধশুক্ত। অতএব উদ্ধৃত ২।৭।৪৬ শ্লোকের সরল অর্থ হইতেছে—খাঁহাতে আনন্দের পরিদীমা (তৈত্তিঃ ২া৮), দেই আনন্দময়ের অপরিমেয় আনন্দের অনুভৃতি জনিত অজ্ঞ স্থই প্রমপুরুষ ভগবানের প্রমপদ বা নিজ স্বরূপ। তত্ত্বিৎ পণ্ডিতগণ উহাকেই "ব্ৰহ্ম" বলিয়া জানেন, জানিয়াই নিশ্চেষ্ট থাকেন না, জীব কল্যাণের জন্ম প্রকাশ করিয়া থাকেন। উহা নিত্য, বৈত সম্পর্ক রহিত হওয়ায় কোন প্রকার বিক্ষোভের সম্ভাবনা না থাকা হেতু, নিত্যপ্রশাস্ত, নিত্য অভয়-প্ৰতিষ্ঠ, নিত্য বুদ্ধ, নিত্য গুদ্ধ, নিত্য সজাতীয়-বিজাতীয়-স্থণত ভেদ-রাহিত্য নিবন্ধন, নিত্যসম, নিতামুক্ত। তাঁহার তত্ত্ই সমষ্টি-বাষ্টিগত চরাচর বস্তজাতের আত্মতত্ব। উক্ত তত্ত্ব কথঞিৎ প্রকাশ করিতে হইলে, মানবের শব্দমষ্টি গঠিত ভাষার প্রয়োজন বটে, কিন্তু প্রকৃতপক্ষে শব্দ তাঁহাকে প্রকাশ করিতে অসমর্থ, কারণ—উহা বহিরসা শক্তি মায়ার দারা অভিব্যক্ত আকাশের গুণ—উহা শ্বরূপের পরিচয় জানিবে কিরূপে? বহু আড়ম্বরের সহিত, সকল প্রকার-কারক-ব্যাপার দ্বারা সম্পাদিত যজ্ঞাদি ক্রিয়ার উৎপাত্য—আপ্য—সংস্কার্য্য—বিকার্য্য ফলই বা তাহাতে কি প্রকারে

পৌহুছিবে? উহারা ত মায়ার ব্যাপার। মায়া তাঁহার অভিম্থে থাকিতে বিশেষরূপে লজ্জিত হইয়া দূরে পলাইয়া থাকে। সূত্রে ব্যবহৃত তিনটি পদের আলোচনা নিজের জ্ঞানবৃদ্ধির পরিমাপে কথঞিৎ শেষ করিয়া, শেষপদ "জিজ্ঞাসার" আলোচনায় অগ্রসর হউতেছি।

১৯) জিজ্ঞাসা: —মনঃসংযমের প্রয়োজনীয়তা।

৭৫। জিজ্ঞাসা পদের বৃংপত্তিগত অর্থ—জানিবার ইচ্চা—বর্তমান ক্ষেত্রেই হা ব্রহ্মতব জানিবার, অন্ত কথার ব্রহ্মবিতালে তের ইচ্ছা। ইচ্ছা হুইলেই উহার সম্প্রণের জন্ত স্বাভাবিকভাবে চেটা আদে, সেই চেটাই সাধনা বা উপাসনা। ভগবান্ স্ত্রকার ব্রহ্মপ্রের তৃতীয় অধ্যায়ে ইহার আলোচনা করিবেন। উপাসনা পদের বৃংপত্তি লভ্য অর্থ—সমীপে স্থিতি। তাহা হইতেই জানের উংপত্তি হইয়া থাকে। ইহা প্রত্যেকের প্রত্যক্ষ দৃষ্ট বাপোর যে, কোন কিছু বিশেষভাবে জানিতে হইলে, উহার সমীপে যাইতে হয়। দূর হইতে সমাক্ জ্ঞান সম্ভব নয়। ব্রহ্ম বা জগবান সম্বন্ধে নিকট-দূর নাই বটে—কারণ তিনি দেশ-কাল পরিক্রেদ শৃন্য। কিন্তু ব্রহ্ম বা ভগবানে মনোনিয়েশে বা চিন্তন্ না করিয়া, অবান্তর বিষয় চিন্তায় মনোনিবেশ করিলে, ব্রহ্ম বা ভগবানকে দূরে রাথার মত হয় না কি? এই মনোনিবেশ করা বা না করা, আমাদের ইচ্ছাধীন, আমাদের স্বাতন্ত্র্যের কণা থাকা হেতু, ভগবান কোন বাধা দেন না। এই কারণে যোগ শাস্ত্রে মনঃসংযমের ভ্য়ো ভ্য়ঃ উপদেশ প্রদন্ত হইয়াছে। ভগবান্ গীতায় ৬০২ শ্লোকে "তব্রকাগ্রং মনঃ কথা যত চিন্তেন্দ্রিয়ক্রিয়ঃ" এই উপদেশই দিয়াছেন।

২০) গুরুর উপযোগিভা৷ ত্রন্সজ গুরুর অভাবে অনুকর

৭৬। কোন ন্তন দেশে ভ্রমণেচ্ছু ব্যক্তি যদি সেই দেশের পথ, ঘাট,
দ্রষ্টব্য প্রভৃতি বিষয়ে বিশেষ অভিজ্ঞ কোন লোক সঙ্গে লইয়া ভ্রমণ করেন,
তাহার ভ্রমণের অনেক ক্লেশ ও অস্থবিধা সহ্ করিতে হয় না, অথচ যাহা কিছু
দেখিবার, শুনিবার, জানিবার থাকে, সম্দায় দেখা-শুনা—জানা সহজেই
হইয়া ষায়,—সেইরূপ ব্রহ্মতত্ত্ব জিজ্ঞাস্থ ব্যক্তি—অন্ত কথায় ব্রহ্মবিছ্যার পথে
ভ্রমণেচ্ছু ব্যক্তি যদি উক্ত পথের অভিজ্ঞ ব্যক্তিকে সঙ্গে লইয়া, পথ অতিবাহন
করিতে অগ্রসর হন, তাহা হইলে, অপেক্ষাকৃত অনেক সহজে তাঁহার আকাজ্যা
পূরণ হইয়া থাকে। এই অভিজ্ঞ ব্যক্তিই গুরু। এই জন্য শিরোদেশে উদ্ধৃত
মৃত্তক শ্রুতির ১০০ মন্ত্রে ব্রহ্মক্ত গুরুতর আশ্রেয় গ্রহণ করিবার উপদেশ প্রদৃত্ত

হইয়াছেন। ইনি প্রক্ষজ্ঞ— সে কারণ প্রক্ষবিদ্যার পথে ভ্রমণ করিয়া সম্যক্ অভিজ হইয়াছেন। কাল বিপ্লবে, বর্ত্তমানে প্রক্ষজ্ঞ গুরুর একাস্ত অভাব নিবন্ধন, জিজ্ঞাস্থ ব্যক্তি নিশ্চেইভাবে বসিয়া না থাকিয়া, অন্তর্যামী ভগবানের শরণ গ্রহণপূর্বক, তাঁহার উপর সম্পূর্ণ নির্ভর করত:—উপনিষদ, প্রক্ষয়ে, ভাগবত, গীতা প্রভৃতি প্রক্ষোপদেশক শাস্ত্রসমূহকে গুরুত্বে বরণ করিয়া সাধ্যমত যতচুকু করা সম্ভব, তাহা করা উচিত—ইহা পূর্বের আলোচনায় বৃঝিয়াছি। ভগবান্ গীতায় ১০।৬১-৬২ শ্লোকে ইহা বলিয়াছেন। উক্ত শ্লোক বৃটি ২২ অনুচ্ছেদে উদ্ধৃত করা হইয়াছে।

২**১) জিজ্ঞাসা সম্বন্ধে ভাগবভের উক্তি**।

৭৭। এখন ভাগবত কি বলিতেছেন দেখা যাউক—

জীবস্য তত্ত্বজিজ্ঞাসা নার্থো যশ্চেহ কর্ম্মডিঃ ৷ ১৷২৷১০

ইহলোকে কর্মদ্বারা পুরুষার্থ প্রাপ্তি হয় না। তত্ত্বজ্ঞিজাসাই জীবের প্রম-পুরুষার্থ ॥ ১।২।১০

তত্ত্বজিজ্ঞাসাই ব্রন্ধজিজ্ঞাসা, ইহা বলাই বাহুল্য। তত্ত্বজিজ্ঞাসার জন্য কি জিজ্ঞাস্তবে খ্রুজিয়া বেড়াইতে হইবে? ভাগবত বলিতেছেন, না, খ্রুজিতে হইবে কেন? তিনি ত সঙ্গে সঙ্গেই ফিরিতেছেন। আমরা তাঁহার দিকে পশ্চাৎ ফিরিয়া থাকি বলিয়াই ত দেখিতে পাই না।

তদ্ ব্রহ্ম পরমং সূক্ষ্মং চিন্মাত্রং সদনস্তকম্। বিজ্ঞায়াত্মতয়া ধীরঃ সংসারাৎ পরিমূচ্যতে॥ ১০৮৮।৭

সেই ব্রহ্ম পরম স্ক্রন। তিনি "সত্যং জ্ঞানমনস্তম্" বলিয়া তৈতিরীয় ২।১
মত্ত্রে নির্দেশ করিয়াছেন। ধীর সাধক তাঁহাকে আত্মরূপে জানিতে পারিলেই
সংসার হইতে মৃক্ত হয়। ১০৮৮। ৭

কিরপে তাঁহাকে আত্মরূপে জানা সম্ভব হইতে পারে ? ইহার উত্তরে ভাগবত বলিতেছেন :—

তস্মাজ্জিজ্ঞাসয়াত্মানঅস্থং কেবলং পরম্। সঙ্গম্য নিরসেদেতদ্ বপ্তবৃদ্ধিং যথাক্রমম্॥ ১১।১০।১১

অতএব জিজ্ঞাসা বা বিচার ত্বারা জিজ্ঞাস্থর নিজের স্থূল-সৃষ্ট দেহের অন্তরেস্থিত, অসঙ্গ আত্মাকে জানিয়া,—স্থূল-সৃষ্ট ক্রমে দেহাদিতে বস্তব্দি—
সাধন পথে অগ্রসরণের সহিত ক্রমে ক্রমে পরিত্যাগ করিবে। ভাঃ ১১।১০।১১

ভগবান স্ত্রকার পরে ৪।১।৩ স্ত্রে "আত্মেতি তৃপগচ্ছন্তি গ্রাহয়ন্তিচ"— আত্মভাবে উপাসনার বিষয় প্রতিপাদিত করিবেন। এখানে বিস্তারের প্রয়োজন নাই।

৭৮। স্বচ্ছ আদর্শের উপরে অনেকদিনের মল সঞ্চয় হইলে, উহা কোনও বস্তু পরিষ্কার রূপে প্রতিবিশ্বিত করিতে পারে না। উক্ত মলিনত্ব অপসারণের জন্ম, অতি স্ক্র বালুকাকণা বা তদ্রপ কোন স্ক্র বস্তু ছারা, উহা ধীরে ধীরে ঘর্ষণ করিতে হয়, লগুড়াঘাত রূপ উৎকট ক্রিয়ায় উহা সাধিত হয় না। দেইরূপ, আমাদের বুদ্ধিতে বহু জন্মান্তরের সঞ্চিত মল, জিজ্ঞাসা বা বিচারের ছারা ধীরে ধীরে অপসারিত করিতে পারিলেই, বুদ্ধি নির্মালতা প্রাপ্ত হয়। তথন আমাদের হুৎপদ্মে অবস্থিত, স্বয়ম্প্রকাশ, আত্মস্বরূপ উজ্জ্বলভাবে আত্মপ্রকাশ করিয়া থাকে। ইহাই ব্রহ্ম স্বরূপোপল্য বা অপরক্ষান্তভৃতি।

১৯। ভাগবত নিমোদ্ধত শ্লোকে বিচারের পদ্ধতি বলিতেছেন :—
আচার্য্যোহরণিরাত্যঃ স্থাদন্তেবাস্থ্যত্তরারণিঃ।

তৎ সন্ধানং প্রবচনং বিত্যাসন্ধিঃ সুখাবহঃ ॥ ১১।১০।১২

যেমন কাষ্ঠ মন্থন করিয়া অগ্নি উৎপাদন করিতে হইলে, নীচে ও উপরে চইখানি অরণি কাষ্ঠ, উভয়ের মধ্যে মন্থন দণ্ড এবং মন্থন দণ্ডের দ্বারা উভয় অরণিতে ধৈর্য্যের সহিত ঘর্ষণ প্রয়োজন; সেইরপ আচার্য্য বা গুরু নিমন্থ অরণি, জিজ্ঞান্থ বা শিশু, উপরিম্ব অরণি, গুরু ও শিশ্বের প্রশোত্তর উভয়ের মধ্যন্থ মন্থন দণ্ড, এবং স্থাবহ বিলা ততুথ অগ্নি স্বরূপ জানিবে। ১১।১০।১২

ইহা সহজে ব্ঝিতে পারা যায় যে, তৃ-একবার অরণিন্ধয়ের সহিত মন্থন-দণ্ডের ঘর্ষণে অগ্নুৎপত্তি হয় না; ধীরভাবে বহুক্ষণ ঘর্ষণ করিয়া গোলে তবে অগ্নির উৎপত্তি হইয়া থাকে। সেইরূপ গুরুর সঙ্গে বচন ও প্রবচন—অর্থাৎ গুরুর উপদেশ ও তৎ সম্বন্ধে বিচার করিয়া যাইলে, পরিণামে বিছোৎপত্তি হইয়া থাকে। ইচাও লক্ষ্য করিতে হইবে—যে অগ্নি উৎপাদনের জন্ম উভ্নের অরণির মধ্যে, নিমন্থ অরণি, অধিকতর অনৃঢ় ও কার্যাক্ষম হওয়া প্রয়োজনীয়—সেইরূপ গুরু ও শিশ্ব উভয়ের মধ্যে গুরুর কর্তব্য—অধিকতর ত্রহ। ইহা বুঝাইবার জন্ম আচার্যাকে আন্থ অরণি বলা হইয়াছে।

২২) জিজ্ঞাসাই—উপাসন। উহার পুনঃ পুনঃ অনুষ্ঠানে বেদন।

৮০। আলোচনার ৭৫ অথছেদে আমরা বৃঝিয়াছি যে, জিজ্ঞাসারই অপর নাম উপাদনা—বাঁহাকে জিজ্ঞাসা করিতে হইবে, তাঁহার সমীপে আসন গ্রহণ করিয়া গীতার ৪।৩৪ শ্লোকে ভগবং প্রদন্ত উপদেশ অনুদারে, তাঁহাকে প্রণাম, পরিপ্রশ্ন ও সেবা দারা সন্তুষ্ট করিতে পারিলে, সেই তরদর্শী গুরু পরমতবের উপদেশ দিবেন। তাঁহার নিকট হইতে সংশয় নিরসন করিতে হইলে প্রশ্ন ও উত্তর পরম্পরা দারাই তাহা সন্তব হয়। ইহা ভাগবত অরণিদ্বয়ের দৃষ্টান্ত দারা বুঝাইয়াছেন (দেখ অন্তচ্ছেদ ৭৯)। অতএব ইহা হইতে ব্ঝা গেল, তর্জ্ঞান লাভ করিতে হইলে, আদর্শের মলাপসরণের জন্ম পুনঃ ঘর্ষণের ন্যায়ও অরণিদ্বয় হইতে অয়ি উৎপাদনের জন্ম, পুনঃ মন্থনের ন্যায় প্রশ্ন ও উত্তর অসকৎ-বহুবার করা প্রয়োজন। ভগবান্ স্ত্রকার ৪।১।১ স্ত্রে ''আরতে রসক্তপদেশাৎ''— ফ্রান্ডি ও শ্বুভিতে উপদেশ হেতু অসকৎ—অর্থাৎ বহুবার আর্তির পুনঃ পুনঃ অনুশীলনের প্রয়োজন। এই স্ত্রের শিরোদেশে উদ্ধৃত বৃহদারণ্যক ফ্রান্ডির হারার ন্যায় ধ্যান। যোগশান্তে বিভৃতি পাদের দ্বিতীয় স্ত্রে ঝিষ পতঞ্জল ধ্যানের সংজ্ঞা নির্দেশে বলিতেছেন—''তর প্রত্যায়লাতনতা ধ্যানম্''—ইহাই অবিচ্ছিন্ন তৈল ধারার ন্যায় প্রত্যয় প্রবাহ। ইহাই অন্য কথায় পুনঃ পুনঃ অনুশীলন।

৮১। ভাগবত নিমোদ্ধত শ্লোকে ৪।১।১ স্থত্তে ব্যবহৃত "অসকুৎ" শব্দই ব্যবহার করিয়া বলিতেছেন:—

প্রোক্তেন ভক্তিযোগেন ভদ্ধতো মাসকুন্নুনে:। কামা হাদয্যানশুন্তি সবেব ময়ি হাদি স্থিতে॥ ১১।২০।২৯

পূর্ব্বোক্ত ভক্তিযোগ দারা যে মৃনি আমাকে নিরস্তর ভজনা করেন, তাঁহার হৃদয়ন্থিত সমৃদায় কাম বিনষ্ট হয়, এবং তিনি নিজ হৃদয়ে আমার অবস্থানের পরিচয় পান। ১১।২০।২৯

গৰুড় পুরাণে বলিতেছেন :---

সা হানিস্তং মহচ্ছিদ্রং সা চান্ধাং জড-মুকতা। যন্মূর্ত্তং ক্ষণং বাপি বাস্তুদেবো ন চিস্তাতে॥

যে মুহূর্ত বা ক্ষণ বাস্থদেবের চিন্তা ব্যতিরেকে ব্যয়িত হয়, ভাষা অভিশয় ক্ষতি এবং মহৎ ছিদ্র ঘটাইয়া থাকে। একথও শুক্ত কাঠ বা একথও প্রস্তর বা মুক্তিকা যেমন দৃষ্টিশক্তি, চৈতন্তগাক্তি বা মননশক্তি ও বাক্শক্তিহীনরূপে পাড়য়া থাকে, যে ক্ষণে বা মূহূর্তে ভগবান্ বাস্থদেব চিন্তিত না হন, সেই সম্দায় ক্ষণে বা

মূহূর্তে উক্ত অচিন্তক ব্যক্তি এরপ শুষ্ক কাষ্ঠ, প্রস্তর বা মৃত্তিকাথও মাত্র গ্ণ্য হইয়া থাকে।

আর অধিক বিস্তারের প্রয়োজন নাই। এই সংক্ষেপ আলোচনা হইতে বুঝা গেল যে, যতদিন না জিজ্ঞাসার পরিসমাপ্তি হয়, ততদিন নিরম্ভর অনুশীলনের প্রয়োজন। এই জন্মই ভগবান শ্রীকৃষ্ণ চৈতন্ম মহাপ্রভু নিয়ম করিয়াছিলেন যে, যদি কেহ নিমন্ত্রণ করিয়া, তাঁহাকে ভোজন করাইতে চাহেন, তাঁহাকে লক্ষপতি হইতে হইবে—অর্থাৎ প্রতিদিন লক্ষ হরিনাম জপ করিতে হইবে।

৮২। বিতোৎপত্তি হইলে, অন্ত কথায় যাহা জিজ্ঞাস্ত ছিল তাহা জানা হইয়া গেলে, আর কিছু জানিবার অবশেষ থাকে না। ভাগবত বলিতেছেন:

নৈতদ্ বিজ্ঞায় জিজ্ঞাসোজ্ঞ বিত্যামবশিষ্যতে। পীত্বা পীযূষমমূতং পাতব্যং নাবশিষ্যতে॥ ১১।২৯।৩০

ইহা অর্থাৎ এই পরমতত্ব জানিতে পারিলে, জিজ্ঞাস্তর আর কিছুমাত্ব জ্ঞাতব্য অবশিষ্ট থাকে না—তাহার জ্ঞানের পরিদীমা প্রাপ্তি হইয়া থাকে। স্বস্বাত্ব অমৃত পানকারীর আর কিছু পান করিবার কি স্পৃহা থাকে ? ইহাই শ্রুতি কথিত এক বিজ্ঞানে, সর্ব্ধ বিজ্ঞান। ইহার সাক্ষাৎ পরেও পাইব। ১১।২৯।৩০

২৩) জিজ্ঞাসায় প্রবৃত্ত ব্যক্তির কি প্রকার আচরণ কর্ত্তব্য ?

৮৩। জিজাসায় প্রবৃত্ত জিজ্ঞান্থ ব্যক্তি কি প্রকার আচরণ কর্তব্য ? এই প্রশ্ন করনা করিয়া ভাগবত বলিতেছেন :—

নিবৃত্তং কম্ম['] সেবেত প্রবৃত্তং মৎপরস্ত্যজেৎ।

জিজ্ঞাসায়াং সংপ্রবৃত্তো নাজিয়েৎ কর্ম্মচোদনাং ॥ ১১।১०।৪

জিজ্ঞাসায় সংপ্রবৃত্ত হইবার পূর্ব্বে "মংপর" হইয়া অর্থাৎ আমার শরণ গ্রহণ পূর্বক আমাতে সম্পূর্ণ নির্ভরতা রাখিয়া কাম্য-কর্ম পরিত্যাগ করিবে। "নিবৃত্তং" কর্ম অর্থাৎ নিত্য-নৈমিত্তিক কর্মানুষ্ঠান করিতে পাল্লিবে বটে, কিন্তু জিজ্ঞাসায় সম্যক্ ভাবে প্রবৃত্ত হইলে, নিত্য-নৈমিত্তিক কর্ম বিধিতেও আদ্ব করিবে না। ১১১১।৪

তথন তাহার নিত্য-নৈমিত্তিকাদি কর্ম করিবার অবসর কোথায়? সব সময় ত তাহার জিজ্ঞাসায়, গুরুর বা শাস্ত্রের উপদেশ গ্রহণে, গৃহীত উপদেশের অনুশীলনে, বিচারে এবং মনে দুঢ়ভাবে ধারণা করিবার প্রচেষ্টায় ব্যয়িত হইয়া যাইবে।

২৪) জিজাসার ফলে কি মূতন কিছুর প্রাপ্তি হয় ?

৮৪। এই প্রকারে জিজ্ঞাসায় সংপ্রবৃত্ত থাকিলে, তাহার ফলে কি নতন কিছু প্রাপ্তি ঘটে? এই প্রশ্নের উত্তরে ভাগবত বলিতেছেন:—

ঘনো যথাহর্কপ্রভবো বিদীর্ঘাতে, চক্ষুঃ স্বরূপং রবিমীক্ষতে তদা। যদাহ্যহঙ্কারঃ উপাধিরাত্মনো জিজ্ঞাদয়া নশ্যতি তর্হারুস্মরেৎ॥

५२।८।७२

মেঘের জন্ম সূর্য্য হইতে হইলেও, উহা যেমন সূর্য্যকেই আবৃত করিয়া রাখে; উক্ত মেঘ বিদীর্ণ হইয়া গেলে, যেমন চক্ষ্য তাহার স্বরূপভূত সূর্য্যকে দেখিতে পায়, সেইরূপ আত্মার উপাধিরূপ অহংকার আত্মা হইতেই জন্মগ্রহণ করতঃ আত্মারই আবরণ কারণ স্বরূপ হয়। উক্ত অহংকার যথন ব্রন্ধজিজ্ঞাসা দ্বারা নাশপ্রাপ্ত হয়, তথনই ব্রন্ধস্বরূপ বা আত্মস্বরূপ শ্বরণ হয় অর্থাৎ উহা উজ্জ্বলভাবে অভিব্যক্ত হয়। ১২।৪।৩২

স্থুল দৃষ্টিতে মনে হয় যে, মরণ ধর্ম্মী দেহে আত্মবৃদ্ধি থাকা হেতু অমৃত-স্বন্ধপ ভগবানকে লাভ করা একপ্রকার অসম্ভব, কিন্তু প্রকৃতপক্ষে তাহা নয়। ভগবং প্রাপ্তি নৃতন কিছু প্রাপ্তি নয়। ভাগবত বলিতেছেন :—

যথা হি ভানোরুদয়ো নৃচক্ষ্বাং তমো নিহন্তান্ন তু সদ্ বিধত্তে। এবং সমীক্ষা নিপুণা সতী মে হক্তান্তমিস্তং পুরুষস্ত বুদ্ধেঃ॥ ১১।২৮।৩৫

স্থোদিয় যেমন লোকের চক্ষুর আবরক অন্ধকার মাত্র নষ্ট করে, কোনও ন্তন পদার্থ উৎপন্ন করে না; যে সকল পদার্থ অন্ধকারে আচ্চন্ন থাকায় অদৃশ্য ছিল, অন্ধকার নাশ করিয়া তাহাদিগকে প্রকাশিত করে মাত্র, সেইরপ নিপুণ ব্রহ্মদর্শন—পুরুষের বৃদ্ধির আবরক অজ্ঞানান্ধকার নাশ করে মাত্র—উহা নাশপ্রাপ্ত হইলে, স্বতঃ প্রকাশ আত্মস্বন্ধপ—যাহা পূর্ব্ব হইতেই নিজ স্বপ্রকাশ ক্রণে বর্তমান ছিল, উক্ত অজ্ঞানান্ধাকারে আবৃত থাকা হেতু প্রকাশ পাইতে পারে নাই, তাহাই স্বাভাবিকভাবে স্বতঃ প্রকাশিত হইয়া পড়ে। ১১৷২৮৷৩৫

স্বরূপ ত চিরবর্ত্থান। উহার নাশ অসম্ভব। সেকারণ উহার জন্মও নাই। আগন্তক কারণে উহার প্রকাশ ব্যাহত থাকায়, নষ্টের ন্থায় সংগোপনে ছিল। উক্ত কারণ নাশে ডহার সমূজ্জন জ্যোতিঃ থে স্বতঃ প্রকাশিত হইবে তাহার কথা কি?

৮৫। উপরে উদ্ধৃত ভাগবভের ১১/২৮/২৫ স্লোকে "সমীক্ষা" পদ আছে। উহা সম্ + ঈক্ষা এই ত্ই শব্দে গঠিত। সম্—অর্থ সম্যক্, পরিপূর্ণ, এবং ঈক্ষা— অর্থ দর্শন। অতএব উক্ত "সমীক্ষা" পদের অর্থ—সম্যক্ বা পরিপূর্ণ দর্শন। ইহা পরোক্ষ দর্শন নহে। কারণ পরোক্ষ দর্শন সমাক্ দর্শন নহে। উহা মন:—বাদ্ধ – চক্ষু: প্রভৃতি অন্তঃ ও বহিরিক্রিয়াদির মাধ্যমে সংঘটিত হয় বলিয়া, উহা তাহাদিগের দোষে কল্ষিত হইতে বাধ্য। কিন্তু আলোচ্য শ্লোকে ''নিপুণা সমীক্ষা'' বাক্যাংশ ব্যবহারে ভাগবত বুঝাইতে চাহেন—উহা মনঃ -বুদ্ধি প্রভৃতি মাধ্যমের সাহায্যে দর্শন নহে, উহা অপরোক্ষ দর্শন। আত্মায় আত্মায় মিলন। কবির ভ:ষায় 'মিলন লহরী ছুটে আত্মায় আত্মায়।" উহাই প্রকৃত দর্শন—অথবা দর্শনই বা বলি কেন, উহা আত্মার দারা আত্মা লাভ—আপনার দ্বারা আপনাকে প্রাপ্তি। উহা যে কত প্রগাঢ়, কত নিবিড়, কত ঘনিষ্ঠ, তাহা ভাষার প্রকাশ করা যার না। উহা মানব প্রচেষ্টার লভা কোনও বস্তু নহে। ভগবত কুণায়—ভাগবতকার উহার অপরোক্ষানুভৃতি লাভ করায়, নিত্যধামে আনন্দ স্বরূপে আনন্দান্মভাবের পদ্ধতি, তাঁহার মানসচক্ষে প্রকটিত হইয়াছিল। তদন্সারে তিনি অভেদাত্মক ভেদাভিব্যক্তি বা অভেদে বহুত্বের প্রকটন প্রভ্যক্ষ করিতে সমর্থ হইয়াছিলেন। অপার্থিব অন্তভৃতি নিজের মনে নিবদ্ধ রাখিতে অসমর্থ হইয়া, ভগবানেরই ইচ্ছা দারা পরিচালিত হইয়া—ভাগবতের 'রোসপঞ্চাধ্যায়ে" তাহার কিঞ্চিং পরিচয় দিতে প্রয়াদ করিয়াছেন। উহা ভাবরাজ্যের কথা। উহাতে প্রবেশ না করাই শ্রেয়:।

৮৬। ভাগবতকার জিজাসার ফলে পরমপ্রাপ্তির পরিচয় দিয়া, জীক কল্যাণের জন্ম উপদেশ দিতেছেন :—

> এষা বৃদ্ধিমতাং বৃদ্ধিমনীষা চ মনীষিণাম্। যৎ সত্যমন্তেনেহ মর্জ্যেনাপ্লোতি মামৃতম্।। ১১।২৯:২২

ইহাই বৃদ্ধিমানগণের বৃদ্ধি ও মনীধীগণের মনীধা — অর্থাৎ ইহাই মানব-দেহধারিগণের প্রমপুরুষার্থ, যে নশ্বর মর্বধর্ম্মী নর্দেহ দ্বারা অমৃত স্বরূপ আমাকে (প্রমৃত্ত্ব, ব্রহ্ম বা ভগবানকে) প্রাপ্ত হয়। ১১/২৯/২২

২৫) আমাদের জ্ঞান দ্বিধি-পরোক্ষ ও অপরোক্ষ।

৮৭। উপরের আলোচনায় পরোক্ষ ও অপরোক্ষ উভয়বিধ জ্ঞানের কর্থা বলং হইয়াছে। ভাগবত নিমোদ্ধত তৃটি শ্লোকে বুঝাইতেছেন:— নবৈকাদশ পঞ্জ ত্রীন্ ভাবান্ ভূতেষু যেন বৈ। ঈক্ষেতাথৈকমপ্যেষু ভজ্জানং মম নিশ্চিতম্।। ১১।১৯।১৩ এতদেব হি বিজ্ঞানং নৃ তথিকেন যেন যং॥ ১১।১৯।১৪

যে জ্ঞান দারা ব্রন্ধাদি স্থাবরান্ত সর্বভ্তে, প্রকৃতি, পুক্ষ, মহৎ, অহংকার, পঞ্চ তন্মাত্র-এই নয়; একাদশ ইন্দ্রিয় (পঞ্চ জ্ঞানেন্দ্রিয় + পঞ্চ কর্ম্মেন্দ্রিয় + মনঃ), পঞ্চ মহাভৃত, সত্ব—রজঃ—তমঃ এই তিনগুণ—এই মোট অষ্টাবিংশতি তত্ত্ব প্রভাক্ষ হয় এবং যাহা দ্বারা, এই সম্দায় পদার্থে এক আত্মতত্ত্ব অনুমিত হয়, তাহাই মদ্বিষয়ক জ্ঞান। ১১১১ন১৩

আর যে একমাত্র জ্ঞান দ্বারা, পূর্বের ন্যায় পৃথক্ দৃষ্টি না হইয়া, একমাত্র কারণ স্বরূপ ব্রহ্মকেই জানা যায়, ভাহাই বিজ্ঞান। ১১১১২১১৪

জ্ঞান-বিজ্ঞান সম্পন্ন সাধকই সংসারের ত্রিতাপ জ্ঞালা হইতে মৃক্ত হইরা থাকেন। ভাগবত বলিতেছেন:—

সর্বভূতস্থজ্জান্ত। জ্ঞান-বিজ্ঞান-নিশ্চয়ঃ। পশুন্ মদাত্মকং বিশ্বং ন বিপত্তেত বৈ পুনঃ ॥ ১১।৭।১০

সর্বভ্তের স্কং অতএব শান্ত ও জ্ঞান-বিজ্ঞান নিশ্চয় ব্যক্তি (অর্থান্থ পরোক্ষ ও অপরোক্ষাত্মভূতির দ্বারা—যাঁহার আত্মবিষয়ক নিশ্চয় বুদ্ধি হইয়ছে), মদাত্মকরপে এই বিশ্বকে দর্শন করিলে—আর বিপদাপন্ন হইতে হয় না, অর্থান্থ সংসার হইতে মুক্ত হইয়া থাকেন। ১১।৭।১০

জ্ঞানী ও বিজ্ঞানী সম্বন্ধে আলোচনা 'বেদান্ত প্রবেশ' গ্রন্থের ১১৮-১১২ পৃষ্ঠায় করা হইয়াছে।

অতএব বুঝা গেল যে, জিজ্ঞানার চরম ফল, পরম পুরুষার্থ প্রাপ্তি। সংসার প্রবাহে উন্মজ্জন-নিমজ্জন হইতে চিরম্ক্তি, শাশ্বত শান্তি লাভ।

২৬) পূর্বে পক্ষের প্রশ্ন ও ভাহার উত্তর।

স্কৃত হয় ?

৮৮। পূর্ব্বপক্ষ প্রশ্ন করিতেছেন:— আমি পূর্ব্ব অঙ্গীকার মত তোমার আলোচনা চলা কালে কোন প্রশ্ন উত্থাপন করিয়া তোমার চিন্তাধারার বাধা স্কল করি নাই। তোমার অতি বিশদ্ আলোচনার ফলে আমার বহুদিনের অনেক সংশয় নিরসন হইয়াছে। আমি স্ফলট ব্বিতে পারিতেছি না যে, ভগবানের নিয়য়্রণ ও পরিচালনের সহিত জীবের স্বাতয়্রা রক্ষা কি প্রকারে

- ৮৯। ইহার উত্তরে সিদ্ধান্তবাদী বলিতেছেন ঃ—তৃমি যে ভোমার অঙ্গীকার কো করিয়াছ, ইহাতে আমি কৃতজ্ঞ। আরও, তৃমি যে আমার আলোচনা মনোযোগের সহিত শুনিয়াছ, তোমার প্রশ্ন হইতে তাহা বৃঝিতে পারিয়া আমি অতিশয় আনন্দিত হইয়াছি। তোমার উক্ত প্রশ্নের উত্তর দিতে শাস্তের দোহাই না দিয়া কয়েকটি প্রতাক্ষ দৃষ্টাস্ত দিয়া আমার উক্তি বিশদ্ করিবার চেষ্টা করিব।
- (ক) আমরা জ্ঞানি যে, নিঃশাস গ্রহণে ও প্রশাস ত্যাপে, কি জীব, কি উদ্ভিদ্, প্রাণবান্ মাত্রই জীবিত থাকে—অন্ত কথায় বায়্র পরিচালনা আমাদের জীবন ধারণের মূলে। এবং সমৃদায় জীব ও উদ্ভিদ্ সম্পর্কে একই বায় জীবন ধারণ নিয়ন্ত্রণ করে, বায়্র কোনও বিভিন্নতা নাই। কিন্ত তাই বলিয়া বায়্ কাহারও স্বাতন্ত্রো কি বাধা দেয়? তাহা ত দেয় না।
- ্থ) আমরা অনেকেই রাত্রিকালে রঙ্গালয়ে বা সিনেমা গৃহে অভিনয় দর্শন
 করিয়াছি। আমরা সকলে জানি যে, উজ্জল আলোকের স্থপরিচালনে ও
 স্থনিয়ন্ত্রণে, অভিনয় স্থষ্ঠ সম্পাদিত হয়। উহার অভাব হইলে, অভিনেতা, অভিনেত্রী অথবা ছবির রোল প্রথম শ্রেণীর ইইলেও অভিনয় স্থসম্পাদিত হয় না।
 আলোকের স্থপরিচালন বা স্থনিয়ন্ত্রণ কি অভিনেতা, অভিনেত্রী, দর্শকমণ্ডলী
 প্রভৃতির স্বাতন্ত্রোর কি কোনও বাধা সজন করে ? তাহা ত করে না।
- (গ) রাত্রি গত হইয়া স্থ্যোদয়ে দশদিক প্রকাশিত হইলে, জগতে কর্ম-প্রবাহ চলিতে থাকে—ইহা আমাদের প্রতিদিনের প্রত্যক্ষ দৃষ্ট। স্থ্যালোকের পরিচালনায়, কি জীব, কি উদ্ভিদ্ প্রত্যেকের শক্তি কার্য্যশীল হইয়া থাকে। সে কারশ, প্রত্যেকে নিজের নিজের উপযোগী পৃথক্ পৃথক্ কর্মে প্রবৃত্ত হয়, ইহা সহজেই ব্রিতে পারা যায়। স্থাকিরণও তাহার পরিচালনা বা নিয়্মণ সকলের পক্ষে সমান। উহা ত কাহারও স্বাতজ্যে হস্তক্ষেপ করে না।
- (ঘ) আমরা জানি যে, মৃত্তিকার রস ও স্থ্যকিরণ-উদ্ভিদের জনন, পোষণ, বর্দ্ধন, পুপ্দফলোৎপাদন প্রভৃতির হেতৃ। মকিকার রস প্রচুর থাকিলেও স্থ্যকিরণ প্রাপ্তির উপযোগী নিয়ন্ত্রণ না করিলে, গাছ বৃদ্ধি প্রাপ্ত হইয়া পত্র-পূপ্প-ফলে সমৃদ্ধ হইতে পারে না। বাগানে একটি স্থমিষ্ট আমবৃক্ষ আছে। আগাছা দূর করিয়া, আশে পাশে অন্ত গাছের ভাল কাটিয়া, স্থ্যকিরণ স্থষ্টভাবে পরিচালনের পথ স্থগম করিয়া, উক্ত আমগাছের অন্তরে অবস্থিত রসবাহী নালিকাগুলিকে কার্যনীল হইবার স্থযোগ প্রদান করিলে তবে আম গাছটি ফল সম্ভারে সমৃদ্ধ হয়। এখন মনে করে যে, ত্রভাগ্যক্রমে প্রবল ঝটিকায় আমগাছটি ভার্সিয়া পড়িয়া

যাওয়ায়, উহার জায়গায় নিমগাছ বা তেঁতুলগাছ জন্মাইলে, মৃত্তিকার রস ও তর্থ্যকিরণ আগের ন্থায় প্রচ্র পরিমাণে পাইলেও নিমের তিক্ততা বা তেঁতুলের অমন্ত দ্র হইয়া ক উহা উভয়ে পূর্বকার আম গাছের মিইতার পরিচয় দিবে? ভাহা ত দেয় না। স্থ্যকিরণের পরিচালনা, বা মৃত্তিকার রস উহাদের স্বাতয়ানই করে না। সেইরপ সকলের অস্তরে, অন্তর্থামী বর্ত্তমান থাকিয়া, প্রত্যেককে পরিচালনা ও নিয়য়ণ করিলেও কাহারও স্বাতয়ো হস্তক্ষেপ করেন না। প্রত্যেকে নিজ নিজ পৃথক্ পৃথক্ কর্ম স্বভন্তরভাবে সম্পাদন করে।

আশা করি তোমার প্রশ্নের সম্ভোষকর উত্তর পাইয়াছ।

পূর্ব্বপক্ষ বলিভেছেন—ভোমার প্রদত্ত দৃষ্টান্ত কয়টি সম্পূর্ণরূপে আমার সংশয় অপনোদন করিয়াছে।

২৭) চারিটি অপরিহার্য্য অমুবন্ধ।

কংল গ্রন্থ সর্বাঙ্গপূর্ণ হয় না। উহাদের নাম যথাক্রমে—অভিধা বা নাম, বিষয়, সম্বর ও প্রয়োজন। আলোচ্য ক্রম্বত্ত গ্রন্থে ভগবান্ স্ত্রকার প্রথম স্ত্র রচনা করিয়া এবং তাহাতে ''ক্রম'' পদ সন্নিবেশিত করিয়া বুঝাইলেন যে, এই গ্রন্থের নাম ''ক্রম্বত্ত'' — "ক্রম স্তরাতে বা যথাতথ্যেন নির্ম্পাতে'' এই বুৎপত্তিতে ''ক্রম্বত্ত'' পদ নিস্পান্ন। এই নামকরণে স্ত্রকার ''ক্রমত্ত্ত' যথাযথভাবে ভাষায় যতদ্র সম্ভব, নিরূপণ করিবার প্রতিজ্ঞা করিলেন। ইহা হইতেই ইহার ''বিষয়'' বা প্রতিপাত্ত-ক্রমতত্ত্ব নিরূপণ, অত্যকথায় ক্রমবিতার উপদেশ, ভাহা স্ক্র্পান্ট বলা হইল। ''ক্রম্বত্ত' মানবদেহধারী সম্দায় জীবের কল্যাণের জন্ত অভিপ্রেত হইলেও, ইহার বিশেষ ''সম্বন্ধ"-উপযুক্ত অধিকারিগণের সহিত—ইহা প্রথম স্ত্রের আলোচনায় আমরা বুঝিয়াছি। ইহার ''প্রয়োজন''-পরম পুরুষার্থ প্রাপ্তি —সংসার প্রবাহে উন্মজন-নিমজন হইতে চির্ম্ন্তি—শাশত শান্তিলাভ-মানব দেহধারণের পূর্ণ সার্থকতা সাধন। ইহা হইতে অধিক অন্ত কি পুরুষার্থ হইতে পারে ? অতএব ত্রিভাপতাপিত জীবের পক্ষে, ইহা যে অতি উপাদেয়, তাহার কথা কি ?

- ২। জন্মাত্রধিকরণ-
- ১) ভিভি:--
- (১) "দর্ববং খলিদং ব্রহ্ম তজ্জলানিতি"। ছান্দোগ্য ৩।১৪।১ এই প্রত্যক্ষ পরিদৃশ্যমান প্রপঞ্চবিশ্ব ও তদন্তর্গত যত কিছু সর্ব্ধ-ব্রহ্মই।

কারণ ইহা "ভজ্ন"—ভাহা হইতে জাত, - "ভল্ল"—পরিণামে তাঁহাতেই তাদাআভাবে দীন ও "তদন্"—স্থিভিকালে তাঁহার ঘারাই প্রাণবান্ ও চেষ্টা-শীল। ছাঃ ১০১৪।১

(২) যতো বা ইমানি ভূতানি জায়ন্তে। যেন জাতানি জীবন্তি। যৎ প্রয়ন্ত্যভিসংবিশন্তি। তদ্ বিজিজ্ঞাসক্ষ। তদ্ ব্রহ্ম।
তৈতিঃ ৩১

যাহা হইতে ভূত সকল জাত হয়, যাঁহার দ্বারা জাত ভূতসকল জীবিত ধাকে এবং পরিণামে যাঁহাতে ভূত সকল প্রবেশ করে, তাঁহাকে জানিবার চেষ্টা কর। তিনিই ব্রহ্ম। তৈতিঃ ৩।১

২) সংশয়।

২। প্রথম স্ত্রের আলোচনায় "ব্রন্ধজিজ্ঞাসার" প্রয়োজনত্ব সিদ্ধ হইয়াছে বটে, কিন্তু ব্রন্ধকে কি লক্ষণে জানা যায়? পূর্বেই উল্লিখিত হইয়াছে যে, ব্রন্ধতন্ত্ব নির্ণয় অতি ত্রহ। তিনি বাক্য মনের অগোচর। একারণ আমাদের জানিবার ও বুঝিবার যন্ত্র মনঃ, বৃদ্ধি তাঁহার কাছে পৌহছিতে পারেনা, স্বতরাং ভাষাই বা তাঁহাকে কি করিয়া প্রকাশ করিবে? (তৈতিঃ ২০০) আমাদের যৎকিঞ্চিৎ পরিচয় এই পরিদ্খমান জগতের সহিত। যদি জগৎ হইতে তাঁহার জ্ঞান আহরণ সম্ভব হয়, তবেই তাঁহাকে জ্ঞানাও সম্ভব হইতে পারে।

৩) সূত্র।

৩। এই সংশয় সমাধানের জন্ম গত্রকার দ্বিতীয় প্র রচনা করিলেন :—

জন্মাত্রস্থ যতঃ। ১।১।২।২

जमानि + अण + यजः।

জনাদি:—জন্ম আদিতে যাহাদিগের—অর্থাৎ জন্ম-স্থিতি-লয়।
অশু:—এই পরিদুশুমান প্রপঞ্চবিশ্বের।

যতঃ:--বাঁহা হইতে;

সরলার্থ:— যাহা হইতে এই পরিদ্খনান প্রপঞ্বিখের জন্ম, স্থিতি ও লয় হইয়া থাকে — তিনিই বন্ধ।

শিরোদেশে উদ্ধৃত ছান্দোগ্য শ্রুতির ৩।১৪।১ ও তৈত্তিরীয় শ্রুতির ৩।১ মন্ত্র স্ম্পান্তভাবে ইহারই নির্দেশ দিতেছেন। ইহা হইতে প্রতিপাদিত হইতেছে, যে ব্রহ্মই একমাত্র জগৎ কারণ, তথু জ্বের নহে, স্থিতির এবং নাশেরও বটে। ভিনি একাধারে নিমিষ্ট, উপাদান, কণ্ডা, কণ্ম, করণ, সম্বন্ধ, অধিকরণ শ্রভৃতি
সম্দায়ই। ইহা জমশং বিশদ্ভাবে ব্রা যাইবে।

- উক্ত স্ত্রের ভাগবত ভাস্থ।
- ৪। এই স্ত্রের ভাগবত ভাগ বড়ই মধ্র ও গভীর।
 জন্মাগুশু যতোহয়য়াদি তরত*চার্থেমভিজ্ঞঃ স্বরাট।
 তেনে ব্রহ্ম জনা য আদিকবয়ে মৃক্সন্তি যৎ স্বয়ঃ॥
 তেজোবারিম্দাং যথা বিনিময়ো যত্র ত্রিসর্গোহম্যা।
 ধায়া স্বেন সদা নিরস্তকুহকং সত্যং পরং ধামহি॥ ভাগঃ ১।১।১

এই প্রত্যক্ষ পরিদ্খনান জগতের স্প্তি-শ্বিতি-লয় য়াহা হইতে হইতেছে,

যিনি জাগতিক সম্লায় বস্ত ও অবস্ততে, অয়য় ও ব্যতিরেক মূখে বর্ত্তমান (অর্থাৎ
য়াহার সত্তায় সম্লায়ের দৃশুমান সত্তা এবং য়াহার অসত্তায় অবস্তর অসত্তা) যিনি
সর্বজ্ঞ, মতঃসিদ্ধ জ্ঞানম্বরূপ; যে বেদে পরম জ্ঞানিগণও মৃয় হন (অর্থাৎ বেদের
রহস্থ অর্থ ব্রিতে অক্ষম হন), সেই বেদ মিনি আদিজ্ঞানী ব্রহ্মার হৃদয়ে
প্রকাশ করিয়াছেন। যেমন তেজে বা রোল্রে জলজ্ঞান, জলে পায়াণজ্ঞান,
এবং স্বচ্ছ কাচে জলবুদ্ধি ইত্যাদি ভ্রম—অধিষ্ঠানের আপোক্ষক সত্যতা হেতু
সত্য বলিয়া প্রতীতি গোচর হয়, সেইরূপ য়াহার নিরপেক্ষ, পরম সত্তায়, সত্ত-রজঃ-তমঃ এই গুণ ব্রয়োৎপন্ন প্রপঞ্চ স্বষ্টি বস্ততঃ অসত্য হইলেও সত্যরূপে
প্রতীত হইতেছে; অথবা তেজে জলভ্রম, জলে পায়াণভ্রম, অথবা কাচে
জলভ্রম—যেমন বাস্তবিক অলীক তত্রপ য়াহার অধিষ্ঠান ব্যাতরেকে, এই গুণব্রয়োৎপন্ন স্প্টি—মিথা। ইন্দ্রজাল মাত্র; স্বীয় স্বগ্রকাশ জ্ঞান প্রভাবে য়াহাতে
কুহক অর্থাৎ মায়িক উপাধি সম্বন্ধ নিরস্ত হইয়াছে, সেই পরমসত্য স্বরূপকে

ে। এই পরম সত্য স্বরূপ বস্তুই ব্রন্ধ। ইহাকেই ডাগবন্ড সাসাহ শ্লোকে

"বেতাং বান্তবং বন্তাশিবদং" বলিয়া উল্লেখ করিয়া ব্যাইলেন যে, তিনি

"অবাঙ্ মনসোসোচর" হইলেও সমকালে ''বেড''ও বটে। যদি বেডা না

হইতেন, তাহা হইলে ব্রন্ধন্তর রচনার অথবা তাহার আলোচনার কোনও

প্রেয়ার্জন হইত না। কাহাদের নিকট এবং কি প্রকারে তিনি ''বেড'' হন,

তাহাই প্রতিপাদনের জন্তা ব্রন্ধন্তের অবতার্শা। একারণ ব্রন্ধন্ত্র ও তাহার

আলোচনা মনন শক্তি সম্পাধ মানবংশহন্ত্রী জীবস্থার সংক্ অভিপ্রয়োজনীয়,

ইহা আশা করি ক্রমশঃ পরিস্কৃতি হইবে।

ঙ। উপরে উদ্ধৃত ভাগবতের ১১১১ শ্লোকের ভাগ্র স্বরূপ ভাগবতের কয়েকটি অতি উপাদেয় শ্লোক নীচে উদ্ধৃত করিতেছি।

যশ্মিন্ যতো যেন চ যস্ম যশ্মে যদ্ যো যথা করুতে কার্য্যতে চ। পরাবরেষ্যং পরমং প্রাক্ স্বসিদ্ধং তদ্ ব্রহ্ম তদ্বেতুরনম্যদেকম্।।

ভাগঃ ৬।৪।২৫

যে অধিষ্ঠানে, যাহা হইতে, যাহার ঘারা, যাহার সম্বন্ধে, যৎ সম্প্রদানক, যৎ কর্মক, যৎ কর্ত্বক, যে প্রকারে যে কোনও কর্ম রুত বা (দৃশুতঃ অপর কাহারও ঘারা) কারিত হয়—সকলই এক অদ্বিতীয় ব্রহ্ম-তিনিই সকলের কারণ, তিনি সকলের অগ্রে আপন হইতেই সিদ্ধ আছেন। তিনি পর ও অপর সকলের পরম কারণ এবং সজাতীয়-বিজাতীয় ভেদশ্রু। ভাগঃ ৬।৪।২৫ ভাগবতের এই শ্লোকের উক্তির বলে, ৩য় অন্তচ্ছেদে, তিনি একাধারে নিমিত্ত, উপাদান, কর্ত্তা, কর্মা, করণ, অপাদান, সম্বন্ধ, অধিকরণ প্রভৃতি সম্পায় কারক ব্যাপারের মূলে বলা হইয়াছে।

উদ্ধৃত শ্লোকটিতে "পরাবরেষাং শরমং", "প্রাক্ষসিদ্ধং", "অনশ্রতং", "একম্" এই কয়েকটি বিশেষ অর্থগর্ভ বিশেষণের প্রতি দৃষ্টি আকর্ষণ করি। বিশেষণ কয়টি আমাদের অন্তভূতিগম্য আপেক্ষিক জগতের উপাদানে গঠিত। আমরা আপেক্ষিক জগতের অন্তভূতি। আমাদের-মনঃ, বৃদ্ধি প্রভৃতি চিন্তা ও ধারণা করিবার যন্ত্র ও আপেক্ষিক জগতের প্রভাবাধীন। একারণ পরমতত্তকে আমাদের চিন্তার ও ধারণার স্তরে আনয়ন করিতে হইলে, ওরূপ ভাষা ব্যবহার করা ভিন্ন উপায় নাই। বর্ত্তমানে উল্লেখমাত্র করিয়াই ক্ষান্ত হইলাম।

৭। উপরের শ্লোকটিতে সগুণ বন্ধের নির্দেশ দেওয়া হইল। কিন্ত উক্ত নির্দেশ, যে নিগুণ, নিরীহ পরম বন্ধ স্বরূপেও প্রযোজ্য, তাহা নিম্নোদ্ধত শ্লোকে-ভাগবত বলিতেছেন:—

যন্মিন্ যতো যহি যেন চ যস্ত যন্মাৎ যদ্মৈ যথা যত্ত যন্তপরঃ
পরো বা।

ভাবঃ করোতি বিকরোতি পৃথক্ স্বভাবঃ সঞ্চোদিতস্তদখিলং ভবতঃ স্বরূপম্ ॥ ভাগঃ ৭৷৯৷১৯

পৃথক্ পৃথক্ স্বভাব বিশিষ্ট অপর কর্তা পিত্রাদি অথবা পরকর্তা ব্রহ্মাদি, যাঁহা কর্তৃক প্রেরিত হইয়া যে অধিকরণে, যে নিমিত্ত হইতে, যে কালে, যে হেতুতে, বাঁহার সম্বন্ধে, যে অপাদান হইতে, থাঁহার নিমিত্ত, যে প্রকার, যে যে অভীম্পিত বিষয় উৎপন্ন করেন, অথবা রূপান্তর সংঘটন করেন, সে সকলই আপনার স্বরূপ।

ভাগ: গাগাচ

শ্বরূপ বিচ্যুত হইরা কোনও কিছুর থাকা সম্ভব নয়। এ কারণ ব্রহ্ম বা পরমতত্ত্ব, যখন স্বস্থরূপে বর্ত্তমান, তখন জগৎ প্রপঞ্চ তাহার জনস্তভাব ও ক্রিয়ার সহিত, অতি ফ্ল্মভাবে তাঁহাতে বর্ত্তমান আছে। স্ক্তরাং তাঁহাতে প্রপঞ্চের বর্ত্তমানতা কখনও লোপ প্রাপ্ত হয় না। কখনও অভিব্যক্ত ভাবে এবং কখনও বা জনভিব্যক্তভাবে তাঁহাতে বর্ত্তমান থাকে, ইহা ভাগবতের অভিপ্রায় বলিয়া মনে হয়।

৮। জগৎ প্রপঞ্চের অভিব্যক্তি কি প্রকারে হয়, সে সম্বন্ধে ভাগবত বলিতেছেন:—

পরাবরেশো মনসৈব বিশ্বং স্ক্রত্যবত্যত্তি গুণৈরসঙ্গং ॥ ভাগঃ ১।৫।৬ পর ও অপর সকলের নিয়ন্তা ঈশ্বর মনোবিলাস দ্বারাই বিশ্বের স্টে-শ্বিতি-লয় সাধন করেন। কিন্তু গুণে লিগু হন না। ভাগঃ ১।৫।৬

মনে সহজেই প্রশ্নের উদয় হয় যে, তিনি ত আত্মারাম, আগুর্কাম। তিনি জগতের স্বষ্ট-স্থিতি-লয়ে আপনাকে ব্যাপৃত করেন কেন? ইহার উত্তরে ভাগবত বলিতেছেন—"আত্ম লীলয়া"!

য এক ঈশো জগদাত্মলীলয়া স্বন্ধত্যবত্যত্তি ন তত্ত্ৰ সজ্জতে॥ ভাগঃ ১১১০।২৪

যিনি সজাতীয়-বিজাতীয় ভেদ শৃন্তা, এক অন্বিতীয়, সকলের নিয়স্তা ঈশ্বর, আপনার লীলার কারণ, এই জগতের স্ষ্টি-স্থিতি-লয় করেন, কিন্তু তাহাতে স্পৃষ্ট হয়েন না। ভাগঃ ১।১০।২৪

ভগবান্ শঙ্করাচার্য্যের পরমগুরু পূজাপাদ আচার্য্য গৌডপাদ, মাণ্ট্ক। কারিকার ১।৯ কারিকায় বলিয়াছেন, "দেবস্তৈব স্বভাবোহয়মাপ্তকামশু কা স্পৃহ।"।—পরম দেবের এই রূপই স্বভাব-নতুবা যিনি আপ্তকাম, তাঁহার স্পৃহ। উদ্রেকের কোনও কারণ নাই।

ভাগবত উপরে উদ্ধৃত ৭।৯।১৯ শ্লোকে "ভবতঃ স্বরূপম্", বলিয়া যাহা
নির্দেশ করিলেন, আচার্য্য গৌড়পাদ "দেবস্তৈব স্বভাবোহয়ম্" বলিয়া ভাহাই
প্রকাশ-করিলেন। ভগবান স্বত্তকার ২।১।৩ স্ত্তে "লোকবত্ত্লীলাকৈবল্যম্"
বলিয়া স্ষ্টি-স্থিতি-লয়ের কারণান্সন্ধান পরিহার করিয়াছেন। ইহারঃ

আলোচনা যথাস্থানে দ্রপ্তয়। এথানে এইমাত্র বলি যে, আমাদের দৃষ্টিতে কালের অতীত-বর্ত্তমান-ভবিষ্যুৎ ভেদ থাকায়-প্রপঞ্চজাত বস্তুগণের জন্ম-স্থিতি-মৃত্যু বা নাশের নিদর্শনে জগতের স্থাষ্ট-স্থিতি-লয় আছে বটে, কিন্তু যিনি দেশকালের খারা পরিচ্ছিন্ন নহেন, তাঁহার কাছে ভূত-বর্ত্তমান-ভবিষ্যুৎ ভেদ না থাকায়, এবং কি জন্ম, কি স্থিতি, কি লয়—কোন অবস্থাতেই তাঁহার আধার ছাড়িয়া অন্ত কোথাও অবস্থান করা সম্ভব নয় বলিয়া, পরম তত্ত্বের দৃষ্টিতে সৃষ্টে-স্থিতি-লয়ই নাই। ইহা ক্রমশঃ বিশদ্ হইবে আশাকরি। এখানে এইমাত্র বলিয়া রাখি যে, যদি আমরা, মেঘ হইতে বর্ষিত একবিন্দু জল পৃথিবী পৃষ্ঠে পতিত হইলে, তাহার জন্ম-স্থিতি ও পরিণতি সম্বন্ধে বিচার করি তাহা হইলে আমরা স্পষ্ট ব্ঝিতে পারি যে, উহা মহাসাগরের জলরাশিঃ সৃহিত তাদাত্ম ভাবে অবস্থান করিতেছিল। স্থাকিরণে বালাকারে আকাশে উত্থিত হইয়া মেঘে অন্তান্ত জলবিন্দুর সহিত নির্কিশেষভাবে ছিল, তাহার পর পৃথিবী পৃষ্ঠে পতিত হইয়া আমাদের প্রতীতিগম্য হইল। উহা জড় বস্ত বলিয়া, উহা একটু না একটু স্থান ব্যাপিয়া অবস্থান করে। স্থতরাং কি সাগ্র পৃষ্ঠে, কি মেষে, কি পৃথিবী পৃষ্ঠে এবং তথা হইতে অন্তান্ত অসংখ্য জল বিন্দুর সহিত পুনরায় দাগরে পতনে, উহা দেশের (Space এর) কিছু না কিছু স্থান ব্যাপিয়া অবস্থান করিয়া থাকে। আমাদের দৃষ্টিতে উহার মেঘে জন্ম, পৃথিবী পৃষ্ঠে স্থিতি এবং পুনরার সাগরে পতনে মৃত বলিয়া প্রতীত হইলেও উহার আত্যন্তিক ধ্বংস নাই। উহা Space বা দেশে চির বর্তমান। এই দৃষ্টান্ত হইতে উপরে যাহা বলা হইয়াছে তাহা স্বস্পষ্ট বোঝা গেল :

ন। উপরে উদ্ধৃত ১।৫।৬ শ্লোকে ভাগবত স্পই বলিলেন যে, ঈশ্বর
মনোবিলাস দ্বারা জগতের স্বাষ্ট-দ্বিতি-লয়ের বিধান করেন। ইহা যে আমাদের
কৃষ্টি অনুসারে বলা হইয়াছে, তাহা বলা বাহল্য। তাহা হইলেও, ভাগবতের
উক্ত উক্তিতে মনে সন্দেহ হইতে পারে যে, আমাদের মনঃ যেমন আমাদের
স্বরূপ হইতে পৃথক্, সেই নিদর্শনে পরম পুক্ষের মনঃ ও কি তাঁহার স্বরূপ
হইতে পৃথক্? ইহার উত্তরে ভাগবত বলিতেছেন, তাহা নয়। পরমতত্ত্ব
ত অবৈত স্বরূপ—"তাঁহাতে তিনি ও তাঁহার" মধ্যে ভেদ মাত্র নাই।
শ্লোকটি এই:—

ত্বং বায়্রগ্নিরবনির্বিয়দস্থ্যাত্রাঃ প্রাণে ক্রিয়ানি হ্রদয়ং চিদকুগ্রহশ্চ।
সর্ববং ত্বের সগুণো বিগুনশ্চ ভূমন্ নাম্মস্তদস্তাপি মনো বচসা নিরুক্তম্।
ভাগবভ ৭!৯ ৪৭

হে ভূমন্! বায়্, অগ্নি, পৃথিবী, আকাশ, জল, পঞ্চন্মাত্র, প্রাণ, ইন্দ্রিয়গণ, মনঃ, চিত্ত, অহংকার, এ সকলই আপনি। স্থূল-স্ক্ম ও আপনি। মনঃ ও বাকা দারা প্রকাশিত কোনও বস্তুই আপনা হইতে ভিন্ন নহে।

এই শ্লোকে বায়, অগ্নি, অবনী প্রভৃতি পরিদৃশ্যমান ও অপরিদৃশ্যমান সম্দার প্রপঞ্চ জাগতিক বস্তু জাতের উপলক্ষণে গৃহীত হইয়াছে। উহারা যদি পরমত্ব স্বরূপ হইতে অপৃথক্ হয়, তবে পরমত্ব স্বরূপের স্বেচ্ছায় প্রকট ভাবে প্রকাশিত, দেহ ও রূপের কথা কি? তাহারাও স্বরূপের সহিত সম্পূর্ণ অভেদ।

৫) ত্রিপাদ বিভূতি মহানারায়ণোপনিষদের উক্তি।

>০। ত্রিপাদ বিভৃতি মহানারায়ণোপনিষদের নিম্নোদ্ধত উক্তি ও আলোচ্য স্থত্রের ব্যাখ্যা রূপে গ্রহণ করা যাইতে পারে। উক্ত শ্রুতিতে পরমতত্ত্ব "নারায়ণ" নামে অভিহিত হইয়াছেন। নিব্বিশেষ, নিরীহ, নির্প্তণ, অনির্দেশ্য, শুরু-বুদ্ধ-মৃক্ত পরমতত্ত্ব হইতে স্পষ্টির অভিব্যক্তি সম্বন্ধে, উক্ত শ্রুতি বলিতেছেন:—

"তত্মাৎ পরব্রহ্মণঃ পরমার্থতঃ সাকার-নিরাকারেণ স্বভাবসিদ্ধৌ। অদৈত-পর্মানন্দ-লক্ষণস্ত আদি-নারায়ণস্ত উন্মেষ-নিমেষাভ্যাং যুলাধিতোদয়-স্থিতি-লয়া জায়ন্তে। কদাচিদ্ আত্মারামশ্র—অথিল-পরিপুণশ্র আদি নারায়ণশু স্বেচ্ছামুদারেণ উন্মেষো জায়তে। তত্মাৎ পরব্রহ্মণঃ অধন্তন-পাদে সর্বাকারণে যুলকারণব্যেক্তাবির্ভাবো ভবতি। অব্যক্তাৎ যুলাবির্ভাবো মূলাবিতাবির্ভাবশ্চ। তম্মাদেব সচ্ছন্দ-বাচ্যং ব্রন্ধবিত্যাশবলং ভবতি। ততো মহৎ। মহতোহহংকার:। অহংকারাৎ পঞ্চ তন্মাত্রাণি। পঞ্চ তন্মাত্রেভ্যঃ পঞ্চ মহাস্তানি। পঞ্চ মহাস্তেভায়ে ব্ৰক্ষৈক-পাদব্যাপ্তমেকমবিগান্তং জায়তে। তত্র তত্ত্বতো গুণাতীতঃ শুদ্ধ-সন্ত্বময়ো লীলা-গৃহীত-নিরতিশয়ানন্দলক্ষণো মায়োপাধিকে। নারায়ণ আসীৎ। স এব নিত্যঃ পরিপূর্ণঃ পাদবিভৃতিবৈকুপ্ঠ নারায়ণঃ। স চ অনন্ত-কোটি-ব্রহ্মাণ্ডানাম্দয়স্থিতিলয়াদিঃ অথিল-কার্য্য-কারণ-জাল-পর্ম-কারণ-কারণভূতো-মহামায়াতীতঃ তুরীয়ঃ পর্মেশ্বরো ভবতি। তশ্মাৎ স্থল-বিরাট্-স্বরূপো জায়তে। স সর্বকারণ-মূলং বিরাট্ স্বরূপো ভবতি। স চ অন্স্ত-শীর্ধা পুরুষ অনন্তাক্ষিপাণি পাদে। ভবতি। অনন্তপ্রবণঃ সর্বমার্ত্য তিষ্ঠতি। জ্ঞানবলৈশ্বর্থ্য-শক্তিতেজঃশ্বরূপো ভবতি। বাচামগোচরানস্তদিব্য- তোজোরাখাকারে। ভবতি। সমস্তাবিভান্তব্যাপকো ভবতি। স চ অনস্ত মহামায়াবিলাসানাম্ অধিষ্ঠান-বিশেষ নিরতিশয়াহৈত-পরমানন্দ-লক্ষণ-পরব্রদ্ধ-বিলাস-বিগ্রহো ভবতি। অস্তৈকরোমকৃপান্তরের্ অনস্ত-কোটি-ব্রদ্ধাণানি সাবরণানি চ জায়ন্তে। তেয়ু অন্তেয়ু সর্কের্ একৈক-নারায়ণাবতারো জায়তে। নারায়ণাদ্ হিরণাগর্ভোজায়তে নারায়ণাদন্ত বিরাট্ছরপো জায়তে। নারায়ণাদ্ অধিল-লোকস্রই প্রজাপতয়ো জায়ন্তে…ইত্যাদি।

শ্রতির ভাষা অতি সরল বলিয়া বাদলা অর্থ দিবার প্রয়োজন মনে করিনা।

১১। শিরোদেশে উদ্ধৃত ছান্দোগ্য ৩।১৪।১ ও তৈত্তিঃ ৩।১ মন্ত্রের সহিত জিপাদ বিভৃতি মহানারায়ণোপনিষদের উদ্ধৃত অংশ একটু অনুধাবন সইকারে একত্র পাঠ করিলে, বুঝিতে পারা যাইবে যে, ছান্দোগ্য ও তৈত্তিরীয় শ্রুতিতে যাহা অতি সংক্ষেপে স্ব্রাকারে কথিত হইয়াছে, ত্রিপাদ বিভৃতি মহানারায়ণোপনিষদ্ তাহারই ব্যাখ্যা সংক্ষেপে বিবৃত করিয়াছেন। আমাদের বোধসোক্র্যার্থ, আমাদের চক্ষ্র উন্মিষণে জগৎ-বৈচিত্র্যের দর্শন ও নিমিষণে উহার অদর্শনের, নিদর্শনে পরমতত্ত্ব স্বরূপ আদি নারায়ণের উন্মেষ ও নিমেষ কল্পিত হইয়াছে। শ্রুতি বুঝাইতে চাহিতেছেন যে, প্রপঞ্চ জগতে যত কিছু আমাদের বোধগম্য হয়, সে দকল পরমতত্ত্ব স্বরূপে আছে বলিয়াই, তাহাদের প্রতিছ্নয়া-বিভিন্ন স্তরের মধ্য দিয়া আমাদের প্রতীতি গোচর হইয়া থাকে। এ সম্বন্ধে বিস্তৃত আলোচনা পাণ্ড্লিপি আকারে রক্ষিত মদালোচিত "নামমহিমা" পুস্তকে করা হইয়াছে। গ্রন্থবাহল্য ভয়ে এথানে উল্লেখ মাত্র করিয়াই ক্ষাস্ত হইলাম।

৬) ত্রিপাদবিভূতি মহানারায়ণোপনিষদে কথিত "মূলাবির্ভাব" ও "মূলাবিজ্ঞাবির্ভাব"।

১২। ত্রিপাদ বিভৃতি মহানারায়ণোপনিষদের উদ্ধৃত অংশে "আদি নারায়ণের" ক্ষেছামুসারে উন্নেম হইলে "অধস্তন পাদে" অর্থাৎ পাদবিভৃতিতে "অব্যক্তের" আবির্ভাব হয়। এবং "অব্যক্ত" হইতে "মূলাবির্ভাব" ও 'মূলা-বিচ্যাবির্ভাব" হইয়া থাকে। উক্ত উপনিষদে ''অব্যক্ত" কে ''মূল কারণ" বলা হইয়াছে। ভগবান্ গীতায়৮৷১৮ শ্লোকে ''অব্যক্ত" পদ সমৃদায় কার্যোর কারণাত্মক অর্থে ব্যবহার করিয়াছেন। ''এই ''অব্যক্ত" ই গীতায় ১৪৷০ শ্লোকে ক্থিত "মহদ্বন্ধ"। ইহার সম্বন্ধে আলোচনা বিস্তারিতভাবে করা হইবে। এথানে উল্লেখ করিয়াই ক্ষান্ত হইলাম।

১৩। উক্ত উপনিষদ বলিতেছেন যে, "অব্যক্ত" হইতে সর্ব্ধপ্রথমে একদক্ষে মূলাবির্তাব" ও "মূলাবিতাবির্তাব" হইল। ইহা সমষ্টিগত পুং-তত্ত্ব ও ত্ত্তী-তত্ত্ব অব্যায় সমষ্টি ভোকৃতত্ত্ব ও ভোগ্যতত্ত্ব। ইহাই প্রশোপনিষদের-প্রাণ ও রিয়, ইহাই ঋগ,বেদের সত্য ও ঋত (গায়ত্রী প্রবেশ দেখ), ইহাই পিতৃতত্ত্ব ও মাতৃতত্ব। মহাকাল-মহাকালী, যোগাত্মক-ঋণাত্মক তড়িৎ, প্রতি পরমাণুতে প্রোটন-ইলেক্ট্রন। অধিক কি আমাদের দেহের-দক্ষিণাংশ পুরুষ ও বামাণ্য স্বীবিল্যা উক্ত হইয়া থাকে।

১৪। ভাগবত উপনিষদের উক্তি শ্বরণে রাথিয়া বলিতেছেন :—

তশায়াফলরপেণ কেবলং নির্বিকল্পিতম্।

বাজ্মনোগোচরং সত্যং দিধা সমভবদ্ বৃহৎ।।

2215810

তয়োরেকতরোহার্থঃ প্রকৃতিশ্চোভয়াত্মিকা।

জ্ঞানং স্বন্থতমো ভাবঃ পুরুষঃ সোহভীধীয়তে॥

2215818

সেই বৃহৎ একমাত্র পরব্রহ্ম, মায়াপ্রকাশরপে বাক্য মনের গোচর ভাবে ও স্বরূপভাবে তৃই প্রকার হইলেন। এই দ্বিধাভৃত অংশের মধ্যে এক অংশ অর্থ, অন্য অংশ জ্ঞানমাত্র, বাঁহাকে পুরুষ বলিয়া ব্যক্ত করা হইয়া থাকে। ইহাদের মধ্যে কার্য্যকারণ রূপিণী প্রকৃতি উভ্য়াত্মিকা।

ভাগবত এই শ্লোকে বিষ্ণুপুরাণের অনুসরণ করিয়াছেন, মনে হয়। বিষ্ণুপুরাণ বলিতেছেন:—

বিষ্ণোঃ স্বরূপাৎ পরতো হিতেইন্সে রূপং প্রধানং পুরুষশ্চ বিপ্র। নিরুপাধি (নির্বিষকল্প) বিষ্ণুর স্বরূপ হইতে প্রধান ও পুরুষ দ্বিধা রূপ ধারণ করিয়া আবিভূ ত হইলেন॥

১৫। আরও একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ সক্ষত মনে করি। ঋগ্বেদীর পুরুষস্ক্রে আমরা "চতুর্ব্ হ" তত্ত্বে ইঙ্গিত পাই, ইহা মদালোচিত পুরুষস্ক্রে বৃঝিতে চেন্টা করিয়াছি। উক্ত "চতুর্ব্ হ" তত্ত্বে উল্লেখ, ঠিক চতুর্ব্ হের নামানুসারে না হউক্, আমরা উপরে উদ্ধৃত উপনিষদের অংশ হইতে পাইতেছি। দিগ্দেশন স্বরূপ বলা যাইতে পারে যে, (i) আদি-নারায়ণ-তুরীয় তত্ব বা বাস্থদেব। (ii) "অব্যক্ত"—অনস্তদেবের অপর নাম। যিনি "অনস্ত"-তিনি যে "অব্যক্ত" হইবেন, তাহার কথা কি? অব্যক্ত কারণাণ বের অপর নাম, মনে

হয়। তিনি কারণাণ বিশায়ী—সহর্বণ। (iii) তাহা হইতে "য্ল" অর্থাৎ মহাবিরাট্ (মহাপুরুষ) ও "যুলাবিত্যা"-প্রকৃতি আবিভূতি হইলেন। এই "যুলাবিত্যা" বা প্রকৃতিই গর্ভোদক এবং "যূল" বা মহাবিরাট্ই গর্ভোদকশায়ী। ইহারই প্রতি রোমকৃপে অনন্ত কোটি ব্রহ্মাণ্ড নিজ নিজ আবরণের সহিত পরস্পর অবিরোধে বিচরণ করিতেছে। এই অনন্ত কোটি ব্রহ্মাণ্ডের প্রতি ব্রহ্মাণ্ডে-নিয়ন্ত্রণকারী "নারায়ণ" প্রতি বিশেষ বিশেষ ব্রহ্মাণ্ডের কেন্দ্রহানীয় নিজ নিজ সবিত্মণ্ডলে বিরাজমান থাকিয়া, প্রত্যেকের পালন, পোষণ, বর্দ্ধন বিধান করিতেছেন। এই বিশেষ বিশেষ ব্রহ্মাণ্ডের নিয়ন্ত্রণকারী, তত্তৎ সবিত্মণ্ডলে অবস্থিত নারায়ণই "অনিকৃত্ধ"। ইহা হইতে বুঝা গেল যে, স্প্রতি প্র স্থিতির যুলে পরবৃদ্ধ স্বর্গ্ম স্বরূপ "আদি নারায়ণ"।

বলা বাহুলা যে, অনুলোম ক্রমে স্টি, তাহার প্রতিলোমে প্রলয়। উক্ত উপনিষদের প্রলয় সম্বন্ধে উক্তি গ্রন্থ বাহুলা ডয়ে উদ্ধার করিতে বিরত হইলাম।

- ১৬। মহানারায়ণোপনিষদের উদ্ধৃত অংশের একটি বাক্যের প্রতি বিশেষ
 দৃষ্টি আকর্ষণ করিতেছি। উক্ত বাক্যটি "স চ অনস্ত-মহামায়া-বিলাসানাম্
 অধিষ্ঠান-বিশেষ-নিরতিশয়াহৈত-প্রমানন্দ-লক্ষণ-প্রব্রন্ধ-বিলাস-বিগ্রহো ভবতি।"
 এই বাক্যাংশে লক্ষ্য করিবার বিষয় হইতেছে:—
 - (ক) পরত্রন্ধের মহামায়া বিলাস অনন্ত।
 - (খ) উহাদের অধিষ্ঠান পরত্রন্ধের বিলাস বিগ্রহ।
- (গ) উভয়ে অনস্ত হইলেও অবৈত হানি নাই। ইহা আমরা প্রত্যেকে আমাদের নিজ নিজ দেহের হস্ত-পদ প্রভৃতি অবয়বের পার্থক্য দর্শনের অভাব হইতে বুঝিতে পারি।
- (ঘ) উক্ত বিলাস-বিগ্রহ-প্রমানন্দ-লক্ষণ-অন্ত ক্র্যায় স্প্ট-আনন্দের থেলা। আনন্দময়ের আনন্দোপলন্ধির উপকরণ খেলার পুতুল প্রভৃতি। একারণ ভাগবত ৮।২২।২০ শ্লোকে স্পষ্ট বলিয়াছেন যে, ভগবানের ক্রীড়ার জন্মই ত জগত রচনা। এই জন্মই ভগবান্ স্ত্রকার ২।১।৩৪ স্ত্রে "লোকবকু লীলা-কৈবলাম্" বলিয়া কর্ত্ব্য সমাপন করিয়াছেন।
- ১৭। এখন দেখা যাউক্, ত্রিপাদ বিভৃতি মহানারায়ণোপনিষদের উদ্ধৃত অংশ হইতে আমরা কি পাইলাম।
- (ক) আমরা বৃঝিলাম, পরত্রক্ষের সাকার-নিরাকার স্বভাব সিদ্ধ। স্বভাব পরিত্যাগ করিয়া কোনও কিছুর থাকা অসম্ভব বলিয়া, পরত্রহ্ম-যে সময়ে-সাকার, সেই সম সময়েই-নিরাকার। পার্থক্য তাঁহার স্বরূপে নহে, আমাদের অজ্ঞানান্ধ

বুদ্ধিতে মাত্র। ভাগবত ৭। ৯। ১৯ লোকে ইহাই বুঝাইবার চেষ্টা করিয়াছেন।

উক্ত শ্লোক উপরে ৭ অহুচ্ছেদে উদ্ধৃত হইয়াছে।

- (খ) আমাদের উন্মিষণ ও নিমিষণের-নিদর্শনে প্রব্রন্দের-উন্মেষ নিমেষ কাল্লত হইবারে । উন্মেষের বা জাগ্রত হইবার পরে যেমন আমরা মনন শক্তির ক্রিয়ায় নানা কার্য্য সম্পাদন করিয়া থাকি, সেই দৃটান্তে পরব্রন্দের উন্মেষের পর স্বৃষ্টি সংকল্প ও স্বৃষ্টির প্রসার কথিত হইয়াছে। ইহা আমাদের বোধ সৌকর্যার্থ মাত্র। প্রকৃতপক্ষে চিরজাগ্রত পরব্রদের জ্ঞানের ব্যক্তিচার কোনও কালে নাই।
- (গ) মূল ও মূলাবিতা—পিতৃশক্তি ও মাতৃশক্তির পৃথক্ নাম মাত্র ইহা পূর্বেব বলা হইয়াছে।
- (ঘ) বিশ্বে অনন্ত কোটি ব্রহ্মাণ্ড পরব্রদের পাদ বিভৃতিতে বর্ত্তমান। উহাদের প্রত্যেকের উপাদান—প্রকৃতির ভাণার হইতে গৃহীত বলিয়া পরস্পরের বস্তুগত বিভিন্নতা নাই। যদি কোনণ্ড বিভিন্নতা থাকে, তাহা পরিমাণগত মাত্র। এ সম্বন্ধে আলোচনা পরে অক্যভাবে করা হইবে। অবশ্যই এ উপাদান-আধিভৌতিক উপাদান মাত্র।
- (ও) আধ্যাত্মিক ও আধিদৈবিক ক্ষেত্রেও বিশেষ বিশেষ ব্রহ্মাণ্ডে বিশেষ বিশেষ ভোগের ব্যবস্থা থাকা সম্ভব হইলেও, উহাদের পালন, পোষণ, বর্দ্ধন, নিয়ন্ত্রণ প্রভৃতির নিয়মে বিশেষ বিভেদ নাই।
- (চ) স্পৃষ্টি ও স্থিতিতে বেমন নিয়ম একই, প্রলয়েও সেই একই নিয়ম কার্য্যকারী। স্মগ্রভাবে ইহার আলোচনা পরে করা হইলে।

৭) অনন্ত বৈচিত্ত্যে অৱৈত হানি হয় না।

১৮। ব্রহ্মাণ্ডগণের ও তাহাদের অন্তর্ভুক্ত বস্তুজাতের অনস্ত বৈচিত্রো অধৈত হানি হয় না। এতং প্রসঙ্গে ভাগবত বলিতেছেন:—

পরাবরেষু ভূতেষু ব্রহ্মান্তস্থাবরাদিষু। ভৌতিকেষু বিকারেষু ভূতেষথ মহৎস্ক চ।। গুণেযু গুণসাম্যে চ গুণব্যতিকরে তথা। এক এব পরো হ্যাত্মা ভগবানীশ্বরোহব্যয়ঃ॥ ভাগঃ ৭.৬।২০-২১

স্থাবরাদি ব্রহ্মা পর্যাস্ত ক্ষ্ম-মহৎ যত জীব এবং ভৌতিক বিকার ঘটাতি যত অজীব, আকাশাদি মহৎভৃত, সন্থাদি গুণ, গুণসাম্যরূপ প্রকৃতি, গুণকোড়ে অভিব্যক্ত মহৎতত্ত্বাদি, যত কিছু আছে, সকলেতেই ব্রহ্মম্বরূপ, ভগবান, ঈশ্বর অন্বিভীয় আত্মারূপে বর্ত্তমান আছেন, অথচ তিনি অব্যয়, তাঁহার স্বরূপচ্যুতি
নাই। ৭।৬।২০-২১

পূর্ব্বের আলোচনা হইতে (দেথ আভাস ৩১-৩২ অনুচ্ছেদ),
আমরা বৃঝিয়াছি যে, সন্তিদানন্দ ভগবান্ জাগতিক প্রত্যেক বস্তুতে অনুস্থাত
বলিয়া, উহাদের অন্তিম-ভাতিম-প্রিয়ম্ব আমাদের প্রতীতি গোচর হইয়া থাকে।
ভগবানের সং শক্তি-সংহননী, সংবর্দ্ধিনী ও সংহরণী এই ত্রিবিধ আকারে
প্রত্যেক বস্তুর জন্ম-বর্দ্ধন-স্থিতি-পরিণাম, অপক্ষর-নাশ বিধান করিয়া
থাকে। আমার দেহ সপ্ত ধাতুতে গঠিত। ধাতুগণের নিজের নিজের এমন
কোনও শক্তি নাই, যাহাতে তাহারা সংহত ভাবে থাকিয়া আমার দেহের
সংহতি রক্ষা করিতে পারে। ভগবানের সংহননী শক্তিই সংহতি রক্ষার
কারণ। প্রত্যেক বস্তুর স্ব-স্থ আকারে অবস্থিতি, স্থান ব্যাপকতা, স্থানাবরোধকতা, কাঠিন্য, তারলা, লঘুম্ব, গুরুম্ব প্রভৃতি এই শক্তির ক্রিয়া। আমার
দেহের বাল্য হইতে কৈশোর, যৌবন, প্রোচ্ছ-ভগবানের সংবিদ্ধিনী শক্তির
ক্রিয়া। জীব-উদ্ভিদ এমন কি স্থাবরগণের বর্দ্ধন ও রক্ষণ এই শক্তির ক্রিয়া।
আমার দেহের প্রোচ্ছ হইতে বৃদ্ধন্ব প্রাপ্তি এবং পরিণামে নাশ—ভগবানের
সংহরণী শক্তির পরিচয় প্রদান করে। অলাল বস্ত্ব সকল সম্বন্ধেও ওই
একই কথা।

- ১৯। ইন্দ্রির দ্বারে আমরা জাগতিক বস্তুজাতের যে প্রতীতি লাভ করি, তাহা ভগবানের চিৎশক্তির ক্রিয়া। উক্ত শক্তি সমৃদার বস্তুজাতে বর্তুমান এবং আমাদের ইন্দ্রিরগণেও বর্তুমান। এ কারণ—ইন্দ্রিরগণ, সমজাতীয় স্পদ্দন গ্রহণ করিতে সক্ষম বলিয়া আমরা উহাদের ভাতিত্বের পরিচয় পাইয়া থাকি। প্রিয়ত্ব সম্বন্ধেও ঐ একই কথা। উহার দৃষ্টান্ত আগে দেওয়া হইয়াছে।
- ২০। ইহা গেল ভগবানের বহিরঙ্গা শক্তির পরিচয়। ইহা ছাড়া, তিনি অন্তর্যামী রূপে নিজের অব্যয় স্বরূপে, প্রত্যেকের অন্তরে বর্ত্তমান থাকিয়া, সকলকে নিয়ন্ত্রণ করিতেছেন; প্রত্যেকের যথাযোগ্য মর্য্যাদা রক্ষার ব্যবস্থা করিতেছেন। গীতার ভাষায় ধর্ম সংস্থাপন করিতেছেন, উপ্নিষদের ভাষায় জগদ্-বিধারক হইয়া—পরস্পরের অবিরোধে জগদ্-ব্যাপার সম্পাদন করিতেছেন। এক কথায় তিনি আপনাকে বহুত্বে প্রকটন করিয়া আপনাকে লইয়া আপনি থেলা করিতেছেন। এরূপ দৃষ্টিভঙ্গীতে জগৎ আনন্দের অফুরস্ত ভাতার—। কোথাও তৃঃথ, কষ্ট, নিরানন্দ—কিছুই নাই। সম্দায়ই যথন তিনি, উহাদের অস্তিত্ব থাকিবে কোথা হইতে?

বেদান্ত-আলোচনা ইহাই শিক্ষা দেয়। ইহা কঠোর কিছু নয়। অতি মধুময়, হৃদয়ে ধরিবার সামগ্রী। আশা করি, ইহা ক্রমশ: প্রিফুট হইবে। যদি না হয়, সে দোষ বেদান্তের নহে। আমার নিজের।

২১। উপরে যে আলোচনা করা হইল, তাহা হইতে অনুসিদ্ধান্ত স্বতঃই আপতিত হয় যে, যথন অধৈত একমাত্র তত্ত, তত্তান্তর বা বস্তুর বর্তমান নাই, তথন কর্ম—যাহা দ্বৈতাপেক্ষা করে, তাহা অদ্বৈততত্ত্বে থাকিতে পারে না। একটি অতি সাধারণ দৃষ্টান্ত দারা আমার বক্তব্য বিশদ্ করিতেছি। আমি একজন মানব, হৈত-প্রপঞ্চের অন্তভুক্তি। আমি যদি কোনও কারণে, আমার প্রতিবেশী খামের গায়ে আঘাত করি, অথবা গালাগালি দিয়া তাহার মনে আঘাত করি, তাহা হইলে আমি একটি অভভ কর্মের জনক হইলাম এবং এই কর্মের ফল আমি ভোগ করিতে বাধ্য হইয়া পড়িলাম। যতদিন না ভোগের দারা উহা ক্ষয়প্রাপ্ত হয়, ততদিন বিদ্ধ কণ্টকের ক্যায় উহা হৰলে বেদনা দিতে থাকিবে। কিন্তু আমার ডান হাত যদি বাম হাতকে আঘাত করিয়া যন্ত্রণা দেয় বা উহাকে ভাঙ্গিয়া কেলে, তাহা হইলে, কি আমি শাস্তি শুরূপ আমার ডান হাতকেও ভাঙ্গিয়া দিব বা যন্ত্রণা দিব ? তাহা দিলে আমারই আলীয় পরিজন, আমার মস্তিছের বিকৃতি ঘটিয়াছে বলিয়া উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা করিবে। ডান হাতও আমার, বাম হাতও আমার, উহাদের পরস্পর ঘাত-প্রতিঘাতে কোনও কর্ম সংঘটিত না হওয়ায়, আমাকে উদাসীনই থাকিতে হইবে। দেইরূপ পর্মতত্ত-সর্কাময়, বিশক্ষপ বলিয়া জগৎ-স্ষ্টি-লয়ে, তাঁহার কোনও কর্ম সংঘটিত হয় না, তিনি অসক, উদাসীনই থাকেন। ভাগবত উপরে উদ্ধৃত সভাও শ্লোকে "গুণৈরসঙ্গং" এবং ১।১০।২৪ শ্লোকে "ন তত্র সজ্জতে" বাক্যাংশদয়ে ইহাই বলিয়াছেন। এরূপ বহু শ্লোক উদ্ধার করা যাইতে পারে, গ্রন্থ বাহুলোর ভয়ে পরিত্যাগ করিলাম।

७) छ्रावादन देवस्या—देनपूर्ण मार्चे।

২২। এখন প্রশ্ন উঠে—জগৎ যদি জানদের খেলা এবং জীব বিশেষতঃ
মানব দেহধারী জীব যদি পরমপুরুষের খেলার সঙ্গী, চলিত ভাষায় "খেলুড়ে"—
তবে সংসারে এত তৃঃখ কট্ট কেন? মানবগণের মধ্যে কেহ রাজা, কেহ ভিথারী
কেন? ইহা ত নিশ্চয়ই, যাঁহার স্ষ্টি—সেই স্টি কর্তা ভগবানের—"বৈষম্যনৈমুণ্যের" পরিচয়। উদাসীনত্বের পরিচয় কি করিয়া বলিব? এ
প্রকার সংশয় উত্থাপন করিয়া ভগবান স্থোকার ২০০০ ও ২০০০

স্ত্রে ইহার সমাধান করিয়াছেন। যথাস্থানে দেখিবার জন্মরোধ করি। এথানে উহার আলোচনায় বসিলে, কার্যাতঃ সমগ্র বেদান্ত শাস্ত্রই আলোচনা করিতে হয়, তাহা উচিত নয়। বিশেষতঃ ১১১১১১ স্ত্রের আলোচনায় ৬০ অনুচ্ছেদে এ সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করা হইয়াছে।

২০। ১।১।১।১ প্রের আলোচনায় কেনোপনিষদের ১।৪ মন্ত্র ও কঠশুতির ১।২।২২ মন্ত্র হইতে আমরা বুরিয়াছি যে, বদাতত্ত্ব আমাদের বাক্য মনের অগোচর হইলেও, তাঁহার নিজ জনরপে আদরে গৃহীত অধিকারিগণ, তাঁহার রূপায়, তাঁহাকে জানিতে পারেন। ইহা কি তাঁহারা নিজেদের বুদি-বৃত্তি পরিচালনায় কৃতকার্য্য হন? তাহা নয়। তিনি অধিকার অনুসারে বাঁহার নিকট যতটুকু আত্মপ্রকাশ করেন, তিনি তাঁহাকে ততটুকুই জানিতে পারেন। ভাগবতে ১।১।২ শ্লোকে তিনি "বেছ" বলিয়া উক্ত হইয়াছেন বটে, কিন্তু তাঁহাকে সম্পূর্ণভাবে জানা অসম্ভব। অনন্ত দেশ বর্ত্তমান। অনন্ত আকাশে পিন্দিগণ নিজ নিজ উড্ডয়ণ শক্তির পরিমাপ অনুসারে অল্লাইস্তর উড়িতে পারে। সেইরপ সাধকগণের—বাঁহার যতটুকু অধিকার, তিনি তাঁহার ততটুকুর পরিচয় পান মাত্র।

২৪। এ সম্বন্ধে শ্রীমং পরমহংস দেবের উক্তি অতি স্থুম্পপ্ট। তাঁর কথায় বলি, চিনির অনন্ত বিস্তার পাহাড় পড়িয়া রহিয়াছে, পী'পড়া তাহার কতটুকু সঞ্চয় করিতে পারে? অতিক্ষুত্র গুঁড়ি পীঁপড়া এক কণা মূখে লইয়াই সন্তুষ্ট। তার চেয়ে বড় ডেয়ো পীঁপড়া আর একটু বড় কণা লইয়া যথেষ্ট মনে করিয়া ফিরিয়া আদে। তার চেয়ে বড় ভোলা পী'পড়া অপেক্ষাকৃত বুহৎ একটি ক্ণা লইয়া পূর্ণ পরিতৃপ্তি লাভ করে। সাধক সমাজেও তাই। ক্ষুদ্র সাধক অল প্রাপ্তিতেই আত্মহারা। সনক-সনন্দ-সনাতন-সনৎকুমার-নারদ প্রভৃতি বড় বড় সাধক তাঁহাদের আকাজ্ঞার ও অতিরিক্ত পরিতৃপ্তি লাভ করিয়া নিবুতি। কিন্ত সিচিদানন্দ পাহাড়-ইহাতে কোনও ক্ষতি অন্তব করে না। পূর্বের ন্যায় অনস্ত বৈভবে চির বর্ত্তমান। তড়িতের Storage battery র ন্থায় ক্ষুদ্র আধারে তড়িৎ শক্তির প্রবর্তন ও বিবর্দ্ধন লক্ষ্য করা যায় বটে, কিন্তু তড়িতের অফুরন্ত ভাণ্ডার স্বরূপ পৃথিবী পৃষ্ঠে সমষ্টি তড়িতের কোনও ইতর বিশেষ নাই। অনস্ত বিস্তার সম্দ্রপৃষ্ঠ হইতে, জলকণা অহোরাত্র, বাম্পাকারে আকাশে উপ্তিত হইতে থাকিলেও এবং জোয়ারে সমুদ্রপৃষ্ঠে জলের অন্তভ্ত হইলেও কি সম্জের জলের পরিমাণের হ্রাসবৃদ্ধি পরিমাপ করা সেইরপ সচ্চিদানন্দ সাগরে সমষ্টিগতভাবে কোনও হ্রাসবৃদ্ধি না পাকিলেও, কখনও কখনও কোনও কোনও বিশেষ স্থানে কোনও বিশেষ অভিপ্রায় সিদ্ধির জন্ম আনন্দের উন্নাদনা জাগিরা উঠে। যেমন গত শ্বাপরের শেষে বৃন্দাবনের রাসন্থলীতে সংঘটিত হইরাছিল। ইহা সাধারণ ঘটনা নহে। উহা সচিদানন্দ স্বরূপের ইচ্ছায়, ব্যতিক্রমরূপে প্রকটিত হইরাছিল। এ ব্যতিক্রমের কারণ কি, তাহার আলোচনা বিস্তারিতভাবে ৩।৩।৪২ স্ত্রে করিয়াছি। এখানে তাহাতে প্রবেশ না করিয়া, এইমাত্র বলি যে, বর্তমান কাল, স্প্রির ক্রমোন্নতির একটি সন্ধিক্ষণ। একারণ জীববৎসল, করুণাময় ভগবান, নিজ পূর্ণ শক্তি বিকাশ করতঃ পরিপূর্ণরূপে শ্রীকৃষ্ণ মৃতিতে অবতার গ্রহণ করিয়া নিত্যধামের আনন্দোপভোগের পদ্ধতির একটি প্রতিচ্ছবি, মানবদেহধারী জীবের পরম শ্রেয় প্রাপ্তির উপায় স্বরূপ রাথিয়া গিয়াছেন।

৯) অসাধক, সাধারণ মানবের কি কোনও উপায় নাই?

২৫। উপরে যাহা লিখিত হইল, তাহা সাধকদিগের ও তাঁহাদের অধিকার অনুসারে পরমতত্ত্বের অপরোক্ষান্তভূতির-তর-তম ভাব সহস্কে। কিন্ত করুণাময় ভগবান্ কি সাধারণ মানব দেহধারী জীবের জন্ম, অন্য কোনও সহজ, অথচ প্রশস্ত পথ প্রতিষ্ঠিত করেন নাই? ভাগবত বলিতেচেন যে. সর্বজ্ঞ, সর্ব্বশক্তিমান্, জীববৎসল করুণানিধান ভগবান্, সে ব্যবস্থাও করিয়াচেন।

প্রত্যগাত্মস্বরূপেণ দৃশ্যরূপেণ চ স্বন্ধু ।

ব্যাপ্য-ব্যাপক-নির্দ্দেশ্যে হ্যনির্দ্দেশ্যাথবিকল্পিতঃ ॥

কেবলানুভবানন্দস্বরূপঃ পরমেশ্বরঃ ।

মায়য়ান্তর্হিতৈশ্বর্যা ঈয়তে গুণসর্গ্যা ॥

ভাগঃ ৭।৬২১-২২

যে মায়ার দারা গুণস্ট জগৎ প্রপঞ্চের বিস্তার, সেই মায়ার দারাই নিজের ঐশ্বর্য আবরণ করিয়া, ভগবান্ প্রত্যগাত্ম স্বরূপে (অর্থাৎ প্রত্যেকের অস্তরে অস্তর্যামী রূপে), দ্রন্ট, ও ভোক্তরূপে ব্যাপকভাবে এবং দৃশ্য ও ভোগ্যরূপে ব্যাপাভাবে বর্ত্তমান আছেন। যদিও তিনি স্বরূপভূঃ অনির্দেশ্য, অবিকল্পিত, অন্তবানন্দ-স্বরূপ, মায়া দারাই তিনি নির্দেশ্য হইয়া থাকেন। গঙা২১-২২

(দেখ পরে প্রদত্ত ১০৮৭। ১০ শ্লোকের আলোচনা)।

২৬। এই শ্লোকে কয়েকটি বিশেষ করিয়া লক্ষ্য ক্রিবার বিষয়:—

(১) তিনি 'প্রত্যগাত্ম স্বরূপ"—প্রত্যক্ = প্রতি + অন্চ, + কিণ, — (অন্চ, ধাতুর অর্থ গমন) — তিনি প্রতি দেহেতেই অবস্থান করিয়া উহাকে কার্য্যশীল

করেন, স্থতরাং আমরা সাধন করি বা না করি তিনি সর্বাদাই আমাদের সঙ্গে সঙ্গে ফিরিতেছেন, এবং সম্দায়ের দ্রষ্টা ও ভোক্তা রূপে আমাদের অস্তরে রহিয়াছেন।

- (২) তবে আমরা তাঁহার অন্তব পাই না কেন ? কারণ তিনি মায়ার আরা আপনার অনন্ত ঐশ্বর্য আবরণ করিয়া আমাদের সঙ্গে বাস করিতেছেন। দৃশ্য ও ভোগ্যরূপে আমরা যাহা যাহা উপভোগ করি, সে সকলও তিনি।
- (৩) মায়ার দ্বারাই তিনি আপনাকে নির্দেশ্য করিয়া আমাদের বুদ্ধির বিষয়ভূত হইয়াছেন, এবং মায়ার দ্বারাই আপনাকে আমাদের মনের বিকল্পের বস্তু করিয়াছেন—অর্থাৎ মন তাঁহাকে লইয়া তর্ক-বিতর্ক করিতে পারে।
- ২৭। জগতে এরপভাবে আপনাকে বিলাইয়া দিলেও যদি মূর্য, অজ্ঞ, অজ্ঞানান্ধকারে নিমগ্ন জীব, তাঁহাকে চিনিতে না পারে, তাঁহাদের স্থযোগ দিতেও তিনি কার্পণ্য করেন নাই। ভাগবত বলিতেছেন:—

নূণাং নিঃশ্রেয়সার্থায় ব্যক্তির্ভগবতো নূপ। অব্যয়স্যা প্রমেয়স্ত নিগু'ণস্ত গুণাত্মনঃ ॥ ভাগঃ ১০।২৯।১৩

ভগবান অব্যয়, কোনও প্রমাণের বিষয় নছেন, প্রাকৃত ওণ সম্বন্ধ রহিত, অথচ নিজ স্বরূপান্ত্রনদ্ধি অনস্তগুণে গুণময়। তাঁহার নরবপু: ধারণ করিয়া মর্ত্ত্যধামে অভিব্যক্তি মানবদেহধারী জীবগণের পরম মঙ্গল সাধনের জন্ম।

20125120

২৮। কিরপে এই পরম মঙ্গল সাধিত হয় ? ইহার উত্তরে ভাগবত বলিতেছেন:—

অরুগ্রহায় ভক্তানাং মানুষং দেহমাঞ্রিতঃ।

ভঙ্গতে তাদৃশীঃ ক্রীড়াঃ যা শ্রুত্বা তৎপরোভবেং ॥ ভাঃ ১০।৩৩,৩৬

ভক্তগণের প্রতি অন্থ্যহ করণার্থ, ভগবান আপ্তকাম ও আত্মারাম হইলেও, মানবদেহ আশ্রয় করিয়া তাদৃশী লীলা করেন, যাহা শুনিয়া লোকে তৎপর হয়
—অর্থাৎ বহিম্থ কামিনী-কাঞ্চন ভোগী ব্যক্তিগণ মাধুর্ঘ্যময় ভগবলীলা শ্রবণ করিয়া তৎপর হয় বা ভগবদভিম্বে আরুষ্ট হয়। ১০০৩৩৬

ভগবদভিম্থে আরুষ্ট হওয়াই জীবের পরম পুরুষার্থ প্রাপ্তির উপায়। তৎ সম্বন্ধে ভাগবত বলিতেছেন:—

তাবদ্ রাগাদয়ঃ স্তেনাস্তাবৎ কারাগৃহং গৃহম্। তাবন্মোহোইন্খ্রিনিগড়ো যাবৎ কৃষ্ণ ন তে জনাঃ॥ ভাগঃ ১০।১৪।৩৪ হে ক্ষা! রাগাদি (কামিনী-কাঞ্চন বিষয় প্রভৃতিতে অনুরাগ) তাবৎ পর্যান্তই তম্বর (তম্বরের ন্যায় তোমার প্রতি অনুরাগ হরণ করে) এবং গৃহ ও তাবৎ পর্যান্ত বন্ধনাগার, আর অনাত্ম বন্ধতে আত্মবোধনপ মোহ ও তাবৎ পর্যান্ত পাদবন্ধন শৃল্পল হইয়া থাকে, যতদিন তোমার নিজন্ধন বলিয়া পরিচয় দিবার অযোগ্য থাকে। ফলভঃ তোমার ভক্তদিগের রাগাদি তোমাতে অপিত হওয়াতে, সে সকল বন্ধনের কারণ না হইয়া, বরং বন্ধন-মোচনের কারণ হইয়া থাকে। ভাগঃ ১০1১৪।৩৪

২০। কঠন্রুতির ১।২।২২ মন্ত্রে-নিজ জনরূপে আদরে বরণ করিবার উল্লেখ আমরা পাইরাছি। উপরে উদ্ধৃত ভাগবতের ১০।১৪।৩৪ শ্লোকে স্পষ্ট "তে জনাঃ" উল্লেখ পাইলাম। কোন বিশেষ ব্যক্তি যে ভগবানের নিজ জনরূপে পরিগণিত হইবার সোভাগ্য লাভ করিয়াছে, ইহা কি লক্ষণে বুঝিতে পারা যায়? এ প্রশ্ন সহজেই হৃদয়ে জাগিয়া উঠে। এ প্রকার প্রশ্নের সন্তাবনা করিয়া ভাগবত বলিতেছেনঃ—

খং বায়ুমগ্নিং সলিলং মহীঞ্জ্যোতীংষি সন্থানি দিশো ক্রমাদীন্। সরিৎ-সমুজাংশ্চ হরেঃ শরীরং যৎ কিঞ্ছতং প্রণমেদনস্তঃ॥ ১১।২।৩৯

আকাশ, বায়, অগ্নি, জল, পৃথিবী, জ্যোতিঃ সত্ত্ব, দিক্, বৃক্ষ, সরোবর, দম্দ্রাদি যে কিছু পদার্থ আছে, সম্পায়কে শ্রীছরির শরীর মনে করিয়া-অনন্তভাবে প্রণাম করিবে। ১১।২।৩৯

৩০। উপরে ২৫ অন্তচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ৭।৬।২১ শ্লোকে পরমতত্ব সর্বব্র অনুস্থাত নুঝা গিয়াছে। কিন্তু উহা নুঝিলে বা উহার সম্বন্ধে শুধু বৃদ্ধির স্বীকৃতি লাভ করিলেই (যাহাকে ইংরান্ধীতে বলে intellectual consent) চলিবে না। অনুষ্ঠান দ্বারা উহা দৃঢ়ভাবে আ্মুম্ব করা প্রয়োজন। এই অনুষ্ঠানের প্রকৃতি আলোচ্য ১১।২।৩৯ শ্লোক স্পষ্টভাবে বলিতেছেন। সর্বব্র, স্পর্বস্ততে হার দর্শন (কারণ হারর শরীর ও স্বরূপে ভেদ নাই) এবং সেজন্ত সংস্কাচ, লঙ্জা ভর পরিত্যাগ করিয়া সর্ব্বভৃতকে ভক্তি ও প্রণতি নিবেদন করা, এই অনুষ্ঠানের অপরিহার্য্য অঙ্গ।

উক্ত শ্লোকে "অনন্তঃ" পদটি অতি গভীর অর্থের ছোতক। শ্রীমজ্জীব গোস্বামী তাঁহার ক্রম সন্দর্ভে ইহার অর্থ করিয়াছেন 'ক্র্তাস্তর-রহিতঃ" —অর্থাৎ যথন যে বস্তকে শ্রীহরির শরীর বলিয়া প্রণাম করিবে, তথন উক্ত শরীরে শ্রীহরি, পূর্ণ স্বরূপে বর্তমান, ইহা মনে করিতে হইবে। আবার যথন অন্ত বস্তকে প্রণাম করিবে, তখন তাহাতেও শ্রীহরির পূর্ণ স্বরূপ বর্তমান ইহা মনে রাখিতে হইবে। উপাধির ভেদ আমাদের প্রতীতি গোচর হইতে পারে, কিন্তু প্রত্যেক উপাধির আধারে—আধেয় যে বস্তু, তাহাতে কোন ভেদ নাই। উহা সর্বাত্ত, সর্বাকালে চিরপূর্ণ। পূর্ণের অংশ সম্ভব নয়, ইহা আগে বলা হইয়াছে!

কোন উজ্জ্বল আলোক স্বচ্ছ আধারের ভিতরে রাখিলে, উক্ত আলোক আধারের বাহিরেও সম্জ্জ্বলভাবে প্রকটিত হয়। কিন্তু আধারের স্বচ্ছতার ইতর বিশেষ হইলে, উক্ত আলোকের বাহঃ প্রকাশের সম্জ্জ্বলতারও ইতর বিশেষ হইয়া থাকে। কিন্তু আলোক সকল ক্ষেত্রে নিজের সম্জ্জ্বল স্বরূপে বর্ত্তমানই থাকে। কেইরূপ জগৎস্থ ভূতজাতের অর্থাৎ শ্রীহরির শরীর স্থানীয় উপাধিগণের স্বচ্ছতার ইতর বিশেষ থাকিলে, বাহিরে অভিব্যক্তির ইতর বিশেষ দৃশ্যমান ক্রইলেও, অন্তর্ম্থ আধেয় রূপ শ্রীহরি নিজ পর্য স্বরূপে সম্বায় শরীরে বর্ত্তমান, ইহা সর্বানা মনে রাখিতে হইবে।

১০) মায়া:---

৩১। উপরে ২৫ অনুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের গাঙা২১ শ্লোকে এবং ১০ অনুচ্ছেদে ত্রিপাদ বিভৃতি মহানারায়ণোপনিষদের উদ্ধৃত অংশে "মায়ো-পাধিকো নারায়ণঃ" মায়ার উল্লেখ পাইয়াছি। এ কারণ বর্তমান আলোচনা স্বনিষ্ঠ করিবার জন্ম মায়া সম্বন্ধে সংক্ষেপে আলোচনা প্রয়োজন মনে করি। মং প্রণীত "বেদান্ত প্রবেশ" গ্রন্থে একটি সমগ্র পরিচ্ছেদে "মায়া তত্ব" যথাশক্তি আলোচনা করিয়াছি, এ কারণ এখানে সংক্ষেপে কর্তব্য সমাধা করিব।

৩২। ভাগবতের একাদশ স্কন্ধে তৃতীয় অধ্যায়ে মায়ার স্বরূপ সম্বন্ধে প্রশ্ন হইলে, উত্তরে ঋষি অস্তরীক্ষ বলিলেন:—মায়ার স্বরূপ নিরূপণ অসন্তব। স্ট্যাদি কার্য্য ছারা যতটুকু নিরূপণ করা যায়, তাহাই বলিতেছি। ভৃত সকলের কারণ স্বরূপ, আত পুরুষ স্বীয় অংশভৃত জীব সকলের—বিষয় ভোগ, ক্রমোন্নতি সোপানে ক্রমশঃ আরোহন ও পরিণামে ম্ক্তির নিমিত, যে শক্তির ছারা, মহাভৃতগণের সাহচর্য্যে উচ্চনীচ ভৃতগণের স্পষ্ট করিয়াছেন, তাহাই মায়া। (ভাগবত ১১৷৩০)। ইহার পর আরও ১৩টি শ্লোকে মায়ার পরিচয় দিয়াছেন। সে সকলে আমাদের এখন প্রয়োজন নাই। আমাদের স্বরণ রাখিতে হইবে যে, মায়া বাহিরের কোনও অমঙ্গল-জনিয়িত্রী বন্ধ নয়। ইহা ভগবানের স্থিট সংকল্পরূপা ভাগবতী শক্তি। ভগবান্ গীতায় গা১৪ শ্লোকে "মম মায়া" বলিয়া ইহা তাঁহায়ই শক্তি বলিয়া পরিচয় দিয়াছেন। এ কারণ,

ইহা অজ্ঞান বিজ্ঞিত কিছু নহে, ইহাও মনে রাখিতে হইবে। জীবের অশেষ কল্যাণ সাধন উদ্দেশ্যে, তাঁহার ইচ্ছাত্মারেই ইহার অভিবাক্তি। উক্ত ১১।৩।৩ গ্লোকটি এই:—

> এভিভূ তানি ভূতাত্মা মহাভূতৈর্মহাভুজঃ। সসজ্জোচ্চবচান্তাতঃ স্বমাত্রাত্মপ্রসিদ্ধরে । ভীঃ ১১।৩।৩

বৃদ্ধী ক্রিয়মনঃপ্রাণান্ জনানামস্ত্রৎ প্রভূঃ।
মাত্রার্থঞ্চ, ভবার্থঞ্চ, আত্মনেইকল্পনায় চ।। ১০৮৭।২

"প্রভূ"—অর্থাৎ সর্বাদ্যর্থ ঈশ্বর, জনানাং—মানবদেহধারী জীবগণের, "মাত্রার্থং"—বিষয় ভোগের জন্ত (চতুর্বর্গ-ফলের প্রথম কল অর্থ) "ভবার্থং"—জন্মের পর জন্মলাভ, তদ্বারা ক্রমবিবর্ত্তনে পর পর উচ্চতর স্তরে জন্মলাভ হেতু ধর্মানুষ্ঠান (চতুর্বর্গের দ্বিতীয় কল ধর্ম) "আত্মনে"—ধর্মানুষ্ঠান হেতু, উপাধির স্বচ্ছতা ক্রমশঃ উচ্জলতর হওয়ায়, স্বপ্রকাশ আত্মার ক্রমশঃ, স্ব স্বরূপ প্রাপ্তির ইচ্ছার উদ্রেক (চতুর্বর্গ কলের তৃতীয় কল কাম) ও "অকল্পনায়"—মোক্ষলাভ —যাহার সহিত স্থাষ্ট কল্পনার কোনও সম্পর্ক নাই—স্ব স্বরূপ প্রাপ্তি (চতুর্বর্গের চতুর্থ কল মোক্ষ)—এই চারি উদ্দেশ্য সাধনের জন্য মানব দেহধারী জীব অভিব্যক্তির সহিত তাহাদের বৃদ্ধি, ইন্দ্রিয়, মন ও প্রাণ স্কলন করিয়াছেন। ১০৮৭।২

অতএব স্থির উদ্দেশ্যে জীবের অশেষ কল্যান সাধন বুঝা গেল।
স্বতরাং স্থি-সংস্কলরপা মায়া—অণ্ডভ জনয়িত্রী হইতে পারেন না। আমরা
নিজেদের দোধেই মোহে পতিত হইয়া মায়ার নিন্দা করিয়া থাকি।

১০। আরও উপরের আলোচনা হইতে জগৎ স্প্টিতে স্টিকর্তার করুণাময় সভাবের পরিচয় পাওয়া গেল। প্রাকৃতগুণের সহিত তাঁহার সম্বন্ধ না থাকা হেতু, তিনি নিগুণ বলিয়া শাস্ত্রে কথিত হইলেও, তাঁহার স্বরূপদিক অশেষ হেতু, তাঁহাতে বর্তমান। স্করোং ২৭ অনুচ্ছেদে উদ্ধৃত ১০।২৯।১৩, কল্যাণ গুণ তাঁহাতে বর্তমান। স্করোং ২৭ অনুচ্ছেদে উদ্ধৃত ১০।২৯।১৩, শ্লোকে, ভাগবত "নিগুণস্থা" বিশেষণের সহিত এক নিংশাদে "গুণাত্মনা" কেন বলিলেন, তাহাও বুঝা গেল।

৩৪। বিষ্ণুপুরাণ এ সম্বন্ধে সন্দেহের লেশমাত্রও রাথেন নাই। ভগবানকে নির্গুণ বলে কেন? এই প্রশের উত্তরে বিষ্ণুপুরাণ বলিভেছেন:—

সন্ত্রাদয়ো ন সন্তীশে যত্ত্র চ প্রাকৃতা গুণাঃ। বিষ্ণু পুঃ ১।৯:৪৩
প্রাকৃতিক সন্তাদি গুণ ঈথরে বর্ত্তমান নাই। বিঃ পুঃ ১।৯।৪৩
কিন্তু তাই বলিয়া কি তিনি নিজের স্বরূপান্ত্রবন্ধী গুণ-বর্জ্জিত ? তাহা নয়।
সমস্ত-কল্যাণ গুণাত্মকো হি স্বশক্তিলেশাবৃতভূতবর্গঃ।
ইচ্ছা-গৃহীতাভিমতোরুদেহঃ সংসাধিতাশেষ-জগদ্ধিতোহসৌ।।
বিঃ পুঃ ৬।৫.৮৪

তিনি সমস্ত কল্যাণ গুণাত্মক, তাঁহার নিজ শক্তির অতি অল্লাংশেই নিখিল ভূতবর্গ আবৃত। স্বেচ্ছাক্রমে নানা প্রকার অভিমত দেহ ধারণ করিয়া, তিনি অশেষ প্রকারে জগতের হিত সাধন করিয়া থাকেন। বিঃ পুঃ ৬া৫া৮৪।

৩৫। মায়া এই নিপ্তণ-সপ্তণ, নিরীহ-ক্রিয়াশীল ভগবানেরই শক্তি।
আমাদের বিশ্লেষিকা বৃদ্ধি এই ভাগবতী শক্তিকে তুই প্রকারে আলোচনা করিয়া
থাকে। নিত্যধামে এই শক্তি ভগবানের চিংশক্তি-যোগমায়া নামে আমরাই
ইহাকে অভিহিত করিয়াছি। দেখানে ইনি অস্তরঙ্গা শক্তি। ইহারই সাহচর্য্যে
নিপ্তণ ভগবান্ গুণসাগররূপে বিগ্রহবান্ হন। নিরীহ ভগবান্, ইহারই
সাহচর্য্যে ক্রিয়াশীল হওত ধাম, পরিকর-পরিজন প্রভৃতি প্রকটিত করিয়া
আনন্দের প্লাবন ছুটাইয়া দেন। সেই আনন্দের কণা মাত্র পাইয়া বিশ্ব ও বিশ্বের
অস্তর্গত যত কিছু আনন্দে আত্রহারা হইয়া যায়। ইহাকেই লক্ষ্য করিয়া
তৈত্তিরীয় শ্রুতি ২।৭ মন্তে বলিয়াছেন:—

রুসো বৈ সঃ। রসং হ্যেবায়ং লবধ্বান্দীভবতি ।। তৈতিঃ ২।৭ তিনি রসম্বরূপ। এই রস পাইয়া বিশ্ব ও তদস্তর্গত যত কিছু আনন্দী হয়। ২।৭

• আবার ইহারই বহিরঙ্গা শক্তি বিকাশে ১০ অনুচ্ছেদে ত্রিপাদ বিভৃতি
নহানারায়ণোপনিষদ কথিত "ম্লাবিতোদয়" প্রকটিত হইয়া স্বষ্টি ব্যাপার
দংসাধিত কবে। উক্ত উপনিষদন্মসারে উহার নাম ম্লা অবিদ্যা। উহা
বেদান্তে "মায়া" নামে কথিত হইয়া থাকে এবং উহাকে দুই ভাগে বিভক্ত করিয়া একভাগকে "গুন-মায়া" ও মপর ভাগকে "জীব-মায়া" নামে অভিহিত
করিয়া থাকি। এই "গুণমায়া"—প্রধান নামেও উক্ত হইয়া থাকে-উহাই
জগৎ স্বৃষ্টির উপাদান ভাণার। আর "জীব-মারা"ই "অবিদ্যা" নামে পরিচিত।
উহা জীবের বন্ধনের কারণ বলিয়া উহার অবিদ্যা নামের সার্থকতা। ৩৬। স্থতরাং মায়া ভগবানের সংকল্পাত্মিকা শক্তি বুঝা গেল। শক্তি ও শক্তিমানে অভেদ বলিয়া উহা ভগবান হইতে পৃথক্ কিছু নহেন। এই মায়াকে অবলম্বন করিয়া নিত্য—ভদ্ধ—বৃদ্ধ—মৃক্ত—নিরীহ—নির্দিশেষ—ভগবান আপনা হইতেই জগৎ অভিব্যক্ত করেন। আপনা হইতে ভোগ্য স্প্রি করিয়া, নিজেই ভোক্তারূপে আপনি আপনাকে উপভোগ করেন। পাছে ভোক্তার অসদ—উদাসীন স্বরূপ আবর্ত রাখিয়া দিলে, ভোগে আনন্দের অল্পতা ঘটে, এজ্য মায়া দ্বারা স্বরূপ আবর্তের বিধান। উক্ত আবর্ত অপসারণের জন্য ভগবানের শরণাগতি প্রয়োজন। (গীতা ৭١১৪)। শরণাগতিতে জীবের ক্ষুদ্র শক্তির পরিমাপে ভগবত্তর বুঝিতে পারিবার জন্য, নায়ার দ্বারাই ভগবান্ নিজের অনন্ত ক্র্যি অন্তর্হিত করিয়া (ভাগবত ৭।৬।২১), ভাহার পিতা, মাতা, সথা, বন্ধু, গুরু প্রভৃতি রূপে ভাহার সহিত অতি মধুর সম্বন্ধ স্থাপন করিয়া আনন্দের প্রাবন ছুটাইয়া দেন। ইহাতে তিনি নিজেও আনন্দ পান ও জীবকে আনন্দ সম্ত্রেভাসাইয়া নিজের আনন্দম্বরূপে মিশাইয়া লন।

১০ ক) ভগবান আমাদের অভি নিজ জন।

অতএব তিনি অতি আদরের নিজ জন। তাঁহাকে ভয় করিবার কিছু নাই। তাঁহার পূজা করিতে উপকরণ সংগ্রহের জন্ম কোনও আরাসের প্রয়োজন নাই। শাস্ত্র ভক্তের মৃথ দিয়া বলিতেছেন:—

তুলসীদলমাত্ত্বেণ জলস্তা চূলুকেন বা।

বিক্রীণিতে স্বমাত্মানং ভগবান্ ভক্তবংসলঃ॥

তিনি ভক্তবংসল। ভক্তের নিকট তাঁহার অদের কিছুই নাই। একটি তুলদী পাতা বা এক গণ্ড্য জল, ভক্তির সহিত প্রদান করিলে, তিনি, এমন কি আপনাকেও বিক্রয় করিয়া থাকেন।

ইহাই ত খেলা। বালক মুখে মুখোশ পরিয়া ভূত সাজে ও সঙ্গী বালককে ভয় দেখাইয়া আনন্দ পায়। যথন দেখে যে, সঙ্গী বালক ভয়ে কাঁদিতেছে, ভয় দেখাইয়া আনন্দ পায়। যথন দেখে যে, সঙ্গী বালক ভয়ে কাঁদিতেছে, তখন হাসিতে হাসিতে মুখোশ খুলিয়া আত্মপ্রকাশ করে, এবং উভয়ে হাসিয় আকুল হয়। সেইরপ জগৎ ক্রীভনক পরমতত্ত্ব বা ভগবান, মায়ার মুখোশ পরিয়া নিজের স্বরূপ আবরণ করতঃ ভয় দেখান মাত্র। যথন দেখেন যে, পরিয়া নিজের স্বরূপ আবরণ করতঃ ভয় দেখান মাত্র। যথন দেখেন যে, খেলার সঙ্গিগণ ভয় পাইয়া, কাঁদিয়া আকুল হইয়াছে, ও তাঁহাকে খুজিতেছে, খেলার সঙ্গিণত হাসিতে, মুখোশ খুলিয়া আত্মপ্রকাশ করেন ও উভয়ে তখন নিজে হাসিতে হাসিতে, মুখোশ খুলিয়া আত্মপ্রকাশ করেন ও উভয়ে গলাগনি হইয়া আনন্দে আত্মহারা হইয়া যান।

তা। ভগবান্ মানব দেহধারী জীবের দঙ্গে এইরূপ থেলা থেলিয়া থাকেন। ফণে আড়ি, ফণে ভাব। এক ফণে বগড়া বাঁটি, পরক্ষণেই-গলাগলি, বুকে বুকে গাঢ় আলিপন। বালকের তরল, পিচ্ছিল স্বভাব বশতঃ ইহা সম্ভব হয়। ইহা সংসারে আমাদের প্রত্যক্ষ দৃষ্ট। বিরাগ, ক্রোধ সাময়িক দেখা দেয় বটে, কিন্তু উহা স্থায়ী হয় না। পিচ্ছিল স্বভাব বশতঃ পিছলাইয়া যায়। ভগবান্ অসপ, উদাদীন ত বটেই, সে কারণ তিনিও বালক স্বভাব বিশিষ্ট। এ থেলার উদ্দেশ্য, আনন্দান ও আনন্দ উপভোগ। মায়ার সাহচর্য্যে এই থেলা অভিব্যক্তি ও প্রতিষ্ঠালাভ করে। এ কারণ উপরে বলিয়াছি যে, মায়া স্বতঃ অক্তভ জনয়িত্রী নহে। শাস্তে মায়ার অনেক দোষকীর্ত্তন আছে বটে, কিন্তু সে সমৃদায় দোষ আমরাই মায়াতে আরোপ করিয়া থাকি। আমরা নিজেদের স্বাতন্ত্রকণার গর্বের ইচ্ছা করিয়াই মায়ার কুহকে মৃয় হইয়া আত্মবিশ্বত হইয়া পড়ি। তাহারও প্রতিকারের উপায়, য়াহার মায়া সেই মায়ী ভগবানের শরণাগতি গ্রহণ এই শহণাগতি গ্রহণ অতি সহজেই সম্পাদিত হইতে পারে। উপরে উদ্ধৃত শ্লোক স্পষ্টই শিক্ষা দিতেছে যে, সমন্থলভা, একটি তুলদীপত্র বা এক গণ্ডুম জল, ভিন্তিপূর্ব্বক অর্পন করিলেই সব মিটিয়া যায়। মায়ার কুহক অন্তর্হিত হয়।

৩৮। সংশয়-প্রবণ-চিত্ত, কুটতর্ককুশল, ভগবদ বিশ্বাসী, শিক্ষিত কেহ কেহ সংশয় উত্থাপন করিতে পারেন যে, যদি ভগবান অপার করুণাময়, অসম, উদাসীন, বালক স্বভাব বিশিষ্ট, তবে এরূপ বিনিময় ব্যাপারের প্রয়োজন কি? তুলদী পত্ৰও জলগণ্ড্ৰ প্ৰদানের আকাজ্ঞাই বা তিনি করেন কেন? ইহা কি বণিক্ ব্যাপার নয়? ইহার উত্তর অতি সহজ ও নিশ্চিত। ইহা বণিক্ব্যাপার ত নয়ই। বাজারে প্রচলিত য্ল্যতালিকাত্রযায়ী তুল্য ম্ল্যের বস্তর বিনিময়ে বণিক্ ব্যাপার সম্পাদিত হয়, ইহা সকলেই জানেন। এক কড়া কানাকড়ির বদলে সাম্রাজ্য দান বণিক্ ব্যাপার নয়। ছত্রপতি শিবাজী তাঁহার গুরু শ্রীশ্রী পরামদাস স্বামীর সন্তোষ সম্পদানের বা আশীর্কাদ প্রাপ্তির আকাজ্যায় তাঁহার সমগ্র রাজ্যের দানপত্র স্বামীজির ভিক্ষার ঝুলিতে অর্পণ করিয়াছিলেন, ইহা ইতিহাস প্রসিদ্ধ ঘটনা। ইহা কি বণিক্ ব্যাপার? অতি বিরোধী সমালোচকও তাহা বলিবেন না। স্বতরাং ভগবানের সন্তোষ কামনায় বা তাঁহার অনুগ্রহ প্রাপ্তির আকাজ্জায় তুলদী বা জলগণ্ড্র অপণ এবং তাহার ফলে পরম পুরুষার্থ লাভ বণিক্ ব্যাপার নহে। মানুষ কুন্ত। তাহার প্রদানও ক্ষুদ্ৰ হইতে বাধা। ভগবান্, অলপক্ষে, অনন্ত ঐশ্ব্যাবান্ ও অনন্ত জ্ঞানবান্। তাঁহার বিষয়ে-প্রদত্ত দ্বোর, ভোমার আমার চক্ষে বাজার ম্ল্যান্স্লারে নহে।

তিনি অন্তর্থামী, অন্তরের আসল ভাব লইয়া তিনি বিচার করেন। এবং সে বিচার প্রদান কর্ত্তার অনুকৃল হইলে, তিনি যথাসর্বন্ধ দান করিয়াও আপনাকে ঋণী মনে করেন এবং সে ঋণ পরিশোধের জন্ম আত্মদান পর্যান্ত করিয়া থাকেন। এমন কি, তাঁহার বিচারে যদি প্রদান কর্তা উপযুক্ত অধিকারী বিলয়া সাব্যস্ত হন, তাহা হইলে, তিনি, নিজেকে এবং সঙ্গে সঙ্গে নিজের দেহভূত সম্দায় বিশ্বকে পবিত্র করিবার জন্ম তাঁহার পদধূলি প্রাপ্তির আশায়, তাঁহার পাশ্চাদমুসরণ করিয়া থাকেন। ভাগবত ভগবানের ম্থ দিয়াই বলাইতেছেন:—

নিরপেক্ষং মুনিং শান্তং নিকৈরং সমদর্শনম্। অনুব্রজামাহং নিতাং পূয়েয়েতাজিবুরেণুভিঃ॥

22128126

যে তিনি (ভগবান্), নিরপেক্ষ, শাস্ত, নির্কৈর, সমদর্শন মুনিব্যক্তির অমুগমন-পূর্বক, তাঁহাদের চরণরেণু ম্পর্শে, নিজের ও তাঁহার অন্তব্যক্তী ব্রহ্মাণ্ডগণেরও শুদ্ধি সম্পাদন করিয়া থাকেন। ১১।১৪।১৫

৩৮। ইহা ত গেল ভাবরাজাের কথা। যুক্তি বিচারে আমরা কি পাই, দেখা যাউক। মানব তাঁহার স্বাতম্র্য কণার অযথা ব্যবহারে, শাস্তি স্বরূপ আত্মস্বরূপ হুইতে পরিভ্রপ্ত হুইয়া, বহির্দ্ম্থীন গতিতে সংসারে পতিত হুইয়াছে। সে যদি তাহার স্বাতন্ত্রোর এই অপব্যবহার পরিত্যাগ পূর্বক অন্থতাপের সহিত আবার অন্তর্মুথে ভগবানের অভিমূথে অগ্রসর হইবার প্রয়াস করে, ভগবান্ তাঁহার অপার করুণাময় স্বভাববশতঃ, তাহাকৈ সে স্থযোগ প্রদান করিতে কিছুমাত্র দিধা করেন না, বরং আগ্রহের সহিত তাহাকে বুকে জড়াইয়া ধরেন। ইছাতে (১) ভক্ত বৎসলতার পরিচয় দেওয়া হইল। (২) কর্ম্ম সম্বন্ধে ভগবানের অমোঘ নিয়মের মর্য্যাদা রক্ষা করা হইল। (৩) পুত্রগত প্রাণা ক্ষেহময়ী মাতার, বিপথে গমনকারী পুত্তের প্রতি ক্ষমার শাসন, দয়ার তাড়ন ও ক্ষেহের পীড়নের-নিদর্শন দেখান হইল। (৪) বিপথে গত খেলার দঙ্গীকে পুনরায় বিশ্বরঙ্গমঞ্চে খেলিবার অধিকার দেওয়া হইল। (৫) ভগবানের নিজের অসঙ্গ, উদাসীন, বালক স্বভাবের প্রতিষ্ঠা স্থাপন করা হইল। (৬) অক্যান্ত বিপথে গত খেলার নিয়ম ভঙ্গকারী শান্তিপ্রাপ্ত মানবদেহধারিগণকে, ফিরিয়া আসিয়া খেলায় যোগ দিবার আহ্বান জানান হইল। (॰) জগদ্-বিধারণের রীতি সর্ব-সমক্ষে প্রকটিত क्द्रा श्रेन !

৩৯ ' এই মায়াকে অবলম্বন করিয়া, ভগবানের সৃষ্টি প্রয়াসকে লক্ষ্য করিয়া, উপরে উদ্ধৃত মহানারায়ণোপনিষদের অংশে 'ভিস্মাদেব সচ্ছব্যবাচ্যং বিদ্ বিতাশবলং ভবতি" বলা হইয়াছে। অর্থাৎ ছান্দোগ্য শ্রুতির ৬।২।১ মন্ত্রে ("সদেব সেম্যা, ইদমগ্র আসীৎ") সচ্ছব্দ বাচ্য ব্রহ্ম—"বিতাশবল" হইলেন—অত্য কথায়, স্পষ্ট সংকল্পের লেপ দ্বারা তিনি রঞ্জিত হইলেন। পূর্ব্বে বলিয়াছি যে, সংকল্প বা বিতা তাঁহার স্বরূপ হইতে পৃথক্ কিছু নহে। স্থতরাং প্রকৃত পক্ষে, সংকল্প বা বিতাজনিত কোনও লেপ বা রঞ্জন না থাকিলেও, তাঁহার নিরীহত্বের স্থলে কার্যাশীলতার নিদর্শনে—আমাদের ভাষায় প্রকাশের জন্ত, ঐরূপ বলিতে হয়। ইহারই অন্থকরণে, আমি উপরে "ভগবানের স্পষ্ট প্রয়াস" বলিয়াছি। তাঁহার আবার প্রয়াস কি? শক্তিমানের কোনও বিশেষ শক্তির বিকাশ মাত্র। তাঁহার চেষ্টা বা প্রয়াস, তাঁহা হইতে পৃথক্ কিছু নহে। তাহা হইলেও বোধ-দের কার্যার্থ ঐরূপ ব্যবহার করিতে হয়।

১১) ভাগবভ সাহায্যে বেদান্তালোচনার বিশেষ কারণ।

- ৪০। উপরের আলোচনা হইতে আমরা বুঝিলাম যে, ভগবান্
 করণাসাগর, তিনি মানবদেহধারী জীবগণের অতি প্রিয়, অতি ঘনিষ্ঠ নিজ
 জন, এবং তাঁহার অপরোক্ষামূভ্তি লাভই মানবের পরম শ্রেয়ঃ প্রাপ্তি এবং
 ইহার জন্মই স্প্টের প্রসার। এই শ্রেয়োলাভ কি উপায়ে করা যায়? শাস্ত্র
 ইহার জন্ম তিনটি পয়া নির্দেশ করিয়াছেন:—(১) কর্ম, (২) জ্ঞান ও
 (৩) ভক্তি। ইহারা পৃথক্ পৃথক্, পরম্পর সম্বন্ধরহিত দৃঢ়বন্ধ তিনটি প্রকাষ্টের
 অস্তর্ভুক্ত নহে। উহারা পরম্পর পরম্পরকে অপেক্ষা করে। কর্ম্মপয়া
 বেদের কর্মকাণ্ডের অস্তর্ভুক্ত। উহা জৈমিনি প্রণীত কর্ম মীমাংসা দর্শনে
 বিশেষ ভাবে আলোচিত হইয়াছে, ব্রহ্মস্থ্রে উহার আলোচনা হয় নাই।
 এ কারণে উহার সম্বন্ধে আলোচনায় আমাদের প্রয়োজন নাই। জ্ঞান ও
 ভক্তি পরম্পর উপায়-উপেয় সম্বন্ধয়ুক্ত (গীতা ১৮।৫৪ ও ৫৫)।
- 8)। ব্রহ্মন্থ জ্ঞানমার্গে ও ভক্তিমার্গে আলোচিত হইয়াছে। ভগবান্
 শক্ষরাচার্যা, রামান্থর, নিম্বার্ক প্রভৃতি আচার্য্যগণ জ্ঞানমার্গের প্রাধান্ত দিয়া
 বিস্তৃত আলোচনা করিয়াছেন। জ্ঞানমার্গের সাধনার প্রাক্কালীন অপরিহার্য্য
 অঙ্গ হইতেছে যে, সাধক বা উক্ত মার্গের আলোচক সাধন চতুষ্টয় সম্পন্ন
 হওয়া চাই—অর্থাৎ বিবেক, বৈরাগ্য, ষট্ সম্পত্তি ও মৃমুক্ষতা—তাঁহার থাকা
 প্রয়োজন। বর্ত্তমান মুগে উক্ত প্রকার অধিকারী অতি তুর্লভ। কিন্তু বেদাস্ত
 বিত্তাপদ্প আমার স্তায় সাধারণ মানবের অমৃত রসায়ণ। সাধারণ মানবের
 বোধগম্য করিবার জন্ত ভাগবত ইহা ভক্তিমার্গে, ভক্তিরসে পরম রসিক,
 মহাক্বির মাধুর্য্যমন্ত্রী স্থললিত, অতি হৃদয়গ্রাহী ভাষায় আলোচনা করিয়াছেন।

ইহা আভাসশীর্ষক প্রস্তাবনায় ৪ অনুচ্ছেদে বলা হইয়াছে। উহার পুনরুপ্রের না করিয়া, পরিপূরক রূপে আমার বক্তব্য নিবেদন করিভেছি। উহা নিশ্চয়ই অবাস্তর নহে।

8২। ভগবান্ গীতায় ১২।৫ শ্লোকে জ্ঞানমার্গে, নির্দ্তণ ব্রহ্মোপাসকগণের সম্বন্ধে বলিতেছেন :—

ক্লেশোহধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্। অব্যক্তা হি গতিছ':খং দেহবদ্ভিরবাপ্যতে ॥ গীঃ ১২।৫

অব্যক্তে (নিগুঁণ ব্রেশ) আসক্ত চিত্ত ব্যক্তিগণের অধিকতর ক্লেশ হইয়া থাকে। কেননা, দেহাভিমানিগণ অব্যক্তে নিষ্টা তৃ:থেই প্রাপ্ত হইয়া থাকে। গী: ১২।৫

কারণ উক্ত উপাসকণণ মানবগণের স্বভাবসিদ্ধ প্রকৃতির প্রতিকৃলে যাইতে বাধ্য হন। পঞ্চেন্দ্রিয় ধারা উপভোগ মানবের স্বভাবসিদ্ধ। উক্ত উপাসকণণ ইন্দ্রিয়ার্থ হইতে ইন্দ্রিয়গণকে নিগৃহীত করিতে চেষ্টা করেন। কিন্তু অধিকাংশ স্থলে, তাঁহারা দেহাভিমান হইতে নিদ্ধৃতি লাভ না করায় বিষয়ভোগ তৃষ্ণা থাকিয়াই যায় (গী: ২।৫৯)। এইজন্ম ঐরপ উপাসক ভগবৎ কথিত "মিথ্যাচার:" পর্যায়ে পড়ে (গী: ৩)৬)। অবশ্যই সকল উপাসক যে এরপ, তাহা নহে। যাঁহারা নিংশ্রেয়সের পথে অগ্রসর হন, তাঁহাদের সংখ্যা অতিক্ম। ইহার প্রতি লক্ষ্য করিয়াই—ভগবান্ বলিতেছেন—

"বহুনাং জন্মনামন্তে জ্ঞানবান মাংপ্রপদ্যতে।" (গীঃ ৭।৩৯)

৪৩। অন্য পক্ষে ভক্তিসাধন সম্পর্কে ভাগবত বলিতেছেন :---

ভক্তিঃ পরেশান্তভবো বিক্তিরগুত্র চৈষ ত্রিকঃ এককালঃ। প্রপাত্তমানস্ত যথাশ্বতঃ স্থান্তত্তিঃ পুষ্টিঃ ক্ষুদপায়োহনুঘাসম্॥ ১১।২।৪০ ইতাচ্যুতান্তিযু ভজতোহনুবৃত্ত্যা ভক্তির্বিরক্তির্ভগবংপ্রবোধঃ। ভবন্তি বৈ ভাগবতস্ত রাজংস্ততঃ পরাং শান্তিমুপৈতি সাক্ষাৎ॥

7215185

যেমন ক্ষার্ত্ত ব্যক্তির অন্ধগ্রহণের সময়ে গ্রাসে গ্রাসে অন্ন ভোজনের সক্ষে সঙ্গে তৃষ্টি, পৃষ্টি ও ক্ষানাশ হইতে থাকে, সেই প্রকার ভগবানের পাদ-পদ্দ-ভজনকারীর ভজনের সঙ্গে সঙ্গে, ভগবানে ভক্তি, ভগবান্ ভিন্ন অন্ত বস্তু হইতে বিরক্তি, ও ভগবৎ প্রবোধ, তিনই এককালে হইয়া থাকে, পৌর্যাপর্য্য রূপে নহে। এবং তারপর সাক্ষাৎ শান্তিলাভ হইয়া থাকে। ১১।২।৪০-৪১।

ভগবানের পাদপদ্ম ভদ্ধনকারী, ভজনে এত আনন্দ পান যে, তাঁহারা আর কিছুই আকাজ্ঞা করেন না; মোক্ষফল পর্যান্তও তাঁহারা কৈতব বলিয়া মনে করেন। ভজনের দ্বারা কিছু লাভ, তাঁহারা বণিক্ বৃত্তি বলিয়া মনে করিয়া দ্বণার সহিত পরিত্যাগ করেন। ভাগবত বলিতেছেন:—

> ন কিঞ্চিৎ সাধবো ধীরা ভক্তা হোকান্তিনো মম। বাঞ্ছান্তাপি ময়া দত্তং কৈবলামপুনর্ভবম্।। ১১।২০।৩৪

সাধু, ধীর, আমার একান্ত ভক্তগণ, কিছুই বাঞ্ছা করেন না। এমন কি আমি মোক্ষ ও অপুনর্ভব (জন্ম রাহিত্য) দিতে চাহিলেও, তাহা গ্রহণ করেন না। ১১া২ । ৩৪

অতএব আমার ন্যায় অজ্ঞ, মৃথ', সাধনধীন, ত্রিতাপদগ্ধ মানব দেহধারী জীবের সংসার তরণের উপায় কি? এ প্রকার প্রশ্ন কর্মনা করিয়া ভাগবত ধলিতেছেন :—

> জ্ঞানে প্রয়াসমূদপাশ্য নমন্ত এব জীবন্তি সন্ম্পরিতাং ভবদীয়বার্ত্তাম্। স্থানে স্থিতাঃ শ্রুতিগতাং ততুবাল্মনোভিঃ-যে প্রায়শোহজিতজিতোহপাসি তৈন্ত্রিলোক্যাম্।। ১০।১৪।৩

হে অজিত! আপনি হজেঁর হইলেও, অজ্ঞ, সাধনহীন, মানবদেহধারী জীবের সংসার নিস্তারের ভাবনা নাই। যে সকল ব্যক্তি জ্ঞানলাভে অত্যন্ত্র প্রয়াস না করিয়া স্বস্থানেই অবস্থিতি করতঃ সাধুজন কর্তৃক নিত্য প্রকটিত ভবদীর প্রসঙ্গ (যাহা সাধুজনের সন্নিধি মাত্রে আপনা হইতে শ্রুতিপথে প্রবিষ্ট হয়) কার্যনোবাক্যে সৎকার পূর্বক অবলম্বন করিয়া থাকে, তাহারা, যদিও অন্ত কোনও কর্ম না করুক, তথাচ ত্রিলোকী মধ্যে, অন্তান্তা সকলের দ্বারা অজিত হইলেও, আপনি তাহাদের দ্বারা প্রায় জিত হইয়া থাকেন অর্থাৎ আপনি অন্তের দ্প্রাপ্য হইলেও, তাহারা আপনাকে প্রাপ্ত হইতে পারে। ১০1১৪।৩

বর্ত্তমান যুগে ডগবদ্ ভক্ত সাধৃপুরুষগণের সন্নিধিলাভ ও তাঁহাদের প্রকটিত ভূগবান্ সম্বন্ধে আলোচনা শ্রবণ, সাধারণ মানবগণের পক্ষে এক প্রকার অসম্ভব। সে কারণ পরম সাধু হইতে ও শ্রেষ্ঠতম সাধৃত্ব শ্রীমন্ভাগবতের সিমিধিলাভ করিলে সংসার হইতে উত্তরণের জন্ম ভাবিতে হইবে না। এইজন্ম ভাগবত সাহায্যে আমার ব্রহ্মপ্র্রালোচনার প্রশ্নাস উন্ভূত হইয়াছে। উক্ত আলোচনায় ভাগবত লইয়া অনেক ঘাটাঘাটি করিতে হইয়াছে, তাহা বলা বাহুলা। ভাগবতের উপদেশ অমুসারে ইন্দ্রিয়নাশের বা কঠোর শরীর পীড়নের প্রয়োজন নাই। পঞ্চেন্দ্রিয় ঘারা পরম তত্ত্বের আম্বাদন ইহাতে স্ক্রম্পষ্ট উপদিষ্ট হইয়াছে। উহা মানবের প্রকৃতির অমুকৃলে বলিয়া বিশেষ কন্ট্রসাধ্য নহে। ইন্দ্রিয়গণকে তুচ্ছ বিষয় হইতে অল্লে অল্লে ফিরাইয়া চরম ও পরম বিষয়ে নিয়োগ শনৈঃ শনৈঃ হৃদয়্রগ্রাহী উপায়ে করিবার উপদেশ দেওয়া হইয়াছে। স্কৃতরাং কোন্ প্রেয়ংকামী ইহা পরিত্যাগ করিবে?

১২) সূত্রকার ভটন্ত লক্ষণ দারা নির্দেশ করিলেন কেন?

৪৪। বর্ত্তমান আলোচ্য সত্তে স্তেকার তটস্থ লক্ষণ ধারা ব্রহ্ম নির্দ্দেশ করিয়াছেন। তিনি শ্বরূপ লক্ষণের দ্বারা ব্রহ্ম নির্দ্দেশের প্রয়াস পান নাই। কারণ ভাহা কার্য্যতঃ সম্ভব নহে। নৃসিংহ-পূর্বভাপণী উপনিষদে "সচ্চিদানন্দময়ং পরং ব্রহ্ম ভমেব বিদ্বানমৃত ইহ ভবতি" মন্ত্রে পরব্রহ্মতে স্বরূপ লক্ষণে "मिकिनानन्मभयः" বলিয়া নির্দেশ করা হইয়াছে। গোপাল-পূর্বতাপণী উপনিষদের প্রারত্তে মঙ্গলাচরণ মন্ত্রে পরব্রহ্মরূপী প্রীকৃষ্ণকে "সচ্চিদানন্দরূপায়" বলিয়া প্রণাম নিবেদন করা হইয়াছে। তৈতিরীয় শ্রুতিতে "সত্যং জ্ঞাননস্তং ব্রহ্ম" বলিয়া ্ষরপ্লক্ষণে ব্রহ্ম নির্দেশ করা হইয়াছে। উক্ত মন্ত্রাংশগুলি ধীরভাবে অফধাবন করিলে আমরা বুঝিতে পারি যে, শ্রুতিতে ব্যবহৃত সং-চিৎ-আননদ বা সত্য-জ্ঞান-অনস্ত, আমাদের ব্যবহারিক জগতের আপেক্ষিক সৎ, আপেক্ষিক চিৎ, আপেক্ষিক আনন্দ, বা আপেক্ষিক অনন্ত নহে। উহারা নিরপেক্ষ সৎ, নিরপেক্ষ চিৎ, নিরপেক্ষ আনন্দ, নিরপেক্ষ সত্য, নিরপেক্ষ জ্ঞান, নিরপেক্ষ অনস্ত। আমরা আপেক্ষিক জগতের অন্তর্ভুক্ত জীব। আমাদের অন্তঃকরণ চিত্ত-মন-বৃদ্ধি-অহংকার, বাহা আমাদের চিস্তার, ধারণার ও দিদ্ধান্তের যন্ত্র-উহা আপেক্ষিকতার প্রভাবে প্রভাবিত। আমাদের জ্ঞানেন্দ্রিয় — কর্ম্মেন্দ্রিয়গণ মনেরই পরিচায়ক। উহারাও আপেক্ষিকতার অস্তর্ভুক্ত। বাগিল্রিয়-কর্ম্মেন্ত্রিয়গণের মধ্যে একটি। উহা হইতে আমাদের ষ্ঠাষা অভিব্যক্ত। স্থভরাং প্রত্যেক শব্দ, প্রতিপদ, প্রতিবাক্য-প্রতি বাক্যাংশ আপেক্ষিকতার প্রভাবে প্রভাবিত, ইহা বলাই বাহুল্য। শ্রুতিতে ব্যবহৃত সং- চিৎ-আনন্দ বা সত্য-জ্ঞান-অনস্ত শব্দ সকলও সে কারণ আপেক্ষিকতার প্রভাব
যুক্ত নহে। পরব্রন্ধের স্বরূপে আপেক্ষিকতার কোনও সংস্পর্শ থাকা সম্ভব নহে।
অতএব আমাদের ভাষায় উক্ত শব্দ সকল ব্যবহারে পরব্রন্ধের স্বরূপ কি প্রকারে
প্রকাশ করা যাইতে পারে? তাহা হইলেও ব্রন্ধ সম্বন্ধে উপদেশ অক্ত শিল্পকে

দিতে হইলে, ভাষার ব্যবহার ভিন্ন উপায় নাই বলিয়া, ভাষা ছাড়িতে পারা যায়
না। তবে এ এসম্পর্কে বলিয়া রাথি যে, সৎ-চিৎ-আনন্দ বা সত্য-জ্ঞান-অনস্ত,
ভাষায় উহারা পৃথক্ পৃথক্ শব্দে কথিত হইলেও, উহারা পৃথক্ পৃথক্ তত্ব নহে।

যদি পৃথক্ হয় ভাহা হইলে, আপেক্ষিকতা স্বতঃই আপতিত হয়। তুটি বস্ত

হইলে, একটির সহিত অপরটির আপেক্ষিক সম্বন্ধ আপনা আপনিই সংঘটিত হয়।

একারণ সৎ-চিৎ-আনন্দ বা সত্য-জ্ঞান-অনস্ত—উহারা একে তিন, তিনে এক।

একই অবৈত বস্ত নির্দ্দেশে তিনেরই সার্থকিতা। আমাদের বিশ্লেষিকা বুদ্ধির

মর্যাদা রক্ষার জন্য এবং আমাদের বোধ সৌকর্য্য সাধনের জন্য তিন নামে

নির্দেশ করা হইয়াছে মাত্র। শ্রুতির নির্দ্দেশ ত মানবদেহধারী জীবের জন্য।

স্বতরাং উক্ত জীবের ধারণার উপযোগী করিয়াই শ্রুতি নির্দ্দেশ করিয়াছেন।

- ৪৫। বস্তু নির্দেশের ছটি পস্থা আমাদের পরিচিত। একটি বিধিম্থে,
 অপরটি নিষেধম্থে। আলোচ্য শ্রুতির শিরোদেশে উদ্ধৃত ছান্দোগ্য শ্রুতির ৩।১৪।১
 ও তৈত্তিরীয় শ্রুতির ৩।১ মন্ত্র বিধিম্থে ব্রহ্ম নির্দ্দেশ করিয়াছেন। এই বিধিম্থে নির্দেশের অপর নাম তটস্থ লক্ষণ দ্বারা নির্দ্দেশ। এরূপ নির্দ্দেশ
 আপেন্দিক জগতের সহিত পরব্রেদ্ধর সম্বন্ধ খ্যাপন অপরিহার্য্য হইয়া পড়িয়াছে।
 অবশ্রুই মনে রাথিতে হইবে যে, আপেন্দিক জগৎ পরব্রন্ধ হইতে অত্যন্ত পৃথক্
 বস্তু নহে। ইহা পরে বুঝা যাইবে। তবে আমাদের দৃষ্টিতে পৃথক্ প্রতীয়মান
 হয় বিশিয়া, আমরা সাধারণ ব্যবহারে পৃথক্ বিলিয়া মনে করিয়া থাকি।
- ৪৬। নিষেধম্থে নির্দেশের দৃষ্টান্ত আমরা বৃহদারণাক শ্রুতির তৃতীয় অধ্যায়ে অটম রান্ধণে অক্ষর তত্ত্ব নির্দেশে দেখিতে পাই। উহাতে উক্ত তত্ত্ব, অস্থূলম্, অনপ্, অহ্রস্থম্, অদীর্ঘম্, অলোহিতম্, অন্ধেহম্, অচ্ছায়ম্, অত্মঃ, অবাচী, অনাকাশম্, অসঙ্গম্, অরগম্, অগন্ধম্, অচক্ষ্কম্, অশ্রোত্রম্, অবাক, অমনঃ, অতেজস্থম্, অপ্রকাশম্, অস্থথম্, অমাত্রম্, অরাহ্যম্, অনন্তরম্, প্রভৃতি নিষেধাত্মক পদ দারা নির্দ্দেশিত হইয়াছেন। ইহাতে লক্ষ্য করিতে হইবে যে, আপেন্দিক জগতের আমাদের পরিচিত স্থূল, অণ্, হ্রস্থ, দীর্ঘ প্রভৃতিকে প্রতিধেধ করা হইলেও, উহাদের সহিত সম্বর্ধ যে, সম্পূর্ণরূপে তিরোহিত হইয়াছে, তাহা নয়। নিষেধমূলক সম্বন্ধ বর্তমান রহিয়াছে। ইহা স্বম্পন্ট। "নেতি নেতি"

শ্রুতিতে সমৃদায় নিষেধ করিয়া ব্রহ্মস্বরূপ স্থাপন করা হয় বটে, স্ত্রকারও "নেতি নেতি" শ্রুতির তাৎপর্য্য বিশ্লেষণে "প্রকৃতিতাবত্ত্বং হি প্রতিষেধতি, ত্রত্যো ব্রবীতি চ ভূয়ং" তাহাহহ স্ত্রে সিদ্ধান্ত স্থাপন করিলেন যে, "নেতি নেতি" শ্রুতিতে প্রস্তাবিত কিছু প্রতিষিদ্ধ হইলেও অনেক কিছু অপ্রতিষিদ্ধ রহিল। স্বতরাং স্ত্রকারের অভিপ্রায় এই মনে হয় যে, শ্রুতি বলিতে চাহেন যে, ভাষার দারা প্রব্রেদ্ধের স্বরূপ নির্দ্দেশ সম্ভব নহে। অনেক কিছু অনির্দ্দিন্ত রহিয়া যাইতে বাধ্য।

৪৭। এই কারণে ভগবান্ স্ত্রকার তটস্থ লক্ষণ দ্বারা ব্রন্ধনির্দেশ করিয়াছেন।
ইহা সমীচীন হইয়াছে, সন্দেহ নাই। তটন্থ লক্ষণ দ্বারা যাহাকে নির্দেশ করা
হইল, তিনি সগুণ ব্রন্ধ বটে। কিন্তু ব্রন্ধে, সগুণ-নিগুণ বা সবিশেষ-নির্বিশেষ
ভেদ নাই। তিনি সমকালে "অণোরণীয়ান্ ও মহতোমহীয়ান্" (শ্বেতাশ্বতর
৩২০)। যে কালে "সমাত্র" সেই সমকালেই "অনন্তমাত্র" (মাণ্ডুক্য কারিকা),
যে কালে সাকার সেই সমকালেই নিরাকার কারণ "পরব্রন্ধাঃ পরমার্থতঃ
সাকার-নিরাকারেণ স্বভাব-সিদ্ধো" (ত্রিপাদ বিভৃতি মহানারায়ণোপনিষদ্)।

৪৮। ইহাতে মনে সন্দেহ উপস্থিত হয় যে, যদি মানবের ভাষা দ্বারা কি বিধিমুখে, কি নিষেধমুখে, পরত্রন্ধের স্বরূপ নির্দেশ সম্ভব না হয়, তবে তৈতিরীয় শ্রুতি, নৃসিংহ-পূর্ব্বভাপণী, গোপাল-পূর্ব্বভাপণী প্রভৃতিতে শ্রুতি ভাষা দ্বারা স্বরূপ-নির্দেশ করিলেন কেন ?

ইহার উত্তর এই যে, শ্রুতি মানবদেহধারী জীবের পরম কল্যাণ সাধিকা। জীব কল্যাণের জন্ম পরমতত্বের জ্ঞানলাভ অতি প্রয়োজনীয়। শ্রুতি উক্ত জ্ঞানের অফুরস্ত ভাণ্ডার। মানবকে শিক্ষা দিতে হইলে, মানবের ভাষা ব্যবহার না করিলে চলে না। স্কৃতরাং ভাষার সতঃসিদ্ধ অক্ষমতা সত্বেও, উহাকে অবলম্বন করিতেই হয়। শ্রুতি জানেন যে, সাধারণ মানবের ক্লে একেবারে ব্রহ্মের স্বরূপ-জ্ঞানলাভ সম্ভব নহে। কিন্তু শ্রুতি তো শুধু সাধারণ মানবের জন্ম নহে। যাহারা সাধনার উচ্চন্তরে অবস্থিত, তাঁহাদের পদ্ধানির্দ্দেশও শ্রুতির কর্তব্য। যোগিগণ নির্বিকল্প সমাধিতে ব্রহ্মম্বরূপের অপরোক্ষাম্পৃতি লাভ করেন বলিয়া শাস্তের ঘোষণা। উক্ত ঘোগিগণ শ্রুতির উপদেশ অবলম্বন করিয়াই সাধন পথে অগ্রসর হইয়াছিলেন। একারণ তাঁহাদের উপদেশের জন্ম স্বরূপ নির্দেশ অসম্পূর্ণ হইলেও, দিগ্দর্শন স্বরূপ দেওয়া প্রয়োজনীয়, ইহাতে কি সন্দেহ স্মাতহ প

৪৯। "তটস্থ-লক্ষণ" দ্বারা ব্রহ্ম নির্দ্দেশে আরও একটি অতি প্রয়োজনীয় বিষয় সর্ববদা মনে রাখিতে হইবে যে, উক্ত লক্ষণ দ্বারা যে বস্তু নির্দ্দিট হইলেন, তিনি পরমতত্ত্ব "সতাং পরং" ভগবান হইতে পৃথক কিছু নহেন। ১।১।১।১
স্বেরে আলোচনায় উদ্ধৃত ভাগবতের ১।২।১১ শ্লোক হইতে আমরা ব্রিয়াছি যে,
পরব্রহ্মকে—ব্রহ্ম, পরমাত্মা, ভগবান্ বা যে কোনস্ত নামে অভিহিত করা যাউক্
নাকেন—তিনি এক, অবিতীয়, সজাতীয়-বিজাতীর-স্বগত-ভেদ বর্জ্জিত পরমতত্ত্ব।
সপ্তা বলি বা নিপ্ত বলি, সাকার বলি বা নিরাকার বলি, সবিশেষ বলি বা
নির্বিশেষ বলি—তাহাতে কিছু আদে যায় না। ওরূপ বলা আমাদের বৃদ্ধির
ক্রিয়া। বিশ্লেষণ-বৃদ্ধির স্বভাবগত ধর্ম। উহা ভগবানকেই বা বিশ্লেষণ করিতে
নিরস্ত হইবে কেন? তাহা হইলে ত ধর্মচ্যুত হইতে হয়, স্বভাব পরিত্যাগ
করিতে হয়, তাহা ত সস্তব নয়। কিন্তু বৃদ্ধি তাঁহাতে উহার যতকিছু শক্তি
প্রয়োগ করুক না কেন, তিনি তাঁহার নিত্য, সত্য, অব্যয়, অচ্যুত স্বরূপে
প্রতিষ্ঠিত।

- ৫০। পূর্ণিমার রাত্রে খণ্ড খণ্ড মেঘে আকাশ আচ্ছন । মেঘের ফাঁকে ফাঁকে পূর্ণচন্দ্র দেখা যাইভেছে। উর্দ্ধ আকাশে বায়ু প্রবহমান হওয়ায় মেঘ সঞ্চমান হইল। ভূপ্ঠে অবস্থিত ক্ষুদ্র বালক আকাশে চাহিয়া বলিল, চাঁদ ছুটিয়া যাইভেছে। তাহাকে ভ্রম বুঝাইবার জন্ম, একটি বৃক্ষ শাখার অন্তরালের ভিতর দিয়া, তাহার দৃষ্টি চন্দ্রের প্রতি নিবদ্ধ করাইলে, সে দেখিয়া বুঝিল, চাঁদ স্থির আছে, মেঘই ছুটিতেছে। ইহা "শাখা-চন্দ্র-ন্থায়" নামে বিল্পৎ সমাজে পরিচিত। ইহা এক প্রকার তটস্থ-লক্ষণ দ্বারা বস্তু নির্দ্দেশ। এ নির্দেশে চাঁদের স্বন্ধণ পরিবর্ত্তন হইল না, বরং মেঘের গতির সহিত চাঁদের সম্বন্ধ নাই, ইহা বুঝান গেল।
- ৫১। আকাশে সপ্তর্ষিমণ্ডলে, অরুদ্ধতী নামে একটি কুল, অরুজ্জন তারা, অপেক্ষাকৃত উজ্জন ও নগ্নচক্ষে সহজে পরিদৃশ্যমান একটি বৃহত্তর বশিষ্ঠ নামে খ্যাত তারার সন্নিকটে বর্ত্তমান আছে। উক্ত কুল অরুদ্ধতী সহজে দৃষ্টিগোচর হয় না। উহাকে দৃষ্টিগোচর করাইতে হইলে, দর্শকের দৃষ্টি প্রথমে বশিষ্ঠের প্রতি আকর্ষণ করিয়া (যাহা অতি সহজ সাধ্য), ক্রমশঃ অল্পে অল্পে সরাইয়া অরুদ্ধতী দেখান হয়। ইহা পণ্ডিত সমাজে "অরুদ্ধতী গ্রায়" নামে পরিচিত। এ প্রকার অরুদ্ধতী দর্শন তটন্ত-লক্ষণ দ্বারা করান হইল, ইহা স্ক্রপ্তর। ইহাতে কি অরুদ্ধতীর স্বরূপের কোনও হানি হইল ? তাহা হয় না।
- ৫২। দেইরূপ তটম্ব-লক্ষণ দারা স্ত্রকার আমাদের পরিদৃশ্যমান জগৎ ও আমাদের চতুঃপার্শন্থ বস্তুজাতের সাহচর্য এবং আমাদের স্থপরিচিত জীব-উদ্ভিদি ও অন্ত বস্তুদকলের জন্ম-শ্বিতি-নাশের নিদর্শনে তটম্ব-লক্ষণ দারা যে বস্তুর:

নির্দেশ করিলেন, তিনিই চরম ও পরম সত্য স্বরূপ, একমাত্র বস্তু। ইহাকেই ভাগবভকার ১৮৮২ শ্লোকে "বাস্তব বস্তু" বলিয়া পরিচয় দিয়াছেন, এবং ইহা সকলের "বেছা" বলিয়া উপক্রম করিয়া তাহা প্রতিপাদনের জন্ম মহাপুরাণ রচনা করিয়াছেন। ইহার জন্মই আমার এই আলোচনার বিভ্যনা, ইহা বলাই বাছল্য।

৫০। ভগবান্ শঙ্করাচার্য্য স্ত্রন্থ "অস্ত্র' পদের চারিটি বিশেষণ প্রয়োগ করিয়াছেন। তাহাদের মধ্যে একটি "মনদাহণি অচিন্তা রচনার্মপশ্ত"। ইহার দ্বারা জগৎ-কারণ ব্রন্ধের সর্ব্বজ্ঞতা, সর্ব্বশক্তিমতা প্রতিষ্ঠিত হইল। পূর্বের আলোচনায় আমরা ব্রিয়াছি যে, বিশ্বস্থি—জীবের অশেষ কল্যাণ সাধনের জন্ত । অতএব জগৎ কারণ ব্রন্ধ, নিখিল কল্যাণ গুণের আকর, ভক্ত বৎসল, সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিমান্, অধিকারী ভক্তের নিকট আত্মবিক্রয় করিতে সর্ব্বদা প্রস্তুত, সর্ব্বদাই জীবের সঙ্গে সঙ্গে ফিরিতেছেন, তাহার সম্দায় কর্মের, সম্দায় চিন্তার মূলে তিনি, আপনার অনন্ত ঐশ্চর্য্য আবরণ করিয়া স্বেচ্ছায় মানুষ সাজিয়া, মানুষের মধ্যে তাহাদেরই একজন হইয়া, পিতা-মাতা-গুক্ত-স্থা-বন্ধ প্রভৃতিরূপে, কার্য্যে, আচরণে, উপদেশে ভ্রান্ত জীবকে নিংশ্রেয়নের পথে অগ্রসর হইতে সাহায্য করেন।

১৩) ব্রহ্ম –বিশ্বের উপাদান ও নিমিত্ত কারণ।

৫৪। পূর্ব্বের আলোচনায় আমরা ব্রিয়াছি যে, জগৎ সৃষ্টি ব্যাপারে সম্দায় কারক-ব্যাপার ব্রন্ধই। তিনি আপনি, অন্ত নিরপেক্ষ হইয়া,— আপনা হইতে, আপনাকে জগদ্রপে অভিব্যক্ত করিয়া, আপনি ভোক্তা—ভোগ্য, ক্ষেত্রজ্ঞ—ক্ষেত্র সাজিয়া, আপনি আপনাকে উপভোগ করিতেছেন। অতএব তিনি জগতের উপাদান ও নিমিত্ত কারণ বটেন। প্রকৃতি ও কাল, দৃশ্যতঃ উপাদান ও নিমিত্ত কারণ বলিয়া প্রতীয়মান হইলেও উহারা উভয়ে ব্রন্ধশক্তি বিধায়, তাঁহার আত্মারামত্বের হানি হয় না। ব্রন্ধ বা ভগবান্ যখন সমস্ত কারক-ব্যাপারাত্মক, তথন উপাদান ও নিমিত্ত কারণের পৃথক্ ভাবে আলোচনা করিয়া গ্রন্থবৃদ্ধির প্রয়োজন কি? এ সংশয় সহজেই মনে হয়। ইহার উত্তরে এইমাত্র বলি যে, সাংখ্য প্রকৃতিকেই স্বাধীন ভাবে "উপাদান" কারণ রূপে নির্দেশ করিয়া শাস্ত্র প্রণয়ন করিয়াছেন। ভগবান্ স্ত্রকারও পরে কয়েকটি স্বত্রে এই সাংখ্য মত নিরাক্রণ করিয়াছেন। বেদাস্তমতে প্রকৃতি স্বতন্ত্র নহে—উহা ভাগবতী শক্তি—ভগবান্ কর্ত্বক পরিচালিতা হইয়া—বিশ্বস্থির নহে—উহা ভাগবতী শক্তি—ভগবান্ কর্ত্বক পরিচালিতা হইয়া—বিশ্বস্থির নহে—উহা ভাগবতী শক্তি—ভগবান্ কর্ত্বক পরিচালিতা হইয়া—বিশ্বস্থির


উপাদান অভিব্যক্ত করেন। এ কারণ উপোদ্ঘাত স্বরূপ এই বিশেষ আলোচনা করা হইতেছে। ভাগবত বলিতেছেন :—

প্রকৃতিহ্য'স্থোপাদানমাধারঃ পুরুষ্: পরঃ। সতোহভিত্যপ্রকঃ কালো ব্রহ্মতৎত্রিয়ং ত্বহম্ 🛭 ভাঃ ১১।২৪।১৯

এই প্রপঞ্চ জগতের দৃশ্রতঃ প্রতীয়মান উপাদান রূপা প্রকৃতি, আধার রূপ পুরুষ এবং নিমিত্ত কারণ—কালরূপ অভিব্যঞ্জক—তিনিই ব্রহ্ম। আমি একাধারে সেই তিনই। ১১।২৪।১৯

০৫। সৃষ্টি অভিব্যক্তির জন্ম কাল যে অপরিহার্য এবং উহা স্থ্য, চন্দ্র,
অন্তরীক্ষ, ভৃঃ, ভ্বঃ, স্বঃ প্রভৃতি সৃষ্টির পূর্বের অভিব্যক্ত হইয়াছিল, তাহা
"গায়ত্রী রহস্ম" পৃস্তকের ৫২, ৫৩, ৫৪ পৃষ্ঠায় "ঋতঞ্চ সত্যঞ্চ…" মন্ত্রের
আলোচনায়, বিস্তারিত ভাবে আলোচনা করিয়াছি। স্থুল দৃষ্টিতে দেশ ও
কাল ভূল্যরূপে প্রয়োজনীয়। উক্ত "ঋতঞ্চ সত্যঞ্চ……" মন্ত্র ও সমকালে
দেশ ও কালের উৎপত্তির উল্লেখ করিয়াছেন। কিন্তু ভাগবতে দেশের উল্লেখ
না থাকায়, শুধু কালের উল্লেখ থাকায়, মনে হয় যে, ভাগবতকারের মতে দেশ ও
কাল পরস্পর বিভিন্ন বন্ধ নহে। একই বন্ধর বা তন্ধের বিভিন্ন ভাবে দর্শন
মাত্র। একটি বন্ধর অবস্থান স্থান ও অপরটি পারস্পর্শ নির্দেশক। এ সম্বন্ধে
আরও আলোচনা পরে অন্থ প্রকারে করা হইবে। বর্তমান বিংশ শতাব্দীতেপ্রাসদ্ধ গণিতজ্ঞ বৈজ্ঞানিক আইন্টাইন্ দেশ ও কাল উভয়কে একযোগে গ্রহণ
করিয়া তাঁহার "আপেক্ষিক্রাদ্" প্রচার করিয়াছেন। এ সম্পর্কে "বেদান্ত
প্রবেশ" গ্রন্থে পঞ্চম পরিছেদে মনোযোগ আকর্ষণ করি।

৫৬। ভাগবতের উদ্ধৃত শ্লোকটির তাৎপর্যা বিশদ্রূপে হাদয়ঙ্গম করিবার জন্ম নিমে চিত্রাকারে দেখান হইল।



নামের বিভিন্নতা আমাদের বোধ সৌকর্যার্থ। আমার বৃদ্ধির বিশ্লেষিকা শক্তির পরিচয় মাত্র।

শক্তির বিকাশে সৃষ্টি বুঝিলাম। উপরে উদ্ধৃত ভাগবতের ১।১০।২৪ শ্লোক হইতে বুঝিয়াছি যে, সৃষ্টি ভগবানের "আত্মলীলয়া"। ইহাকেই স্থ্রকার "লোকবত্তু লীলাকৈবলাম্" (স্ত্র ২।১।৩৪) স্থ্রে, শক্তি বিকাশের কারণাম্পুনর্মান হইতে নিবৃত্ত হইয়াছেন। এরপ হওয়া অবশ্রম্ভাবী। তাঁহার সৃষ্টি করিবার ইচ্ছার উদ্রেক হয় কেন, ইহাও অমুসন্ধান করিতে যাইলে "অনবস্থা" দোষ অপরিহার্য্য হইয়া পড়ে। তিনি তো সকল কারণের কারণ। তাঁহার ইচ্ছা উদ্রেকের কারণ, তারপর সে কারণের কারণ, তাহারও কারণ ইত্যাদি জানিতে যাওয়া বাতুলতা নয় কি? অমুসন্ধান এক স্থানে শেষ করিতেই হইবে। এজন্ত "আত্মলীলয়া" বলা ভিন্ন উপায় কি? যথন আনন্দ উপভোগের ইচ্ছা করেন, তথনই সৃষ্টি-সংকল্প-শক্তি মায়াকে বিকাশ করেন। ইহার দৃষ্টান্ত আমাদের দৈনিক জীবনে চতুর্দিকে দেখা যায়।

৫৭। একজনের গান গাহিবার শক্তি আছে, কিন্তু, তাই বলিয়া কি তিনি দিবারাত্র গান করেন? যথন গান গাহিবার ইচ্ছার উদ্রেক হয়, তথনই তিনি তান-মান-লয়-রূপ-রাগিনী-যুচ্ছ নাদির সহিত্ত গান গাহিয়া আপনি আনন্দ উপভোগ করেন এবং নিকটস্থ সকলকে আনন্দ প্রদান করেন। পরে উক্ত শক্তি আপনাতে সংহৃত করিয়া গান হইতে বিরত হন। বিরত হইলেও উক্ত শক্তি তাঁহাতে অনভিব্যক্ত ভাবে থাকে। ভগবানেও তাই। যথন আত্মারামত্ব হইতে ব্যুখিত হইয়া, জীব জগৎ হইতে আনন্দের অমুভূতি পাইতে ইচ্ছা করেন, তথনই স্পৃষ্টির অভিনয় প্রকটিত করেন। আবার ইচ্ছা হইলে উহা আপনাতে সংহৃত করিয়া নিঃশক্তিকের গ্রায় অবস্থান করেন। তথনও স্পৃষ্ট অনভিব্যক্ত ভাবে তাঁহাতে বর্তমান থাকে। এই সংহ্রণ ক্রিয়া প্রলয় নামে আমাদের নিকট পরিচিত। শক্তির অপলাপ কোনও কালে নাই—একবার অভিব্যক্তি, একবার অনভিব্যক্তি এইমাত্র।

ইহা আমাদের স্থাবিদিত যে, গায়ক তাঁহার নিজের বা শ্রোত্বর্গের চিত্ত-বিনোদনের জন্ম নিজ গীতিশক্তি উলোধন করেন। ভগবানেরও নিজের স্বভাবসিদ্ধ মায়া শক্তি বিকাশে জগৎস্প্তি ও সেই প্রকার নিজের আনন্দ লাভের জন্ম। ভাগবত ভানতি গলাংশে ইহা তাঁহার "দিব্যমায়া বিনোদ" বলিয়া বর্ণনা করিয়াছেন। ইহাই ভাগবতের ১।১০।২৪ শ্লোকে "আজুলীলয়া" বলিয়া এবং স্তোকার ২।১।৩৪ স্থাত্তে "লীলাকৈবলাস্" বলিয়া নির্দেশ করিয়াছেন।

১৪) স্থান্তি শুদ্ "দিব্যমায়া বিনোদ" নহে — ইহার উদ্দেশ্য জীব ও জগতের কল্যাণ বিধান।

৫৮। এই "দিবামায়া বিনোদ" ছাড়া আরও একটি অতি মহত্দেশ্য স্ষ্টি প্রসারের মূলে। ভাগবত-কথা শুনিতে শুনিতে মহারাজ পরীক্ষিতের মনে সন্দেহ হইল যে, শ্রুতি ত সপ্তণ কিন্তু ব্রহ্ম স্বরূপে নির্গুণ, নির্কিশেষ। সপ্তণ শ্রুতি কি করিয়া নিগুণ, নির্কিশেষ বস্তুকে নির্দ্দেশ করিতে পারে? একারণ প্রশ্ন করিলেন।

ব্রহ্মন্ ব্রহ্মণ্যনির্দেশ্যে নিগুলে গুণবৃত্তয়ঃ। কথং চরস্তি শ্রুতয়ঃ সাক্ষাৎ সদসতঃ পরে । ভাগঃ ১০৮৭।১

হে ব্রহ্মণ, ! প্রত্যক্ষরপে নির্দেশের অযোগ্য, নির্গুণ, কার্যা-কারণ দ্বারা অম্পৃষ্ট পরব্রহ্মের স্বরূপ-কিরপে সগুণ শ্রুতি সকল সাক্ষাৎ বর্ণনা করিতে সক্ষম হয়েন, অর্থাৎ পরব্রহ্ম কি প্রকারে সগুণ শ্রুতিগোচর হইতে পারেন। ভাগঃ ১০৮৭। ১।

এই প্রশ্নটি অতি সাংঘাতিক প্রশ্ন। যদি শ্রুতিগণ গুণ বৃত্তিবিশিষ্ট বলিয়া,
নিগুণ, অনির্দেশ্য পরব্রহ্মকে নির্দেশ করিতে না পারে, তাহা হইলে, ব্রহ্মপ্রেরঃ
ভিত্তি ধূলিসাৎ হইল, শ্রুতির প্রমাণ ও ভাগবতের ব্যাখ্যা লোপাপত্তি পাইল।
এই কারণে পূজাপাদ শ্রীধর স্বামী এই শ্লোকের টীকায় বিস্তৃতভাবে শন্ধ-বৃত্তিরঃ
আলোচনা করিয়াছেন। গ্রন্থ বাহল্য ভয়ে উক্ত আলোচনার প্রবেশ করিতে
বিরত হইলাম। ভাগবত এক কথায়, ভগবান্ শুক্দেব গোস্বামীর মৃথ দিয়া
যে উত্তর দিয়াছেন, তাহারই উল্লেখ করিতেছি। উক্ত প্রশ্নের উত্তরে শুক্দেবঃ
গোস্বামী বলিতেছেনঃ—

-----ক্চিদজয়াত্মনা চ চরতোঽত্বচরেন্নিগমঃ।। ১০৮৭।১০

স্বামীজির টীকা:—কচিদির্ভি—কদারিৎ স্প্ট্যাদি-সময়ে, অজয়া—মায়য়। চরত:—ক্রীড়ত:, আত্মনা—নিত্যালুপ্ত ভগতয়া সত্য-জ্ঞানান্ন্তানন্দ মাত্রৈক রসেন আত্মনা চ, চরতো—বর্ত্তমানশু তব, নিগ্মোহস্কচরেৎ—প্রতিপাদয়েৎ।।

সরলার্থ : — যথন স্বাষ্টি সময়ে তুমি নিজ সত্য — জ্ঞানানস্তানল মাত্রিক রসস্বরূপ, সমগ্রভাবে অল্পু রাথিয়াই, মায়ার সহিত ক্রীড়া কর, তথনই বেদ সকল
তোমাকে প্রতিপাদন করিয়া থাকে। ১০৮৭।১০

हेरा रहेट आमना भारेनाम त्य, सृष्टि ममत्य-निर्श्वन, निर्दित्सम এवং मा

কারণ অনির্দেশ্য পরব্রন্ধ, নিজের সৃষ্টি সংকল্পরণা মায়া শক্তির উদোধন করিয়া সৃষ্টি করেন, তথনই শ্রুতিগণ তাঁহাকে প্রতিপাদন করিতে সমর্থ হয়েন। শ্রুতিগণ সন্তণ। পরব্রন্ধ আপনাকে সন্তণরূপে প্রকটিত না করিলে সৃষ্টি সংসাধিত হইতে পারে না। মায়া ত ত্রি-গুণময়ী। তাঁহার সহিত ক্রীড়া করিতে হইলে, ক্রীড়ককেও গুণাশ্রয় করিতে হয়। কিন্ত গুণাশ্রয় করিলেও তাঁহার সত্যজ্ঞাননন্তানন্দ-মাত্রৈক-রস-স্বরূপতা মায়াগুণে কিছুমাত্র রঞ্জিত হয় না। অথচ গুণাশ্রয় কারণ হেতু, তিনি সন্তণ শ্রুতির নির্দেশ্য হইয়া পড়িলেন। আপন ইচ্ছাতেই ইহা সংঘটিত করিলেন, ইহা বলাই বাহুল্য। অন্তপক্ষে ব্রন্ধে সন্তণ-নির্দ্ধণ ভেদ না থাকায়, গুণাশ্রয় হেতু সন্তণ শ্রুতির নির্দেশ্য হইবার সঙ্গে সঙ্গে তাঁহার নির্দ্ধণ নির্দ্ধিশেষ স্বরূপের পরিচয়ও যথাসন্তব পাওয়া গেল। একারণ যিনি অন্ত প্রমাণে "অপ্রমেয়" (ভাগঃ ১০।২০।১৩), তাঁহার সম্বন্ধে শ্রুতি প্রমাণ মানিতেই হইবে।

ইহা হইতে বুঝা গেল যে, স্ষ্টি প্রসার তথু তাঁহার আত্মলীলা বা দিব্যমায়া-বিনোদ মাত্র নহে। জীব ও জ্বগতের নিকট আপনার স্বরূপ প্রকাশ ও তথারা উচ্চ হইতে উচ্চতর সোপানে আরোহণ করাইয়া সকলকে নিজ স্বরূপের আস্বাদন দান এবং তাঁহার পাদবিভৃতি স্বরূপ মর্ত্তাধাম হইতে লইয়া নিত্যধামে নিত্য আনন্দ ও নিতা স্থথের উপভোগ বিধান। "সিদ্ধি" নামক চতুর্থ অধ্যায়ে ইহার সাক্ষাৎ পাইব।

১৫) জগদ্দর্শন-প্রকৃত্ ও প্রান্ত।

৫৯। ভগবান্ বিশ্বের নিমিত্ত ও উপাদান কারণ এবং দর্বশক্তিমান্ বিলয়া,
আপনিই আপনাকে বহুত্বে প্রফটিত করিলেন। ভাগবত বলিতেছেন :—

সত্ত্বং রজস্তম ইতি ত্রিবিদেকমাদৌ সূত্রং মহানহমিতি প্রবদন্তি জীবম্। জ্ঞানক্রিয়ার্থ ফলরূপতয়োরুশক্তি ব্রস্মিব ভাতি সদসচ্চ তয়োঃ

পुत्रः य ।। ১১।৩।७৮

স্টির পূর্বে যিনি একমাত্র বন্ধ, অনস্ত শক্তিমান্ হেতু, তিনিই স্টিতে সম্ব-রজ:-তম: এই ত্রিগুণাত্মক প্রধানরূপে, তিনিই মহান্, স্ত্র বা প্রাণতত্ত্রপে, তিনিই অহংকারাত্মক জীবরূপে, কথিত হইয়া থাকেন। তিনিই ইন্দ্রিয়াধিষ্ঠাত্বেবতা, ইন্দ্রিয়, বিষয়, এবং বিষয় ভোগ জনিত, অতএব বিষয় হইতে প্রকাশিত স্থাত্:খাদি ফলরূপে প্রকটিত হয়েন। তিনিই কার্যা, তিনিই কারণ এবং তিনিই তত্ত্যের অতীত। ভাগ: ১১।৩৮৮

উপসংহারে প্রীধর স্বামিজী বলিতেছেন:—"নহি সর্বারপেন স্বতো—ভাসমানস্থ ব্রহ্মন: স্বসিদ্ধে প্রমানাপেক্ষা ইতিভাব:।"—যিনি স্পিতে সর্বারপে প্রকাশমান, তিনি স্বতঃসিদ্ধ। তাঁহার — সিদ্ধির জন্ম কোনও প্রমাণের অপেক্ষা নাই। স্থাকে প্রকাশ করিবার জন্ম, প্রদীপ বা অন্ম কোনও প্রকাশকের কি আবশ্রকতা আছে? তথাপি যিনি স্বেচ্ছায়—আপনাকে মায়ার আবরণে আবৃত করিয়া রাথিয়াছেম, সে কারণ—অজ্ঞ মানবদেহধারিগণের নিকট তাঁহার পরিচয় দিবার জন্ম শ্রুতির প্রমাণ গৃহীত হইয়া থাকে। ইহা ঠিক যেন, বালক-বালিকাগণের চোথে কাপড় বাঁধিয়া "কানামাছি" খেলার মত। যদিও তিনি স্বতঃসিদ্ধ, তথাপি প্রাপ্তক্ত কারণে প্রতি স্বত্রের শিরোদেশে ভিত্তিস্বর্মণ শ্রুতির প্রমাণ উদ্ধৃত হইয়াছে।

- ৬০। উপরের আলোচনা হইতে আমরা বুঝিয়াছি যে, মায়া ভগবানের সঙ্করাজ্মিকা-স্বকীয়া (গীঃ ৭।১৪) শক্তি। সে কারণ, ভগবান্ যেমন অনির্বাচ্য, মায়াও গেইরূপ। ভগবান্ যেমন সর্ব্বশক্তিমান্ মায়াও সেইরূপ সর্ব্বশক্তিময়ী। ভগবান্ যেমন অবটন ঘটাইতে পটু, মায়াও গেইরূপ অবটন-ঘটন-পটীয়সী। মায়া মিঝা কিছু নয়। সত্য স্বরূপ ভগবানের শক্তি বলিয়া, ইহা মিথ্যা হইতে পারে না। ভবে ভগবানের বিধানাম্নসারে, উচ্চতম স্তরের সাধকের বা সর্ব্বতোভাবে ভগবানের শরণ গ্রহণকারীর (গীঃ ৭।১৪) নিকট, মায়ার প্রভাব বা গতি অবক্ত্ব। সাধারণ স্তরের মানবের উপর, ভগবানেরই বিধানাম্নসারে মায়া ভগবংপ্রদন্ত আবরিকা ও বিক্ষেপিকা শক্তি প্রসার করিয়া জগদ্ব্যাপার সম্পাদন করিয়া থাকেন। ভগবানের শরণ-গ্রহনই মায়ার প্রভাব হইতে মৃক্তিলাভের উপায়। (গীঃ ৭।১৪)।
- ৬১। উপরে উদ্ধৃত ভাগবতের ১১।৩।৩৮ ও ২৯ অনুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ১১।২।২৯ ক্লোক ঘৃটি একত্রে পর্যালোচনা করিলে স্পষ্ট বুঝিতে পারা যায় যে, জগতে সর্বত্ত, সর্ববস্তুতে ব্রহ্ম বা ভগবদর্শনই প্রকৃত দর্শন। অক্যপ্রকার দর্শন, যথা মানুষ, গক্ষ, অখ, বৃক্ষলতা, পর্বত, নদী, সরোবর, সাগর প্রভৃতি দর্শন, যাহারা সর্ব্রদা আমাদের দৃষ্টিগোচর হয়, তাহা ভ্রাস্তদর্শন। এমন কি ইন্দ্রিয় দ্বারে, রূপ-রস-গন্ধ-স্পর্শ-শন্দ প্রভৃতির পৃথক্ পৃথক্ উপভোগ, আমাদের আনন্দের কারণ এবং প্রতিদিনের পৃথগক্ষভৃতির বিষয় হইলেও, উহাদের তত্তৎ প্রকারে দর্শন ও উপভোগ ভ্রান্তি বশতঃ হইয়া থাকে। ভ্রমণ্ডত বলিতেছেন:—

জ্ঞানমেকং পরাচীনৈরিন্দ্রিবেশ্বন্দ্র নিগু'নম্ অবভাত্যর্থরপেণ ভ্রান্ত্যা শব্দাদিধর্মণা ॥ ৩।৩২।২৩

একমাত্র অদ্বয় জ্ঞানই নিগুণ ব্রহ্ম। উহাই বহির্দ্থী ইন্দ্রিয় দারা লাস্কি-বশতঃ শব্দাদি ধর্মবিশিষ্ট বিষয়রূপে প্রতিভাত হয়। ৩।৩২।২৩

এই ভ্রান্তিও ভগবানের সংকল্পবশতঃ জীবে বর্ত্তমান। গ্রীচণ্ডী বলিতেছেন:—

যা দেবী সর্বাভূতেষু ভ্রান্তিরূপেণ সংস্থিতা।

এই দেবী—মহাশক্তি, মহামায়া। বলা বাহুল্য যে, এছিণ্ডীই ইহাকে "বিষ্ণুমায়া" নামে অভিহিত করিয়াছেন। ভগবাদের ইচ্ছান্থসারে তিনি यानवर्षात्री জीवगरात्र लाखि विधान करत्रन। क्न करत्रन श्रम इरेल, উত্তরে বলিতে হয়—ক্রীড়ায় আনন্দ বৃদ্ধির জন্ম। ইহার প্রত্যক্ষ দৃষ্টাস্ত—বালক-বালিকাগণের "কানামাছি" থেলার উপরেই দেওয়া হইয়াছে। মানব দেহধারী জীব ত ভগবানের জগৎক্রীড়ার দঙ্গী। থেলার বৈচিত্র্য সম্পাদম, থেলার আনন্দের উৎকর্ষ সাধন ও অধিকতর আনন্দের উপভোগের জন্ম মায়ার আবরণ ও তাহার দ্বারা স্বরপদর্শন আবৃত করিয়া ভ্রান্ত দর্শন বিধান। এই ভ্রান্ত দর্শন ञ्रष्ट्रे मण्णामत्नत जन्म भाग्नात वित्कालिका गक्ति मास्कर्ध এकरे अवय नदम वस আপনাকে বহুভাবে অভিব্যক্ত করিয়া, বহুভাবে দর্শনের স্থযোগ প্রদান করিয়াছেন। অতএব বুঝা গেল যে, মায়ায় এই উভয় শক্তি, ভগবান্ কর্তৃ ক বিশেষ উদ্দেশ্যে প্রদন্ত। সেই উদ্দেশ্য হইতেছে, (ক) বহু হইবার সঙ্কল माधन, (थ) देविष्ठवा विशीन वह श्रेटन, जानलाकू ज्ित देविष्ठ थारक ना, এজন্য বৈচিত্র বিধান, (গ) মানবদেহধারী জীবগণকে এই বৈচিত্র্যময় আনন্দের ভিতর দিয়া ক্রমশঃ পরম নিঃশ্রেয়দের পথে অগ্রসরণে সাহায্য দান এবং (ঘ) পরিণতিতে নিত্যধামে নিজের অভয় পাদপদ্মে শাশ্বত আশ্রয় দান। ইহাই উপরে ৩২ অমুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ১০৮৭।২ শ্লোকের অভিপ্রায়।

১৬) স্ষষ্টিঃ—

৬২। স্বৃষ্টি সম্বন্ধে ত্ব-এক কথা উপরে বলা হইয়াছে বটে, বিশেষভাবে কিছু বলা হয় নাই। বিশেষভাবে আলোচনায় অগ্রসর হইবার পূর্বের মৃথবন্ধবন্ধবন্ধপ কিছ বলা প্রয়োজন মনে করি। ভাগবত ১১।২৪।১৬ শ্লোকে বলিতেছেন :—

অণুরু হৎ কৃশঃ স্থুলো যো যো ভাবঃ প্রসিদ্ধাতি। সর্বেবিছাভয় সংযুক্তঃ প্রকৃত্যা পুরুষেণ চ।

55128ISG.

স্ক্ষ, বৃহৎ, ক্বশ, স্থূল, প্রভৃতি যে যে পদার্থ জগতে আছে, প্রকৃতি ও পুকৃষ সে সকলেতে সংযুক্ত। ১১।২৪।১৬

ইহার বস্তুগত নিদর্শন আমরা আমাদের চতুদ্দিকে দেখিতে পাই। আধুনিকতম আধিভোতিক বৈজ্ঞানিকগণের মতে প্রত্যেক জাগতিক বস্তর পরমাণু একই প্রকার প্রোটন ও ইলেকট্রন সহযোগে গঠিত। কেন্দ্র স্থানীয় প্রোটনকে ঘিরিয়া, এক বা একাধিক ইলেকট্রনের নর্তনে বিভিন্ন বস্তু অভিব্যক্ত হয়। ইহাদের মধ্যে প্রোটন পুরুষধর্মী ও ইলেকট্রন প্রকৃতিধর্মী বলিয়া কথিত হইয়া থাকে। তভিতের বিশ্লেষণে, যোগাত্মক ও ঋণাত্মক তভিতের নিদর্শন পাওয়া যায়। বলা বাহুল্য যে, যোগাত্মক (+) তভিৎ পুরুষ ধর্মী ও ঋণাত্মক (-) তভিৎ প্রকৃতি ধর্মী। উভয়ে উভয়ের বিবর্দ্ধনের ও মিলনে সাম্যভাব প্রাপ্তির কারণ হইয়া থাকে—যেমন স্ত্রী-পুরুষের সহযোগে দৃষ্ট হইয়া থাকে।

আমাদের শরীরে দক্ষিণাঙ্গ পুরুষ ও বামাঙ্গ প্রকৃতি ধর্মী কথিত হইয়া থাকে।
আমাদের দেহের মেরুদণ্ডের ভিতরে অবস্থিত স্ক্র নালিকার ভিতর দিয়া তিনটি
নাড়ী—মূলাধার হইতে উদ্ধিদিকে প্রস্ত। ইহাদের মধ্যে ইড়া—দক্ষিণদিকে ও
পিঙ্গলা—বামদিকে। প্রথমটিকে পুরুষ স্থানীয় ও শেষেরটিকে প্রকৃতি স্থানীয়া বলা
হইয়া থাকে।

শ্রুতির "ঋতঞ্চ সত্যঞ্চ — " মন্ত্রান্থসারে স্বাষ্টির প্রথম অভিব্যক্তি—সত্য ও ঋত স্থিতি ও গতি—উভয়ের মধ্যে পুরুষরূপী—সত্য বা স্থিতি—ভিত্তি; এবং তাহার বক্ষে প্রকৃতিরূপী ঋতের খেলা—নিশ্চল সমৃদ্রের বুকে—তরঙ্গের খেলার ত্যায়। শান্তে ইহাই মহাকাল-মহাকালী, রাম-সীতা, কৃষ্ণ-রাধা প্রভৃতি। (গায়ত্রী রহস্তু পৃষ্ঠা ৫২ হইতে ৫৯)

প্রশ্নোপনিষদমুসারে স্ষ্টিকর্তা প্রজাপতি তপস্থা করিয়া (অর্থাৎ জ্ঞানপূর্বিকা আলোচনা করিয়া) মিথ্ন স্ষ্টি করিলেন—উহাদের নাম প্রাণ ও রয়ি—আদিত্য প্রাণ, চন্দ্রমা রয়। প্রথমটি পুরুষধর্মী ও পরেরটি প্রকৃতিধর্মী। প্রত্যক্ষে আমরা দেখিতে পাই যে, আমের আঁটি, কাঠাল, জাম, লিচ্, তেঁতুল ও অক্যান্ত নানা ফলের বীচিতে ঘূটি জংশ আছে। অঙ্গুরোৎপত্তির সময় উভয়ে অঙ্গুরকে রক্ষা করে। উহাদের মধ্যে এক জংশকে পুরুষ বলিলে, অপর জংশটিকে প্রকৃতি বলিতে হয়।

৬৩। এরপ অনেক নিদর্শন দেওয়া যাইতে পারে, প্রয়োজন নাই। উপরের দৃষ্টান্ত কয়টি হইতে সিদ্ধান্ত হয় যে, স্বষ্টতে প্রত্যেক বস্ততে প্রকৃতি ও পুরুষ অভিন্নভাবে জড়িত। ইহা হইতে অনুসিদ্ধান্ত আপনিই হইয়া পড়ে যে, মূলা প্রকৃতি জড়া, অচেতন, নহে। তাঁহার সহিত চৈতন্তরূপী পূরুষ অভিনভাবে জড়িত। এই জন্তই ভগবান্ ইলিয়াছেন ''বাবিমৌ পুরুষো লোকে ক্রশ্চাক্ষর এব চ।'' গীঃ ১৫।১৬

এই সংসারে ক্ষর পুরুষ ও অক্ষর পুরুষ বর্ত্তমান। গীঃ ১৫।১৬

পুরুষ পদের সংজ্ঞা হইতে বুঝা যায় যে, যিনি পুরে শয়ন বা আধষ্ঠান করেন। পুর যে প্রকৃতি নির্মিত, তাহাতে সন্দেহ নাই। তগবান্ গীতায় ৮।৪ শ্লোকে বলিয়াছেন যে, অধিভূতই "ক্ষর" ভাব, একারণ ভূতের সহিতই ক্ষরভাব সংজড়িত। ভূত প্রকৃতি হইতেই উৎপন্ন, অতএব ক্ষরভাব প্রকৃতিরই। উহা ভাব পদার্থ বলিয়া পুরুষরূপী পরম-ভাব পদার্থের শক্তি উহাতে অহুস্যুত আছে। এই ক্ষরভাব—প্রকৃতিগত হইলেও, ইহাকে পুরুষ বলিয়া বর্ণনা করিবার কারণ মনে হয় যে, পুরুষই ইহাকে 'ভাব'রূপে বর্ত্তমান রাথিবার কারণ। আরও অভাবাত্মক "অ" ক্ষরের সহিত যুক্ত হইয়া 'অক্ষর' পদ রচনা করিলেও 'অক্ষর' একেবারে—ক্ষরের সহিত সম্বন্ধ রহিত নহে। নিষেধ্যুলক সম্বন্ধ উভয়ের মধ্যে বিভ্যমান।

৬। সৃষ্টি সম্বন্ধে ভাগবত বলিতেছেন :—

ভগবানেক আদেদমগ্র আত্মাত্মনাং বিভূ:।
আত্মেচ্ছানুগতাবাত্মা নানামত্যুপলক্ষণঃ।।

স বা এষ তদা দ্রষ্টা নাপশুন্দৃশুমেকরাট,।
মেনে হসন্তমিবাত্মানং স্কুগুশক্তিরস্কুগুদৃক্॥

তাধা২৪

সা বা এতস্থ সংদ্রষ্টু: শক্তিঃ সদসদাত্মিকা।

মায়া নাম মহাভাগ যয়েদং নির্ম্মমে বিভূ:।।

কালবৃত্ত্যাতু মায়ায়াং গুণময্যামধোক্ষজঃ।

পুরুষেণাত্মভূতেন বীর্য্যমন্ত বীর্য্যবান্।।

জীবগণের আত্মা শ্বরূপ, সকলের স্বামী সেই ভগবান, যিনি স্ষ্টিকালে নানা বৃদ্ধিতে উপলক্ষিত হয়েন, তাঁহার আত্মমায়া আপনাতে লীন হইলে, স্ষ্টির পূর্ব্বে এই বিশ্ব একমাত্র ভগবৎ শ্বরূপে ছিল অর্থাৎ তৎকালে দ্রন্তী দৃশ্য কিছুই ছিল না। তাধা২৩

সে সময়ে একমাত্র তিনিই প্রকাশ পাইয়াছিলেন। স্বয়ং দ্রন্তী হইলেও দৃশ্যের স্বাধানিক অভাবগ্রস্তের স্বায়

অর্থাৎ যেন খালি থালি মনে করিয়াছিলেন। কিন্তু তৎকালে তাঁহার চিৎশক্তি দেদীপামান ছিল। ৩।৫।২৪

দ্রষ্ট্রন্ধর পরম পুরুষের দ্রষ্ট্—দৃশ্যানুসন্ধানরপা-শক্তি—কার্য্য ও কারণ উভন্ন শ্বরূপা—ইহার নাম মায়া। ভগবান্ এই মায়ার সাহচর্য্যে এই প্রভ্যক্ষ পরিদৃশ্যমান বিশ্ব নির্মাণ করেন। ৩৫।২৫

বীর্ঘবান্ (চিদ্ঘন) অধোক্ষজ (ইন্দ্রিয় জ্ঞানের অভীত) ভগবান্, নিজ চেটারূপ কালশক্তি-উদ্বোধনে গুণক্ষোভযুক্ত মায়াতে, আপনার আত্মভূত পুরুষের দ্বারা বীর্ঘ্য আধান করিলেন, অর্থাৎ চিদাভাগ অর্পণ করিলেন। ৩৫।২৬

মায়া কারণ—কার্য্যরূপা ভাগবতী শক্তি। চৈতগুময়ের শক্তি বলিয়া তিনি জড়া নহেন। চৈতন্ত তাহাতে অমুখ্যত। শক্তিমান ভগবানের স্থায় তিনি দেশ-কাল দ্বারা অপরিচ্ছিন। এজন্ত "মহৎ'' এবং শক্তি—শক্তিমান হইতে অভেদ বলিয়া, ভগবান যেমন ব্রহ্মনামে ক'থত হন, সেইরূপ তিনিও 'ব্রহ্ম'। এই কারণে গীতার ১৪।৩ প্লোকে তাঁহাকে ''মহদ্বন্ধ'' আখ্যার আখ্যায়িত করা হইয়াছে। তিনি মূলা প্রকৃতি — সমষ্টি স্ত্রীতত্ত্ব সরপা। স্ত্রীলোকেই গর্ভধারণ করেন বটে, किन्दु गव गमय करत्रन ना । वित्मव मभग्य गर्डधाद्रत्यद्र त्यांगा इंहेया थात्कन, ইহা সকলেই জানেন। যূলা প্রকৃতি ও ভগবানের কালশক্তি স্বারা সংক্ষোভিত हरेलारे गर्डधाद्रागद अवश्वा श्राश्च रन। ভाগবত विलाउ हन (य, जगवान् "আত্মভূতেন পুরুষেণী' গর্ভাধান করিলেন। নিজে করিলেন না। শ্রীধরস্বামী "আত্রভত্তন" পদের অর্থ করিলেন, "প্রকৃত্যধিষ্ঠাত্তী রূপেণ"—প্রকৃতির অধিষ্ঠাতা পুরুষরূপে। ভগবান্ ও তাঁহার আত্মভূত পুরুষ অভিন্ন—ইহাতে সন্দেহ নাই। তবে ভগবান নিজে করিলেন না কেন ? ইহার উত্তর মনে হয় যে, ভাগবতকার বলিতে চাহেন যে, ভগবানু গীতার ১৫ অধ্যায় অনুসারে পুরুষোত্ম। সকলের সহিত তাঁহার তূলা সম্বন। সর্বাকর্তা হইলেও অকর্তা। গীতার ১৪।৩ শ্লোকে এই অতি পুন্ধ বিভেদটুকু রাখেন নাই, তাই স্পষ্ট বলিলেন, 'ভিন্মিন গর্ভং দ্ধামাহন্'। গীতার শ্লোক নীচে উদ্ধৃত হইল।

মম যোনি মহদ্বন্ধা তিশ্মন্ গর্ভং দধাম্যইম্।

সম্ভবঃ সর্ববভূতানাং ততো ভবতি ভারত।

সর্ব যোনিষু কৌন্তেয় ! মূর্ত্তয়ঃ সম্ভবন্তি যাঃ।

তাসাং ব্রহ্ম মহদ্ যোনিরহং বীজপ্রদঃ পিতা॥

গী ১৪।৪

[এই স্লোক ঘুটি রহস্থ অর্থে পরিপূর্ণ। সেই রস্ত্র উদ্ঘাটনের চাবিকাঠি

শ্রীমৎ বিজয়ক্ষ চট্টোপাধ্যায় মহাশয়ের "উপনিষদ্ রহন্ত বা গীতার বৌণিক ব্যাখ্যা" নামক পুস্তক হইতে পাইয়াছি। একারণ তাঁহাকে ক্বজ্ঞতা নিবেদন করিতেছি] উদ্ধৃত ১৪।০ শ্লোকে "অহং" মূল "অহং"—গীতার পুরুষোত্তম, মহানারায়ণোপনিষদের—আদি-নারায়ণ, ভাগবভের—শ্রীকৃষ্ণ, তাপনীশ্রুভির—স্চিদানন্দ-ভগবান।

. ৬৫। মহদ্বন্ধ সম্বন্ধে অতি সংক্ষেপে আলোচনা উপরে উদ্ধৃত ভাগবতের ৩।৫।২৬ শ্লোকের ব্যাখ্যা প্রসঙ্গে করা হইয়াছে। এখানে ভাহারই কিছু বিস্তার করিয়া বৃঝিবার চেষ্টা করিতেছি। মহদ্বন্ধ—মহৎ ও ব্রহ্ম এই উভয় শব্দের মিলনে উৎপন্ন। বলা বাহুল্য যে, এ মহৎ—প্রকৃতি হইতে অভিবাক্ত মহতত্ত্ব নহে। ইহা যুলা প্রকৃতি। ইহার সহিত অক্ষর বা ব্রহ্ম অভিন্নভাবে মিলিত হইয়া ক্ষরকে ভাব পদার্থরূপে ধারণ করিয়া থাকেন, ইহা আগে বলা হইয়াছে। স্বাষ্টর পূর্বের পুৰুষোত্তম ভগবান সমূদায় আপনাতে তাদাআভাবে লীন করিয়া, নিরীহ, নিজ্ঞিয়-ভাবে অবস্থান করেন; ইহাকেই যোগনিদ্রায় অবস্থিতি বলা হয়। তথন কর-অক্লর-অন্ত কথায় মহৎ ও বন্ধ (গীতা ৮।৪), উভয়ে মিলিত হইয়া পরস্পরের স্বাতন্ত্র্য হারাইয়া তাদাত্মভাবে পুরুষোত্তম ভগবানে লীন থাকেন। তারপর যোগনিতা ভঙ্গে, উন্মেষে (মহানারায়ণ উপনিষদ উদ্ধত অংশ), একাত্মভাবে মিলিত, মহৎ ও ব্রহ্ম উদ্বুদ্ধ হইয়া পরম্পরের সাতন্ত্র অমুভব করিতে উপযোগী হন, কিন্তু তথনও অভিন্নভাবে মিলনের ব্যতিক্রম নাই। মহৎ ব্রহ্মে উদ্বুদ্ধ হ**ই**বার পূর্বের নিজের নিজের স্বাভন্তা হারাইয়া তাদাত্মাভাবে পুরুষোত্তমে অবস্থানের নাম "ভাববৰ্জ্জিত ভাবোরপে'' অবস্থান। (শাস্তিগীতা ৮।৩৫)। ইহা বিস্তারিতভাবে মদালোচিত শান্তিগীতা গ্রন্থে করা হইয়াছে। এই ভাববর্জিত ভাবরূপে— অবস্থানের দৃষ্টান্ত আমরা দেখিতে পাই, (ক) যোগাত্মক-ঝণাত্মক তড়িতের মিলনে সামাভাব প্রাপ্তিতে, (খ) সম্দ্রের পৃষ্ঠে তালপ্রমাণ উচ্চ তরঙ্গের সহিত উহার উক্ত প্রমাণ নিমতার মিলনে সামাভাব প্রাপ্তিতে, (গ) কর ও অকর উভয়ের ক্ষর—ক্ষরাতীত প্রমপুরুষের অধিষ্ঠানে স্থাতস্ত্রা হারাইয়া বর্তমানতায়, (ঘ) সন্ত্-রজ:-তমোগুণের সাম্যাবস্থায় অব্যাকৃত প্রকৃতির পরিচয়ে, শক্তিমানে শক্তির তাদাখ্যাভাবে অবস্থিতিতে।

৬৬। লক্ষ্য করিতে হইবে যে, মহৎ ও ব্রহ্ম উভয়ের মধ্যে কাহারও প্রাধান্ত বা অপ্রাধান্ত নাই, ইহা বুঝাইবার জন্ত, ১৪।০ শ্লোকে "মহদ ব্রহ্ম" বলিরাই পরবর্তী ১৪।৪ শ্লোকে গীতা "ব্রহ্ম মহৎ" বালয়াছেন। আরও গীতা বুঝাইতেছেন যে, উভয়ের মধ্যে লিঙ্গ ভেদও নাই। কারণ গর্ভ জীলোকেই ধারণ করে, কিস্ক ১৪।৩ স্লোকে ভগবান্ "তেখাং" না বলিয়া "তিম্নন্" ব্যবহার করিয়াছেন, ইহাতে ভগবান্ ব্ঝাইলেন যে, পরমতত্ত্বে লিক্সভেদ নাই। সে কারণ পরমতত্ত্বে শক্তিরূপিণী মায়ারও লিক্সভেদ নাই। এই একই কারণে গীতায় ১৫।১৬ শ্লোকে "ক্ষর পুরুষ"ও "অক্ষর পুরুষ" বাবহৃত হইয়াছে। ভগবানকে পুরুষোত্তম নামে পুংলিক্স রূপে (ব্যাকরণামুদারে) ব্যবহার করার জন্ম, তাঁহার আত্মভূত অংশ ক্ষর ও অক্ষরকে যথাক্রমে ক্ষর পুরুষ ও অক্ষর পুরুষ আথ্যায় আথ্যায়িত করা হইয়াছে। এই পুরুষোত্তমই "দর্বস্থেশানঃ দর্বাধিপতিঃ"— দকলের নিয়ন্তা ও প্রভু।

৬৭। "গর্ভং দধামি"—চিদাভাস অর্পণ করি। পুরুষোত্তম ত চিতের শাশত ভাতার। সেই ভাতার হইতে চিদংশ মহৎব্রন্ধে নিক্ষেপ করিলেন। ভগবানের এই বর্ণনা, প্রপঞ্চ জগতে মাতার যোনিতে পিতার বীর্য্য নিক্ষেপের দৃষ্টাস্তে করিয়াছেন। এরপ ব্যবহারের কয়েকটি উদ্দেশ্য আছে:—(ক) সর্ব্বনাধারণের বোধ সৌকর্য্য বিধান, (খ) অজ্ঞ বহির্মুথ মানবদেহধারী জীবকে অন্তর্মুখীন করিবার অভিপ্রায়ে, (গ) শাস্ত্র বিধি না মানিয়া স্ত্রী-পুরুষের অদংযতভাবে যৌন সংসর্গের সঙ্কোচ সাধন। এ সম্বন্ধে ব্যাখ্যা পরে করা যাইবে।

১৭) গর্ভ পদের অন্তর্নিহিত রহস্য :—

৬৮। গীতার ১৪।৩ শ্লোকে ব্যবহাত "গর্ভ" পদের ভিতর অতি গৃঢ় রহস্থ নিহিত আছে। উপরে কথিত শ্রীমৎ বিজয়ক্ষ চট্টোপাধ্যায় মহাশয় ইহার উদ্বাচন করিয়াছেন। তাঁহারই পদান্ত্যরণে আমার বক্তব্য নিবেদন করিতেছি। "গর্ভ" শব্দে তিনটি অক্ষর আছে গ, র, ভ। এই তিনটি অক্ষর "ভর্গ" শব্দেও আছে—বিপরীতক্রমে সাজান—ভ, র, গ। মৎ প্রণীত "গায়ত্রী রহস্ত" প্রুকের ১৫৩ পৃ: ভর্গ সম্বন্ধে আলোচনায় যোগী যাজ্ঞবন্ধ্যের নিমোদ্ধত শ্লোকে ভর্গ' শব্দের অর্থ দেওয়া হইয়াছে। শ্লোকটি এই:—

ভেতি ভাসয়তে লোকান্রেতি রঞ্জয়তি প্রজ্ঞাঃ। গ ইত্যাগচ্ছত্যজ্জ্ঞাং ভ-র-গা-ৎ ভর্গ উচ্যতে॥

'ভর্গ' শব্দের ভ অক্ষর পরিদৃশ্যমান বিশ্বপ্রপঞ্চকে উদ্ভাসন করণ হেতৃ, 'র' অক্ষর বিশ্বের ভ্তজাতকে রঞ্জন বা আনন্দ দান হেতৃ এবং 'গ' ইহলোক-পরলোকে অজ্ঞ গতাগতি সংগঠনের হেতৃ বলিয়া এই তিন অক্ষরাত্মক 'ভর্গ'-ব্যক্তিকাশ পরব্রহ্মকে নির্দ্ধেশ করে।

'গর্ভ' শব্দেও উক্ত তিনটি অক্ষর। উতার আদিতে 'গ' অক্ষর—উত্থার অর্থ

াক্ততি অর্থাৎ ভিতরে প্রবেশ করে— চিদাভাস মহৎ ব্রন্ধে সাক্ষাৎভাবে সম্পৃত্ত হয়। "র" অক্তর মধ্যে আছে—উহার অর্থ মহদ্বন্ধ বা প্রকৃতিকে রঞ্জিত করে—
জ্বাজ্জ্জননীরূপে মহামহীয়সী মৃত্তিতে প্রকৃতিকে লাবণ্যবতী ও পরমপ্ত্যা
করিয়া প্রকাশ করে—এক কথায় মায়া—মহামায়ারূপে দেব-নর সকলের পরম
পুজনীয়া বরেণ্যা রূপে প্রকাশিতা হন।

শেষ অক্ষর "ভ"—উহার অর্থ উদ্ভাসন—রঞ্জনের সঙ্গে সঙ্গে বৈচিত্রাপূর্ণ, অচিন্তারচনারপ বিশ্বরূপে উদ্ভাসিত হন, অর্থাৎ পুরুষোত্তমের চিদাভাস্, তাঁহ।র শরুপ হইতে অভিন্ন হওয়ায়, নিত্য—সত্য—অব্যয়়—শাখত। বিশ্ব স্প্তিডেইহার কোনও প্রকার স্বরূপচাতি হয় না। প্রকৃতিতে অফুস্যত হইয়া, প্রপক্ষ প্রণৎ, সম্দায় স্থাবর জঙ্গমাত্মক বৈচিত্রোর সহিত্ত উদ্ভাসিত করিয়া, নিজের অব্যয় স্বরূপে "ভর্গ রূপে, প্রতি বিশেষ বিশেষ ব্রহ্মাণ্ডের কেন্দ্রীভূত সবিতাকে অফুপ্রাণিত করিয়া তৎ কিরণ পথে স্থাবর—ক্ষমাত্মক অভিবাক্ত সকলের সঞ্জীবন, পোষণ, সংবর্জন, ধারণ, পরিণতি প্রভৃতি সংসাধন করেন। ইনিই গায়্মত্রী মস্ত্রোক্ত পরমাত্মরূপী "ভর্গ"। আমাদের ব্রন্ধাণ্ডের কেন্দ্রস্থানীর স্র্রোক্ত পরমাত্মরূপী "ভর্গ"। আমাদের ব্রন্ধাণ্ডের কেন্দ্রস্থানীর স্র্রোক্ত পরমাত্মরূপী নারায়ণ্ড্রপে অবস্থান করিয়া, আমাদের—জগৎকে সমষ্টিভাবে নিয়্রেণ ও পরিচালন করিডেছেন এবং ব্যষ্টিভাবে আমাদের—প্রত্যেকের বৃদ্ধিবৃত্তির প্রেরণা প্রদান করিয়া জগদ্ ব্যাপারে নিয়োজিত করিতেছেন।

উপবের সংক্ষেপ আলোচনা হইতে আমরা বৃঝিতে পারিলাম যে, অন্তম্থি যাহা 'ভর্গ' বহিম্থৈ তাহাই স্বষ্ট জগং। ফলে ভর্গ বা ("জ্যোভিষাং জ্যোতিঃ") ভর্গেরই (বিষয়ের) উপভোগ করিয়া থাকেন। ইহাতে তাঁহার আত্মারামত্ব অক্ষ্ম রহিয়া গেল। "গায়ত্রী রহস্তা" পুস্তকেও আমরা এই দিদ্ধাস্তে উপনীত হইয়াছি। বর্তমান আলোচনায় ৬১ অনুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের তাত্যাহত ক্লোক কবি স্থললিত ভাষায়—এই একই তন্ব প্রকাশ করিয়াছেন। ইহা হইতে স্বতঃই দিদ্ধান্ত আদিয়া পড়ে যে, সর্বক্র ব্রহ্ম — দর্শনই প্রকৃত দর্শন। ব্রহ্ম হইতে পৃথক্ কিছু দর্শনই ভ্রম—দর্শন।

৬৯। নিজে অবিকৃত থাকিয়া কার্য্য সাধনের দৃষ্টান্ত আমরা প্রভাক্ষ জগতেও দেখিতে পাই। আমরা জানি ষে, স্বর্গ কোনও কোনও আয়ুর্কেদীয় ঔষধের অপরিহার্য্য উপাদান। অক্যান্ত উপাদানের সহিত বিশুদ্ধ স্বর্ণপ্র পাকে চড়াইয়া ঔষধ প্রস্তুত করিবার ব্যবস্থা আয়ুর্কেদ শান্ত্রে আছে। ঔষধ প্রস্তুত হইয়া গেলে, দেখা যায় যে, স্বর্ণ অবিকৃতভাবেই আছে—অথচ ঔষধে প্রয়োজনীয় গুণ প্রদান করিয়াছে। উদ্ধৃত ১৪।৩ শ্লোকের রহস্তার্থ বিস্তারিতভাবে দেওয়া হইল।

উক্ত শ্লোকের বাংলা সাধারণ সরল অর্থ হইতেছে:—ভগবান্ বলিলেন, হে অর্জ্জুন! আমার গভাধান স্থান মহদ্বন্ধ। স্প্তির আদিতে আমি উহাতে চিদাভাস অর্পন করি, তাহা হইতেই সর্ব্বভূতের উৎপত্তি হইয়া থাকে।

गीः ১८१७

১৮) শুরু সৃষ্টিকালে নহে, স্থিতিকালেও ভগবান্ "বীজপ্রাদ পিতা"।

৭০। গীতায়, ১৪।৪ শ্লোকে ভগবান্ বলিতেছেন যে, স্প্টিকালেই যে কেবল
আমা কর্তৃক অধিষ্টিত প্রকৃতি-পুরুষ দ্বারা ভূত সকলের উদ্ভব হয়, এরূপ নহে।
স্প্টির পরে, স্থিতিকালেও সকল যোনিতে অহরহঃ যে সকল স্থাবর-জ্পমাত্মক
মৃত্তি সকলের উদ্ভব হইতেছে, তাহাদের মাতৃশ্বানীয়া মহদ্রেল প্রকৃতি এবং
আমিই সকলের বীজপ্রদ পিতা। প্রকৃতি যে সকলের মাতৃশ্বানীয়া, ইহা সহজেই
বোধগম্য হয়। প্রত্যেকের দেহের অণ্-পর্মাণ্, অঙ্গ-প্রত্যঙ্গ প্রকৃতির উপাদানে
গঠিত—এ কারণ প্রকৃতিকে মাতৃশ্বানীয়া বলা হইয়াছে। কিন্তু "অহংবীজপ্রদঃ
পিতা"—ইহার মধ্যে গৃঢ়রহন্ত প্রজন্ম রহিয়াছে। পিতা-মাতার যৌন সম্মিলনে
সন্থানের উৎপত্তি হইয়া থাকে বটে, কিন্তু প্রতি যৌন সম্মিলনে সন্তানোৎপতি
হয় না। শুক্রশোনিতে সম্মিলন যদি সন্তানোৎপত্তির একমাত্র কারণ হইত,
ভাহা হইলে, প্রতি সঙ্গমে সন্তানোৎপত্তি না হইবার কোনও কারণ থাকা সম্ভব
হইত না। কিন্তু তাহা না হওয়ার অন্ত কারণ আছে, স্বীকার করিতে হয়।

ভগবান্ ১৪।৪ শ্লোকে দেই কারণ নির্দেশে বলিলেন যে, তিনিই বীজপ্রদ পিতা—অর্থাৎ প্রকৃতির গর্ভে—ভগবৎ প্রদত্ত চিদাভাদের কণা, যথন পিতার বীর্ষাের সহিত সম্পৃক্ত হইয়া, মাতার গর্ভকোষে প্রবেশ করে, তথনই সন্তানের জন্ম হয়। এই সম্পৃক্ত হওয়া ভগবানের ইচ্ছায় সংঘটিত হয়। ভগবানের এই ইচ্ছা উদ্বোধনের জন্ম শাস্ত্র বিধিমত অমুষ্ঠানের প্রয়োজনীয়তা শাস্ত্রেই বিধিবজ্ব আছে। তাহা না মানিয়া প্রবৃত্তিমত অসংযত সঙ্গমে ধাতুক্ষয়—আত্মবাতী হওয়ার নামান্তর মাত্র। ইহার প্রতি লক্ষ্য করিয়া উপরে বলিয়াছি যে, যৌন সম্মিলনের দৃটান্তে ভগবানের বর্ণনার একটি উদ্দেশ্য—"অসংযতভাবে যৌন মিলনের সংকোচ সাধনের জন্ম"।

৭২। জগৎ স্বষ্ট সম্বন্ধে ব্ৰহ্মা, যিনি স্বষ্টিকর্তা বলিয়া পরিচিত, বলিতেছেন :-

তস্তাপি অষ্টুরীশস্ত কৃটস্থস্তাখিলাত্মনঃ।

স্ক্রং স্জামি স্প্টোইহমীক্ষয়ৈবাভিচোদিতঃ॥ ভাঃ ২ ৫।১৭

त्मरे च्यानरे खेटा, मर्खनाक्षी, देखत, मर्खकानतात्री अ मकत्नद्र अरुधामी।

তিনিই আমাকে স্থাষ্ট করিয়াছেন, এই সম্পায়ও তাঁহার স্থাই। আমি মাত্র তাঁহার কটাক্ষে প্রেরিত হইয়া, তাঁহারই স্থজ্য সকল স্থাষ্ট করিয়া থাকি। ভা: ২া০১৭।

অতএব বুঝিতে পারিলাম যে, পরকর্তা ব্রহ্মা বা অপরকর্তা পিত্রাদি প্রকৃত পক্ষে কর্ত্তা নহেন। আসল কর্তা পুরুষোত্তম ভগবান্। তিনি তত্ত্বতঃ অকর্তা হইয়াও সম্পায়ের কর্তা। এ সম্পর্কে ৭ অনুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ৭।১।১৯ খ্রোক স্রষ্টব্য।

৭২। মায়ার সহিত ভগবানের খেলার বা দিব্য মায়া বিনোদের কথা বলা হইয়াছে। তিনি ত আত্মারাম, আত্মানন্দে বিভোর। তাঁহার মায়ার সাহত খেলার প্রয়োজন কি ? ভাগবত বলিতেছেন:—

স্বস্থুখমুপগতে কচিদ বিহর্ত্ত্বং প্রকৃতিমুপেয়ুষি যদ্ভব প্রবাহঃ ॥ ভাঃ ১।৯।২৯

স্বামিজী বলিতেছেন: — স্বস্থ্যং স্বরপভূতং প্রমানন্দং উপগতে প্রাপ্তবত্যেব।

ক্রিং—কদাচিং, বিহর্ত্ত্ং—ক্রীড়িতুম্, প্রকৃতিং উপেয়্ধি—স্বীকৃতবতি, ন তু
স্বরূপ-তিরোধানেন জীববং পারতন্ত্রামিতি॥

যিনি সর্মান স্বৈদাই নিজ স্বরূপ প্রমানন্দে প্রতিষ্ঠিত আছেন, কলাচিৎ বিহার বাসনায় প্রকৃতি স্বীকার করেন, তথনই স্পষ্ট-প্রবাহ উদ্ভ হয়। তাহাতে ভাঁহার স্বরূপ বিচ্যুতি হয় না। ১। মা২১।

রাজা তাঁহার নিজের রাজধানীতে, নিজের আরামপ্রদ রাজপ্রাসাদে দর্মদাই অত্যুত্তম রাজভোগে অশেষ স্থুও উপভোগ করেন। কিন্তু মাঝে মাঝে বৈচিত্রোর জন্ম, শীকার, জলবিহার, দেশভ্রমণ, রাজা পরিদর্শন প্রভৃতি করিবার জন্ম, প্রাসাদ হইতে বহির্গত হইয়া, প্রাসাদলভা বৈচিত্রাহীনতা পরিহার করিয়া থাকেন। সেই দৃষ্টাস্ত আমরা ভগবানেও আরোপ করিয়া থাকি। স্ত্রকার তাহাই করিয়া "লোকবত্রলীলাকৈবলাম্" স্ত্র ২।১।৩৪ প্রণয়ন করিয়াছেন।

৭৩। উপরের আলোচনায় বলা হইয়াছে যে, ভগবান্ প্রকৃতিতে "চিদাভাস"
অর্পণ করিলেন। তিনি ত চিদ্ঘণ—চিং অর্পণ করিলেন, না বলিয়া চিদাভাস
অর্পণ করিলেন বলা হইল কেন? বিশেষতঃ ভাগবতের-৬৪ অরুচ্ছেদে উদ্ধত
ভাগবতের ৬৪ অরুচ্ছেদে উদ্ধত
ভাগবতের ভাগবতের ভাগবতের ভাগবতের ভাগবতের ভাগবতের ভাগবতার ভা

করিয়াছেন চিদাভাস। ইহার কারণ অনুসন্ধানে আমরা মৃতক শ্রুতির ২।২।৯
মত্তে ব্রহ্ম নির্দেশে "তচ্ছূত্রং জ্যোতিষাং জ্যোতিঃ" বলিয়া তাঁহার পরিচয় দেওয়া
হইয়াছে এবং উক্ত শ্রুতির ২।২।১০ মত্তে বলিয়াছেন যে —

ন তত্র সূর্য্যো ভাতি ন চক্রতারকম্ নেমা বিহুাতো ভান্তি কুতোহয়মগ্নিঃ। তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্ত ভাসা সর্ব্বমিদং বিভাতি॥ মুগু ২।২।১০

স্থ্য, চন্দ্ৰ, তারকা, বিহাৎ, অগ্নি প্রভৃতি যে সকল পদার্থকে আমরা জ্যোতিমান্ বলিয়া জানি, তাহারা ব্রহ্মকে প্রকাশিত করে না। অলুপক্ষে সেই "জ্যোতিষাং জ্যোতিঃ" হইতে প্রস্তুত জ্যোতিঃ এই বিশ্ব প্রকাশিত করে। মৃশু হাহা১০।

গীতায় ১৫।১২ শ্লোকে ভগবান্ বলিতেছেন যে, স্থ্, চন্দ্র, অগ্নিতে যে তেজের সহিত জগৎ পরিচিত, সে তেজঃ ভাহাদের নিজের নয়। আমার ভগবানের ভেজেই ভাহারা তেজেখান্। ইহা ত গেল সমষ্টি ভাবের কথা। বাষ্টিভাবে প্রভাক প্রাণীর দেহাভান্তরে আমিই (ভগবানই) বৈস্থানর রূপে বর্ত্তমান থাকিয়া, ভাহাদের প্রাণ-অপান বায়র পরিচালন ও ভাহাদের চর্ক্র, চোম্ম, লেহ, পেয়—চতুর্কিষ আহার পরিপাক করিয়া, ভাহাদের দেহ ধারণ ও পোষণ করিয়া থাকি। গীঃ ১৫।১৪।

অতএব আমরা ব্ঝিলাম যে, সম্দায় জ্যোতির মূলে 'জ্যোতিষাং জ্যোতিঃ' রূপে ভগবান্। জ্যোতির স্থভাব এই, উহা সর্ঝদিকে বিকীর্ণ হয়। ইহার দৃষ্টাস্ত আমরা প্রতিদিন প্রভাক্ষ দেখিতে পাই। আমাদের ঘরে সাক্ষাৎ ভাবে স্থ্যিকিরণ (রৌদ্ররূপে) প্রবেশ করিতে না পারিলেও, সূর্য্যের বিকীর্ণ কিরণ—"আভাস" রূপে গৃহের অভ্যন্তর আলোকিত করে। সেই দৃষ্টাস্ত হইতে আমরা ব্ঝিতে পারি যে, 'জ্যোতিষাং জ্যোতিঃ' হইতে সর্ঝদিকে প্রস্থত জ্যোতিঃ প্রবাহ "আভাস" রূপে সর্ঝত্র অনুস্থাত হইয়া সকলকে উদ্ভাসিত, ক্রিয়াশীল, ব্যাপারবান্ করিয়া থাকে। প্রকৃতি সম্বন্ধেও তাই। 'জ্যোতিষাং জ্যোতিঃ'—চিদ্যন বলিয়া, ভাঁহা হইতে প্রস্থত জ্যোতিঃ ই চিদাভাস বলিয়া বর্ণনা করা সঙ্গতই হইয়াছে।

৭৪। চিন্দন ''জ্যোতিষাং জ্যোতিঃ'' হইতে প্রস্ত জ্যোতিঃ যে চিনার হইবে, তাহা বলা বাহুলা। এই জ্যোতিঃ ব্যাপকভাবে সর্বাদিকে প্রস্ত হইয়া সম্পায় চিনায় জ্যোতিঃতে আলোকিত করে। আমরা পূর্বের আলোচনায় ব্রিয়াছি যে, মহদ্রক্ষ বা প্রকৃতি—দেশ কাল দ্বারা অপরিচ্ছিন্ন, একারণ

সর্বব্যাপী ও সর্ববিশ্বলে বর্তমান। প্রকৃতপক্ষে দেশকাল ত প্রকৃতি হইতে জাত। একারণ উহা প্রকৃতির ব্যাপকত্বের অন্তরায় স্থলন করিতে পারে না বলিয়া প্রকৃতির উপাদান বিশ্বের স্ব্বিত্ত, সর্ববিদাল বর্ত্তমান। স্থতরাং উক্ত জ্যোতিঃ বা তাহার আভাস অক্সকথার ভর্গ, অনন্ত দেশে, অনন্তকাল ব্যাপিয়া, কার্যাশীল হইবার পক্ষে কোনও বাধা হইতে পারে না। প্রত্যক্ষতঃ আমরা দেখিতে পাই যে, জ্যোতিঃর গতি স্বভাবতঃ কেন্দ্রহানীয় জ্যোতিমান্ প্রদীপাদি হইতে বহির্দ্ধ্রে আলোকের গতির বেগে (সেকেণ্ডে ১৮৬০০০ মাইল বেগে) অগ্রসর হইয়া থাকে। ইহা হইতে আমরা ধরিয়া লইতে পারি যে, 'জ্যোতিমাং জ্যোতিঃ' হইতে জ্যোতিঃ প্রবাহ বা ভর্গ উক্ত বেগে সর্ব্বদিক্ষে প্রস্তত হইয়া থাকে।

পথ। আমরা আরও প্রত্যক্ষ দেখিতে পাই যে, নদীগর্ভে জনপ্রবাহ অগ্রসর হইতে, হইতে, আপনি আপনাতে আবর্ত্ত স্পৃষ্ট করিয়া থাকে। এ আবর্ত্ত স্পৃষ্টিতে উক্ত প্রবাহের গতির কোনও অংশ ব্যয়িত হয় না। সেইরপ 'জ্যোতিষাং জ্যোতিঃ,' হইতে প্রস্তুত জ্যোতিঃ বা ভর্গ প্রবাহ অনস্ত দেশে, অনস্ত কাল ধরিয়া আবর্ত্ত স্থানীয় অনস্ত ব্রহ্মাও স্তুজন করিতে করিতে অগ্রসর হইতে থাকে। আমাদের ব্রহ্মাও উক্ত অসংখ্য ব্রহ্মাওগণের একটি—উহা ভর্গ প্রবাহের একটি আবর্ত্ত। জলাবর্ত্তে যেমন মুখ্য আবর্ত্তের সঙ্গে অসংখ্য বৃদ্বুদ্ও আত্মপ্রকাশ করে, সেইরূপ আমাদের ব্রহ্মাওও মুখ্যাংশ সবিত্ত দেবের সহিত্ত, গ্রহ, উপগ্রহ, ছোট বড় উল্লা প্রভৃতি স্বাই হইয়া আত্মপ্রকাশ করিয়াছে। উহাদের সকলের স্বাভাবিক গতি অগ্রসরণে। কিন্তু ভগবানের জ্বগৎ বিধারিণী-শক্তি কেন্দ্রখানীয় স্বর্য্যের সহিত উহাদের সকলের এবং উহাদের পরম্পরের মধ্যে আকর্ষণী শক্তি বিধান করিয়া, উহাদের অগ্রগতি নিয়মিত করিয়াছেন। কেন্দ্রম্থানীয় স্বর্য্যগতলে নারায়ণ অবস্থান করিয়া, এই নিয়ন্ত্রণ পরিচালনা করিতেছেন। মহানারায়ণোপনিষদের উদ্ধৃত অংশও ইহার প্রমাণ।

১৯) নিখিল বিশ্ব চিন্মাত্রই।

৭৬। পূর্বে বলিয়াছি যে, ভর্গ প্রবাহ চিন্নয়। প্রবাহাকারে ও চিন্নয় এবং আবর্তাকারেও চিন্নয়। হতরাং ব্রহ্মাণ্ড সকল চিন্নয়। তেজোবিন্দু উপনিষৎ ইহা স্পষ্ট বলিতেছেন :—

আকাশো ভূৰ্জলং বায়্রগ্নিত্র ক্লা হরিঃ শিবঃ। যৎ কিঞ্চিন্_যন্ন কিঞ্চিচ সর্ববং চিন্ময়মেবহি॥ তেজোবিন্দু ২।২৭ অথপ্তৈকরদং দর্ববং যদ্ যচিচনাত্রমেব হি।
ভূতং ভব্যং ভবিষ্যচ্চ দর্ববং চিনাত্রমেবহি। তেজোবিন্দু ২।২৮
দ্ব্যং কালঞ্চ চিনাত্রং জ্ঞানং জ্ঞেয়ং চিদেবহি।
জ্ঞাতাচিনাত্ররপশ্চ দর্ববং চিনায়মেব হি॥ "২।২৯

[শ্রতির ভাষা অতি সরল বলিয়া বাঙ্গালা অর্থ দিবার প্রয়োজন নাই।]

বদি পরিদৃশ্যমান যত কিছু, সমৃদায় চিন্মাত্র, তবে আমরা অন্ত প্রকার দর্শন করি কেন? ইহার উত্তর ইহাই মায়ার থেলা। উপরে ৬১ অনুচ্ছেদের আলোচনায় আমরা বুঝিয়াছি যে, সমৃদায়ে ব্রহ্মদর্শনই প্রকৃত দর্শন, অন্ত প্রকার দর্শন ভ্রমমাত্র, বিষ্ণুমায়া দ্বারা প্রকৃতিত; এখানেও তাহাই পাইলাম।

৭৭। ভগবান্ বশিষ্ঠদেব যোগবাশিষ্ঠ রামায়ণে বলিতেছেন:—

চিদ্ ইহান্তি চিন্মাত্রমিদং চিন্ময়মেব চ।

চিৎ ত্বং চিদহমেতে চ লোকাশ্চিদিতি সংগ্রহঃ॥ যো. বাঃ. উপঃ ৫।২৬।১১

অতি সংক্ষেপে বলিতে হইলে, বলিতে হয়, জগতে একমাত্র চিৎই আছেন। জগৎ চিন্মাত্র ও চিন্ময়। তুমি চিৎ, আমি চিৎ, এই যে সব লোক, ইহারা সকলই চিন্ময়। যোঃ বাঃ উপশম বে২৬১১১।

এরপ বলিবার যুক্তি ও কারণ নির্দেশে বলিতেছেন :—
বোধাববৃদ্ধং যদ্বস্ত বোধ এব তত্তাতে।
নাবোধং বৃধ্যতে বোধো বৈরূপ্যাৎ তেন নান্সতা॥ যোঃ বাঃ নিঃ উঃ
২৫/১২

বে বস্তু বোধ বা অনুভৃতি (Consciousness) দ্বারা উপলব্ধ হয়, তাহা বোধ নামেই অভিহিত হইয়া থাকে। কেন না যদি বোধ ও যাহা উপলব্ধ হয়, সেই ভড় বস্তু পরম্পার অত্যন্ত ভিন্ন হইতে, তাহা হইলে উহা বোধ দ্বারা উপলব্ধ হইতে পারিত না। যোঃ বাঃ নিঃ উঃ ২৫।১২

জগৎ স্পদ্দনাত্মক। একের স্পদ্দন অপরে গ্রহণ করিতে পারিলে, তবে তাহাদের পরস্পর পরিচয় আদান প্রদান হইয়া থাকে। ইহাই উপলব্ধি। বস্তুর "ভাতিত্ব" ইহা হইতেই প্রকটিত হইয়া থাকে এবং এই "ভাতিত্ব"— সচিচদানন্দময়ের চিদংশের ক্রিয়া হইতেই ক্রিড হয়, ইহা পূর্কে বলা হইয়াছে।

৭৮। উপরের আলোচনায় বলা হইয়াছে যে, মায়া—ভগবানের সংক্লান্মিকাশক্তি এবং ভগবানের "দিব্য মায়া বিনোদ" হইতে বিশ্বের অভিব্যক্তি। অবৈতবাদিগণ জ্ঞানস্বরূপ প্রমতত্ত্ব অজ্ঞানের আরোপ করিয়া থাকেন। এ সম্পর্কে ভগরান্ বশিষ্ঠদেব বলিতেছেন:—জ্ঞান স্বরূপে অজ্ঞানের বা অবিভার আরোপ করিয়া ভাষায় চিদ্ ব্রহ্মরূপ স্থাংশু মণ্ডলে যে সংক্ষরূপ কালিমার ক্ষুব্রণ বলা হয়, উহা প্রকৃতপক্ষে কলঙ্ক কালিমা নহে। জ্ঞান স্বরূপ চিদ্ঘন ব্রহ্ম—উহা তাঁহার ঘন দেহ। যোঃ বাঃ নিঃ পৃঃ ২৭।৩২

চিচ্চন্দ্র বিশ্বে সংকল্প-কলক্ষঃ স্ফুরভীব চ।
নাসৌ কলক্ষন্তদ্ বিদ্বি চিদ্ঘনস্ত ঘনং বপুঃ॥ যোগঃ বাঃ ানঃ পৃঃ
২৭।৩২

উদ্ধৃত শ্লোকে "ক্রতীব'' পদে "ইব" শব্দের অর্থ ক্রণের ন্যায়—অর্থাৎ প্রকৃত পক্ষে ক্রণ নহে। আমাদের দৃষ্টিতে ক্রণের মত মনে হইয়া থাকে। উহা সভ্য সভ্য ক্রণ নয়, উহা ঐরপই। উহার কারণ নির্দেশ বা ভাষায় উহার বর্ণনা সম্ভব নয়।

৭৯। উপরে ৭৫ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, "জ্যোতিষাং জ্যোতিঃ" হইতে নিঃস্থত জ্যোতিঃ-প্রবাহের আবর্ত্তই বিশ্বের বিভিন্ন ব্রহ্মাণ্ড। ভগবান্ যশিষ্ঠদেব বলিতেছেন :—

সর্ববং হি মূনএবেদমিখং স্ফুরতি ভূতিমং। জলং জলাশয় স্ফারে বিচিত্রৈশ্চক্রতৈরিব। যোঃ বাঃ উৎঃ ৮৫।৪

যেমন একই জল, জলাশয়ের মধ্যে বিচিত্র বিচিত্র বহু আবর্ত্তাকারে ক্রিড হয়, সেইরপ একমাত্র মনঃই বিভৃতি যুক্ত হইয়া, এই নিথিল জগদাকারে প্রকাশিত হইয়াছে। যোঃ বাঃ উৎঃ ৮৫।৪

এই শ্লোকে কয়েকটি বিশেষ লক্ষ্য করিবার বিষয় হইতেছে:—(ক) মনঃ—
উপরে ৭৫ অনুচ্ছেদে "জ্যোতিষাং জ্যোতিঃ" হইতে প্রস্ত জ্যোতিঃ বলা
হইয়াছে। মনঃ ই এই জ্যোতিঃর আমাদের পরিচিত নাম। পরমত্তই
"জ্যোতিষাং জ্যোতিঃ"—তিনি নিজে যা তাঁহার মনও তাই। বিশেষতঃ মনের
সংকল্প হইতেই স্পষ্টি বলা হইয়া থাকে—একারণ বিশিষ্ঠদেব শ্লোকে "মনঃ" পদ
ব্যবহার করিলেন। (খ) "বিচিত্রৈঃ চক্রকৈঃ"—বহু বহু বিভিন্ন বৈচিত্র্যের সমাবেশে
সমুজ্জল বহু বহু চক্রক বা আবর্ত্ত। ইহারা যে বিভিন্ন ব্রন্ধাওকেও তাহাদের
পরস্পরের মধ্যে বিভিন্ন বৈচিত্র্যের নির্দেশ করিতেছে, তাহাতে সন্দেহ নাই।
পরস্পরের মধ্যে বিভিন্ন বৈচিত্র্যের নির্দেশ করিতেছে, তাহাতে সন্দেহ নাই।
ক্রিক অর্থাৎ আবর্ত্ত মুখ্য বলিয়া উহা মাত্র বলা হইয়াছে। উহার সঙ্গে

সঙ্গে ছোট বড় অগণ্য বৃদ্বৃদ্ ও বৃদ্বৃদ্ চূর্ন অসংখ্য প্রকটিত হয়, তাহা স্পাই
কথিত না হইলেও, উহাদের প্রকটন বা স্কুরণ বৃথিতে হইবে। ইহা হইডে
আমরা পাইলাম যে, (i) বৃহৎ বৃহৎ ব্রহ্মাণ্ডের কেন্দ্রস্থানীয় তত্তৎ স্থ্যমণ্ডল,
(ii) প্রত্যেক স্থ্যমণ্ডলের চতুর্দ্দিকে গ্রহ-উপগ্রহ-উবা প্রভৃতি বৃদ্বৃদ্ স্থানীয়,
(iii) প্রত্যেক ব্রহ্মাণ্ডের ও তাহাদের অন্তর্ভুক্ত গ্রহ-উপগ্রহ প্রভৃতিতে বৃদ্বৃদ্চূর্ণ
স্থানীয় স্থাবর-জঙ্গম সম্দায় প্রকটিত হইল।

৮০। উপরে উদ্ধৃত যোগবাশিষ্ঠ উৎপত্তি ৮৫।৪ শ্লোকে ব্যবহৃত মনঃ যে "জ্যোতিষাং জ্যোতিঃ" হইতে অভিন্ন, তাহা ভগবান্ বশিষ্ঠদেব স্পষ্টতঃ বলিতেছেন:—

বিদ্ধি রশ্মিময়াকারমিব ব্রহ্ম জগৎস্থিতম্। যোঃ বাঃ নিঃ পৃঃ ৯৯।১৯
এই জগৎকে জ্যোতিঃ স্বরূপ পরমব্রহ্মের রশ্মিরাজি বলিয়া জানিবে।
যোঃ বাঃ নিঃ পৃঃ ১৯।১৯

বশিষ্ঠদেব অন্তত্ত্ত বলিতেছেন:-

যথা বিসরণং ভাসন্তথা জগদিদং পরে॥ যোঃ বাঃ নিঃ উঃ ৪২।৩
স্থ্যাদির প্রভা যেমন স্বতঃ বিকীণ হইয়া ভুবন আলোকিত করে, সেইরূপ
"জ্যোতিষাং জ্যোতিঃ" স্বরূপ ব্রন্ধের জ্যোতিঃ বিকাশে বিশ্ব স্বতঃ অভিব্যক্ত হইয়াছে। যোঃ বাঃ নিঃ উঃ ৪২।৩

ভাগবত ১২।১১।৮ শ্লোকে জীবচৈতন্মকে "স্বাত্ম-জ্যোতিঃ" আথ্যায় আথ্যায়িত করিয়াছেন। স্থতরাং স্পষ্ট বুঝা গেল যে, জীব ও জগৎ উভয়েই "জ্যোতিষাং জ্যোতিঃ" স্বরূপের রশ্মি স্থানীয়, একারণ প্রস্পার অভেদ। ইহা বশিষ্ঠদেব স্পষ্টতঃ উল্লেখ করিয়া বলিতেছেনঃ—

আত্মানমিতরচৈচব দৃষ্ট্যা নিত্যাবিভিন্নয়া।

সর্ববং চিচ্ছ্যোতিরেবেতি যঃ পশ্যতি সঃ পশ্যতি ॥ যোঃ বাঃ স্থিঃ ২২।২৭

যিনি আপনাকে ও অপর সকলকেই অভেদ জ্ঞানে, সমস্তই চিদ্জ্যোতিঃ, চিদ্জ্যোতিঃ ভিন্ন অন্ত কিছু নহে, এরপ জানেন, তিনিই প্রকৃত দর্শক।

যো: বা: श्व: २२।२१

ভগবান্ স্ত্রকারও ৪।২।১৮ 'রশ্যান্ত্র্পারী''—স্ত্রে দেব্যান প্রের নির্দেশ ক্রিয়াছেন। ইহার আলোচনা যথাস্থানে করা হইয়াছে।

৮১। যে আলোচনা করা হইল, তাহা হইতে আমরা, পরএক বা

ভগবানের সহিত জীবের, জগতের, জগতে অন্তর্ভুক্ত যত কিছুর, যে অতি ঘনিষ্ঠ, অভেদাত্মক, নিবিড় সম্বন্ধ বর্ত্তমান, তাহা বৃঝিতে পারিলাম। এ প্রকার ঘনিষ্ঠ সম্বন্ধ বর্ত্তমান বলিয়া, সংসারে আবদ্ধ, মানবদেহধারী জীব, যতই ত্রিভাপ জালায় দগ্ধ হউক্ না কেন, যতই হুংখ, কট, শোক, তাপ, দারিদ্র্যা, অভাব সহ্থ করিতে বাধ্য হউক্ না কেন, তাহার সহিত ভগবানের সংস্পর্শ—কিরণের সহিত মর্যোর আয় চিরবর্ত্তমান। মেঘ ঘারা স্থোর আবরণের গ্রান্ধ, সাময়িক কারণে উক্ত সংস্পর্শের প্রত্যক্ষজ্ঞান আবরিত হইয়াছে বটে, কিন্তু ভাহাও সেই পরম কল্যাণময়, করুণানিধান, জীববৎসল ভগবানের মঙ্গল ইচ্ছায় সংঘটিত। ভগবান্ স্ব্রেকার তৃতীয় ও চতুর্থ অধ্যায়ে ইহাও উক্ত সাময়িক আবরণ হইতে মৃক্তি লাভের উপায় নির্দেশ করিবেন।

৮২। এই আলোচনা হইতে আমরা আরও ব্ঝিলাম যে, "জ্যোতিষাং জ্যোতিং" যেমন অনাদি, অনন্ত, সত্য—তাঁহার জ্যোতিং হইতে অভিব্যক্ত জীব ও জগৎ অনাদি। তাঁহারই মঙ্গলময় সংক্রান্থসারে—অন্তবান, নশ্বর বলিয়া প্রতীয়মান হইলেও জীবের—অনন্ত উন্নতির সন্তাবনা, এমনকি ব্রহ্মন্তব্রপ প্রাপ্তি প্রভৃতি বর্ত্তমান রহিয়াছে এবং বিশেষ বিশেষ জগৎ বিশেষ বিশেষ কারণে, বিশেষ বিশেষ কালে—প্রলয়ে ধ্বংসপ্রাপ্ত হইলেও, ধ্বংসের সঙ্গে সঙ্গে প্রভিব্যক্তির সন্তাবনা বর্ত্তমান রহিয়াছে। বিশেষ অভিব্যক্তির উদ্দেশ্য, জীবের কল্যাণ সাধন। ইহা আগে উদ্ধৃত ভাগবতের ১০৮৭২ শ্লোকের আলোচনায় ব্রিবার চেষ্টা করিয়াছি।

এথানে অপ্রাদিষ্টক হইবে না বলিয়া উল্লেখ করি যে, "জ্যোতিয়াং জ্যোতিঃ"

—সমষ্টি আত্মহৈততা জ্যোতিঃ। ইহার জাতিভেদ বা প্রকারভেদ নাই।
একারণ আমাদের ব্রহ্মাণ্ডের অন্তর্গত, আমাদের পরিচিত পৃথিবীর তায়,
অনন্তের ক্রোড়ে অবস্থিত অগণ্য ব্রহ্মাণ্ডে ও তাহাদের—নিজের নিজের গ্রহউপগ্রহ প্রভৃতিতে মূল কাঠামো পৃথক হইতে পারে না। অবশ্রুই বাঁশ, দড়ি,
খড় প্রভৃতি একই উপাদানে গঠিত বিভিন্ন কাঠামোতে যেমন বিভিন্ন রং,
সাজ, সজ্জা, হাত, পা, প্রভৃতি বসাইয়া বিভিন্ন মূর্ভি প্রকটিত হয়, দেইরূপ
বিভিন্ন ব্রহ্মাণ্ডেও তাহাদের বিভিন্ন গ্রহ-উপগ্রহ প্রভৃতিতে বিভিন্ন সাজ-সজ্জায়
দক্ষিত বিভিন্ন মূর্ভি প্রকটিত হইয়া, সেখানকার পরিস্থিতি অনুসারে জগদ্
ব্যাপার সম্পাদিত করিয়া থাকে। সে সমৃদায় ব্রহ্মাণ্ডও দেশ ও কালে
অবস্থিত। তবে অনস্ত বৈচিত্রামন্ধ-জগ্ৎ-কর্তার—মনসংক্রাম্নসারে উহাদের
পরম্পার সমন্তর্গ আমাদের পৃথিবীর সমত্ল্য না হুইতে শারে। সে অর্মণ্য

ব্রহ্মাণ্ডেও তথাকার পরিস্থিতির সামন্ত্রশ্যে সেখানকার উপযোগী জীবও বর্তমান থাকা সম্পূর্ণ সন্তব। তাহারা কেহ কেহ যে জামাদের পৃথিবীর পরিচিত মসুস্থাদেহধারী জীবগণ অপেক্ষা অধিক উন্নত বা নিম্ন স্তরের হইতে পারে, তাহাতে সন্দেহ কি? একারণ যে সমৃদায় মানবদেহধারী জীব ব্রহ্মার—একদিনে বা চতুর্দিশ মন্বন্তরে উন্নতির শিখরে পৌত্তছিতে না পারে এবং ব্রহ্মার পরদিনে, পৃথিবীর তথনকার পরিস্থিতি জমুসারে স্থান পাইবার উপযোগী না হয়, তাহা হইলে, উপরিউক্ত অগণ্য ব্রহ্মাণ্ডের মধ্যে যেটি তাহার পক্ষে উপযোগী, তাহাতেই সে স্থান লাভ করিবে, তাহাতে অসপ্তব কি আছে? ব্রহ্ম বা ভগবান্ অনস্থ, জীবও অনস্থ, কালও অনস্থ এবং দেশ বা ব্রহ্মাণ্ডের সংখ্যাও অনস্থ। স্থতরাং জীবের উন্নতির সম্ভাবনাও অনস্থ। এই কারণে খেতাশ্বতর শ্রুতি ম্পুট বলিয়াছেন যে, জীব-চৈতন্ত জ্যোতি:-কণার একটি অতি কৃদ্র অংশ হইলেও "দ চানস্থায় করতে"। খেতাশ্বতর।

২০) আযুনিকভম আধিভৌডিক বৈজ্ঞানিকগণের সিদ্ধান্ত।

৮৩। এখন বিশ্বসৃষ্টি সম্বন্ধে আধুনিকতম আধিভৌতিক বৈজ্ঞানিকগণের প্রীক্ষা ও গবেষণালন্ধ সিদ্ধান্ত কি, তাহার সম্বন্ধে সংক্ষেপ আলোচনায় অগ্রসর হইতেছি। স্থার জেম্দ্ জিন্দ্—ইংল্যাণ্ডের একজন খ্যাতনামা আধিভৌতিক বৈজ্ঞানিক, অতি অল্পদিন হইল, দেহত্যাগ করিয়াছেন। তিনি তাঁহার প্রসিদ্ধ গ্রন্থ—"The Mysterious Universe"—"রহশুমর বিশ্ব" নামক পুস্তকে বলিতেছেন :, -To sum up the main results of this and of the preceeding chapter, the tendency of modern physics is to resolve the whole material Universe into waves. These waves are of two kinds-bottled up waves, which we call matter and unbottled waves which we call radiation or light"—"বৰ্তমান ও তৎপূর্ব্ব পরিচ্ছেদে যাহা বর্ণিত হইল, তাহা সংক্ষেপে এক কথায় বলিতে গেলে বলিতে হয় যে, বর্ত্তমান যুগে আধিভৌতিক পদার্থ বিদ্যার প্রগতি হইতেছে, এই পরিদৃশ্যমান প্রপঞ্চ জগৎকে শক্তিপ্রবাহ রূপে গ্রহণ করা। এই শক্তি প্রবাহ হই প্রকার—বোতলে অবকৃদ্ধ প্রবাহ, যাহাকে আমরা জড় দ্রব্য বলি ও অনবক্ষ প্রবাহ—যাহাকে আমরা আলোক ও তাহার বিকীরণ বলিয়া থাকি।"

৮৪। উপরে স্মষ্টিভাবে "আবর্ত্ত স্বষ্টি করে" বলিয়া যাহা আমরা বলিয়াছি, সেই কথাই জিন্স্ সাহেব—"বোতলে অবরুদ্ধ প্রবাহ" বলিয়া ব্যষ্টি জড় দ্রব্যের পরিচয় দিলেন। জড় দ্রব্য বলিয়া Matter-এর পরিচয় দেওয়া হইল বটে, কিন্তু বিশ্বে জড় বলিয়া কিছুই নাই। সম্দায়ে শক্তির থেলা এবং এই শক্তি—চিৎ-শক্তি। ভগবানের সংকল্পান্থসারে—"চিৎ" প্রচ্ছন্ন পাকায়, জড় বলিয়া কথিত হয় মাত্র।

জিন্স সাহেব উক্ত গ্রন্থে আরও বলিতেছেন:—"With a nearer approach to actuality, we may think of the electrons as objects of thought and time as the process of thinking"—"আসল ব্যাপারের স্বষ্ঠু পরিচয় দিতে হইলে বলিতে হয় যে, ইলেকট্রণগুলি ঘনীভূত চিস্তা কণিকা এবং কাল-চিস্তার ধারা নিদ্দেশক মাত্র।"

৮৫। ইলেকট্রন ও প্রোটন—বস্তর অণু গঠন করে এবং জগৎ বস্তর সমবায়ে সংগঠিত। স্থতরাং বস্তর অণু যথন ঘণীভূত চিন্তা কণিকা, তথন সমগ্র জগৎ যে চিন্তারই অভিব্যক্তি তাহাতে সন্দেহ কি ? জিন্স সাহেব এ সিদ্ধান্তে অনুমানের অপেক্ষা রাথেন নাই। তিনি স্পষ্ট বলিতেছেন:—"The Universe cannot admit of material representation and the reason is, I think, that it has become a more mental concept"—"এই পরিদ্খমান জগৎ জড় গঠিত বলিয়া স্বীকার করা যায় না। ইহার কারণ, আমার মনে হয় যে, ইহা মনের চিন্তার বিকাশ মাত্র।" ভগবান্ বশিষ্ঠদেব—কে জানে কত সহস্র বৎসর পূর্ব্বে তাঁহার যোগসিদ্ধি লব্ধ প্রাতিভ জ্ঞান বিকাশে ঘোষণা করিলেন:—

মনোমণিমহারস্তঃ সংসার ইতি লক্ষ্যতে। আত্মানাত্মানমাশ্রিত্য ক্ষুরত্যস্তযথান্তসা॥ যোঃ বাঃ উৎঃ ১০২।৬

মনি যেমন তাহার দশদিকে আলোকের আড়ম্বর বিস্তার করে, সেইরূপ এই প্রপঞ্চ জগৎ মনোরূপ মহামণির মহাড়ম্বর পূর্ণ অভিব্যক্তি। জল যেমন নিজে নিজেকেই আশ্রয় করিয়া আবর্তাকারে প্রকাশ পায়, সেইরূপ মনঃই আপনি আপনাকে আশ্রয় করিয়া সংসাররূপে ক্রিত হয়। যোঃ বাঃ উৎঃ ১০২।৬

ইহার সহিত উপরে ৭৯ অন্তচ্ছেদের আলোচনা তুলনীয়। মন ই যে "জ্যোতিষাং জ্যোতিঃ" স্বরূপের জ্যোতিঃকণা তাহা আগেও বুঝিয়াছি।

ু ৮৬। চিন্তার বিকাশ বলিলে, কার চিন্তা এ প্রশ্ন মনে উদয় হয়। জিন্দ্ সাহেব উত্তরে বলিতেছেন :—"The thought of......a Mathematical thinker"—"একজন গণিতজ্ঞ চিন্তকের চিন্তা"। উক্ত পুন্তকের উপসংহারে জিন্দ্ সাহেব বলিতেছেন :—"Today there is a wide measure of agreement almost to Unanimity that the Universe begins to look more like a great thought than like a great machine"—"আধুনিকতম আধিভৌতিক বৈজ্ঞানিকগণের, বর্তমানে প্রায় সর্ব্বন্যত অভিমত এই যে, এই বিশ্ব একটি বিরাট যন্ত্র নয়, বিরাট, চিস্তার বাহ্যাভিব্যক্তি।"

ফ্তরাং আধুনিকতম আধিভোতিক বৈজ্ঞানিকগণের সর্বসন্মত সিদ্ধান্ত এই যে, বিশ্ব জড় প্রকৃতির খেলা নয়। চৈতন্তময়—অচিস্তশক্তিমান ইহার কল্পনা করিয়েছেন ও পরিচালনা করিতেছেন। জিন্স্ সাহেব বলিতেছেন:—"We discover that the Universe shows evidence of a designing and Controlling Power, that has something in common with our own individual minds—not so far we have discovered emotion, morality or aesthetic appreciation, but the tendency to think in the way, which, for want of a better word—we describe as mathematical"—"বিশ্ব ব্যাপার পর্যালোচনায়, আমরা স্পষ্ট বৃনিতে পারিয়াছি যে, ইহার স্পষ্ট কল্পনা ও পরিচালনার পশ্চাতে এমন এক মহাশক্তি আছে, যাহাতে আমাদের ব্যষ্টিমনের গণিতধর্ম্মী চিন্তার সাদৃশ্য বর্তমান। অবশ্য ইহাও বলা প্রয়োজন যে, এ পর্যান্ত আমরা, আমাদের বাষ্টি মনের ভাব-প্রবণতা, নীতিনিষ্ঠা বা চিন্তরঞ্জিনী বৃত্তির পরিচয় আবিষ্কার করিতে সমর্থ হই নাই।"

জিন্স্ সাহেব আধিভৌতিক বৈজ্ঞানিকের দৃষ্টাক্তে সৃষ্টিকর্তার পরিচয়, তাঁহার নিজের ভাবামুসারে দিয়াছেন। বলা বাহুল্য ইহা একদেশীয় পরিচয় মাত্র। বিশেষতঃ তিনি আধিভৌতিক ক্ষেত্রের উপরি স্তর যৎকিঞ্চিৎ কর্মণ করিয়াছেন মাত্র। গভীর অন্তঃস্তরের পরিচয়ের চেষ্টা করেন নাই, অন্ত কোনও আধিভৌতিক বৈজ্ঞানিকও করিতে সমর্থ হন নাই। আধ্যাত্মিক ক্ষেত্র, অকৃষ্ট রাথিতেই বাধ্য হইয়াছেন। স্কতরাং তাঁহাদের কাছে তৎক্থিত মহাশক্তির সমগ্র পরিচয় আশা করা ত্রাশা মাত্র।

৮৬(ক)—আধিতৈতিক বৈজ্ঞানিক জিন্স্ সাহেব নিজের বিজ্ঞান ও গণিত আলোচনার ফলে জগৎকর্তা মহাশক্তিকে স্থণক ইনজিনিয়র, বিরাট গণিতজ্ঞ, মনস্তত্বে সম্পূর্ণ অভিজ্ঞ বর্ণনা করিতে পারেন, বলা বাহুল্য সম্পায় বর্ণনা— একদেশী মাত্র এবং সে দেশটি অতি সংকীর্ণ। ইহাতে পরমতত্বের পরিচয় পাওয়া ঘাইল মনে করা, দারুল ভ্রম।

মহর্ষি বশিষ্ঠদেব, ব্রহ্মতত্ত্বালোচনায় জীবন যাপন করিয়া নিজের অপরোক্ষাত্র-ভৃতি-লভ্য বিজ্ঞানে সিদ্ধ হইয়া নিজের অনুভৃতি ভাষায় প্রকাশ করিয়া বলিতেছেন :—

ব্রহ্মন্বং ব্রহ্মণি যথা তথৈবেতদ্ জগৎ স্থিতম্। যোঃ বাঃ ৬।৪৭।২০ ব্রহ্মন্বঃ স্বভাবোহকাচিতি বক্ত্যুং ন যুজাতে।

অনন্তে।পরমে তত্ত্বে স্বতাহসন্থাহসন্তবাৎ।। যোঃ বাঃ ৭।১০।১৪

ব্রন্ধে ব্রন্ধর যেমন স্বভাবসিদ্ধ, তাঁহাতে জগৎ দ্বিভিও সেইরূপ স্বভাবসিদ্ধ। যো: বা: ৬।৪৭।২০।

ব্রন্ধের স্বভাবের কথা বলা হইল বটে, কিন্তু ব্রন্ধের স্বভাব কি, তাহা কি মানবচিন্তার—মানববৃদ্ধির-অধিগমা? এরপ সন্দেহ কল্পনা করিয়া বশিষ্ঠদেব বলিতেছেন:—

অনস্ত পরমতত্ত্ব তাঁহার স্বত্ব (নিজত্ব) ও অস্বত্ব (অনিজত্ব বা পরত্ব) অতি অস্তব বলিয়া, ব্রহ্মের এ প্রকার স্বভাব—ইহা বলা অযৌক্তিক। বো: বা: ৭।১০।১৪।

অর্থাৎ ব্রহ্মে ব্রহ্মন্ত যেমন আমরা আমাদের ভাব ও বিচারের ধারা অনুসারে আরোপ করিয়া থাকি, এবং তাহা আরোপ নহে, প্রকৃত তত্ত্ব বলিয়া মনে করি, ''জগত্ব" ও সেইরূপ তাঁহাতে আরোপ করিয়া, তিনি নিত্য—সে কারণ উহাও নিত্য মনে করিয়া বিতর্ক করিয়া থাকি। এ আরোপ আমাদের বৃদ্ধির বাংপার মাত্র। এমন কি, চরম ও পরম তত্ত্বকে ভাষায় প্রকাশ ও আলোচনার জন্ম "ব্রহ্ম" পদ ব্যবহারও বৃদ্ধির ক্রিয়া ভিন্ন কিছু নহে।

[মদালোচিত ''নাম মহিমা" হইতে উদ্ধৃত]

কিন্ত এরপ হইলেও মানবের আর একটি অতি উচ্চতর দিক্ আছে। ইহা
বৃদ্ধিকে অতিক্রম করিয়া—নিজ শাখত আত্মম্বরূপে প্রতিষ্ঠিত। ইহার উদ্বোধনে
পরমতত্ত্ব নিজের স্বরূপ প্রকাশ করিতে বাধ্য হন। ইহা তাঁহার মঙ্গল বিধানে
সংঘটিত হইয়া থাকে। এই উদ্বোধনই উপযুক্ত সাধন-সাপেক্ষ। ব্রহ্মস্ত্র
ইহারই পরিচয় দিয়াছেন। এই সাধনার সিদ্ধিতে সমৃদায় রহস্থ সাধকের
দিবাদৃষ্টিতে উদ্ঘাটিত হইয়া থাকে।

৮৭। আমাদের দেশের ত্রিকাল দ্রষ্টা ঋষিগণের আত্মশক্তি উদ্বোধক বিশিষ্ট লাধনমার্গে সিদ্ধি প্রাপ্তি হইতে উদ্ভৃত দিবাদৃষ্টিতে, পরমতত্ত্বের আরও অতি শৃক্ষ, অতিমধুর, অতি ঘনিষ্ঠ পরিচয়—সম্জ্জলভাবে প্রকাশিত হইয়াছিল। তাঁছারা অনুমান, যুক্তি, বিচার, সিদ্ধান্তের ধার ধারিতেন না। তাঁহারা পরমতত্ত্বের অন্তঃত্তলে প্রবেশ করিয়া, আত্মায়—পরমাত্মায় মিলন-লহরী ছুটাইয়া দিলেন। তাঁহারা শ্রুতিতে উদাত্তকণ্ঠে ঘোষণা করিয়াছেন:—

অনুভূতিং বিনা মৃঢ়ো, রূপা ব্রহ্মণি মোদতে। প্রতিবিশ্বিত-শাখাগ্র-ফলাস্বাদন-মোদবং॥ মৈত্রেয়ুপনিষং ২।২২

একটি বৃহৎ বৃক্ষের উচ্চ শাখাতো একটি অতি ফুলর, স্থপক, স্থমিষ্ট ফল লম্বনন রহিয়াছে। নীচে হইতে উহার দর্শনও মিলিতেছে না। উক্ত শাখার প্রতিবিশ্ব জলে পড়ায়, সেই প্রতিবিদ্ধিত শাখাতো লম্বমান উক্ত ফলটির দর্শন করিয়া কি উহার আম্বাদন লাভ করা যায়? তথাপি উক্ত প্রতিবিদ্ধ দর্শন করিয়া ফলের মিষ্টতার আম্বাদন পাইলাম বলিয়া আনন্দ প্রকাশ যেমন হাস্তাম্পদ, সেইরূপ ব্রহ্মের অপরোক্ষার্ভ্তি লাভ না করিয়া, ব্রহ্ম সম্বন্ধে তর্ক বিচার দিদ্ধান্ত করা এবং তাহা হইতে আনন্দান্ত্তব করা ও সেইরূপ হাস্তাম্পদ যে করে তাহা তাহার মৃঢ়তার পরিচায়ক মাত্র।

তাঁহারাই শ্রুতিতে উচ্চকর্গে প্রচারিত করিয়াছেন : —

শৃগন্ত বিশ্বে অমৃতস্ত পুতাঃ, •••••। শ্বে ছাঃ ২।৫

—হে বিশ্বস্থ মানবদেহধারী জীবগণ গুন, তোমরা সকলের অমৃতের পূত্র।
বেদাহমেতং পুরুষং মহান্তম্ আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ ॥ শ্বেতাঃ ৩৮

— আমি তমঃ পারে, স্থোর ন্তায় স্বয়স্প্রকাশ মহাপুরুষকে জানিয়াছি।

৮৮। এ বিষয়ে বাহুলা ভাবে আলোচনায় বিরত হইয়া—অতি সংক্ষেপে
দিগ্দর্শন রূপে বলি ভগবান্ জীববংসল। তিনি "গাণিতিক মনোবৃত্তি"
লইয়া বিশ্বস্তি করিয়া কর্ত্তব্য সমাধা হইল—এই ধারণার নিজের স্বর্গাসনে বসিয়া
থাকেন না। অজ্ঞ জীবকে কল্যাণের পথে চালিত করিবার জন্ম, নিজের অনস্ত
ক্রিয়া, আবরণ করিয়া, ভাহাদেরই একজন হইয়া মর্ভাধামে অবতার গ্রহণ
করিয়া থাকেন। গত শুতায় এই ভারতে পূর্ণস্বরূপে শ্রীরামচন্দ্র রূপ ধারণ
করিয়া, আদর্শ পূত্র, আদর্শ শ্রাতা, আদর্শ স্বামী, আদর্শ কর্ম্মবালী, আদর্শ
কর্ত্তব্যনিষ্ঠ সেনাপতি ও রাজা প্রভৃতি মানব সমাজের সর্বস্তরের সর্ব্বোচ্চ
আদর্শ প্রভিষ্ঠা করিয়া গিয়াছেন। উহার তুলনা মানবের ইতিহাসে নাই।
আজ্ঞ "রামরজা" প্রবাদের মত মুথে মূথে চলিতেছে এবং আমাদের দেশের নেভাগণের সমন্ত্র প্রচেষ্ঠা, ভারতে পূনরায় "রামরাজ্য" প্রতিষ্ঠায় নিয়োজ্যিত।

দাপরের শেষের পাদে পরমপ্রষ শ্রীকৃষ্ণ মৃতিতে প্লমপে এই ভারতেই প্রকটিত হইয়া রাজনীতি, সমাজনীতি, যৃদ্ধনীতি প্রভৃতি দপ্রের যে পরিচর দিয়া গিয়াছেন, তাহা মহাভারতের উচ্চোগপর্লে এক আরও বহুপুলে জনন্ত অক্ষরে লিখিত আছে। ধর্মনীতি, কর্ত্বরনীতির উপদেশ ভগবদ্গীতায় অমর সঙ্গীতে ধ্বনিত হইয়া আজ পর্যন্তও পৃথিবীর সকল সভা দেশের আদর্শহল হইয়া রহিয়াছে। চিত্তরঞ্জিনী বা সৌন্দর্য্যাক্তরিকা বৃত্তির পরিচয়ে, বৃন্দাবনে রাসলীলায় ভগবান্ যে আনন্দের প্লাবন ছুটাইয়াছেন, তাহার হিল্লোল আজিও ভারতের আকাশে বাতাদে এবং নর-নারীগণের হৃদয়ে শিহরণ জাগাইতেছে। শ্রীমদ্ভাগবত পাঠে ইহার কথঞ্চিৎ পরিচয় আমরা পাইয়া থাকি। ভাব প্রবণতা সম্বন্ধে পরিচয় বৈজ্ঞবাচার্য্যগণ অফ্রন্তভাবে দিয়াছেন। তবে সে ভাব আধিভিতিক ক্ষেত্রের নিমন্তরের কল্মতা হইতে বর্জ্জিত—আধিভিতিক দৃষ্টাস্ত গ্রহণ করিয়া, জীবাআ-পরমাত্মার ঘনিষ্ট সম্বন্ধ প্রকটনে বিনিযুক্ত। পরম পুরুষে এ সমৃদায় পূর্ণমাত্রায় বর্তমান আছে বলিয়া এবং উহার প্রতিছায়া ও মানবের অশেষ কল্যাণ সাধিকা বলিয়াই ত ভগবান শ্রীকৃষ্ণ মর্ত্তধানে নিত্যলীকার পরিচয় প্রকটিত করিয়াছিলেন।

২১) পরমতত্ত্ব বা ভগবানের অপরোক্ষামুভূতি বা প্রত্যক্ষদর্শন।

৮৯। উপরে ব্রেমর প্রত্যক্ষাস্থভ্তির কথা বলা হইয়াছে। উহা কি কেবল কথার কথা? ব্রহ্ম বা ভগবতত্ত্ব অধিগত হইলে ব্রহ্ম প্রাপ্তি হয়, ইহা শ্রুতির ঘোষণা। মৃতঃ থাই।ই । সে অবস্থা হইতে বৃৎপানে, জাগাতক ব্যাপারে উদ্বৃদ্ধ হইলে, উক্ত প্রত্যক্ষদর্শী—নিজের পরমানন্দের যৎকিঞ্চিৎ শ্বুতির সহিত, প্রপঞ্চ জগতে নিজ নিজ কর্মফল ভোগকারী মানবগণের ছঃখ, জালা, ষন্ত্রণা, লোক, তাপভোগের দৃশ্যের তুলনায় করুণায় বিগলিত হইয়া, সকলকেই পরমানন্দে প্রতিষ্ঠিত করিবার ইচ্ছায় কাতর হইয়া পড়েন (অফুঃ ৮৭)। তিনিও ত মানবদেহধারী, তাহার যথন এরপ হয়, তথন করুণাময়, জীববৎসল, ভগবানের কথা কি? তিনি জীবগণকে নিজবক্ষে ধারণ করিবার জল্প কর্মানির করিয়াই আছেন। জীব নিজের স্বল্প সীমাবদ্ধ স্বাধীনতার মোহেও পর্বের্ক তাহার দিকে পশ্চাৎ ফিরিয়া—বিষয়ে ধাবিত হয়। ভগবান্ সর্বশক্তিমান ইইলেও, জীবে প্রদন্ত স্বাধীনতায় হন্তক্ষেপ করেন না। অসীম বৈর্ব্যের সৃহিত তাহার মতি পরিবর্তনের অপেক্ষায় থাকেন। প্রাণে প্রাণে ইহা সৃহিত তাহার মতি পরিবর্তনের অপেক্ষায় থাকেন। প্রাণে প্রাণে ইহা স্মৃত্ব করিয়া আাধুনিক কবি গাহিয়াছেন:—

"স্বামিত তোমারে চাহিনি জীবনে, তুমি অভাগারে চেয়েছ। আমি না ডাকিতে, হৃদয় মাঝারে, তুমি এসে দেখা দিয়েছ। ১ ়কত আদরের বিনিময়ে স্থা, শত অবহেলা পেয়েছ। (আমি) হুরে চলে যেতে হুহাত পশারি, বুকে করে ধরে রেথেছ। ২ ও পথে যেওন। ফিরে এস বলে, কাণে কাণে কত কয়েছ। (আমি) তবু চলে গেছি, ফিরায়ে আনিতে, পাছে পাছে ছুটে গিয়েছ। ৩ এই শত অপরাধী পাতকীর বোঝা, হাসিম্থে সথা বয়েছ। (আমার) নিজ হাতে গড়া বিপদের মাঝে, কোলে তুলে নিয়ে রয়েছ ॥" ৪ ২০। পরমতত্ব বা ভগবানের প্রত্যক্ষদর্শন—অতীত কালের বস্তু নয়। অতি আধুনিক কালে, বর্ত্তমান সভ্যতার ও পাশ্চাত্ত্য শিক্ষার কেন্দ্রস্থল কলিকাতার সন্নিকটেই ইহা সংঘটিত হইয়াছিল। স্বামী বিবেকানন্দ (তথন পিতৃদন্ত নরেন্দ্র নাথ নামে পরিচিত) ভগবান ৺রামকৃষ্ণ দেবের নিকট উপস্থিত হইয়া, প্রদক্ষক্রমে অনেকটা অবিশ্বাদের সহিত জিজ্ঞাসা করিলেন—আপনার কি ভগ্বদর্শন হইয়াছে ? আপনি কি ভগ্বানের সহিত আমার সাক্ষাৎ করাইয়া দিতে পারেন ? উত্তরে পরমহংসদেব ইমং হাসিয়া, তখনই বলিলেন, দেখাইয়া দিতে পারে বৈ কি, ও পরে ৺ভবতারিণী মায়ের মন্দিরে যাইতে বলেন। यनित्र रहेर्ड कितिया जानिया नरतरस्त्र जायून পরিবর্তন रहेन। তিনি পরমহংস দেবের চরণে পতিত হইয়া, চোথের জলে সিক্ত করিলেন, একং তাঁহার শিশুত্ব গ্রহণ পূর্ব্বক সন্ন্যাসী হইয়া সমগ্র জীবন শ্রীগুরুর উপদেশানুসারে কার্য্য করিয়া জগতে আদর্শ প্রতিষ্ঠা করিলেন।

২২) বিখে প্রতি পরমাণুতে অচিন্ত শক্তি নিহিত।

১১। উপরে १৫ ও १৯ অনুচ্ছেদে জলপ্রবাহের আবর্ত্ত স্কৃষ্টির নিদর্শনে,
"জ্যোতিষাং জোতি:" হইতে প্রস্তুত জ্যোতি: প্রবাহ বা ভর্গ জাপনি, আপনা
দ্বারা, আপনাতেই স্থানে স্থানে আবর্ত্ত স্কৃষ্টি করা হেতু, বিভিন্ন প্রস্কাণ্ডের
অভিব্যক্তি বা স্ফুটি হইয়া থাকে, বলা হইয়াছে। লক্ষ্য করিতে হইবে যে,
জ্বলপ্রবাহ আবর্ত্ত স্ফুটি করিলেও, ইহার শক্তি কিছুমাত্র ক্ষয়প্রাপ্ত হয় না, বরং
আবর্ত্ত সকলে শক্তি কেন্দ্রীভূত ভাবে বর্ত্তমান রাখিয়া উহা তুলাবেগে অগ্রসর
হইতে থাকে। আবর্ত্ত সকলে কেন্দ্রীভূত শক্তি, সময়ে সময়ে বড় বড় নোকা,
স্থীমার,জাহাজ প্রভৃতিকে।বিপন্ন করিয়া থাকে, ইহা আমাদের প্রত্যক্ষ দৃষ্ট।
সেইরপ ভর্গ—অগণ্য আবর্ত্ত স্ফুটি করিলেও, উহার শক্তির ক্ষয় মাত্র হয় না। উহা
অনস্ত দেশপথে অপ্রতিহত গতিতে তুলাবেগে চলিতে থাকে, অবচ প্রত্যেক

আবর্ত্তে ও তদাসুসঙ্গিক বৃদ্বৃদ্, বৃদ্বৃদ্ চূর্ণ প্রভৃতিতে অচিন্ত শক্তি কেন্দ্রীভৃত ভাবে দঞ্চিত রাধিয়া যায়। সমষ্টিতে যে নিয়ম, বাষ্টিতেও দেই একই নিয়ম। আবর্ত্ত হইতে যেমন সমষ্টি ব্রহ্মাও অভিবাক্ত হইল, সঙ্গে সঙ্গে আবর্ত্তের আত্বান্ধিক বৃদ্বৃদ্ চূর্ণ হইতে বাষ্টি স্থাবর জন্মও অভিবাক্ত হইল। জিন্দ্ সাহেব এই বাষ্টি অভিবাক্তির মূলে "bottled up waves" বলিয়াছেন। অগণ্য ব্রহ্মাও ও ভাহাদের প্রতেকের অন্তর্ভুক্ত স্থাবর-জন্ম অভিবাক্ত করিয়া "জ্যোতিষাং জ্যোতিঃ" হইতে শক্তিরপা, জ্যোতিঃ প্রবাহ অনবরত "পরব্যোম রশ্মি"। cosmic rays) নামে বিচ্ছুবিত হইতেছে এবং অনস্তর্কাল ধরিয়া এরূপ চলিতে পাকিবে।

নহ। এই আবর্ত্ত স্বৃষ্টিতে কি অচিন্তা শক্তি বর্ত্তপান, তাহা একটি পরমাণু গঠনে শক্তির অচিন্তাতার দৃষ্টান্তে ধারণা করিতে গিয়া, আমরা আপনাকে হারাইয়া ফেলি। একটি অণু ধ্বংসে, উহাতে রুদ্ধ শক্তি, মৃক্তি প্রাপ্ত হইয়া গত বিশ্বযুদ্দে জাপানের হিরোসিমা ও নাগাসাকি শহরে যে প্রলয়ন্তর ধ্বংসলীলা বিস্তার করিয়াছিল, তাহা সকলেই অবগত আছেন। উক্ত ধ্বংসলীলার অভিনয়ের জন্য এক একটি শহরে এক একটি মাত্র "আণবিক বোমা" ব্যবহার করা হইয়াছিল। বর্ত্তমানে শুনিতেছি যে, ঢাইড্রোজেন অণু হইতে "হাইড্রোজেন বোমা" নামে অধিকত্তর ধ্বংসশক্তি বিশিষ্ট বোমা আবিদ্ধৃত হইয়াছে। ত্বংবের বিষয় যে, মানবের ভগবৎ প্রদন্ত বুদ্ধি ধ্বংসমূলক কার্য্যেই নিয়োজিত হইল।

কণ থামাদের জীবন শ্বরূপ। উহার শৈত্য, শ্লিগ্নতা প্রভৃতি গুণ আমাদের শ্বপরিচিত। বাম্পরণে উহার প্রসারণী শক্তিতে এঞ্জিন কার্যকরী হইয়া, রেল ও জাহাজ যোগে লক্ষ্ণ লক্ষ্ণ মণ মাল ও লক্ষ্ণ লক্ষ্ণ পথিকগণকে দেশ হইতে দেশান্তরে বহন করে, ইহা আমরা এতদিন জানিতাম। কিন্তু অণু গরিমাণ জলের উপাদানে যে হাইড্যোজেন আছে, তাহার একটি অণুর মধ্যেই প্রলয়ন্বরী শক্তি নিহিত, ইহা কে জানিত? আধিতোতিক বিজ্ঞান এ বহন্ম প্রকাশ করিয়াছে। ইহাতে আমাদের আশ্বর্যা হইবার কিছু নাই। উপরের আলোচনা হইতে আমরা বৃঝিয়াছি যে, বিশাল ব্রহ্মাণ্ড হইতে একটি অতি ক্ষ্মু পরমাণু পর্যান্ত শম্দায়ই, অচিন্তা শক্তিমান হইতে নিংন্তত, তাহারই আত্মভৃত ভর্গ হইতে শম্দায়ই, অভিন্তা শক্তিমান হইতে নিংন্তত, তাহারই আত্মভৃত ভর্গ হইতে প্রভিত্যক্ত। স্বতরাং অনস্ত শক্তি যে একটি অতি ক্ষ্মু পরমাণুতে নিহিত প্রভিত্যক। স্বতরাং অনস্ত শক্তি যে একটি অতি ক্ষ্মু পরমাণুতে নিহিত প্রতিব্যক্ত। স্বতরাং অনস্ত শক্তি যে একটি অতি ক্ষ্মু পরমাণুতে নিহিত প্রতিব্যক্ত। স্বতরাং অনস্ত শক্তি যে একটি অতি ক্ষ্মু পরমাণুতে নিহিত প্রতিব্যক্ত হিছাতে আশ্বর্যাক শক্তিয়াক গ্রেরপ হওয়া ত সঙ্গতই। স্বণতের প্রতিধ্যাকিরে, তাহাতে আশ্বর্যাক গ্রেরপ হওয়া ত সঙ্গতই।

এবোর—প্রতি পরমাণুতে অচিস্তা শক্তি নিহিত, এ সিদ্ধান্ত স্বতঃই আপতিত হয়।

২৩) দেশ ও কাল।

১৪। সৃষ্টির সহিত দেশ—কাল অপরিহার্যাভাবে সংজড়িত, স্বতরাং সৃষ্টির আলোচনার দেশ-কালের আলোচনা অবাস্তর নহে। বর্ত্তমানে আধুনিকতম, স্প্রসিদ্ধ গণিতজ্ঞ ও আধিভৌতিক বৈজ্ঞানিক আইন্স্টাইন্, দেশ ও কাল সমবারে গ্রহণ করিয়া, তাঁহার "আপেক্ষিকবাদ" (Relativity) স্থাপিত করিয়াছেন, এবং তাহা পৃথিবীর সম্দায় আধিভৌতিক বৈজ্ঞানিকগণ গ্রহণ করিয়াছেন। তাঁহার উক্ত আপেক্ষিকবাদ ও তাহার সহিত দেশকালের অপরিহার্যা সম্বন্ধ বিশদ্ভাবে ব্বিতে হইলে, অতি হরহ উচ্চগণিতের আলোচনায় প্রবেশ করিতে হয়। উহা আমার বারা সম্ভব নহে, এবং আমার মনে হয় যে, তাহার প্ররোজনীয়তাও নাই। আমি আমাদের অতি প্রাচীন প্রবিগণ যোগবলে, প্রাভিভ জ্ঞান লাভে যে তত্তের অপরোক্ষ দর্শন লাভ করিয়া প্রচার করিয়াছেন, তাহারই অতি ক্ষীণ প্রতিচ্ছায়ার পরিচয় দিবার চেষ্টা করিব।

মদালেচিত "গায়ত্রী রহস্ত পুস্তকে" (৫২ হইতে কয়েক পৃষ্ঠায়) "ঋতঞ্চ সভাঞ্চ" নমন্ত্রের ব্যাখ্যায়, দেশ-কাল তত্ত্ব ব্রিবার প্রয়াস পাইয়াছি। মৎপ্রণীত, "বেদান্ত প্রবেশ" প্রস্তের একটি সমগ্র পরিচ্ছেদেও ইহার আলোচনা করিয়াছি। এখানে উহার পুনকল্লেথ করিব না। এই স্ত্ত্রের আলোচনার পূর্বের উদ্ধৃত ভাগবতের ১১।২৪।১৯ শ্লোকের যে চিত্র অঞ্চিত করা হইয়াছে, ভাহাতে কালকে "মচ্চেষ্টারূপ" বলা হইয়াছে। এরূপ বলায় "কাল" যে জড়, অচেতন কিছু নহে, ইহা বলা হইল। এরূপ বলায়, বর্তমান বিংশ শতান্ধীর আধিভৌতিক বৈজ্ঞানিকগণের সহিত যে মতবিরোধ ঘটিল, ভাহা বলা বাহুল্য। আমাদের শাস্ত্রাহ্মগরে জগতে সম্লায় চিতেরই থেলা, ইহা পূর্বের বলা হইয়াছে। অক্রছেদ ৭৬)। স্বতরাং কালও চিয়য় বলা সঙ্গতই বটে।

৯৫। ভাগবভ ২।৫।১৪ শ্লোকে বলিভেছেন :---

জব্যং কর্ম্ম চ কালশ্চ স্বভাবো জীব এব চ। বাস্থ্যদেবাৎ পরো ব্রহ্মন্! চাক্যার্থোহস্তি তত্ততঃ ।। ২/৫/১৪

ব্ৰহ্মা নারদকে বলিভেছেন, দ্ৰব্য, কৰ্ম্ম, কাল, স্বভাব ও জ্বীব ইহাদের মধ্যে কোনটিই ৰাম্মদেব হইতে ভিন্ন নহে। ২।৫।১৪ কোনা, শ্রীধরস্বামী বলিতেছেন,—''নান্তি কারণ—ব্যতিরেকাৎ কার্যাশ্র'' কারণ ব্যতিরেক কার্য্যের অন্তিত্ব নাই। স্বামিজী বলিলেন যে. ভগবান্ বাস্থদেব (ভাগবত মতে পরমতত্ব বা ব্রহ্ম) সম্দায়ের একমাত্র কারণ। এখন ভগবান্ বশিষ্ঠদেব দেশ, কাল, দ্রব্য দর্শন সম্বন্ধে কি বলিতেছেন, তাহা ব্রিবার ১৮টা করা যাউক্।

চিদমুর্যত্র ভাতোংদৌ দেশো মিতিমুপাগতঃ। যদা ভাতস্তদা কালো যদ্ ভানং তৎ ক্রিয়াশ্বতম্॥

যোঃ বাঃ নিঃ উঃ ৭৩।১৯।

উপলব্ধং বিহুর্ক্সব্যং দ্রস্ট্,তাপু।পলব্ধতা। আলোকনং দর্শনতা দৃশালোকন কারণম্॥

যোঃ বাঃ নিঃ উঃ. ৭৩।২০

চিদণুর প্রকাশ স্থানই "দেশ" আখ্যায় অভিহিত। দেশই "মিতি" বা পরিমাণ বিশিষ্ট। ওই দেশ যে ক্ষণে প্রকাশ পায়, দেই ক্ষণের নাম "কাল"। ঐ প্রকাশের নাম ক্রিয়া (ইহাই ভাগবতের ২।৫।১৪ শ্লোকে কাণত "কর্ম"), ঐ প্রকাশ—ক্রিয়ার শ্বারা যাহার উপলব্ধি হয়, তাহার নাম "দ্রব্য"—ঐ উপলব্ধিই "দর্শন", উপলব্ধিকারী "দ্রষ্টা" এবং দৃক—উপলব্ধির কারণ।

(याः वाः निः छः १७।১२।२०

ভগবান্ বশিষ্টদেব, পরতত্ত্ব, পুক্ষোত্তম, বা ভগবানকে ''চিদ্ণু'' আখ্যায় আখ্যায়িত করিয়াছেন। ইহার যতদ্র সন্তব, বিশদ ধারণার জন্ম একাচ গোলক করনা করি, যাহার ব্যাদার্দ্ধ দক্ষোচন ও প্রদর্গনীল। এই গোলকের পৃষ্ঠদেশে ও ভিতরে, পর্বত, দাগর, নদী, বন, মক, নগর, দেশ, বিদেশ, স্থাবর, জন্নম প্রভৃতির চিত্র অন্ধিত আছে, মনে করা যাইতে পারে। গোলকের ব্যাদার্দ্ধ যথন উহার স্বভাবগত পরিমাণে থাকে, তথন চিত্রগুলি স্থপরিস্ফুট। ব্যাদার্দ্ধ সন্ধোচ করিলে, চিত্রগুলিও সঙ্গে সঙ্গে সংকৃচিত হইবে। সংকোচের শেষ দীমায় পৌহুছিলে গোলক—তাহার পৃষ্ঠের ও ভিতরের চিত্রগণের সহিত কেন্দ্রে তাদাআভাবে লীন হইবে—আবার ব্যাদার্দ্ধ প্রসরণ করিলে. চিত্রগুলিও পরিস্ফুট হইবে। ইহাই চিত্রে প্রদর্শিত স্কৃষ্টির, স্থিতির ও প্রলয়ের নিদর্শন। এ সম্পর্কে বলিয়া রাখি যে আধুনিকতম জ্যোতিষ শান্তক্ত আধিভৌতিক বৈজ্ঞানিকগণের সিদ্ধান্তামুদারে, আমাদের জ্বগৎ প্রদরণশীল (Expanding universe) । বলা বাহুলা যে, অনুমান করা যাইতে পারে যে, প্রসরণের universe)

একটা সীমা আছে, দোলকের দৃষ্টাস্তে ইহা আমরা সহজে বুনিতে পারি।
ফ্তরাং যুক্তি সঙ্গত ভাবে বলা যাইতে পারে যে, আমাদের জগৎ প্রসরনের
সীমায় পৌছছিলে, ক্রমশঃ সংকুচিত হইতে থাকিবে এবং সংকোচনের সীমায়
পৌছছিলে কেন্দ্রে, তাদাআভাবে মিলিত হইয়া অবস্থান করিবে, ইহাই প্রলয়।
এই কেন্দ্রই "চিদণ্"। পূর্কের আলোচনায় বুঝিয়াছি যে, সম্দায় চিতেরই
থেলা। স্কতরাং যিনি চিতের থেলা বা বিস্তার আত্মন্থ করিয়া, অন্তর্মণ
কেন্দ্রে অবস্থান করেন, তাহাকে "চিদণ্" বলা খুবই সমীচীন—তাহাতে সন্দেহ
কি? তথন দেশ-কাল ও স্প্টের সঙ্গে সঙ্গে কেন্দ্রে লীন হইয়া গিয়াছে,
দে কারণ "অণ্" ও "মহৎ" উভয়ের বিভেদ্প অস্তর্হিত হইয়াছে। দেশ না
থাকায় মহতের ধারণা আমাদের বুদ্ধিতে অসম্ভব বিধায়—"চিদণ্" বলাই
সঙ্গত।

১৬। এই "চিদণু"ই "জ্যোতিষাং জ্যোতিঃ," অধুনা কেন্দ্রীভৃত বলিরা, "অণু"। ইহাতে প্রশ্ন উঠিতে পারে যে, পরমতত্ত্বের বা ভগবানের—তবে কি সঙ্কোচন-প্রসারণরপ অবস্থান্তর আছে? ইহার উত্তর— কথনই নয়। পরমতত্ত্বের দৃষ্টিতে স্কৃত্তি-প্রলয় নাই, দেশ-কাল নাই, অতীত-ভবিশ্রৎ নাই, অণু-মহৎ নাই। তিনি যখন সর্কাধার-সর্কাশ্রয়, তাঁহার আশ্রয় ছাড়িয়া কোনও কিছুর থাকা অসন্তব। স্থতরাং সম্দায়ই বর্তমান আকারে তাঁহার আশ্রয়ে বিশ্বমান। স্কৃত্তি-প্রলয়, অতীত-ভবিশ্রৎ প্রভৃতি আমাদের বৃদ্ধির ব্যাপার মাত্র। আমাদের দৃষ্টিতে যাহা প্রতিভাত হয়, তাহারই একটা মনগড়া এবং মনগড়া বলিয়া আমাদের বৃদ্ধির পরিমাপে যুক্তি সঙ্গত বর্ণনামাত্র।

শারণ রাখিতে হইবে যে, আমাদের মনগড়া এবং আমাদের আপেক্ষিক জগতের দ্বারা প্রভাবিত বৃদ্ধির যুক্তিসঙ্গত হইলেই, উহা যে সর্ব্ধতোভাবে, অবাঙ্মনসোগোচর পরমতত্বে প্রযোজ্য হইবে, তাহা মনে করিবার কারণ কি? শাস্ত্র, যুক্তির প্রাধান্ত দিয়াছেন বটে, তাহা মানবদেহধারী জীবগণের বৃদ্ধির উৎকর্ষ সাধন পূর্বক, শাস্ত্র মানিয়া তৎপ্রদর্শিত পথে অগ্রসরণে অশেষ কল্যাণ প্রাপ্তির সম্ভাবনা জাগাইবার জন্তা। শাস্ত্রবিধি অনুসারে অগ্রসর হইলেই, উক্ত মানবের দৃষ্টি ক্রমশ: খুলিয়া যাইবে, তখন সে নিজে পরমতত্বের স্বরূপ সম্বন্ধে অর্রবিস্তর পরিচয় পাইয়া স্বন্ধিত হইবে, ক্রতার্থ হইবে, জীবন সার্থক বিদিয়া মানিবে, শাস্ত্রের প্রকৃত তত্ত্ব স্বচ্চ দৃষ্টিতে ক্রমশ: প্রতিভাত হইবে, ফলে অধিক উৎসাহের ও তৎপরতার সহিত শাস্ত্রোপ্রদেশ পালন করিতে পাকিবে।

৯৭। উপরে উদ্ধৃত ভাগবতের ২।৫।১৪ স্লোকে "দ্রব্য, কর্ম, কাল, শ্বভাব ও জীব" এই পঞ্চ পদার্থের উল্লেখ আছে। ভগবান্ বলিষ্ঠদেব উপরে উদ্ধৃত শ্লোক হটিতে দ্রব্য, ক্রিয়া (কর্ম) ও কালের পরিচয় দিলেন। জীবের পরিচয় ভগবান্ স্ত্রকার পরে বিস্তারিত ভাবে দিবেন। শ্বভাবের আলোচনা এই স্ত্রের আলোচনার "অনুপ্রবেশ" শীর্ষক অংশে দিবার চেষ্টা করিব।

পণ্ডিতবর স্থপ্রদিদ্ধ আইনস্টাইনের আপেক্ষিকবাদে প্রতিপাদিত হইয়াছে যে, জগতে দৃষ্ট, অদৃষ্ট, সন্তাব্যমান সম্দায় ঘটনা সম্পাদনের জন্ত দেশ ও কালের অপেক্ষা আছে। কিন্তু দেশ-কাল কাহার অপেক্ষা রাথে তাহা তিনি বলেন নাই। আধিভৌতিক বৈজ্ঞানিকের চিন্তায় উহার কোনও স্থান আছে বলিয়া মনে হয় না। তাঁহায় আপেক্ষিকবাদ অপেক্ষা অধিকতর ব্যাপকভাবে, ভগবান্ বশিষ্টদেব জগতন্ত সম্দায়ের আপেক্ষিকত্ব ও দেই আপেক্ষিকতার মূল কোপায়, তাহা তাঁহায় নিজের অপরোক্ষাম্ভাতর ফল শ্বরূপ নির্দেশ করিয়াছেন। অবশ্রই ইহাতে আইন্স্টাইনের অমান্ত করিতেছি না বা তাঁহায় আপেক্ষিকবাদের থর্মতা জ্ঞাপন করিতেছি না। তিনি প্রত্যোক্ষ সত্যামুসম্বিৎস্কর বিশেষ সম্মানের পাত্র, তাহা আমি মৃক্ত কর্পে শীকার করিতেছি ও আমার সশ্রদ্ধ প্রণতি নিবেদন করিতেছি।

চিচ্ বিষিষ্ঠিদেব বলিলেন, চিদ্পুর প্রকাশ স্থানই দেশ, ইহা ব্রিবার চিচ্ বিরব। চিদ্পুই "জ্যোতিষাং জ্যোতিঃ" জ্যোতিয়ান পদার্থ মাত্রেরই স্থভাব এই যে জ্যোতিঃ কেন্দ্র হইতে জ্যোতিঃ রিন্দ্রি দশদিকে সর্ব্বিত প্রস্তুত হইয়া থাকে। "গর্ভ" ও "ভর্গ" উভয়ের রহস্ত আলোচনার ব্রিয়াছি যে, উভয় পদে ব্যবহৃত "গ" অক্ষরের অর্থ হইতেছে গমন—"গর্ভ" সম্বন্ধে অন্তরে প্রবেশ ও "ভর্গ" সম্বন্ধে বহির্গমন—অর্থাৎ উভয় ক্ষেত্রেই কেন্দ্র হইতে দশদিকে প্রধাবন। স্বস্টির পূর্বের দেশের অভিব্যক্তি না থাকায়, "চিদ্পু" কেন্দ্রে নিজের স্বরূপে অবস্থান করা হেতু, বহিরস্তরের কোনও প্রশ্নই উঠে নাই। কিন্দুর ক্ষুরণ হইতেই স্বস্টি। উক্ত ক্ষুরণ হইলেই, রিন্মির প্রসর্বের হেতু, কেন্দ্র হইতে বহিঃ সংঘটনের জন্য "দেশের" অভিব্যক্তি হইল। ক্ষুরণের সম্পে দেশের সহিত সম সময়ে কালেরও অভিব্যক্তি হইল। উদ্ধৃত স্নাম কে বিশিষ্টদেব বলিলেন, যে ক্ষণে ক্ষুরণ (ভাতি) সেই ক্ষনই "কাল"। আমাদের দেশ-কালের প্রভাবে প্রভাবিত বৃদ্ধিতে ব্রিতে হইবে না যে, উক্ত ক্ষণ, নিমেষ বা ভৎপ্রিমিত অল্প সময় মাত্র। শ্লোকে ব্যবহৃত "যদা ভাতস্তদাকালঃ" বাক্যাংশে যদা ভদা,— স্বৃত্তির সমগ্র ছিতি কালকে কক্ষ্যে ভাতস্তদাকালঃ" বাক্যাংশে যদা ভদা,— স্বৃত্তির সমগ্র ছিতি কালকে কক্ষ্যে

করিতেছে। একামণ বুঝিতে হইবে যে, যতদিন কৃষ্টি বর্ত্তমান, ওতদিন "চিদ্পুর" কুরণ বর্ত্তমান, স্বতরাং কালও বর্ত্তমান।

"যদ্ভানং তৎক্রিয়ামতম্"—এই ভানই জগদ্ভান—অর্থাৎ জগতের প্রকাশ বা অভিব্যক্তি। এই অভিব্যক্তিই যূল ক্রিয়া বা কর্ম। ইহা মনে রাধিয়া ভগবান্ স্থিতায় কর্ম সংজ্ঞা নির্দ্ধেশ বলিলেন :—

ভূতভাবোদ্ভবকরে। বিদর্গঃ কর্ম্মদংজ্ঞিতঃ। গীঃ ৮।৩

"বিদর্গা" পদের আভিধানিক অর্থ ত্যাগ। যাহা অন্তরে আত্মন্থ ছিল, তাহা বাহিরে পরিত্যাগ — ইহাই স্ষ্টে। বিশ্ব চিদ্পুর অন্তরে তাদাব্মাভাবে ছিল, তাহার বাহিরে অভিব্যক্তি—ইহাই ভৃতভাবের উদ্ভবকর বিদর্গ—ইহাই কর্ম। এই কারণে ভগবান্ বশিষ্ঠদেব, জগদ্ভানকে ক্রিয়া সংজ্ঞায় সংজ্ঞিত করিলেন। এই কারণেই বৃহদারণ্যক শ্রুতির ১।৬।১-২-৩ মন্ত্রে সমৃদায় নাম, সমৃদায় রূপ, সমৃদায় কর্মই ব্রন্ধের বলা হইয়াছে। এই একই কারণে ঋণ,বেদীয় পুরুষস্ত্তে—পুরুষরই মহাত্যাগের নিদর্শনে, পুরুষ-যজ্ঞের বিবরণ দেওয়া হইয়াছে। পুরুষ—যক্ষ হইতেই স্কৃষ্টির অভিব্যক্তি ইহা বলা বাছলা। কিন্তু শুধু স্কৃষ্টি করিলেই ত কর্ত্বব্য সমাধা হইল না। উহার শ্বিতির ব্যবস্থাও তুল্য প্রয়োজনীয়। প্রকৃত্তি—স্থিতি বা পালনকর্ত্তী মাতা। যিনি একাধারে পিতামাতা-ধাতা। গ্রীঃ ২০১৭)—তিনি আপনাকে পুরুষ-প্রকৃতি ও বিধানকর্তারূপে-স্কৃষ্টি-স্থিতিও জগদ্বিধারণের ব্যবস্থা করিতেছেন। প্রকৃতি-যজ্ঞ সম্বন্ধে আলোচনা বিস্তারিতভাবে "গায়ত্রী রহস্তু" পুস্তকে করিয়াছি। বাহল্য পরিহারের জক্ত উহার উল্লেখ্যাত্র করিয়াই ক্ষান্ত হইলাম।

ন্ত । দ্রব্যের সংজ্ঞা নির্দেশে বশিষ্টদেব বলিলেন:—"উপলব্ধং বিত্র ব্যম্"—

ঐ প্রকাশ দারা যাহার উপলব্ধি হয়, তাহার নাম "দ্রব্য" অন্ত কথায় জগতন্থ
দ্বাবর-জঙ্গমাত্মক সম্দায়। ইহার মধ্যে যে রহস্তাটুকু আছে, তাহার উদ্ঘাটন
প্রয়োজন মনে করি। প্রকাশ উজ্জ্লভাবে বর্ত্তমান থাকিলেও, উহার উপলব্ধি
হয় না। দৃষ্টান্ত স্বরূপ বলা যাইতে পারে যে, যাহারা ব্যোমযানারোহণে
উদ্ধাবন বিচরণ করিয়া থাকেন, তাঁহারা জানেন যে, উদ্ধে বায়ুমগুলের
নিমাংশের কতকদ্র পর্যান্ত, পৃথিবীর ধূলিকণা বিচরণ করিতে পারে, সে পর্যান্ত
প্রকাশ স্করণ স্থ্যালোকের বিকীরণে আকাশ নীলবর্ণ দেখায়। কিন্তু ভাহার

উপরে যেথানে ধূলিকণার গতি নাই, দেখানে স্থ্যালোক অপ্রতিহত ভাবে সঞ্চরমান হইলেও, প্রকাশের কোনও চিহ্ন পাওয়া যায় না। দেখানকার ও তাহার উপরের আকাশ নিবিড় মন্ধকারময় রুঞ্চরণ দেখায়। অবশ্রই তাঁহাদের আকাশ বিমানের উপর পতিত স্থ্যালোক, উহাকে, তাঁহাদিগকে ও বিমানস্থ বস্তমাতকে প্রকাশ করে বটে, কিন্তু, তাঁহাদের চতুর্দ্ধিকে ও উপরাকাশে আলোক প্রকাশের কোনও নিদর্শন পাওয়া যায় না। মতএব জ্যোতিঃ প্রকাশে প্রকাশ্য যাহা কিছু, তাহাই দ্রব্য।

ভাগবত উদ্ধৃত ২।৫।১৪ শ্লোকে ''দ্রবা''শন্ধ বাবহার করিয়াছেন। উছা ঠিক যোগবাশিষ্ঠে বাবহৃত অর্থে নহে বলিয়া মনে হয়। যোগবাশিষ্ঠের ''দ্রবা''—
দ্রবাসাধারণ; ভাগবতের "দ্রবা"—দ্রবোর উপাদান। স্থভরাং বিভেদ—স্থূল ও
স্কন্ধ নির্দেশে; তত্বভঃ নহে।

২৪) ভগবদ্-রহস্তা।

১০০। ব্ৰহ্মনিৰ্দেশে ''ভেজোবিন্দু'' উপনিষৎ বলিভেছেন :—

মুক্তামুক্ত ধরূপাত্মা মৃক্তামুক্ত বিবর্জিজতঃ । তেজাবিন্দু — ৪.৬৫ বন্ধমোক্ষধরূপাত্মা বন্ধমোক্ষবিবর্জিজতঃ । ৪৬৬ সর্ববাসর্ববধরূপাত্মা সর্ববাসর্ববিবর্জিজতঃ । মাদপ্রমোদরূপাত্মা মোদাদিবিনিবর্জিজতঃ । ৯৪৬৭ আনন্দাদি বিহীনাত্মা অমৃতাত্মামৃতাত্মকঃ । কালত্রয়স্বরূপাত্মা কালত্রয়বিবর্জিজতঃ ॥ ৯৪৬৭

[আর কত উদ্ধার করিব ? শ্রুতির ভাষা অভি সরল বলিয়া বাঙ্গলা অর্থ দিবার প্রয়োজন নাই] উপরে উদ্ধৃত শ্রুতির মন্ত্র কয়টিতে লক্ষ্য করিবার বিষয় এই যে, ব্রহ্ম, পরমতত্ব বা ভগবান্ সম্বন্ধে তত্বতঃ "তিনি ইহা ও ইহা নয়" বলা চলে না। যদি তাঁহার নির্দেশের জন্ত, "তিনি ইহা" বলা হয়, তাহা হইলে, তিনি বাক্যের দ্বারা প্রকাশ্য হইয়া পড়িলেন, তাহা সম্পূর্ণ অসম্ভব। আবার অন্ত পক্ষে যদি বলা হয়, "তিনি ইহা নয়"—তাহা হইলে, তাহার সর্ব্বাত্রকতার অপলাপ করা হয়, অবৈতহানি সংঘটিত হয়। অর্থাৎ তিনি ছাড়া অন্ত কিছু "ইহা" থাকার সম্ভাবনা উপস্থিত হয়। কিন্তু সম্নায় বিরোধের সমস্বয় তাঁহাতে—ইহা স্বন্ধা মনে রাখিতে হইবে।

১০১। গীতায় ভগবান্ ইহা স্পষ্টতঃ বলিয়াছেন :—
মংস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেম্ববস্থিতঃ ॥ গীঃ ৯।৪
ন চ মংস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরম্ ।
ভূতভূল চ ভূতস্থো মমাত্মা ভূতভাবনঃ ॥ " ৯।৫
যথা কাশস্থিতো নিত্যং বায়ুঃ সর্বব্রগো মহান্ ।
তথা সর্বাণি ভূতানি মংস্থানীত্যুপধারয় ॥ ", ৯:৬

সমস্তভূতই আমাতে অবস্থিত বটে, কিন্তু আমি ভূতে অবস্থিত নহি। ।।৪-শ্রীমৎ শ্রীধর স্বামী "মৎস্থানি" পদের অর্থ করিতেছেন—"কারণভূতে ময়ি ভিষ্ঠস্তি"—কারণরপ আমাতে স্থিত। ইহাতে মনে সন্দেহ হইতে পারে যে, মৃদ্ঘটের কারণ ত মৃত্তিকা—উহা ঘটের সর্বত্ত ব্যাপিয়া অবস্থান করে, প্রত্যক্ষ দেখা যায়। তবে কি ভগবান্ প্রত্যেক ভৃতের অন্তরে বাহিরে অবস্থান করেন। এই সন্দেহ নিরসনের জন্ম ভগবান্ সঙ্গে বলিতেছেন, না, আমি ভূতে অবস্থিত নহি। আরও বলিতেছেন যে, আমার আত্মা (পরমস্বরূপ) ভূতগণের ধারক ও পালক হইলেও আমি ভৃতত্ত নহি। আমি নিরহকার, অসক ও উদাসীন বলিয়া কাহারও সহিত আমার সংশ্লেষ মাত্র নাই। দুষ্টান্ত স্বরূপ দেখ, বেষন গমনশীল বায়ু নিভাই আকাশে স্থিত, দেইৰূপ ভূতসকল আমাভে স্থিত অবগত হও। २।৫-৬। ভগবান্ বুঝাইলেন যে, তিনি সম্দায়ের কারণ হইলেও নিষ্কারণ—আমাদের দৃষ্টিতে আমরা কারণ ও কার্য্যের বিভিন্নত্ব দেখিয়া থাকি কিন্তু ভাহা প্রকৃত দর্শন নহে। পরমতত্ব বা ভগবানে ভাহা প্রযোজ্য নহে। তিনি সর্বাধার বলিয়া, জগতস্থ সমুদায় তাঁহার আধারে বর্তমান থাকিলেও, আধেয়ের সহিত তাঁহার সংশ্লেষ মাত্র নাই। স্বতরাং বর্ত্তমান আলোচ্য স্থতে ব্রহ্ম বা ভগবান্ জগতের ও তদস্ভর্ভুক্ত সম্দায়ের উপাদান ও নিমিত্ত কারণ বলিয়া কথিত হইলেও এবং ভাগবত উপরে উদ্ধৃত ৬।৪।২৫ শ্লোকে সম্দায় কারক ব্যাপার তাঁহাতে স্পষ্টতঃ বলিলেও, ইহা সর্ক্রা মনে ব্লাথিতে হইবে, আপেক্ষিক-ভার প্রভাবে প্রভাবিত আমাদের মনের ভাব বা ভাষা, পরমতত্ত্বে বা ভগবানে সর্বতোভাবে প্রযোজ্য নহে। ইহা তত্ত্তঃ সত্য নহে। অজ্ঞ শিশ্তের বোধ সৌকর্যার্থ বলা হইয়াছে নাত্র। এই প্রশ্ন "নাম মহিমা" পুস্তকে উত্থাপন করিয়া যাহা বলিয়াছি, ভাহাই উদ্ধত করিভেছি।

১০২। "প্রত্যক্ষ দৃষ্টিতে আমরা স্পর্কনিবে জানি যে, কারণ—কার্য্যের পূর্ববর্তী ও কার্য্য—কারণের পরবর্তী; কিন্তু ব্রহ্ম বা পরতত্ত্ব, এমন একটি বস্তু; থাহাতে পূর্ব্বস্থ-পরস্থ বর্ত্তমান নাই। স্থতরাং তিনি কারণ হইবেন কিরূপে। ভগবান্ বনিষ্ঠদেব বলিতেছেন:—

> হেতুষাভাবতো ব্রহ্ম কাগ্যহাভাবতস্তথা। অবৈতেনাতিগন্তাত্মা ন চ কাগ্যং ন কারণম্॥

> > যোঁঃ বাঃ নিঃ পৃঃ ৯৫।১২

অকর্তৃকর্মকরণম্ কারণম্ বীজ্বকম্। অপ্রতর্ক্যমবিজ্ঞেয়ং ব্রহ্মা কর্তৃ কথং ভবেৎ॥

যোঃ বাঃ নিঃ পৃঃ ৯৫।১৩

যাহা পূর্ব্বগত, তাহা কারণ, যাহা পরগত তাহা কার্য। ব্রক্ষে পূর্বজ্বলপরত্ব বর্তমান না থাকায়, তাঁহাকে কারণ বা কার্য্য বলা চলে না। তিনি সর্ব্বাতীত। তাঁহার-কর্তৃত্ব-কর্মত্ব-করণত্ব-কারণত্ব নাই। উপাদান বা নিমিত্ব কারণত্বও নাই। তিনি বিচারাতীত, জ্ঞানাতীত। তাঁহাতে কর্তৃত্বারোপ হইবে কিরপে? যোঃ বাঃ নিঃ পূঃ ১৫।১২-১৩।

তবে যে ব্রহ্মকে জগতের—উপাদান ও নিমিত্ত কারণ বলা হয়, তাহা "অরুদ্ধতী ন্যায়ে" প্রত্যক্ষ দৃষ্ট বাহ্ বিষয়ের দৃষ্টাস্তে, মানবের ভাষায় স্বভাবগত অক্ষমতা স্বত্বেও, ভাষায় প্রদত্ত বাচনিক উপদেশের মধ্য দিয়া অজ্ঞ শিগ্রের বৃদ্ধিকে স্থুল দৃষ্টপ্রপঞ্চ হইতে ক্রমশং পরম স্ক্র তত্ত্বরূপে—উপনীত করিবার জন্য। স্মরণ রাথিতে হইবে যে, পারমার্থিক দৃষ্টিতে একমাত্র পরমতত্তই বর্তমান। জগতের পৃথক্ অস্তিত্ব নাই। তিনি "জ্যোতিষাং জ্যোতিং"। কিরণ বিক্ষুরণ জ্যোতিংর বিশেষত্ব। এই কিরণ-বিক্ষুরণ হইতেই জগতের অভিব্যক্তি। কিরণ যেমন "জ্যোতিষাং জ্যোতিং" হইতে পৃথক্ নহে, সেইরপ জগৎও ব্রহ্ম হুইতে পৃথক্ নহে।

১০০। "পারমার্থিক দৃষ্টিতে এরণ হইলেও, ব্যাবহারিক জগতের অপলাপ করা যায় না। যে কারণেই হউক, যথন আমরা ব্যাবহারিক জগতের অস্তর্ভুক্ত হইয়া পড়িয়াছি ও ব্যবহার সম্পাদন করা এবং ব্যাবহারিক জগৎ হইতে ক্রমশঃ আমাদিণের নিজ স্বরূপে প্রভাবর্ত্তন করিবার জগ্য প্রচেষ্টা প্রয়োগ, আমাদের নিয়তি, তথন ব্যাবহারিক জগতের—আপেক্ষিক সভাতা অস্বীকার করা যায় না। যতদিন আমাদিণের সম্বন্ধে ব্যাবহারিক জগৎ ও তাহাতে আমাদের ব্যবহার সম্পাদন চলিতে থাকিবে, ততদিন জগৎ সৃষ্টি, সৃষ্টিকর্ত্তা, শাস্তের উপদেশ প্রভৃতি

সমুদায় মানিয়া পরমপুরুষার্থ পথে অগ্রসর হইতে চইবে। ততদিন স্থাদরের অন্তস্থলে দৃঢ় বিশ্বাস করিতে হইবে যে—

ঈশ্বরঃ সর্বভূতানাং ক্লদেশেহর্জুন তিষ্ঠতি।
ভাময়ন্ সর্বভূতানি যন্ত্রারুঢ়ানি মায়য়া ॥ গীঃ ১৮/৬১
তমেব শরণং গচ্ছ সর্বভাবেন ভারত।
তংপ্রসাদাং পরাং শান্তিং স্থানং প্রাপ্তিমি শাশ্বতম্॥

গীঃ ১৮।৬২

ভতদিন পর্যান্ত আমাদিগকে বুঝিতে হইবে যে, সম্দায় ধর্মাধর্ম পরিত্যাপা করিয়া ভগবানে শরণাগতি প্রয়োজন √ শরণ গ্রহণ করিলেই ভগবান্ সম্দায় স্বসম্পন্ন করিয়া দিবেন। ইহা যে তাঁহার নিজের অঙ্গীকার। কুরুক্ষেত্র রণাঙ্গণে সমিলিত জীবগণের সমক্ষে উদাত্ত কণ্ঠে বলিয়াছেনঃ—

সর্ববিধর্মান্ পরিত্যঙ্গ্র মামেকং শরণং ব্রজ। অহং ত্বাং সর্ববিপাপেভ্যো মোক্ষয়িয়ামি মা শুচঃ ॥ গীঃ ১৮:৬৬

১০৪। "ভগবান্ যে সর্বাত্মক, তাহা পূর্বে বলা হইয়াছে। কঠ শ্রুতি একটি মন্ত্রে ইহা অতি স্থন্দরভাবে বিবৃত করিয়াছেন। উহা ভগবদ্-রহস্ত , অতি সংক্ষেপে জ্ঞাপনে অত্যন্ত উপযোগী বলিয়া উহা উদ্ধৃত করিবার প্রলোভন জ্যাগ করিতে পারিলাম না। মন্ত্রটি এই :—

হংসঃ শুচিষদ্ বস্তুরস্তরিক্ষসদ্ধোতা, বেদিষদতিথিতু বোণসং।
নুষদ্ বরসদ্ ঋতসদ্ বোামসদ্ অজা গোজা ঋতজা অদ্রিজা ঋতং বৃহৎ॥
কঠ-২।২।২

পরব্রহ্ম, পরমাত্মা বা ভগবান্ দর্মপূরে বাস করেন বলিয়া—"হংসঃ" নামে প্রসিদ্ধ। সর্মত্র গমন করেন বলিয়া—উক্ত নামের সার্থকতা। "শুটি" বা ছালোকে স্থাক্রপে অবস্থান করেন বলিয়া—"শুটিষং", সমস্ত ভূতকে বাসস্থান প্রদান করেন বলিয়া—"বস্থ", অস্তরিক্ষে (আকাশে) বায়্রূপে অবস্থান করেন বলিয়া—"অন্তরিক্ষনং", স্বয়ং অগ্নি (জ্ঞান) স্বরূপ বলিয়া—অথবা যে আত্মারূপে শব্দাদি বিষয় সকল ভোগ করেন বলিয়া—"হোতা", পৃথিবীরূপ বেদিতে উক্তরূপ হোতার আশ্রয়ে বাস করেন বলিয়া—"বেদিষং", তিনিই সোমরূপী "অতিথি" এক সোম বা ভোগারূপে ত্রোণে বা কলসে অবস্থান করেন বলিয়া—"ত্রোণসং"।

নু—বা মহন্ত সমূহে অবস্থান করেন বলিয়া—"নুষং", দেবতা প্রভৃতি প্রেষ্ঠ ভূতে অবস্থান করেন বলিয়া—"বরসং"। স্বত—যজ্ঞ বা যজ্ঞফল—কর্মফল—অথবা জগচ্চক্র পরিচালনের নিয়মপরম্পরা প্রভৃতিতে অবস্থান করেন বলিয়া—"স্বতসং"। আকাশে প্রাণ-শক্তির কারণীভূত তেজঃরূপে অবস্থান করেন বলিয়া—"ব্যোমসং"। অলে পদ্ম, কুমৃদ, কহলার, শঙ্খ, শসুক, মৃক্তা, মকর, তিমি, মংস্থ প্রভৃতি রূপে অবস্থান করেন বলিয়া—"অজ্ঞা", পৃথিবীতে ধাস্তা, গোধ্ম, যব, ওম্বধি প্রভৃতি ও বৃক্ষ-লতাদিরূপে উৎপন্ন হন বলিয়া—"গোজা", যজ্ঞাঙ্গে দ্রব্যাদিরূপে প্রকৃতিত হন বলিয়া—"স্বত্তা", পর্বত হইতে নদী, প্রস্তবণ, ধাতু প্রভৃতি আকারে প্রকাশ পান বলিয়া—"অদ্রিজা", তিনি সত্যস্বরূপ, সর্ব্বাত্মা হইয়াও অবিতথ স্থভাব বলিয়া—"স্বত" এবং সর্ব্ব জগতের কারণ বলিয়া—"বৃহৎ"।

ভিপরে "হংসং"পদের অর্থ শ্রীমচ্ছন্বরাচার্য্যের ভায়্যানুসারে দেওয়া হইয়াছে—
আমার মনে হয় যে, উহার আর একটি স্থন্দর অর্থ হইতে পারে। "হংসং" =
"অহং + সং" = আমিই সেই—'অহং'-এর "ম" কারের লোপ। ইহার অর্থ
হইতেছে—ব্রন্ধা হইতে স্থাবর পর্যান্ত অহং—প্রত্যেয় বেল্ল যতিকিছু "হংস" পদের
ব্যাপক অর্থ। একখণ্ড প্রস্তর বা একতাল মৃত্তিকা ও তাহার আকার,
পরিমাণ, গুরুত্ব, ভার প্রভৃতি অপর হইতে পৃথক হওয়া হেতু, "অহং"
প্রভ্যেয়ের পর্য্যায়ে কেন না পড়িবে ? বিশেষতঃ যথন সম্পায়ই চিতের প্রকাশভাব, তথন উক্তরূপ অর্থও সঙ্গত কেন না হইবে ? পরস্থিত গুটিষৎ হইতে
ক্ষতং-বৃহৎ প্রভৃতি সম্পায়গুলি—"হংস" পদের দৃষ্টাস্ত স্থরূপ মনে কেন না করা
যাইবে ? স্থাবরেও অহং প্রত্যয়ভাব বর্তমান, তাহা বর্ণিষ্ঠদেব যোগবানিষ্টে
নির্ব্যাণ উত্তরভাগে-১৭০ অধ্যায়ে—০-৪-৫ শ্লোকে স্থন্সন্ট বলিয়াছেন। গ্রন্থ
বাহল্য পরিহারের জন্য উদ্ধৃত করিলাম না।

এই মন্ত্রটি হইতে আমরা বুঝিলাম যে, ব্যবহারিক জগতের যত কিছু সম্পায় ভগবানের প্রকাশমৃত্তি। আমাদের ব্যবহার সম্পাদনের জন্ম উহাদের প্রকটন। ছান্দোগ্য শ্রুতিতে ৪।৫।২-৩ মন্ত্রে ব্রহ্মের এক পাদের নাম "প্রকাশবান" উক্ত হইয়াছে।

২৫) ব্যাবহারিক জগৎ।

১০৫। উপরের আলোচনায় আমরা ব্যাবহারিক জগতের উল্লেখ পাইয়াছি। ব্যাবহারিক জগতের পৃথক নাম শুনিয়া মনে সন্দেহ স্টতে পারে যে, তবে পারমার্থিক জগৎ বলিয়া কি অক্ত একটি স্পাৎ আছে। ইহার উত্তর এই যে—নিতাধামকে পারমার্থিক জগৎ বলা হইয়া থাকে, তাহা হইতে পৃথ্ধকত্ব বুঝাইবার জন্ম "মায়াপ্রপঞ্চ"—কে "ব্যাবহারিক জগৎ" বলা হয়। ত্রিপাদ বিভূঁতি মহানারায়ণোপনিষদে উক্ত হইয়াছে যে, ব্রন্ধ-পরমতত্ব ভগবানের এক পাদে এই প্রপঞ্চ জগৎ—ইহা অবিভাপাদ নামে কথিত, অন্ম ত্রিপাদ অমৃত লোকে অবস্থিত। পুক্ষস্কত্তও বলিয়াছেন "পাদোহস্ম বিশ্বাভূতানি, ত্রিপাদস্মাহমৃতং দিবি"—এক পাদে এই প্রপঞ্চ জগৎ ও তদস্কভূঁক্ত ভূতজাত, অন্ম ত্রিপাদ অমৃতলোকে। এই এক পাদ—"অবিভাপাদ" বলিয়া কথিত হইবার কারণ এই যে, এই পাদে অবিভা বা ভগবানের বহিরঙ্গা-শক্তি-রূপা মায়ার প্রভাব, ভগবানেরই সংকরে ক্রিয়াশীল। ইহারই অপর নাম "মায়াপ্রপঞ্চ"। ১১৭ অমুচ্ছেদে যে সৃষ্টি চিত্র দেওয়া হইয়াছে, উহাতে ত্রিপাদ বিভৃতি মহানারায়ণোপনিষদে কথিত অবিভা বা মায়াকে বিশ্লেষণ করিয়া, প্রধান বা গুণমায়া, অবিভা বা জীবমায়া এবং বিভা—এই তিন নামে দেখান হইয়াছে। মনে রাখিতে হইবে যে, এই বিভা—নিরপেক্ষ ব্রন্ধবিভা নহে—ইহা অবিভার সহিত আপেক্ষিক সম্বন্ধে সম্বন্ধ—ইহার ঘারা অবিভার শক্তি প্রতিহত ও পরাভূত হইয়া থাকে।

প্রধান বা গুণমায়া হইতে বিশের অভিব্যক্তি, উক্ত চিত্র অনুধাবন করিলে বুঝা যাইবে। ইহা 'প্রাধানিক স্বষ্ট'' বলিয়া বৈষ্ণবাচার্য্যগণের দ্বারা ক্থিত। তাঁহারা বলেন, ইহা একান্তিক মিধাা নহে, নশ্বর মাত্র। ইহার সাক্ষাৎ পরে পাইব। এই প্রাধানিক স্ঠি—বিদ্বান্ ও অবিদ্বান্ উভয়ের তুলারূপে প্রত্যক্ষণিদ। বিদ্বান অর্থাৎ ব্রহ্মজ্ঞান বিশিষ্ট জনগণ ইহাকে কিরপ ভাবে দর্শন করেন, তাহার পরিচয় ভাগবত ২০ অনুচ্ছেদে উদ্ধৃত ১১।২।৩০ শ্লোকে দিয়াছেন। তাঁহারা যত কিছু দেখেন, সমৃদায় শ্রীহরির শরীর মনে করিয়া ভক্তিভরে অনক্তচিত্তে প্রণাম নিবেদন করেন। কিন্তু অবিদান্, সাধারণ মানব কি তাহা করিতে পারেন? আমরা সাধারণ মানব, অবিদ্যার অন্ধকারে নিমজ্জিত। আমাদের শরীর প্রাধানিক স্টের উপাদানীভূত, পঞ্মহাভূত, মনঃ, বুদ্ধি, অহংকার প্রভৃতির দারা গঠিত হইলেও এবং উহা আমাদের আত্মা হইতে পৃংক, ইহা মুথে আওড়াইয়া গেলেও, উক্ত অদৎ শরীরের—আত্মভাব আরোপ করিয়া 'আমি কুশ, আমি কুল্ল, আমি ছংখী, আমি দরিত্র, আমার পুত্র ক্তা, আমার স্ত্রী, আমার গৃহ, আমার সম্পত্তি"—প্রভৃতি অবিদ্যা প্রচোদিত এবং সেকারণ মিথ্যা সমন্ত্র পাতাইয়া তু:খ, ক্লেশ, যন্ত্রণা ভোগ করিয়া থাকি। ইহাই আমাদের वाविश्वादिक खग९। आमारमद जीविष्ठ काल, आमदा आमारमद हर्ज्यम्दर প্তাবর-জন্দম যাহা কিছু আমরা আমাদের ইন্দ্রিয়দ্বারে দর্শন, প্রবণ, দ্রাণ- গ্রহণ, আস্বাদন, শীতোঞ্দি অহভব করিয়া থাকি, সম্দার লইয়া আমাদের

ব্যাবহারিক জগৎ। আমাদের আত্মীয়, শক্র, বন্ধু, প্রতিবেশী, উদাসীন প্রস্তৃতি
সর্ব্বপ্রকার মানবের সহিত, পশু, পক্ষী, কীট, পতঙ্গ প্রভৃতি সর্ব্বপ্রকার জীবের
সহিত, পাথর-কাঠ—জল-ফুল-ফল-শস্ত প্রভৃতির সহিত ব্যবহার—ইহার
অন্তভুক্তি বলিয়া ইহার নাম ব্যাবহারিক জগৎ।

১০৬। ভগবান্ শঙ্করাচার্যা ও তাঁহার পদানুসারী অবৈতপদ্বিপণ, জগৎ প্রপঞ্চকে অর্থাৎ প্রাধানিক ও ব্যাবহারিক উভয়কে, রজ্জ্—সর্পের ন্থায় মিথ্যা বলিয়া থাকেন।

বৈষ্ণবাচার্য্যাগণ বলেন যে,—রজ্ব ও সর্প উভয়েরই আপেক্ষিক সভ্যতা বর্তমান, কিন্তু উহাদের পরম্পর সম্বন্ধ মাত্রই মিথা।—উক্ত সম্বন্ধ ভ্রান্তি দারা প্রতিষ্ঠিত, স্বতরাং মিথ্যা ভিন্ন আর কি হইবে ? কিন্তু উক্ত সম্বন্ধ মিথ্যা বলিয়া, যেমন রজ্জু ও দর্পকে মিথা। বল। যুক্তি ও বিচার বহিভূতি, দেইরূপ প্রাধানিক স্ষ্টি—জগৎ প্রপঞ্চ, দেহ, গেহ, ধন, জন প্রভৃতিতে "আমি ও আমার" জ্ঞানই মিথা। এই সম্বন্ধ আমরা অবিদ্যা বশতঃ পাতাইয়া থাকি। সম্বন্ধ মিথ্যা হইলেই জগৎ প্রপঞ্চ, দেহ, গেহ প্রভৃতি মিথ্যা হইবে কেন? উহার। ত আমাদের কৃত নহে। উহারা ত ভগবানেরই বিভৃতি বিকাশ। ঋণ,বেদের —পুরুষস্ত্তে স্পষ্ট কথিত আছে 'পুরুষ এবেদং দর্কাং যদৃভূতং যচ ভাব্যম্"-পরিদৃখ্যমান ও তাহার অস্তর্ভুক্ত যা কিছু, ভূত ও ভবিষ্তং বিশ্বের জীবগণ ও তাহাদের অস্তর্ভুক্ত যা কিছু-সমুদায় পুরুষই। ছান্দোগ্য শ্রুতিও ম্পষ্ট বলিয়াছেন, "দর্বাং খলিদং ব্রহ্ম"—পরিদৃশ্যমান দর্বা ব্রহ্মই। অবৈতপদ্বিগণ বলেন, উহা আমরা তত্ত্তঃ স্বীকার করি। উত্তরে বৈঞ্বাচার্ঘ্যগণ বলেন, তথু তত্ততঃ কেন? জীবস্থ সম্বন্ধ মিখ্যা বল, তাহাতে আপত্তি নাই, ঈশস্ট যাহা কিছু, ভাহাকে ''দৰ্অকাল-সভাক" সত্য না বল, তাহাতেও আপত্তি নাই, কিন্তু উহা ঐকান্তিক মিথ্যা হইবে কেন? ভগবানের সংকল্প বশতঃ নশ্বরত্ব উহার সহিত জড়িত। উহার আপেক্ষিক সত্যতা স্বীকার করিবে না কেন ?

দাধারণ ভাবে উভয়ের মতবাদ কথিত হইল। প্রণিধান পূর্বক অন্থাবন করিলে প্রতীয়মান হইবে যে, বিরোধ শুধু তর্ক শাস্তের বিতর্ক মাত্র—বৃদ্ধির করিলে প্রতীয়মান হইবে যে, বিরোধ শুধু তর্ক শাস্তের বিতর্ক মাত্র—বৃদ্ধির ক্রিয়া ভিন্ন, আরু কিছু নহে। ভগবান্ শঙ্করাচার্য "সর্ব্ব-কাল-সন্তাক" বস্তুকে সভ্য বলিয়াছেন, সে কারণ যাহা অসর্ব্বকাল-সন্তাক—অন্ত কথায় নখর, ভাহা তাহার উক্ত পরিভাষামুসারে মিথা। পর্যায়ে পড়িতে বাধা। অত্রতব বিরোধ শুধু পরিভাষায় মাত্র। অন্ত পক্ষে ভগবান্ শঙ্করাচার্য্য ব্যাবহারিক জগৎকে অপলাপ করেন নাই, তিনি ইহা স্বীকার করিয়াছেন।

১০৭। স্প্রসিদ্ধ বৈঞ্চবাচাধ্য জীবগোস্বামী বৈঞ্চবাচার্য্যগণের উপরে কণিত যুক্তি বিচার গ্রহণ করিয়া পূর্বে ৫০ অমুচ্ছেদে উদ্ধত ভাগবতের ১১৷৩৷৬৮ শোকের তাঁহার ক্রমসন্দর্ভ টীকায় বলিতেছেন যে, ব্রহ্ম বা ভগবান্ (১) তাঁহার স্বরূপে, (২) তদ্রুপ বৈভবে, (৩) জীব, (৪) প্রকৃতি বা প্রধান এই চারিরপে চির বিদ্যমান। দৃষ্টান্ত স্বরূপ, তিনি স্র্যোর নাম উল্লেথ করিয়াছেন। স্থ্য বলিলে, যেমন আমরা মণ্ডলের অস্তরস্থ (১) জ্যোতির্ময় সবিত মণ্ডল মধ্যবন্ত্রী নারায়ণ, (২) মওলের বাহিরে তেজোমওল, (ইংরাজী নাম Photosphere), (৩) তেজোমণ্ডল হইতে সর্বাদিকে প্রস্ত রশ্মি প্রবাহ, (8) প্রতিচ্ছায়া বা আভাদ (Radiated বা diffused rays), এই চারিভাব একত্রে ধারণা করিয়া থাকি, ব্রহ্ম বা ভগবান্ সম্বন্ধেও সেই প্রকার। কেন্ত্র তিনি—ভগবান্ বশিষ্ঠদেব কথিত (১) "চিদণ্" রূপে, (২) তাঁহার রূপ বৈভবে—অর্থাৎ পুরুষস্থক্তের ভাষায় পাদবিভৃতি ও ত্রিপাদ বিভৃতিরূপে (৩) জীবরূপে ও (৪) প্রধান বা প্রকৃতি রূপে চির বিগুমান। স্থতরাং সৃষ্টি চির-বিদ্যমান। স্ষ্টির অন্তর্ভুক্ত—অসংখ্য ব্রহ্মাগুগণের মধ্যে, কোনও বিশেষ কারণে কোনও বিশেষ ব্রহ্মাও প্রলয়ে ধ্বংসপ্রাপ্ত হইলেও সমগ্র স্টির বিনাশ নাই। প্রবাহরূপে চির বিভয়ান। ইহাই সঙ্গত। চিদপুর ক্ষুরণ ত চির বিভয়ান। এইজকু মাণ্ডকা কারিকায় ও অধ্যাত্মরামায়ণে উহা "সরুদ্ বিভাতম্" বলা হইয়াছে। "সক্রং" শব্দের অর্থ—একবার মাত্র বটে। কিন্তু উক্ত "সক্রং বিভাতম্" পদে "সক্কং" সংখ্যাব্যচক "এক" অর্থে ব্যবস্থত হয় নাই। 'দীঞ্চি কথনও বুদ্ধি বা ক্ষয় প্রাপ্ত হয় না, সমান ঔচ্ছলো চিরবর্তমান, ইহা প্রকাশ করাই অভিপ্রায়।

১০৮। সৃষ্টি প্রবাহরূপে চির বিভ্যমান বলা হইয়াছে। ইহার প্রত্যক্ষ
দৃষ্টান্ত আমাদের শরীরাভান্তরন্থ রক্ত কণিকায় দেখিতে পাই। উহারা এত
ক্ষুদ্র যে স্টাগ্র পরিমিত এক বিন্দু রক্তে, উহাদের লক্ষ লক্ষ বর্ত্তমান থাকে।
শক্তিশালী অণুবীক্ষণের সাহায্যে, উহারা আমাদের প্রত্যক্ষের বিষয়ীভ্ত
হইয়াছে। উহারা জীবাণু—উহাদের জন্ম, বৃদ্ধি, সন্তানোৎপত্তি, নাশ—সাধারণ
জীবের ভায় বর্ত্তমান আছে। উহাদের প্রত্যেকের জীবিত কাল অতি অল্প।
উহার্। আমাদের দেহের বর্দ্ধন, পোষণ, রক্ষণ করিয়া থাকে। উহাদের
কাহারও কাহারও মৃত্যুতে আমাদের দেহের কোনও ক্ষতি হয় না। অন্য রক্ত
কণিকা জন্ম গ্রহণ করিয়া, প্রবাহরূপে উহার স্থান পূরণ করিয়া থাকে।
স্পিতিতও তাই। কোনও ব্রহ্মাও প্রলয়ে ধ্বংসপ্রাপ্ত হইলে, অন্য ব্রহ্মাও

ব্দজিবাক্ত হইয়া উহার স্থান পূরণ করিয়া থাকে। স্থতরাং স্পৃষ্টি অনাদি ও প্রবাহরূপে যে চির বিভ্যমান ইহা বুঝা গোল।

আচার্য্য জীবগোস্থামীর উপরে উদ্ধৃত উক্তির উপর ভিত্তি করিয়া, ভাগবভের টীকাকার মহামহোপাধ্যায় পণ্ডিত ৬ বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় লিথিতেছেন:—

কার্য্যং প্রাধানিকং সভাং কার্য্যমারিত্যকং মৃষা।
নিতাং তদ্ভক্তিসম্বন্ধমিদং তৎ ব্রিভয়াত্মকম্॥১
প্রাধানিকাঃ স্থার্দেহাস্তদ্ধর্মা আবিত্যকাঃ পুনঃ।
জীবেষু ভত্তৎ সম্বন্ধো ভক্তিশ্চেমিগুণাশ্চক॥২
চিজ্জীবমায়া নিত্যাঃ স্থান্তিশ্রঃ কৃষ্ণস্থ শক্তয়ঃ।
তদ্বৃত্তয়শ্চ তাভিঃ স ভাত্যেকঃ পরমেশ্বরঃ॥৩
কার্য্যকারণয়োবৈক্যাচ্ছক্তিঃ শক্তিমতোরপি।
একমেবাদ্বয়ং ব্রহ্ম নেহ নানাস্তি কিঞ্চনঃ॥৪

ভাগবতের ২।৯।৩৫ শ্লোকের বিশ্বনাথ চক্রবর্ত্তীর টীকা।

প্রাধানিক কার্য্য (সৃষ্টি) সভ্য, আবিছ্যক সৃষ্টি মিথাা। ভগবানে জীবের ভক্তি সম্বন্ধ নিত্য। সৃষ্ট জগৎ এই ত্রিভয়াত্মক এ১। দেহ সকল প্রাধানিক কার্য্য, দেহ ধর্ম সকল বথা কৃৎ-পিপাসা-রোগ-শোক-মোহ ইভ্যাদি অবিছা সভ্তত। জীব সকল এই সকলের সহিত সম্বন্ধে বন্ধ হয়। ভগবানে ভক্তি থাকিলে, উহারা নিগুণ হইয়া থাকে, বন্ধ করিতে পারে না ।২।

চিৎ, জীব ও মায়া তিনই নিত্য, তিন-ই কৃষ্ণের শক্তি। উহাদের ও উহাদের বৃত্তিগণের সহিত, তিনি এক অবিতীয় পরমেশ্বররূপে প্রকটিত হন॥৩

কারণ—কার্য, শক্তিমান—শক্তি, অভেদ হেতু, একমাত্র অধ্য় ব্রহ্মই তথ। জগতে নানা কিছুই নাই ॥।

অতএব ব্যাবহারিক জগৎ সত্য বলিতে হয় বল, মিখ্যা বলিতে হয় বল, তাহাতে কিছুই আসে যায় না। ভাগবত ১০1১৪।১২ শ্লোকে উহা "অস্তি—নাস্তি—ব্যপদেশভূষিতম্" বলিয়াছেন। তত্ত্বতঃ যাহাই হউক, কিন্তু মুখে ভোভা পাখীর ন্যায় আওড়াইয়া গেলেই কি আমরা মনে প্রাণে অস্তুত্ব করিতে পারি যে, ব্যাবহারিক জগৎ মিখ্যা ? সংসারের দারুল পেষণে সংপিষ্ট হইয়া "পরিআহি" তাক ছাড়িতেছি, ত্রিভাপ দহনে দক্ষ-বিদশ্ধ হইয়া আলায় ছট্কট্ করিডেছি,

ভবন কি হৃদয়ে ধারণা করিতে পারি যে, দহন জালা মিথা।? বিনি ইহা
পারেন, তিনি ত আমার প্রণম্য, তিনি জ্ঞানের অতি উচ্চ ভূমিকায় প্রতিষ্ঠিত।
তাঁহার জন্ম এ আলোচনা নহে। এ আলোচনা আমার ন্যায় অজ, মৃর্ব,
সাধনহীনের জন্ম। আমার কাছে ব্যাবহারিক জগৎ মিথ্যা নহে, জলন্ত সভ্য।
ইহার পেষণ ও দহন জালা হইতে অব্যাহতি লাভের জন্ম, আমার সমগ্র চেষ্টা,
সমগ্র শক্তি প্রয়োগ করা কর্তব্য। সেজন্ম পরম দয়াল, জীববৎসল ভগবানের
শরণাগতি গ্রহণ আমার সর্বতোভাবে করণীয়।

২৬) ব্ৰহ্ম বা ভগবান যদি অকৰ্ত্তা, ভবে জগভের কোনও স্মষ্টিকৰ্ত্তা আছেন কিনা?

১০০। উপরে ৯৫ অনুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ২।৫।১৪ শ্লোক হইডে আমরা বৃঝিয়াছি যে, ভগবান্ বাস্থদেবই সম্দায়ের—একমাত্র কারণ। আবার যোগবাশিষ্টের নির্বাণ পূর্বভাগের ১৫।১২-১৩ শ্লোক (১০২ অনুচ্ছেদে উদ্ধৃত) হইতে বৃঝিয়াছি যে, ত্রহ্ম বা ভগবানের কর্ত্তা হওয়া সম্ভব নহে। ভাগবত ভগবান্ বাস্থদেবকেই পরমতন্ধ, ত্রহ্ম, ভগবান বলিয়া প্রতিপাদন করেন। স্থভরাং উভয়ের মধ্যে স্পপষ্ট বিরোধ দেখা যাইতেছে। এই বিরোধের সমাধান কি? এই বিরোধ সমাধানের জন্ম একটু সংক্ষেপ আলোচনা প্রয়োজনীয় মনে করি।

১১১। শ্বরপনিষ্ঠ ভাবের দিক হইতে আলোচনায় আমরা নিজ নিজ বোধে বৃক্তিতে পারি যে, ব্রহ্ম বা ভগবান্—অবাঙ্মনসোগোচর, নিপ্তর্ণ, নির্বিশেষ, অরূপ—মনে ধারনার বা ভাষায় প্রকাশের বিষয় নহেন। (ভাগবত ১০৮৭।১)। একারণ যখন তিনি মায়ার (ভাঁহার শ্বকীয়া সংকল্পমান্তির) সাহচর্য্যে, স্থাই অভিব্যক্ত করেন, তখনই তিনি স্বেচ্ছাব্শতঃ, আপনাকে আমাদের খ্যান-ধারণার যোগ্য করিয়া প্রকটিত করেন, তখনই ভাষা ভাঁহাকে যথাশিজি প্রকাশের প্রশ্নাস পার, তখনই বেদ নিখিল জ্বীব কল্যাণের জন্ম অন্তর্গাইতে

সমুজ্জন ভাবে প্রকাশিত, তাঁহার—স্বরূপ, ভাষার অক্ষমতা সম্বন্ধে সচেতন থাকিয়াই,—বাধ্য হইয়া উহারই মাধ্যমে, মানবদেহধারী জীব সমাজে, নির্দেশ করিবার চেষ্টা করেন (ভাগবভ ১০৮৭।১০, অমুচ্ছেদ ৫৮)। এই একই কারণে ভগবান স্ত্রকার—ভটম্ব লক্ষণে ব্রহ্ম নির্দেশ করিয়াছেন।

শীয় শ্বরূপনিষ্ঠভাবে থাকা কালে, পরমতন্ত্র বা ভগবান্, বে কালে "অয়াত্র"—
পরিমাণ হীন বা শৃত্য পরিমাণ (of no dimension), সেই সমকালেই ভিনি
অনস্তমাত্র (of infinite dimension)। ভথন ভিনি "চিদণ্" রূপে বিশ্বের
কেন্দ্রে শুধু ভাব পদার্থরূপে বিরাজিভ। কিন্তু অনন্তের কেন্দ্র যে কোনও বিন্দু
হইভে পারে বলিয়া, অনস্ত দেশে, সর্বত্র "চিদণ্" রূপে বিরাজিভ থাকেন।
ভখন উক্ত সর্বব্যাপী চিদণ্ডে, ভাবী বিশ্বস্থ অগণ্য ব্রন্ধাত্তগণের সমৃদায় ভাব ও
শক্তি ভাদাত্ম্যা ভাবে, সেই পরমভাব ও অনস্ত শক্তিমান চিদণ্ডে অভিস্ক্রভাবে
বন্ত্রপান থাকে, ইহা আমরা গোলকের দৃষ্টান্তে ব্রিবার চেষ্টা করিয়াছি।

স্বরূপনিষ্ঠভাবে, দর্বব্যাপী চিদ্ণুতে অবস্থান কালে, তাঁহার জ্ঞানের ব্যভিচার নাই; ইহা ৬ঃ অমুচ্ছেদে উদ্ধন্ত ভাগবভের ৩।৫।২৪ শ্লোক হইতে বৃরিয়াছি। সে জ্ঞান—নিরপেক্ষ জ্ঞান—উহা কাহারই বা অপেক্ষা রাখিবে। ভিনি সর্বাধার। স্বষ্টি ও স্থিতিকালে বিশ্ব যেমন তাঁহার আধারে থাকে, প্রলয়ে-সমগ্র वित्यंत ध्वः म कल्लना कतिरमञ्ज, ज्यनञ्ज नामश्राश्च-वित्र जाँशात- जाशास्त्र वर्खमान পাকে। তাঁহার—দৃষ্টিভে অভীভ—ভবিশ্বৎ কাল বিভাগ নাই। বন্ত্রশান কাল। একটি দৃষ্টাম্ভ ঘারা ইহা সহজে বুঝিতে পারি। ১৫-১৬ পৃষ্ঠায় ৮ অমুচ্ছেদে উল্লেখ করিলেও বোধ সৌকর্য্যার্থ পুনরায় বলি। একটি জ্ল-কণিকা সাগর হইতে বাষ্পাকারে মেঘরণে আকাশে কিছুকাল অবস্থানের পর, বৃষ্টিরূপে পৃথিবী-পৃষ্টে পড়িয়া, অন্ত অসংখ্য জল -কণার সঙ্গে মিলিয়া সাগরে পুনরায় পড়িল। ইহাতে, প্রথমে সাগরে থাকা. আকাশে অবস্থান ও পৃথিবী পৃষ্ঠে পতন সম্বন্ধে আমাদের দৃষ্টিতে অতীতের—ঘটনা ও সাগরে পুন: অবস্থান— বন্ত দান কালের ঘটনা বলিয়া প্রতীত হয় বটে, কিন্ত আকাশ--কি সাগর, কি মেঘ, কি পৃথিবী পৃষ্ঠ সম্দায়ের আধার বলিয়া—আকাশে উহা সর্বাদাই বর্তমান,— আকাশ সম্বন্ধে উহার অতীত বা ভবিশ্বৎ নাই। সেইরূপ বিনি ভূমা, সর্বাধার— তাঁহার আধারে কি স্কৃষ্টি, কি স্থিতি, কি প্রলরে, সমগ্র বিশ্ব—তাহার সবকিছুর শহিত চিরবর্ত্তমান। স্থতরাং তাঁহার—স্বরূপনিষ্ঠভাবে অবস্থান কালে, তাঁহার न्हिए, मह-मिणि-श्रमह नाइ। महिक्छी काथा श्रेट थाकित?

১১২। यथन সেই ভূমা বা স্কাধার বা চিদণ্ বা ভগবান্, নিজের খরণ—

অপ্রচ্যুত ভাবে বর্ত্তশান রাখিরাই, বেচ্ছাবশতঃ যায়ার আবরণে উহা দাম্রিক ভাবে আবুত করিয়া, মাধার সহিত ক্রীড়ার অভিনয়ে স্থাই অভিব্যক্ত করেন, তথ্ন जिन रुष्टिकर्छ।, मधन, मित्रिक, माकाद-- अम। आमता गावशांत्रक जीत. তাঁহার স্ট দেশকালের অন্তর্ভুক্ত ব্যাবহারিক জগং আমাদের কর্মকেত্র। সাকাং সৰদ্ধে তাঁহার সহিতই আমাদের সম্পর্ক। নির্গুণ, নির্কিশেষ, স্বরূপনিষ্ঠভাবে অবস্থিত ব্রশ্বকে প্রগাঢ় ভক্তির সহিত দূরে রাখিয়া, আমরা তাঁহারই স্প্রিগভভাবে প্রকটিভ, সম্বণ, দবিশেষ, সাকার ভগবানকে লইয়া কি আধিভৌতিক, কি আধ্যাত্মিক, কি আধিদৈবিক সম্দায় ব্যবহার নির্বাহ করিয়া থাকি। "দূরে রাণিয়া"—বলায়, কেহ যেন ব্বিবেন না যে, স্বরপনিষ্ঠ ও স্টিগত ভাব—উভয়ের মধ্যে পাৰ্থক্য নিৰ্দেশ অভিপ্ৰেত, বলা বাহুল্য যে পাৰ্থক্য মাত্ৰ নাই। ভগবান্ প্রকার—"উভন্নবাপদেশাৎ তু অহিকুগুলবং"—অং।২৭ স্তত্তে প্রতিপাদন করিয়াছেন যে, অহি (সর্প) যেমন কখনও কুণ্ডলাকারে এবং কখনও সরলাকারে—খাকে, ভাহাতে ভাহার স্বরূপের কোনও ব্যভায় হয় না, সেইরূপ वस वा उनवात्नव-नवित्यव-निर्वित्यव, पूर्व-अपूर्व जाव, वाँशाव-श्वत्र हरेए चालिन, हेश नर्सनारे मत्न दाविष्ठ हरेरत। ऋडदाः जामता वृक्षिनाम বে, যিনি চিদণু, তিনিই ব্ৰহ্ম —পরমাত্মা—ভগবান্, তিনিই নারায়ণ—বাস্থদেব,— রাম—ক্ষ্ণ-শিব—হুর্গা—কালী ইভাঁদি। স্বভরাং শ্বরপনিষ্ঠভাবে স্বৃষ্টি না থাকার স্ষ্টিকর্ত্তাও নাই। স্টিগত বা ব্যাবহারিক ভাবে স্ট জগৎ বর্ত্তমান থাকায়, স্ষ্টিকর্তাও বর্তমান আছেন। বলা বাহুলা যে, ব্যাবহারিক ভাব হইতে মৃজি লাভই মোক, ইহার জন্তই বেদাস্তালোচনা।

ব্যাবহারিক জগতে ভগবান ও জীব।

১১৩। তিনি জীবকে কত ভালোবাদেন, তাহা মানবদেহধারী জীবগণকে ব্যাইবার জন্ত কৌন্তভব্যপদেশে সমষ্টি জীবচৈতন্ত, অলম্বার-স্বরূপ নিজ বক্ষে ধারণ করিয়া আছেন। (ভাগবত ১২।১১৮)। তিনি তাঁহার ভক্তের নিকট অপরাধী ত্র্বাসা ঋষিকে নিজ ভক্ত বৎসলতা বুঝাইবার জন্ত বলিয়াছিলেন:

"অহং ভক্ত পরাধীনহ খতত্ব ইব ছিল্ল" (ভাগবত ১।৪।৪৬)। তিনিই
নিজের ও নিজের অন্তর্ম জগতের প্রবিত্রতা সম্পাদনের জন্ম নিরপেক্ষ ভক্তগণের
পদপ্রিতে স্থান করিতে কুন্তিত হরেন না। (অন্তচ্চেদ ৩৭। ভাগবত ১১।১৪।
১৫)। তিনিই জীব কল্যানের জন্ম আদর্শ মানব মৃত্তি ধারণ পূর্বক, আমাদেরই
একজন হইয়া আমাদেরই স্থা তৃঃবের ভাগী ২ওভঃ সম্প্রতীরে—লঙ্কাসম্বের
প্রাক্কালে সমবেত অগণ্য সৈন্তগণের সমক্ষে বলিয়াছিলেনঃ—বিভীষণ পর্ম

শত্রু রাবণের সহোদর ভাতা বটে, কিন্তু আমার শরণ গ্রহণ করিয়াছেন, সে কারণ তিনি সর্বতোভাবে রক্ষনীয়, কারণ,—

> সকুদেব প্রপন্নায় তবাস্মীতি যাচতে অভয়ং সর্বভূতেভ্যো দদাম্যেতদ্ ব্রতং মম ॥

> > অধ্যাত্মরামায়ণ ৬।১২

একবার মাত্র "আমি ভোমার" বলিয়া যে ব্যক্তি, আমার প্রপন্ন হয়, আমি সর্ব্বভূত হইতে অভয় তাহাকে দান করি। ইহা আমার ব্রত। অ: রা ৬।১২

তিনিই কুরুক্তের সমরাঙ্গনে উভয় পক্ষের অষ্টাদশ অক্ষোহিণী পরস্পরকে আক্রমণ করিতে সম্ৎস্থক, সৈত্তগণের সমক্ষে, অর্জ্জ্নকে উপলক্ষ্য করিয়া মানবদেহধারী জীবগণের অভয় দানের জত্ত বলিয়াছিলেন:—

মন্মনা ভব মদ্ভক্তো মদ্ যাজী মাং নমস্ক। মামেবৈষ্যসি সত্যং তে প্রতিজ্ঞানে প্রিয়োহসি মে॥

গীঃ ১৮।৬৫

তুমি মদ্গত চিত্ত, মদ্ভক্ত, আমার পূজনশীল হও ও আমাকে নমস্কার কর, তাহা হইলে আমার প্রদাদলক জ্ঞানে আমাকেই পাইবে। তোমাকে আমি ইহা সত্য প্রতিজ্ঞা করিয়া বলিতেছি, কেননা তুমি আমার প্রিয়। গীঃ ১৮।৬৫ তাঁহার নিজের বাক্যানুসারে তিনিই জীবের

"গতির্ভর্ত্তা প্রভূঃ সাক্ষী নিবাসঃ শরণং স্কৃষ্ণ । প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ম ॥ সীঃ ৯১৮

তিনি নিজের পরিচয়ে স্বম্পষ্ট ভাবে বলিয়াছেন :—

ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্ গীঃ ৯।১০

অর্থাৎ তিনিই স্ষ্টিকর্ত্তা

এরপ পরিচয় দিবার কারণ কি ? তাহাও নিজম্থে ব্যক্ত করিয়াছেনঃ—

অহং সর্ববস্থ প্রভবো মতঃ সর্বং প্রবর্ত্ততে। ইতি মন্বা ভজন্তে মাং বুধা ভাবসমন্বিতাঃ । গীঃ ১০৮

আমিই সকলের উৎপত্তির হেতু। আমা হইতেই বৃদ্ধি-জ্ঞানাদি সমদায়
প্রবর্তিত হয়, ইহা জানিয়া বুধগণ (বাঁহারা নিজ নিজ নিঃশ্রেয়স প্রাপ্তির উপায়
অবধারণ করিতে কুশল) তাঁহারা প্রীতিযুক্ত হইয়া আমার ভজনা করেন।

থীঃ ১০৮। এরণ ভজনার ফল কি? তাহাও নিজমুখে বলিতেছেন:—

তেষাং সতত্যুক্তানাং ভদ্ধতাং প্রীতিপৃক্ত কম্।
দদামি বৃদ্ধিযোগং তং যেন মামুপ্যান্তি তে॥ গীঃ ১০।১০

এইরপ আমাতে সতত যুক্ত চিত্ত, প্রীতিপূর্ব্বক ভজনকারিগণকে সেই বৃদ্ধি-রূপ উপায় প্রদান করি, যে উপায়ে তাহারা আমাকে লাভ করে। গী: ১০৷১০। এরূপ ভজনা কি সকলের পক্ষে সম্ভব ? অথবা কেবল বুধগণই অধিকারী শ এ প্রশের উত্তর স্থপ্টভাবে নিজম্থে বলিতেছেন:—

সমোহহং সব্ব ভূতেষু ন মে দেখােহস্তি ন প্রিয়ঃ।

যে ভক্কন্তি তু মাং ভক্তাা মিয় তে তেষু চাপাহম্॥ গীঃ ৯৷২৯

অপি চেং সূত্রাচারো ভক্কতে মামনস্তাক্।

সাধুরের স মন্তব্যঃ সমগ্ ব্যবসিতাে হি সঃ॥ গীঃ ৯৷৩০

ক্ষিপ্রং ভ্রতি ধর্মাত্মা শশ্বছান্তিং নিগছতি।

কৌন্তের ! প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি॥ গীঃ ৯৷৩১

অর্জনকে উপলক্ষা করিয়া আপামর সাধারণ সকল জীবের উদ্দেশে বলিতেছেন:—আমি সর্বভৃতে সমান (নিরপেক্ষ)। আমার বেয়া বা প্রিয় কেহ নাই, তাহা হইলেও, যাহারা আমাকে ভক্তিপূর্বক ভজনা করে, তাহারা আমাতে অবস্থান করে, আমিও অমুগ্রাহকরপে—তাহাদিগের—অস্তরে বর্তমান থাকি। গী: ১০১১

অতি হরাচার ব্যক্তিও যদি অনণ্যচিত্তে আমাকে (অন্ত দেবতা হইতে অপৃথক্ভাবে) ভজনা করে, তাহা হইলে, তাহাকে সাধু বলিয়া জানিবে, যেহেতু দে, পরমেশ্বরের ভজনেই জীবন সার্থক করিব, এ প্রকার নিশ্চয়াত্মিকা বৃদ্ধিতে বর্ত্তমান। গীঃ ১০৩০

সেই আগেকার—ত্রাচার-ব্যক্তি শীঘ্রই ধর্মাতা। হয় এবং পরমেশ্বর—নিষ্ঠারূপ-নিত্যশান্তি লাভ করে। যদি কেহ ইহা অবিশাস করে, মনে কর, হে অর্জুন! তুমি নিঃশঙ্কচিত্তে সর্ব্বসমক্ষে প্রতিজ্ঞা (শপথ) করিয়া বলিতে পার ^{বে}, ত্রাচারী ব্যক্তি আমার ভক্ত হইলে বিনষ্ট হয় না। গীঃ ১০৩১

১১৪। আপত্তি উত্থাপিত হইতে পারে যে, উপরে উদ্ধৃত উক্তি যিনি করিলেন, তিনি ত সগুণ ব্রহ্ম—সবিশেষ ও সাকারও বটে। তিনিও নিশুপ, নির্কিশেষ, নিরাকার, স্বরূপ-নিষ্ঠ—উভরে পৃথক্ কি—এক? ইহার উত্তর ১১২ অমুচ্ছেদে দেওয়া হইয়াছে। তাহা হইলেও ভগবানের নিজের কথাতেই বলি,

গীতার ১৪।২৭ লোকে বলিতেছেন :—"ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহহম্"—আমি (সন্তণ, সবিশেষ, সাকার ব্রহ্ম)—উক্ত নিপ্তণ, নির্নিশেষ-নিরাকার ব্রহ্মের প্রতিষ্ঠা বা প্রতিমা—অর্থাৎ ঘনীভূত মূর্ত্তরপ। ঘনীভূত প্রকাশ যেমন স্থ্মওল, আমিও সেইরূপ স্বরূপনিষ্ঠ, নির্নিশেষ ব্রহ্মের ঘনীভূত রূপ—উভয়ের মধ্যে ভেল দূরে থাকুক—উভয়ন্থই বর্ত্তমান নাই। স্থ্মওল ও তাহার প্রকাশ—ইহাদের মধ্যে কি ভেদ আছে?

১১৫। ভগবান্ গীভায় ৮।৩ শ্লোকে বলিলেন, "অক্ষরং ব্রহ্ম পরম'' পরে ১৫।১৮ শ্লোকে বলিলেন:—

যস্মাৎ ক্ষরমতীতোহহমক্ষরাদপি চোত্তমঃ।

অতোহস্মি লোকে বেদে চ প্রথিতঃ পুরুষোত্তমঃ ॥ গীঃ ১৫।১৮

যেহেতু আমি নিত্যমূক্ত বলিয়া ক্ষর(জড়বর্গ) সমূহকে অতিক্রম করিয়া থাকি এবং নিয়ন্তা বলিয়া অক্ষর (পরব্রহ্ম) হইতেও উত্তম। একারণ লোকমধ্যে ও বেদে আমি পুরুষোত্তম বলিয়া থ্যাত। গী: ১৫١১৮

এই পুরুষোত্তমই মূল অহম্। ইহারই উক্তি দকল উপরে উদ্ধৃত হইয়াছে।
স্থৃতরাং নির্কিশেষ-দবিশেষ, নির্গুণ-দন্তণ প্রভৃতিতে কোন ভেদ নাই। ভেদ
আমাদিগের বুদ্ধির বিশ্লেষিকা শক্তির ক্রিয়া মাত্র। এ শক্তি অবশ্রুই অনস্ত শক্তিমান ভগবানের প্রদন্ত, তাহা বলাই বাহুলা।

১১৬। এই প্রদঙ্গে একটি পৌরাণিক কাহিনী মনে পড়িল। সংক্ষেপে উহার উল্লেখের প্রলোভন ত্যাগ করিতে পারিলাম না। একজন মহাবলবান্ দৈত্যে বুকাম্বর, আপনাকে জগতে অপ্রতিদ্বন্দী করিবার সংকল্লে ভগবান্ শিবের আরাধনায় প্রবৃত্ত হইল। শিব ত আশুতোষ। কিছুকালের তপস্থায় তিনি পরিতুই হইয়া বর দিতে আসিলে, উক্ত দৈত্য অতি আনন্দে প্রণাম করিয়া, বর চাহিল যে, হে দেব! যদি পরিতুই হইয়া থাকেন, এই বর দিন যে, আমি যাহার মাথায় হস্তার্পন করিব, সে তৎক্ষনাৎ ভস্মীভৃত হইবে। শিবও তথাস্থ বলিলেন। তারপর শিব প্রত্যাবৃত্ত হইবার জন্ম পশ্চাৎ ফিরিলেই, দৈত্য উচ্চেঃম্বরে বলিল, ঠাকুর! দাঁড়ান দাঁড়ান! আপনার বর আপনার মাথায় হাত দিয়াই পরীক্ষা করিয়া লইব। ইহাতে শিব বড়ই সঙ্কটে পড়িয়া দৈতাকে কতই বুঝাইতে চেষ্টা করিলেন, দৈত্য কিছুই না বুঝিয়া ক্রমশঃ অগ্রসর হইতে থাকিলে, শিব বেগতিক দেখিয়া, উদ্ধ্বাসে, ভগবান্ পুক্ষোত্তম বিষ্ণুর আশ্রয় গ্রহণের জন্ম ধাবিত হইলেন, দৈত্যও পশ্চাৎ পশ্চাৎ ছুটিল। উভয়েই


প্রায় একই সময়ে পুরুষোত্তম সকাশে উপস্থিত হইয়া হাঁপাইতে লাগিলেন। বিষ্ণু, শিবের গায়ে হাত বুলাইয়া আশস্ত করতঃ ব্যাপার কি, জিজ্ঞাসা করিলে, উভয়ের মৃথ হইতে সমৃদায় প্রবণ পূর্বক ঈষৎ হাসিয়া, দৈতাকে সম্বোধন করিয়া বলিলেন, তুমি ত পরম শিবভক্ত, কিন্তু এমন বোকা কেন? শিবের প্রদন্ত বর সত্য কিনা, ইহা পরীক্ষার জন্য এত ছুটাছুটির প্রয়োজন কি? নিজের মাথা ত সঙ্গেই রহিয়াছে। উহাতে হাত দিয়া দেথ না। দৈতা ভানিয়া বলিল, ঠিকই ত। এই বলিয়া, যেমন মাথায় হাত দিল, অমনি নিজে ভশ্মীভূত হইরা গেল। শিব তথন বিপন্স্ক হইলেন। ভাগঃ—১০।৮৮


ঐ দৈত্যের স্থার আমাদেরও বৃদ্ধি, ভগবত প্রদন্ত বিশ্লেষিক। শক্তি লাভ করিয়া ভগবানকেই সবিশেষ—নির্বিশেষ, সগুণ—নিগুণ ভাবে বিশ্লেষণ করিতে সাহসী হয়। পুরুষোত্তম যথন গুরুরপে আসিয়া বৃদ্ধিকে সম্বোধন কারয়া বলেন, তৃমি ত বড় বোকা মেয়ে—নিজেকেই বিশ্লেষণ করিয়া দেখনা, কি পাও, কোধার গিয়া পৌছাও। তাহা ভনিয়া বৃদ্ধি বলে, তাই ত। বলিয়া নিজেকে বিশ্লেষণ করিতে গিয়া দেখে যে, সে ত মহতত্ত্ব হইতে জাত। মহত্ত্ব প্রকৃতি হইতে উৎপন্ন। প্রকৃতি—ভগবানেরই সংকল্পাত্মিকা শক্তি—শক্তি বলিয়া শক্তিমান হইতে অভিন্ন। বিশ্লেষণে এই তত্ত্বে উপণীত হইলেই, বৃদ্ধির আর পৃথক্ অন্তিম্ব থাকে না, পুরুষোত্তম ভগবানে লীন হইয়া যায়। তথন কে কার বিশ্লেষণ করে?

স্তরাং বুঝা গেল যে, স্ত্রকার তটন্থ লক্ষণ দিয়া যাঁহার নির্দেশ করিলেন, তিনি আমাদের বৃদ্ধির বিশ্লেষণ অমুদারে সপ্তণ-সবিশেষ হইলেও, তিনিই নির্বিশেষ, নির্প্তণ। তেদমাত্র নাই।

২৭) জ্বগত স্ষ্টির প্রকৃতি ও ক্রম চিত্রাকারে দেখান হইল।

১১৭। বিশ্বস্থাইর প্রকৃতি ও ক্রম চিত্রাকারে প্রদর্শিত।





২৮) চিত্র পরিচয়-

- ১১৮। উপরে ১১৭ অনুচ্ছেদে যে চিত্রটি দেওয়া হইল, উহা বিশদরূপে বৃথিবার জন্ম উহা হইতে শ্বতঃপ্রকটিত অনুসিদ্ধান্ত উহার পরিচয়রূপে দেওয়া যাইতেছে।
- (ক) অনস্ত শক্তিমানের অন্তরকা শক্তি বিকাশে ত্রিপাদবিভ্তি, তটন্থা শক্তি-বিকাশে—জীব ও বহিরদা শক্তি বিকাশে—পাদবিভৃতি অভিবাক্ত, তত্তঃ পরম-তত্তে অন্তর্—বহিঃ বা তটন্থভেদ নাই বটে, তাহা হইলে আপেক্ষিকতার অন্তভৃত্তি আমাদিগের বোধ দৌকর্ঘার্থ শাস্ত্র উহাদের কল্পনা করিয়াছেন। প্রকৃতপক্ষে একই ভাগবতী শক্তি, আমাদের দৃষ্টিতে বিভিন্নরপে প্রতীয়মান মাত্র।
- (খ) চিদণুর ক্রণ যেমন নিতা, শাখত, ত্রিপাদবিভ্তির অন্তর্ভুক্ত ধাম সকলও সেইরপ নিতা, শাখত। সিদ্ধ সাধকগণের সাধনার বিভিন্ন প্রকৃতি অনুসারে বিভিন্ন প্রকারের সাধনার সিদ্ধিতে পূর্ণ পরিতৃপ্তি দানের জন্ত অসংখ্য নিতাধাম ভগবানের চিচ্ছক্তিরূপা যোগমায়ার দারা অভিবাক্ত।
- (গ) পাদবিভৃতির অন্তভুক্তি অগণ্য ব্রহ্মাও সকল ভগবানের সংকল্প বশতঃই নশর।
- (ঘ) জীব—পাদবিভৃতি ও ত্রিপাদ বিভৃতি উভয়ের সহিত সম্বন্ধযুক্ত।
 কারণ মর্ত্যধামে যাহার যেরূপ সাধনা—নিত্যধামে ভাহার সেরূপ প্রাপ্তি।
- (ঙ) মর্ত্তাধাম বা পাদবিভৃতির সহিত জীবের সম্বন্ধ—সাময়িক, আগস্তক ও নশ্বর। কিন্তু নিভ্যধামের সহিত সম্বন্ধ নিত্য, শাশ্বত।
- (চ) মর্ত্যধামে জ্ঞানমার্গের যে সম্দায় সাধক নির্ব্বাণম্ জ্ঞিক কামনা করেন, সিদ্ধিলাভে তাঁহারা ত্রিপাদবিভৃতির অন্তর্ভুক্ত তুরীয়পাদে অবস্থান করেন।
- ছে) ত্রিপাদবিভৃতিতে বিচাপাদের সাক্ষাৎ পাই। পাদবিভৃতিতেও বিচার অন্তিত্ব দেখিতে পাই। প্রথমোক্ত "বিচা"—নিরপেক্ষ বিচা বা ব্রহ্মবিচা—ব্রহ্মজ্ঞান। শেষোক্ত বিচা আপেক্ষিকভার অস্তর্ভুক্ত—অবিচানাশ ইহার ক্রিয়া।
- (জ) মর্ত্তাধামে যাহাদের সাধনা ভগবানের—দাস, স্থা, পরিজন, পিতা, মাতা, কাস্তা প্রভৃতি রূপে অনুষ্ঠিত হয়, সিদ্ধিতে তাঁহারা ত্রিপাদ বিভৃতির বিছা ও আনন্দপাদের নিজ নিজ যথাযোগ্য লোক সকলে প্রভিষ্টিত হইয়া পূর্ণ-পরিভৃত্তি লাভ করেন।

- (ঝ) আমাদের ণঞ্জ নির্দ্মিত দেহ, প্রাণ, পঞ্চ জ্ঞানেব্রিয়, পঞ্চ কর্ম্মেব্রিয়, অস্তরেব্রিয়—চিত্ত-মনঃ-বৃদ্ধি-অহঙ্কার ও উহাদের সকলের ক্রিয়া গুণ হইতে উৎপন্ন।
- (এছ) চিত্রে "অহংকার" দুই স্থানে দেখান হইয়াছে। একবার চারিটি অস্তরিন্দ্রিয়ের মধ্যে একটি রূপে ও অপরটি মহতত্ত্বের তমঃ প্রধান অংশের অভিব্যক্তিরপে। অস্তরিন্দ্রিয়গণের একতম অহংকারকে কোন কোন দার্শনিক বৃদ্ধির অভিমানাত্মক কর্তৃগুল বলিয়া মনে করেন। তাঁহাদের মতে বৃদ্ধির দুটি বৃত্তি —একটি কর্তৃগুলাত্মিকা ও অপরটি করণগুণাত্মিকা। প্রথমটিকে তাঁহারা "অহংকার" নামে ও শেষোক্রটিকে "বৃদ্ধি" নামে অভিহিত করেন। চিত্রে ভাগবত মতাত্মসারে বৃদ্ধি হইতে পৃথক্ চতুর্থ অস্তরিন্দ্রিয় রূপে "অহংকারকে" দেখান হইয়াছে।
- (ট) অন্তরিন্দ্রির চতুষ্টয়ের বৃত্তি যথাক্রমে—চিত্তের অমুসন্ধানাত্মিকা, মনের সংকল্প—বিকল্লাত্মিকা, বৃদ্ধির—নিশ্চয়াত্মিকা ও অহংকারের—অভিমানাত্মিকা।
- (ঠ) অহংকারকে "চিদচিনায়-হাদয়-গ্রন্থি" বলা হইয়া থাকে। চিত্রটি পর্য্যালোচনা করিলে—ইহা পরিস্ফুট হইবে। একদিকে অহংকার—চিদাভাসে সমুজ্জন মহৎতত্ত্বর—সান্ধিক অংশ হইতে অভিব্যক্ত বলিয়া, ইহাতে চিদাভাস উজ্জ্জনভাবে বর্ত্তমান। অন্যদিকে মহৎ-তত্ত্বর—ভমঃপ্রধান অভিব্যক্তি-অহংকার, উক্ত অভিমানাত্মক কর্তৃত্ব গুণ বিশিষ্ট চিদাভাসে উজ্জ্জন অহংকারের ভোগায়তন দেহ, ইন্দ্রিয়াদি ও তাহাদের কার্য্যের উপাদান কারণ হওয়ায় অচিৎ ভাবও (অবশ্রই তুলনামূলক ভাবে) বর্ত্তমান। এ কারণ চিদচিন্ময়।
- (ড) বিশ্বে সন্থ-রজ:-তম: —প্রকৃতির এই তিনগুণ পরস্পর তর-তমভাবে মিশ্রিত হইরা প্রত্যেক পদার্থে অবস্থান করিয়া থাকে। কেবল কোনও গুণের প্রাধান্ত কোনও বস্তুতে পরিলক্ষিত হইলে, তাহাকে সেই গুণ বিশিষ্ট বলিয়া অভিহিত করা হয় মাত্র। গুণত্রয় অবিমিশ্রভাবে বর্ত্তমান থাকে না।
- (ত) অহংকারেও সেকারণ উক্ত তিনগুণ বর্তমান। উহার সান্তিকাংশে অর্থাৎ সন্বপ্তান-প্রধান অংশে জ্ঞান ও কর্মেন্দ্রিয় পরিচালক দেবতাগণ, রজঃ-প্রধান অংশে উক্ত উভয় কোটীর ইন্দ্রিয়গণ এবং তমঃপ্রধান অংশে উহাদের কিয়া (যাহা পঞ্চল্মাত্র নামে কথিত) এবং তাহা হইতে পঞ্চ মহাভ্ত অভিব্যক্ত হয়। চিত্র হইতে শপষ্ট বৃঝা যাইতেছে যে, গুণসকল—আধিভৌতিক, আধ্যাত্মিক ও আধিদৈবিক এই ত্রিবিধ ক্ষেত্রে ক্রিয়াশীল হইয়া জ্বগদ্ব্যাপার সম্পাদন করিয়া থাকে। আরও বৃঝা যাইতেছে যে, পঞ্চ মহাভ্ত—মাহাদিগকে

আমরা জড় বলিয়া মনে করি, তাহা প্রকৃত জড় নহে—চিদাভাসেরই অভিব্যক্তি। প্রত্যেকে চিদাভাস অল্প বিস্তর বর্তমান। ভর্গবানের সংকল্পবশতঃ জড়বং প্রতীয়মান হয় মাত্র।

- (ণ) ত্রিপাদ বিভৃতিপাদেও তুলারূপে আদিভৌতিক, আধ্যাত্মিক ও আধিদৈবিক—ত্রিবিধ ক্ষেত্র চিত্রে দেখান হইয়াছে। বলা বাহুল্য যে, অবিদ্যা পাদে —উক্ত তিন আধিভৌতিকাদি নামে কথিত ক্ষেত্রত্রেরে সহিত উহাদের কোনও সম্পর্ক নাই। তুলনামূলক আলোচনার স্থবিধার জন্ম, সাদৃশ্য দৃষ্টে—উক্ত তিন নাম ব্যবহার করা হইয়াছে মাত্র। ত্রিপাদ বিভৃতিপাদ ত মায়া সংস্পর্শের বাইরে. স্ত্রাং মায়িক আধিভৌতিকাদির সহিত সম্ম্ব কোথা হইতে থাকিবে?
- (ত) আধিভৌতিক, আধ্যাত্মিক ও আধিদৈবিক পরস্পর—অতি ঘনিষ্ট সম্বন্ধে সম্বন্ধ। উহারা পরস্পরকে পরস্পর—অপেক্ষা করিয়া সার্থকতা লাভ করে—ইহা চিত্র হইতে স্কুম্পষ্ট বুঝা ঘাইবে। ১।২।১৪ স্থত্মের আলোচনায় উদ্ধৃত ভাগবতের ১১।২২।৩০ শ্লোক ইহা স্পষ্ট বলিয়াছেন। উক্ত স্থত্মের আলোচনা স্কুর্ব্য।
- (খ) চিত্র হইতে স্পষ্ট বৃঝা গেল যে, আমাদের অস্তরিন্দ্রির, জ্ঞানেন্দ্রির, কর্মেন্দ্রির সকলই প্রকৃতিজাত গুণত্রর হইতে উৎপন্ন। উহারাই আমাদের সম্দার চিন্তা, কল্পনা, বাসনা প্রভৃতি মানসিক ক্রিয়ার, দর্শন-স্পর্শন-প্রবণ প্রভৃতি শারীরিক ক্রিয়ার জনয়িতা। স্থতরাং কর্মের সহিত গুণত্রয়ের এবং সে কারণ বিশের অভিব্যক্তি কারিণী শক্তি—ত্রিগুণমন্ত্রী মান্নার অভি ঘনিষ্ট সম্বন্ধ। কর্মের সহিত তাহার ফল ভগবান্ কর্তৃক সংজড়িত এবং তিনিই জীবের সহিত তৎকৃত কর্মফল যোজনা করিয়াছেন। স্ত্রকারও "ফলমত উপপত্তেং" তাহাত্র হা প্রতিপাদন করিয়াছেন। ইহা হইতেই সহজেই বৃঝিতে পারা যার যে, গুণসভূত কর্মের ফল ভোগের জ্বল্য, গুণসভূত উপাধির বা দেহের প্রয়োজন। নিরুপাধিক আত্মার কর্মণ্ড নাই, ভোগণ্ড নাই। এই প্রকারে জ্বাচক্র আব্রতিত হইতেছে।
 - (দ) উপরের যে আলোচনা চিত্র সাহায্যে করা হইল, তাহা হইতে এই সিদ্ধান্ত অপরিহার্য্যভাবে আপভিত হইতেছে যে, কর্ম, তাহার ফল, ফলভোগ সাধন উপাধি, ভোগের স্থান, সম্পায়—প্রকৃতি হইতে জ্বাত, তখন কর্মের ছারা, সকলের সহিত কোনও প্রকারের সম্পূর্ক শৃণ্য, অসক, উদাসীন, পরমতত্ত্বের পরিচয় লাভ সন্তব নহে। ইহাই ১।১।১।১ স্ব্রের আলোচনায় ম্পাই-ভাবে বলা হইয়াছে।

- (ধ) চিত্রে, স্প্টির যে প্রকৃতি ও ক্রমের পরিচয় দেওয়া হইল, বলা বাহুল্য, তাহা আমাদের ব্রহ্মাণ্ডের নিদর্শনে। আমাদের ব্রহ্মাণ্ডে—বিশের অগণ্য ব্রহ্মাণ্ড গণের তুলনায়, সম্ভবেলায় একটি বালুকণার ন্তায় ক্ষুত্র নগণ্য হইলেও, ইহার দৃষ্টান্তে আমরা অনুমান করিতে পারি যে, অন্তান্ত ব্রহ্মাণ্ডেও—তাহাদের বিশেষ বিশেষ প্রকৃতি ও পরিশ্বিভির সহিত যথাযোগ্য সামঞ্জ্য রক্ষা করিয়া, তাহাদের নিজ নিজ প্রলয়ের পর স্প্রষ্টিও একই নিয়মে অভিবাক্ত হয়।
- নে) আলোচ্য ভ্রে ''অশু'' পদের পরিদৃশ্যমান প্রপঞ্চ বলিয়া অর্থ করা হইয়াছে। ইহা হইতে ব্ঝিলে চলিবেন। যে, পরিদৃশ্যমান প্রপঞ্চ শুধু ভূলেনি ও তদস্তর্গত বস্তুজাতের মধ্যে নিবদ্ধ। আমাদের ব্রহ্মাও—চতুর্দ্দশ লোকে গঠিত—উহাদের মধ্যে সপ্তলোক—তল, অতল প্রভৃতি ও তদস্তর্ভুক্ত ভূতজাত, ভূতলের উপাদান অপেক্ষা অধিকতর স্থুল উপাদানে গঠিত। অশু সপ্তলোক—ভূব:—বঃ— মহঃ—জনঃ—তপঃ— দত্য—ক্রমশঃ ফ্ল্ম, ক্ল্মতর, ক্ল্মতম, পাঞ্চভিক উপাদানে গঠিত। এমনকি ব্রহ্মা—যিনি সত্যলোকের অধিবাসী, তাঁহার শরীরও অপঞ্চীক্তত পাঞ্চভিকিক উপাদানের অতি ক্ল্মতম অংশ লইয়া অভিব্যক্ত। ভাগবত স্পষ্টাক্ষরে বলিতেছেন ঃ—

ভূমাস্ব্রগ্যনিলাকাশা ভূতানাং পঞ্চ ধাতবঃ। আব্রন্ম স্থাব্রাদীনাং শারীরা আত্মসংযুতাঃ॥ ১১।২১।৫

পৃথিবী, জল, তেজঃ, বায়ু, আকাশ এই পাঁচটি আব্রহ্ম স্থাবর — পর্যান্ত সকলের শরীরের ধাতু অর্থাৎ আরগুক িউহাদের সহিত আত্মা সংযুক্ত। ১১।২১।৫।

পে) পাঞ্চাতিক শরীর—জন্ম-মৃত্যুর অধীন—ইহা বলা বাহুলা মাত্র।
এ কারণ ব্রহ্মাও জন্ম-মৃত্যুর অধীন। আয়ুর পরিমাণ বেশী কম, এইমাত্র
প্রভেদ। উপরে আমরা রক্ত কণিকার দৃষ্টান্ত (১০৮ অনুচ্ছেদে) গ্রহণ
করিয়াছি। উহাদের প্রত্যেকের আয়ুকাল কয়েক সেকেও বা কয়েক মিনিট
মাত্র। উহাদের তুলনায় আমাদের আয়ুকাল অতি দীর্ঘ। আমাদের তুলনায়—
দেবতাগণের অর্থাৎ স্বলোকস্থ জীবগণের আয়ুকাল অত্যধিক দীর্ঘ।
তাহাদের তুলনায় মহ-জন-তপঃ-সত্যলোক বাসী জীবগণের আয়ুকাল ব্রহ্মার
আয়ুকালের সমান—অর্থাৎ দ্বিপরান্ধজীবী। সকলেই জন্ম-মরণ চক্রের উপর
প্রতিষ্ঠিত। ইহারা সকলেই আমাদের ব্রহ্মাণ্ডের অন্তর্ভুক্ত। একারণ

আমাদের ব্রহ্মাণ্ডের প্রলয়ে, ধ্বংস হইলে, উহারা নাশ প্রাপ্ত হইয়া অভি কৃষ্ণ বীজভাবে প্রমূভত্তে অবস্থান করে।

(ফ) নিত্যধাম—উহাদের সকলের বাহিরে। উহা জন্ম-মৃত্যু চক্রের বাহিরে। উহা নিত্য-শাশ্বত-স্বরূপে প্রতিষ্ঠিত। উহার জন্মাদি নাই।

১১৯। একারণ, সহজেই আপত্তি উত্থাপিত হইতে পারে যে ১।১।২।২
ত্বে রচনায় ক্রেকার "জন্মাদি" পদ ব্যবহার করিয়াছেন। স্থতরাং যাহার
জন্মাদি নাই, সেই নিতাধামের উল্লেখ এবং ক্ষ্টি-চিত্রে উহার প্রদর্শন কি
অপ্রাসন্দিক হইল না? ক্রেকার ১।১।২।২ ক্রে ত্রিপাদ বিভৃতির বা নিতাধামের
কোনও ইন্দিত মাত্র করেন নাই। ইহার উত্তর এই যে, পাদবিভৃতি ও
ত্রিপাদবিভৃতি—উভয়ে পরম্পর সম্পর্কহীন, দূঢ়বদ্ধ, স্বতন্ত্র পেটিকার মধ্যে
নিবদ্ধ নহে। তুটস্থা শক্তি বিকাশে অভিব্যক্ত জীব—উভয়ের মধ্যে সংযোগ
কেতৃ। জীব—পাদ বিভৃতিতে অবস্থান কালে, পাদ বিভৃতির দাবীসকল সম্পর্ণক্রেপে মিটাইতে পারিলে, ত্রিপাদ বিভৃতিতে অবস্থান করিবার অধিকার প্রাপ্ত
হয়। এই অধিকার প্রাপ্তির উপায়—''সংরাধন" (স্থ: অ২।২৪) বা
ভগবদ্বপাসনা। স্ত্রেকার ভৃতীয় অধ্যায়ে সংরাধন সম্বন্ধে বিচার করিবেন এবং
চতুর্ব্ অধ্যায়ে, সংরাধনে সিদ্ধ হইলে প্রাপ্তি সম্বন্ধেও সিদ্ধান্ত স্থাপন করিবেন।
এ কারণ—চিত্রে ত্রিপাদবিভৃতির অতি সংক্ষেপে প্রদর্শন সমীচীন হইয়াছে,
সন্দেহ নাই।

আরও এক কথা, স্ত্রকার ১।১।২।২ স্ত্রে তটর লক্ষণ দারা ব্রহ্ম নির্দেশ করিয়াছেন, ইহা আগে বলা হইয়াছে। ইহার কারণ, অজ্ঞ শিশুকে প্রতক্ষ পরিদৃশ্যমান জগত ও জাগতিক বস্ত জাতের জন্ম-স্থিতি-নাশের দৃষ্টান্ত হইতে শিশ্যের বৃদ্ধি ক্রমশঃ জন্মাদিবিহীন নিত্যবস্ত ধারণার উপযোগী করা। সেউদ্দেশ্য সিদ্ধির জন্ম জন্মাদিবিহীন নিত্যধাম—দৃষ্টান্তের উপযোগী না হওয়ায়, স্ত্রকারের পক্ষে উহার উল্লেখ বা ইঙ্গিত—অসঙ্গতই হইত, সন্দেহ নাই।

১২০। উক্ত চিত্র ধীরভাবে পর্যালোচনা করিয়া, আমরা আরও কি পাই, ভাহা ব্ঝিবার চেষ্টা করি। জিন্স্ সাহেব, তাঁহার জীবনব্যাপী আধিভৌতিক বিজ্ঞান সাধনার কল স্বরূপ, যাহা পাইলেন, তাহা প্রকাশ করিয়া বলিলেন, যে, স্প্টের অভিব্যক্তি ও পরিচালনার পশ্চাতে বিশুদ্ধ গণিতের মনোবৃত্তি সম্পন্ন এক মহাশক্তি বর্ত্ত্যান আছেন (অনুচ্ছেদ ৮৫)। চিত্র পর্যালোচনায় আমরা কি শুধু তাহাই পাই? অন্ত কিছু কি পাই না? উচ্চ বিশুদ্ধ গণিতের কঠোর আয়াহুগামী যুক্তি-বিচার ও সিদ্ধান্তের দর্শন ত পাইই, সঙ্গে

শক্তে সর্বাপলোপী ঐককেন্দ্রিক, চিন্তাপ্রণালীর, কারণ-কার্য্যের অবশুদ্বাবী পরিণতির, আত্মবিলোপী মহাত্যাগের ''উর্দ্ধন্মধঃ শাথম্'' (গীঃ ১৫।১) বিশ্ব-মহীক্রহের মূল ও প্রধান প্রধান স্বন্ধ-শাথাদির দর্শন পাইয়া স্তন্তিত হই এবং উক্ত মহীক্রহের অনস্ত প্রদারের একপ্রাস্তে অতি ক্ষীণ ছায়ার সহিত পরিচিত হইয়া আত্মহারা হইয়া যাই। কিন্ত ইহা ত বাহিরের ব্যাপার মাত্র। ইহাই কি সব?

না, তাহা নয়। ইহা ত বিভদ্ধ গণিতের নিদর্শনে, শক্তিশালী, স্বচ্ছ, স্চাগ্র বৃদ্ধি ও তীক্ষ মেধা-সম্পন্ন মন্তিচের ব্যাপার মাত্র। ইহাতে হৃদয়ের সংঅব নাই। ভাল করিয়া চিত্রটির উভয় দিক (পাদবিভৃতি ও ত্রিপাদবিভৃতি), ধৈর্ঘ্য, শ্রন্ধা, ভক্তির সহিত আলোচনা করিলে, আমাদের হৃদয়ের পটভূমিতে একটি মূর্ত্তি ভাসিয়া উঠে। তিনি আমাদের অতি নিজ জন—আপন হইতেও আপন। আমার অন্তিত্বের, আমার ব্যক্তিত্বের, আমার আমিত্বের মূলে তিনি। আমার পরম শ্রেষ প্রাপ্তির উপায় নির্দ্দেশের জন্ত স্পষ্টির প্রসার করিয়াছেন (অনুচ্ছেদ ২৪-২৫ ইত্যাদি)। মাতার ন্যায় অহৈত্কী ভালবাসায় পাগল, পিতার ন্যায় কল্যাণকামী, গুরুর ন্যায় ইহ-পরকালের নি:স্বার্থ পথপ্রদর্শক, ভাতার ভাষ হিতকারী, স্থার ভাষ নম্র সহচর, স্ত্রীর ভাষ আত্রণানকারী— নিজের সর্বান্থ এমন কি আপনাকেও পর্যন্ত দান করিতে প্রস্তুত হ্ইয়া করুণা সজল চোথে আমার অবদর প্রতীক্ষায় আছেন। তিনি কত মধুময়, তাহার কি ইয়তা আছে? জীব যে তাঁহার অতি প্রিয়—নিজের তটস্থ— অতি নিকটন্থ। পাদবিভৃতিতে বিষয়ানন্দে বিভোর জীবকে ভজনানন্দের ভিতর দিয়া, ত্রিপাদ বিভৃতিতে শাশ্বতধামে, নিজের স্বরূপানন্দ ভোগ করিবার, সম্পায় ব্যবস্থা সমাপন করিয়া অপেক্ষা করিতেছেন। আমার অবসর হইলেই নিবিড় আলিঙ্গনে বুকে ধরিবার জন্ম বিশাল বক্ষঃ প্রসারিত করিয়া রাথিয়াছেন। প্রেমে ঢল্ ঢল্ চোথে, হাসিম্থে, ত্রিভুবন মোহন ভঙ্গিমাতে, হাভছানিতে, অগ্রদর হইবার জন্ম ইন্সিত করিতেছেন। এদৃখ্যের সহিত আরও কত কি যে অন্তশ্চক্ষে ছায়ার ন্যায় প্রকটিত হইয়া মিলাইয়া যাইতেছে, তাহা প্রকাশ করিতে ভাষা মৃক, চিন্তা পঙ্গু। সাধে কি ভক্তাবতার ভগ্বান্ খ্রীশ্রীকৃষ্ণ চৈতন্ত মহাপ্রভুর ভগ্বন্নাম স্মরণ করিবামাত্র—'নয়নং গলদ-শ্রধারয়া, বদনং গদ্ গদ্ রুদ্ধয়া গিরা, পুলর্কৈ নিবিতং বপুঃ' হইত ও আনন্দে আত্মহারা হইয়া যাইতেন। সাধে কি সাধু বিলম্পল—ভগবানের মধুরিমা বর্ণন ক্রিতে গিয়া, ভাষার অক্ষমতা হৃদ্ধে অভ্ভব ক্রিয়া বারংবার "মধুরং মধুরং মধুরং মধুরম্' বলিয়া বাক্যহারা হইয়া গেলেন। এক্ষেত্রে নয়ন জলই অবভ্ধ সানের পবিত্র গঙ্গাজল, অঙ্গে পুলক—রোমাঞ্চ—উদ্গমই পুণ্য পুজোপকরণ, ক্রিয়ার অন্প্রানই প্রকৃত পূজা, মৃকতাই উপযুক্ত স্ততি, উদ্দেশ্যে ধূল্যবল্ঠনই উপযুক্ত আত্মনিবেদন। ভগবান্ আচার্য্য শঙ্গরদেব নিয়োদ্ধত শ্লোকে ইহার পরিচয় দিতে চাহিয়াছেন:—

অনিচ্ছৈব পরং পদম্, অক্রিয়ৈব পরা পূজা। অচিস্তৈব পরং ধ্যানম্ মৌনমেব পরং তপঃ॥

১২১। পূর্বেব বলিয়াছি, আবার উল্লেখ করি যে, ভাগবত সাহায্যে আমার ব্রহ্মস্ত্রালোচনা, কঠোর মস্তিষ্ক আলোড়ন ও স্থায় শাত্তের কচকচি নয়। ইহা পঞ্চেন্ত্র দ্বারা রসম্বরূপের রসাম্বাদন। ইহা সাধনা—ভক্তি শাস্ত্রের সাধনা-হৃদয়ের অন্তন্তনের ব্যাপার। যদিও ইহাতে যুক্তি-বিচারের অসদ্ভাব নাই, সে যুক্তি-বিচার হৃদয়ের অমৃত রসায়নে সিক্ত, এ কারণ অতি স্লিগ্ধ, অতি মধুর। তাহা হইলেও যুক্তি বিচার গৌণ মাত্র। হয়ত, গ্রায়ান্মসারী কঠোর সমালোচকের চকে, আমার উপরে লিখিত অংশ দর্শন শাস্তের পক্ষে অসম্বত বা অপ্রাসম্বিক মনে হইতে পারে। কিন্ত নিরপেক্ষভাবে বিচার করিলেও ভগবান্ স্ত্রকারের প্রকৃত অভিপ্রায় অনুধাবন করিলে, প্রতীয়মান হইবে যে, স্ত্রকার যথন সাধনা ও সিদ্ধি—ব্রহ্মণ্থতের অন্তর্ভুক্ত করিয়াছেন, তথন ভগবানের প্রসদ্ধত বা অপ্রাসঙ্গিক হইতে পারে না। আধিভৌতিক বৈজ্ঞানিক অধিভৌতিক প্রক্রিয়াতে, জগৎ স্ষ্টিতে মহাশক্তিমান মননশীল মহাসন্তার পরিচয় পাইয়াছেন, তথন সেই মহাসন্তাকে যদি আমি পুরুষোত্তম, ভগবান্, শ্রীকৃষ্ণ বা শ্রীরাম বলি, তাহাতে আমি এমন কি অপরাধে অপরাধী হইয়া স্থতরাং সাময়িক ভাবে ভাবরাজ্যের—বহি:-প্রাচীরের সংস্পর্শ হয়ত কোন দোষাবহ নহে। তৃতীয় ও চতুর্থ অধ্যায়ে আরও ঘনিষ্টতর পরিচয় পाওয়া याहेरव। তথন বুঝা याहेरव य, মানবদেহধারী জীব, বর্ত্তমানে যতই নিমন্তরে অবস্থিত হউক্ না কেন, আমার ন্যায় অজ্ঞান, মৃথ', সাধনতীন হউক্ না কেন, ছ: থ করিবার বা হতাশ হইবার কিছু নাই। বুঝি বা না বুঝি, যে কোন প্রকারে ভগবৎপ্রদঙ্গ লইয়া জীবন যাপন করা, বিশেষতঃ এ বৃদ্ধ বয়সে— বুগা বাকী কয়েকটা দিন নষ্ট না করিয়া, যদি ভগবদালোচনায় কাটান যায়, তাহা সমূহ कलाां नाधन कतित्व, ভाहारि मत्नह नाहे। छन्तान् निषम्(वह বলিয়াছেন:-

নহি কল্যানকৃৎ কশ্চিদ্ হুৰ্গডিং তাত গচ্ছতি।। গীঃ ৬।৪০

২১) অনুপ্রবৈশ।

১২২। স্থান্তির অভিব্যক্তির জন্ত, উপকরণ—স্থান্তর ক্রম চিক্রাকারে দেখান হইল। আমরা লোকিক দৃষ্টান্তে দেখিতে পাই, বে, উপকরণ সংগ্রহের ব্যবস্থা হইলেই অট্টালিকা নির্মাণ হয় না। উপাদান সকলের—বিভিন্ন প্রকৃতি অমুসারে, উহাদের প্রয়োজন মত সন্নিবেশের জন্ত, অভিজ্ঞ, কার্য্যক্রম, বৃদ্ধিমান, কার্য্যক্ররের প্রয়োজন। তার উপর যদি উপকরণ সকল, আমাদিগের অট্টালিকার উপকরণের ন্তায় জড়, নিশ্চেট্ট না হইয়া, চৈতন্তাবিশিট্ট হয় এবং প্রয়োজন মত উপরে-নীচে বসিতে অস্থীকার করে, তাহা হইলে ত নির্মাণ কার্য্য অলম্ভব হইয়া পড়ে। কার্য্যতঃ বিশ্বস্থিট সমন্ধে তাহাই হইল। উপকরণ সকল মহৎ তত্ত্ব হইতে অভিব্যক্ত। মহৎ তত্ত্ব জড় নহে। প্রকৃতিতে ভগবান্ কর্তৃ ক অপিত চিদাভাদ হইতে উহা অভিব্যক্ত—এ কারণ উহাতে চৈতন্ত সম্ভ্জন ভাবে বর্ত্তমান এবং উহা হইতে জাত ও অভিব্যক্ত এবং চিত্রে প্রদর্শিত সম্দায়ে চৈতন্ত্র অল্পনিকের বর্ত্তমান। বিশেষতঃ তাহারা ভগবানের শক্তি বিকাশে এবং ভগবানের সন্ধরাত্মগারে চিদাভাদের অংশ লইয়া অভিব্যক্ত হওয়ায়, পরস্পর আপন আপনাকে সমজাভীয় স্বভন্ত্র সন্থা মনে করিয়া কেহ কাহারও বক্ততা স্থীকার না করায় বিশ্বসৃষ্টি সহজ্যাধ্য হইল না। ভাগবত বলিতেছেন:—

এতে দেবাঃ কলাঃ বিষ্ণোঃ কালমায়াংশলিঙ্গিনঃ। নানাত্বাৎ স্বক্রিয়ানীশাঃ প্রোচুঃ প্রাঞ্চলয়ো বিভূং॥ ভাগঃ ৩৮।৩৬

এতে দেবা মহদাগুভিমানিনঃ বিষ্ণোঃ কলা অংশাঃ। কাল-লিকং বিক্বতি।
মারা-লিঙ্গং বিক্ষেপঃ। অংশ-লিঙ্গং চেতনা। তানি বিগুপ্তি ষেষু। অতঃ
সমতেন নানাতাৎ পরম্পরা-সম্বর্ধাৎ স্বক্রিরারাং ব্রহ্মাও-রচনারাং অনীশাঃ
অসক্তাঃ সন্তঃ বিভূং পরমেশ্বরং প্রোচুঃ। প্রীধর। কাল-লিঙ্গ বিক্বতি, মারা-লিঙ্গ
বিক্ষেপ ও অংশ-লিঙ্গ চেতনা, এই তিন চিহ্নধারী মহদাদির অভিমানী
দেবতাগণ, প্রত্যেকে বিষ্ণুর অংশ হওয়ায় তাঁহারা সকলে পরস্পরের সম এবং
সেজন্য পরস্পরের মধ্যে উচ্চ-নীচ সম্বন্ধশৃন্ত বলিয়া—ব্রহ্মাও রচনায়—অক্ষম হয়তঃ
প্রাঞ্জলিপুর্বক সর্ব্বিসমর্থ পরমেশরের স্তব করিতে লাগিলেন। ভাগঃ তাহাত্ত

ইহার পর ৩৫।৩৭ হইতে ৩৫।৪৯ শ্লোক পর্য্যন্ত স্তবের বর্ণনা আছে। তাহাতে আমাদের প্রয়োজন নাই।

১২৩। লৌকিক দৃষ্টান্তে আমরা দেখিতে পাই বে,—কোনও বৃহৎ কার্য্য

সম্পাদনের জন্ত নানাপ্রকারের বহু সংখ্যক ব্যক্তির সমবেত, একই উদ্দেশ্তম্বাক সাহায্যের প্রয়োজন হইয়া থাকে। যদি তাহারা একই উদ্দেশ্তে পরিচালিত হইয়া পরস্পারের সহযোগে কার্য্য সম্পাদন না করে, নিজ্ঞ নিজ্ঞ বাতন্ত্র্য রক্ষা করিয়া চলে, তাহা হইলে কার্য্য সম্পাদন অসম্ভব হইয়া পড়ে। কোনও বৃহৎ অট্টালিকা নির্মাণ করিতে হইলে, স্থদক্ষ ইঞ্জিনিয়ার, স্থপতি, রাজমিস্ত্রী, সাধারণ মিস্ত্রী, মজুর, উপকরণ সংগ্রাহক ও পরিপ্রক (contractor) প্রভৃতির সমবেত সাহায্য প্রয়োজন হইয়া থাকে। উহারা যদি প্রত্যেকে নিজের নিজের ইচ্ছামত চলে, তাহা হইলে, অট্টালিকা নির্মাণ হয় না। অন্তর্গক্ষে সকলে যদি প্রধান কার্ককের (ইন্জিনিয়ারের) অধীনে, তাঁহার পরামর্শ, নিদ্দেশ ও ব্যবস্থামত একযোগে কার্য্য করে, তাহা হইলে নির্মাণকার্য্য সহজে সম্পাদিত হয়। প্রকৃতপক্ষে ইন্জিনিয়ারের কৃতিত্ব—সকলকে এক উদ্দেশ্তে একযোগে পরিচালিত করায় ও প্রত্যেকের অন্তরে নিজের শক্তি সঞ্চারে এবং কার্য্য স্থি সম্পাদনের আগ্রহ জাগানয়। বিশ্বস্থিতেও সেই প্রকার, অবশ্রই অনন্ত গুণে বৃহৎ পরিমাণে।

১২৪। মহদাদি সকলে স্থ প্রধান হওয়ায় ও একত্র মিলিত হইয়া,
বিশ্বসন্তিরণ কার্য্য সম্পাদন করিতে না পারায়, ভগবানের শরণাপর হইল।
ভখন পরমেশর তাঁহার সংহননী শক্তি-সঞ্চারে, উহাদিগকে সংহত, মিলিত
করিয়া এবং পরম্পারের ম্থাত্ব-গোণত্বে প্রতিষ্ঠিত করিয়া জগদ্সন্তির উপযোগী
করিলেন। ভাগবত বলিতেছেন:—

যদৈতেহসঙ্গতা ভাষা ভূতেব্দিয়মনোগুণাঃ।
যদায়ত্রননির্মাণে ন শেকুব্র সাবিত্তম ॥ ২ ৫।৩২
তদা সংহত্য চান্সোহস্তং ভগবচ্ছব্দিচোদিতাঃ।
সদসন্ত্রমূপাদায় চোভয়ং সম্ভুক্ত দিঃ ॥ ২ ৫।৩৩

হে ব্রহ্মবিত্তম নারদ! এই সকল ভৃত, ইন্দ্রিয়, মন:গুণ পূর্বের অমিলিত থাকায় ব্রহ্মাও শরীর নির্মাণে সমর্থ হয় নাই, তথন ভগবানের সংহননকারিণী শক্তি দ্বারায় প্রচোদিত হইয়া, উহারা পরস্পর মিলিত ও ম্থাত্ত-গৌণত্ত অঙ্গীকারপূর্বেক সমষ্টি ও বাষ্টিরূপ শরীর সৃষ্টি করিল। ২।৫।৩২-৩৩

উপরে উদ্ধৃত ২।৫।৩৩ শ্লোকে একটি অংশ হইতেছে "ভগবচ্ছজ্তি-যোজিতাঃ"
—ভগবানের সংহননকারিণী শক্তির দারা প্রচোদিত হইয়া—অর্থাৎ ভগবানের
উক্ত শক্তি তাহাদিগের অন্তরে অনুপ্রবিষ্ট হইয়া, উহাদিগকে বিশ্বস্কৃষ্টির উপযোগী

করিল। ইহাই "অমুপ্রবেশ"—ইহারই ব্যাখ্যা ভাগবত নিম্নোদ্ধত ৩।৬।১-২ লোকে বলিতেছেন:—

> ইতি তাসাং স্বশক্তীনাং সতীনামসমেত্য সঃ। প্রস্থুপ্রলোকতন্ত্রাণাং নিশাম্য গভিমীশ্বরঃ॥ ভাঃ ৩৬।১ কালসংজ্ঞাং তদা দেবীং বিভ্রুক্তক্তিমুরুক্রমঃ। ব্রয়োবিংশতিতত্বানাং গণং যুগপদাবিশং॥ ভাঃ ৩৬।২

মহদাদি নিজ শক্তিগণ পরম্পর অমিলিত হওয়াতে বিশ্বরচনায় অশক্ত হইয়াছে, তাহাদের এই দশা অবগত হইয়া, উরুক্রম (সর্বাকর্মা) অগদীশর, কাল দ্বারা উদ্বোধ্য নিজ সংহননকারিণী দৈবী শক্তি প্রকট করিয়া ধূগণং— মহদ্-অহন্ধার-পঞ্চনাত্র-পঞ্চমহাভূত—একাদশ ইন্দ্রিয়াত্মক ত্রয়োবিংশতিগণে প্রবিষ্ট হইলেন। ৩৬১-২

ভৎপরে—

সোহনুপ্রবিষ্টো ভগবাংশ্চেষ্টারূপেণ তং গণম্। ভিন্নং সংযোজয়ামাস স্থপ্তং কর্ম্ম প্রবোধয়ন্॥ ভাগঃ ৩।৬।৩

ভগবান্ উক্ত ত্রয়োবিংশতি তত্তে প্রবেশাস্তর চেষ্টারূপে তাহাদের ক্রিয়া প্রবৃদ্ধ করতঃ, সে সকল ভিন্ন ভিন্ন তত্তকে একত্র সংযুক্ত করিলেন ব

ভাগবত ৩।৬;৩

১২৫। উপরে উদ্ধৃত কয়েকটি শ্লোকে ভাগবত "অমুপ্রবেশের" যে পরিচয় দিলেন, তাহার ভিত্তি, আমরা 'ছোন্দ্যোগ্য' উপনিষদে দেখিতে পাই। अভিবিদ্যোত্তিক :—

সেয়ং দেবতৈক্ষত হস্তাহমিমাস্তিস্তো দেবতা অনেন জীবেনাত্মনাহ**মুপ্রবিশ্য** নামরূপে ব্যাকরবাণীতি ॥ ছাঃ ৬।৩।২

পূর্ব্বোক্ত সেই সংস্করণ দেবতা ঈক্ষণ (আলোচনা) করিলেন, অধুনা আমি প্রাণধারক আত্মরূপে, এই তিন দেবতার মধ্যে অনুপ্রবিষ্ট হইয়া নাম ও রূপ অভিযাক্ত করি। ছাঃ ৬।৩।২

তাসাং ত্রিবৃতং ত্রিবৃতমেকৈকাং করবানীতি সেয়ং দেবতেমান্তিশ্রো দেবতা অনেনৈব জীবেনাত্মনাহমুপ্রবিশ্য নামরূপে ব্যাকরোৎ॥ ভাঃ ৬.৩০৩ উক্ত তিন দেবতার প্রত্যেককে, ত্রিবৃং ত্রিবৃং করিব চিন্তা করিয়া, উক্ত দেই দেবতা (সংস্করণ), এই তিনটি দেবতার মধ্যে প্রাণধারক আত্মরূপে অনুপ্রবিষ্ট হইয়া—নাম ও রূপ অভিবাক্ত করিলেন। ছাঃ ৬।৩।৩

উপরে উদ্ধৃত ছান্দোগ্য শ্রুতির ভাতা২ ও ভাতাত মন্ত্রবয়ে "ইমান্তিশ্রে। দেবতা:" বাহাদের উলেব করা হইয়াছে, তাঁহারা যথাক্রমে তেজঃ। অপ্ও অন বা ক্ষিতি; উহাদের অভিব্যক্তি উক্ত শ্রুতির ভাহাত-৪ মন্ত্রে পূর্বেই কম্বিত হইয়াছে। মহাভূত পঞ্চকের মধ্যে ছান্দোগাশ্রুতি বায়ু ও আকাশের উলেব করেন নাই। একারণ পঞ্চীকরণের পরিবর্তে ভাতাত মত্রে "ত্রিবৃৎ করণ" বলা হইয়াছে।

১২৬। এখন লক্ষ্য করিতে হইবে, ছালোগ্য তেজ্বং, অপ্, অন (ক্ষিতি)কে "দেবতা" বলিয়া উল্লেখ করিলেন কেন? ইহার কারণ এই যে, ভগবান্ প্রকৃতিতে যে "চিদাভাস" অর্পন করিয়াছিলেন, তাহা প্রকৃতি হইতে অভিব্যক্ত সম্দায়ে অন্নবিস্তর বর্ত্তমান থাকিবেই থাকিবে। সে কারণ, তেজ্বং, অপ্, অন্ন (ক্ষিতি)—প্রকৃতি হইতে অভিব্যক্ত হওয়ায়, চৈতণ্য উক্ত তিনে বর্ত্তমান। দিব্ ধাতুর অর্থ ক্রীড়া করা। চেতনই ক্রীড়া করিতে সমর্থ। এজন্য উহাদিগকে "দেবতা" বলিয়া উল্লেখ করা হইয়াছে। আরও ইঙ্গিত করা হইল যে, উহায়া ভগবানের জগৎ ক্রীড়ার উপকরণ। এই একই কারণে ভাগবত উপরে উদ্ধৃত ৩া৫।৩৬ স্লোকে তাঁহায়া ভগবানের স্তব করিলেন, স্পষ্টতঃ বলিয়াছেন, চেতন না হইলে স্তব করা সঙ্গত হয় না। এই একই কারণে ভগবান্ গীভায় ১৫।১৬ স্লোকে সমষ্টি ভূতাত্মক ক্ষরকে "পুক্ষ" বলিয়া—উল্লেখ করিয়াছেন। প্রকৃতি গঠিত বিভিন্ন পুরে অবস্থান করেন বলিয়া—"পুক্ষয" পদের নিক্ষজি। বলা বাহলা যে পুক্ষ চেতন।

১২৭। ছালোগ্য শ্রুতি সমষ্টিভাবে অনুপ্রবেশের উল্লেখ করিলেন। ভাগবত ব্যষ্টিভেও অনুপ্রবেশের নিদর্শন দিলেন। গীভায় ভগবান্ অনুপ্রবেশের অতি বিষদ পরিচয় প্রদান করিলেন। গীভায় ভগবান্ বলিভেছেন:—

> অধিভূতং ক্ষরো ভাবঃ পুরুষ-চাধিদৈবতম্। অধিযজ্ঞোহহমেবাত্র দেহে দেহভূতাং বর ॥ গী: ৮।৪

কর অর্থাৎ বিনশ্বরভাব—অধিভৃত। পুরুষ—অধিদৈবত এবং দেহে
অন্তর্যামী রূপে স্থিত আমিই—অধিষক্ত। গী: ৮।৪ এখানে "অধ্যাত্ম"
পদের ও তাহার অধিষ্ঠাতা পুরুষের—সাক্ষাৎ পাই না। ইহার ঠিক পুর্ববর্ত্তী
৮।০ শ্লোকে "স্বভাবই অধ্যাত্ম"—ইহা ভগবান বলিয়াছেন।

উপরে উদ্ধৃত ছান্দোগ্যঞ্জতির ভাতাং ও ভাতাত মন্ত্রের সহিত গীতার ৮।৩ ও ৮।৪ শ্লোক একত্র পর্যালোচনা করিলে, আমরা ব্ঝিতে পারি যে, ভগবান্ চারিভাবে জাগতিক স্থাবর-জঙ্গম সম্দায়ে অনুপ্রবিষ্ট—(ক) অধিভৃত ভাবে, (খ) অধ্যাত্মভাবে, (গ) অধিদৈব ভাবে ও (ঘ) অধিযক্ত ভাবে। ইহাদের প্রত্যেকের সম্বন্ধে সংক্ষেপ আলোচনা নিম্নে দেওয়া হইল।

১২৮। (ক) অধিভূত ভাবে অন্প্রবেশ হেতু, জগতের স্থাবর-জঙ্গম সম্দায়—নিজ নিজ আকারে, নিজের নিজের দেহের অঙ্গ-প্রত্যঙ্গের সহিত সহযোগে বর্ত্ত শান থাকে। ক্ষরভাব—বিনশ্বভাব—ধ্বংশ বা নাশ ইহার ধর্মা, পরম্পর হইতে বিচ্ছিন্ন হওয়া বা বিচ্ছিন্ন করা—ইহার ক্রিয়া, সংহতি ভাব নষ্ট করা ইহার বিশেষত্ব। ভগবান্ আধিভৌতিক পুরুষজ্পে—ক্ষরাত্বক অধিভূত ভাবে অন্প্রবেশ পূর্বক, সম্দায় অন্-পরমাণুকে নিজ সংহননী শক্তিশ্বারা সংহত করিয়া, প্রত্যেককে নিজ নিজ আকারে—বর্ত্তমান থাকিবার ব্যবস্থা করিয়াছেন। স্থাবর-জঙ্গমের প্রত্যেকের আকার, স্থানাবরকতা, কাঠিয়্য, তারল্য, বায়বীয়ত্ব, গুরুত্ব, লঘুত্ব প্রভৃতি সম্দায় ভগবানের অধিভূতভাবে অন্প্রবেশ হেতু—ইহা এক কথায় সদ্ভাব। আমার দেহে, অন্থি-মাংস-মজ্জা-ত্বক্ প্রভৃতির সংহতভাবে বর্ত্তমানতা ও তাহার হেতু আমার দেহের বিশিষ্ট আকারে অবস্থান—ভগবানের সংহননী শক্তির ক্রিয়া।

থে) অধ্যাত্মভাবে অনুপ্রবেশ :—ভগবান্ গীতায় ৮।৩ শ্লোকে স্বভাবকেই ''অধ্যাত্ম' বলিয়াছেন। শ্রীধর স্বামিপাদ স্বভাব পদের অর্থে বলিতেছেন :— ''সভাব:—স্বস্থৈব ব্রহ্মন এব অংশতয়া জীবরূপেণ ভবনং স্বভাবং''। ''অধ্যাত্মন্—আত্মানম্—দেহমধিকত্য ভোক্ত্ত্বেন বর্ত্তমান: অধ্যাত্ম—শব্দেন উচাতে"।—এক কথায় ইহার অর্থ হইতেছে—স্বভাব অর্থাৎ জীবই অধ্যাত্ম বলিয়া কথিত হন।

উপরে উদ্ধৃত স্বামিজীর অর্থই ভাগবতের ২।১০৮ শ্লোকের টীকায়ও স্বামিজী ব্যবহার করিয়াছেন। উক্ত শ্লোক সম্বন্ধে আলোচনা পরে করা যাইবে। কিন্তু আমার মনে হয় যে, উক্ত অর্থছাড়া আরও একটি অতি স্থলর ও ব্যাপক অর্থ করা যাইতে পারে। ভগবান্ বহু হইবার সংকল্প করিয়া, আপনাকেই বহুত্বে অভিব্যক্ত করিলেন—ইহা শ্রুতির ঘোষণা। এই বহুত্ব স্থাবর-জঙ্গমাত্মক ব্যষ্টিকেলইয়া। স্থতরাং স্বামিজী যে অর্থ করিয়াছেন, তাহা হইতে 'জীবরূপেণ' অংশটুকু বাদ দিলেই—অর্থটি পরিষ্টু হইবে। ''স্বভাব'' শব্দের অর্থ নিজ্যের ভাব

অর্থাৎ ভাবাত্মক স্থায়ী ধর্ম—যাহাকে পরিভ্যাগ করিয়া নিজত্ব বন্ধায় থাকিতে পারে না।

জীবের স্বভাব জীবতে, বিশেষ ব্যক্তির স্বভাব তাহার ব্যক্তিত্বে—ইহা লক্ষ্য করিয়া ভগবান্ গীতায় ১৮।৫২ শ্লোকে অর্জ্নকে বলিলেন—অহংকারকে আশ্রয় করিয়া — ''আমি যুদ্ধ করিব না" এইরূপ যে মনে ভাবিতেছ, তাহা বৃথাই হইবে, কেননা তোমার ক্ষত্রিয় প্রকৃতিই তোমাকে যুদ্ধে নিযোজিত করিবে। অর্জুন ক্ষত্রিয়— স্তরাং ক্ষত্রিয় প্রকৃতিই তাঁহার "স্বভাব"—ইহা গীতায় ১৮।৪৩,১৮।৬০ প্রভৃতি শ্লোকে স্ম্পষ্ট কথিত হইয়াছে। ভগবান্ গীতায় ১৮।৪২, ১৮।৪৪ শ্লোকদ্বয়েও ব্রাহ্মণ ও বৈশ্যগণের "স্বভাব" বিহিত কর্ম্মের পরিচয় দিয়াছেন। শুধু মানব-দেহধারী জীব সম্বন্ধেই বা কেন ? উদ্ভিদের স্বভাব—উদ্ভিদম্ব, ও ক্ষেত্রের স্বভাব —উৎপাদিকা শক্তি ইত্যাদি। লৌহের শ্বভাব তাহার রুঞ্চবর্ণে, আপেক্ষিক গুরুত্বে, বিশেষ তাপ প্রয়োগে নমনীয়তে, বিশেষ প্রক্রিয়া সাহায্যে অতি দৃঢ় ইস্পাতে পরিণতিতে, চৌমুকার্ধনের-প্রভাবে দঞ্চননে, অতি তীক্ষ ধার গ্রহণের সামর্থ্য প্রভৃতিতে আমাদের প্রতীতি গোচর হইয়া থাকে। অধিক উদাহরণ দিয়া গ্রন্থ বাহুল্যের প্রয়োজন নাই। অধ্যাত্ম বা আধ্যাত্মিক পুরুষ—ভগবানের আধ্যাত্মিক নামধেয় শক্তি—বল্পর এই "স্বভাব" কে "ভাব" পদার্থরূপে স্বায়ীভাবে ধারণ করিয়া, তাহার বিশেষত্ব প্রকটিত করে। এই বিশেষত্ব—অন্য বস্তু হইতে বিভেদের হেতু। একত্ব হইতে বহুত্ব সংঘটনের ইহা অপরিহার্ঘ্য ফল। ইহা আমাদের বৃদ্ধির ক্রিয়া, তাহার বিশ্লেষিকা শক্তির পরিচয়।

(গ) অধিদৈব ভাবে অন্প্রবেশ:—চিত্রে আধিভৌতিক, আধ্যাত্মিক ও
আধিদৈবিক এই তিন ও তাহাদের পরস্পর সম্বন্ধ দেখান হইয়াছে।
আধিভৌতিক উপকরণে—দেহের উপাধি। আধ্যাত্মিক উপকরণে—পঞ্চ
জ্ঞানেন্দ্রিয় ও পঞ্চ কর্ম্মেন্দ্রিয় অভিব্যক্ত হইয়া থাকে। ইন্দ্রিয়গণের পরিচালনা
ও তাহাদের নিজ নিজ ক্রিয়া বিধান মত সম্পাদনের জন্ম পরিচালকের
প্রয়োজন। আধিদৈবিক পুরুষ ভগবানের সংকল্পান্থসারে ভগবছজিতে
শক্তিমান হইয়া পরিচালকের কার্য্য সম্পাদন করেন। পুজ্যপাদ স্বামিজী গীতায়
৮া৪ স্লোকে "অধিদৈবত পুরুষ" পদের ব্যাখ্যায় বলিতেছেন:—

"পুরুষ:—বৈরাজঃ স্থ্যমণ্ডল মধ্যবর্তী স্বাংশভ্ত—সর্মদেবতানামধিপতিঃ"
—ব্রন্মের বা ভগবানের নিজ অংশভ্ত সর্মদেবতার অধিপতি বিরাট্ পুরুষ
—অর্থাৎ নারায়ণ। তিনি স্থ্যশুলে অধিষ্ঠিত থাকিয়া কিরণ পথে, অধিভূত
পুরুষরূপে স্থাবর-জঙ্গমের উৎপত্তি—স্থিতি-বৃদ্ধির বিধান করিতেছেন। সেইরূপ

কিরণপথে অধ্যাত্ম পুরুষরপে স্থাবর-জন্সমাত্তক ব্যষ্টি সকলের নিজ নিজ বিশেষৎ (সভাব) ধারণ করিয়া স্বষ্টির মর্যাদা রক্ষা করিতেছেন। তিনিই আবার নিজের শক্তি প্রয়োজন মত বিভিন্নরূপে প্রকটিত করিয়া, কিরণপথে জ্ঞান—কর্মেল্রিয়গণের ক্রিয়া নিয়য়ণ ও পরিচালন করিতেছেন। তিনি এক, অন্বিতীয়, আপনাকেই বহুত্বে প্রকটন করিয়া আপনি আপনাকে লইয়াই ক্রীড়া করিতেছেন। আমরা বহুত্ব দেখিয়া মুগ্র হই, তাহা ইহারই সংকল্প বশতঃ।

ভাগবত ৩।২৬।৫৭ শ্লোকে চিত্রে প্রদর্শিত অধিদৈবত দেবতাগণের পরিচয় দিয়া বলিলেন যে, বিরাটের আয়তন (সমষ্টি দেহ) অভিব্যক্ত হইল, কিন্তু তিনি নিশ্চেষ্ট হইয়া পড়িয়া রহিলেন। তথন অধিদৈবতগণ নিজ্ঞ নিজ্ঞ ইন্দ্রিয়ে অধিষ্ঠিত হইলেন, কিন্তু তাহাতেও বিরাট্ চেষ্টাশীল হইলেন না। তথন ক্ষেত্রক্ত (সমষ্টি জীব), সেই সমষ্টি দেহে যখন প্রবেশ করিলেন, তথনই বিরাট্ উথিত হইয়া ক্রিয়াশীল হইলেন। শ্লোকটি ১।২।১৮ স্ত্রে উদ্ধৃত হইয়াছে। এই ক্ষেত্রক্তর পরিচয় মৃত্তক শ্রুতি ৩।১ মন্ত্রে দেহরূপ বৃক্ষে—ফলাম্বাদনকারী পক্ষীরূপে দিয়াছেন। ইহার সহিত ফল অনাম্বাদনকারী—অপর একটি পক্ষীরও উল্লেখ করিয়াছেন। প্রথমটি জীবাল্মা—পরেরটি পরমাল্মা। এই পরেরটি "অধিযক্ত্র"। (গ্লীঃ ৮।৪)।

বেম, পরমপুরুষ বা ভগবানই—আদি যজ্ঞকর্জা। তাঁহার আত্মবিলোপাত্মক তাাগ হইতে এই বিশ্বের অভিব্যক্তি। ঝগ্রেদীর পুরুষ-ক্ষুক্ত ইহার পরিচর দিয়াছেন। কর্মের উৎস তাঁহা হইতে উৎসারিত হইয়া—বিশ্বকে ও বিশ্বন্থ সকলকে ওডপ্রোভ ভাবে প্লাবিত করিতেছে। এক মূহুর্ত্ত্ব কর্মা না করিয়া, কেহ থাকিতে পারে না। (গীতা ৩০৫)। মানব দেহখারী জীব মোহে পতিত হইয়া, আপনাকেই কর্মের কর্জা মনে করিয়া, অভিমান বশতঃ কর্মের বন্ধন দশা প্রাপ্ত হয় এবং ফল ভোগের জন্ম হইতে জন্মান্তরে পরিভ্রমণ করিতে থাকে। যদি মানব মনে প্রাণে দৃঢ় ধারণা করিতে পারে, যে, সে যথন যেখানে ছোট বড় যে কোন কর্ম্ম কর্মক, মনে স্থ বা কু যে কোনও চিন্তা, ভাবনা কর্মক, সম্দায়ের মূলে ভগবান, তথন তাহার সম্দায় কর্ম্ম, সম্দায় চিন্তা যজ্ঞ হইয়া যায় এবং যজ্ঞেশ্বর ভগবান, অধিযজ্ঞরূপে তাহাদিগকৈ নিয়ন্ত্রণ ও পরিচালন করিয়া থাকেন। তথন কর্ম্ম নিন্ধর্ম হইয়া যায় ও কর্ম্মযজ্ঞের যজ্মানকে নিঃশ্রের্যের পথে অগ্রসরণ করাইবার উপায় শ্বন্ধপ হইয়া যায়। তথন তাহার কর্ড্মবৃদ্ধি লোপ পায়। তথন তাহার: সম্দায় ক্রিয়া, চিন্তা, ব্যবহার "ব্রহ্মযজ্ঞ" গীঃ (৪।২২) পর্যায়ে পড়ে। তথন

দশ্ব-ব্রহ্ম, উহার আচরণ ব্রহ্ম, আচরণকারী ব্রহ্ম, যাহার উদ্দেশ্রে আচরিত হয় তাহা ব্রহ্ম, যে উদ্দেশ্রে আচরিত হয়, তাহাও ব্রহ্ম হইয়া যায়। তথন গীতার উক্ত ৪।২২ শ্রোক—অর্থসহ পরিকৃট হইয়া উঠে। তথন কর্মাত্মক বা যজ্ঞাত্মক ব্রহ্মে চিত্তের একাগ্রতা প্রাপ্তি হয়, গীতার ভাষায় এই 'ব্রহ্মকর্ম-সমাধীনা'' সেই একাগ্রতা হইতে কর্মাচরণকারীর ব্রহ্মভাব প্রাপ্তি হইয়া থাকে। তথন দেহ রক্ষণে কৃত্ত সত্ত ক্রিয়মান কর্মসকলও—খাস-প্রশ্বাস, চক্ষ্র উন্মীলন-নিমীলন, দর্শন, শ্রবণ, গমন, ভোজন, নিদ্রা প্রভৃতিও অকর্ম হইয়া যায় (গীঃ ১৮-১)। তথন ইহারা আত্মার সহিত সম্বন্ধ শৃক্ত ইন্তিয়গণের ক্রিয়া মাত্র হইয়া যায়।

গীতার প্রদত্ত ভগবানের এই উপদেশ শুধু পুস্তকগত উপদেশ স্থরপে না রাথিয়া কার্যাতঃ জীবনের দৈনিক আচারণে—মানবদেহধারী জীবগণকে সাহায্য করিবার জন্ম ভগবান্ অধিযক্ত (অন্তর্যামি) রূপে সকলের সঙ্গে সঙ্গেরতেছেন। জীব তাঁহার নিজের অংশ (গীঃ ১৫।৭)। তিনি যেমন স্বতন্ত্র—জীবও সেইরূপ স্বতন্ত্র। তিনি সর্ব্বণক্তিমান হইলেও, এই স্বাভন্ত্রে হস্তক্ষেপ করা অসম্বত বলিয়া, সর্ব্বদা সঙ্গে ভগবন্ আমি ভৌবের অবসর প্রতীক্ষা করেন। তাঁহার দিকে ফিরিয়া, "জন্ম ভগবন্ আমি ভোমার" বলিয়া একবার তাঁহার শরণ গ্রহণ করিলেই, তিনি নিবিড় ভাবে বক্ষে আলিম্বন করিয়া আপনাতে মিলাইয়া লন। যে স্বাভন্তেরের গর্ব্বে মানব তাঁহাকে ছাড়িয়া কুপথে গিয়াছিল, সেই স্বাভন্তেরের পরিচালনায় স্থপথে প্রত্যাবর্তনের অপেক্ষামাত্র করিয়া থাকেন। ইহা আগেও বলা হইয়াছে, আর বিস্তারের আবশ্যক নাই।

উপরের আলোচনা হইতে আমরা ব্ঝিলাম যে, স্ষ্টিতে ভগবানের ''অন্প্রেবেশ' চারি মৃ্তিতে। প্রতিমৃত্তি 'পুক্ষ' আখ্যায় আখ্যায়িত। প্রত্যেকই অক্ষর—ব্রহ্মম্বরণ। তবে আমাদের বিশ্লেষিকা বৃদ্ধি উক্ত চারি অক্ষর স্বরূপের মধ্যে স্ক্ষ বিশ্লেষণে কিঞ্চিং বিভেদ স্ষ্টি করিয়াছে। তাহা প্রকাশ করিয়া বলা কর্তব্য বলিয়া মনে করি। প্রথমে লক্ষ করা প্রয়োজন যে, চারি প্রকারের ''অন্প্রেবেশে' যদি ''অক্ষর" নামধেয়—পরব্রহ্মই করিলেন, তবে তাহাকে আবার ''পুক্ষ'' আখ্যায় আখ্যায়িত করিবার তাৎপর্যা কি? ইহার দমাধান এই যে, আধিভৌতিক, আধ্যাত্মিক, আধিদৈবিক—সমৃদায় ক্ষেত্রে সর্ব্রহ্ম, তত্তৎ ক্ষেত্রের উপাদানে গঠিত 'পুর" বর্ত্তমান। অক্ষর—পরব্রহ্ম প্রত্যেক পুরই নিজের শক্তির দ্যোরে অন্প্রাণিত, সঞ্জীবিত, ক্রিয়াশীল করেন বলিয়া, পুরে অবস্থানহেতৃ, পুরুষ' আখ্যায় কথিত হইয়া পাকেন।

ং ধিভূত পুরুষ—অক্ষর এক্ষের মূর্ত প্রকাশ বটে। কিন্ত তিনি স্বরূপতঃ

भक्त रहेल करता महिल मरबिल रहेश, आश्नात धक्त जात जूनिया गिया, आश्नार कर्म जात विजितिक किया तरमा। हेशद वस्त्र पृष्टास आराप्त निर्देश कीत्र क्रिया वर्ष शिष्ठ किया तरमा। हेशद वस्त्र प्रहेश आराप्त निर्देश कीत्र क्रिया क्रिय

অন্তর্যাম্যধিদৈবাধিলোকাদিষু তদ্ধর্মাব্যপদেশাৎ ॥ ১৷২৷১৯

১।২।১৮ স্থতে সিদ্ধান্ত স্থাপন করিলেন যে, অন্তর্য্যামি, অধিদৈব, অধিলোক প্রভৃতিতে পরমাত্মাই বা ব্রহ্মই বর্ত্তমান থাকিয়া তত্তৎ নামে কথিত হন। আমরা উপরের আলোচনা হইতেও সেই একই সিদ্ধান্তে উপনীত হইয়াছি।

১২ন। নিমোদ্ধত শ্লোকে ভাগবত আধিভৌতিকাদি তিন পুরুষের পরিচয় দিতেছেন:—

> যোহধ্যাত্মিকোহয়ং পুরুষঃ সোহসাবেবাধিদৈবিকঃ। যন্তত্যোভয়বিচ্ছেদঃ পুরুষো হ্যাধিভৌতিকঃ॥ ২।১০।৮

যিনি আধ্যাত্মিক পৃক্ষ, তিনিই আধিদৈবিক। তবে এই উভর নাম ও তজ্জনিত বিভেদের হেতু—আধিভোতিক পৃক্ষ। ২।১০৮ ইহাই উক্ত লোকের আক্ষরিক সরল অর্থ। শ্রীমৎ শ্রীধরম্বামী আধ্যাত্মিক পৃক্ষকে দ্রন্থ জীব এবং আধিভোতিক পৃক্ষকে দ্রা এবং সে কারণ দ্রন্থা জীবের উপাধি স্বরূপ বলিয়া অর্থ করিয়াছেন। তাঁহার এই অর্থ গীতার ৮০০ শ্লোকের ওৎকৃত অর্থের সহিত সামঞ্জন্তপূর্ণ, তাহাতে সন্দেহ নাই। তাঁহার পদামুসরণে প্রামনারামণ বিদ্যারত্ব মহাশয় উক্ত শ্লোকের বাঙ্গলা অর্থ বলিভেছেন ঃ—"যিনি চক্ষরাদি করণাভিমানী দ্রন্থা জীব-স্বরূপ আধ্যাত্মিক পুক্ষ—তিনিই স্বাধিদৈবিক অর্থাৎ

চক্ষাদি ইন্দ্রিগণের স্থ্যাদিরপ অধিষ্ঠাতা। এই উভয় ভিন্ন চক্ষ্ণ গোলকাদি বিশিষ্ট যে দৃশ্য—দেহ, পুরুষ অর্থাৎ পুরুষরূপ দেহের উপাধি জানিবে।" ২।১০।৮

উপরে ১২৮ অনুচ্ছেদে গীতায় ৮।৩ শ্লোকে ব্যবহৃত "স্বভাব" শব্দের যে বিতীয় অর্থ প্রস্তাব করিয়াছি—অর্থাৎ স্থাবর-জঙ্গমাত্মক সম্দায়ের নিজের নিজের পৃথক্ "নিজত্ব"—তাহা গ্রহণ করিলে, ভাগবতের ২।১০৮ শ্লোকের অর্থ হইবে ই —আধিলৈবিক ও আধ্যাত্মিক পুরুষ অভিন্ন হইলেও, উহাদের উভয়ত্ম কথনের হেতু এই যে, আধ্যাত্মিক পুরুষ—আধিভৌতিক ক্ষরভাবে বিভাবিত পুরুষ হইতে প্রকটিত স্থাবর-জঙ্গমাত্মক সম্দায় বস্তর—স্ব স্ব "স্বভাবে" রক্ষণ করিবার জন্ম তত্তৎ বস্তজাতের সহিত সংশ্লিষ্ট হওয়ায়, যদিও স্বরূপতঃ নিজের অক্ষর ভাব হইতে পরিভ্রষ্ট হন নাই, তথাপি পৃথগ্রেপে নির্দেশিত হইবার যোগ্য বটে। অবক্টই এ প্রকার নির্দেশ আমাদের বৃদ্ধির ক্রিয়া।

১৩০। আধ্যাত্মিক ও আধিদৈবিক পুরুষের অভিন্নতা সম্বন্ধে ঈশাবাস্তো-পণিষৎ ১৬ মন্ত্রে বলিতেছেন :—

পুষরেকর্ষে ধমস্ব্য প্রাজ্ঞাপত্য বৃহ রশ্মীন সমূহ।
ভেজ্ঞো যৎ তে রূপং কল্যাণতমং তত্তে পশ্যামি, যোহসাবসৌ পুরুষঃ
সোহহমন্মি॥ ১৬

হে জগৎপোষক স্থ্য, হে একাকী গমনশীল—অর্থাৎ অন্ত নিরপেক্ষ হইরা জগৎস্থ সকলের স্ব স্থাপারে প্রবর্ত্তক, হে সকলের নিয়ন্তা, হে প্রজাপতির সংকল হইতে অভিব্যক্ত! ভোমার রশ্মিসমূহের ও ভাহা হইতে প্রস্তুত ভেজের সঙ্কোচসাধন কর। ভোমার যাহা অভি কল্যাণভম রূপ, অর্থাৎ যে রূপ পরিগ্রহ করিয়া, ভূমি বিশ্বে কল্যাণ বিভরণ কর, আমি ভোমার সেই রূপ দর্শন করি। ভোমার প্রবর্ত্তক ও সঞ্জীবিয়িভা যিনি, আমারও ভিনি। ১৬

৩০) এক বিজ্ঞানে সর্ববিজ্ঞান।

১৩১। মৃত্তক শ্রুতির ১।১।৩ মন্ত্রে শিশ্য গুরুকে জ্বিজ্ঞাদা করিলেন :— কস্মিন্ন_ুভগবো বিজ্ঞাতে সব্ব মিদং বিজ্ঞাতং ভবতি।

মুগুক ১।১।৩

হে ভগবন্! কি জানিলে এই পরিদৃশ্রমান সম্দার জানা হইরা যার? এই প্রশ্নের উত্তরে শুরু ব্রশ্নবিভার উপদেশ দিলেন—ইহাতে শুরু ব্র্থাইলেন যে, ব্রহ্মকে জানিলে সম্দার জানা হইরা যার। ছাল্যোগ্য শ্রুতিতে এ একই উপদেশ, একটু অধিকতর বিস্তারিতভাবে এবং সহজে বোধগমা করিবার জন্ম দৃটান্তের সাহায্যে দেওরা হইরাছে। বালক শ্রেতকেতৃর বয়স যখন ১২ বংসর, তখন তাঁহার পিতা, তাঁহাকে বিজ্ঞোপার্জনের জন্ম শুরুগৃহে পাঠাইলেন। শ্রেতকেতৃ গুরুগৃহে ১২ বংসর কাল ধরিয়া—সমগ্র বেদাধ্যয়ন সমাপন করতঃ, গন্ধীর চিন্ত, বেদজ্ঞানাভিমানী ও অবিনীত শ্রভাব হইরা—২৪ বংসর বয়সে পিতৃগৃহে ফিরিয়া আসিলে, পিতা তাঁহাকে বেদজ্ঞানাভিমানী ও অবিনীত শ্রভাব দেখিরা জিল্ঞাসা করিলেন, "বংস! তৃমি ভোমার গুরুকে সে আদেশটির (উপদেশটির) কথা জিল্ঞাসা করিয়াছিলে কি? যে উপদেশের জ্ঞানে (সহায়ে) অশ্রুত বিষয় শ্রুত হয়, অচিন্তিত বিষয় শ্রুচিন্তিত হয় ও অনিশ্রিত বিষয় শ্রুনিশ্রিত হয়।" উত্তরে শ্রেতকেতৃ বলিলেন, সে আদেশ কিরপে? তথন তাঁহার পিতা বলিলেনঃ—

যথা সোমাকেন মৃৎপিণ্ডেন সর্ববিং মৃন্ময়ং বিজ্ঞাতং স্থাদ্ বাচারন্তণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যম্॥ ছাঃ ৬।১।৪ যথা সোমাকেন লোহমণিনা সর্ববং লোহময়ং বিজ্ঞাতং স্থাদ্ বাচারন্তণং বিকারো নামধেয়ং লোহমিত্যেব সত্যম্ ॥ ছাঃ ৬।১।৫ যথা সোমাকেন নখনিকৃন্তনেন সর্ববং কাফ বিজ্ঞাতং স্থাদ্ বাচারন্তণং বিকারো নামধেয়ং কৃষ্ণায়সমিত্যেব সত্যমেবং সোম্য স্থাদেশো ভবতীতি। ছাঃ ৬।১।৬

द् राग्नीया! रयमन এकि मृखिका शिर्ध्य छान श्रेट्र मृखिकात शिर्दामण्ड ममछे छाना यात्र—कात्र — मृखिकात — मृखिकात — मृखिकात — नमछ विकात है वागा छत्र नामया किवल मृखिकार मछ। रयमन এकि स्वर्ग शिर्ध्य छात्न, स्वर्गत शिर्दामण्ड ममछे छाना यात्र, कात्र स्वर्ग दात्रा गिर्धि ये कि कि वागा प्राप्त नामयात्र, रक्वल स्वर्ग है मछ। रयमन এकि लोश निर्मिष्ठ नक्त्यत्र छात्न, लोश श्रेट्र छित्र कि मृग्नात्र छाना यात्र, कात्र लोश विश्व प्राप्त वागा प्राप्त कात्र वागा एत्र कात्र वागा छात्र कि छित्र छत्र प्राप्त वागा एत्र नामयात्र, रक्वल लोश्रेट्र मछ। रह राग्नीया, এरेक्नर छेक छित्र स्वर्ग श्रेष्ठ छत्र । हाः धारा । । हाः धारा । हाः । हाः धारा । हाः । हाः धारा । हाः । हाः । हाः धारा । हाः । ह

পিতা উপদেশ দিলেন যে, কার্য্য ও কারণ—অভিন্ন। এক কারণের— ভিন্ন ভিন্ন কার্য্য হইয়া থাকে, ইয়া আমাদের চতুর্দিকে দেখিতে পাওয়া যায়। মাটি হইতে ঘট, কলদ, সরা, জালা, ইট প্রভৃতি গঠিত হইয়া থাকে। সকলের মধ্যে কারণক্রপে মাটি আছে—কার্যগুলি পৃথক্ পৃথক্ নামমাত্র। মাটি—সবগুলিতে কারণক্রপে অফুস্থাত থাকার—উহাদের সম্পর্কে মাটিই সভ্য একং ঘট, কলস প্রভৃতি নামগুলি প্রত্যেক স্থলে বিভিন্ন হওয়ায় শুধ্ শব্দাড়ম্বর মাত্র। মুর্প, লোহ প্রভৃতি যত কিছু উপাদান কারণক্রপে আছে, সকলের সম্বন্ধে উক্ত বিচার প্রযোজ্য। পিতার উপদেশ শুনিয়া শ্বেতকেতু বলিলেন, এমন উপদেশ শুকর নিকট পাই নাই। পিতা তথন সংস্করপ ব্রহ্মই যে প্রপঞ্চ জগতের ও তাহার অন্তর্ভুক্ত স্থাবর-জন্সম সম্দায়ের একমাত্র কারণ, তাহার উপদেশ দিলেন। ১১৭ অমুচ্ছেদে প্রদন্ত চিত্র দৃষ্টে স্কুম্পট প্রতীতি হইবে যে, প্রীকৃষ্ণ বা পরমপ্রক্রম, পরব্রহ্ম, ভগবানই বিশ্ব প্রপঞ্চের ও তদস্তর্ভুক্ত সম্দায়ের একমাত্র কারণ। একারণ তাঁহাকে জানিলেই সম্দায় জানা হইয়া যায়। আর কিছু জ্ঞাতব্য থাকে না। পৃত্তক পাঠের বা শাস্তালোচনার ঐকান্তিক প্রয়েজনীয়তা নাই। ভগবান্ পরামকৃষ্ণ পরমহংসদেব ইহার জাজ্জলামান প্রমাণ।

তাহার প্ঁথিগত বিছা গ্রামের পাঠশালাতেই শেষ হইয়াছিল, কিন্তু যে সর্ব্বসংশয়ছেদী পরম জ্ঞানের পরিচয় তিনি তাঁহার দৈনিক কথাবার্তায় প্রকাশ করিয়াছেন, তাহা অলোকিক, অত্যাশর্যা। উচ্চশিক্ষিত পণ্ডিতমণ্ডলী, বৈজ্ঞানিক, দার্শনিক, ডাক্ডার প্রভৃতি আধুনিক শিক্ষায় শিক্ষিত, মার্চ্জিত বৃদ্ধি, বস্তুতান্ত্রিক মহামহারথিগণ, তাঁহার দৈনিক আলাপনে স্তুন্তিত হইয়া, তাঁহার চরণে আত্মবিক্রেয় করিয়াছেন, ইহা প্রতাক্ষ প্রষ্ট্গণের নিজ্ঞ নিজ্ঞ প্রত্যাক্ষদর্শনের লিখিত, মৃদ্রিত, প্রকাশিত বিবরণ হইতে জানা যায়। স্থতরাং বিস্তারের প্রয়োজন নাই।

७১) প্रामग्र।

১৩২। প্রলয় সম্বন্ধে আলোচনা আরম্ভ করিবার পূর্বে ১০৭ ও ১০৮ অনুচ্ছেদে দৃষ্টি আকর্ধন করি। উহা হইতে আমরা বৃঝিয়াছি যে, চিদণুর স্কুরণই সৃষ্টি। উক্ত স্কুরণ অনাদিকাল হইতে একইভাবে বর্ত্তমান আছে বলিয়া স্বাছিৎ অনাদিকাল হইতে বর্ত্তমান আছে। অন্ত পক্ষে যাহার উৎপত্তি আছে, নাশৎ তাহার অপরিহার্য্য নিয়তি। এ কারণ সমাধান এই যে, সমগ্র স্বাছির অন্তর্ভুক্ত অগণ্য ক্রন্ধাণ্ডগণের, নিজের নিজের বিশেষ বিশেষ হেতৃবশতঃ, কাহারও প্রলয়ে নাশ হইলেও সমগ্রহ সৃষ্টির নাশ এককালে সংঘটিত হয় না। শাস্ত্রে যে প্রলয়ের কলা বলা হইয়া পাকে, তাহা আমাদের ক্রন্ধাণ্ড বা সৌর-জগৎ সম্বন্ধে। উহা

ধ্বংস হইলেও অন্তান্ত অগণ্য ব্রহ্মাণ্ড বর্তমান থাকিয়া—চিদণুর অনস্তকাল ব্যাপী স্কুরণের পরিচয় দেয়।

১৩৩। ইহা সহজেই অমুমেয় যে, অমুলোম ক্রমে স্বৃষ্টির প্রসার অভিব্যক্ত হয়, ভাহার প্রতিলোম ক্রমে প্রলয়ে নাশ সংঘটিত হয়। ভাগবত বলিতেছেন:—

আরে প্রলীয়তে মর্ত্ত্যমন্নং ধানাস্থ লীয়তে।
ধানা ভূমৌ প্রলীয়তে ভূমির্গন্ধে প্রলীয়তে॥ ১১।২৪।২২
অপস্থ প্রলীয়তে গন্ধ আপশ্চ স্বগুণে রসে।
লীয়তে জ্যোতিষি রসো জ্যোতিরূপে প্রলীয়তে॥ ১১।২৪ ২৩
রূপং বায়ৌ সচ স্পর্শে লীয়তে সোহপি চাম্বরে।
অম্বরং শব্দতনাত্রে ইন্দ্রিয়াণি স্বযোনিষু॥ ১১।২৪।২৪
যোনির্বৈকারিকে সৌম্য লীয়তে মনসীশ্বরে।
শব্দো ভূতাদিমপ্যেতি ভূতাদির্মহতি প্রভূঃ॥ ১১।২৪।২৫
স লীয়তে মহান্ স্বেষ্ গুণেষু গুণবত্তমঃ।
তেহব্যক্তে সংপ্রলীয়ন্তে তৎকালে লীয়তেহব্যয়ে॥ ১১।২৪।২৬
কালো মায়াময়ে জীবে জীব আত্মনি ম্যাজে।
আত্মা কেবল আত্মস্থা বিকর্মাপায়লক্ষণঃ॥ ১১।২৪।২৭

মর্ত্ত্যশরীর—অরে, অন্ন ওষধি-বীজে, ওষধি-বীজ পৃথিবীতে, পৃথিবী গদ্ধে লীন হয়। গদ্ধ-জলে, জল-রসে, রস-জ্যোতিতে (তেজে), জ্যোতি রপেতে লীন হইয়া থাকে। ১১।২৪।২২-২৩।

রূপ-বায়ুতে, বায়ু-ম্পর্শে, স্পর্শ-আকাশে, আকাশ-শব্দতন্মত্রে, ইন্দ্রিয়গণনিজ নিজ যোনিতে—অর্থাৎ নিজ নিজ প্রবর্ত্তক দেবতাগণে লীন হয়। (ইন্দ্রিয়গণের প্রবৃত্তি স্বভাব বশতঃ এবং প্রবৃত্তি—দেবতাগণের অ্বধীনত্ব হেতু, শ্লোকে
দেবতাগণে লীন বলা হইয়াছে, প্রকৃতপক্ষে, অভিপ্রায় এই যে, ইন্দ্রিয়গণ রাজস
অহংকারে লীন হয়)। ১১।২৪।২৪

যোনি—অধিষ্ঠাত্রী বৈকারিক দেবতাগণে লীন হইয়া থাকে, দেবতাগণ
—মনে লীন হয়, মনঃ দেবতাগণের সহিত, বৈকারিক অহংকারে লীন হয়।
(উপরে ১১।২৪।২২-২৩-২৪ শ্লোকজ্রবে—তামস অহংকারের কার্যসকলে

(উপরে,১১।২৪।২২-২৬-২৪ লোকভার তামা লয় শব্দভন্মাত্রে কথিত হইয়াছে)। তামদ অহংকারের অন্তর্ভুক্ত শব্দতনাত্র- তামস অহংকারে লীন হয়। ভূতাদি অর্থাৎ ত্রিবিধ অহংকার—বৈকারিক-রাজস-তামস-মহতত্ত্বে লীন হইয়া থাকে। ১১।২৪।২৫

জ্ঞান ও ক্রিয়াশক্তি মন্বা হেতৃ গুনবত্তম মহান্ (মহত্তব) নিজ জ্ঞান ও ক্রিয়াশক্তি পরিত্যাগ করিয়া গুণমাত্রে লীন হয়, গুণসকল অব্যক্ত প্রকৃতিতে লীন
হইয়া সাম্যাবস্থা প্রাপ্ত হয়। সেই সাম্যাবস্থা প্রাপ্ত অব্যক্তকালে লীন হইয়া
থাকে। (স্প্টিতে কাল দারা অব্যক্ত প্রকৃতির গুণক্ষোভ সংঘটিত হইয়াছিল,
এখন সেই সাম্যাবস্থা প্রাপ্ত হইয়া কালে লীন হইল।) ১১৷২৪৷২৬

কাল, মায়াময় (মায়া প্রবর্ত্তক), জ্ঞানময়, জীবের জীবত্ব সংঘটনকারী মহাপুরুষে, উক্ত মহাপুরুষ—অজ, আত্মরূপী পরমাত্মায় লয় প্রাপ্ত হয়েন। শেষে পরমাত্মা কেবল, আত্মন্থ থাকেন। তিনিই বিশ্বের উৎপত্তি ও লয় দ্বারা লক্ষিত হইয়া থাকেন। ১১/২৪/২৭

১৩৪। প্রলয়ের প্রক্রিয়া বর্ণিত হইল। সমগ্র সৃষ্টির অন্তর্ভু জ অগণ্য ব্রহ্মাওগণের মধ্যে যখন যেটির প্রলয় সংঘটিত হয়, তখন উপরে কয়েকটি শ্লোকে কথিত পদ্বা ক্রমে সেই ব্রহ্মাণ্ডের ধ্বংস সম্পাদিত হয়। পরে আবার তাহার সৃষ্টি, পূর্বেক কথিত সৃষ্টি প্রক্রিয়া অনুসারে ঘটিয়া থাকে। সৃষ্টি ও প্রলয়ের অন্তর্গালে —দ্বিতি—ইহা ব্রহ্ম-পরমাত্মা-ভগবানের আধারে প্রকটভাবে অবস্থান। পূর্বয়েত্ম ভগবানের সংক্রান্ত্রসারে ব্রহ্মাওগণের এই সৃষ্টি —দ্বিতি-লয় সংঘটিত হইতেছে। অনাদিকাল হইতে এই খেলা চলিতেছে এবং অনস্ত কাল ব্যাপিয়া এ খেলা চলিতে থাকিবে।

অগণ্য ব্রহ্মাণ্ডগণের মধ্যে যথন যেটির মৃত্যুকাল উপস্থিত হয়, তথন সেইটি ধ্বংস প্রাপ্ত হয়। ধ্বংসের সঙ্গে সঙ্গে যে চূর্গ বিচূর্ণ হইয়া স্ক্র্ম রেণুতে পরিণত হয়, তাহা নহে। মৃত্যুতে আমাদের স্থূল দেহের নাশ হইলেও, উহার অস্থি প্রভূতি যদি অগ্নি সংস্কারে ভন্মে পরিণত না করা হয়, তাহা হইলে অনেক দিন পর্যান্ত বর্ত্তগান থাকে। জ্যোতির্বিদেগণ অনস্ত আকাশে, আলোকহীন অনেক ব্রহ্মান্ত আবিকার করিতে সমর্থ হইয়াছেন, উহাদের প্রলম্ম সংঘটিত হইয়াছে বটে, তথাপি উহারা মৃত অবস্থায় বর্ত্তমান থাকিয়া প্রকৃতির উপাদান ভাণ্ডারে স্ক্রম্ম রেণুকণা রূপে অবস্থান করিবার প্রতীক্ষায় রহিয়াছে।

১৩৫। আমাদের দেশের শাস্ত্রকারগণ, তাঁহাদের যোগ-সাধনলর প্রাতীভ জ্ঞানে ও পরমতত্ত্বর অপরোক্ষ দর্শন হেতৃ, সমগ্র জ্বগদ্রহস্ত অপরোক্ষভাবে দর্শন করিয়া—প্রলয়কে চারিভাবে আলোচনা করিয়াছেন। উহাদের নাম:—

- (ক) নিতা প্রলয়, (খ) নৈমিত্তিক বা দৈনন্দিন প্রলয়, (গ) প্রাকৃতিক প্রদয়, ও (ঘ) আত্যন্তিক প্রলয়।
- কে) নিত্য প্রলয়:—ব্রহ্মাদি স্থাবর পর্যন্ত প্রত্যেকের প্রতিক্ষণে কালপ্রোতে যে অবস্থান্তর হইতেছে, তাহার নাম নিত্য প্রলয়। ইহা আমাদের অজ্ঞাতসারে প্রতিক্ষণ সংঘটিত হইতেছে। আমার শরীর—এ মূহূর্ত্তে যে অবস্থায় আছে, ইহার পূর্বের মূহূর্ত্তে ঠিক সেরপ ছিল না এবং পর মূহূর্ত্তেও থাকিবে না। অথচ আমরা এ পরিবর্ত্তন লক্ষ্য করিতে পারি না। ঘড়ির কাঁটা দিনরাত যেমন অবিশ্রান্ত চলিতেছে, আমরা দেখিতে পাই, এই পরিবর্ত্তনও অবিশ্রান্ত চলিতেছে। আমাদের জন্ম-বৃদ্ধি প্রভৃতি ষড়,বিকার এই নিত্য প্রলয়ের দ্বারাই দ্বিয়া থাকে। আমাদের প্রত্যেকের ব্যক্তিদেহে যে নিয়ম—সমষ্টি ব্রহ্মাণ্ড দেহেও (অর্থাৎ আমাদের জগতের ব্রহ্মার দেহেও), সেই একই নিয়মের কার্য্য সর্বান্ধ্য অবিশ্রান্ত ভাবে চলিতেছে। (ভাগবত ১২।৪-৩৪-৩৫-৩৬)।
- (খ) নৈমিত্তিক বা দৈনন্দিন প্রলয়:—ইহা ত্রন্ধার পরিমাণের ১ দিবার অবদানে রাত্রি-সমাগম সাত্রেই সংঘটিত হয়। মানব বেমন দিনের বেলায় সংসারের যাবতীয় কর্ম সমাপন করিয়া, রাত্রি সমাগমে বিশ্রাম ও নিদ্রা উপভোগ করে, দেই নিদর্শনে, ত্রন্ধাও তাঁহার পরিমাণে দিবাভাগে তাঁহার নিজ ব্রন্ধাণ্ডের সম্দায় করণীয় কর্ম সমাপন করিয়া, তাঁহার রাত্তি সমাগমে বিশ্রাম ও নিদ্রা উপভোগ করেন। ব্রহ্মার নিদ্রা হইলে দঙ্গে সঙ্গে ব্রহ্মাওন্থ স্থাবর-জঙ্গম সম্পায় ব্রহ্মার দেহে লয়প্রাপ্ত হইয়া **স্ক্ষ্**ভাবে বর্ত্তমান থাকে। পরে রাত্তি গতে উষার উদয়ে ব্রহ্মার জাগরণের সঙ্গে সঙ্গে উহারা জাগরিত হয়। ঠিক যেমন উন্মূক্ত ক্ষেত্রে বৃহৎ বটগাছ বিনষ্ট হইয়া গেলে, উহার অসংখ্য বীজ ভূমির মৃত্তিকায় মিশিয়া যায়, বাছিয়া বাহির করা সম্ভব হয় না। ব্ধাগমে জলধারায় মৃতিকা ভিজিলে, অঙ্কুরোদ্গমে উহারা আত্মপ্রকাশ করে, ইহাও দেইরপ। প্রলয় ব্রন্ধার পরিমাণের প্রতিদিন ঘটে বলিয়া, ইহার নাম দৈনন্দিন প্রলয়। ইহাতে ব্রহ্মাণ্ড ধ্বংসপ্রাপ্ত হয় না। ব্রহ্মার দিবাভাগ যে পরিমাণ কালে, রাত্তিও দেই পরিমাণ কালে। উহা ক্ল নামে পরিচিত। ১ ক্ল = ব্রহ্মার ১ দিন = ১৪ মন্বন্তর = ১০০০ দৈব চতুর্প = ৪৩২০০০০০ মানব বৎসর। রাত্তির পরিমাণ ঐ পরিমিত কাল। বাহুল্য পরিহারের জন্ম হিসাব দেওয়া হইল না। (ভাগবত ১২।৪।২-৩-৪)
- (গ) প্রাকৃতিক প্রলয়: ব্রহ্মার আযুষ্কাল তাঁহার পরিমাণের অহোরাত্র পরিগণনায় বংসরে, কোনও মতে ১০০ বংসর, কোনও মতে ১০৮ বংসর।

উক্ত পরিমাণ বংসর অস্তে, তাঁহার আয়্ছাল পূর্ণ হওয়ায়, তাঁহারও নাশ হইয়া থাকে। আমাদের মৃত্যুতে যেমন আমাদের দেহ বিনাশ প্রাপ্ত হয়, ব্রহ্মার মৃত্যুতেও তাঁহার—ব্রহ্মাও দেহ ধবংশপ্রাপ্ত হয় এবং দেহের উপাদানভূত মহং, অহংকার ও পঞ্চন্মাত্রাত্মক সপ্ত প্রকৃতি লয় প্রাপ্ত হয়। একারণ উহার নাম প্রাকৃতিক প্রলয়। ভাগবতের ১২৪৪৫ হইতে ১২৪৪২১ পর্যান্ত ১৭টি শ্লোকে ইহা বর্ণিত হইয়াছে।

(ঘ) আত্যস্তিক প্রলয়:—ভাগবত ১২।৪।২২ শ্লোকে বলিভেছেন যে, কালে গ্রাহক বৃদ্ধি, করণ-ইন্দ্রিয় ও গ্রাহ্ম বিষয়ের পৃথক্ ব্যাপার থাকে না, কেবল উহাদের আশ্রয়-জ্ঞান মাত্র প্রকাশ পায়, তথন তাহাকে আত্যন্তিক প্রলয় বা মুক্তি বলা হইয়া থাকে। অন্ত কথায়, যখন ত্রিপুটীর লয়ে, উহাদের আশ্রয়-জ্ঞান স্বরূপ-মাত্র বর্ত্তমান থাকে, তথনই আত্যন্তিক প্রলয় ঘটিয়া থাকে। ইহা হইতে বুঝা যাইতেছে যে, ইহা মানবদেহধারী জীবের ব্যক্তিগত ব্যাপার। ইহা আমরা অন্ত প্রকারে বৃঝিতে পারি, আমাদের জগৎ—আমাদের জীব ভাবে অস্তিত্বের উপর নির্ভর করে। আমি না থাকিলে, আমার জগৎও নাই। স্বভরাং সংসার হইতে আমার অব্যাহতি লাভে, অর্থাৎ জন্ম-মৃত্যু প্রবাহে উন্মজ্জন-নিমজ্জন, চিরতরে বিলোপপ্রাপ্ত হইলে, আমার জগৎও চিরতরে নাশপ্রাপ্ত হইবে, তাহার কথা কি ? এই কথা আরও একটু বিস্তার করিয়া বলি। উপরে যে অন্য তিন প্রকার প্রলয়ের কথা বলা হইয়াছে, তাহা আগন্ত বিশিষ্ট বা অবয়ব বিশিষ্ট—অবস্ত সম্বন্ধে। যাহা বস্তু আখ্যায় আখ্যায়িত (ভাগবত ১।১।২), তাহা নিত্য, সত্য, তাহার লয় সম্ভব নহে। সেই নিত্য-সত্য বস্তু অবয়বগণের আশ্রয় — উহাদিগকে मङ्गीविक ও कियानीन त्राथा हेरात कार्या। हेराहे मर्वाध्या, अवत, জ্ঞান-স্বরূপ ব্রহ্ম। ইহার স্ফুরণ সমৃদায়—অবয়বকে প্রকাশ করিয়া থাকে। ইহাই প্রত্যেক পৃথক্ পৃথক্ ব্যষ্টি অবয়বীর পৃথক্ পৃথক্ জগং গঠন করে। আমার জ্বণং আমার নিজম্ব। আমার প্রতিবেশীর বা বন্ধুর অথবা শক্রর জ্বগৎও তাহাদের নিজস্ব। ব্যষ্টি মানবের গঠিত জগৎই তাহার গ্রাহ্ম বিষয়। উহা ব্যষ্টি মানবের করণ সাহায্যে তাহার—বৃদ্ধির দারা গ্রাহ্ম হইয়া থাকে। উক্ত বৃদ্ধি ও করণ প্রভৃতি ব্যষ্টি মানবের উপাধি। যখন বুদ্ধি-করণ-বিষয় পৃথক্ত হারাইয়। —একত্বে বস্তু স্বৰূপে—জ্ঞানমাত্ৰে লয় প্ৰাপ্ত হয়, তথনই উক্ত সৌভাগ্যবান ব্যষ্টি মানবের জগতের আত্যন্তিক প্রলয়। তথনই তাহা**র জগ**চক্র হইতে সম্পূর্ণ অবাাহতি—উহাই মোক—নিজের স্বরূপ প্রাপ্তি ও নিজ স্বরূপের প্রত্যক্ষ অমৃভৃতি

—বাদ্য কথায় ব্রহ্ম—পরমাত্মা—ভগবানের অপরোক্ষামূভ্তি। আত্যন্তিক প্রলয়ে নিব্রের স্বরূপভূত অন্বয় জ্ঞান বর্ত্তমান থাকে বৃঝা গেল।

৩২) প্রলয়াবশেষ:-

১৩৬। প্রলয়ে কোনও বিশেষ ব্রহ্মাণ্ড ধ্বংসপ্রাপ্ত হইলে, অবশেষ রূপে, উহাতে ওতপ্রোত ভাবে অরুস্থাত, উহার অভিব্যক্তির—উপাদান ও নিমিন্ত কারণ স্বরূপ, উহার সঞ্জীবক, সংধারক ও পরিচালক, ভাগবতের ১।২।১১ ল্লোকে কথিত অন্বয় জ্ঞান বর্ত্তমান থাকেন। ভাগবত ইহা পর্মতন্ত্ব বা ভগবানের মৃথ দিয়া বলাইতেছেন:—

অহমেবাসমেবাত্র নাক্তং যৎ সদসং পরম্। পশ্চাদহং যদেভচ্চ যোহবশিয়েত সোহস্ম্যহম্।। ২।৯।৩২

স্ষ্টির পূর্ব্বে আমিই ছিলাম, অন্ত কিছু ছিলনা। স্থুল ও স্ক্র জগতের কারণ —প্রকৃতিও ছিলনা। স্থাটির পরেও আমিই আছি। দৃশ্রমান প্রপঞ্চ জগৎ আমিই এবং প্রলয়ের পর যাহা অবশেষ থাকিবে; তাহা আমিই।

(ফলতঃ আমি, অনাদি, অনস্ত, অদ্বিতীয় ও পূর্ণ স্বরূপ) ২া৯৷৩২

এই শ্লোকে যে "অহম্" এর সাক্ষাৎকার লাভ হইল, তাহা মূল, নিরপেক্ষ—
"অহম্"। ইহাই ব্রন্ধ, পরমাত্মা, ভগবান, ভূমা প্রভৃতি মানবীয় ভাষায় কথিত
পরমতত্ব। আমাদের পরিচিত "অহম্" "জ্ব" এর অপেক্ষা রাথে। কিন্তু
শ্লোকোক্ত "অহম্"—স্টে অভিব্যক্তির পূর্ব্ধ হইতে বর্ত্তমান, তথন "জ্ব"-এর
অভিব্যক্তিই হয় না। উহা মূল "অহম্"-এর সহিত তাদাত্মাভাবে মিলিত।
গীতায় অনেক স্থলে ভগবান্ শ্রীকৃষ্ণ আপনাকে এই মূল "অহং" রূপে নির্দ্দেশ
করিয়াছেন এবং এই মূল "অহং" জীবের আপন হইতেও আপনার জন, তাহার
'ভ্য়োভ্যঃ' পরিচয় দিয়াছেন। তিনিই আলোচ্য ব্রন্ধস্ত্রের প্রতিপাত্ম। ভটম্ব
লক্ষণ দ্বারা নির্দ্দেশ অপরিহার্য্য হইলেও তিনি একাধারে, সমকালে নির্ন্তুণ-সন্তুণ,
নির্বিশেষ-দবিশেষ, সকল কার্য্যের একমাত্র কারণ অথচ নিজারণ, সর্ববর্দ্যের
উৎস হইলেও নিজ্জিয়, বিশ্বরূপ হইলেও অরূপ, সর্ব্বনামা হইলেও অনামী,
সর্ব্বব্যাপী হইলেও চিদ্র , "অচক্ষ্ঃ সর্ব্বত্র চান, অকর্ণ শুনিতে পান, অপদ সর্ব্বত্র
গতাগতি"—ইহাই ভগবদ রহস্ম। এই রহস্যের যথাশক্তি উদ্ঘাটনেই ভগবান্

বাদরায়ণের ব্রহ্মত্ত্র প্রণয়ণের উদ্দেশ্য এবং আমার হিমালয় প্রমাণ ধৃষ্টতা ও বাতুলতা ৷ তিনিই একমাত্র সত্যবস্ত। তিনিই ছান্দোগ্য শ্রুতির ৬।২।১ মন্ত্রের "একমেবাদ্বিতীয়ন্ সং"। ভাগবত নিম্নোদ্ধত শ্লোকে ইহার পরিচয় দিতেছেন:—

> স্থিত্যংপত্তাপায়ান্ পশোদ্ভাবানাং ত্রিগুনাত্মনাম্। আদাবস্তে চ মধ্যে চ স্থজ্ঞাৎ স্থজ্ঞাং যদম্বিয়াৎ। পুনস্তৎ প্রতিসংক্রোমে যচ্ছিৎযোত তদেব সং॥ ১১/১৯/১৫

ত্তিগুণাত্মক (সাবয়ব) পদার্থমাত্রের, উৎপত্তি-স্থিতি-বিনাশ আলোচনা করিয়া, উৎপত্তিতে কারণরূপে, স্থিতিতে আশ্রয়প্রপে এবং বিনাশে পরিণামরূপে থাহার সহিত নিত্য সম্বন্ধ বর্তমান থাকে। এই রূপে কার্য্য হইতে কার্য্যান্তরের প্রতি যাহা সততে অনুগত থাকে এবং তাহাদিগের প্রলয়েতেও যাহা অবশিষ্ট থাকে, ভাহাই "সং"—পদার্থ। ১১১১৯১৫

উপরে ১০৬ অনুচ্ছেদের আলোচনায় আমরা ব্ঝিয়াছি যে, ভগবান্
শব্দরাচার্য্য আহাকে "সর্বাকাল সন্তাক" বস্তু বলিয়াছেন, ভাহা এই ''সং"—
ইহাই একমাত্র পরম সভ্য বস্তু—ভাগবত ১।১।১ শ্লোকে ইহাকেই—''সভ্যং পরং"
বলিয়াছেন। কিন্তু উহা বলিলেও, যে সম্দায় বস্তু নশ্বর বলিয়া প্রভীয়মান
হয়, তাহাদিগের আপেক্ষিক সভ্যতা অম্বীকার করেন নাই। ইহার আলোচনা
পূর্ব্বে করা হইয়াছে, এখানে বিস্তারের প্রয়োজন নাই।

১৩৭। উপরে উদ্ধৃত ভাগবতের হালাওহ শ্লোকেও ছান্দোগ্য শ্রুতির ভাহাত্ত মারাংশে আমরা ''অগ্র'' (অগ্রে) পদের সাক্ষাৎ পাই। ইহার অর্থ প্রিট—অভিব্যক্তির পূর্বে। এরপ উক্তি—শিয়ের বৃদ্ধির প্রকৃতি অনুসারে, তাহার সহজে বোধগম্য করাইবার জন্ম করা। হইয়ছে। শিশ্র জগদ্ ব্যাপারে অর বিস্তর পরিচিত। এজন্ম অতীত-বর্তমান-ভবিশ্রং কালের পরিচয় তাহার অর-বিস্তর জানা আছে। একারণ পরিদৃশ্রমান প্রপঞ্চ জগতের প্রষ্টির পূর্বে প্রলম্ন অবস্থা ছিল, এ ধারণা শিশ্র সহজেই করিতে পারে। শ্রুতিতে ও ভাগবতের শ্লোকে ''অগ্র'' (অগ্রে) পদ ব্যবহার এই উদ্দেশ্থেই করা হইয়াছে। নতুবা কি শ্রুতির, কি ভাগবতকারের ইহা অজ্ঞাত নহে যে, ''সং'' বা ''অহং'' নামধের পরমতত্বে কালের পৌর্যাপর্য্য ভাব—অর্থাৎ অতীত বর্তমান-ভবিশ্বত বর্তমান নাই। আমরা ব্রিয়ছি, চিদণুর ক্ষুবণই কাল। উক্ত ক্ষুব্রণ চিরকাল—সমান ভাবে ক্রেমান। যদি 'কাল' বলিয়া কোনন ক্রিছ প্রমান্ত পারে না। ইহা আগে "বর্তমান" ক্রেপ থাকিবে, অতীত-ভবিশ্রৎ রূপে থাকিতে পারে না। ইহা আগে

৯৬ অমুচ্ছেদে সংক্ষেপে আলোচিত হইয়াছে। সংক্ষেপে এই মাত্র বলি বে,
ব্রহ্ম-পরমাত্মা-ভগবান্-ভ্না-সর্কাশ্রয় বলিয়া, কোনও কিছুর উৎপত্তি—স্থিতি—
নাশ হইলেও, সর্কা অবস্থায় উহা, তাঁহার আশ্রয়ে থাকে বলিয়া.—তাঁহার সম্পর্কে
উক্ত কোনও কিছুর অভীত-বর্তমান-ভবিগ্রৎ নাই। তাঁহার নিকট সকলই
চিরবর্তমান—কথনও প্রকটিত ভাবে, কথনও অপ্রকটিত ভাবে। এই জন্ম
ছান্দোগ্য গা২০০১ মন্ত্রাংশে বলিয়াছেন "ভ্নৈব স্বথং নাল্লে স্বথমন্তি"— ভূমাতত্বে
যথন সমৃদায় চিরবর্তমান, তখন আমাদের অমুভ্তি ভূমাতত্বে উরীত করিতে
পারিলে, তৃঃখ বলিয়া কিছু থাকে না। ভূমায় চিরমিলন, নিবিড় আনন্দ।
ভগবান্ স্থ্রকার "ব্যাপ্তেশ্চ সমঞ্জসম্" তাতাত স্ত্রে ইহার উল্লেখ করিবেন।

ইহা হইতে অনুসিদ্ধান্ত শ্বতঃই আপতিত হয় যে, জীব যথন যে অবস্থাতেই থাকুক না কেন—মর্ত্তধামে অন্তাজ যোনিতে দারুল হুঃথ কষ্টে ডুবিয়া থাকুক, কমিকীট হইয়া হুর্গদ্ধ নরকে পচিতে থাকুক, শর্মের বিভিন্ন লোকে শ্বথভোগ ক্রিতে থাকুক, অথবা নিত্যধামে, ভগবৎ সকাশে ভগবদানলে বিভোর হইয়া থাকুক,—সর্ব্বকালে, সর্বস্থানে, সর্বাভায় ভগবানের আশ্রয়েই বর্ত্তমান রহিয়াছে। হুঃথ, ক্ট্ট, যন্ত্রণা, স্থথ, আনন্দ প্রভৃতি ভোগ—বুদ্ধির ব্যাপার।

মায়াবদ্ধ জীবের নিজের কর্তৃত্ব বৃদ্ধিতে কৃত কর্মজাত আগন্তক মাত্র।
উহারা সংশোধনের ও পরিণামে ভেদ দৃষ্টি দূরীকরণের উপায় স্বরূপ বিহিত।
উহাদের দ্বারা ঈপ্সিত সংশোধন সমাধা হইলেই আবার নিজের শাশত স্বরূপে
প্রত্যাবর্তুন। ভগবান্ স্ত্রকার ব্রহ্মস্ত্রে উক্ত উপায় অতি স্কুলর ভাবে শ্রুতির
ভিত্তিতে নির্দ্দেশ করিয়াছেন। ব্রহ্মস্ত্র ধীরভাবে আলোচনা করিলে,
সকলেই উক্ত উপায় অবলম্বন করিয়া জীবন ধন্য করিতে পারেন।

১০৮। প্রলয়াবশেষ দম্বন্ধে উপরে যে আলোচনা করা হইল, তাহা পরমতত্বের স্বরূপগত ভাবে। স্প্রিগতভাবে আলোচনায় আমরা কি পাই, দেখা যাউক। তৈ প্রিরীয় শ্রুতির "সত্যং জ্ঞানমনস্তং ব্রহ্ম" ২।১ মন্ত্রাংশে ব্রহ্ম বা পরমতত্বের আমরা "অনস্ত" নামের দাক্ষাৎ পাই। পরমতত্বের অচিস্ত্যুশন্তি, অনস্ত ভাব-নাম-রূপ প্রভৃতির বিষয় চিন্তা করিলে, উক্ত নাম যে অতি সমীচীন, তাহাতে কোনও সন্দেহ থাকে না। পুরাণে—অনস্ত দেবের মূর্ত্তি সহস্র ফণা বিশিষ্ট স্ব্রহৎ সর্পরূপে পরিকল্পিত হইয়াছে এবং ভগবান বিষ্ণু প্রলয়ের সময় উক্ত সর্পকে শ্যারূপে গ্রহণ করিয়া যোগনিক্রায় অবস্থান করেন। লক্ষ করিতে হইবে যে, বিষ্ণুপদের আভিধানিক অর্থ সর্ব্বব্যাপী, যিনি সর্ব্বব্যাপী, তাঁহার শ্যাও

সেইরূপ অনস্ত হওয়াই সমীচীন বটে। এই অনস্ত দেবই "শেষ নাগ" নামে অনেক স্থলে কথিত আছেন।

প্রাণের এই চিত্র হইতে মনে সন্দেহ হয়, তবে কি অনস্তদেব বিষ্ণু বা পরমতত্ব হইতে পৃথক কিছু? আমাদের শ্যা, আসন ত, আমাদের শ্বনুপ হইতে পৃথক, সে নিদর্শনে যথন অনস্তদেবকে পরমতত্ব স্বরূপ বিষ্ণু-শ্যা, আসনরূপে গ্রহন করিয়া বিশ্রাম উপভোগ করিয়া থাকেন, তখন উহা তাঁহা হইতে পৃথক হইবেন না কেন? যদি পৃথক হয়, তাহা হইলে তৈত্তিরীয় শ্রতির উদ্ধৃত মন্ত্রাংশের সহিত বিরোধ হইতেছে নাকি? এই সন্দেহ নিরসনের প্রয়োজন, সন্দেহ নাই।

অনস্তদেবকে সর্পন্ধপে পরিকল্পনায় ও "শেষ নাগ" নামে অভিহিত করিবার যে কয়েকটি যুক্তিযুক্ত কারণ মনে হয়, তাহা নিমে লিখিত হইল। ঐ কয়্টি অমুধাবন করিলে বুঝা যাইবে যে, অনস্তদেব—পরমতত্ত্ব স্বরূপ হইতে অভিন।

- (क) ঋগ্বেদীয় প্ৰুষ শক্তে কথিত আছে যে, "সহন্দ্ৰ শীৰ্ষা সহন্দ্ৰাক্ষ সহন্দ্ৰণদ প্ৰুষ" সমগ্ৰ বিশ্বকে বেষ্টন করিয়া, তাহার বাহিরেও বর্তমান আছেন। ইনিই—পরমতত্বের প্রথম অভিব্যক্তি বা প্রকৃটিত মূর্ত্তি—তাঁহা হইতে সম্পূর্ণ অভিন্ন। পূর্বের আলোচনায় আমরা বৃষিয়াছি যে, স্প্টের অনন্ত প্রসার—সেকারণ সমগ্র বিশ্ব—অনন্ত। এই অনন্তত্বের মধ্যে অগণ্য ব্রন্ধাণ্ড বর্তমান থাকিয়া নিজ নিজ আয়ুছাল ভোগ করিতেছে। সমগ্র স্প্টিকে বেষ্টন করিয়া তাহার বাহিরেও থাকিতে হইলে, এমন একটি বেষ্টনীর প্রয়োজন, যাহা নিজে অনন্ত এবং সমগ্র বিশ্বকে বেষ্টন করিয়া, তাহার বাহিরেও থাকিতে পারে। উক্ত বেষ্টনীর মূর্ত্তি করেনা করিতে হইলে, অনন্ত পরিমাণের সর্প্যূত্তির কর্ননা অপরিহার্য্য হইয়া পড়ে। ইহাই অনন্তদেব।
- (খ) প্রত্যক্ষ জগতে আমরা দেখিতে পাই যে, জ্বলের অগ্রগতি, সমূত্র পৃষ্ঠে স্রোত-প্রবাহ, জোয়ার-ভাঁটায় নদীর মধ্যে জলের গতাগতি—ঢেউএর আকারে হইয় থাকে। আধিভৌতিক বৈজ্ঞানিকগণের বহু পরিদর্শন ও পরীক্ষায় নিশ্চিত সিদ্ধান্ত হইয়াছে যে, আলোক-তাপ-তড়িৎ-শব্দ সকলেই ঢেউ-এর আকারে অগ্রসর হইয়া থাকে। এই ঢেউ-এর আকারে অগ্রগতিকে আমাদের দেশের শাস্ত্রকারগণ "সর্পগতি" নামে নির্দেশ করিয়াছেন।

ইহাও আমাদের মধ্যে অনেকের, বিশেষতঃ হাঁহারা পার্বত্য প্রদেশে রেল-যোগে ভ্রমন করিয়াছেন—প্রতক্ষ অভিজ্ঞতা বে, পাহাড়ের পাদদেশ হইতে, উপরে শিখরে উঠিতে হইলে বক্রগভিতে, অক্ত কথায়, সর্পগতিতে, পাহাড় ঘূরিয়া ফিরিয়া উঠিতে হয়, সোজাস্থজি উঠা সন্তব নহে। এই প্রতক্ষ দৃষ্টাপ্ত ও অভিজ্ঞতা, ব্যাপকভাবে প্রয়োগ করিয়া আমাদের দেশের শাস্ত্রকারগণ সিদ্ধান্ত করিয়াছেন যে, ক্রমবিবর্ত্তনে, কোনও নিমন্তর হইতে উচ্চন্তরে উঠিবার ক্রমোরতি সোপান, নীচে হইতে উপর পর্যন্ত সোজাস্থজি প্রতিষ্ঠিত নহে। উহাও সর্পগতি ক্রমে ঘূরিয়া-ফিরিয়া উঠিতে হয়। যাহারা দিলীর কুতৃব মিনার বা কলিকাভার মন্ত্রমেণ্টে উঠিয়াছেন, তাঁহারা ইহা বিশেষভাবে জানেন। ইংরাজীতে ইহাকে Sprial motion বলে, ইহাই আমাদের শাস্ত্রে কথিত সর্পগতি। ভগবানের প্রতিষ্ঠিত ক্রমবিবর্ত্তনে, আমাদের শাস্ত্রমতে একথও অচেতন প্রস্তরের বা একটি কীট বা পতত্বের অন্তরে উন্নতির অনস্ত সন্ত্রাবনা নিহিত আছে। ইহার জন্ত অনস্ত কাল, অনস্ত ক্রমোরত বিভিন্ন যোনিতে জন্মগ্রহণ ব্যবন্থিত। এই উন্নতি আকস্মিক হইবার নহে। ইহা সর্পগতিতে সম্পাদিত হইয়া থাকে। শাস্ত্রকারগণ এই সম্পায় মনে রাথিয়া, উহা চিত্রাকারে দৃশ্যতঃ প্রকাশ করিবার জন্ত অনস্তর্বের সর্পমূর্ত্তি কল্পনা করিয়াছেন।

- (গ) এই মৃর্ত্তি-কল্পনায় উহা কি পরমতত্ব হইতে পৃথক কিছু হইল? তাহা নয়। আমরা বেদান্তালোচনায় জানি যে, ভগবানে বা পরমতত্বে "তিনি ও তাঁহার" ভেদ নাই। স্থতরাং অনন্তদেবকে শ্যাক্সপে গ্রহন করিয়া, তাহাতে শ্যানে উহার পৃথক্ত্ব সংঘটিত হইল না। পৃথক্ মনে করিলে অবৈত হানি হয়, ইহা বলাই বাহলা।
- (ঘ) অনন্ত দেবকে "শেষ নাগ" নামে আখ্যায়িত করিবার কারণ কি? ভগবান্ স্ত্রকার ৩।১।১ স্ত্রে প্রতিপাদন করিয়াছেন যে, দেহ হইতে উৎক্রান্তির সময়, জীব, ভৃতস্ক্ষে পরিবেষ্ঠিত হইয়া, দেহ হইতে দেহান্তরে গমন করে। মর্ত্তালাকে জীবিত কালে, জীব যে সম্দায় কর্ম সম্পাদন করে, তাহাদের মধ্যে যেগুলির ফল, জীবিত কালেই, ভোগে নিঃশেষ হইয়া যায়, দেগুলি বাদে অভ্যকর্মরানি এই ভৃতস্ক্ষ গঠন করে। পরলোকে এই কর্মরানির মধ্যে যেগুলির ভোগ হয়, দেগুলি বাদে অভ্যক কর্মের সহিত পুনরায় ইহলোকে জন্মান্তর পরিগ্রহ করে। ইহা স্ত্রকার ৩।১।৮ স্ত্রে প্রতিপাদন করিয়াছেন। ঠিক যেন ইহলোকে কোন ব্যক্তি কিছু অর্থ সংগ্রহ করিয়া দ্র দেশে ভ্রমণের জন্ম যাত্রা করিয়া ফিরিবার জন্ম প্রয়োজনীয় অর্থ পৃথক্ রাথিয়া, তবে বাকী অর্থ ব্যয় করিয়া থাকেন, সেইরূপ প্রলোক্যাত্রী জীয—পরলোকে ভাহার কৃত কর্ম সকলের অধিকাংশ ভোগ করিয়া—"অবশেষ" কর্ম্মের সহিত পুনরায় ইহলোকে জন্মগ্রহণ করে।

কোনও বিশেষ ব্রহ্মাও ধ্বংস প্রাপ্ত হইলে, ঐ ব্রহ্মাণ্ডের অস্তর্ভুক্ত অগণ্য জীবের এই "অবশেষ" কর্ম নিত্য-সত্য-অবিনশ্বর অনস্তদেবে লীন থাকে। "অবশেষ" কর্মের ভাণ্ডার বলিয়া অনস্তদেবের "শেষ" নামের সার্থকতা। ভুধু যে জীবের "অবশেষ" কর্ম, তাহা নয়। উক্ত প্রলয় প্রাপ্ত ব্রহ্মাণ্ডেরও "অবশেষ" কর্ম সমভাবে অনস্তদেবে লীন থাকে। আগে বলা হইয়াছে যে বিশ্বে—সম্দায়— চিন্ময়, স্বতরাং ব্রহ্মাণ্ড ও জীবের স্থায় কর্ম-চক্রে প্রভিষ্টিত—ইহা আমাদের শান্তের উপদেশ।

- (৫) ব্রহ্মাণ্ডে জীব অগণ্য—তাহাদের "অবশেষ" কর্মন্ড অসংখ্য প্রকার।
 ইহা বস্তুগত ভাবে বুঝাইবার জন্ম, অনস্তদেবের সহস্র ফণা। সহস্ত অর্থ
 হাজারটি মাত্র নয়—ইহা অসংখ্যের। হাজার শব্দ উপলক্ষণে গৃহীত হইয়াছে
 মাত্র। এই "অবশেষ" কর্ম—ফলপ্রদান রূপ ক্রিয়া সাধনে উন্মৃথ হইয়া থাকে—
 কণা—সর্পের ক্রিয়া শক্তি প্রয়োগের পরিচায়ক—ইহা সকলেই জানেন।
- (চ) এখন ভগবান্ বিষ্ণুর বা পরমতত্ত্বের অনন্ত শ্যায় শয়নের তাৎপর্যা ব্রিবার চেষ্টা করা যাউক। ভগবান্ উক্ত সমগ্র "অবশেষ" কর্মের উপর অধিষ্ঠান করিয়া, উহার ইচ্ছামত উল্লেখন এবং তাহার লারা ফল প্রদান শক্তি অবক্রন্ধ করিয়া থাকেন। পরে উপযোগী কালে, নিজের মঙ্গলবিধান মত, উক্তা "অবশেষ" কর্মের উদ্বোধন করিয়া নৃত্যন স্বষ্টি অভিব্যক্ত করেন। উপরে ১২৪ অকুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের অভাত শ্লোকের "স্বপ্তং কর্মা প্রবোধয়ন্" বাক্যাংশ ইহাই বলিয়াছেন। ইহা হইতে আমরা আরও ব্রিতে পারিলাম যে, স্বষ্টি মাত্র কল্পনা বিলাস নহে, ইহা কারণ-কার্য্য শৃদ্খলক্রমে অভিব্যক্ত হয় এবং জীবেরও সে কারণ সমগ্র বন্ধাতের 'অবশেষ" কর্ম ও ইহার পশ্চাতে থাকিয়া ব্যষ্টি জীবের এবং তৎ সঙ্গে সঙ্গে সমষ্টি ব্রন্ধাণ্ডের ক্রমোন্নতি সোপানে নিম্ন হইতে উচ্চতর স্তরে পরিচালনে সহায়তা করিয়া থাকে। শ্রুভি ''স্র্য্যাচন্দ্রোমসে ধাতা যথাপূর্ক্মকল্লয়ং' মত্রে ইহার ইঙ্গিত করিয়াছেন।
- ছে) এখন প্রশ্ন এই ভগবানের যোগনিদ্রা প্রকৃত কি? তিনি কি সত্যসত্যই জীবের ন্থায় ক্লান্তি অপনোদনের জন্ম নিস্রা যান? যিনি জ্ঞানময়, জ্ঞানস্বরূপ, তাঁহার জ্ঞান কি সাময়িকভাবে আবৃত থাকে? তাহা নয়। প্রলয়ে তিনি তাঁহার সর্ব্বশক্তি সংহরণ পূর্বকি আত্মস্থ করিয়া অবস্থান করেন, কিন্তু তাঁহার জ্ঞান অব্যভিচারীভাবে দেবীপ্যমান থাকে। উপরে ৬৪ অনুচ্ছেদে উন্ধৃত ৩৫।২৪ শ্লোকে "সুপ্ত শক্তি বস্থ্যদূক্" বাক্যাংশে ভাগবত স্কুম্পষ্ঠ বলিয়াছেন

যে, তাঁহার শক্তি তথন স্থপ্ত থাকে, কিন্তু তাঁহার জ্ঞান (দৃক্—চিৎশক্তি) দেদীপামান থাকে।

১৩৯। উপরে উদ্ধৃত মহানারায়ণোপনিষদের অংশে, আদি নারায়ণের উল্লেফ—নিমেষের কথা আছে—উহা শক্তির উদ্বোধন ও শক্তির সংহরণ—আদি-নারায়ণের জাগরণ ও নিদ্রা বুঝাইবার অভিপ্রায়ে নহে।

অত এব স্ষ্টিগত ভাবে আলোচনায় আমরা ব্রিলাম থে, কোনও ব্রন্ধাণ্ডের প্রদানে, অনন্তদেব বা ভগবান, পরমতত্ব—অব্য়া, নিতা সভ্যারপে বর্ত্তমান থাকেন—তিনিই একমাত্র "সং" বস্তা। আরও ব্রিলাম যে, প্রলয়ে কোনও বিশেষ ব্রন্ধাণ্ড ধ্বংসপ্রাপ্ত হইলে, পুনঃ স্ষ্টিতে যে ব্রন্ধাণ্ডের অভিব্যক্তি হয়, তাহা প্রক্ষিষ্টির—অধুনা লয়প্রাপ্ত—ব্রন্ধাণ্ড ও তদন্তভুক্ত স্থাবর-জঙ্গমাদ্রির সহিত সম্বন্ধ বিহীন নহে। উপরে ১৩৩(খ) অন্তচ্চেদে উন্মৃক্ত প্রান্তরে অবস্থিত বৃহৎ বটগাছ ধ্বংসে, তলম্ব মৃত্তিকায়—মৃৎকণার সহিত অবিভাজাভাবে মিশ্রিত বটবীজ হইতে বর্ধাণমে অন্ধ্রোদ্গমের দৃষ্ঠান্ত হইতে আমরা ব্রিয়াছি পূর্ব্ব স্থান্তর সমষ্টি কর্ম ও তদন্তভুক্ত স্থাবর-জঙ্গমাদির ব্যষ্টিকর্ম—উক্ত বট বৃক্ষের বীজের স্থায় অনন্তদেবে তাদান্মাভাবে অবিভাজারূপে অবস্থান করে—উপযুক্ত কালে এ সকল লীন কর্ম্মবীজ হইতে অন্ধ্রোদ্গমে, পুনরায় পূর্ব্ব ব্রন্ধাণ্ডের প্রতিরূপ নৃতন ব্রন্ধাণ্ডের অভিব্যক্তি হয়। এইজন্ম অনন্তদেব বা ভগবানকে, ভাগবত তাহভাচন ক্লোকে "জগদন্ধ্র" নামে আখ্যায়িত করিয়াছেন।

৩৩) "সর্ববং খলিদং ত্রহ্ম"—বস্তুগভভাবে বুঝিবার প্রয়াস :—

১৪০। পূর্বপক্ষ বলিতেছেন, দেখ, আমার প্রতিশ্রুতি রক্ষা করিয়াছি। তোমার আলোচনা চলা কালে, প্রশ্ন বা আপত্তি উথাপন করিয়া বাধা স্ষ্টি করি নাই। তোমার সরল ভাষায় অতি শ্বচ্ছভাবে আলোচনায় আমার অনেক সংশয় নিরসন হইয়াছে। তুটি বিষয়, বিশদভাবে ব্ঝিতে পারি নাই। তাহার একটি এই:—প্রলয়ে পরমতত্ব আত্ময় (ভাগবত ১১।২৪।২৭) বা কেন্দ্রীভূত "চিদণু"রূপে অবস্থান করেন, ইহা কতকটা ব্ঝিতে পারি। কিন্তু স্টিতে সেই "চিদণু"ই সম্দায় ওতপ্রোতভাবে কিরপে অবস্থান করেন, তাহা ত ধারণা করিতে পারিতেছি না। আমাদের পরিচিত কোনও বস্তুগত দৃষ্টাস্ত

নিদ্ধান্তবাদী ইহার উত্তরে বলিতেছেন:—তোমার সংযম ও প্রতিশ্রুতি রক্ষার জন্য আমার স্থান্যর ক্ষতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। তুমি যে বিশেষ মনোযোগ দিয়া আমার আলোচনা শুনিয়া যাইতেছ ইহাতে আমার

আলোচনার সার্থকতা অনুভব করিয়া বিশেষ আনন্দ হইতেছে। এখন তোমার প্রশ্নের আলোচনায় অগ্রসর হইতেছি। পূর্বের আলোচনা হইতে বুঝিয়াছি যে, "চিদণুর" স্কুরণ হইতেই স্ষ্টির প্রদার। "চিদণু"—চিৎ ও অণু এই তৃই শব্দে গঠিত। অণ্—অর্থ—অতিস্তম্ম—উহা "ভাবাত্যক অবস্থান" জ্ঞাপক মাত্র —কোনও পরিমাণ—উহার কল্পনা করা যায় না। উক্ত ক্রণের প্রসারের জন্ম ''দেশ'' অভিব্যক্ত। দেশ অভিব্যক্তিতে পরিমাণের (দৈর্ঘা—প্রস্থ—বেধ) অভিব্যক্তি—অপরিহার্যা। ভগবান্ বশিষ্ঠদেব যোগবাশিষ্ঠের-নির্ব্বাণ উত্তর ভাগের ৭৩১৯ শ্লোকে স্থম্পষ্ট বলিয়াছেন—''দেশো মিতিম্পাগতঃ''—দেশের অভিব্যক্তিতে পরিমাণ ও অপরিহার্য্যভাবে দেখা দিল। (দেখ অনুচ্ছেদ ৯৫)। ইহা হইতে আমরা পাইতেছি যে, সৃষ্টি প্রদারের সহিত "দেশের" অপরিহার্ঘ্য সম্বন্ধ থাকিলেও, "চিদ্ণুর" সহিত ইহার কোনও অপরিহার্য্য সম্বন্ধ নাই। দেশ বর্ত্তমান না থাকিলেও "চিদ্ণু" তাহার নিত্য-শাখত স্বরূপে চির বর্ত্তমান। দেশ সম্বন্ধে যে কথা, কাল সম্বন্ধেও তাই। যদি চিদণুর সহিত দেশ-কালের—সম্বন্ধ থাকিত, তাহা হইলে, উহা আপেক্ষিকতার অস্তর্ভু ত হইয়া পড়িত। তাহা না হওয়ায় ''চিদণু''—নিরপেক। উহা পরম ভাব পদার্থ। উহাই ছান্দোগ্য শ্রুতির ৬।২।১ মন্ত্রে কথিত "সং"। মহোপনিষৎ ঐ একমাত্র প্রমতত্ত্বের নিৰ্দেশ দিতে গিয়া বলিতেছেন:-

ন শৃণাং নাপি চাকারো ন দৃশ্যং ন চ দর্শনম্। মহোঃ ২।৬৬

পরমতত্ত্ব—শৃণ্য নন, সাকার নন, দৃষ্ঠ নন, দর্শনপ্ত নন। মহো: ২।৬৬। তবে ভাষায় তাঁহাকে কি করিয়া প্রকাশ করা যাইতে পারে ? ইহার উত্তরে মহোপনিষৎ বলিতেছেন:—

শৃন্তাং তৎ প্রকৃতি মায়া ব্রহ্ম বিজ্ঞানমিত্যপি।
শিবঃ পুরুষ ঈশানো নিতামাত্মেতি কথ্যতে॥ মহোঃ ৬া৬১

এই পরম ভাব পদার্থকে ভাষায় প্রকাশ করিবার জন্য, ইহাকে (i) শূণা (ii) তৎ (iii) প্রকৃতি (iv) মায়া (v) ব্রহ্ম (vi) বিজ্ঞান (vii) শিব (viii) পুরুষ (ix) ঈশান (x) নিত্য (xi) আত্মা প্রভৃতি নাম ব্যবহৃত হইয়া থাকে। মহো: ৬।৬১

কিন্ত ''শ্ণ্য' নামে কথিত হইলেও তিনি বৌদ্ধের ''অভাবাত্মক শৃণ্য' নহেন। ভাগবত বলিতেছেন:—যতন ব্রহ্ম পরং স্ক্ষমশৃণ্যং শৃণ্য কল্লিত্ম্। ভাগঃ ১।১।৪•

সেই ব্রহ্ম পরম ত্ম্ম বলিয়া, যদিও তিনি প্রকৃতপক্ষে অশৃণ্য—অর্থাৎ পরম ভাব পদার্থ, তথাপি স্ম্মতার হেতু ইহাকে "শৃণ্য" নামে কল্পনা করা হয়।

অতএব আমরা ব্রিলাম যে, চিদণু বা ব্রহ্ম, প্রমতত্ত্-ভগবান—অতিশয় স্থাবিলায় "শৃণা" বলিয়াও কল্লিত হইয়া থাকেন। এখন দেখ, শৃণাের সহিত দেশ-কালের বা বস্তুর (দ্রবার) কোনও সম্পর্ক থাকিতে পারে না—অন্ত কথায়, এই পরম ভাব পদার্থ বাঁহাকে "শৃণা" বলিয়া কল্লনা করা যায়—দেশ-কাল-বস্তু-পরিচ্ছেদ বিহীন। ইহা হইতে স্বতঃ এই দিল্লাস্ত হয় যে, এই পরমস্থা পরমভাব পদার্থকে শৃণা বলা হয় যেমন সভা, চিদণু বলা সেইরূপ সভা। অনস্ত বলাও তুলারূপ সভা। শৃণা যেমন পরিমাণ হীন, চিদণু ও ভাই। অনস্ত ও তুলারূপ। অনস্তের পরিমাণ অসীকার করিলে উহার অনস্তাম্ব বর্তমান থাকিতে পারে না, উহা অন্তান হইয়া যায়। কারণ পরিমাণ বিশিষ্ট যাহা কিছু, ভাহা সাবয়ব পদার্থ। সাবয়ব পদার্থ—অনস্ত হইতে পারে না।

১৪১। গণিত শাস্ত্রেও, তাহার ভাষায় শৃণ্য ও অনস্ত যে সমানধর্মী তাহা প্রমাণ করে। ৽+৽=৽, ৽-৽=৽, ৽×৽=৽, ৽÷৽=৽

অনস্ত - ন অনস্ত = অনস্ত, অনস্ত = অনস্ত, অনস্ত × অনস্ত = অনস্ত,
অনস্ত ÷ অনস্ত = অনস্ত। গনিতের সাংকেতিক চিহে:—

a+a=a, a-a=a, axa=a, a:a=a

সহস্র সহস্র বৎসর পূর্বে বৃহদারণ্যক শ্রুতি শৃণ্য ও অনন্তের এই বিশেষত্বের পরিচয় পাইরা, বলিয়াছেন:—

পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে। পূর্ণস্থ পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥ বৃহঃ ৫।১।১

উহাও পূর্ণ, ইহাও পূর্ণ, পূর্ণ হইতে পূর্ণেরই অভিব্যক্তি। পূর্ণের পূর্ণ গ্রহণ করিলেও পূর্ণই অবশিষ্ট থাকে। বৃহঃ ৫।১।১

শৃণ্য ও অনস্তের বিশেষত্ব এই চিরপূর্ণত্বে। উপরে গণিতের দাংকেতিক ভাষায় শৃণ্য ও অনস্তের এই বিশেষত্ব দেখান হইয়াছে। ইহা উক্ত শ্রুতি মন্ত্রের গাণিতিক ভাষ্য বলিয়া মনে করা যাইতে পারে।

১৪২। তৈত্তিরীয় শ্রুতির ব্রন্ধানন্দবল্লীর প্রথম মন্ত্রেই ব্রন্ধের বা প্রমতত্ত্বের স্বরূপ নির্দ্দেশে শ্রুতি বলিলেন :—"সত্যংজ্ঞানমনস্তম্ ব্রন্ধ"—স্পষ্টত: "অনস্ত" নামে ব্রন্ধ নির্দ্দেশিত হইলেন। এই "অনস্ত" নিরপেক অনস্ত। আমাদের

অনন্তের ধারণা দেশ-কালের নিষেধ মূলক ধারণা, স্বভরাং উহা দেশ-কালের ধারণার সহিত জড়িত। অন্তবান বস্তু মাত্রই দেশ-কালে প্রতিষ্ঠিত। উহার সহিত নিষেধমূলক সম্বন্ধ বিশিষ্ট অনস্ত, এ কারণ প্রকৃতপক্ষে আপেক্ষিকতা বিজ্ঞিত নহে। কিন্তু পরম-তন্তের—অনন্তব্য—নিরপেক্ষ, দেশ কালের সহিত সম্পর্ক শৃণ্য। দেশ কালাভিব্যক্তির পূর্ব্ব হইতেই এই অনস্তব্ত বর্ত্তমান। স্বত্তরাং শৃণ্য যেমন দেশ-কাল-সম্বন্ধ শৃণ্য পরম-ভাবপদার্থ-অনন্তপ্ত সেইরপ দেশ-কাল সম্বন্ধ শৃণ্য পরম ভাব-পদার্থ। পরম ভাব পদার্থ আবার তুইটি হইতে পারে না। তুইটি কল্পনা করিলে, একটি অপরটিকে পরিচ্ছেদ করিবে—পরমতন্ত্ব ইহা অসন্তব। সন্তব মনে করিলে পরমতন্ত্বই বর্ত্তমান থাকে না—উহার "পরমন্ত্ব" লোপ পার। স্বত্তরাং বুঝা গেল যে, চিদ্র্, শৃণ্য, অনন্ত—বিভিন্ন নামে আখ্যায়িত হইলেও—উহা বিভিন্নতা বর্জ্জিত "একমেবাদ্বিতীয়ম্" তত্ত্ব—উহা সৎ।

১৪৩। একটু অন্যভাবে বুঝিবার চেষ্টা করি। উপরে ৯৫ অন্তচ্ছেদে গোলকের দৃষ্টান্তে আলোচনায় আমরা বুঝিয়াছি যে গোলকের কেল্রে-গোলকের সমুদায় ভাব ও শক্তি অতি স্ম্মরূপে তাদাত্ম্য ভাবে নিহিত। यদি অনন্তকে একটি গোলক মনে করা যায়, তাহা হইলে অনস্তের বিশেষত্ব হেতু, উক্ত কেন্দ্র, কল্পিত গোলকের ভিতরে যে কোনও বিন্দু হইতে পারে। ভুধু ''ভিতর'' বলিলাম, বাহিরে বলিলাম না, কেননা অনস্তের বাহির হইতে পারে না, তাহা হইলে অনস্তত্ত লোপ পায়। যাহা হউক, যে কোনও বিন্দু যখন উক্ত অনস্ত গোলকের কেন্দ্র হইতে পারে, তখন, উক্ত অনস্ত গোলকের ভাব, শক্তি, বিশেষৰ প্রভৃতি যতকিছু, অনস্তের অস্তভুক্ত যে কোনও বিন্দৃতে বর্তমান থাকিবে, ইহাতে সন্দেহ নাই। এই কেন্দ্র—অর্থাৎ অনম্ভের অন্তর্ভুক্ত যে কোনও বিন্দু—চিদণ্, সৎ, ব্রহ্ম, পরমাত্মা, ভগবান। উভয় প্রকার আলোচনায় শ্রুতির উক্তি ''দর্কাং বলিদং ত্রহ্ম'' বজায় রহিল। শৃণাানস্ত পূর্ণাত্মক পরমতত্ত্বর পূর্ণত্ব অটুট রহিল। পূর্ণের অংশ হয় না। অংশ কল্পনা করিলে পূর্ণত্বের লোপাপত্তি হয়। স্তরাং যথন তিনি আত্মস্ক চিদণু বা শৃণারূপে নিজ আত্মস্কপে অবস্থিত, তথন যেমন স্বয়ং পূর্ণ—যথন অনস্তত্ত অঙ্গীকার করিয়া, অনস্ত ভাব-শক্তি-নাম-রূপ আপনা হৃইতে প্রকটন পূর্বক অবস্থিত, তখনও তেমনি শ্বয়ংপূর্ণ। প্রথম ভাবে অবস্থানে, তিনি অনামী, অরপ—দ্বিতীয় ভাবে, তিনিই সর্বনামা, বিশ্বরূপ (ভাগবত ৬।৪।২৩)। প্রথমভাবে অবস্থান কালে, তিনি অস্থুল, অনপু, অহুস্ব, অদীর্ঘ ইত্যাদি—(বৃহ: ৩০০৮), দিতীয় ভাবে অবস্থানে তিনিই "সর্ববাদ

বিষরপ্রতিরূপশীল'' (ভাগ: ১২া৮।৪৩)। প্রথম ভাবে "অকর্তা" দ্বিতীয় ভাবে "উরুক্রম''।

১৪৪। ভগবান্ বশিষ্ঠদেব যোগবাশিষ্ঠে উপশ্য প্রকরণের ৮৭ অধ্যায়ে বলিতেছেন:—

"ভিনিই শ্ণ্যবাদিগণের "শৃণ্য", ব্রহ্মবাদিগণের "ব্রহ্ম", বিজ্ঞানবাদিগণের "বিজ্ঞান", সাংখ্যগণের "পুরুষ", যোগপক্ষাবলম্বিগণের "ঈশ্বর", শৈবগণের "পদাশিব", কালবাদিগণের "মহাকাল", আত্মবিদগণের "আত্মা", নৈরাত্মন্বাদিগণের "নৈরাত্ম", মাধ্যমিকগণের "মধ্য", অবিজ্ঞানিগণের "সর্বহ্মধ্যম্বরূপ"।" ভগবান্ বশিষ্ঠদেবের এই উক্তি উপরে উদ্ধৃত ভাগবতের ১২৮৮৪৩ স্লোকের বাক্যাংশের অভি হন্দর ভাষ্ম স্বরূপ। অনস্ত ভাব, অনস্ত শক্তি, অনস্ত নাম, অনস্ত রূপ—তাঁহাতে বর্ত্তমান—শাস্ত্র "অনস্ত" নামে ইহাই বুঝাইতে চাহিয়াছেন। স্থতরাং কয়টা নামেই বা মানবীয় ভাষা তাঁহাকে নির্দেশ করিতে সমর্থ হয়। ভাষা যেমন সেখানে গৌহছিতে পারে না, অনস্তকাল ব্যাপিয়া, অসংখ্য মানবের চিস্তায়ও তাঁহাকে ধারণা করিতে পারে না। অতএব ভক্তি-বিনম্ম কন্ধরে প্রণতি নিবেদন করা ভিন্ন জীবের আর উপায় কি ?

১৪৫। এখন।বস্তাগত দৃষ্টাস্তে পরমতত্বের সমকালে, চিদণ্রপে শৃণ্যত্বে অবস্থান এবং অনন্ত দেশ কালে, অগণ্য বিশ্বে, সর্বব্যাপীরপে, সমষ্টি ও ব্যষ্টি রূপাত্মক সর্ববস্তুতে ওতপ্রোভভাবে অবস্থান বুঝিবার চেষ্টা করিব। পরমতত্বে লৌকিক দৃষ্টাস্ত সর্বভোভাবে প্রযোজ্য নহে, ইহা সর্বদা মনে রাখিতে হইবে।

আমরা স্থ্যকিরণের সহিত স্থারিচিত। আমাদের জীবনীশক্তি, ক্রিয়াশক্তি, মননশক্তি, আনন্দান্থভাব শক্তি প্রভৃতি সম্দায়—শক্তির জন্ত, আমরা স্থ্যকিরণের নিকট ঋণী। অন্যান্ত জীবগণের সম্বন্ধেও ঐ একই কথা, যথাযোগ্যভাবে প্রযোজ্য। আমাদের—চতৃ:পার্যন্থ স্থাবর উদ্ভিদগণের সম্বন্ধে আমরা দেখিতে পাই—বীজ হইতে অন্ধ্রোদগম, তাহা হইতে ক্রমশ: বৃক্ষ বা লভার আকারে পূর্য পরিণতি, ফুল-কল সম্ভারে সম্জা,—সম্দায়ের—ম্লে স্থ্যকিরণ। স্থ্য ত নিজে অভি দ্রে নিজের মণ্ডর্লে অবস্থিত। তিনি ত জীব-উদ্ভিদের জনন-রক্ষণ, পালন-বর্ত্তন প্রভৃতির জন্তা নিজে প্রত্যেকের নিকট ছুটাছুটি করিয়া বেড়ান না। তাঁহার শক্তি কিরণ ও তাপ আকারে প্রবাহরূপে

ন্যারঞ্গতের প্রাত গ্রহে-ডপগ্রহে পারব্যাপ্ত হইয়া সমষ্টিভাবে উহাদিগের ও ব্যষ্টিভাবে উহাদের অস্তর্ভুক্ত স্থাবর-জঙ্গম সম্দায়ের জনন-বর্দ্ধন-পরিপোষণ-

সংরক্ষণ প্রভৃতি সম্পাদন করিতেছে। দেইরপ "জ্যোতিষাং জ্যোতিঃ" স্বরূপ পরমতত্ব বা চিদণ্ তাঁহার নিজ ধাম পরব্যোমে (তৈতিঃ ২।১) অবস্থান করিয়া জ্যোতিঃ প্রসরণে অন্ত কথায় চিদণ্র স্কুরণে, সমষ্টিভাবে সমগ্র স্থির অস্তভূ ক্ত বন্ধাণ্ডণণের এবং ব্যক্টিভাবে প্রতি বন্ধাণ্ডের অস্তভূ ক্ত সম্দায়ের অর্থাৎ প্রত্যেক বন্ধাণ্ডের স্থা-গ্রহ-উপগ্রহ এবং উহাদের প্রত্যেকের অস্তরন্থ স্থাবর-জন্সম প্রভৃতির—অথবা প্রত্যেক বন্ধাণ্ডে যে আমাদের পৃথিবীর স্থাবর-জন্সমাদি থাকিবে, তাহার স্থিরতা না থাকায়,—প্রত্যেক ব্যষ্টি বন্ধাণ্ডের অন্তভূ ক্ত গ্রহ-উপগ্রহণণে, তাহাদের নিজ নিজ বিশেষত্বের উপযোগী—স্থাবর-জন্সম সম্দায়ের জনন, বর্জন, পরিপোষণ, সংরক্ষণ করিয়া বিশ্বব্যাপার নির্বাহ করিতেছেন। অনস্ত শক্তিমানের অচিস্তা শক্তি, উক্ত জ্যোতিঃ ক্তুরণের প্রতি কণিকার সহিত প্রবহমান হইয়া, সম্দায় অগণ্য বন্ধাণ্ডের সমষ্টি ও ব্যক্টিগত প্রতি অনু-পরমাণুতে অন্থতিঃ প্রত্যেককে নিজ নিজ আকারে সংধারণ করিয়া রাথিয়াছে ও প্রাণবান করিয়া বিশ্বব্যাপার সম্পাদন করিতেছে।

আণবিক বোমার আবিষ্ণারে, অভি সাধারণ দ্রব্যের প্রতি অণুতে কি অচিষ্টা শক্তি সঞ্চিতভাবে অবস্থান করিয়া অণু গঠন করিয়াছে, ভাহার কথঞ্চিত পরিচয় পাইয়া স্তম্ভিত হইয়াছি। বর্ত্তমান কাল পর্যান্ত আমরা উক্ত মহাশক্তির ধ্বংসলীলার সাক্ষাৎ পাইয়াছি, উহার গঠন লীলার পরিচয় পাই নাই। কিন্তু দেখিতে পাই যে, মঙ্গলময়ের বিশে, ধ্বংসের পাশাপাশি কল্যাণণ্ড সর্ব্বত্র বিশ্তমান। স্ক্তরাং উক্ত মহাশক্তির কল্যাণময়ী যৃত্তির পরিচয় অচিরে পাইব মনে করি। এই সংক্ষেপ আলোচনা হইতে বুঝা গেল যে, চিদণু বা পরমতত্ত্ব সমগ্র বিশের কেন্দ্রমানীয় পরব্যোমে অবস্থান করিয়া, জ্যোতিঃ ক্রমণে, অগণ্য বন্ধাণ্ডের ও তাহাদের প্রত্যেকের অন্তর্ভুক্ত, সম্দায়ের জনন, বর্দ্ধন, সংধারণ, পরিপোষণ, পরিচালন করিতেছেন। তিনি কেন্দ্রন্থ বা কৃটস্থ এবং সমকালে সর্বব্যাপী। স্বত্রাং শ্রুতি কথিত "সর্ব্যং খ্রিদং ব্রহ্ম"—জলস্ত সত্য।

১৪৬। অন্ত প্রকারে আরও বিশন্ভাবে ব্ঝিবার চেষ্টা করি। পর্যতত্ত্বে "অনস্ত" বলিলে, দেশ-কাল প্রভাবিত আমাদের মনে জাগিয়া উঠে যে, তাহা হইলে, তাঁহাকে সর্বব্যাপী হইতে হয়। যদি তিনি সর্বব্যাপী হন, তবে তাঁহার শ্বরপনিষ্ঠ মূর্ত্তি, ধাম প্রভৃতির সম্ভব কি প্রকারে হয়? মানবের জ্ঞান ও যুক্তিতে ক্রেক্তার প্রকার কর্ত্তে সন্দেহ নাই। তবে বর্ত্তমান পদার্থ বিজ্ঞানের আচিন্তিতপূর্ব্ব উন্নতির যুগে, আমরা একটি তুলনা যুলক ধারণার চেষ্টা করিতে পারি।

আজকাল আমরা প্রায় সকলেই কমবেশী বেতার-তড়িৎ সংবাদের বিষয় শুনিয়া থাকি। দিক বিদিক শৃণ্য মহাসাগরে একথানি অর্ণবপোত বিপর হইয়াছে। উক্ত জাহাজের কাপ্তেন, তাঁহার জাহাজে স্থিত বেতার যন্ত্রের সাহাযে, উক্ত বিপদের সংবাদ আকাশে প্রেরণ করিলেন, অন্ত কথায় উক্ত সংবাদের স্পন্দন আকাশে জাগাইলেন। সঙ্গে সঙ্গে, ইংলণ্ড, ফ্রান্স, জার্মানী, রাশিয়া, আমেরিকা, অস্ট্রেলিয়া, ভারতবর্ধ, জাপান, চীন প্রভৃতি পৃথিবীস্থ সমস্ত দেশে ও নগরে, যেথানে যেথানে উক্ত স্পন্দনাত্মক সংবাদ গ্রহণ করিবার যন্ত্র আছে, সর্ব্বত্রই সেই সংবাদ পৌছাইয়া গেল ও সকলেই সেই জাহাজকে বিপমুক্ত করিবার জন্ম যথাসাধ্য চেষ্টা করিতে লাগিল। ইহা সংবাদ পত্র পাঠক মাত্রই অবগত আছেন।

বর্ত্তমানে "রেডিও" ও "টেলিভিশন" যন্ত্র সাহায্যে আমরা লওন, প্যারিদ্, বার্লিন, মস্কো, দিল্লী, নিউইয়র্ক, টোকিও প্রভৃতি দূরবর্ত্তী স্থানের গান, বক্তৃতা, বাজনা, সংবাদ প্রভৃতি নিজ নিজ ঘরে বিদয়া শুনিয়া ও দেখিয়া থাকি ও ধাঁহারা উহাতে অংশ গ্রহণ করেন তাঁহাদের মূর্ত্তিও দেখিতে পাই। শুধু একটি উপযোগী যন্ত্র বাটীতে রাখিলেই হইল। আমার বাটীতে উক্ত যন্ত্র না থাকার আমি শুনিতে বা দেখিতে পাইলাম না বটে, কিন্তু আমার বাটীর আকাশে উক্ত গান-বক্তৃতাদির স্পানন বর্ত্তমান রহিয়াছে। আমার প্রতিবেশীর গৃহ হইতে একটি যন্ত্র সাজসরঞ্জামসহ আনিলেই শুনিতে বা দেখিতে পাইব।

এই উভন্ন দৃষ্টান্তে ইহা স্বস্পষ্ট যে, বিপন্ন জাহাজের বিপদের সংবাদ, অথবা গান বক্তুতাদি বেতার সহযোগে পৃথিবীর সর্বত্র পরিবাপ্ত হইলেও, উহাদের একটি কেন্দ্রস্থানীয় উৎপত্তি স্থান আছে। প্রথম দৃষ্টান্তে—বিপন্ন জাহাজে এবং দিতীয় দৃষ্টান্তে, বড় বড় সহরের গান বক্তৃতাদির প্রেরক স্থান।

সেইরূপ আমরা সহজেই ধারণা করিতে পারি যে, এরুটি সর্বজ্ঞ, সর্বশক্তিমান মহাসন্থা—বিশ্বের কেন্দ্রে—পরব্যোমে—কৃটস্থ বা চিদণুরূপে বর্ত্তমান আছেন। সেরূপভাবে থাকিলেও সমকালে তিনি বিশ্বের সর্বত্ত অস্তর্জ্ঞবাহিরে বর্ত্তমান। অতি কৃষ্ণ্র বলিয়া, তাঁহার সম্বন্ধে অস্তর-বাহির নাই। সেই অতি কৃষ্ণ্র স্পন্দন গ্রহণ করিবার উপযুক্ত অধিকারী হইতে পারিলেই, তাঁহার অন্তিত্ব আমাদিগের অফুভ্তিগোচর হইবে। সম্দায় শাস্ত্র—এই সর্বব্যাপী অথচ সমকালে কৃটস্থ মহাসন্থার অন্তিত্ব নির্ণয় করিয়া, তাহা অন্তত্ব করিবার—অধিকারী হইবার উপায় ও অন্তত্ব করিলে তাহার ফল কি, ইহাই প্রতিপাদন ও নির্দেশ্য করিয়াছেন। ভগ্বান্ ক্রেকারও সেই একই উদ্দেশ্যে ব্রহ্মণ্ডর প্রশ্বন করিয়াছেন।

আমার আলোচনাও সেই একই উদ্দেশ্যে প্রণোদিত হইয়া—শ্রীমদ্ ভাগবতের উজ্জ্বন, কোমল, স্নিগ্ধ আলোকবর্ত্তিকা হস্তে গ্রহণ পূর্বক স্ত্রকারের পদান্ত্রসরণ করিয়াছে। এখন জিজ্ঞাদা করি, তোমার প্রশ্নের সম্ভোষকর উত্তর পাইলে কি?

৩৪) তানন্তের কেন্দ্র ।

১৪৭। পূর্ব্বণক্ষ বলিতেছেন—তোমার সরল আলোচনায় আমার সংশয় অপনোদন হইয়াছে। অধিকন্ত চোথে ন্তন আলোকপাত হইয়াছে। কিন্তু আর একটি সন্দেহ হৃদয়ে জাগিয়াছে। উহা নিবেদন করিতেছি। তুমি উপরে বলিয়াছ যে, অনন্ত পরিমাণের কোনও গোলকের অন্তর্গত প্রতি বিন্দুই উহার কেন্দ্র হৃহতে পারে। ইহা বিশদ্ভাবে বুঝাইয়া দিতে অনুরোধ করি।

সিদ্ধান্তবাদী উত্তরে বলিতেছেন:—ইহা ত অতি সহজেই বুঝা যায়।
মনে কর, আমরা যেখানে বসিয়া আলোচনা করিতেছি, তাহা গোলাকার—
গোলাকারই বা কেন—বন্তু লাকার—অনস্ত বিস্তৃত গোলকের কেন্দ্র। তারপর
উক্ত বিন্দু ছাড়িয়া, উহা হইতে যে কোনও দিকে, দশ সহস্র বা লক্ষ যোজন দ্রে,
আর একটি বিন্দুকে কেন্দ্র মনে কর। ইহাতে যদি তোমার মনে হয় যে, তাহা
হইলে অনস্ত বিস্তৃত গোলকের পরিধি পূর্বের কল্লিত বিন্দু হইতে যতদ্রে ছিল,
দিতীয় কল্লিত বিন্দু হইতে, তাহার দূরত্ব দশ হাজার বা লক্ষ যোজন কম
হইবে, তাহা হইলে, তোমাকে বলিব যে, তোমার অনস্তত্বের ধারণা তোমাতেই
থাকুক—উহা লোকসমাজে প্রকাশ করিও না। কারণ তুমি কি বুঝিতে
পারিতেছ না যে, দিতীয় কল্লিত বিন্দু হইতে পরিধির দূরত্ব—অনস্ত দূর হইতে
যদি এক ইঞ্চিও কম হয়, তাহা হইলে অনস্তের—অনস্তত্ব সম্পূর্ণ লোপ প্রাপ্ত
হইবে, উহা আপনাপনিই অস্তবান হইয়া পড়িবে।

আরও একটি কথা বলি যে, ভাষায় ব্ঝাইবার জন্ম "গোলক" ও "পরিধি" এই উভয় পদ ব্যবহার করা হইয়াছে। কিন্তু প্রকৃতপক্ষে অনস্তের পরিধি হইতে পারে না। পরিধির সহিত সীমা ও তাহায় দ্বারা বদ্ধ—দেশের ধারণা সংজড়িত। উক্ত ধারণা অনস্তে প্রযোজ্য হইতে পারে না। জিন্দ্ সাহেব (Sir James Jeans)—"Expanding Universe"—"প্রদর্মান জগং" বলিয়া, এই অনস্তেরই তাঁহার ধারণা মত পরিচয় দিবার প্রয়াদ পাইয়াছেন। পুর্বের বলিয়াছি যে, অনস্ত প্রদারের অন্তর্ভুক্ত অগণ্য ব্রহ্মাণ্ড বর্তু মান। উক্ত প্রত্যেক বন্ধাণ্ড গোলক বা গোলকাভাদ আকারে সীমাবদ্ধ হইতে পারে,

কিন্তু অনস্ত তাহা হইতে পারে না। যাহা হউক, এখন বৃঝিতে পারিলে ত দে, অনস্ত বিস্তারের যে কোনও বিন্দু হইতে উহার কল্লিত পরিধি সমান দূরে অবস্থিত। স্বতরাং অনস্ত বিস্তারের যে কোনও বিন্দুতে অনস্তের সমগ্র ভাব, শক্তি প্রভাবে বীজাকারে বর্তুমান। উপরের আলোচনায় পরমৃতত্ব বা ভূমা বা আত্মা বা চিদপুর যে সমকালে কৃটস্থ ও সর্ব্বব্যাপীরূপে—অবস্থানের কথা বলা হইয়াছে, তাহাই লক্ষ্য করিয়া ছান্দোগ্য শ্রুতি বলিতেছেন:—

অথাত আত্মাদেশ এবাত্মৈবাধস্তাদাত্মোপরিষ্টাদাত্মা পশ্চাদাত্মা পুরস্তাদাত্মা দক্ষিণত আত্মেত্তরত আত্মৈবেদং সর্বমিতি স বা এষ এবং পশ্যনেবং ময়ান এবং বিজ্ঞাননাত্ম-রতিরাত্মক্রীড় আত্মমিথুন আত্মানন্দঃ স স্বরাড় ভবতি তম্ম সর্বেষ্ লোকেষ্ কামচারো ভবতাথ যেহম্মথাহতো বিহুরম্ম-রাজানস্তে ক্ষয্যলোকা ভবন্তি তেষাং সর্বেষ্ লোকেম্বকামচারো ভবতি। ছান্দোগ্য ৭।২৫।২

অনস্তর আত্মা অবলম্বনে উপদেশ (প্রদন্ত হইতেছে):—আত্মাই নিমে, আত্মাই উর্দ্ধে, আত্মা পশ্চাতে, আত্মা সম্মুথে, আত্মা দক্ষিণে, আত্মা উত্তরে, আত্মাই এই সমস্ত। এইরূপ দর্শন করিয়া, এইরূপ মনন ক্রেরাা, এইরূপ সবিশেষ জানিয়া, আত্মরতি, আত্মক্রীড়, আত্মমিথ্ন, আত্মানন্দ হইয়া পূর্ব্বোক্ত সেই বিদ্ধান্ স্বরাট্ হন (অর্থাৎ স্বীয় স্বরূপে প্রতিষ্ঠিত হন)—সমস্ত লোকে তিনি অপ্রতিহত গতি প্রাপ্ত হন। ছাঃ ৭।২৫।২

শ্রুতি আত্মা বা পরমতত্ত্বের উপদেশের সঙ্গে সঙ্গে উক্ত উপদেশামুসারে সাধনা করিলে, সাধকের প্রান্তির উল্লেখ করিয়া সাধনায় উৎসাহিত করিলেন।

৩) শাস্ত্র যোনিহাধিকরণ

১। ভিত্তি:--

ভিত্তি (১)—যথাদৈ ধাণ্নেরভ্যাহিতাৎ পৃথগ্ ধূমা বিনিশ্চরন্তি এবং বাঅরেহ্মস্ত মহতো ভূতস্ত নিঃশ্বসিতমেতদ্ যদ্ ঋগ্বেদো যজুর্বেদঃ
সামবেদোহথব্বাঙ্গিরস ইভিহাসঃ পুরাণং বিত্তা উপনিষদঃ শ্লোকাঃ
স্ত্রাণি অমুব্যাখ্যানানি ব্যাখ্যানান্যসৈত্বিতানি নিঃশ্বসিতানি ॥

বৃহঃ ২।৪।১০

যেমন আর্দ্র কাষ্ঠ প্রজ্জনিত করিলে, অরি হইতে ধুম পৃথক্ হইয়া বহির্গত হয়, সেই প্রকার পরমাজরপ মহৎ ভূতের (মহাস্তার) অযত্ন ভাক্ত নিঃখাস্ট্র ঋণ্বেদ, যজুর্বেদ, সামবেদ, অথব্লাসিরস, ইতিহাস, পুরাণ, বিজ্ঞা (নৃত্যুগীতাদি কলাশাস্ত্র) উপনিষৎ, শ্লোকসকল (বেদের ব্রাহ্মণ ভাগেই মন্ত্র সকল (কল্লস্ত্র প্রভৃতি), অনুব্যাখ্যান সকল (মন্ত্রবিবরণ), এবং ব্যাখ্যান সকল (অর্থবাদ)—এ সকলই নিঃখাসরূপে মহাস্ত্রা হইতে বহির্গত হয়। বহঃ ২।৪।১০

তং ছৌপনিষদীং পুরুষং পূচ্ছামি। বৃহঃ তা৯ ২৬

উপনিষদ্ সকলে উপদিষ্ট সেই পুরুষের বিষয় জিজ্ঞাসা করে। বৃহ: ৩।৯।২৬

२। जःभंग्रः-

(২) সংশয়:—পরিদৃশ্যমান বিশ্বপ্রপঞ্চের জন্মাদির দৃষ্টান্তে তটম্ব লক্ষণ ছারা ব্রহ্ম-নির্দেশ করা হইল। কিন্তু নির্দেশ করিলেই ত তাঁহাকে জ্বানা গেল না। অথচ তৈতিরীয় শ্রুতি বলেন:—

যতো বাচো নিবর্ত্তন্তে। অপ্রাপ্য মনসা সহ। আনন্দং ব্রহ্মণো বিদ্বান্। ন বিভেতি কুতশ্চন॥ তৈত্তিঃ ২'৯

বাক্য ও মন বাঁহাকে না পাইয়া—ফিরিয়া আসে, সেই আনন্দস্বরূপ ব্রহ্মকে আনিলে কিছু হইতে ভয় হয় না। তৈতিঃ ২।১

শ্বেতাশ্বতর শ্রুতিও ৩৮ মন্ত্রে ব্রন্ধকে জানা যায় সম্বন্ধে বলিতেছেন :—

বেদাহমেতং পুরুষং মহাস্তমাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ। তমেব বিদিম্বাইতিমৃত্যুমেতি নান্তঃ পস্থা বিজ্ঞতেইয়নায়॥ শ্বেতাঃ ৩.৮ তম: পারে স্থোর ক্রায় উজ্জ্বল প্রকাশমান এই মহাপুরুষকে আমি জ্বানি। ইহাকে জানিলে অতিমৃত্যু (অমৃত) প্রাপ্তি হইয়া থাকে। অবলমনের আর অক্ত কোনও পদ্বা নাই। খেতা: ৩৮


উদ্ধৃত তৈতিঃ ২।১ বলিলেন, ব্রহ্মকে জানা যায়, খেতাখতর শ্রুতির তাচ মন্ত্রে ব্রহ্মের অপরোক্ষ দ্রষ্টা ঋষি, তাঁহাকে ঘনিষ্টভাবে জানিয়া, লোক সমাজে প্রকাশ করিলেন। এই চুটি মন্ত্র হইতে স্পষ্ট বুঝা যাইতেছে মে, তিনি এমন একটি বস্তু, যাহা বাক্য মনের অগোচর, অথচ তাঁহাকে জানা যায়। ইহাতে মনে খতঃই জানিবার আকাজ্জা হয়। অজ্ঞাত বস্তু জানিতে প্রমাণের প্রয়োজন। ভাগবত মতে প্রমাণ মোটাম্টি চারি প্রকার। (১) প্রত্যক্ষ, (২) অনুমান, (৩) ঐতিহ্য ও (৪) শ্রুতি। (ভাগবত ১১৷১৯৷১৬)। জানিবার বস্তুটি বাক্য-মনের অগোচর হওয়ায় প্রত্যক্ষের বিষয় হইতে পারে না। অনুমান ও ঐতিহ্—উভয়েই প্রত্যক্ষের উপর নির্ভর করে, স্ক্তরাং উক্ত উভয় প্রমাণও তাঁহাতে প্রযোজ্য হইতে পারে না। বাকী থাকে, কেবল শ্রুতি প্রমাণ।

০। আমরা জানি, ব্রহ্মপ্তর-মীমাংসা শাস্ত্র—বেদের জ্ঞানকাণ্ড আলোচনায় যে সম্দায় বিরোধ ও সন্দেহ মনে উদয় হয়, মীমাংসার ঘারা সে সম্দারের নিরসন করাই, ইহার মুখ্য বিষয়। সঙ্গে সঙ্গে শাস্ত্রের নাম "ব্রহ্মপ্তর" দিবার হেতু, ব্রহ্মতত্ত্ব যথাতথ্য রূপে নিরূপণ করিবার প্রতিজ্ঞান্ত রচয়িতা স্ত্রেকার করিয়াছেন, ইহা আমরা পূর্বের আলোচনায় ব্রিয়াছি। স্বতরাং যাহারা ব্রহ্মপ্তর আলোচনা করিবেন, তাঁহাদিগকে শ্রুভিপ্রমাণ গ্রহণ করিবার জন্ম প্রস্তুত থাকিতে হইবে। কিন্তু সাসাসা ও সাসায় স্থ্রের যে আলোচনা করা হইয়াছে, তাহাতে শ্রুভি মন্ত্রগণের সঙ্গে প্রহ্মণ প্রমাণ, ভাগবত, গীতা, যোগবাশিষ্ঠ, বিষ্ণুপুরাণ প্রভৃতি শাস্ত্রের শ্লোক প্রমাণ স্বরূপ উদ্ধৃত করা হইয়াছে। ইহাতে সংশয় হয় যে, উক্ত শাস্ত্রসকলের শ্লোকপ্রমাণ রূপে গ্রহণ করিবার হেতু কি হইতে পারে? এই সন্দেহ নিরসনের জন্ম স্ত্রকার স্ত্র করিলেন—

৩) সূত্র—শাল্পযোনিশ্বাৎ ১৷১৷৩৷৩

৪। ব্রহ্মই শান্ত্রযোনি। শান্ত্রযোনি পদটি হুইপ্রকারে সিদ্ধ হয়—
(ক) শান্ত্র সকলের যোনি বা উদ্ভব স্থান বা কারণ—এরপ বাক্যে ষষ্ঠী
তৎপুরুষ সমাসে নিম্পন্ন। (খ) শান্ত্র-ষোনি-কারণ বা প্রতিপাদক অথবা
প্রমাণ বাহার—এরপ বাক্যে বছরীহি সমাসে নিম্পন্ন। শান্ত্রযোনির ভাব—

भाखरगिनिष । रमहे रङ्जू—भाखरगिनिषा । भिरतार्ति छक्क व्रशाविष्य स्थित २।३।১० मद्य क्षेत्रम क्षेत्र अवस्थ क्षेत्र आर्था । ज्याना र्यात्र व्याव्य आर्था माळ्य-भरम दृशः २।८।১० मरद्धद्वरे अञ्च माळ्य किष्ठा । तना वाल्ना रम् स्थ माळ्य क्षेत्र वह साळ माळ्य माळ्य क्षेत्र वह राष्ट्र प्राप्त वह राष्ट्र वह साळ माळ्य माळ्य माळ्य माळ्य माळ्य माळ्य माळ्य क्षेत्र वह साळ माळ्य माळ्य क्षेत्र वह साळ माळ्य क्षेत्र वह साळ माळ्य क्षेत्र माळ्य माळ्य



ে। উক্তশাস্ত্রগণের পরিচয় প্রদানে ভাগবত বলিতেছেন :—
তয়োর্বিজ্ঞবর স্তম্ব: শুদ্ধভাবামুবৃত্তিভিঃ।
প্রোবাচ বেদানখিলান্ সাঙ্গোপনিষদো গুরুঃ॥ ১০।৪৫।২৫
সরহস্যং ধনুর্বেবদং ধর্মান্যায়পথাংস্তথা।
তথা চারীক্ষিকীং বিভাং রাজনীতিঞ্চ ষড়্বিধাম্॥ ১০।৪৫।২৬
অহোরাত্রেশ্চতুঃযধ্যা সংযতৌ তাবতীঃ কলাঃ॥ ১০।৪৫।২৭

বিজবর শুরু (সান্দীপনি মৃনি) রাম ও কৃষ্ণ তৃজনের শুক্কভাব (ভক্তি) ও তথারা গুরু শুক্রমায় তৃষ্ট হইয়া, তাঁহাদিগকে শিক্ষাদি ষড়ঙ্গ ও উপনিষদ্গণের সহিত সমগ্র বেদ, সরহস্থা ধন্মর্বেদ, ধর্মশাস্থ্যকল, মীমাংসাদি দর্শনবিদ্ধা, ভর্কবিদ্ধা, সন্ধি-বিগ্রহ-যান-আসন-দ্বৈধ-আগ্রয়—এতদ্রপ ছয় প্রকার রাজনীতি, শিক্ষা দিলেন। তাঁহারা চতৃংষষ্টি অহোরাত্রে চতৃংষষ্ঠি কলা আয়ত্ত করিলেন।

৬। ব্রহাই এই সম্দায় শাস্তের উৎপত্তিকারণ। শিরোদেশে উদ্ধৃত বৃহঃ ২।৪।১০ মন্ত্র ইহাদের অনেকগুলির নামোনেথ করিয়াছেন। ভাগবতে স্পৃষ্টিকর্তা ব্রহার পূর্বাদি মৃথ হইতে শাস্ত্রগণের আবির্ভাবের উন্নেথ আছে। তৎসম্বদ্ধে করেকটি শ্লোক নিমে উদ্ধৃত হইল। পরমতত্ব বা ভগবান্ ব্রহার ক্রদয়ে বেদজান প্রকাশ করিয়া, তাঁহাতে শক্তি সঞ্চার করেন, ইহা ভাগবতের ১।১।১ শ্লোকের—"তেনে ব্রহ্মান্তদা য আদিকবয়ে" বাক্যাংশে স্পষ্টতঃ কণিত হইয়াছে। সেই শক্তিসঞ্চার ও বেদজ্ঞান প্রকাশন হেতৃ ব্রহার মৃথ হইতে ভগবিদ্ছাম্পারেই শাস্ত্রদক্ষ আবির্ভাব সাক্ষাৎ ভাবে ব্রহ্মার মৃথ হইতে বলা হইলেও, উহা ভগবানের প্রদন্ত বেদজ্ঞান ও শক্তিসঞ্চারের ফলস্বরূপ বলিয়া ভগবান্ বা ব্রহ্মকেই শাস্ত্রঘোনি বিশিতে হয়।

ভাগবতের শ্লোকগুলি এই :—

কদাচিদ্ধ্যায়তঃ স্রষ্টুর্বেদা আসংশ্চত্যু বাং ॥ ৩।১২।১৯
চাতৃহোত্ত্তং কর্ম্মতন্ত্রমুপবেদনয়ৈঃ সহ।
ধর্মস্ত পাদাশ্চত্বারস্ত থৈবাশ্রমবৃত্তয়ঃ ॥ ৩।১২।২॰
ঝগ্যজ্বামাণব্বাখ্যান্ বেদান্ পূর্বাদিভিমু থৈঃ।
শক্ষমিঞ্চাং গুডিস্তোমং প্রায়শ্চিত্তং ব্যধাৎ ক্রমাৎ ॥ ৩।১২।২২

আয়ুর্কেদং ধনুর্কেদং গান্ধর্কাং বেদমাত্মনঃ।
স্থাপত্যাঞ্চাস্তদ্ধদেং ক্রমাৎ পূর্কাদিভিমু বৈশঃ।
ইতিহাসপুরাণানি পঞ্চমং বেদমীশ্বরঃ।
সর্কেভ্য এব বক্তে ভ্যঃ সম্প্রে সর্ক্রদর্শনঃ॥ ৩.১২।২৩

স্টিকর্তা ব্রহ্মা কদাচিৎ চিন্তা করিতে করিতে তাঁহার চারিম্থ হইতে বেদসকল নির্গত হইল। চাতুর্হোত্র (হোতা-উদ্গাতা-অধ্বর্য্-ব্রহ্মা—এই চারিজন দারা নিপার কর্ম), উপবেদ, নীতিশাস্ত্রের সহিত তন্ত্র, ধর্মের চারিচরণ, আশ্রম—সকলের বৃত্তিও উৎপর হইল। ব্রহ্মার পূর্ব্বাদি ম্থ হইতে যথাক্রমে, ঋক্—যজু— সাম—অথর্ব এই চারিবেদ, হোতার কর্ম—শাস্ত্র (অর্থাৎ অপ্রণীত মন্ত্র—স্তোত্র), অধ্বর্যুর কর্ম—ইজ্যা, উদ্গত্রের কর্ম—গুতিস্তোম-সঙ্গীত স্বর্ক্রপ—ঝক্ মন্ত্রসকল এবং ব্রহ্মার কর্ম প্রায়শ্চিত্ত—উৎপর হইল। আয়ুর্ব্বেদ, ধন্মব্বেদ, গম্বর্ববেদ, স্থাপত্যবেদ ইত্যাদি উপবেদসকল, পঞ্চমবেদ—ইতিহাদ, পুরাণ প্রভৃতি সেই সর্ব্বিজ ব্রন্ধার পূর্ব্বাদি মৃথ চতুষ্ট্র হইতে আবিভূতি হইল। ভাগবত ৩।১২।১৯—২০-২২-২৩।

আন্বীক্ষিকী ত্রয়ী বার্ত্তা দগুনীতিস্তব্ধৈব চ। এবং ব্যাহ্রতমুশ্চাসন্ প্রণবোহাস্থ্য দহুতঃ॥ ভাগঃ ৩:১২।২৮

আধীক্ষিকী বা তর্কশান্ত্র, বেদবিদ্যা, বার্তা (জীবিকোপায় নির্দ্ধারণ শান্ত্র)
দশুনীতি, ভূ-ভূব:-মহ:-জন:-তপ:-সত্য এই সপ্তব্যাস্থৃতি ও প্রণব (ওঁ-কার),
তাঁহার হদয়াকাশ হইতে উৎপন্ন হইল। ভাগ: ৩।১২।২৮

- ৫) স্ষ্টিকর্ত্তা জন্মা কি ভবে শাল্লযোনি ?
- ৭। উপরে উদ্ধৃত ভাগবতের শ্লোকগুলি পর্য্যালোচনা করিলে, স্বতঃই মনে প্রশ্ন উদয় হয়, তবে কি স্প্টিকর্তা ব্রহ্মাই শাস্ত্রযোনি। ব্রহ্ম-ভগবান্পরমতত্ত্বকে শাস্ত্রযোনি বলিয়া স্ত্রকার স্ত্র রচনা করিলেন, উহার সহিত কি ভাগবতের মতিবিরোধ হইল? বিশেষতঃ উদ্ধৃত ৩।১২।২৩ শ্লোকে ভাগবত ব্রহ্মাকে "সর্ব্বদর্শনঃ" বিশেষণে বিশেষিত করিয়াছেন—উহার সরল অর্থ ত সর্বাজ্ঞ। স্প্টিকর্তা যথন সর্বাজ্ঞ, তথন তাঁহার শাস্ত্রযোনি হইতে বাধা কি? ইহার উত্তর ৬ অন্তচ্ছেদে অতি সংক্ষেপে দেওয়া হইয়াছে। নিঃসন্দিগ্ধভাবে এই সংশয় অপনোদনের জন্ম কয়েকটি কারণ বিস্তারিত ভাবে নীচে দেওয়া হইতেছে—ইহা হইতে স্পষ্ট ব্ঝা যাইবে যে, ব্রহ্ম—ভগবান্-পরমতত্ত্বই শাস্ত্রযোনি। কারণগুলি এই:—

- (ক) বংশীবাদনদক্ষ কোনও পুরুষ, বংশী হইতে তান—লয়—বিশুদ্ধ স্থমধুর স্বরলহরী বিকাশ করিয়া শ্রোত্গণের মনোহরণ করিতেছেন। উক্ত স্বরলহরীর উদ্ভাবন কর্ত্তা এবং তাহা হইতে শ্রোত্বর্গের মনোহরণকারী কে? উক্ত পুরুষ না বংশী? বংশী-যন্ত্র হিসাবে প্রয়োজনীয় বটে, কিন্তু স্থনিপুণ যন্ত্রীর হাতেই উহা ক্রিয়াশীল হইয়া থাকে। সেইরূপ স্প্রেক্তা ব্রন্ধা ভগবানের হাতের যন্ত্রমাত্র। উক্ত যন্ত্র হইতে ভগবানই বংশী হইতে স্বরলহরীর অভিব্যক্তির স্থায়, শাস্ত্রাদির অভিব্যক্তি করেন। উক্ত স্প্রিকর্ত্তারূপ যন্ত্র—ভগবানের নিজ হাতে গড়া—উহা ৬ অনুচ্ছেদে বলা হইয়াছে।
- (খ) ভাগবতেই ব্রন্ধা নিজমুথে বলিতেছেন:—

 যেন স্বরোচিষা বিশ্বং রোচিতং রোচয়াম্যহম্। ভাঃ ২।৫।১১

 স্বপ্রকাশ সেই পরম পুরুষের প্রকাশিত বিশ্বকেই আমি স্ট্ট্যাদি দ্বারা অভিব্যক্ত
 করি। ২।৫।১১

তস্তাপি দ্রপ্থরীশস্ত কূ**টস্থ**স্তাখিলাত্মনঃ। স্জ্যং স্প্রদামি স্প্রোইহমীক্ষয়ৈবাভিচোদিতঃ।। ২।৫।১৭

তিনিই দ্রপ্তা (সর্ব্বদাক্ষী) ঈশ্বর (সকলের নিমন্তা) কৃটস্ব, সকলের অন্তর্গামী, আমি তাঁহার দ্বারাই স্পত্ত (এজন্ত তাঁহার "নিজহাতে গড়া" বলা হইয়াছে), এবং এই সমৃদায় তাঁহারই স্বজ্য (স্বজনের যোগ্য বলিয়া অভিপ্রেত), আমি তাঁহার কটাক্ষে পরিচালিত হইয়া, তাঁহার স্বজ্য সকলকে অভিব্যক্ত করিয়া থাকি। ২০০১ ৭

(গ) ১।১।২।২ স্ত্রের আলোচনায় "এক বিজ্ঞানে সর্ববিজ্ঞান" শীর্ষক অন্তচ্ছেদে শ্বেতকেতুর উপাধ্যান কথিত হইয়াছে। উক্ত উপাধ্যানে শ্বেতকেতুর পিতা পুত্রকে ব্রহ্মবিতা শিক্ষা দিতে একটি মহাবাক্য অবলম্বন করিয়া "তত্মসি শেতকেতো" ইত্যাদি নানা প্রকারে শ্বেতকেতুকে "এক বিজ্ঞানে সর্ববিজ্ঞান" ব্র্যাইয়াছিলেন। ব্রহ্মা শ্রীভগবানের নিজের মৃথ হইতে অমোঘ আশীর্বাণী লাভ করিলেন:—

যাবানহং যথাভাবো যদ্রপগুণকর্মকঃ।
তথৈব তত্ত্ববিজ্ঞানমপ্ত তে মদমুগ্রহাৎ।। ভাগঃ ২ ৯০৩১
আমার স্বরূপ, আমার যাদৃক সত্ত, আমার গুণ ও কর্ম যেরূপ, আমার

আমার স্বরূপ, আমার যাদৃক স্বর্ণ, আমার ত্রান্ত । বালত অনুপ্রহে এ সকলের যথার্থ জ্ঞান তোমার এখনই হউক্। বালত

আমার অমোঘ আশীর্ঝাণীর ঘারা এ প্রকারে তত্ত্তান প্রদানের পর, ভাগবতে কথিত ২।১।৩২-৩৩-৩৪-৩৫ এই চারি শ্লোকে অভি সংক্রেপে কথিত চতুঃ শ্লোকী ভাগবত, ভগবান্ ব্রহ্মাকে শিক্ষা দিলেন। এই চারি শ্লোকে সম্দায় জ্ঞানের সার—কেন্দ্রীভৃত ভাবে অবস্থিত। এই প্রকারে ভগবান্ নিজেই ব্রহ্মার হৃদয়ে তব্ত্তান প্রকাশ করিলেন। স্বতরাং ব্রহ্মা ভগবানের "নিজহাতে গড়া" তবটেই। ভগবান্ তাঁহাকে অভি স্থপটু যন্ত্র করিয়া গড়িলেন, এ কারণ তাঁহার মৃথ হইতে শাস্ত্র সকলের অভিব্যক্তিতে আশ্রুয়া হইবার কি আছে? ভগবানই শাস্ত্রযোনি, ইহা স্বন্ধাই বুঝা গেল। জ্ঞানস্বর্জণ, জ্ঞানঘন, ভগবানের নিজহাতে গড়া যন্ত্র যে "সর্বন্ধন্ন" বিশেষণে বিশেষিত হইয়াছেন, তাহা সমীচীন বটে।

(ঘ) গীতায় ১৫।১৫ শ্লোকে ভগবান্ স্কুপ্ট বলিলেন :---

"মত্তঃ শ্বতিজ্ঞানমপোহনঞ্চ।" গীঃ ১৫।১৫ আমা হইতে শ্বতির উদয়, জ্ঞানের বিকাশ ও সঙ্কোচ সাধিত হয়।

शीः ১৫।১৫

সেই ভগবান্ মৃত্তি ধারণ করিয়া নিজেই ব্রহ্মার হৃদয়ে পূর্ব্ব স্থান্তি ও পরম জ্ঞান বিকাশ করিলেন। সেই জ্ঞানলাভে ব্রহ্মার মৃথ হইতে যে সমৃদায় শাজের অভিব্যক্তি হইল, তাহা বংশী হইতে স্থমধুর স্বরলহরী বিকাশের স্থায়, বুঝা গেল। স্থতরাং ভগবানই শাস্ত্রযোনি।

(< ও) নিম্নোদ্ধত শ্লোকে ভাগবত ভগবানকেই ম্পষ্টভাবে শাস্ত্রকৃৎ (শাস্ত্রযোনি) বলিলেন।

স এব ভূয়ে। নিজবীর্যাচোদিতাং স্বজীবমায়াং প্রকৃতিং সিস্ক্ষতীম্। অনামরূপাত্মনি রূপনামনী বিধিৎসমানোহনুসসার শাস্ত্রকৃৎ॥

2120155

সেই অপ্রচ্যুত স্বরূপ ভগবান, নামরূপ রহিত আপনাকেই দেব—তির্ঘাক্নরাদি নামরূপ বিধান করিতে ইচ্ছুক হইয়া, জীবসকলের ভোগবিধানের নিমিত্ত,
নিজ কালশক্তি দ্বারা উন্বোধিতা, স্বীয় অংশভূত জীবগণের মোহনকারিণী
অতএব স্ক্রনাভিলাধিণী, স্বীয়া প্রকৃতির অনুসরণ করেন। তিনিই শাস্ত্রকৃৎ—কর্মজ্ঞান-ভক্তিসাধন ও তাহার সিদ্ধির জন্ম, প্রকৃতির অনুসরণের পূর্ব্বে— শাস্ত্র সকল
মতিব্যক্ত করেন। ১০১০২২

এই শ্লোকে করেকটি বিষয় লক্ষ করিবার আছে। (১) "স্বজীবমায়াং"— এথানে "জীবমায়ার" সাক্ষাৎ পাইলাম। ১।১।২।২ স্থত্তের আলেচেনায় প্রদত্ত সৃষ্টি চিত্রে—মায়াকে "গুণমায়া" ও "জীবমায়া" দুইভাবে দেখান হইয়াছে। (২) ভগবান্ স্বরূপে—"অনামরূপ"—এই স্বরূপভাব—ভগবান্—বশিষ্ঠদেব "চিদ্ণু" নামে ভাষায় ব্যক্ত করিবার চেষ্টা করিয়াছেন। ১৷১৷১৷১ স্ত্রের আলোচনায়—৬২ অন্তচ্ছেদে উদ্ধৃত ভাগবভের ২৷৬৷৬৮ শ্লোকে পরমতত্ত্বকে "বিশুদ্ধং কেবলং জ্ঞানম্" বলিয়া বুঝাইবার চেষ্টা করিয়াছেন। স্বরূপে তিনি "অনামরূপ" হইলেও স্বষ্টিতে তিনিই "স সর্ব্ধনামা স চ বিশ্বরূপঃ"। (ভাগবত ৬৷৪৷২৬)

(০) প্রকৃতির অমুদরণের পূর্বে শাস্ত্রদকলের অভিব্যক্তি। ইহার ভিত্তি আমরা ভাগবতের ৩১১।৩২ শ্লোকে দেখিতে পাই।

> পূর্ববস্থাদৌ পরার্দ্ধস্থ ব্রাক্ষো নাম মহানভূৎ। কল্পো যত্রাভবদ্বুন্দা শব্দবন্দেতি যৎ বিহুঃ । ভাগঃ ৩।১১।৩৫

পূর্ব্বপরার্ছের প্রথমে "ব্রাহ্ম" নামে যে মহান্ কল্প হয়, সেই কল্পেই ব্রহ্মা আবিভূ ত হইয়াছিলেন। পণ্ডিতেরা তাঁহাকে শব্দ ব্রহ্ম বলিয়া থাকেন। ৩১১। ৩৫। ইহা বৃঝিবার জন্ত ছ-এক কথা বলা প্রয়োজন। শান্তে ব্রহ্মাকে বিপরার্জ্জীবী বলা হইয়া থাকে! এই ছই পরার্জের মধ্যে পূর্ব্বপরার্জ্ম গত হইয়াছে। সম্প্রতি দিতীয় পরার্জের প্রথম দিনের প্রায়্ম মধ্যায় চলিতেছে। অর্থাৎ পরমায়্ তাঁর পরিমাণে ১০০ বংদর ধরিলে, তাঁহার ৫০ বংদর বয়স অতিক্রান্ত হইয়াছে। পূর্ব্ব পরার্জ্ম ছইভাগে বিভক্ত—ব্রাহ্মকল্প ও পাল্মকল্প। উত্তর পরার্জ্যেক প্রথম কল্পের নাম খেত বারাহ কল্প—ইহা এখন চলিতেছে। পঞ্জিকাকারগণ ইহার কাল গণনা করিতেছেন।

বান্দকরে ব্রহ্মা—শব্দ-ব্রহ্মরূপে আবিভূতি হন। স্বভরাং সে সময়ে বেদ ও বেদের অনুগামী শান্ত দকল অভিব্যক্ত হইয়া শব্দস্তরে—নাদরূপে বর্তমান ছিল। ইহা লক্ষ্য করিয়া ভাগবত উদ্ধৃত ১৷১০৷২২ শ্লোক বলিলেন, "শান্তরুং" প্রকৃতিকে অনুসরণ করিলেন। তৎপরে স্বষ্ট হইল এবং স্বাষ্টর অভিব্যক্তির প্রথমেই—ব্রহ্মা ভগবানের নাভিপন্মে অভিব্যক্ত হইলেন। এ কারণ—এই করের নাম পাদ্মকর। ব্রহ্মার অভিব্যক্তির পর—স্বাষ্টির অভিব্যক্তি—একারণ শান্তাদির শব্দ ব্রহ্মরূপে অভিব্যক্তির পরে স্বাচ্চি অভিব্যক্ত হইল ব্বিতে হইবে।

(চ) উদ্ধৃত শ্লোকটির রচনাভঙ্গী হইতেও বুঝা যায় যে, শাস্ত্রহং—প্রকৃতির অনুসরণ করিলেন। অর্থাৎ শাস্ত্রসকলের —অভিব্যক্তি হেতু তিনি "শাস্ত্রহং" বলিয়া আখ্যায়িত হইবার যোগ্য হইবার পর প্রকৃতির অনুসরণ করিলেন।

- ৬) ব্ৰাহ্মক**ন্মে শান্ত অভি**ব্যক্ত হইয়া কোথায়, কিভাবে অবস্থান করে ?
- ৮। ব্রাহ্মকল্পে শাস্ত্র অভিবাক্ত হইয়া শবস্তরে—নাদরপে বর্ত্তমান র ইল, বলা হইয়াছে। ইহা বিশদ্ভাবে ব্রিবার চেটা করা ঘাউক্। ব্রাহ্মকল্পে ব্রহ্মাণ্ড স্ট্র হয় নাই, অভএব ভাষা বর্ত্তমান ছিল না, স্বভরাং মন্ত্র, শ্লোক বা গত আকারে শাস্ত্র বর্ত্তমান থাকা সম্ভব হইতে পারে না। শবস্তরে—নাদরপে বর্ত্তমান ছিল, ইহা বলিবার হেতু কি, তাহাই ব্রিবার চেটা করিব।

উক্ত আলোচনা আরম্ভ করিবার পূর্ব্বে বর্ত্ত মান আলোচা প্রের শিরোদেশে উদ্ধৃত বৃহ: ২।৪।১০ মন্ত্রের প্রতি প্নরায় দৃষ্টি আকর্ষণ করি। উক্ত শ্রুতি বলিলেন বে, পরমপুক্ষের নি:শাস হইতে শাস্ত্র সকলের অভিব্যক্তি হইল। ইহাতে যেন কেই মনে না করেন যে, পরমতত্ত্বের জীবিত থাকিবার জন্য আমাদের নায়-বি:শাস ত্যাগ ও প্রশাস গ্রহণ প্রয়োজনীয়। আমাদের নি:শাস-প্রশাস বায়্-কিরামাত্ত্র, তথন ত বায়্র জন্মই হয় নাই, ক্রিয়া হইবে কোথা হইতে? জীবের নি:শাস ত্যাগের দৃষ্টান্ত দেওয়া হইয়াছে, তথু —অজ্ঞ শিন্তকে সহজে বৃশাইবার জন্য। পূর্বের বলা হইয়াছে যে, লৌকিক উপমা বা দৃষ্টান্ত পরমতত্ত্বে সমগ্রভাবে প্রযোজ্য নহে। এখানে এই সাদৃষ্টাটি গ্রহণ করিতে হইবে, যে, যেমন জীবের নি:শাস ত্যাগে অন্তরম্ব বায় বাহিরে নি:সারিত করা হয়, সেই দৃষ্টান্তের সাদৃষ্টে পরমতত্ত্বে তাদাত্ম্যভাবে আত্মন্থ শাস্ত্রসমূদায়, বাহিরে নি:সত হইয়া পৃথগ্,ভাবে অভিব্যক্ত হইল। ইহা পরমতত্ত্বের ইচ্ছা, সম্বন্ধ বা স্বভাববশতঃ হইল, যাহা বলা যাউক্, কিছু আনে যায় না।

- ১। এ সম্বন্ধে ঋগ্বেদীয় নারদীয় স্ক্তের (ঋগ্বেদ ৮।৭।১৭।২) দ্বিতীয়
 ঋকে ব্যবহৃত "আনীদবাতং" পদে দৃষ্টি আকর্ষণ করি। উক্ত ঋক্টি পরে ২।৩।৩২
 স্ত্রে উদ্ধৃত হইয়াছে। বাহুল্য বর্জনের জন্ম উহার সমগ্র উদ্ধার পরিহার করা
 হইল। উক্ত "আনীদবাতং" পদ "আনীং" ও "অবাতং" এই তুইটি পদের মিলনে
 উৎপর। "আনীং" পদের অর্থ প্রাণবান—জীবের ন্যায়—জীবিত ছিলেন।
 (অন্ধাতুর অর্থ—জীবিত থাকা)—কিন্তু "অবাতম্"—বায়ু সংস্পর্শ ব্যতিরেকে।
 অর্থাৎ প্রলয়ে বন্ধা বা পরমসন্থা বায়ু সাহ্চর্য্য ব্যতিরেকে জীবিতের ন্যায় বন্ত মান
 ছিলেন। স্কতরাং তাঁহার "নিঃশসিত্বম্" কেবল রূপক মাক্র বুঝা গেল।
- ১০। ইহা আমাদের প্রত্যেকের দৈনিক উপলব্ধি যে, প্রতিদিন আমাদের তিনটি অবস্থার মধ্য দিয়া গতাগতি করিতে হয়—উহারা (১) জাগরণ (২)

স্বপ্ন ও (০) স্ববৃষ্টি। দিনের বেলা জাগরণে কর্ম-দমাপনান্তে, আমরা স্বপ্নের মধ্য দিয়া স্বৃধ্বি উপভোগ করি। স্বৃধ্বিতে শান্ত বিশ্রান্তির পর, পূর্কদিনের কর্মদম্পাদন হেতু ক্লান্তি সম্প্র্ররেপ ভিরোহিত হইলে, প্রদিনের কর্ম সম্পাদ্নের শক্তি পুনঃ প্রাপ্ত হইয়া জাগরিত হই। স্বয়্প্তি হইতে জাগরিত হইবার প্রাক্কালে পুনরায় স্বপ্লের মধ্য দিয়া জাগরণে আসিতে হয়। ব্যষ্টিতে যে নিয়ম, সম্ষ্টিতেও তাই। আমাদের প্রত্যেকের ব্যষ্টিদেহ যেমন আমাদের নিজের ব্যক্তিগত, দেইরপ সমষ্টি ব্রহ্মাণ্ড দেহও ব্রহ্মার ব্যক্তিগত নিজম্ব দেহ। আমাদের নিদর্শনে, সম্টি ব্রন্ধাওদেহ, প্রলয়ে যেন স্ব্স্থিতে মগ্ন ছিল। ন্তন প্টির জাগরণের পূর্বে ইহাকেও স্বপ্নের মধ্য দিয়া তবে জাগরণে আদিতে হইবে। ব্রান্দকরে জাগরণের পূর্বের এই স্বপ্লাবস্থা। পাদ্মকরে ব্রন্ধার জাগরণ। ব্রান্দকরে তিনি স্থ অর্থাৎ স্বপাবস্থায় অবস্থিত। এই প্রদক্ষে মংপ্রণীত "মাতৃপূজা" গ্রন্থের ১১২ হইতে ১১৭ পৃষ্ঠা পর্য্যস্ত আলোচনা ও উক্ত আলোচনার কলম্বরূপ উক্ত গ্রন্থের ১২০-১২১-১২২ পৃষ্ঠায় প্রদত্ত চিত্রে দৃষ্টি আকর্ষণ করি। উক্ত চিত্র উপনিষদে প্রদত্ত উপদেশের ভিত্তিতে অন্ধিত হইয়াছে। গ্রন্থ বাহুল্য ভয়ে উহার উদ্ধারে বিরত রহিলাম। উক্ত চিত্রধীরভাবে আলোচনা করিলে বুঝা যাইবে যে, ব্রাহ্মকল্পে ব্রহ্মা ১২১ পৃষ্ঠায় (খ) চিহ্নিত চিত্রাংশের উব্ পর্যানে অবস্থিত—অর্থাৎ তখন তিনি স্বপ্ন-তৈজন বা তৈজন-তৈজন অবস্থায় প্রতিষ্ঠিত। ষোড়শ মাত্রাত্মক ব্রহ্ম—প্রণবের "নাদ" মাত্রাও উক্ত পর্যা**রের অস্তভূকি।** প্রণবই সমূদায় শাত্রের বীজ –প্রণবই যথন "নাদ" মাত্রায় পরিণত তথন সমস্ত শাস্ত্রই নাদরপে শব্দ ব্রহ্মরণী ব্রহ্মায় অবস্থিত। এই শব্দ ব্রহ্মরণী ব্রহ্মার নাম "হিরণাগর্ভ"। (দেখ গায়ত্রীরহস্ম পুস্তকের ৪ পৃঠায় সম্মুখের চিত্র)। অতএব আমরা পাইলাম যে, ব্রাক্ষকল্পে সম্দায় শান্ত অতি কৃষ্ম ''নাদ'' রূপে হিরণাগর্ভে অবস্থিত। এই ''নাদ'' স্পন্দনাত্মক বা কম্পনাত্মক। চিদণুর স্ফুরণ এই কম্পনের মৃলে—ইহার সহিত—যত স্ক্ষই হউক্, কোনও ভ্তাত্মক বস্তর ম্পলনের বা কম্পনের কোনও সম্বন্ধ নাই।

১১। হিরণ্যগর্ভই সমষ্টি প্রাণতর। ইহার আলোচনার "ব্রহ্মন্থর ও
শ্রীমদ্ভাগবত" গ্রন্থের শ্বিতীয় অধ্যায়ের চতুর্থপাদের ভূমিকায় করা হইয়াছে।
এই প্রাণতত্ত্বের অপর নাম স্ব্রভন্ত। ইহা বায়্কিয়া নহে। ভগবান্ স্ব্রকার
"ন বায়ুকিয়ে পৃথগুপদেশাৎ" ২০৪০ স্ত্রে ইহা প্রভিপাদন করিয়াছেন।
অথর্কবেদের ১১০০ স্ক্রের ১৫ মন্ত্রের এক অংশে "প্রাণং দেবা উপাসভে"
দেখিতে পাই। আচার্য্য সায়ণ উহার ভায়ে বলিভেছেন:—"প্রাণং হিরণ্য-

গভং সমষ্ট্যাত্মকং অগ্নাদয়ো দেবতা উপাসতে।" উক্ত অথর্ধবেদের—উক্ত মন্ত্রেরই একাংশ এই "প্রাণে হ ভৃতং ভব্যং প্রাণে চ সর্বং প্রতিষ্টি ভন্"—আচার্য্য সাধ্য অর্থ করিভেছেন:—"তন্মিন্ প্রাণে জগদাধার ভৃতে স্ত্রাত্মনি ভৃতং ভূতকালাবচ্ছিন্নং উৎপন্নং জগৎ, ভব্যং—ভবিশ্বকালাবচ্ছিন্নং উৎপৎসমানং জগৎ ভদাপ্রিত্য বর্ত্ততে।"

এই আলোচনা হইতে স্বম্পষ্ট বৃঝিতে পারা গেল যে, ব্রাহ্মকল্লে শাস্ত্রসকল অভিস্ক্ম নাদরণে হিরণ্যগর্ভে বা স্বত্রতত্ত্বে অন্তর্কথায় সমষ্টিপ্রাণ-ভত্তে অবস্থিত ছিল। তথন হিরণ্যগর্ভ বা প্রাণতত্ত্ব — স্থপ্ত, একারণ ক্রিয়াশীল নহেন। পাল্ন-কল্লে জাগরণে এই প্রাণভত্ত হইতেই শাস্ত্রসকল প্রকৃতিত হইয়া থাকে।

ভাগবত বলিতেছেন:---

যথোর্ণনাভিন্ত দ্য়াদূর্ণামূদ্দতে মুখাং।
আকাশাং ঘোষবান্ প্রাণো মনসা স্পর্শরূপিণা ॥
ছেন্দোময়োহমৃতময়ঃ সহস্রপদ্বীং প্রভুঃ।
ওঁকারাদ্বাঞ্জিতস্পর্শস্বরোদ্মস্তস্ভূষিতাং ॥
বিচিত্ত-ভাষা-বিভতাং ছন্দোভিশ্চতুরুত্তরৈঃ।
অনন্তপারাং বৃহতীং স্ক্রভ্যাক্ষিপতে স্বয়ম্।। ১১।২১।৩৮-৪০

বেমন উর্ণনাভ হৃদয়াকাশ হইতে মৃথবারা উর্ণাভন্ত প্রকটন ও উপসংহার করে, তদ্রুপ বেদমৃতি, অমৃতময়, নাদোপাদানবিশিষ্ট, প্রভু, হিরণ্যগর্ভ বর্ণব্যঞ্জক মনের সাহায্যে, বহু ভাগবিশিষ্ট, অনস্তপার, ও কারাস্তর্গত স্পর্শ-স্বর-উন্ম-অন্তঃস্থ বর্ণে ভৃষিত, লোকিকাদি ভাষায় বিস্তৃত, চতুরক্ষরাদি উত্তরোত্তরাধিক অক্ষরাত্মক, ছন্দোবিশিষ্ট, বৃহৎ বাক্যময়, বেদয়াশিকে হৃদয়াকাশ হইতে প্রকাশমান ও উপসংহার করেন। (ভাগঃ ১১।২১।৩৮-৪০)

উদ্ধৃত শ্লোকে স্পষ্টতঃ বেদরাশির উল্লেখ নাই। ৺রামনারায়ণ বিভারত্ব মহাশরের অমুবাদে থাকার লিখিত হইল। বেদরাশি যে সমৃদার বেদামুগ শাস্ত্রের উপলক্ষণে উক্ত অমুবাদে গৃহীত হইরাছে, তাহা বলা বাহুল্য। উদ্ধৃত স্লোকে "ঘোষবান" ও "প্রাণ" এই তুইটি পদের উপর দৃষ্টি আকর্ষণ করি। নাদরূপে বর্তমান থাকায় "ঘোষবান" হওয়াই স্বাভাবিক এবং হিরণ্যগর্ভ— সমষ্টিপ্রাণ বলিয়া "প্রাণ" পদ ব্যবহৃত হইয়াছে, ইহা স্কুম্পষ্ট। হিরণ্যগর্ভের সমপ্র্যার ভুক্ত অভিধা বা নাম—প্রাণাজ্মা, স্ফ্রাজ্মা। ইহা সমষ্টি-স্ক্র্ম-শরীর-উপহিত চৈতক্য। (শন্তক্স্ক্রেম)

১২। ঝগ্বেদের দশম মণ্ডলে অন্তম অন্তকে ৭ অধ্যায় ৩ বর্গে ১২১ স্কল—
"হিরণাগর্ভ" স্ক বলিয়া কথিত। উক্ত স্ত্রের ১ম মন্ত্রের ১ম মন্ত্রাংশ হইতেছে—
"হিরণাগর্ভঃ সমবর্ততারো"—আচার্য্য সায়ণ ইহার অর্থে বলিতেছেন—"হ্রপ্রয়ঃ
অণ্ডঃ গর্ভবদ্ যস্তা উদরে বর্ততে দোহদৌ প্রোআা হিরণাগর্ভ ইতি উচ্যতে।
অর্থ্যে—প্রপঞ্চোৎপত্তেঃ প্রাক্। সমবর্তত—মায়াধ্যক্ষাৎ দিসক্ষোঃ পরমাত্রনঃ
সমজায়ত। যত্যাপি সরমাত্রির হিরণাগর্ভম্বণাপি তত্বপাধিভ্তানাং বিয়দাদীনাং
স্ক্ষভ্তানাং ব্রহ্মণ উৎপত্তেঃ তত্বপহিতোহপ্রাৎপর ইত্যুচ্যতে"। সরলার্থ—
হিরপ্রম অণ্ড (ব্রদ্ধাণ্ড) গর্ভের তায় বাহার উদরে বিভ্যমান থাকে—দেই তিনিই
"স্ক্রাআহিরণাগর্ভ" নামে কথিত হইয়া থাকেন। তিনি প্রপঞ্চ জগতের
উৎপত্তির পূর্বের, মায়াধ্যক্ষ (মায়াধীশ) স্প্তী অভিব্যক্তি করিতে ইচ্ছুক পরমাত্মা
হইতে আবিভূতি হইলেন। পরমাত্রা হইতে আবিভূতি বলিয়া, যদিও হিরণাগর্ভ
তাহা হইতে অভিন্ন, তথাপি—হিরণাগর্ভের—উপাধিভৃত, পরমবন্ধ হইতে উৎপন্ন
আকাশাদি স্ক্ষভৃতগণে উপহিত হওয়া হেতু "উৎপন্ন" বলা হইল।

শ্রুতি হইতে হিরণ্যগর্ভের যে পরিচয় পাইলাম, তাহা আমাদের আলোচনার সমর্থক বুঝা গেল। উদ্ধৃত দায়ণের ভায়ের অংশ হইতে আমরা আরও বুঝিলাম যে, হিরণ্যগর্ভের অভিব্যক্তির পূর্বের, আকাশ প্রভৃতি ভৃতসকল, অভি ক্ষাভাবে বর্ত্তমান ছিল। এই ক্ষাভাব কি প্রকার, ভাহার সম্বদ্ধে অমুমান করিতে পারি যে, উহা স্পদ্দন বা কম্পনের আকারে ছিল। অক্ত কথায় নাদ্দরণে বর্ত্তমান ছিল। ইহা স্ব্রুতির পর ও জাগরণের পূর্বের স্বপ্রাবস্থা। ইহার কথা আগেও বলা হইয়াছে। এ অবস্থায় জীব নিজ্রিয়ভাবে অবস্থান করিলেও, ভাহার নি:খাস-প্রখাস বহিয়া থাকে। উহারই নিদর্শনে "নাদ" পদ ব্যবহৃত হইয়াছে, মনে হয়। কারণ স্বপ্ত ব্যক্তির নি:খাস-প্রখাসের শব্দ অল্প বিস্তর শ্রুত হইয়া থাকে।

১৩। পূর্বেবিলয়াছি যে, প্রলয়ে সমগ্র সৃষ্টির ধ্বংস হয় না—বিশেষ বিশেষ ব্রহ্মাণ্ডের ধ্বংস হয় মাত্র। সায়ণাচার্য্যের উদ্ধৃত ভাষ্যাংশ হইতে উহারও সমর্থন পাইলাম। "বিয়দাদীনাং" পদে 'বিয়ৎ' শব্দের অর্থ আকাশ। উহা তুই অর্থে ব্যবহৃত হইয়াছে। উহার প্রথম অর্থ "দেশ" (ইংরাজীতে Space)—উহা বর্ত্তমান না থাকিলে, হিরণ্যগর্ভের অভিব্যক্তির পূর্বের, তাঁহার উপাধিভূত আকাশাদি ভূত স্ক্র সকল কাহার আশ্রয়ে থাকিবে? বিশেষতঃ চিদপুর শ্বেরণ যথন সৃষ্টির অভিব্যক্তি—তথন উক্ত ক্রেবের প্রসরণের জন্ত দেশ (আকাশ) ক্রেবের সঙ্গের প্রভিব্যক্ত হইতে বাধ্য—ইহা ব্রিয়াছি।

ইংহাই ত সঙ্গত — কারণ দেশ ও কাল পৃথক্ তত্ত্ব নগ্ন—একই তত্ত্বের বিভিন্ন ভাবে দর্শনমাত্র। আকাশের মিতীয় অর্থ—পঞ্চমহাভূতের অতিস্ক্র মহাভূত —প্রকৃতি হইতে অভিব্যক্ত বিশ্বের উপাদান।

শ্রুতিতে বা অক্সান্ত শাস্ত্রে যে স্টিপ্রলয়ের কথা বলা হয়, তাহা আমাদের ব্রহ্মাণ্ড—অক্স কথায় আমাদের সৌরজগতের নিদর্শনে। বিশ্বের সর্বাত্র একই নিয়ম সাধারণভাবে কার্য্য করে বলিয়া, অক্স ব্রহ্মাণ্ডেও সমভাবে স্প্টি ও প্রলয় সংঘটিত হয়, এরূপ অনুমান করা যাইতে পারে। অবশ্রুই প্রত্যেক বিশেষ বিশেষ ব্রহ্মাণ্ডের নিজ্ঞ নিজ বিশেষত্বের সহিত সামঞ্জ্রত্ম রাখিয়া একই নিয়ম ক্রিয়াশীল হয়। ইহা বলা বাহুল্য। স্প্টি—প্রলয়ের নিয়ম—ভগবানের সংকল্পনান্ত্রসারে কার্য করে, আবার তিনি ও তাঁহার নিয়ম উভয়ে ভেদ না থাকার, সমগ্র বিশ্বে একই নিয়ম সাধারণতঃ কার্য্যশীল, এ অনুমান মৃক্তিসঙ্গত বটে।

৭) নাদের প্রকৃতি:--

১৪ । মনে সন্দেহ উপস্থিত হয় যে, "নাদ" হইতে চতুর্বেদ (সংহিতা-ব্রাহ্মণ-আরণ্যক-উপনিষৎ-অঙ্গ-উপাঙ্গ প্রভৃতির সহিত) কি প্রকারে অভিব্যক্ত হওয়া সম্ভব। "নাদ" ত সর্বত্র সমপ্রকৃতিক (Homogeneous)—উহা হইতে বিভিন্ন প্রকৃতির শাস্ত্র—ঘাহাদের আলোচ্য বিষয়, আলোচনার ধারা, প্রকাশের ভঙ্গী প্রভৃতি সম্পূর্ণ বিভিন্ন—অভিব্যক্ত হওয়া অসম্ভব মনে হয় না কি ?

কোনও প্রকার গবেষণায় বা দার্শনিক বাগাড়ম্বরে প্রবেশ না করিয়া—
আধিভৌতিক বৈজ্ঞানিকগণের পরিদর্শন ও পরীক্ষালন্ধ সিদ্ধান্তের সাহায্যে,
উক্ত প্রশ্নের উত্তর দিবার প্রয়াস করি। উক্ত বৈজ্ঞানিকগণ বলেন যে,
পৃথিবীতে স্বর্ণ, রৌপা, লোহ, ভাষ্র, দস্তা প্রভৃতি যে সমৃদায় ধাতৃ আছে,
স্থ্যমণ্ডলেও সে সমৃদায় ধাতৃ বর্ত্তমান আছে। আমাদের পৃথিবীতে উক্ত
ধাতৃগণ পৃথক্ পৃথক্ভাবে পিণ্ডাকারে, নানাপ্রকার সংমিশ্রণের সহিত বর্ত্তমান
থাকে। স্থ্য মণ্ডলে স্থ্যের অভ্যধিক ভাপের হেতৃ, উহারা গলিয়া ভরদ
আকারেও থাকিতে পারে না। বায়বীয় আকারে, কেন্দ্রস্থ স্থ্যকে মণ্ডলাকারে
ঘিরিয়া উহার তেজাময় পরিধি (Photosphere) স্করন করিয়া—অবস্থান
করে। ভূতত্ববিদ্গাণ বলেন যে, আমাদের পৃথিবী এককালে স্থ্য্যেরই একাংশ
ছিল, প্রাকৃতিক কোনও বিপ্লবে, স্থ্যের দেহ হইতে বিচ্ছিন্ন হইয়া,

পৃথক্ তেজাময় বায়বীয় পিণ্ডাকারে স্র্যোর আকর্ষণ পাশে বন্ধ হইয়া, উহার চতুর্দিকে ঘুরিতে বাধ্য হইয়াছে। স্র্যোর দেহ হইতে বিচ্ছির হইবার সমর, উহা অতি উত্তপ্ত বায়বীয় আকারে ছিল। উহার উপাদান যে স্থেয়র উপাদান হইতে পৃথক্ নহে, ইহা অতি স্কুম্পষ্ট। ক্রমশং কালপ্রভাবে, উক্ত বিচ্ছির তেজাময় পৃথিবী—শীতল হইতে আরম্ভ করে। যতই শীতল হইতে লাগিল, ততই যে সকল স্বর্ণ-রোপা-লোহাদি ধাতু বায়বীয় আকারে ছিল, তাহারা শীতল হইতে হইতে প্রথমে তরলাকারে, ক্রমশং কঠিন হইয়া নিজ নিজ প্রকৃতি—আপেন্দিক গুরুত্ব প্রভৃতি অনুসারে পৃথিবীর পৃষ্ঠদেশ রচনা করিল। পৃথিবীর অভ্যন্তরে এখনও উক্ত ধাতুগণ ও অন্যান্ত উদ্দান তরল ও বায়বীয় আকারে বর্তমান আছে। ভূমিকম্পে, আরেয়ণিরির উদ্গীরণে তাহার পরিচয় পাওয়া যায়। যাহা হউক, পৃথিবীপৃষ্ঠে এবং পৃঠ হইতে নিকটয় খনিগছরে—উক্ত ধাতু সকলকে কঠিন আকারে আমরা প্রাপ্ত হইয়া থাকি। উহাদিগকে বিশুদ্ধভাবে পাওয়া যায় না, কেননা, তরল ভাব হইতে কঠিনতা প্রাপ্তির সময়, যে সম্দায় অন্ত পদার্থ মিশ্রিত ছিল, তাহারাও ধাতুগণের সহিত কাঠিনপ্রাপ্ত হইয়া উহাদের অন্তর্ভুক্ত হইতে বাধ্য হইয়াছে।

এই দৃষ্টাস্ত হইতেই উক্ত প্রশ্নের উত্তর পাওয়া যাইতেছে। শাস্ত্রগণ অতিস্থ্র নাদরূপে হিরণ্যগর্ভে বর্ত্তযান ছিল। হিরণ্যগর্ভ তথন তৈজস-তৈজ্য (উ.্) অবস্থায় বর্ত্তযান ছিলেন।

ইহা অতি সৃত্ম অবস্থা। ইহা হইতে যখন অধিকতর স্থুলে, তিনি জাগ্রত অবস্থায় (অ,) বিশ্বরূপে অধিষ্ঠিত হইলেন, তখনই ব্রহ্মানামে পরিচিত হইলেন। তখন নাদরূপে তাঁহাতে তাদাত্মাভাবে অবস্থিত শাস্ত্রসকল, সঙ্গে সঙ্গে নিজের নিজের প্রকৃতি অনুসারে পৃথক পৃথক ভাবে অভিবাক্ত হইল। ধাতু সকল তরলাবস্থায় থাকা কালে একত্র সংমিলিত ছিল, কঠিন হইবার সময়—নিজের নিজের প্রকৃতিগত আপেক্ষিক গুরুত্ব বশতঃ পৃথক পৃথক ভাবে সন্মিবিষ্ট হয়। সেইরূপ শাস্ত্রসকলও নাদরূপে অবস্থানের সময় পরম্পরের সহিত ঘনিষ্টভাবে সংমিলিত থাকিলেও, স্থলত্বপ্রাপ্তির সময় নিজ নিজ বিশেষ প্রকৃতি অনুসারে পৃথক পৃথক ভাবে অভিবাক্ত হয়। ধাতু সকলের তুলনায় শাস্ত্রসকলের অভিবাক্তি, একটি বিশেষত্ব এই যে, ধাতু সকল প্রায় বিশুত্বভাবে পাওয়া আভব্যক্তি, একটি বিশেষত্ব এই যে, ধাতু সকল প্রায় বিশ্বতাবে পাওয়া ব্যায় না, কিন্তু শাস্ত্র সকল, তাহাদের বিশেষ প্রকৃতিবশতঃই বিশ্বতাবে পৃথক্ পৃথক্ অভিব্যক্ত হয়। ইহা ভগবানের সংকল্পবশতঃ হয় বলাই সক্ষত। পৃথক্ পৃথক্ অভিব্যক্ত হয়। ইহা ভগবানের সংকল্পবশতঃ হয় বলাই সক্ষত। ইহা প্রধাণ করে যে, অচিস্ক্যাভত্বে লোকিক দৃষ্টান্ত সমগ্রভাবে প্রযোজ্য নহে।

১৫। স্থ্যকিরণে আর একটি দৃষ্টান্তও দেখিতে পাই। স্থ্যকিরণ সর্বত্ত সমপ্রকৃতিক। কিন্তু যন্ত্রপাহায়ে উহা বিশ্লেষণ করিলে, আমরা উহাতে রামধন্মর বর্ণসম্ভার দেখিতে পাই। ইহা সাধারণতঃ সাতরঙের বলিয়া কথিত হইয়া থাকে। উক্ত সাতরঙের প্রত্যেক রঙ, নিজ নিজ বিশেষ বিশেষ স্পাদন বা কম্পন হইতে উৎপন্ন। বলা বাহুলা যে, প্রত্যেক রঙের ম্পন্দনের মাত্রা. পরিমাণ, সংখ্যা বিভিন্ন। যখন উহারা মিলিভ পাকিয়া শ্বেভ বর্ণের আলোক প্রকটিত করে, তথন উক্ত বিভিন্ন স্পন্দন উক্ত খেত আলোকে তাদাত্মাভাবে মিলিত থাকে। বিশ্লেষণে তাদাত্মাভাব পরিভ্যাগ করিয়া নিজ নিঞ্চ বিশেষত্ব প্রকাশ করে। আমাদের ইন্দ্রিয় তারে সাভটি রঙের উপরে ও নীচে—কথিত স্পন্দনের মাত্রা-পরিমাণ-সংখ্যা প্রভৃতির বেশী-কম অন্থগারে আরও বছবিধ কিরণের পরিচয়, আধিভৌতিক বিজ্ঞান সাহায্যে ফটোগ্রাফিডে, চিকিৎসাবিক্যায় প্রভৃতিতে, পাইয়া থাকি। উহাদের বিস্তারিত বিবরণ দিবার স্থান ইহা নহে। ঐ সাত রঞ্জের দৃশ্য কিরণ ও অক্তান্ত অদৃত্ত কিরণ অতি ধনিষ্টভাবে সংমিলিত হইয়া আমাদের অতি পরিচিত রৌদ্র প্রকটিত করিয়া থাকে। সেইরূপ সর্ববিধ শাস্ত্রদকল অতি ঘনিষ্টভাবে সংমিলিত হইয়া, আরও অভিস্কা ''নাদ'' রূপে হিরণ্যগর্ভে অবস্থান করে। হীরণ্যগর্ভের স্থলতা প্রাপ্তির সঙ্গে—উহারা সংমিলিত ভাব পবিত্যাগ করিয়া, নিজের নিজের স্পলনের বিশেষত্ব অঙ্গীকার করিয়া পৃথক্ পৃথক শাস্ত্ররূপে আত্মপ্রকাশ করে।

১৬। ইহাই ভাগবত উপরে উদ্ধৃত ৩।১২।১৯-২০-২১২-২-২৮ শ্লোকে ব্রহ্মা কর্তৃক শাস্ত্রসকলের অভিব্যক্তি বলিয়া কৃথিত হইয়াছে। ব্রহ্মা যথন ব্রাহ্মকরে, কুন্দ্রাবন্ধার হিরণ্যগর্ভরণে ছিলেন, তথন ভগবান্ কর্তৃক অভিব্যক্ত শাস্ত্রসকল অভি ক্রন্থ নাদরপে—হিরণ্যগর্ভের আধারে অবস্থান করিতেছিল। হিরণ্যগর্ভ স্থুলতা প্রাপ্ত হইয়া ব্রহ্মরপে অভিব্যক্ত হইলে, শাস্ত্রগণও স্থুলতা প্রাপ্ত হইয়া ব্রহ্মরপে অভিব্যক্ত হইলে, শাস্ত্রগণও স্থুলতা প্রাপ্ত হইয়া ব্রহ্মরপে অভিব্যক্ত হইলে, শাস্ত্রগণও স্থুলতা প্রাপ্ত হইয়া ব্রহ্মরপে অভিব্যক্ত হার্লানই শাস্ত্রগোনি।

পালকল।

১৭। পূর্ব পরার্দ্ধের ব্রাহ্মকর অতীত হইবার সঙ্গে সঙ্গে হিরণাগর্ভের জ্ঞাগরণ ও সমষ্টি স্ক্রাদেহ পরিহার করিয়া স্থুল ব্রহ্মাণ্ডদেহ ধারণ করিবার প্রয়োজন আপতিত হইল। স্থুলদেহ ধারণের উপকরণ সকল, ব্রাহ্মকল্লে—অভিস্ক্র নাদক্রণে অবস্থিত ছিল। এখন ভগবানের সংকল্পবশতঃ, উহারা সন্মিলিত হইয়া, ভগবানের নাভি হইতে পদ্মাকারে অভিব্যক্ত হইল। এই পদ্মই লোকপদ্ম।
ইহাই জাগরিত হিরণাগর্ভের স্থুল সমষ্টি ব্রদ্ধাণ্ড দ্েহ। হিরণাগর্ভ দেহীরূপে—
উহাতে অধিষ্ঠান করিয়া—ব্রদ্ধা নামে শাস্ত্রে কথিত হইলেন। উপকরণ যে আগে
হইতে স্বষ্ট হইয়াছিল তাহা আমরা উপরে ১২ অক্সচ্ছেদে সায়ণ ভায়্যের উদ্ধৃত
অংশ হইতে বুঝিতে পারি। তথন "বিরদাদি" অর্থাৎ আকাশ-বায়্-তেজঃ-অপ্ক্রিতি অভিস্ক্র স্পাদ্দনাত্মক নাদরূপে, অভিস্ক্র হিরণাগর্ভের—উপাধি স্থানীর
ছিল। এখন উহারা স্থুলভাপ্রাপ্ত হইয়া ব্রদ্ধাণাত্মক লোকপদ্মের অভিব্যক্তি করিল।
এই পদ্ম ভগবানের নাভি হইতে উৎপর। নাভিতে মনিপুর চক্র। তন্ত্রশাস্ত্রাক্রমারে এই চক্রে স্প্রিক্তা ব্রদ্ধার অধিষ্ঠান। শাস্ত্র ইহার আরা বুঝাইলেন যে,
স্পিই—অহৈত্বক, যদ্চ্ছা প্রণোদিত, স্বপ্লের ন্তায় মনের কল্পনা-বিলাস মাত্র নহে।
ইহার অভিব্যক্তির মূলে, সর্বজ্ঞ, সর্বাশক্তিমান, অশেষ কল্যাণগুণনিলয়, জীববৎসল
স্বয়ং ভগবান্। ইহা অভি মহৎ উদ্বেশ্যন্ত্বন। ইহা পূর্বে স্বত্রে ৩২।৩৩
অন্সচ্ছেদের আলোচনা হইতে ব্ঝিয়াছি। স্ত্রকারও তৃতীয় ও চতুর্থ অধ্যায়ে
এতৎ সম্বন্ধে বিস্তারিত আলোচনা করিবেন।

১৮। ব্রহ্মার শরীর স্থানীয় ব্রহ্মাওকে পদ্ম বলিয়া বর্ণনা করিবার উদ্দেশ্য মনে হয়, (i) পদ্ম যেমন নিগৃঢ় মৃল হইতে অভিব্যক্ত—ব্রহ্মাওও তাই। (ii) পদ্ম যেমন ক্রম-বিকাশশীল—ব্রহ্মাওও তাই। (iii) পদ্ম যেমন ক্রমা, সৌন্ধর্মা, বর্ণসম্ভার, প্রভৃতিতে সমৃদ্ধ—ব্রহ্মাওও সেই প্রকার। (iv) বিশেষতঃ পদ্ম যেমন নিজ সৌন্দর্যোর লালিত্যে, বর্ণসম্ভারের সমৃদ্ধিতে, স্থগদ্ধের প্রলোভনে, প্রমরকে মৃশ্ব ও বদ্ধ করিয়া থাকে, ব্রহ্মাওও সেইরূপ অচিন্ত্যনীয় বৈচিত্রো, মানবদেহধারী জীবগণকে, তাহাদের ইন্দ্রিয়সকলের—উপভোগ্য বিষয় জাতের প্রলোভনে, মৃশ্ব ও বদ্ধ করিয়া থাকে। পরম কর্ষণাময়ের কেন এরূপ ব্যবস্থা, তাহা যভ আলোচনায় অগ্রসর হওয়া যাইবে, তত পরিষারভাবে বৃশ্বা যাইবে। (v) পদ্মের শোভা, সৌন্দর্য্য প্রভৃতি যেমন স্বল্পকাল স্থায়ী—ব্রহ্মাওও তাহার অন্তর্ভুক্ত যভ কিছু, সেইরূপ বিনশ্বর।

১৯। ব্রহ্মা স্থূল শরীর ধারণ করিয়া নিজ দেহরূপ ব্রহ্মাণ্ড—অধিষ্ঠিত হইলেন, অন্য কথায় ব্রহ্মাণ্ডরূপ আধারে তিনি আধেয় রূপে বিরাজ করিতে লাগিলেন। এইথান হইতেই আপেক্ষিকতার স্থ্রপাত হইল। আমরা জানি যে, ভূমা বা শরতত্ব বা ভগবান্—সর্ব্বাধার (ছা: গা২৪), এবং তিনিই অধিযক্তরূপে সকলের আধেয়। (দেখ পূর্ব্বিস্ত্র অনুচ্ছেদ—১২৭ খ)। এখন আমরা ব্রহ্মার পূথক্ আধারের (ব্রহ্মাণ্ডের) দর্শন পাইলাম, এবং অধিষ্ঠাতা ব্রহ্মাই উহার আধেয়রূপে

বর্জমান, তাহাও দেখিতে পাইলাম। এই যে পরম্পরের আধার-আধেয় সম্বন্ধ ইহা আপেক্ষিকভার অন্তর্ভুক্ত। পূর্ব্ব স্বত্তের ১৩১ অনুচ্ছেদের আলোচনায় ছান্দোগ্য শ্রুতির ৬।১।৪-৫-৬ মন্ত্রের ভিত্তিতে আমরা মৃত্তিকার, স্বর্ণের, লোহের আপেক্ষিক সভ্যতার পরিচয়—উহাদের হইতে অভিব্যক্ত বস্তু সকলের সম্বন্ধে পাইয়াছি, সেইরূপ ব্রহ্মার "আধেয়" ভাব ব্রহ্মাণ্ড সম্বন্ধে—আপেক্ষিক ভাবমাত্র, ইহা সহজে বুঝা যায়। ব্রাহ্মকল্লে হিরণ্যগর্ভের দর্শন পাইতেছি বটে, কিন্তু তিনি তথন স্বপ্ত—ক্রিয়াশীল নহেন। স্ক্তরাং সর্বাধার—সর্বাধেয়—ভগবান্ হইতে তাহার পৃথক্ ভাবে কোনও নিদর্শন দেখিতে পাই না। ভগবানের সর্বাধারত্ব ও সর্বাধেয়ত্ব—নিরপেক্ষ ভাব।

ইহাতে কৃটভার্কিক তর্ক উঠাইতে পারেন যে, আধেয় ত আধারের অপেক্ষারাধে—তবে ত্রগবানের সর্ব্বাধারত বা সর্ব্বাধেয়ত নিরপেক্ষ কি প্রকারে বলা যাইতে পারে। একটি সহজ দৃষ্টান্তে আমরা ইহা বৃঝিতে পারি। নাট্যশালায় উজ্জ্ব দ্বীপালোকে সমৃদায় প্রকাশ পায় বটে, কিন্তু নাট্যাভিনয় আরন্তের পূর্বেও উহা শেষ হইবার পরেও, সেই দীপতৃল্য সমৃজ্জ্বলভাবে বর্ত্তমান থাকিলে, তথন কিছু প্রকাশ না থাকিলেও—দীপালোকের সমৃজ্জ্বলভা নিরপেক্ষভাবেই, তিন অবস্থাতে বর্ত্তমান থাকে। সেইরপ স্প্রির পূর্বেও পরে প্রলয়ে স্প্রির ধ্বংসে—"সর্ব্বেগ প্রকৃতিত ভাবে বর্ত্তমান না থাকিলেও ভগবানের সর্ব্বাধারত্বের বা সর্ব্বাধেয়ত্বের হানি হয় না। কারণ "সর্ব্বেগ প্রকটভাবেই হউক্ বা অপ্রকটভাবেই হউক্, বন্ধ বা ভগবান্ সর্ব্বদাই বর্ত্তমান।

২০। এই আপেক্ষিকতার পরিচয় ব্রহ্মা নিজেই দিতেছেন। ভাগবত ব্রহ্মার মূধে বলিভেছেন :---

কাহঃ তমোমহদহন্দ্রচরাগ্নির্বাভূ -সংবেষ্টিভাগুঘটসপ্তবিতস্থিকায়ঃ।
কেদৃখিধাহবিগণিতাগুপরাণ্
চর্য্যা-বাতাধ্বরোমবিবরস্তা চ তে মহিত্বম্॥
ভাগঃ ১০।১৪।১১

ব্রহ্মা ভগবানকে বলিতেছেন। ভগবন্! তম: (প্রকৃতি), মহৎ, অহন্বার, আকাশ, বায়, তেজ:, জল ও পৃথিবী এই সকলে পরিবেষ্টিত যে অওঘট (ব্রহ্মাও), ভাহাতে আত্মপরিমাণে সপ্ত বিভন্তিমাত্র পরিমিত (সাড়ে তিন হাত) আমার শরীর—সেই কৃষ্ণ আমি কোথায়—আর ভোমার মহিমাই বা কোথায়? এই ব্রহ্মাও আমার শরীর বটে, কিন্তু গবাক্ষপথে অসংখ্য পরমাণুগণের, অন্যের অবিরোধে, সক্ষেদ্ধ পরিভ্রমণের স্থায়, আপনার প্রত্যেক লোমকৃপে, আমার

শরীর স্থানীয় ব্রহ্মাণ্ডের ন্যায় অগণিত ব্রহ্মাণ্ড, স্বচ্ছদে, অন্যের অবিরোধে পরিত্রমণ করিয়া থাকে। স্থতরাং আমি কত তুচ্ছ, আর তোমার মহিমা কি অচিস্তা। ভাগঃ ১০।১৪।১১

এই শ্লোকে ব্রহ্মার নিজের কথায় আপেক্ষিকতার স্থস্পষ্ট পরিচয় পাইলাম এবং আমাদের ব্রহ্মাও ছাড়া অগণ্য ব্রহ্মাও বিখে পরিত্রমণ করিতেছে, ভাহাও বুঝিলাম।

২১। শাস্ত্র সকল অতি সৃন্ধ নাদরূপে হিরণাগর্ভে অবন্থিত—ইহা উপরের আলোচনা হইতে বৃঝিয়াছি। এন্ধার স্থুল শরীর ধারণের সঙ্গে সঙ্গে উহাদের স্থুলবে প্রকটনের সময় উপস্থিত হইল। প্রাকৃতিক নিয়মে স্ন্ধ্রণা তরল হইতে স্থুল অভিবাক্তি কি ভাবে হয়, তাহা গলিত ধাতুগণের স্থুলতা প্রাপ্তির দৃষ্টাস্তে আগেই বলা হইয়াছে। এই প্রাকৃতিক শক্তির সহিত আত্মিক শক্তি নিয়োগ করিলে, অভিব্যক্তি অতি শীঘ্র স্পৃত্রপে সম্পাদিত হইয়া থাকে, ইহা সম্দায় সাধন শাস্তের উপদেশ। ব্রন্ধা এই উপদেশ অমুসরণ করিয়া প্রাকৃতিক শক্তির সহিত, আত্মশক্তি নিয়োগ করিলেন। অর্থাৎ ব্রন্ধা তপস্থায় আত্মনিয়োগ করিলেন। এই তপস্থা—জ্ঞান-পূর্বিকা আলোচনা। যে জ্ঞান তিনি ভগবানের আশীর্বাণী রূপে পাইয়াছিলেন, সেই জ্ঞান সম্বন্ধে অনন্থভাবে চিন্তা করিতে লাগিলেন। ব্রন্ধার অপর একটি নাম "বেদগর্ভ" অর্থাৎ বেদ (সম্দায় শাস্ত্রের উপলক্ষণে ব্যবহৃত)—তাঁহার অস্তরে স্ক্মরূপে বর্ত্তমান, ইহা পূর্বের আলোচনা হইতে আময়া বৃঝিয়াছি। এই সেই শাস্ত্রসকল, অভিব্যক্ত করিবার জন্ত, ভগবান্ ব্রন্ধারূপ যন্ত্রকে কিভাবে পরিচালিত করিলেন, তাহা ভাগবতের ভাষাতেই বলি:—

স এষ জীবো বিবরপ্রস্থৃতিঃ প্রাণেন ঘোষেণ গুহাং প্রবিষ্টঃ। মনোময়ং স্ক্রমুপেত্য রূপং মাত্রা স্বরো বর্ণ ইতি স্থবিষ্ঠঃ॥ ভাগঃ ১১।১২।১৫

শীধর স্বামিপাদ "জীবং" পদের অর্থ করিতেছেন—"জীবয়তীতি জীবং"—
স্থাৎ পরমেশ্র—তিনি জীবরূপে অভিব্যক্ত করণের মূলে। এই "জীবং" পদ
ব্যবহারে একটি রহস্মের ইঙ্গিত আছে মনে হয়। পূর্বের হিরণাগর্ভের-আবির্ভাব
হইয়াছিল, কিন্তু তিনি স্থুলদেহধারী জীব নহেন। সায়ণও হিরণাগর্ভ-স্ক্তের
প্রথম মন্ত্রাংশের ভাষ্যে বলিয়াছেন "যত্তপি পরমাত্মৈব হিরণাগর্ভঃ"—অর্থাৎ
হিরণাগর্ভকে জীবের পর্যাায়ে মনে করা যাইতে পারে না। কিন্তু তথন তিনি
স্ক্রেদেহ পরিত্যাগ করিয়া—স্থুল ব্রহ্মাণ্ডদেহ ধারণ করতঃ ব্রহ্মারূপে অভিব্যক্ত

হওয়ায়, সমষ্টি জীবপদ বাচ্য হইলেন। ইহার সমর্থনে ১৷১৷২৷২ স্থত্ত্বে আলোচনায় ১১৮ নং অন্পচ্ছেদে উদ্ধৃত ভাগবভের ১১৷২১৷৫ শ্লোকে দৃষ্টি আকর্ষন করি।

উপরি উদ্ধৃত শ্লোকে 'প্রাণেন ঘোষেণ'' বাক্যাংশের সাক্ষাং পাই। বর্ত্তমান স্থান্তর আলোচনায় ১১ অন্থচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ১১।২১।৩৮ শ্লোকে "ঘোষবান্ প্রাণঃ" বাক্যাংশ দেখিতে পাই। উভয় বাক্যাংশের একই অর্থ— অর্থাৎ শাস্ত্রসকল নাদরূপে প্রাণে (হিরণাগর্ভে) বর্ত্তমান থাকায় ও হিরণাগতের অপর নাম সমষ্টি প্রাণ হওয়ায়, উক্ত বাক্যাংশের ব্যবহার সঙ্গতই হইয়াছে। এইটুকু মাত্র প্রভেদ যে, পূর্বের প্রাণ স্থপ্ত ছিল এখন জাগরিত এবং সে কারণ ক্রিয়াশীল।

উপরে উদ্ধৃত ভাগবতের ১১।১২।১৫ শ্লোকটির অর্থ ব্রিবার জন্ত, একটি মতি প্রয়োজনীয় বিষয় মনে রাখিতে হইবে। শ্রুতি বলেন যে, বাক্ বাহিরে ভাষার বাকারণে প্রকাশিত হইবার পূর্বের, উহা অতি ক্ষম, ক্ষমতর, ক্ষম ও স্থুল এই চারিপ্রকার অভিব্যক্তির ভিতর দিয়া, তবে বাহিরে প্রকাশিত হইরা আমাদের ইন্দ্রিরগোচর হয়। উক্ত চারি প্রকারের শ্রুতিকথিত নাম, পরা, পক্তমী, মধ্যমা ও বৈধরী। 'পরা'—অতি ক্ষম—ইহার অবহান ফ্লাধার-চক্রে—উক্ত চক্র "গুহা" নামে কথিত। উদ্ধৃত ১১।১২।১৫ শ্লোকে "গুহা" পদই ব্যবহৃত হইরাছে। ফ্লাধার চক্র—তন্ত্রাম্পারে কুলকুওলিণীর বা জীবশক্তির স্থান—শে কারণ জীবশক্তির ক্রিয়া বলেই বাক্-এর অভিব্যক্তি হইয়া থাকে। গুহা বা আধার চক্র হইতে বাক্—মনোরূপ ক্ষরূপ পরিগ্রহ করিয়া—'পশ্রম্ভী' আব্যা গ্রহণপূর্বক মণিপুর চক্রের ও 'মধ্যমা' নাম ধারণপূর্বক বিত্তি ছচক্রের মধ্য দিয়া, মৃব হইতে 'বৈধরী' নামে বাহিরে প্রকাশ পাইলে, তবে আমাদের ইন্দ্রিরণোচর হইয়া থাকে। তথন উহা ভাষায়—অকারাদি বর্ণ গ্রহণান্তে বাক্রপে আত্মপ্রশাক হইয়া থাকে।

এবন উক্ত ১১/১২।১৫ শ্লোকের অর্থ সহজেই বোধগম্য হইবে আশা করি।
উহার সরল অর্থ এই:—পরমেশ্বর,—নাদরণে অতি স্ক্ষভাবে হিরণাগর্তের
অন্তরে অবস্থিত শাস্ত্রসকলের সহিত, হিরণাগর্তের ই স্থুলরূপী ব্রন্ধার মৃলাধার
চক্রে অতি স্ক্ষভাবে প্রবেশ করিয়া, "পরা" আখ্যায় ভাবরণে অবস্থান করতঃ,
ক্রমে ক্রমে অভিব্যক্তির স্তরে স্তরে উন্নয়ন করিয়া, মণিপুরচক্রে "পশুন্তী"
আখ্যায় ও বিভিদ্নিচক্রে "মধ্যমা" আখ্যায় আখ্যায়িত করিবার পর—আরও
স্থুলতা সংঘটনপূর্বক, মৃথ হইতে "বৈধরী" রূপে, উক্ত শাস্ত্রসকলকে প্রখাদি

মাত্রা, উদান্তাদি স্বর,—অকারাদি বর্ণ সহযোগে—মন্ত্র, শ্লোক বা গভ আকারে অভিব্যক্ত করিলেন। ভাগঃ ১১৷১২৷১৫

অভএব বৃঝা গোল যে, যদিও দৃখতঃ শাস্ত্রদকল ব্রন্ধার চারিম্ধ হইতে
নিঃসত প্রতীর্মান হয়, বটে, কিন্তু ব্রন্ধা বন্ত্রমাত্র। তগবানই প্রকৃত শাস্ত্রমোনি,
এবং বেদ ও বেদান্ত্রগ শাস্ত্র শব্দরাশি মাত্র নহে। উহারা পর্মতত্ব বা ভগবানের
অন্তর হইতে নিঃসারিত—জীবের নিঃশাস ভ্যাগের ন্তার। (বৃহ ২।৪।১০)

২২। উপরের আলোচনায় শ্রুভি কধিত পরা-পশুস্তী-মধ্যমা-বৈধরী, ষ্ট্চক্র প্রভৃতির উল্লেখে মনে বিভীষিকার—উদয় হইভে পারে, কিন্তু ইহাভে বিভীষিকার কিছুই নাই। আমরা প্রান্ত প্রতিদিন অজ্ঞাতদারে পরা-প্রভট্টী প্রভৃতির ভিতর দিয়া, আমাদের জীবনপথে অগ্রসর হইয়া থাকি। একটি দ্রান্ত দিয়া—বিশদ্ করিবার চেষ্টা করি। আমার এই ১।১।৩।০ স্ত্তের আলোচনার দৃষ্টাস্তই গ্রহণ করা যাউক্। আমার আলোচনা কালে, মনে অস্পষ্ট ছায়ার স্তায় প্রশ্ন উদিত হইল, এই আলোচনায় ব্রাদ্ধ ও পালুকল্পের —কিছু পরিচয় দেওয়া উচিভ কিনা? এই ছায়ার ন্তায় অস্পষ্ট রেখাপাভ— नदीदा परुर्धशाय—स्मां क विषे यूनाधात्र हत्क छेन्द्र रहेन। रेहा छेन्नु छ লোকে কথিত "পরা" আখ্যায় আখ্যায়িত। তৎপরে এই প্রশ্নের মনোময় রপ—অর্থাৎ উক্ত কল্পছয়ের পরিচয় দেওয়া কি শাস্ত্রযোনিত আলোচনায় षरास्त्र रहेर्द ना—हेरा महब्र-विक्ज्ञाचाक यस्त्र क्लिया—ज्यन पेक धर्म "পরা" স্তর অতিক্রম করিয়া, মণিপুরচকে "পশুস্তী" আখ্যায় আখায়িত হইল—অন্ত কথায় তথন তাহার অস্পষ্ট ছায়ার ভাব কাটিয়া গিয়াছে, স্পষ্টতঃ বিচারের বিষয় হইয়া দাঁড়াইয়াছে। তখন উহা বিভদ্ধিচক্রে নিল্চয়াত্মিকা, বৃদ্ধির অধিকারে উপনীত হইয়া "মধ্যমা" আখ্যা প্রাপ্ত হইল। "মধ্যমা" —কেননা, তখন উহা "পশুস্তী" ও "বৈধরী"—উভয়ের মধ্যে অবস্থিত (intermediate)। বুদ্ধি বিচার করিয়া স্থির করিল যে, শাস্ত্রযোনিত্বের সহিত উহার সম্বন্ধ অবাস্তার কেন হইবে ? উহা হুধু প্রাসঙ্গিক মাত্র নহে, প্রয়োজনীয় শক্ষরও বর্ত্তযান, কেননা, উক্ত ব্রাহ্ম ও পাদ্য করের আলোচনা না করিলে, বন্ধা যে শাস্ত্রযোনি নহেন, ভগবানের হাতে যন্ত্রমাত্র, ইহা কি প্রকারে ব্ঝা যাইত। বৃদ্ধি—এই সিদ্ধান্ত করিয়া দিবার পর, উক্ত আলোচনা ভাষার লিপিবদ্ধ হইয়া ''বৈধ্বী" আকারে বহিঃ প্রকাশ করিল।

বাবিহারিক জগতে আমাদের প্রায় সর্ববিধ ব্যবহারে, প্রথমে অস্পট্ট ছায়াপাত, ভারপর "এটা করিব কি ওটা করিব" এ প্রকার দিঘা ভাব, পরে বিচারের দারা সিদ্ধাস্ত গ্রহণ, অবশেষে কার্য্যতঃ ব্যবহার নিম্পাদিত হইরা থাকে। ইহা সকলের অন্তব-সিদ্ধ। একটু চিস্তা করিলে, ইহা স্থুম্প্র বুঝা যাইবে।

১) পরমত্রক্ষ[®]বা ভগবানের শব্দত্তরে অভিব্যক্তিই শাল্<u>ভ</u>।

২৩। উপরে ৭।ও অনুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ৩।১১।৩৫ শ্লোকে ব্রদ্ধার—
"শব্দব্রদ্ধ" নামে ব্রাহ্মকরে আবির্ভাবের উল্লেখ আছে। "শব্দব্রদ্ধ" নামই স্থাপন্ত
প্রমাণিত করে যে, ব্রদ্ধই শব্দরপে অভিব্যক্ত। এইরূপ অভিব্যক্তির কারণ—
মানব দেহধারী জীবের কল্যাণ সাধন। ইহা মানবের সহিত পরব্রদ্ধের সংযোগ
সেতৃ। পরব্রদ্ধ যদি নিজের নির্বিশেষ স্বরূপে বর্ত্তমান থাকেন, জীবের কি
সাধ্য যে তাঁহার তত্ব অবগত হইতে পারে। আগে বৃঝিয়াছি যে, বিশ্বপ্রণক্ধ
খেলায় জীব তাঁহার খেলার সঙ্গী, সেজত্য অভি প্রিয়। নিজের দোষে
খেলায় নিয়ম ভঙ্গ করায়, খেলারই নিয়মানুসারে—নিজের স্বরূপ বিশ্বত হইয়া
অশেষ তৃঃখ ভোগ করিতেছে, দেখিয়া কি করুণায়য় চূপ করিয়া থাকিতে
পারেন ? অনস্ত শক্তির অতাল্প বিকাশে, আপনাকে শব্দস্তরে উপপাতিত
করিয়া, মানবের ভাষায়, তাহাদের বোধ-সোকর্যার্থ, আপনারই জ্ঞানালোক
শাস্তাকারে প্রকাশ করিলেন। উদ্দেশ্ত যে শাস্তের উপদেশ পালন করিলে,
স্বরূপ বিশ্বত মানবদেহধারী জীব, নিজ শাশ্বত স্বরূপে পূন: প্রতিষ্ঠ হইতে
পারিবে। এই জন্তই উপরে বলিয়াছি যে, শাস্ত্র—পরব্রদ্ধের সহিত জীবের
সংযোগ সেতৃ—কারণ উভয়ের স্বরূপ তত্ত্তঃ অভিন্ন।

২৪। ইহাতে প্রশ্ন উঠে যে, শব্দ ব্রহ্মপদ—বেদেই প্রযোজ্য। বেদ অভিব্যক্ত করিলেই ত উদ্দেশ্য দিদ্ধ হইত। অন্ত শাস্ত্রের ইঙ্গিত স্ত্রকার করিলেন কেন এবং অন্তান্ত শাস্ত্র সকলের প্রামাণিকত্ব সংস্থাপনের জন্য দীর্ঘ আলোচনারই বা প্রয়োজন কি? ইহার উত্তর ব্ঝিবার জন্য একটু সংক্ষেপ আলোচনার প্রয়োজন। বেদ সম্বন্ধে ভাগবত বলিতেছেন:—

শব্দবক্ষ স্থ চ্বের্বাধং প্রাণেন্দ্রিয়মনোময়ং।
অনন্তপারং গন্তীরং চুর্বিবগাহ্যং সমুদ্রবং॥ ১১।২১।৩৬
ময়োপবৃংহিতং ভূমা বক্ষণানন্তশক্তিনা।
ভূতেষু ঘোষরূপেণ বিসেষ্ র্ণেব লক্ষ্যতে॥ ১১।২১।৩৭

শ্রীধর স্বামিপাদ বলিতেছেন:—শব্দ ব্রন্ধ-বেদ স্বরূপতঃ ও অর্থতঃ হুই প্রশংরেই হর্নিক্টেরের। স্বরূপ ও অর্থ আবার উভয়েই স্কন্ধ ও স্থল ভেদে দ্বিবিধ। পুন্ধ স্বরূপণভভাবে, বেদ ঘ্রিজের, কেননা প্রথমে প্রাণ্যর, ভারপর মনোমর পশুন্ত্যাখ্য, অভঃপর ইন্দ্রিয়মর মধ্যমাখ্যরূপে বর্ত্তমান থাকা কালে, উহার স্বরূপ অপ্রকাশিতই থাকে—তখন উহা স্ক্রভাবে থাকে বলিয়া, ঘ্রিজের থাকিয়াই যায়। অবশেষে যখন বাণিন্দ্রিয় সহযোগে বৈধরীরূপে প্রকাশিত হয়, তখন স্থলরূপে প্রকাশিত হইলেও উহার অর্থ বোধণাম্য হওয়া অতি ছয়র।

উহা অনন্তপার, কেননা সমষ্টি প্রানাদিময়—একারণ নির্বিশেষ, এবং দেশকাল দারা পরিচ্ছেদ রহিত বলিয়া, অর্থতঃ ও গুর্বিজ্ঞেয় হইবে, তাহার কথা কি? কেন না দেশ-কালের প্রভাবে প্রভাবিত আমাদের ইল্রিয়গণের প্রভীতিগম্য কোনও দৃষ্টান্ত, উক্ত দেশ-কালাপরিচ্ছিন্ন বস্তুতে প্রযোজ্ঞা হইতে পারে না। গুর্বিজ্ঞেয় হইবার আরও কারণ, উহা গস্তীর—অর্থ অতি নিগৃঢ়—একারণ গ্রিকাহ্য—অর্থাৎ উহার অস্তুরে প্রবেশ অতি দৃংসাধ্য। অতএব উহা অর্থাৎ শব্দব্রদ্ধ অক্ষররাশি বিশিষ্ট পৃস্তকরূপী নহে। উহা পর্যেশ্বরের শব্দস্তরে অভিব্যক্তি। ভাগঃ ১১।২১।৩৬

দেশকাল-বস্তু পরিচ্ছেদ রহিত ভূমা আমি—সর্বব্যাপী ব্রন্ধ, শব্দরক্ষে অন্তর্যামী রূপে অধিষ্ঠিত থাকিয়া, আমার অনস্ত শক্তিবিকাশে, সর্বভূতের অন্তরে ব্যক্ত প্রণবাকার অতি হন্ধ নাদরূপে অবস্থান করিয়া থাকি। যোগিগণ যোগ-প্রভাবে, মৃণালান্তর্গত অতি হন্ধ উর্ণবেৎ—ইহা প্রত্যক্ষ করিয়া থাকেন। ভাগঃ ১১।২১।৩৭

উদ্ধৃত শ্লোক তুটি জ্মালোচনা করিলে, মনে স্বতঃই প্রশ্ন উদয় হয় যে শব্দ ব্রহ্ম বা বেদকে স্বথবোধ্য করা কি অনস্ত শক্তিমানের পক্ষে সম্ভব নয়? উহা "স্বত্বব্যোধ্যং", "তুর্বিগাহুং" করিবার কি প্রয়োজন ছিল?—এই প্রশ্ন জ্বয়ের উত্তরের সঙ্গে সঙ্গে বিভিন্ন শাস্ত্রাভিব্যক্তির কারণের ও প্রয়োজনেরও উত্তর পাওয়া যাইবে।

চারিটি বেদের আলোচনায় আমরা "তত্ত্বমিদ"—"অহং ব্রহ্মাশ্বি"—প্রভৃতি কয়েকটি মহাবাক্যের দাক্ষাৎ পাই। উহারা ম্পষ্টতঃ শিক্ষা দেয় যে, মানবদেহধারী জীব—তত্ত্বতঃ পরমাত্মা বা ভগবান্ হইতে দম্পূর্ণ অভিন্ন। আমরা এই অভেদত্ব ভূলিয়া গিয়া, সংসারে নানা প্রকার ছঃখ-কষ্ট-যন্ত্রণা ভোগ করিয়া থাকি। বেদ শিক্ষা দেয় যে, মানবের নিজক্বত কর্মের ফলে, তাহার স্বর্রপ—অজ্ঞানাবরণে আবৃত্ত হওয়ায়, ভ্রম বশতঃ আপনাকে ক্ষুত্র-তৃচ্ছ মনে করিয়া কট পায়। উক্ত কর্ম অনাদিকাল হইতে অসংখ্য জন্মের আচরিত অগণ্য প্রকারের কর্ম। প্রত্যেকের কর্ম এক প্রকার নহে—বিভিন্ন প্রকার—

ইহা সহজেই বুঝা যায়। বিভিন্ন কালে আচরণ হেতু উহাদের কর্মসকলের পরিপকতা ও ফলপ্রদান কমতা অনস্তম্ভরে বর্ত্তমান। হয়ত কতকগুলির ফল প্রদান আসম হইরাছে, কতকগুলির অল্প, কতকগুলির বহু বিলয়— তর-তম ভাব বিগ্নমান। ভগবানের অমোদ বিধানে কর্মদেবতাগণ, কর্মের সহিত ফল সংযোজনা করিয়া, সকলকে ক্রমোন্নতি শোপানে প্রত্যেকের নিজ নিজ আচরিত কর্মের উপযোগী স্তর হইতে উচ্চতর স্তবে উঠিতে সাহায্য করিয়া থাকেন। একারণ ক্রমোন্নতি-সোপান—নিমুম্ব স্থাবর যোনির অন্ধ তমদাচ্ছন্ন একখণ্ড প্রস্তর হইতে, উদ্ভিদ্-কীট-পতঙ্গ-পঞ্চ-পঞ্চ প্রভৃতি তির্যাক্ যোনির মধ্য দিয়া, মানবের নিয়ত্ম স্তর পর্যান্ত চিরবিগ্রমান রহিয়াছে। এরপ থাকায়, প্রত্যেকে যতই নিম্নতম স্তরে থাকুক না কেন, মানবত্ব লাভ পর্যস্ত সমান স্ক্রোগ—ভগবদ্ বিধানেই পাইয়া থাকে। মানবের স্তবে উন্নীত হইলে ভখন মানবের নিজের আত্মিক শক্তি প্রয়োগের সম্ভাবনা ও ऋरयांग, ज्ञावन्विधात्नरे अनख हरेया थात्क। मानवीय छत इरेटज शृथक् একটি ক্রমোরতি—সোপান—সর্ব্বোচ্চ ব্রহ্মস্তর পর্যান্ত বিস্তৃত। মানব এই স্তরে মারোহণ করিবার স্থযোগ পায়। যদি মাবদেহধারী জীব--দে হ্যোগ হেলায় না হারায়, তাহা হইলে, পরিণামে পরব্রন্ধের সহিত, তাহার নিজ আকাজ্ঞা ও তৎপূরণের জন্ম সাধনায়, সিদ্ধিতে, সালোক্য-সাষ্ট্রি-সামীপ্য-সারূপ্য-সাযুজ্য (একত্ব) প্রাপ্ত হইয়া থাকে। ইহা শব্দবরর বা বেদের উপদেশ। "ব্ৰশ্ববেদ ব্ৰব্দৈব ভবতি।" মৃ্ওক তা২। ।

২৫। ক্রমারতি সোপানের এই উচ্চতম স্তরে পৌহছিতে হইলে, যে অশুভ-কর্মান্ত্প, স্বরূপাবরণ করিয়া অন্তরূপ প্রকটিত করিয়াছে, তাহার সমূল ধ্বংসের প্রয়োজন। উক্ত কর্মান্ত্প নতকাল অল্প-বিস্তর বিভ্যমান থাকিবে, ততদিন স্বরূপও অল্পবিস্তর আবৃত থাকা হেতু, বেদের উপদেশ সমূজ্জলভাবে প্রকটিত হওয়া অসম্ভব। ততদিন সংসারের কামনামার্গে—গভাগতি চলিতে থাকে। ইহা লক্ষ্য করিয়া কঠশ্রুতি গাহিতেতেন:—

যদা সর্ব্বে প্রমৃচান্তে কাম। যেইন্স ক্যদি শ্রিতাঃ।

অথ মর্ত্ত্যোইমৃতো ভবতাত্র ব্রহ্ম সমশ্ম_{ন্}তে॥ কঠ ২।৩।১৪

যদা সর্ব্বে প্রভিন্তত্তে ক্রদয়স্তেহ গ্রন্থয়ঃ।

অথ মর্ত্ত্রোইমৃতে। ভবতোতাবদ্ধানুশাসনম্ ॥ কঠ ২।৩।১৫

यथन रानश्त्रका वी भला जीरात श्रमप्रश्विष्ठ कामनामकन रहेए म्ि

লাভ হয়, তথনই মর্ত্য শরীরেই ব্রহ্মপ্রাপ্তি হইয়া থাকে। বথন মানবদেহধারী মর্ত্য জীবের হৃদয়-গ্রন্থী দকল (দেখ সাসাহাহ হত্তের ১১৮ ঠ অনুচ্ছেদ) ভেদ প্রাপ্ত হয়, তথনই দেই মর্ত্য মানব অমৃতত্ত্ব লাভ করে, ইহা বেদের উপদেশ।
কঠ ২১৩১৪-১৫

অতএব যতদিন স্থদয়ে কামনা, বাদনা প্রভৃতি বর্ত্তমান থাকিবে, এবং অহংকাররূপ হৃদয় গ্রন্থির ভেদ না হইবে, ততদিন শব্দপ্রক্ষের উপদেশ সম্ভ্রন ভাবে হৃদয় উদ্ভাসন করিতে পারে না। স্বতরাং আমাদের নিজক্বত কর্ম-জনিত অজ্ঞানাবরণে আবৃত আমাদের চক্ষে বেদ ত্রিকাাছ ও স্বত্রেধাধ্য হইবে, তাহার কথা কি? আমাদের স্বাতন্ত্রোর অ্যথা পরিচালনায়, আবরণ স্ষ্টির জন্ম আমরাই দান্ত্রী—একারণ উক্ত আবরণ মোচনের জন্ম প্রচেষ্টা, বেদের উপদেশমত, আমাদের উক্ত স্বাতস্তোর পরিচালনেই করা প্রয়োজন। ভগবান্ অনন্ত-অচিন্তা শক্তিমান হইলেও, জীবের হিতের জন্ত, উক্ত স্বাতন্ত্রোর পরিচালনায় হস্তক্ষেপ করেন না। হস্তক্ষেপ করেন না বলিয়া, জীবের অনন্ত উন্নতির সন্তাবনা, মাতুষের নিজের হাতেই রহিয়াছে। ইহা বেদের অনুশাসন। ২৬। আরও একটি কথা। যে শিশু বর্ণপরিচয়ের পর সবে বিতাশিক্ষা আরম্ভ করিয়াছে, তাহাকে যদি এম. এ ক্লাশের পাঠাপুস্তক পড়িতে দেওয়া হয়, সে কি তাহার কিছু বুঝিতে পারে? বংসরের পর বংসর ধরিয়া, তাহাকে অতি সরল হইতে ক্রমশঃ কঠিন ও কঠিনতর পুস্তকের শিক্ষার মধ্য দিয়া, তাহার বৃদ্ধির, মেধার ও ধারণাশক্তির প্রথরতা সম্পাদন করিলে, তবে সে এম্. এ ক্লাসের পাঠ্য পড়িবার শক্তি লাভ করিতে পারে। এ কারণ ভগবান্ ভগু বেদ অভিব্যক্ত कतिशारे क्यान्त रन नारे। नाना প্रकात नाञ्च প্रकटन कतिशा मानवरमश्री জীববৃদ্দের বুদ্ধি—যেন করুণাময় গুরুর স্থায়, হাতে ধরিয়া ক্রমশঃ বেদের সর্কোচ্চ স্তরের উপদেশ ধারণ করিবার উপযোগী করেন। এইরূপে উপযোগী করণের সঙ্গে কর্মস্তপ ধ্বংসের ব্যবস্থাও শাস্ত্রসকলে বর্তমান। শাস্ত্র-বিধি অনুসারে জীবন পথে অগ্রসর হইলে, চিত্ততিদ্ধি অবশ্রতাবী। চিত্ততিদ্ধ মানে কোন বিভিষিকাময় বস্তু নয়—অজ্ঞানাবরণের ক্রমশঃ স্বচ্ছতা বিধান। আমাদের বুদ্ধি—মহন্তত্ত্বর—সত্বপ্রধান অংশ হইতে অভিব্যক্ত। (দেখ সৃষ্টি চিত্র সাসাথা স্ত্রে ১১৭ অনুচ্ছেদ), বলিয়া শ্বভাবতঃ শ্বচ্ছ। অনাদিকাল হইতে কর্মজনিত মল উহার উপর দঞ্চিত হইয়া, উহার স্বচ্ছতা ঢাকিয়া ফেলিয়াছে। স্বচ্ছ দর্পণে বহুকাল ধরিয়া ধূলা জ্বমিলে, যেমন উহা প্রতিবিদ্ধ স্পষ্টরূপে প্রকটিত করিতে পারে না, ফ্লু বালুকাকণা বা সেই প্রকার স্থ্যু, কোন পদার্থ ঘারা

ধীরে ধীরে ঘর্ষণে উহার সঞ্চিত ধূলা অপসারণ করিতে পারিলে, উহার পূর্ববিষচ্ছতা পুন: প্রাপ্তিতে স্ম্পষ্ট প্রতিবিষ দেখাইতে পারে, সেইরপ আমাদের বৃদ্ধির উপরে সঞ্চিত কর্ম-মলজনিত আবরণ ক্রমন্য: অপসারণ করিতে পারিলে, উহার স্বাভাবিক স্বচ্ছতার পুন: প্রাপ্তিতে, আমাদের অন্তর্জ দিয়ে, অন্তর্ধামীরূপে পরমতত্ত্বের বা ভগবানের উচ্ছল প্রতিবিষ প্রকটিত করিতে পারিবে। ভগবান্ স্ত্রকার "অপি সংরাধনে প্রত্যক্ষাত্মমানাভ্যাম্" অ২।২৪ ইহার উপদেশ দিবেন। এই "সংরাধন" কি প্রকারে করিতে হইবে, তাহারও উপদেশ শাজে বিধিবদ্ধ আছে। সে বিধি অভিক্র গুরুর উপদেশে জানিতে হয়। এ সকল সম্বদ্ধেও স্ব্রকার সাধন-পাদ তৃতীয় অধ্যায়ে, সবিস্তার আলোচনা, বিচার করিয়া সিদ্ধান্ত স্থাপন করিবেন। এই আলোচনায় আমরা বৃঝিলাম, ভগবান্ বেদের সহিত অন্যান্ত শাস্ত্রসকল কেন অভিব্যক্ত করিলেন।

২৭। বেদের স্বত্রবোধ্য ও ত্রবিগাহ্য হইবার অন্ত একটি বড় কারণ আছে। বেদে বিশ্ব-রহস্ত, জীব-রহস্ত, ভগবদ-রহস্ত—সমুদায় রহস্ত অন্তর্নিহিত বেদের-त्ररुण क्काननारण, मानव बन्न चन्नश रहेशा—अभीम भिक्तन अधिकाती हह। **ऐक** শক্তির নিরস্কৃশ চালনায় মহা অনিষ্ট আপতিত হইবার সম্ভাবনা সংঘটিত হয়। অনধিকারীকে রহস্ত শিক্ষা দিলে, বহু অনর্থ ঘটিয়া থাকে। আনবিক বোমার অন্তর্নিহিত অচিন্তা শক্তির পরিচয় আমরা সম্প্রতি পাইয়াছি। উক্ত বোমা निर्माएगत तरुमा, जनमाधात्रागद निकृष्ठ इरेट ७१८ जा ताथिया यि श्रेकान कदा रय, जारा रहेल, मानवरमहशादी अमन अवित्वहक, शार्थमर्वाय ज्याकथिज দেশনেতা বিরল নহে, যে নিজের বা দেশের অতি ক্ষুদ্র স্বার্থসিদ্ধির জন্ম সমূহ অনর্থ সংঘটিত করিতে কিছুমাত্র বিধা করিবেনা। এ কারণ উহা রহস্তরূপে গোপন রাখাই যুক্তিযুক্ত, ইহা সকলে স্বীকার করিবেন। বিশ্ব-রহশ্য বেদে অন্তনির্হিত বলিয়াছি। উহা সর্ব-সাধারণের নিকট নিরস্কুশভাবে উদ্ঘাটিত করার বিরুদ্ধেও উক্ত যুক্তি, তুলারূপে নয়, অধিকতর নিশ্চয়তার সহিত প্রযোজা। উপযুক্ত অধিকারীকেই রহশু শিক্ষা দিতে পারা যায় এবং যিনি শিক্ষা দিবেন, তিনি বিশিষ্ট त्रर्थित ना रहेल, मिका तृथा। धकरे वरे विभिष्ठे त्रर्थित — वक्षछ — वक्षणि প্রাপ্ত। তিনি উপযুক্ত অধিকারী চিনিয়া, পরীক্ষার দ্বারা নিঃসন্দেহ হইবার পর, তবে তাঁহাকে রহস্থ শিক্ষা দিবেন—ইহাই আমাদের দেশের সনাতন ব্যবস্থা। ইহার সম্বন্ধে আলোচনা ১১১১১ স্তত্তে করিয়াছি। এখানে আর বিস্তারের প্রয়োজন নাই।

ইহা হইতে বুঝা গেল ষে, স্ত্রকার ১।১।৩।৩ স্ত্রে "বেদ-যোনিতাৎ" না

বলিয়া "শাস্ত্রযোনিত্বাৎ" কেন বলিয়াছেন। এ সম্পর্কে ইহাও সর্ব্বদা মনে রাখা প্রয়োজন যে ভগবান্ যে সম্দায় শাস্ত্র প্রকটন করিলেন, ভাহারা সকলে বেদামুগ, বেদের রহস্ত অর্থ প্রকাশক, এ কারণ বেদের সমবর্দ্ধক। বেদবিরোধী শাস্ত্রসকল ইহার অস্তর্ভুক্ত নহে। এই স্থত্রের আলোচনার প্রারম্ভে শাস্ত্র সকলের যে চিত্র প্রদর্শন করা হইয়াছে তাহারা সকলেই বেদামুগশাস্ত্র।

- ১০) ভগবানের দ্বারা অভিব্যক্ত বেদ ও অদ্যাদ্য শাস্ত্রসকল দেশ-কাল পরিচ্ছিন্ন কিনা?
- ২৮। উপরে উদ্ধৃত ভাগবতের ১১।২১।৩৬ শ্লোকে শব্দরন্ধের একটি বিশেষণ আছে—"অনন্তপারম্"। শ্রীধর স্বামীপাদ ইহার অর্থ করিয়াছেন—
 নির্বিশেষ এবং দেশ-কাল দ্বারা অপরিচ্ছিন্ন। ইহা বিশদ্ভাবে বৃ্ঝিবার চেষ্টা করিব। বিশেষতঃ উক্ত বিশেষণ ভাগবতে শব্দরন্ধ সম্বন্ধে ব্যবহৃত হইয়াছে। উহা কি অক্যান্ত শান্তেও প্রযোজ্য—ইহাও বৃ্ঝিবার চেষ্টা করিব।
- ২ন। আমাদের শাস্ত্রে ভূয়োভূয়: কথিত আছে যে, ওঁকার বা প্রণব—বীজ, গায়ত্রী—অঙ্কুর, বেদ—প্রকাণ্ড মহীকৃহ, উপবেদ-বেদাঙ্গ-উপাঙ্গ—উক্ত মহীকৃহহুর কাও, শিক্ষা-কল্প-ব্যাকরণ প্রভৃতি উহার শাখা, অন্তান্ত শাস্ত্র উক্ত মহীক্রহের প্রশাখা, পলব, পত্র প্রভৃতি। বীজের প্রকৃতি স্বষ্টুরূপে নির্ণয় করিতে পারিলে, সঙ্গে সঙ্গে অঙ্কুর, মহীক্রহ, কাণ্ড, শাখা-প্রশাথা প্রভৃতির প্রকৃতিও গাধারণভাবে নির্ণীত হইয়া থাকে। ছালোগ্য শ্রুতি ওঁকার উপাসনার উপদেশেই প্রথম মন্ত্র আরম্ভ ক্রিয়াছেন। ওঁকার ভগবানের অতি ঘনিষ্ট ও অতি প্রিয় নাম। (গায়জী রহস্ত পৃ: ৩)। প্রিয়নাম উচ্চারণ যেমন নামী ব্যক্তি, উচ্চারকের অভিমূখী হন, সেই প্রকার ''ওঁম্'' উচ্চারণে ব্রহ্ম বা ভগবান্, উচ্চারকের আবেদন গুনিবার জন্য উনু্থ হইয়া থাকেন। এই কারণে—ইহার নাম প্রণব বা প্রকৃষ্ট স্বতি। অন্য কথায়, ভগবতত্ত্ব বা পরব্রদ্ধতত্ত্ব ভাষায় যতটুকু প্রকাশিত হওয়া সম্ভব, তাহা কেবল ওঁকার উচ্চারণে প্রকৃষ্টভাবে প্রকাশিত হইয়া থাকে। এই হেতুভে, পাতঞ্জল দর্শন ১৷২৭ স্থত্তে বলিতেছেন :—"তদ্য বাচক: প্রণবং"—তাঁহার (ভগবানের) বাচক প্রণব বা ওঁম্। **ওঁকার-তত্ত মৎ-প্রণীত "গা**য়ত্রীরহস্তু" পুস্তকে যথাশক্তি আলোচনা করিয়াছি। এথানে তাহার পুনরাবৃত্তি করিব না। উপরে কথিত বাচ্য-বাচক সম্বনটি ব্ঝিবার জন্ম, যতটুকু আলোচনা প্রয়োজন, ভাহাই করিব।
- ৩০। উদ্ধৃত ১।২৭ স্থ্রের ভাষ্মে ব্যাসদেব বলিতেছেন :—'বাচ্য ঈশবঃ প্রণবস্থা। কিমশু সংকেতকৃতং বাচ্য—বাচকত্বম্ অথ প্রদীপপ্রকাশবদবস্থিত-

মিতি ? স্থিতোহস্ত বাচশ্য বাচকেন সহ সম্বন্ধঃ, সংকেতস্ত ঈশরশ্য স্থিতমেবার্থ-মতিনয়তি, মথাবস্থিতঃ পিভাপ্তয়োঃ সম্বন্ধঃ সংকেতেনাবছোভাতে—অয়মস্ত পিতা, অয়মস্ত প্ত ইতি। স্বর্গাহস্তরেয়পি, বাচা-বাচক-শক্তাা-পেকস্তর্থেব সংকেতঃ ক্রিয়তে। সম্প্রতিপত্তির্নিভাতয়া নিভাঃ শবার্থ সম্বন্ধ ইতি আগমিনঃ প্রতিজ্ঞানীতে।"—ইহার সরল বাংলা অর্থ:—প্রণবের বাচা ঈশর। এই বাচাবাচকত্ব কি সংকেত ক্বত অথবা প্রদীপ প্রকাশের ক্রায় অবস্থিত? বাচ্যের সহিত বাচকের সম্বন্ধ অবস্থিতই আছে। ঈশরের সঙ্কেত এই অবস্থিত সম্বন্ধকেই প্রকাশ করে। যেমন পিতাপ্ত্রের সম্বন্ধ অবস্থিতই আছে, আর তাহা সংকেতের দ্বারা প্রকাশ করা যায়—ইনি ইহার পিতা, ইনি ইহার পুত্র, সেইরূপ। বর্তমান স্পৃত্তিতে বেরূপ, অক্রান্ত স্থিতেও তদমুরূপ বাচ্য-বাচক শক্তি সাপেক্ষ সংকেত কৃত হয়। সম্প্রতিপত্তির নিভাত্তহেতু, শব্বার্থের সম্বন্ধও নিভ্য—ইহা আগম—বেত্তাগণ বলিয়া থাকেন।

৩১। পাতঞ্চল দর্শনের এই স্থন্ন ও তাহার ব্যাসদেব কৃত ভান্ত পর্যালোচনা করিলে, শান্ত সকল ও সে সকলে ব্যবহৃত নাম সম্বন্ধে অনেক বিষয় স্বস্পষ্ট হইবে। জগতে পরিচিত প্রত্যেক জীবের, প্রত্যেক বস্তুর এক একটি নাম আছে। সেই নামের দারা উক্ত জীবের বা বস্তুর সংকেত করা হইয়া থাকে। যে ব্যক্তি সেই সক্ষেত অবগত আছে, তাহার সমীপে উক্ত নাম উচ্চারণ করিলে, তাহার মনে, সেই জীবের বা বস্তুর প্রতিবিধ ভাসিয়া ওঠে। ইহাকে চেনা বা জানা বলা হইয়া থাকে। কিন্তু ঐ নাম ঔপচারিক নাম। যেমন "জল" একটি বস্তু —মানবের বিভিন্ন ভাষায় ইহার ভিন্ন ভিন্ন নাম আছে—সম্বায় নাম এক অভিন্ন বস্তুকেই নির্দেশ করিয়া থাকে। ভিন্ন ভিন্ন ভাষায় জলের যে বিভিন্ন নাম বর্তুমান আছে, সেগুলির পরিবর্ত্তে বিদি অক্ত অক্ত নাম থাকিত, তাহা হইলেও "জল" নামে যে বস্তু আমরা বৃঝি, তাহার স্বন্ধপের পরিবর্ত্তন হইত না।

আমি একজন মানব, আমার একটি নাম আছে। উক্ত নামে আমার জীবিতকাল পর্যন্ত আমার আত্মীয়-অনাত্মীয়, সকলের নিকট আমি পরিচিত। আমার মৃত্যুর পরেও প্রাদ্ধাদি সম্পাদনের জন্ম, কিছুকালের জন্ম, সে পরিচয় বর্জমান থাকিবে। আমার নাম এখন যাহা, তাহা না হইয়া, যদি অপর একটি নাম হইত, তাহা হইলেও উক্ত পৃথক নামে আমাকে জানিবার, চিনিবার কোনও ব্যাঘাত হইত না। আমার নাম, আমার দেহের সহিত উপচারিক সম্বন্ধে বন্ধ মাত্র, এবং আমার পরিচয়ের সহিত আমার নামের সম্বন্ধও উপচারিক বুঝা গেল।

৩২। বিভীয় প্রকার সংকেত--বেমন পিতা ও পুত্র। উক্ত সংকেত--উহাদের পরস্পরের দহিত সম্দ্ধ জ্ঞাপনের জন্ম প্রয়োগ হইরা থাকে। কিন্তু এ সম্বন্ধ পরস্পরকে অপেক্ষা করিয়া বর্ত্তমান থাকে। "পিতা" এই পদ উচ্চারণ করিলে, কাহার পিতা জানিবার আকাজ্ঞা থাকিয়া যায়। "পুত্র" বলিলেও দেই একই কথা। স্থতরাং এ প্রকার সংকেত পরস্পর আপেক্ষিক। ইহা নিরপেক্ষ নহে বলিয়া সর্বাক্ষত্রে প্রযোজ্য নহে—অর্থাৎ 'পিতা' পদ 'পুত্র' সম্বন্ধেই প্রযোজ্য—অন্ত তৃতীয় ব্যক্তি সম্বন্ধে প্রযোজ্য নহে। তবে ইহার মূল্য এইটুকু যে, ইহা পরস্পরের সম্বন্ধ জ্ঞাপনে প্রয়োজনীয় বটে। ব্যাবহারিক পদার্থ সম্পর্কে বাচ্য-বাচক দম্বন্ধ জ্ঞাপনে, পিতাপুত্রের সংকেতের মূল্য বুঝা গেল। ৩০। ঈশ্বর ও ওঁকার—উভরের সম্ম্ব—বাচ্য-বাচক সম্ম্ব বটে, কিন্তু উহা একটু অন্তরপ। ইহা ভাল্তে "প্রদীপ-প্রকাশবং" বাক্যাংশে বুঝান হইয়াছে। প্রকাশ্য না থাকিলে, প্রদীপের প্রকাশকত সিদ্ধ হয় না বটে, কিন্তু "প্রদীপের প্রকাশ"—প্রকাশ্তের অভাবেও অব্যভিচারে বর্তমান ধাকে ৷ স্থদ্র অন্তরীক্ষে বায়্স্তরের অতি উদ্ধদেশে, যেখানে পৃথিবীর অতি স্ক্র ধূলিকণাও পৌহছিতে পারে না, সেথানে কোনও প্রকার প্রকাশ্তের সম্পূর্ণ অভাবহেতু, স্থ্যকিরণের প্রকাশকত সিদ্ধ না হইলেও, স্থাকিরণ-প্রকাশ যে অপ্রতিহতভাবে বর্তমান षाष्ट्र, रेशां कान मान मान नारे नारे नार्या रहें कि विवाधकान অবিচ্ছিন্নভাবে প্রবহমান না হইলে, পৃথিবীপৃষ্ঠে উহা কি প্রকারে পৌহছিতে পারে ?

প্রদীপ—ঘট, পট, প্রভৃতির প্রকাশক বটে, কিন্তু বিশেষ ক্ষেত্রে ঘট, পট বর্ত্তমান না থাকিলেও—উহার প্রকাশের বৈলক্ষণ্য নাই। এ প্রকার প্রকাশকে "নিরপেক্ষ প্রকাশ" বলা যাইতে পারে। ঘট-পট সন্নিকর্ষে আসিলে উহার স্বভাব বশতঃ তাহাদিগকে প্রকাশ করিয়া থাকে। তাহারা ভিরোহিত হইলেও প্রকাশের ব্যভিচার নাই। যাহা সন্নিকর্ষে আসিবে, তাহাকেই প্রকাশ করিবে।

৩৪। ঈশবের বাচক—ওঁকার বা প্রণব, সেইরূপ নিরপেক শপ্রকাশ। আমার নিকট উহার প্রকাশ, কোনও আগন্তক কারণে ব্যাহত হইলেও, উহার প্রকাশত্বের কম বেন্দী নাই। উক্ত আগন্তক কারণ, কোন উপারে তিরোহিত হইলেই, উহার শ্বপ্রকাশ শ্বরূপ, সম্ভ্রেলভাবে উদ্ভাসিত হইয়া পড়ে। উক্ত আগন্তক কারণের তিরোধানও ওঁকার বা প্রণবের নামগ্রহণে সম্পাদিত হইয়া থাকে।

''প্রদীপ-প্রকাশবং'' দৃষ্টাস্তের দারা যে সংকেতের পরিচয় দেওয়া হইল, তাহা "নিরপেক" সংকেত, ইহা বুঝা গেল। ইহা কোনও কিছুর অপেক্ষা রাখে না। সর্বদেশে, সর্বকালে, সর্বাবস্থায়, সর্বজীব—এই সংকেতের অমুবর্তন করিলে, পরিণামে, ধাঁহার উদ্দেশে উক্ত সংকেত ''অবস্থিত' আছে. তিনি আত্মপ্রকাশ করিয়া থাকেন। এমন কি, বর্ত্তমান স্বষ্ট বিশ্বের কথা ছাড়িয়া দিলেও, অভীতে যে বিশ্ব বা তদন্তভুক্ত বস্তজাত ছিল, অথবা ভবিশ্বতে যে বিশ্ব তদস্তভুকি বস্তজাত অভিব্যক্ত হইবে, সম্পায়ে এই নিরপেক সংকেত তুল্যভাবে প্রযোজ্য। নিরপেক্ষ বলিয়া, ইহা ত কাহারও অপেক্ষা রাথে না। স্থতরাং—মানব—শুধু মানব কেন—মন-বুদ্ধি সম্বন্ধ, মনন-কার্য্যে বা বৃদ্ধি-বিচারে সমর্থ, যে কোনও ব্যক্তি, যে কোনও বিশ্বে, যে কোনও কালে থাকুন না কেন, সকলেই তুল্যভাবে, এই নিরপেক্ষ সংকেত দারা অভিষ্টলাভ করিতে পারেন। ওঁকার বা এই নিরপেক্ষ সংকেত—শব্দময় চিন্তার উৎপাদ্ক, ব্লক্ষক, সংবৰ্দ্ধক ও ফলসাধক। মন—এই শব্দময় চিন্তার যন্ত্র। উহা আমাদের লিঙ্গ দেহের অবয়ব। ইহা জীবের সহিত জন্ম হইতে জন্মান্তরে, লোক হইতে লোকস্তিরে গমনাগমন করিয়া থাকে। (ব্রহ্মস্ত্র ৩।১।১ স্ত্র)। কোষাবৃত বীজ যেমন অবিভাজ্য ভাবে মাটির সহিত মিশিয়া মৃত্তিকা গর্ভে অবস্থান করে ও পরে বর্ধাসমাগমে নব বারিপাতে, অঙ্গুরিত ও বিকশিত হইয়া বুকাকারে প্রকাশ পায়, সেইরূপ প্রলয়ের সময় জীব লিঙ্গদেহে আবৃত হইয়া পরমতত্ত্ব তাদাত্মভাবে লীন থাকে—পুন: সৃষ্টিতে —পুনরায় কর্মক্ষেত্রে মনো-বৃদ্ধির সহিত জাগ্রৎ অবস্থা প্রাপ্ত হইয়া পুনরায় জগদ্-ব্যাপারে ব্যাপারবান হইয়া থাকে। স্থতরাং যে কোন লোকে, যে কোনও কালে, যে কোনও স্ষ্টিতে হউক্, মন যতদিন বিদ্যমান আছে, মনন-ক্রিয়া ততদিন চলিবে। এবং এই নিরপেক্ষ সংকেতামুসারে শব্দময় চিন্তা—অন্ত কথায় সাধনা—ততদিন চলিবে, তাহাতে সন্দেহ কি?

৩৫। এ দিদ্ধান্তে আপত্তি উঠিতে পারে যে, পরস্ষ্টিতে কি হইবে, না হইবে, তাহা নিশ্চয় করিয়া বলিবার কি অধিকার আছে? ইহার উত্তর আংশিকভাবে উপরে দেওয়া হইয়াছে—অর্থাৎ ইহা যথন "নিরপেক্ষ সংকেত"—তথন স্ষ্টিপ্রলয়ের সহিতই বা ইহার কি অপেক্ষা থাকিতে পারে? মাহা হউক্, ব্যাসদেব এআপত্তির অহমান, অত্রে করিয়াই, সমাধানে বলিতেছেন,—যে "সম্প্রতিপত্তি"ই ইহার প্রমাণ। ভাষোর টীকাকার ৺বাচম্পতি মিশ্র—"সম্প্রতিপত্তি" পদের অর্থ করিলেন—"সদৃশব্যবহার-পরম্পরা"। যদি আমরা আমাদের বর্ত্তমান

সময় হইতে, আমাদের পিতা, পিতামহ, প্রপিতামহ প্রভৃতি ধরিয়া পূর্বের পূর্বের বতদূর যাই না কেন, দেখিতে পাই যে, "সদৃশ-ব্যবহার-পরম্পরা" চলিয়া আসিতেছে, তাহা হইলে, উহা হইতে সঙ্গত অনুমান করা যাইতে পারে যে, উক্ত ব্যবহার-পরম্পরা প্রবাহরূপে নিত্য। স্থতরাং নিরপেক্ষ সংক্ষেতাত্মক ওঁকার—যেমন অধুনাকালে পরমতত্ত্বের বাচক, সেইরূপ নিত্যকাল ব্যাপিয়া, অর্থাৎ বর্ত্তমান স্প্রির পূর্বের হইতেও উহা চলিয়া আসিতেছে।

ভথু অন্তমান-প্রমাণের উপর নির্ভর করা কি উচিত ? ইহার উত্তর এই, তাহা কেন ? পূর্ব্বস্ত্ত্রে—পাতঞ্জল দর্শণ ১৷২৬ স্ত্ত্রে ত বলা হইয়াছে যে, ক্ষর **''পূর্বেষাম্ অপি গুরুঃ** কালেনানবচ্ছিন্নত্বাৎ''—ক্ষর কালের দারা অবিচ্ছিন্ন নহেন, তিনি পূর্ববেত্তী আচার্য্যগণেরও গুরু। এই পূর্ববেত্তী আচার্যা**গণ যে কেবল এই বর্ত্তমান স্**ষ্টির অন্তর্ভু ভি হইবেন তাহা কেন ? অগ্রে যে বিভিন্ন স্থাষ্টি গভ হইয়াছে, সে সকলে যে সকল আচার্য্য ছিলেন, ঈশ্বর তাঁহাদিগেরও গুরু। বর্ত্তমান স্ষ্টিতে গুরু পরস্পরাক্রমে অন্থসরণ করিয়া, আদি গুরু স্ষ্টিকর্ত্তা ব্রহ্মাতে পৌহছিলে ও, উহারা সকলে কালাবচ্ছিন্ন হওয়ায়, উহাদের 🕝 জন্মনাশ আছে, এ কারণ তাহাদের জ্ঞানেরও বিকাশ, সংকোচ ও নাশও আছে। স্বার-কালের দ্বারা অপরিচ্ছিন্ন হওয়ায়, তাঁহার জন্ম-বৃদ্ধি-অপক্ষয়-নাশ প্রভৃতি নাই। তাঁহার জ্ঞান সমান উজ্জ্ঞলভাবে চিরবর্ত্তমান। তিনি আমাদের ব্রহ্মাণ্ডের আদি গুরু—ব্রহ্মারও উপদেষ্টা। ভাগবতে ১।১।১ শ্লোকে ইহা স্থূপ্সষ্ট উল্লেখ আছে যে, ভগবানই ব্রহ্মার হাদয়ে বেদজ্ঞান প্রকাশিত করিয়াছিলেন। অভীত স্ষ্টিপরম্পরা, বর্ত্তমান স্ষ্টিও ভবিশ্রৎ স্ষ্টিপরম্পরা ভগবানের অব্যভিচারী জ্ঞানের উপর প্রতিষ্ঠিত। এই ঐশ্বরিক অব্যভিচারী জ্ঞানের নাম "বেদ"—এই কারণে বেদ নিত্য, অপৌরুষেয় বলিয়া পূজিত। স্থতরাং "সম্প্রতিপত্তির" ধারাবাহিক নিত্যতায় সন্দেহ করিবার অবসর কোথায়? অতীত-বর্তমান-ভবিক্তৎ—আমাদের ভাষার কথা। আমাদের বৃদ্ধির পরিমাপে উহাদের আবিষ্ঠার, প্রচলন ও প্রয়োজনীয়তা। ঈশ্বর কালাবচ্ছিন্ন না হওয়ায়, তাঁহার দৃষ্টিতে অতীত-বর্ত্তমান-ভবিশ্রৎ নাই। তাঁহার কাছে সমৃদায় বর্ত্তমান পর্যায়ের অস্তর্ভু ক্ত। স্বতরাং অতীত-বর্ত্তমান-ভবিষ্যৎ কালবিভাগ, তত্তৎ কালাবচ্ছিন্ন স্বষ্টি ও তৎ সংক্রান্ত আপত্তি ও বিচারের সম্পর্ক তাঁহার দৃষ্টিতে নাই। এ সম্বন্ধে সংক্ষেপ আলোচনা ১।১।২।২ সূত্রে ৯৬ ও ১৩৫ অনুচ্ছেদে করা হইয়াছে।

৩৬। শাস্ত্রের সাহায্যে দার্শনিক ভাবে পণ্ডিতী আলোচনায়, আমরা সিদ্ধান্তে উপনীত হইলাম যে, ভগবান্—স্টিক্র্ডা ব্রহ্মারূপ যঞ্জের মধ্য দিয়া যে বেদ ও বেদান্থগ শাস্ত্রদক্ষল অভিব্যক্ত করিলেন, তাহারা প্রণবের অভিব্যক্তির নিদর্শনে, দেশ-কাল পরিচ্ছিন্ন নহে। স্কৃতরাং তাহারা নৃতন কিছু নহে। অনাদিকাল হইতে উহারা বর্ত্তমান আছে। কোন বিশেষ ব্রহ্মাণ্ডের প্রলয়ে, উক্ত ব্রহ্মাণ্ডের নাশে, কিছুকাল সাময়িক ভাবে, উক্ত বিনষ্ট ব্রহ্মাণ্ডের সম্পর্কে, অনভিব্যক্ত থাকে মাত্র। কিন্তু তথনও অগণ্য অক্সান্ত ব্রহ্মাণ্ড প্রবাহ অন্মূর্ম রাখায়, তাহাদের সম্পর্কে বেদ ও বেদান্থগ শাস্ত্রসকল বর্ত্তমান ও ক্রিয়াশীল ছিল। উহারা নিত্য। আমরা উপরের আলোচনায় ব্রিয়াছি যে, ভগবান্ বা ঈশবের সম্পর্কে বাচ্য-বাচক সম্বন্ধ নিত্য—উহা শুধু আমাদের ব্রহ্মাণ্ড সম্বন্ধে নিত্য—তাহা নহে। বিশ্বের অগণ্য ব্রহ্মাণ্ড সম্বন্ধে ও নিত্য। বেদ এই নিত্য সম্বন্ধের উপর প্রতিষ্ঠিত বলিয়া, তাহা ও তদমুগ শাস্ত্রসকলও অগণ্য ব্রহ্মাণ্ড নিত্য ও ক্রিয়াশীল।

১১) সাধারণভাবে আলোচনায় বুঝিবার প্রয়াস।

৩৭। আমাদের ন্যায় পাশ্চাত্য পদ্ধতিতে শিক্ষায় অন্ধশিক্ষিত জনগণের সংখ্যা অতি বহুল। শাস্ত্রসঙ্গত দার্শনিক আলোচনা হৃদয়ঙ্গম করা আমাদের পক্ষে হৃদ্ধহ বলিয়া, আমরা উহা হইতে দূরে থাকিতে অভ্যন্ত। আমরা আমাদের স্থুল বৃদ্ধি ও বিচার শক্তির পরিমাপে—বস্তুগত আলোচনায় কি সিদ্ধাস্তে উপনীত হই, তাহা দেখা কর্ত্তব্য বলিয়া মনে করি।

শ্রুতি পরমতত্ত্বকে "জোতিষাং জ্যোতিঃ" (মৃত্তক ২।২।১০) আখ্যার আখ্যারিত করিয়াছেন। কঠ ২।৫।১৩ ও খেতাখতর ৬।১৩ এই পরমতত্ত্বকে "নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানাম্" বলিয়া, তিনি নিত্য ও চৈতত্ত্য স্বরূপ—এই পরিচয় দিলেন। অতএব পরমতত্ত্—নিত্য চৈতত্ত্য স্বরূপ "জ্যোতিষাং জ্যোতিঃ"—সম্দার জ্যোতির্ময় পদার্থের মূল জ্যোতিঃ। এই নিত্য চৈতত্ত্যময় "জ্যোতিষাং জ্যোতিঃ" হইতে জ্যোতিঃক্ম্রণ—অনন্তকাল ধরিয়া—নিত্য চলিতেছে ও চলিতে থাকিবে। ভগবান্ বশিষ্ঠদেব—ইহাকেই চিদণুর ক্মরণ বলিয়া নির্দেশ করিয়াছেন এবং দেশ-কাল-বন্ত প্রভৃতির নির্ণয় ও সংজ্ঞা এই চিদণুর সম্পর্কেও উহারই পটভূমিকায় অন্ধিত করিয়াছেন। জ্যোতিঃ-পদার্থের জ্যোতিঃ-ক্মরণ স্বাভাবিক। "জ্যোতিষাং জ্যোতিঃ" নিত্য ও চৈতত্ত্যময় বলিয়া—উহার ক্মরণও নিত্য এবং চৈতত্ত্যময়—একারণ উক্ত ক্মরণের বিসরণ—চেউ-এর পর চেউ উঠাইয়া প্রবাহাকারে, নিত্যকাল, অচিস্তাবেণে (ধারণার জন্ম বলা যাক্—আলোকের বা তভিতের বেণে) চলিতেছে ও চলিবে। জল যেমন আপনাকে লইয়া আপনি আবর্ত্ত স্টু করে, সেইরূপ উহারও আবর্ত্বস্টু অনাদিকাল

চলিতেছে ও চলিবে। নিত্য— চৈতক্তময় "জ্যোতিষাং জ্যোতিং"র সংক্ষাত্মিকা শক্তিরপা মায়া বা প্রকৃতিও নিত্য ও সর্বব্যাপী। উহার ভাতারে উপাদানীভূত অতি স্ক্র মহাভূত সকলও নিত্য এবং অনস্ক আকাশের সর্বত্র ব্যাপ্ত। উহার আবরিকা ও বিক্ষেপিকা শক্তিও নিত্য বর্ত্তমান। জল প্রবাহ আবর্ত্তাকারে ঘূর্নমান হইলে, যেমন, অসংখ্য জলবিম্বের স্পৃষ্টি ও নাশ ক্ষণে ক্ষণে সংঘটিত হয়, সেইরপ অনস্ক দেশে, প্রকৃতির ভাতার হইতে সহজলভা উপাদানের মধ্য দিয়া উক্ত ক্ষ্রণের প্রবাহাকারে গতি হইতে অগণ্য ব্রহ্মাণ্ড—তাহাদের নিজ নিজ স্থ্য-গ্রহ-উপগ্রহাদি সহ, ক্ষণে ক্ষণে জাত ও বিলয়প্রাপ্ত হইতেছে। ইহা হইতেও বুঝা গেল যে, সমগ্র স্পৃষ্টির এককালে ধ্বংস নাই। শাস্ত্রে আমাদের ব্রহ্মাণ্ডেরই স্পৃষ্টি ও প্রলয়ের বর্ণনা আছে মাত্র। উক্ত বর্ণনা, অক্যান্ত ব্রহ্মাণ্ড সম্বন্ধেও তাহাদের উপযোগী কালে প্রযোজ্য—ইহা শাস্ত্রকারগণের অভিপ্রায়, মনে হয়।

७७। উপরে যে সংক্ষেপ আলোচনা করা হইন, তাহা হইতে সহজেই বুঝা ঘাইবে যে, সমগ্র বিশে অগণ্য ব্রহ্মাণ্ড বর্ত্তমান থাকিলেও, উহাদের উপাদান, গঠন প্রভৃতির প্রকৃতি আত্যন্তিক ভিন্ন হইতে পারে না। যেমন আমরা প্রত্যক দেখিতে পাই যে, বিভিন্ন দেব-দেবীর মূর্ত্তি গঠন করিতে হইলে, প্রথমে কাঠ, বংশদও, দভ়ি, থড় প্রভৃতি উপাদান যথাযোগ্যভাবে সাজাইয়া কাঠামো প্রস্তুত করিতে হয়। তারপর উক্ত কাঠামোর উপর মাটি, রং প্রভৃতি লাগাইয়া বিভিন্ন মূর্ত্তি গড়িতে হয়। সেইরূপ সম্দায় ব্রহ্মাণ্ডের কাঠামো—একই প্রকৃতি হইতে সংগৃহীত উপাদান, একই চিদণুর ক্রণ হইতে আবর্ত্ত গঠন, একই প্রকার বিভিন্ন আবর্ত্ত তাহা হইতে উৎপন্ন বিষ হইতে আবিভূতি হয়, স্নতরাং উহারা খাত্যস্তিক বিভিন্ন হইবে কি প্রকারে? অনস্ত শক্তিমান এবং সমকালে বৈচিত্র্যপ্রিয় মহাসন্ত্রা, নানা প্রকার—সাজসজ্জা দিয়া সমপ্রকারে গঠিত কাঠামো সকলের, অনস্ত প্রকার বৈচিত্রা সম্পাদন ও অভিপ্রায় মত বছত্ব সংগঠন করিয়া থাকেন। এই বৈচিত্র্য সম্পাদন ও বহুত্ব-সংগঠন কি অহৈতুকী-কল্পনা-বিলাসের খেলা মাত্র ? তাহা নহে। উহাদের মূলে, উক্ত অগণ্য ব্রহ্মাওগণের অধিবাসী জীবর্নের—স্থ কর্মবীজ বর্ত্তমান—ইহা আমরা, আমাদের ক্রমাণ্ডের নিদর্শনে অমুমান করিতে পারি। এ অমুমান যে অতি সঙ্গত ও বিজ্ঞান সন্মত, তাহাতে সন্দেহ নাই। যে সকল জীবের কর্ম সাধারণতঃ এমন প্রকার যে, এক ব্রহ্মাণ্ডে স্থাপিত হইলে, কৃত কর্মের ফলভোগ স্থৃভাবে সম্পন্ন হইতে পারে, তাহারা একই ব্রহ্মতে প্রতিষ্ঠিত হইয়া থাকে। বেমন আমরা আমাদের পৃথিবীতেই দেখিতে পাই যে, উষ্পদেশের জীব বা উদ্ভিদ্ শীতপ্রধান দেশে দেখিতে পাওয়া যায় না, অন্ত পক্ষে শীত প্রধান দেশের জীব প্রভৃতিকে স্বাভাবিক অবস্থায় উষ্ণ প্রধান দেশে দেখিতে পাওয়া যায় না—ইহাও কতকটা সেইরূপ। একজন অনস্ত শক্তিমান, করুণাময়, জ্ঞানঘন মহাসন্তা অতি শুভ, মহতুদ্দেশ সাধনের জ্ঞা এরপ ব্যবস্থা করেন, তাহা আমরা আমাদের ব্রহ্মাণ্ড হইতেই নিঃসন্দিগ্ধভাবে বলিতে পারি। সঙ্গে সঙ্গে ইহাও মনে রাখিতে হইবে, অগণ্য বিশের কাঠামো এক ও তাহাদের সাজসজ্ঞা পৃথক্ হইলেও, আমাদের ব্রন্ধাণ্ডে—দেশ-কালের যে সম্বন্ধ, আমাদের জগদর্শন যে প্রকার, অস্তান্ত ব্রহ্মাণ্ডে ভত্রভ্য জীবেরও কি তাই ? তাহা না হইতে পারে। আমাদের জগদর্শন আমাদের সমষ্টি মনের মৃর্ভ প্রকাশ হিরণাগর্ভের নিকট হইতে পাইয়াছি। অর্থাৎ জগৎ তাঁহার মনে যে প্রকার প্রতিভাত হইয়াছিল, আমাদের মনেও গেই প্রকার হইয়া থাকে! ইহা তাঁহার মনোভিনাস মাত্র। "গায়ত্রী রহস্তু" পুস্তকে উদ্ধৃত ঋণ বেদীয় "ঋতঞ্চ সত্যঞ্চ.. " মন্ত্রে স্পষ্ট কথিত আছে যে, আমাদের বর্ত্তমান ব্রহ্মাণ্ড—সৃষ্টিকর্তা হিরণাণ্ড "यथाপূর্ব্বং-অকল্পম্থ"—সেইরূপ ইহা তাঁহার মনঃ-কল্পনা মাত্র। ভগবান বশিষ্ঠদেব ইহাকে স্বপ্নকল্পনার তূল্য বলিয়া স্পষ্ট উল্লেখ করিয়াছেন। আমরা জানি যে, স্বপ্ন কল্পনা তৃজন ব্যক্তির একরূপ হয় না। সেই নিদর্শনে অক্যান্য অগণ্য ব্রন্ধাণ্ডের অগণ্য সমষ্টি মনের যুর্ত্ত প্রকাশ স্বরূপ, প্রত্যেক ব্রহ্মাণ্ডের হিরণ্যগর্ভের কল্পনা একপ্রকার হওয়া সম্ভব নহে। স্কতরাং ইহা স্কম্পষ্ট যে, আমাদের ব্রহ্মাণ্ডের— দেশ-কাল সম্বন্ধ, অথবা আমাদের জগদ্দর্শন অক্যান্ত ব্রহ্মাণ্ডে যে একরপই হইবে, তাহার স্থিরতা নাই। শাস্ত, স্থির, স্তিমিত সাগর বক্ষে তরঙ্গ-ভঙ্গী, বীচি-হিল্লোল প্রভৃতির ন্যায়, একবের উপর বৈচিত্র্যের সমারোহ, উক্ত অগণ্য ব্রহ্মাণ্ডের মধ্যে প্রভাকে সম্পূর্ণ সম্ভব।

১২) বেদ ও তদমুগামী শান্ত্রসকল কি চিরবর্ত্তমান ?

৩৯। বেদ ও বেদান্থগামী শাস্ত্রদকল চিরবর্ত্তমান—ইহার ইপ্পিত উপরে দেওরা হইরাছে। এখন ইহা ব্ঝিবার চেষ্টা করিব। শাস্ ধাতু হইতে শাস্ত্রপদ নিম্পন্ন। শাস্ ধাতুর অর্থ শাসন করা—নিয়ন্ত্রণ বা সংযমন করা। অগণ্য বিশ্ব ও তাহাদের প্রত্যেকের অস্তর্ভুক্ত অসংখ্য জীবাদির জন্ত, অনস্ত বৈচিত্র্যময় পরিস্থিতির ব্যবস্থার প্রয়োজন। উহার। প্রত্যেকে—অপরের সহিত সম্পূর্ণভাবে অবিরোধে—নিজ নিজ কর্মফল ভোগ করিয়া যাইতে পারে, তাহার শাসন বা নিয়ন্ত্রণ করা—বিশাভিব্যক্তির মূলে বিনি, তাহার একান্ত কর্ত্ব্য—ইহা আমরা আমাদের বৃত্তির পরিমাপে বৃথিতে পারি। এ কারণ জগদ্বিধারণের জন্ত এবং প্রত্যেকের মর্যাদা

অক্লরতে রক্ষণের ব্যবস্থা করিবার জন্ম, নিয়মপরতারার প্রচলন, অপরিহার্য্য হইয়া পড়ে। শ্রুতি "ঋত" নামে এই নিয়মপরম্পরার সমষ্টিভাব ব্যক্ত করিয়াছেন। মংপ্রণীত "গায়ত্রী-রহস্তা" পুস্তকের ৫২ হইতে ৫৮ পৃষ্ঠায় "ঋতঞ্চ সভ্যঞ্চ…" মন্ত্রে ইহার আলোচনা করা হইয়াছে। পরমতত্ত্—"সভ্য" শ্বরূপে এই ''ঋত''কে নিজের বক্ষে ধারণ করিয়া আছেন। এই নিয়মপরম্পরা—এক কথায় "ঝত", বিস্তারিতভাবে বেদ ও বেদামুগশাস্ত্র দকল, দেই সভাম্বরূপ, অনস্ত জ্ঞানময়, প্রমপুরুষ কর্তৃক নিহিত। প্রমৃত্ত্ বা ভগ্বানের সহিত— জীব ও জগতের সম্বন্ধ, জীবের সহিত ভিন্ন ভিন্ন জ্বীবের—জগতের ও পরমতত্ত্বের এবং জগতের সহিত ব্যষ্টি বস্তুর, জীবের ও পরমতত্ত্বের—সম্বদ্ধ— শান্ত্রে নানাপ্রকারে কথিত, ব্যাখ্যাত ও উপদিষ্ট হইয়াছে। এ সম্বন্ধ চিন্ন বর্তমান। কোনও বিশেষ ব্রহ্মাও, প্রলয়ে ধ্বংসপ্রাপ্ত হইলেও, ইহার বিনাশ নাই। সমগ্র সৃষ্টিতে—অগণ্য ব্রহ্মাণ্ডে—এই সম্বন্ধ তূল্য প্রকার। বিভিন্ন প্রকার হইবার কোনও হেতু, আমরা কল্পনাও করিতে পারিনা। একারণ শাস্ত্রদকলের, নিত্য, অবিনশ্বরভাবে অবস্থান যুক্তিযুক্ত বটে। ভগবান্ যেমন সমষ্টি ''সত্যা'' স্বরূপে ''ঋত'' কে বক্ষে ধারণ করিয়া, উহা সমষ্টিভাবে পরিচালনা করিতেছেন, তেমনি ব্যষ্টিভাবে, প্রত্যেকের হৃদয়ে অন্তর্য্যামী রূপে অবস্থান করিয়া প্রভ্যেককে নিয়ন্ত্রণ করিভেছেন। উপরে ২৩ অনুচ্ছেদে উদ্ধন্ত ভাগবতের ১১ ২১।৩৭ শ্লোকে ভগবানের মুখ দিয়াই স্পষ্টতঃ ক্থিত হইয়াছে।

৪০। ভববান্ গীতায় ১০।২০ শ্লোকে বলিতেছেন:—
আহমাত্মা গুঢ়াকেশ ! সর্ব্বভূতাশয়স্থিতঃ। গীঃ ১০।২০
হে অর্জ্কন ! সর্ব্বভূতের অন্তঃকরণে নিয়স্ত্,রূপে অবস্থিত প্রমাত্মা আমিই।
গীঃ ১০।২০

সর্ববস্তা চাহং হৃদি সন্নিবিষ্টঃ। গীঃ ১৫।১৫ আমি সকলের হৃদয়ে অন্তর্য্যামীরূপে সংপ্রবিষ্ট। গীঃ ১৫।১৫

বৃহদারণ্যক শ্রুতির তৃতীয় অধ্যায়ে অন্তর্ধ্যামী ব্রান্ধণে, স্পষ্ট কথিত আছে, ভগবান্—পৃথিবী, অপ, বহ্নি, বায়ু, অন্তরীক্ষ, আদিতা, দিক্, চন্দ্র, তারকা, আকাশ, প্রাণ, বাক্, চক্ষুং, প্রোত্র, বিজ্ঞান প্রভৃতিতে অন্তর্ধ্যামী রূপে বর্ত্তমান থাকিয়া, সকলকে নিয়ন্ত্রণ করিতেছেন। ইহাই জগদ্বিধারণ—ইহাই প্রত্যেক ব্যষ্টির মর্য্যাদারকা। ইহা শুধু আমাদের পৃথিবীতে প্রযোজ্য নহে—ইহা সর্বত্র —যেথানে যভ ব্রন্ধাও আছে এবং ভাহাদের অন্তর্ভুক্ত বা কিছু আছে—সম্পায়ে তুল্যভাবে প্রযোজ্য। আমি একটি নগণ্য ক্ষুদ্র জীব—আমার প্রত্যেক চিন্তা,

প্রত্যেক ক্রিয়া, প্রত্যেক ব্যাবহারিক আচরণ—নিয়ন্ত্রণ করিবার জন্ম, তিনি বেমন আমার হৃদয়ে অবস্থান করিতেছেন (গী: ১০।২০), সেইরপ প্রতি জীবে, স্থাবরে, জঙ্গমে, উদ্ভিদে, প্রস্তরে, মৃত্তিকায় তিনি অস্তঃপ্রবিষ্ট। প্রত্যেক বস্তর অতি স্থান্থ পরমাণুর অস্তঃস্থলে, প্রোটন ও তাহার চতুর্দিকে ইলেক্ট্রোণের আবর্ত্তন ও ঘূর্ণন, প্রত্যেক বস্তর বৈচিত্র্য রক্ষার জন্ম বিভিন্ন সংখ্যায় ইলেক্ট্রোণের ও তাহাদের বিভিন্ন প্রকার আবর্ত্তন ও ঘূর্ণনের মূলেও এই নিয়ন্ত্রণ বর্ত্তমান রহিয়াছে। শাস্ত্র এই নিয়ন্ত্রণের পরিচয় মানবের ভাষায় দিয়া সার্থকতা লাভ করে। আমাদের ব্রন্ধাণ্ডের নিদর্শনে, আমরা বিজ্ঞানসম্মত ও সর্বত্যোভাবে সঙ্গত অনুমান করিতে পারি যে, এই নিয়ন্ত্রণ, অন্যান্থ অগণ্য বন্ধাণ্ডেও, তথাকার মননশক্তি সম্পন্ন জীবের ভাষায় শাস্তরূপে বর্ত্তমান। ভাষা ভিন্ন হইলেও, ভাষায় কথিত মূলতত্ব সমৃদায় ব্রন্ধাণ্ডে একই, তাহাতে সন্দেহ করিবার কিছু নাই।

উপরের আলোচনা হইতে আমরা ব্বিলাম যে, শাস্ত্রদকল শুধু শব্দাশি মাত্র নহে। উহা পরমপ্কষের নিত্য-সত্য-পরম-চরম জ্ঞানের ভাণার। উহার সম্বন্ধে দেশ-কাল-বস্তু পরিচ্ছেদ নাই। উহা আমাদের পৃথিবীতে যেমন সম্জ্রল ভাবে দেদীপামান, স্পষ্টর অস্তর্ভুক্ত অগণ্য ব্রহ্মাণ্ডের মধ্যে যে কোনও ব্রহ্মাণ্ডে, তথাকার মননশীল জীববুন্দের ভাষায়, তুল্য সম্ভ্র্নে ভাবে দেদীপ্যমান। উহা "সক্লদ্ বিভাতম্"—উহা "জ্যোতিষাং জ্যোতিং" হইতে নিংস্ত জ্যোতিংপ্রবাহ—উহার তর-তম, হ্রাস-বৃদ্ধি নাই। সমভাবে চিরকাল বর্ত্তমান রহিয়াছে ও পাকিবে।

৪১। ভগবান্ গীতায় নিজমূপে অতি উদাত্তকণ্ঠে শাস্ত্রদম্বদ্ধে অতি উচ্চ প্রশংসা ঘোষনা করিয়াছেন:—

ধঃ শাস্ত্রবিধিমৃৎস্জ্য বর্ততে কামকারতঃ।
ন স সিদ্ধিমবাপ্নোতি ন স্থাং ন পরাং গতিম্॥ গীঃ ১৬।২৩
তম্মাচ্ছান্ত্রং প্রমাণন্তে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ।
ভ্রাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম কর্জ্ব্মিহার্হসি॥ গীঃ ১৬।২৪

যে ব্যক্তি শান্ত বিধি ত্যাগ করিয়া যথেচ্ছাচারণ করে, সে সিদ্ধিলাভ করিতে পারে না, স্বতরাং স্থপ ও পরাগতি প্রাপ্ত হয় না। সেই হেতৃ, কোনটি কার্য্য, কোনটি অকার্য্য—ইহার ব্যবস্থার নিমিত্ত শাস্ত্রই ভাহার প্রমাণ। অভএব শাস্ত্র

বিধানামুসারে, যাহা উক্ত বা শাস্ত্রসঙ্গত, তাহা জানিয়া নিজ অধিকারামুরণ কর্ম্মে প্রবৃত্ত হও। গী: ১৬।২৩-২৪

১৩) গণিড, পদার্থবিক্তা, রসায়ন প্রভৃতি ব্যাবহারিক শান্তগুলিও কি চিরবর্ত্তমান ?

8২। সংশয় প্রবণ চিত্তে সন্দেহ জাগিয়া ওঠে যে, বেদ ও তাহার পদাহণ শাস্ত্রদকল—না হয় অধ্যাত্ম ও সাধনশাস্ত্র বলিয়া চির বর্তমান স্বীকার করা গেল। কিন্তু গণিত, পদার্থবিছা, রসায়ন বিছা (chemistry) প্রভৃতি ব্যাবহাারক শাস্ত্রগণও কি চিরবিছ্যমান এবং আমাদের ক্রমাণ্ডের নিদর্শনে, উহারাও কি অ্যান্ড অগণ্য ক্রমাণ্ডে বর্তমান আছে ?

প্রথমতঃ বলি যে, বেদ ও তাহার পদাহণ শাস্ত্রদকল, যে কেবল অধ্যাত্ম ও সাধন শান্ত্র, তাহা মনে করা ভুল। জগদ্বিধারণের ও বৈচিত্র্যপূর্ণ জগতের অসংখ্য স্থাবর-জঙ্গমাদির--মর্য্যাদারক্ষণ ও নিয়ন্ত্রণের জন্ত, যে যে নিয়ম প্রয়োজন —ফাহা "ঋত" নামে কথিত—সে সমৃদায়ই বেদের ও ভাহার পদাহণ শাস্ত্রদকলের অস্তর্ভুক্ত। স্বতরাং যাহাদিগকে আমরা ''ব্যাবহারিক'' শাস্ত্র বলি, সে দকলে যদি উক্ত নিয়মপরম্পরায়—অন্তিত্বের পরিচয় পাই, তাহা হইলে, তাহারাও যে বেদ ও তৎপদানুগ শাস্ত্রসকলের ন্যায় চিরবর্ত্নান ও আমাদের ব্রহ্মাণ্ডের তায়, অত্যাত্ত অগণ্য ব্রহ্মাণ্ডে বর্ত্তমান থাকিবে, ভাহার কথা কি? পূর্ম্বের আলোচনায় আমরা বুঝিয়াছি যে, বিভিন্ন ব্রহ্মাঞ্চ—বিভিন্ন সাজ-সজ্জায় বৈচিত্ত্যপূর্ণ ररेटा नाधावण ভाবে, উरावा ममश्रक्षिक। উराटमव यून छे भागान मर्द्धारे প্রকৃতির ভাণ্ডার হইতে গৃহীত। চিদণুর ক্মরণ বা "ক্মোতিষাং জ্যোতিঃ" হইতে নি:স্ত জ্যোতি:প্রবাহ—আমাদের বন্ধাণ্ডের ন্যায়, অন্তান্ত সমুদায় বন্ধাণ্ড অভিব্যক্ত করে। আমাদের ব্রহ্মাণ্ডে যেমন জীবের সমষ্টি ও ব্যষ্টি কর্মফল—বৈচিত্র্য স্ষ্টির মূলে, অন্যান্ত অগণ্য ব্রহ্মাণ্ডেও তাই। স্বতরাং যে অমোঘ নিয়মপরম্পরা খামাদের ব্রহ্মাণে বর্ত্তমান ও ক্রিয়াশীল, ভাহা খ্যান্ত খগণ্য ব্রহ্মাণেও বর্ত্তমান ও ক্রিয়াশীল—এ অনুমান যুক্তি ও ন্যায়দঙ্গত। অবশ্রই পরিস্থিতির ইতর বিশেষের জন্ম একই নিয়ম যথাযোগ্য ভাবে, কিছু কিছু পরিবর্ত্তন হইলেও, আসলে কোন ভেদ নাই। এই পরিবর্ত্তন—দেবপ্রতিমার সাজসজ্জার ধারা বৈচিত্রাসম্পাদনের ত্যায় গৌণ। পৃথক্ পৃথক্ কয়েকটি দৃষ্টাস্ত দিয়া বিশদ্ করিবার চেষ্টা করি।

(ক) গণিত:—বিশুদ্ধ (Pure) এবং মিশ্র (Mixed) ভেদে গণিত প্রধাণত: দ্বিধি। ইহাদের মধ্যে বিশুদ্ধ গণিত—মানব মনের গভীর চিস্তার,

যুক্তির, ক্যায়ানুগ বিচারের ও গিদ্ধান্তের—বস্তুতাস্ত্রিক ফল। যে কোন স্ষ্টিতে, যে কোনও ব্রহ্মাণ্ডে, যে কোন কালে, যদি মানবের স্থায় মন:—বুদ্ধিসম্পন্ন, মননশীল জীব থাকেন, তিনি দেব-নর-যক্ষ-রক্ষ-গন্ধর্ব-দৈত্য-অহুর—যে কোন যুর্ত্তিধারী হউন্ না কেন, মানবের ন্যায় গভীর চিস্তার, যুক্তির, বিচারের ও সিদ্ধান্তের আশ্রয় नरेल, विखन्न गणिएजत माकार भारेरवन-रेश आमारमत बन्नारखत निमर्गन সহজ্বেই গ্রহণ করিতে পারে। মন ত সর্বত্ত চিরবর্ত্তমান। বেদ, বেদাহুগ শাস্ত্রদকল—ভগবানের অন্মগ্রহে স্ষষ্টিকর্ত্তার মনঃ হইতেই অভিব্যক্ত—ইহা আমরা বুঝিয়াছি। ব্রহ্মার মন-সমষ্টিমন:। সমষ্টি ও ব্যষ্টির মধ্যে পরিমাণগত ভেদ থাকিতে পারে, তত্ততঃ কোন ভেদ নাই। আমাদের ব্রহ্মাণ্ডে যেমন ব্রহ্মা অগণ্য ব্রন্ধাণ্ডেও সেইরূপ অগণ্য স্ষ্টিকর্তা আছেন। স্'ষ্টকর্তা—অন্যান্য আমাদের ব্রন্ধাণ্ডের নিদর্শনে, ভাহাদিগকে ব্রন্ধা নামে পৃথক্ পৃথক্ পুরাণে কথিত হইয়া থাকে। স্বতরাং আমাদের ব্রহ্মাতে আমাদের চিস্তাধারা যে প্রকার, অন্ত বন্ধাতে আমাদের ভাষ মননশীল জীব বর্তমান থাকিলে, তাহার উচিন্তার ধারা আমাদের সমপ্রকৃতিক হইবে, তাহাতে সন্দেহ করিবার বিশেষ কারণ নাই। অবশ্যই সেধানকার পরিশ্বিতি ও বিভিন্ন পরিবেশের কারণ কিছু ইতর-বিশেষ শশুব—ইহা মনে রাখিতে হইবে।

উপরের আলোচনায় আমরা ব্ঝিয়াছি যে, ওঁকার—শব্দময় চিন্তার প্রতীক। সেই নিদর্শনে সমভাবে, বলিতে পারি যে, মানসিক চিন্তার গাণিতিক রূপও আছে। দৃষ্টান্ত স্বরূপ, বৃহদারণ্যক শ্রুতির বাসাস, (সাসায় স্থাতের আলোচনায়—সঙ্গ অন্তচ্চদে উদ্ধৃত) মন্তের গাণিতিক রূপ নিম্নের আক্রান্ত লিখিতে পারা যায়।

पृर्व + पृर्व = पृर्व, पृर्व = पृर्व, पृर्व × पृर्व = पृर्व, पृर्व ÷ पृर्व = पृर्व मृज ও অনস্ত চিরপূর্ব বিলয়া, উহাদের গাণিতিক রূপ নিমাকার :—

• + • = •, • - • = •, • × • = •, • ÷ • = •

অনস্ত + অনস্ত = অনস্ত, অনস্ত = অনস্ত, অনস্ত × অনস্ত = অনস্ত, অনস্ত ÷ অনস্ত = অনস্ত।

গণিতে অনস্কের সাম্বেতিক আকার এইরপ - ∞।
অতএব:--∞+∞=∞, ∞-∞=∞, ∞×∞=∞, ∞÷∞=∞
এই ভিত্তির উপর গণিতের সংখ্যা-লিখন প্রণালী প্রতিষ্ঠিত
যথা ১+১=২,১-১=০,১×১=১,১÷১=১

ইহা হইতে স্বতঃ সিদ্ধান্ত এই যে, "১" — পূর্ব নহে। এ কারণ ছান্দোগ্য প্রতির "সদেব সোম্য ইদমগ্র আসীদ্ একমেবাদিভীয়ন্" ভাষা মত্রে ব্যবহৃত 'একম্' পদ সংখ্যাবাচক নহে বলিয়া আচার্য্য শহর অর্থ করিয়াছেন।

উগরে যে কয়েকটি সংকেত লিখিত হইল, উহারা মানবীয় চিস্তার ব্যাবহারিক স্তরে গাণিতিক রূপ। আদি মানবের চিস্তার অভিব্যক্তি বলিয়া, উহারা অতি সহজ, সরল ও স্থথবোধ্য। মননশীল জীব মাত্রেরই মনে সমপ্রকৃতিক চিম্তার সঙ্গে, উহাদের জাগিয়া ওঠাই স্বাভাবিক। বহুবিস্কৃত, সহজ-তুরহ, নিম্ন-উচ্চ-অতি উচ্চ গণিত শাস্ত্রের মূলে উক্ত কয়েকটি সংকেত মাত্র।

মানবের ব্যাবহারিক জগতের জ্ঞানবৃদ্ধির সঙ্গে চতুঃপার্যন্থ বস্তজ্ঞাতের পরম্পরের সহিত পরম্পরের সম্বন্ধ, পরম্পরের উপর পরম্পরের ক্রিয়া ও প্রতিক্রিয়ার হেতু গণিত শাস্ত্র, বিবিধ নামে বিভিন্ন ভাষায়—পরিচিত হইরাছে। অক্যান্ত অগণ্য ব্রহ্মাণ্ডেও উপরোক্ত সম্বন্ধ ও ক্রিয়া—প্রতিক্রিয়া, তুল্যভাবে বর্ত্তমান, ইহা আমরা নিঃসন্দেহে অনুমান করিতে পারি। স্থতরাং সে সকল ব্রহ্মাণ্ডে মানবের ত্যায় মনঃ, বৃদ্ধি, ইন্দ্রিয়াদি সম্পন্ন জীব বর্ত্তমান থাকিলে, তাহাদের মধ্যে যে তুল্য প্রকৃতির গাণিতিক নিয়ম, তাহাদের প্রদন্ত গাণিতিক রূপে বর্ত্তমান থাকিবে, এ অনুমান সর্ব্বথা সঙ্গত। তাহাদের প্রদন্ত গাণিতিক রূপ, আমাদের প্রদন্ত রূপের সহিত সম্পূর্ণভাবে মিলিতে না পারে, কিন্তু তথ্যনির্দ্দেশ, যুক্তির স্বচ্ছতা, গভীরতা, দিদ্ধান্তের সত্যতা প্রভৃতি তুল্যভাবে সেথানেও বন্তর্থমান থাকিবে, ইহাতে সন্দেহ করিবার হেতু নাই।

ইহা গেল বিশুন্ধ গণিতের কথা। মিশ্রগণিতে—বেমন স্থিতি-বিজ্ঞান (Statics), গতিবিজ্ঞান (Dynamics), বারিবিজ্ঞান (Hydrostatics ও Hydrodynamics)—প্রভৃতির আলোচনা, বস্তুর সহিত বস্তুর, বস্তুর সহিত শক্তির সম্বন্ধ বিচারে ও নির্ণয়ে অভিব্যক্তি লাভ করে। উক্ত আলোচনা বিশুদ্ধ গণিতের উপর সম্পূর্ণ নির্ভর করে। বস্তু ও শক্তি আমাদের ব্রহ্মাণ্ডের স্থায়, অক্যান্ত অগণ্য ব্রহ্মাণ্ডেও বর্ভমান। স্থতরাং উহাদের সম্বন্ধে আলোচনা যে সেসকল ব্রহ্মাণ্ডের মননশীল জীববুনের পক্ষে সম্পূর্ণ সম্ভব, ইহা সহজেই বুঝা যায়।

(থ) পদার্থ বিত্যা—আমাদের ব্রহ্মাণ্ডে, আমাদের চারিপাশে অসংখ্য বিভিন্ন
পদার্থ বা বস্তু বর্ত্তমান। উহাদের বিশেষ বিশেষ প্রকৃতি ও পরস্পর সম্বদ্ধ—
পদার্থ বিত্যার অধিকারে। গণিত শাস্তের সহিত পদার্থ-বিত্যা বা পদার্থ-বিজ্ঞানের
সম্বদ্ধ অতি ঘনিষ্ঠ। ফলতঃ উচ্চগণিতের সাহায্য ইহার ব্রিবার পক্ষে
অপরিহাধ্য বলা যাইতে পারে।

দৃষ্টাস্ত স্বরূপ,—পদার্থ বা বস্তর বিভিন্ন নাম-রূপে অভিব্যক্তির মূলে উহাদের অতিস্ক্র পরমাণুর গঠনে, প্রোটন ও ইলেক্ট্রণের নাম করা যাইতে পারে। আধিভৌতিক বৈজ্ঞানিকগণ, নানা প্রকার পরীক্ষা ও গবেষণার মূলে সিদ্ধান্ত করিয়াছেন যে, প্রোটন ও ইলেক্ট্রণ—শক্তির অতিক্ষ্য আবর্ত্ত ও প্রবাহ মাত্র। প্রোটনের চারিদিকে ইলেক্ট্রণগণের আবর্ত্তন ও ঘূর্ণ্যনের হেতু পদার্থ গঠিত হয়। প্রোটন ও ইলেক্ট্রণ উভয়ই একই শক্তি হইতে অভিব্যক্ত বলিয়া—উহারা সকল পদার্থেই একপ্রকার। পদার্থের নানা প্রকার বিভিন্নভার কারণ, উহাদের প্রমাণু গঠণে প্রোটন ঘিরিয়া যে ইলেক্ট্রণগণ পরিভ্রমণ করে, তাহাদের সংখ্যা ও পরিভ্রমণবেশের ভারতম্য। উচ্চগণিতের দাহায্যে, প্রভ্যেক পদার্থের পরমাণু কতগুলি প্রোটন ও ইলেক্ট্রণ সহযোগে উৎপর—তাহা নিণীত হইয়াছে। কি পরিমান অচিন্তাশক্তি, একটি প্রোটনের চতুর্দ্দিকে, এই এক একটি ইলেক্ট্রণের আবর্তন, পরিভ্রমণ ও উহার নিয়ন্ত্রণে প্রয়োজন, পরমাণু বিধ্বংসনে— আনবিক বোমার আবিভারে—ভাহার পরিচয় সম্প্রতি আমরা পাইয়াছি। আমাদের ব্রহ্মাণ্ডের ন্যায় অন্যান্ত ব্রহ্মাণ্ডেও সমভাবে শক্তির খেলা চলিভেছে। সমভাবে সেখানেও প্রোটন-ইলেক্ট্রণের সহযোগে পদার্থের বিকাশ হইভেছে। সেখানেও সমভাবে পরমাণুর বিধ্বংসনে, অচিস্ত্যশক্তির আবির্ভাব, সেথানকার মননশীল জীব দর্শন করিয়া যে বিশ্বিত হইবে, তাহার কথা কি ?

(গ) রসায়ন শাস্ত:—এই শাস্ত—স্ববোর উপর দ্রব্যের ক্রিয়ার উপর প্রতিষ্ঠিত। দৃষ্টাস্তম্বরূপ (i) অক্সিজেন ও হাইড্রোজেন—জল অভিব্যক্ত করে, এবং তড়িৎ শক্তিপ্রয়োণে জল বিশ্লেষণ করিলে পুনরায় অক্সিজেন ও হাইড্রোজেন আঅপ্রকাশ করে। (ii) অক্সিজেন, হাইড্রোজেন ও গন্ধক উপযুক্ত মাত্রায় তাপ প্রয়োগে মিপ্রিত করিলে সালফিউরিক এাসিড—গন্ধক দ্রাবক নামে মহাদ্রাবক অভিব্যক্ত হয়। আরও দৃষ্টাস্ত দিয়া বাড়াইবার প্রয়োজন নাই। তথু লক্ষ্য করিতে হইবে যে, অক্সান্ত অগা্য রন্ধাওগণে, অক্সিজেন, হাইড্রোজেন, গন্ধকের অসদ্ভাব থাকিতে পারে না। আমাদের বন্ধাতের ক্রায় অক্যান্ত অগাণ্য বন্ধাতেও প্রকৃতির উপাদান ভাতার হইতে গঠিত—স্বতরাং আমাদের বন্ধাতেও বে সম্পার্র উপাদানের সাক্ষাৎ গাই, অক্সান্ত বন্ধাতেও সে সম্পার্রের সাক্ষাৎ মিলিবে, তাহাতে সন্দেহ নাই। স্পেক্ট্রেরাপ (Spectroscope) যন্ধ সাহায্যে বন্ধগতভাবে আমাদের পরিদৃশ্রমান অগণ্য তারকাবলীর কিরণ-বিশ্লেষণ করিয়া আধিভোতিক বৈজ্ঞানিকগণ সিদ্ধান্ত করিয়াছেন, উহাদের উপাদান ও আমাদের স্র্যোরও সে কারণ—আমাদের পৃথিবীর উপাদান তথ্যতঃ

অভিন্ন—পরিমাণগত ভিন্নতা থাকিতে পারে, তাহা অতি গৌণ ব্যাপার মাত্র। স্থতরাং রসায়ন শাস্ত্রও ঐ সকল ব্রহ্মাণ্ডের পরিস্থিতির ও পরিবেশের সহিত, সামঞ্জপ্ত রক্ষা করিয়া সে সকলে বর্ত্তমান থাকিবে, তাহাতে সন্দেহ নাই।

অন্তান্ত শাস্ত্র, যথা উদ্ভিদ্-বিত্যা, জীব-বিত্যা, খনিজ-বিত্যা প্রভৃতিতেও উক্ত
যুক্তি, বিচার ও সিদ্ধান্ত প্রযোজ্য। চিকিৎসা-বিত্যা—বর্ত্তমান আলোচ্যুক্ত
প্রদত্ত চিত্রে আয়ুর্বেদের অন্তর্ভুক্ত, ইহা সুস্পষ্ট। সঙ্গীতবিত্যা, চিত্রবিত্যা,
ভাস্কর্য্য, স্থাপত্য প্রভৃতি ৬৪ কলার অন্তর্ভুক্ত—গদ্ধবিবেদের ভিতর পড়ে।
যুদ্ধবিত্যা—ধন্মব্বেদের অন্তর্ভুক্ত। স্কভরাং মানব চিন্তান্ন যে সমুদান্ন শাস্ত্র-জ্ঞাদ্বিধারণের-রক্ষণের-পরিবর্ত্তনের উদ্দেশ্যে প্রকৃতিত হইয়াছে, সমুদান্নই বেদ ও
বেদান্থগ শাস্তের মধ্যে পড়ে, বুঝা গেল। এ সমুদান্ন শাস্ত্র অন্তর্যা পরিস্থিতির সহিত সামঞ্জন্ত রাথিয়া বর্ত্তমান থাকিবে, ইহার অনুমান স্থাপত।

80 । रेश ररेट जात এकि मन्नर यत जेनत हुत त्य, निर्दार्ति উদ্ধৃত বৃহদাঃ ২৷৪৷১০ মন্ত্রে শান্তগণের অভিব্যক্তি স্ষ্টির আদিতে পরমপুরুষের নি:খাস হইতে বলা হইয়াছে। ভাগবত ও তাহার সমর্থনে, ভগবানের অমুগ্রহে ব্রহ্মার মুখ হইতে শাস্ত্রাবির্ভাব বলিয়াছেন। যদি ইহা সত্য হয়, আধুনিক কালে মানব চিন্তার ফলস্বরূপ যে সমৃদায় শাস্ত্র বা তথ্য প্রকটিত হইয়াছে, সে সম্দায় শাস্ত্র ও বেদাদির ভায় চিরবর্জমান বলা কি প্রকারে সঙ্গত হয়? দৃষ্টান্ত দারা ইহা ব্ঝিবার চেষ্টা করিব। পৃথিবীর আকর্ষণ (মাধ্যাকর্ষণ) প্রথমে আমাদের দেশের জ্যোতির্বিদ ভাস্করাচার্য্য তাঁহার পিদ্ধান্ত শিরোমণি গ্রন্থে (১১৫০ খৃষ্টাব্দে) ভাষায় বর্ণনা করেন। নিউটন, তাহার প্রায় ৫০০ বংসর পরে তাঁহার Principia গ্রন্থে উহার বর্ণনা ও উহার ক্রিয়া সম্বন্ধে নিয়ম প্রচার করেন। মহাকর্ষণ ও মাধ্যাকর্ষণ পরস্পরের উপর ক্রিয়া করিবার ফলে, আমাদের পৃথিবী নিজ কক্ষণণে আবর্তন করিতে করিতে স্বর্য্যের চতুর্দ্দিকে প্রদক্ষিণ করিতেছে। স্বস্তান্ত গ্রহ-উপগ্রহ সম্বন্ধেও ঐ একই কথা। অন্যান্ত ব্রহ্মাণ্ডেও সেধানকার গ্রহ-উপগ্রহণণ সেধানকার স্র্য্যের চতুর্দিকে, আবর্ত্তন করিতে করিতে পরিভ্রমণ করিতেচে—এ অসুমান সঙ্গত, সন্দেহ নাই।

এখন প্রশ্ন এই যে, ভাস্করাচার্য্য বা নিউটন নিজ নিজ ভাষায় মাধ্যাকর্ষণ ও মহাকর্ষণের উল্লেখ করিবার পূর্ব্বে কি উহা বর্ত্তমান চিল না? তাহা নয়। উহা স্বাষ্টির আদি হইতে কর্তমান। উহার সম্বন্ধে ভপবানের অমোঘ নিয়ম চিরকাল কার্য্য করিতেছে।

মানুষ জানিত না বলিয়া, মহাকর্ষণ ও মাধ্যাকর্ষণের ক্রিয়া প্রতিহত ছিল না। তারপর, নিউটন উক্ত নিয়ম ও তাহার ক্রিয়ার যে বর্ণনা দিয়াছেন, তাহাই যে সত্য, তাহা মনে করিবার হেতু কি? অবশ্রুই উহা নানাপ্রকার জটিল প্রশ্নের মীমাংসা করিতে সমর্থ বটে। কিন্তু সম্প্রতি প্রসিদ্ধ গণিতজ্ঞ আইনস্টাইন, উহা ধ্রুব সত্য বলিয়া গ্রহণ করা যাইতে পারে না বলিয়া বিদ্ধংসমাজে প্রচারিত করিয়াছেন। আমাদের সে আলোচনার প্রয়োজন নাই। যাহা হউক, ব্ঝা গেল যে, মানুষ জানুক বা না জানুক, জগদ্বিধারণের যে সম্দায় নিয়ম বা যন্ত্র ক্রিয়াশীল থাকিয়া অনস্ত বিশ্বে অনস্তকোটী ব্রন্ধাণ্ডের ব্যাপার সম্পাদন করিতেছে, তাহারা স্প্রের আদি হইতে বর্তমান রহিয়াছে এবং অনস্তকাল বর্তমান থাকিবে। মানুষ উহাদের কয়টিরই বা সন্ধান পাইয়াছে। বিশ্বরহন্ত সম্জের অনস্ত বিস্তার বেলাভূমিতে বালুকাকণার ল্লায় অগণ্য। মানুষের সাধ্য কি যে, উহাদের সংখ্যা গণনা করিয়া শেষ করিতে পারে? যতই নৃতন নৃতন রহন্ত মানবের জ্ঞানগোচরে আসিতেছে, তওই তাহাদিগের পশ্চাতে স্ম্মতর নৃতন নৃতন বহন্ত মানবের জ্ঞানগোচরে আসিতেছে, তওই তাহাদিগের পশ্চাতে স্ম্মতর নৃতন নৃতন নৃতন রহস্তের ইন্সিত মানুষকে অগ্রসর হইবার জন্ত আহ্রান জানাইতেছে। দুষ্টাস্ত দিয়া গ্রন্থ বাহুল্যের প্রয়োজন নাই।

88। যান্থষের আবিক্বত বিশ্বরহস্ত কয়টি সম্বন্ধে, আরও ভাবিবার বিষয় আছে যে, ১।১।২।২ খ্রের আলোচনায় প্রদত্ত স্টিচিত্রে (অমুচ্ছেদ ১১৭) আমরা বৃঝিয়াছি যে, "জ্যোতিষাং জ্যোতিঃ" হইতে প্রস্ত শক্তি —আধিভৌতিক, আধ্যাত্মিক ও আধিদৈবিক—এই তিনভাবে ক্রিয়াশীলা হইয়া স্টি অভ্যিব্যক্তি করিয়া থাকে এবং উক্ত ত্রিবিধ ভাব—পরম্পরের অতি ঘনিষ্ট সম্বন্ধে, সম্বন্ধ, মান্থষের আবিক্ষার—মাত্র উক্ত তিন ভাবের মধ্যে তথু আধিভৌতিক ভাবের সহিত সম্পর্কয়্ত, অহা হই ভাবের সহিত কোন পরিচয় আধিভৌতিক বিজ্ঞানিকগণের নাই। তবে, বর্ত্তমানে উক্ত বৈজ্ঞানিকগণের মনে চিন্তার উদয় হইয়াছে যে, আধিভৌতিক তথ্য সকলের পশ্চাতে এক মননশীল মহা সত্যা বর্ত্তমান থাকিয়া, উহাদিগকে পরিচালন ও নিয়য়ণ করিতেছেন, ইহা আশার কথা সন্দেহ নাই। (দেখ ১।১।২।২ স্ত্রের আলোচনায় ৮৫।০০ অনুচ্ছেদ)। হয়ত অদ্র ভবিস্ততে তাহাদের পরীক্ষা ও গবেষণা, আধ্যাত্মিক ও আধিদৈবিক ক্ষেত্রেও ক্রিয়াশীল হইয়া, বিশ্বরহস্তের সর্বত্যাম্থী শক্তির পরিচয় পাইবেন।

১৪) জগদ্বিধারণের নিয়ম বা যন্ত্র সর্বত্ত একই।

৪৫। উপরে ৪৩ অনুচ্ছেদে জগদ্বিধারণের নিয়ম বা মন্ত্র শকলের উল্লেখ করা হইয়াছে। উক্ত নিয়ম বা মন্ত্র কি শুধু কথার কথা, অথবা উহাদের বস্তুগত অন্তিত্ব আছে? ইহার উত্তর এই যে, যথন অনস্ত বিশ্বে অগণ্য ব্রহ্মাণ্ড বর্ত্তমান ও তাহারা পরস্পরের অবিরোধে, নিজের নিজের বিশেষ বিশেষ পরিবেশের মধ্যে সাষ্টাঙ্গ অবলুর্গনে প্রণিপাত করিতে করিতে, বিশের—কেন্দ্রস্থ পরম পুরুষ—"জ্যোতিষাং জ্যোতিঃ"—চিদ্যু—ভগবানকে প্রদক্ষিণ করিতেছে, তথন তাহারা ভগবানের অমোঘ নিয়ম মানিয়া চলিতেছে বৈ কি। কঠ শ্রুতি ২০০০ মত্ত্রে বলিতেছেন:—

ভয়াদস্যাগ্নিস্তপতি ভয়াত্তপতি সূর্য্যঃ। ভয়াদিক্র*চ বায়ু*চ মৃত্যুধ বিতি পঞ্চমঃ॥ কঠ ২.৩,৩

ইহার ভয়ে অগ্নি-সূর্য্য তাপ প্রদান করেন। ইন্দ্র-বায়্-মৃত্যুও ইহার ভয়ে নিজ নিজ কর্তব্যে ধাবমান হন। কঠ ২।৬।৩

ইহার পূর্বের মন্ত্রেই উক্ত শ্রুতি—উক্ত মহা সন্থা সম্বন্ধে বলিতেছেন :—

"মহদ্ভয়ং বজ্রমৃত্ততন্"—কঠোর উত্তত দণ্ড, মহদ্ভয় উৎপাদনে সমর্থ প্রভুর পর্যাবেক্ষণে—স্ব স্ব কার্য্যে নিরত ভূত্যগণের ক্যায় অগণ্য ব্রহ্মাণ্ডের আধিভৌতিক,-আধ্যাত্মিক, আধিদৈবিক—দেবতাগণ স্ব স্ব ব্যাপারে তৎপর। কোনও ব্যতিক্রম নাই। স্বতরাং জগদ্বিধারণের বস্তগত নিয়ম আছে, সন্দেহ নাই। এই নিয়ম বা মন্ত্রসকল যে ভাষায় লিখিত, তাহা কোন বিশেষ ব্রহ্মাণ্ডের কোন মননশীল জীবের বিশেষ ভাষা নয়। ইহা সমগ্র বিশের অগণ্য ব্রহ্মাণ্ডের সাধারণ এ ভাষা পরমতত্ত্বের বা ভগবানের শবস্তবে অভিব্যক্তি হইতে প্রকটিত। ইহার আলোচনা বর্ত্তমান আলোচ্য প্রত্তের ৩০-৩১-৩২-৩৩ অনুচ্ছেদে বিস্তারিত ভাবে করিয়াছি—এথানে আর বিস্তারের প্রয়োজন নাই। এই ভাষার অতি সৃশ্ব কেন্দ্রীভূত মৃতি বা বীজ—"ওঁম্"। আমরা, আমাদের ভাষায় উদাত্ত-অন্নদাত্ত-স্বরিত—সা-রে-গা-মা-পা-ধা-নি স্বরের সহিত পরিচিত। "ওঁম" এ সমৃদায়কে ক্রোড়ীক্বত করিয়া, উহাদের উপরে ও নীচে অনস্ত বৈচিত্রাময়— অগণ্য ব্রহ্মাণ্ডের উপযোগী, অনস্ত প্রকার স্বর-সন্তার আত্মন্থ করিয়া, অগণ্য ব্রহ্মাণ্ডের সাধারণ ভাষার বীন্ধরূপে সর্বত্ত বর্ত্তমান। উক্ত নিয়ম বা মন্ত্র সকল "ওঁন্" বীজ হইতে সম্ভূত শাস্ত্র সকলে নিবন্ধ থাকিয়া জগদ্বিধারণ, পরিচালন, সংবর্দ্ধন ও নিয়ন্ত্রণ করিতেছে। আমরা "ওঁম্" কারের রণন্—ঝংকার—আমাদের চতুর্দিকে পবন স্থননে, মেঘগর্জনে, অশনি নির্ঘোষে, সাগর উচ্ছাুুুেম, নদীর কল্কলে, বিহঙ্গের সঙ্গীতে, বীণার নিক্ণে প্রভৃতিতে শুনিতে পাই। ব্রহ্মাণ্ডেও তথাকার অধিবাসিগণও সেইরূপ অথবা ভাহাদের অ্যান্য

रैक्षिश्रमांक ও रेक्षिश-मःश्रा आमारमत व्यापका विमी शरेरन, व्यात्र पिनिष्ठेजार जिनिरात, रेशार्फ मरमार कित्रवात राष्ट्र नारे।

৪৬। আমরা, এই পৃথিবীতেই দেখিতে পাই যে, একই তথ্য, বিভিন্ন দেশে বিভিন্ন ভাষায় দিখিত, পঠিত, কথিত হইয়া থাকে। সেইরূপ বিশ্বে আগণ্য ব্রহ্মাণ্ডে একই নিয়ম বা মন্ত্র—ভক্তৎ ব্রহ্মাণ্ডের উপযোগী ও ব্যবহৃত্ত বিভিন্ন ভাষায় রচিত, লিখিত, পঠিত ও কথিত হইয়া থাকে। সম্দায়ের বীজ "ওম্"। আধিভোতিক ক্ষেত্রে—উহা জগদ্বীজ—উহা হইতেই অগণ্য ব্রহ্মাণ্ড প্রকটিত। যেমন উষর ক্ষেত্রে পতিত বৃহৎ মহীক্ষহের বীজ হইতে, কোনও প্রকারে অঙ্কর উৎপন্ন হইয়া, প্রয়োজন মত রুস প্রভৃতির অভাবে বৃহৎ বৃক্ষ জন্মাইতে পারে না। অন্তপক্ষে দেই একই বীজ উর্বর ক্ষেত্রে পতিত হইয়া প্রয়োজন মত রুস প্রভৃতির আধিভোতিক ক্ষেত্রে—ক্ষেত্রের প্রকৃতি করিতে সমর্থ হয়, সেইরূপ ওঁকার আধিভোতিক ক্ষেত্রে—ক্ষেত্রের প্রকৃতি অনুসারে ক্ষ্ত্র-বৃহৎ বৃক্ষাও অভিব্যক্তির কারণ হইয়া খাকে।

স্বাবার ওঁকার শাস্ত্রবীজন্ত বটে। স্বাধ্যাত্মিক ক্ষেত্রেও তুল্যরূপে কার্য্য করিয়া, একই নিয়ম, একই মন্ত্র, একই তথ্য—বিভিন্ন ব্রহ্মাণ্ডে তথাকার ভাষায় স্বভিব্যক্ত করে। স্বাধিদৈবিক ক্ষেত্রেও তুলারূপে তত্তৎ ব্রহ্মাণ্ডের পরিচালক দেবভাগণের স্বভিব্যক্তি ও তাঁহাদের প্রত্যেকের নির্দ্দিষ্ট কর্ত্ব্য সম্পাদনে তৎপর করিয়া থাকে।

১৫) ব্রক্ষ-পরমাত্মা-ভগবান, কি শান্ত্র-প্রমাণের বিষয় ?

89। শাস্ত্র সম্বন্ধে অনেক কথা বলা হইল। পরমতত্ত্ব আত্মমরূপ হইতে শাস্ত্র অভিব্যক্ত করিলেন এবং শাস্ত্রসকল চিরবর্ত্তমান; জগদ্বিধারণের—রক্ষণের—সংবর্জনের—পরিচালনের—নিয়ন্ত্রণের-নিয়ম বা মন্ত্রসকলে শাস্ত্রে নিহিত এবং সাধারণভাবে, উহারা বিশের প্রগণ্য ব্রহ্মাণ্ডে সমপ্রকৃতিক—ইহা বুঝা গেল। এখন প্রশ্ন হইতেছে যে, শাস্ত্রসকল কি ব্রহ্ম—পরমাত্মা—ভগবানকে প্রমাণের বিষয় করিতে পারে?

ইহার উত্তর অতি সংক্ষেপে ১।১।২।২ স্থ্রের আলোচনার ৫৮ অমুচ্ছেদে দেওয়া হইয়াছে। যখন পরমতত্ত্ব বা ভগবান সমৃদায় স্বষ্টি ও তদস্তভুক্তি অগণ্য ব্রহ্মাণ্ড আত্মন্থ করিয়া নিজের, নিগুণ, নির্কিশেষ, অনিদ্বেশ্য স্বরূপে বর্ত্তমান থাকেন, তখন গুণবৃত্তি-বিশিষ্ট আমাদের ব্রহ্মাণ্ডের শ্রুতিগণ এবং সেকারণ শ্রুতিগণের অমুগামী শাস্থগণ, তাঁহার নির্দেশ দিতে বা তাঁহাকে প্রমাণ করিছে পারে না। অন্ত কথায় তথন তাহারা তাঁহাতে প্রযোজ্য নহে। কিন্তু যথন তিনি বেচ্ছায় আপনার—সত্য-জ্ঞানানস্তানন্দমাত্রৈক-রসম্বরূপ, সমগ্রভাবে অনুপ্ত রাথিয়াই মায়াশক্তি অঙ্গীকার করিয়া বিশ্বস্থির অভিব্যক্তি করেন, তথনই শ্রুতিগণ এবং সে—কারণ তদমুগামী শাস্ত্রগণ তাঁহাকে প্রতিপাদন করিতে সমর্থ হয়। তাগঃ ১০৮৭।১০

৪৮। পূর্বের বলিয়াছি, আবার এখানেও বলি যে, পরমতত্ত্বে নির্বিবশেষ-সবিশেষ, নির্গুণ-সপ্তণভাব সমকালে, অবিরোধে, একাধারে বর্ত্তমান। আরও বলিয়াছি যে, সমগ্র স্টির এককালে ধ্বংস কল্পনা সম্ভব নহে, কেননা, ভাহা হইলে, ''জ্যোতিষাং জ্যোতিঃ"র জ্যোতিঃ ক্তুরণের বা চিদণুর ক্তুরণের বিলোপ-সম্ভাবনা উপস্থিত হয়। তাহা সম্ভব নয়। একারণ শ্রুতিগণ ও তদফুগামী भाज्यभा जगवानत्क প্রতিপাদন করিতে সমর্থ। এই সামর্থ্য, জীবকল্যাণের জन्म ভগবান্ কর্তৃ ক প্রদত্ত। লক্ষ্য করিতে হইবে যে, যদি নির্বিশেষ-সবিশেষ, নিগুণ-সপ্তণ উভয়ের উভয়ত্ব থাকিত-অন্ত কথায় কিছুমাত্র ভেদ থাকিত, তাহা হইলে #তিগণের ও তদমুগামী শাস্ত্রগণের—আনর্থক্য প্রসঙ্গ সম্ভব হইত। উক্ত উভয়ভাবে নির্দেশ—আমাদের বৃদ্ধির ক্রিয়ামাত্র—উহা পরম-তত্ত্ব বা ভগবানে প্রযোজ্য নহে। যথন তিনি সমৃদায় আত্মন্থ করিয়া—চিদণুরূপে নিজ স্বরূপে বর্ত্তমান—তথনও তিনি যেমন "সত্য-জ্ঞানানস্তানন্দমাত্রৈক-শ্বসম্বরূপ"—ভগবান্, স্ষ্টিতে মায়ার সহিত ক্রীড়াশীল যথন, তখনও তেমন ''দভ্য-জ্ঞানানস্তানন্দ-মাত্রৈক-রুসস্বরূপ' ভগবান্। স্বভরাং শ্রুতি বা তদস্থামী শাস্ত্রসকলের প্রতিপাদকত্ব সর্ববিক্ষতেই বর্ত্তমান। অতএব বুঝা গেল যে, স্বরূপগভভাবে শাস্ত্র ভগবানকে প্রমাণের বিষয় করিতে পারে না—তথন ডিনি অপ্রমেয় (গী: ১:18২, ভাগবত ১০।২৯।১৩।) কিন্ত সৃষ্টিগতভাবে তিনি শাস্ত্র প্রতিপাত (ভাগ: ১০৮৭।১৩)। আমাদের কারবার স্ষ্টিগতভাবে প্রভিষ্ঠ এবং সম সময়ে নিজম্বরূপ হইতে অচ্যত—ব্রহ্ম-পর্মাত্মা-ভগবানের সহিত। স্থতরাং শাস্ত্র আমাদের অপরিহার্য্য উপজীব্য ।

যে আলোচনা করা হইল, তাহা আমাদের ব্রহ্মাণ্ডের নিদর্শনে। অক্সান্ত অগণ্য ব্রহ্মাণ্ডেও উহা তুল্যভাবে প্রযোজ্য। বিভিন্ন প্রকার হইবার হেত্ করনা করা যায় না।

১৬) শাল্প পরমতত্ত্বে প্রতিপাদক হইলেও, তাঁহার—কি সমগ্র নির্দ্ধেশ দিতে সমর্থ ?

৪৯। উপরের আলোচনা হইতে বুঝা গেল যে; বেদ ও বেদাহগামী শাস্ত্রদকল ভগবানের বা পরমতত্ত্বের প্রতিপাদক। ইহাতে প্রশ্ন উঠে যে,

উহারা প্রতিপাদক হইলেও কি তাঁহার সমগ্র নির্দেশ দিতে সমর্থ। নিদ্দেশেক তুটি পদা শাল্মে পরিচিত। একটি বিধিমৃথে, অপরটি নিষেধমৃথে। পরমতত্ত সমকালে চিদ্পু—''অণোরণীয়ান্''—ও অনস্ত—''মহতো মহীয়ান্" (খেতাঃ ৩।২০)। বিধিমুখে তাঁহার নির্দ্ধেশ সম্ভব নহে, ইহা স্ক্রম্পষ্ট। এজন্ত শ্রুতি নিষেধমূথে—''নেতি নেতি"—ইহা নয়, ইহা নয়—বলিয়া সমৃদায় অপলাপ করতঃ, তাঁহার কথঞিৎ নির্দেশের প্রয়াস করিয়াছেন (বুহদারণ্যক ২।৩।৬)। ভগবান স্ত্রকার শ্রুতির পদান্ত্রগরণ পূর্বক—"প্রকৃতৈতাবত্বং হি প্রতিষেধতি ততো ব্রবীতি চ ভূয়: " সূত্র তা২।২২ প্রণয়ন করিয়া—"নেতি নেতি" #তির তাৎপর্য্য বিবৃত করিয়াছেন। (যথা স্থানে দ্রষ্টব্য)। এখানে এইটুকু মাত্র বলিয়া কর্ত্তব্য সমাধান করি যে, প্রস্তাবিত যাহা কিছু তাঁহাতে আমর। আরোপ করিয়া থাকি, তিনি সে সকল বটে, কিন্তু তাহার বাহিরে অনেক কিছু রহিয়া গেল। এই অনেক কিছু প্রস্তাবিত আরোপেয়—অনস্ত গুণ। স্বতরাং নিষেধমুখেও তাঁহাকে প্রকাশ করা অশস্তব। ভাগবত ১০।৮৭।৩৬ **লোকে (নিমে উদ্ধৃত) বলিতেছেন "**যচ্ছ ভুম্ম স্বয়ি হি ফলন্তি অতন্নিরসনেন ভবন্নিধনাঃ"—অতএব শ্রুতিগণ আপনাতে পর্য্যবসানরূপে "তন্ন তন্ন" করিয়া আপনাতেই ফলবতী হয়।

৫০। উপরে ৪৭ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, শ্রুতিগণ ও তদনুগ শাস্ত্রগণ—নির্বিশেষ—নির্গুণ—পরমতত্বে পৌহুচিতে পারে না। যথন পরমতত্ব নিজের ইচ্ছায় মায়ার সাহচর্য্যে সৃষ্টি ও স্থিতিমূলক ক্রীড়ায় প্রবৃত্ত হন, অর্থাৎ নির্বিশেষ-নির্গুণ ভাব সংবরণ করিয়া সবিশেষ-সগুণভাব অঙ্গীকার করেন, তথনই বেদ ও বেদানুগ শাস্ত্রগণ তাঁহাকে প্রতিপাদন করিতে সমর্থ হয়। কিন্তু প্রতিপাদন করিতে সমর্থ হইলেও কি সমগ্র নির্দ্দেশ দিতে পারে, ইহাই প্রশ্ন। এ সম্পর্কে ভাগবতের নিয়োদ্ধত শ্লোকগৃটির বিশেষ আলোকপাত করিয়া প্রশ্নটির উত্তর দিতেছে।

তথাপি ভূমন্। মহিমাইগুণস্ত তে বিবাদ্ধ্ মহত্যমলান্তরাত্মভিঃ। অবিক্রিয়াৎ স্বান্ধ্ ভবাদরূপতো হানস্তবোধ্যাত্মত্যা ন চান্তথা॥

ভাগঃ ১০।১৪৬

গুণাত্মনত্তেহপি গুণান্ বিমাতৃং হিডাবতীর্ণস্ত ক ঈশিরেহস্ত। কালেন যৈর্ববা বিমিতাঃ স্ত্রকল্পৈভূ'পাংসবঃ খে মিহিকা ত্যভাসঃ ॥

ভাগঃ ১০১৪।৭

শ্রীধর স্বামিপাদ টীকার ভূমিকায় বলিয়াছেন :—"এবং তাবৎ সগুণ নিশুণিয়ো-কভয়োরপি জ্ঞানং তুর্ঘটমেব ইভি—তৎকথাশ্রবণেনৈব ত্বংপ্রাপ্তি: নাম্যুপা ইত্যুক্তম্। ইদানীং যদি উভয়োরবিশেষেণ তুজ্জে মুত্মমূক্তম্, তথাপি গুণাতীতশু তব জ্ঞানং কথঞিদ্ ভবেৎ, ন তু সগুণশু তব, অচিন্ত্যানস্তগ্রাদিতি স্তৌতি শ্লোক্ষয়েন।"

ভগবানের স্বগুণ বা নিগুণ যে কোনও ভাবই হউক, উভয়েরই জ্ঞান চুর্ঘট।
একারণ ভগবৎকথা শ্রবণ হইতেই ভৎপ্রাপ্তি হয়, অন্তথা অসম্ভব। বর্তমান
১০।১৪।৬-৭ শ্লোকপ্বয়ে বলিভেছেন যে, ভগবানের গুণাভীত ভাবের জ্ঞান
কথিকিৎ হওয়া সম্ভব হইতেও পারে। কিন্তু সগুণ ভাবের জ্ঞান সম্ভব নহে—
কেননা—ভাঁহার গুণ অচিস্তা ও অনন্ত। ইহা ভূমিকা। শ্লোক চুটির সরল
অর্থ:—হে অপরিচ্ছিন্ন! যদিও তোমার সগুণ নিগুণ ভাব উভয়ই সবিশেষে
দক্তের্ম, তথাপি প্রত্যাহ্বত ইন্দ্রিয় সকল হইতে উদ্ধৃত অস্তঃকরণের —সাত্মাকার
প্রাপ্তি হইলে, অগুণের মহিমা জ্ঞানগোচর হওয়া সম্ভব—কেননা তুমিও সেকারণ
তোমার মহিমা স্বপ্রকাশ—উহার প্রকাশের কোনও ব্যভিচার—কোনও কালে
নাই। অস্তঃকরণের মলিনতা অপগমে উহার হৈথ্য সম্পাদিত হইলেই উহা
স্বতঃ উদ্ভাসিত হইয়া থাকে। উক্ত উদ্ভাসন কোনও ক্রিয়ার ফলস্বরূপ
নহে। ১০।১৪।৬

কিন্ত তোমার অচিন্ত্য ও অনন্ত গুণবন্ধাহেতু, সগুণভাব কি প্রকারে জ্ঞানের বিষয় হওয়া সন্তব ? এমন কি যখন তুমি জগতের কল্যাণ বিধানের জন্ত নরমূর্ত্তি গ্রহণে আবিভূতি হও, তখনও ভোমার গুণের বিশেষ বিবরণ দূরে থাকুক, উহা এত পরিমাণ বলিয়া গণনা করিতেই বা কোন্ ব্যক্তি সমর্থ হইবে ? যে সকল নিপুণ ব্যক্তি, বছ জন্ম, বছ কালে ভূমির পরমাণ, আকাশের হিমকণা ও নক্ষত্রগণের কিরণকণা গণনা করিবার স্পর্কা রাখেন, তাঁহারাও আপনার: অনস্ত গুণ গণনায় সমর্থ নহেন। ১০1১৪। গ

৫১। স্থতরাং শ্রুতিগণের ও তাহাদের অনুগামী শান্ত্রগণের প্রতিপাদকত্ব—পরমতত্বের কথঞ্চিৎ নির্দেশে সার্থকতা লাভ করে। এই কথঞ্চিৎ নির্দেশের উপর ভিত্তিস্থাপন করিয়া, শ্রুতি ও তদমুগামী শান্ত্রগণ মানবের নিঃশ্রেয়স্ প্রাপ্তির জন্ম "সংরাধন" অনুষ্ঠানের উপদেশ বিধিবদ্ধ করিয়াছেন—এই অনুষ্ঠান—তাঁহার নাম ও লীলা "শ্রবণং-কীর্ত্রনং-ম্মরণং-পাদসেবনং-অর্চনং-বন্দনং-দাস্থং-স্বাং-আত্মনিকেদন্দ্" (ভাগবত ৭।৫।১৮) রূপ নবাঙ্গ আনুষ্ঠানিক ভক্তি সাধন। ইহার প্রতি লক্ষ্য করিয়া শ্রীধর স্বামীপাদ উপরে উদ্ধৃত ভাগবতের ১০।১৪।৬-৭ ক্ষোকের টিকার ভূমিকায় "ত্বংকথাশ্রবণেন—ত্বৎপ্রাপ্তিং নাক্রথা" বাক্যাংশে

সাধন পথে ভ্রমণে উন্মৃথ জীবকে উক্ত নবান্ধ অনুষ্ঠানের প্রথমান্ধ "শ্রবণের"—
উল্লেখ করিয়া বুঝাইলেন যে, আরম্ভকারী উহার যথাযথ অনুষ্ঠান
করিলে, সাধনের অক্যান্ত অন্ধগুলি, যথাসময়ে আপনাপনিই প্রকৃটিভ
হইবে।

হে। কঠশ্রুতির সাহাহহ মন্ত্র সালাচিনার ৫২ অন্তচ্ছেদে উদ্ধৃত হইয়াছে। উক্ত মন্ত্রের একাংশ হইতেছে "তল্পৈষ আত্মা বির্ণুতে তক্ত্বং স্বাম্"—যাহাকে এই আত্মা বা ভগবান্ বা পরমতত্ব, উপষ্কু অধিকারী বলিয়া মনে করেন, তাহার নিকট নিজ স্বরূপ প্রকটিত করেন। কিন্তু স্বরূপ প্রকাশ করিলেই কি উক্ত অধিকারী তাহার স্বরূপ বৃঝিতে পারে? অর্জুন ত অতি উচ্চ অধিকারী ছিলেন। নরবপৃংধারী পরব্রহ্ম "বিহার শয্যাসন ভোজনেয়" (গীতা ১৯৪২) নির্জ্জনে নর্মালাপে, প্রাকৃত সমবয়য় সথার স্থায়, অর্জুনের দ্বারা অবহসিত, কথনও বা তিরম্বত, কথনও বা নিক্রেইর গ্রায় ব্যবহৃত (গীঃ ১৯৪২) হইয়াছিলেন, সেই অতি উচ্চ অধিকারী অর্জুনও কি যতক্ষণ না ভগবান্ অন্তগ্রহ করিয়া দিবাচক্ষুং দান করিয়াছিলেন (গীঃ ১৯৮), তাঁহার সমক্ষে প্রকটিত ভগবানের বিশ্বরূপ দর্শনে সমর্থ হইয়াছিলেন? তাঁহার দর্শন বা স্বরূপ জ্ঞান—তাঁহার করণার উপরই নির্ভর করে। গীতায় ১৯৪২ শ্লোকে অপ্রথময়ম্" বলিয়া ম্পষ্টতঃ নির্দেশ করায়, তিনি যে সমগ্রভাবে শাস্তপ্রমাণের বিষয় নহেন, বলা হইল। শাস্ত্র তাঁহার এক এক দেশের পরিচয় দিয়াই সার্থকতা লাভ করে।

ত্বং। তিনি শাস্ত্র প্রমাণের বিষয় না হইলেও, তিনি "বেগ্ন"। প্রমাণ গ্রহণ ও তাহা হইতে দিন্ধান্ত স্থাপন মন্তিকের (intellect) ক্রিয়া—বৃদ্ধির ব্যাপার। তাঁহার বেদন বৃদ্ধির দ্বারা সম্ভব নহে। "বেদন" অর্থ—অন্তর্ভূতি
—উহা আত্মস্বরূপ। অতএব তিনি "বেগ্ন" বলায়, বুঝান হইল মে, আত্মার নিজের স্বরূপান্তভূতি—ইহা আত্মান্বারা আত্মান্তভ্রন। ভাগবত ১।১।২ শ্লোকে বলিলেন,—"বেগ্রং বাস্তব বস্তমত্র শিবদম্"। এই বেদ বস্তুই বাস্তব বস্তু এবং ইহা "শিবদ"। এতদ্ভিন্ন অন্তান্ত পরিদৃশ্তমান বস্তুগণ বাস্তব বস্তু নয়, উহাদের প্রতীয়মান বাস্তবতা—উক্ত "বেগ্ন বাস্তব বস্তুর" অধিষ্ঠান হেতু। এই বাস্তব বস্তু স্থতঃ প্রকাশ। ইহা কোনও কর্মলভা নহে—ইহা শ্রীধর স্থামিপাদ ভাগবতের ১০।১৪।৬ শ্লোকের টীকায় বলিলেন, উক্ত উদ্ভাসন কোনও ক্রিয়ার ফলস্বরূপ নহে। তবে কি উপায়ে উহার স্বতঃ উদ্ভাসন প্রকৃতিভ হইতে পারে? ভাগবত বলিভেছেন:—

ত্বং ভক্তিযোগপরিভাবিতস্ত্রংসরোজ, আস্সে শ্রুতেক্ষিতপথো নত্ন নাথ পুংসাং। যদ্ যদ্ দ্ধিয়া ত উরুগায় বিভাবয়ন্তি, তত্তবপুঃ প্রণয়সে সদমুগ্রায়॥ ভাগঃ ৩।৯।১১

হে নাথ! ভক্তিযোগ দ্ধারা পরিশোধিত পুরুষগণের হৎপদ্ধে, ত্বদীয় কথা শ্রবণে সাধন পথ পরিদৃষ্ট হয়। এরপ হইলে, হে উরুগায়! (বহুরূপে যিনি স্তুত্ত হন), তুমি তাহাদের সেই হৃদয়-পদ্মে অধিষ্ঠান কর। তোমার রুপার কথা কি বলিব? তোমার ভক্তগণ শ্রবণ ব্যতীরেকেও স্বেচ্ছাক্রমে মনদ্বারা তোমার যে যে মৃত্তি কল্পনা করিয়া ধ্যান করেন, তুমি তাহাদের অনুগ্রহের জন্য সেই সেই রূপেই তাহাদের মানসচক্ষে প্রকৃতিত হও। ভাগঃ ৩১।১১

অতএব বুঝা গেল যে, ভগবান্ বুদ্ধিদারা "বেছা" নন, তিনি হাদয়ে "বেছা"—
তাঁহার বেদন—অমুভূতিজনিত স্পদন গ্রহণের জন্ম, ভক্তিষোগ দারা হাদয়কে
পরিশোধিত করা প্রয়োজন—দার্শনিক ভাষায়, উহা আত্মাকারে আকারিত
করা। ইহাই উপরে উদ্ধৃত ভাগবতের ১০।১৪।৬ শ্লোকে "অনন্য বোধ্যাত্মতয়া"
বাক্যাংশে কথিত হইয়াছে।

৫৩। ইহাতে আপত্তি উথাপিত হইতে পারে, ভক্তিযোগ দারা হৃদয়
পরিশোধিত করা কি কর্মের ফল নহে? যদি উহা মানব প্রচেষ্টার ফল হয়,
তবে ভগবানের বা আত্মার স্বরূপ প্রকাশ—কর্ম্মলভা নয় বলা হইল কেন? উহার
উত্তর এই যে, অগণ্য যোনিতে ভ্রমণ করিতে করিতে যে মল সাঞ্চত হইয়াছিল—
দেই মল অপসারণে মানব প্রচেষ্টার সার্থকতা। মল সঞ্চয় মানবের কর্মজনিত।
যাহা কর্মজনিত, কর্মদারা তাহার অপসারণ সঙ্গতই বটে। সেই মল নিরাক্বত
হইলেই, আত্মস্বরূপ বা ভগবৎ স্বরূপ স্বতঃ উদ্ভাসিত হইয়া থাকে। ইহা পূর্বেও
বলা হইয়াছে। ভগবান্ স্ত্রকার "অপি সংরাধনে প্রভ্যক্ষানুমানাভ্যাম"
তাহাহ৪ স্ত্রেইহার আলোচনাও বিচার করিয়াছেন। যথাস্থানে দ্রষ্টব্য।

ভগবান্ স্ত্রকার "সর্ব্বাপেকা চ যজ্ঞাদিশ্রেতরশ্ববং" ৩।৪।২৬ স্ত্রে দৃষ্টান্ত প্রয়োগ পূর্বক বুঝাইলেন যে, বিল্লা ভগবং-স্বরূপ উদ্ভাসনে সম্পূর্ণ নিরপেক্ষ হইলেও, শ্রুতিকৃথিত যজ্ঞাদি কর্মেরও অপেক্ষা আছে বুঝিতে হইবে। যেমন কোনও দূর প্রবাসী ব্যক্তি গৃহে শীঘ্র প্রভ্যাবত্তনের জন্ম অংশ আরোহণ করিয়া গৃহে ফিরিয়া আসেন, সেইরূপ। অর্থাৎ অশ্ব আরোহীকে ভাহার গৃহের বারদেশে পৌছাইয়া দিয়া—কর্ত্রব্য সমাধা করে। গৃহের ভিতর প্রবেশের ভাহার কোনও

অধিকার নাই। গৃহের বাহিরে আস্তাবলে থাকে। গৃহের ভোগ, স্থা, সাচ্ছন্দা, আরাম প্রভৃতির সহিত অথের কোনও সম্বন্ধ নাই। উহারা আরোহীর বা গৃহস্বামীর ভোগ্য—সেইরূপ সংরাধন রূপ কর্ম চিত্তের মলিনতা দূর করিবার জন্ম অভিপ্রেত মাত্র। উক্ত মলিনতা দূর হইলেই, আত্মজ্যোতি: স্বতঃ প্রকাশে স্থান আলোকিত করিয়া থাকে। স্বতরাং আপত্তির কোনও কারণ নাই। ভগবান্ প্রকারের প্র রচণার সমকালে অথই দূর গমনাগমনের জ্বতগামী যান ছিল। তথন রেলগাড়ী বা আকাশ-যান ছিল না। সে কারণ প্রকার—স্ত্রে অথের দৃষ্টান্ত দিয়াছেন।]

থয়। ভগবান্ বা পরতত্ত্ব যে প্রমাণের বিষয় নন, তাহা আমরা র্যাপ্রকারেও বুঝিতে পারি। কেনোপনিষৎ প্রারম্ভিক মত্রে বলিলেন যে, "ব্রহ্ম বা পরমাত্মা, আমাদের প্রোত্তের শ্রোত্ত, মনের মন, বাক্যের বাক্, প্রাণের প্রাণ, চক্ষুঃর চক্ষুঃ"—তার পরে কয়েকটি মত্রে বুঝাইলেন যে, বাক্য তাঁহাকে প্রকাশ করিতে পারে না, তাঁহার পরিচালনায় তাঁহার বিষয় ও অন্ত বিষয়ও বর্ণনা করে। মনঃ অর্থাৎ অন্তঃকরণ—(চিত্ত-মন-বুদ্ধি-অহঙ্কার) তাঁহাকে চিন্তায় ধরিতে পারে না, তাঁহার পরিচালনায় ক্রিয়াশীল হয়—ইত্যাদি। ইহা হইতে বুঝিতে পারা গেল যে, আমাদের অন্তঃ ও বহিঃ ইন্দ্রিয়গণ এবং প্রাণ সেই পরম তত্ত্বকে বিষয় করিতে পারে না। অন্ত পক্ষে, তাঁহার দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হইয়া স্বন্ধ ব্যাপারবান থাকে। ইহা হইতে স্পষ্ট দিদ্ধান্ত হইতেছে যে, আমাদের ইন্দ্রিয়গণ তাঁহাকে প্রমাণের বিষয় করিতে পারে না। কেনোপনিষদের এই মন্ত্রগুলির ভিত্তিতে ভাগবত বলিলেনঃ—

নমঃ প্রমাণমূলায় কবয়ে শাস্ত্রযোনয়ে। ভাগবত ১০।১৬।৪০

শ্রীধর স্বামি পাদ "প্রমাণ্যূলয়ে" পদের অর্থ করিলেন—চক্ষুরাদীনাং চক্ষুরাদিরপায়, অতএন কবয়ে—ম্বরং তিয়িরপেকতানায়।" উজ দ্লোকাংশের সরলার্থ:—আপনি প্রমাণ সম্হের মূল অর্থাৎ চক্ষুরাদি ইন্দ্রিয়গণের ও চক্ষুরাদি স্বরূপ, অতএব আপনি কবি—অর্থাৎ ইন্দ্রিয়াদি নিরপেক স্বতঃসিদ্ধ জ্ঞান স্বরূপ। আপনি শান্ত্রযোনি। আপনাকে নমস্কার। ১০1১৬।৪০

ইহাতে প্রশ্ন উঠে যে, উপরে কথিত কারণে, না হয়, প্রত্যক্ষ-অনুমান-ঐতিহ্য এই তিন লৌকিক প্রমাণ তাঁহাতে প্রযোজ্য হইতে পারে না বুঝা যায়। কিন্তু শ্রুতি ত তাঁহারই অন্তরে আত্মন্থ ছিল, ইহা অপৌক্ষেয়—ইহা প্রমাণ স্বরূপ গৃহীত হইবে না কেন? ইহার উত্তর এই যে শ্রুতি তাঁহার—নি:শাস হইতে অভিব্যক্ত বটে। কিন্তু উহা মানবীয় ভাষায় অভিব্যক্ত, দে কারণ আপেক্ষিক্তার অন্তর্ভুক্ত। উহা নিরপেক্ষ তত্তকে সমগ্রভাবে প্রকাশ করিবে কিরপে? উহা তাঁহার নির্দেশ কথকিং দিতে পারে বটে এবং সে কারণ তাঁহাকে প্রতিপাদন করিতেও কিছু সামর্থ্য রাথে বটে, কিন্তু ভাষার অক্ষমতা হেতু, উহার তত্ত্ব বহিঃ প্রকাশে ভাষার ক্রটি থাকিয়া যাইবেই। একারণ ৮রামক্বঞ্চ পরম্হংসদেব বলিয়াছেন যে, জগতে সম্দায় পদার্থ উচ্চিষ্ট হইয়াছে, কেবলমাত্র "ব্রহ্ম" উচ্চিষ্ট হন নাই। মৃথদ্বারা অন্তরে গ্রহণ এবং মৃথ হইতে বাহিরে ভ্যাগ করিলেই উচ্চিষ্ট হয়। পরমহংসদেবের অভিপ্রায় এই যে, ব্রহ্মতত্ব ভাষার দ্বারা—কেহ কথনও উপদেশ দিতে পারেন নাই ও পারিবেন না। এবং বাক্যের উপদেশে ব্রহ্মতত্ব কথনও কাহারও দ্বারা—অধিগত হইতে পারে নাই ও পারিবেন না।

৫৫। আচার্য্য শঙ্করদেব, তাঁহার শারীরক ভাষ্যে এ সম্বন্ধে একটি অভি স্থলর আখ্যান উল্লেখ করিয়াছেন। পুরাকালে বাহ্ব নামে একজন ব্রহ্মজ্ঞ মহর্ষি ছিলেন।

একজন জিজাস্থ তাঁহার নিকট উপস্থিত হইয়া বিণীতভাবে প্রার্থনা করিলেন, 'ভগবন্! অন্তগ্রহ করিয়া আমাকে ব্রন্ধবিছার উপদেশ দিয়া কতার্থ ককন। শুনিয়া মহর্ষি নীরব রহিলেন। পুনশ্চ তুলারপ প্রার্থনা হইল, তথনও কোন উত্তর নাই। এই প্রকার চার পাঁচবার করুণ প্রার্থনা করিবার পর কোনও উত্তর না পাওয়ায়, উক্ত আগন্তক বিরক্ত হইয়া বলিলেন, মহাশয়! ইহা কি ব্রন্ধবিদের উচিত যে, আমি বারংবার কাতর প্রার্থনা করিতেছি, আপনি কোনও উত্তর না দিয়া আমার প্রার্থনা প্রত্যাধ্যান করিতেছেন। ইহা শুনিয়া মহর্ষি বাহর বলিলেন, বাপু হে! তোমার প্রথম প্রার্থনা হইতেই আমি তোমার প্রকৃত উত্তর দিতেছি, তুমি যদি বুঝিতে না পার, সে কি আমার দোম? ব্রন্ধতন্ত কি ভাষায় প্রকাশ করিয়া বলা যায়? নীরবভাই উহার সর্বব্রেট উপদেশ। তথন সে ব্যক্তি সন্তটি হইয়া প্রস্থান করিল।

আমরাও বুঝিলাম যে, নীরবতা যেথানে সর্বশ্রেষ্ঠ উপদেশ, সেধানে তর্কশাস্ত্র এবং উক্ত শাস্ত্রসম্মত প্রমাণ—প্রমেয় প্রভৃতির কোনও মূল্য আছে কি? সে সমৃদায় ছাড়িয়া উপরে ৫১ অকুচ্ছেদে কথিত নবাঙ্গ সাধনাকুষ্ঠানের প্রথমটি অবলম্বন করিয়া থাকা উচিত নহে কি?

৫৬। উপরের ১।১।২।২ স্থত্তের আলোচনায় আমরা ১২২ হইতে কয়েকটি ।

অমুচ্ছেদে "অমুপ্রবেশের" বিস্তারিতভাবে আলোচনা করিয়া বৃঝিয়াছি বে, চিদণ্-

ব্রহ্ম-ভগবান্-পরমতত্ব-ব্রহ্মাণ্ডের ক্ষুত্র-বৃহৎ প্রতি বস্তর অন্থ-পরমাণুতে অন্থপ্রবিষ্ঠ হইয়া উহাদিগকে ধারণ, পালন, বর্দ্ধন, সংরক্ষণ করিতেছেন। ইহা সর্বদেশে, সর্ব্ধকালে, সর্ব্ধাবন্ধায় অপ্রতিহতভাবে চলিতেছে। স্থতরাং আমাদের ব্রহ্মাণ্ডের নিদর্শনে বিশ্বে অগণ্য ব্রহ্মাণ্ডেও ইহার ব্যত্তিক্রম নাই। ইহা হইতে বুঝিয়াছি, তিনি সর্ব্ধাত্মক। যে বস্তু সর্ব্ধাত্মক, তাহার সিদ্ধির জন্ম কি কোন প্রমাণের অপেকা আছে? যে প্রমাণ ধারা তাহার—সিদ্ধির প্রচেষ্টার স্পর্দ্ধা করা হইবে, সেই প্রমাণই ত সেই সর্ব্ধাত্মক বস্তু হইতে অস্তিত্ম লাভ করিয়া বর্ত্তমান আছে। শ্রীধর স্বামী পাদ—১০০ বিরহা স্থতের আলোচনায় ৫০ অন্থচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ১০০০ স্লোকের টীকায় স্থপ্পেইভাবে বলিয়াছেন :—"নহি সর্ব্বরূপেণ স্বন্ধঃ তাসমানস্য ব্রহ্মণঃ স্বিস্কা প্রমাণাপেক্ষা ইতি ভাবঃ"।

৫৭। উপরে যে আলোচনা করা হইল, তাহা হইতে স্থপট বুঝা গেল যে, চিদণ্-ব্রহ্ম বা ভগবানে অচিন্তা রহস্থ বর্তমান। মানবীয় শক্তিতে সে রহস্থের উদ্ঘাটন সম্ভব নহে। সে সম্বন্ধে প্রমাণ অনুসন্ধান বুথা। তিনি একমাত্র নিরপেক্ষ —পরম ভাব পদার্থ। তর্কশাস্ত্র সম্মত যে কিছু প্রমাণ, সম্পায় আপেক্ষিকতার অস্তর্ভুক্ত, সে কারণ তর্কশাস্ত্রেরই নিয়মান্ত্র্মারে উহা নিরপেক্ষ বস্তুতে প্রযোজ্য হইতে পারে না। উহা ভগবান্ শঙ্করাচার্য্য তাঁহার শারীরক ভাষ্যে স্থপট বলিয়াছেন:—

অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেন যোজয়েৎ। প্রকৃতিভাঃ পরং যত্ত্ব, তদচিন্তাম্ম লক্ষণম্॥

মে সমস্ত ভাব অচিন্তা, তাহাদের সম্বন্ধে তর্ক উত্থাপন করিও না। যাহা প্রকৃতি হইতে উদ্ভূত প্রপঞ্চের অতীত, তাহাই অচিন্তা ভাবের লক্ষণ।

আচার্যাদেবের উক্ত নিষেধ হইতে পাই বুঝা গেল যে, প্রমাণ-প্রমেয় প্রভৃতি পরমতত্ত্ব প্রযোজ্য নহে। বিনি একাধারে—চিদ্পু ও অনন্ত, সেই শৃক্ত—অনস্ত —পূর্ণাত্মক পরম ভাব পদার্থে কোনও বিরোধ অবস্থান করিতে পারে না। ভগবান্ স্ত্রকার "অভোইনভ্তেন তথা হি লিক্তম্" তাহাহ৬ স্ত্রে ইহার বিচার ও সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন।

৫৮। ভগবত্তব সধয়ে তর্ক-বিবাদ-বিতর্ক প্রভৃতি যে সম্পূর্ণভাবে পরিতাজা,
 শে সময়ে ভাগবত বলিতেছেন :—

যক্তকেরোক্তাং বাদিনাং বৈ, বিবাদ-সম্বাদভূবো ভবন্তি। কুর্ব্বন্তি চৈধাং নৃহয়াখনোহং, তশ্মৈ নমোহনন্তগুণায় ভূমে ।

ভাগঃ ৬।৪।২৬

অস্তীতি নাস্তীতি চ বস্তানিষ্ঠায়োরেকস্থয়োর্ভিন্নবিরুদ্ধর্যশোঃ। অবেক্ষিতং কিঞ্চন যোগসাংখ্যয়োঃ সমং পরং হানুকূলং বৃহৎত্তৎ॥ ভাগঃ ৬।৪।২৭

যাহার শক্তিসকল বিবাদ-বিতর্ককারী বাদিগণের কখনও বা বিবাদের,—
কথনও বা সম্বাদের (তূলামত হইবার) স্থল হইয়া থাকে, এবং সেই সকল
বাদিগণের অন্তরে মৃত্ম্ তঃ মোহ সঞ্চার করিয়া দেয়, সেই অনস্কগুলে অলংকৃত
ভূমা পুরুষ ভগবানকে প্রণাম করি। ভাগা ৬।৪।২৬

যোগশান্তে অর্থাৎ উপাসনা বা ভক্তিশান্তে, যাঁহাকে হস্তপাদাদি অঙ্গ-প্রতাঙ্গ বিশিষ্ট আকৃতিমান সন্তণ-উপাস্থ বলিয়া, উপাসনার বিধি আছে—আবার সাংখ্য বা জ্ঞানশান্তে যাঁহাকে অপাণিপাদ, সর্ব্বেক্তিয়-বিবজ্জিত, নির্ব্বিশেষ, নিরাকার, নির্ত্তণ বলিয়া সিদ্ধান্ত স্থাপন করা হইয়াছে। এই যে আকার আছে, বা আকার নাই, অথবা সন্তণ বা নির্ত্তণ বলিয়া উভয় শাস্তের বিবাদের হেতৃ পরম্পরা, পরম্পরের অত্যন্ত বিরোধী ও বিভিন্ন হওয়া সত্তেও, উভয়ের উক্ত বিধি-নিষেধ এক বস্তুনিষ্ঠ হওয়ায়—উহাদের বিষয় একই ব্রন্ধ—যিনি বৃহত্তম, অনন্ত—একারণ সম্পায় বিধি নিষেধের সমাধান তাঁহাতেই। অধিষ্ঠান বিনা পাণি-পাদাদি কল্পনা, এবং অবধি বিনা নিষেধও অসন্তব বিধায়, তাঁহাতে বিধি-নিষেধ ছইই যেমন অসন্তব, সেইরূপ ছুইই অবিরোধ বটে। তিনি ছুই এর প্রতি তুল্য অমুক্ল, অত্যব ছুইয়েরই উপপাদক। ভাগঃ ৬া৪।২৭

তিনি যখন অদয়—তিনি ভিন্ন দিতীয় সত্য বস্তু মাত্র নাই, তথন তাঁহাকে ছাড়িয়া—কোথায় কোন কিছু থাকা কি সম্ভব ? এতএব বিবাদ-বিতর্ক প্রভৃতির অবসর কোথায় ? তাঁহার অচিন্ত্য-অনস্ত শক্তি-মত্বাই সম্দায় বিরোধ সমাধানের কারণ—ভগবান্ স্তুকার "ব্যাপ্তেশ্চ সমপ্তসম্" ৩০০ স্ত্রে এ সম্বন্ধে আলোচনা করিয়াছেন। বিবাদ-বিতর্ক ত দ্রের কথা। বৃহদারণাক শ্রুতি—বিবাদ-বিতর্কের আশস্কা করিয়া বহু শান্ত্র পাঠেরও নিন্দা করিয়াছেন।

তমেব ধীরো বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্বীত ব্রাহ্মণঃ। নান্নধ্যায়াদ্ বহুঞ্জান্ বাচো বিগ্লাপনং হি তৎ॥ বৃহঃ ৪।৪।২১

উদ্ধৃত মন্ত্রের দ্বিতীয়ার্ছের অর্থ স্কুম্পন্ট। আচার্য্য শঙ্কর প্রথমার্ছের অর্থ করিতেছেন:—''ধীরো—ধীমান্, বিজ্ঞায়—উপদেশতঃ শাস্ত্রতশ্চ, প্রজ্ঞাং— শাস্ত্রাচার্য্যোপদিষ্টাং বিষয়াং জিজ্ঞানা পরিসমাপ্তিকরীং কুর্বীত ব্রাহ্মণঃ।"

সরলার্ধ:—বে আত্মার সম্বন্ধে পূর্বের উপদেশ দেওয়া হইল, বৃদ্ধিমান সাধক গুরুপদেশ ও শাস্ত্র হইতে তৎসম্বন্ধে নির্দেশ প্রাপ্ত হইয়া,—শাস্ত্রও আচার্ঘা উপদিষ্ট বিষয় প্রজ্ঞা করিবেন—অর্থাৎ যাহাতে জানিবার ইচ্ছা সম্পূর্ণরূপে পরিসমাপ্ত হয়, সেইরূপ অন্কুছান করিবেন। বহুশাস্ত্র অধ্যয়ন করিবেন না। ইহাতে বৃধা বাক্যের মানি (বিতর্ক প্রবৃত্তি) সঞ্জাত হয় মাত্র। বৃহঃ ৪।৪।২৪।

এক কথায় ভগবান্ স্ত্রকার কথিত "সংরাধন"—ধৈর্য্য-স্ট্রেডার সহিত অমুষ্ঠানেরই উপদেশ দিলেন। এ অমুষ্ঠানে ভগবানের চরণে প্রণাম নিবেদনই প্রধান অঙ্গ।

৫৯। তাই ভাগবত বলিতেছেন :—

নমোহনস্তান্ন স্ক্রায় কূটস্থায় বিপশ্চিতে। নানাবাদানুরোধায় বাচ্য-বাচক-শক্তয়ে॥ ভাগঃ ১০।১৬।৩৯ জ্ঞান-বিজ্ঞান-নিধয়ে ত্রহ্মণেহনস্তশক্তয়ে।

অগুণায়াবিকারায় নমস্তেহপ্রাকৃতায় চ॥ ভাগঃ ১০।১৬।৩৬

আপনি অপরিচ্ছিন্ন, একারণ অনস্ত, আপনি স্ক্র্র—সে কারণ অদৃশ্র, আপনি কৃটস্ব—একারণ উপাধিভূত বিচার আপনাতে নাই। আপনি সর্বজ্ঞ। অস্তি—নাস্তি, সর্বজ্ঞ—কিঞ্চিদজ্ঞ, বদ্ধ—মৃক্ত, এক—অনেক—ইত্যাদি নানা বাদের আপনি নিজ মায়া দ্বারা অন্ববর্তী হয়েন। অপিচ, আপনি—অভিধেয় ও অভিধাশক্তি ভেদের কারণেও, নানার্রূপে প্রভীয়মান হয়েন। আপনাকে প্রণাম নিবেদন করি। ভাগঃ ১০।১৬।৩১

আপনি জ্ঞান (শাস্ত্রজ্ঞান) ও বিজ্ঞান (অপরোক্ষ জ্ঞান) উভয়ের শাখত ভাণ্ডার। অনন্ত শক্তিমান, নির্গুণ, নির্বিকার, প্রকৃতি প্রবর্ত্তক (একারণ সর্বব্যাপী) ব্রহ্ম। আপনাকে প্রণাম নিবেদন করি। ভাগঃ ১০।১৬।৩৬

তিনি অনস্ক, সৃন্ধ, কৃটস্থ, নিগুণ, নির্বিকার, প্রকৃতি প্রবর্ত্তক ও সেই হেতু প্রকৃতির প্রভাবে প্রভাবিত নয় বলিয়া কি, আমাদের মত প্রকৃতির প্রভাবে মোহময়, সাধারণ মানবের কোনও উপায় নাই ? ভাগবত বলিতেছেন, তাহা কেন ? তিনি যে অনস্ক করুণাসাগর। তিনি কি চুপ করিয়া থাকিতে পারেন ? তাঁহার অপার করুণাই যে তাঁহাকে উপয়ক্ত বাবস্থা করিতে বাধ্য করে। সেই ব্যবস্থা বশতঃ জীবের অশেষ কল্যাণ সাধিত হয়।

যোহমুগ্রহার্থং ভদ্ধতাং পাদ্যূলমনামর্রপো ভগবাননন্তঃ।
নামানি রূপাণি চ জন্ম কর্মভির্ভেন্তে স মহ্যং পরমঃ প্রসীদত্॥
ভাগঃ ৬।৪।২৮।

যে ভগবান, অনস্ত এবং সে কারণ স্বন্ধপতঃ নাম-রূপ বিহীন হইলেও, পাদমূল ভজনকারীদিগের অন্বগ্রহের জন্ত, নানা যোনিতে জন্মগ্রহণ করতঃ নানাপ্রকার কর্মাচরণ করিয়া থাকেন, সেই পরমতত্ত্ব আমাকে প্রদাদ করুন। ভাগঃ ৬।৪।২৮

এই একই কথা, ভাগবত, বর্তমান স্থারের আলোচনায় ৫২ অমুচ্ছেদে উদ্ধৃত তাহার তাহাও লোক বলিয়াছেন। অতএব বুঝা গেল যে, দূঢ়া ভক্তির সহিত তাঁহার চরণে প্রণাম নিবেদন করা মানব দেহধারী জীবের অবশ্য কর্তব্য। তিনি অরূপ হুইলেও সমকালে উক্তরূপ বা বিশ্বরূপ। তাই ভাগবত বলিতেছেন :—

তবৈশ্ব নমঃ পরেশায় ব্রহ্মণেহনন্তশক্তয়ে। অরপায়োরুরপায় নমো আশ্চর্য্যকর্মণে॥ ভাগঃ ৮।৩।৯।

সেই অনন্ত শক্তিমান পরমেশ্বর ব্রহ্মকে প্রণাম করি। তিনি অরূপ হ**ইলেও** সমকালে—উরুরূপ বা বিশ্বরূপ। তাঁহাকে পুনঃ পুনঃ প্রণাম করি। তিনি আশ্চর্য্যকর্মা, অতএব আমার ন্যায় সাধনহীনেরও নিরাশ হইবার কোনও কারণ নাই।

তাঁহাকে প্রণাম নিবেদন করিবার জন্ম, কি মঠে মন্দিরে যাইবার প্রয়োজন আছে? অজ্জুন ভগবানের বিশ্বরূপ দর্শন করিয়া, স্তব করিতে করিতে কিংকর্ত্ব্যবিষ্ট হইয়া কাতরে বলিতেছেন :—

নমঃ পুরস্তাদ্থ পৃষ্ঠতন্তে, নমোহস্ত তে সর্বত এব সর্ব। অনন্তবীর্ঘামিতবিক্রমস্থা, সর্ববাং সমাপ্নোষি ততোহসি সর্ববঃ॥
গীঃ ১১।৪০।

হে সর্ব্বাত্মন্, হে সর্ব্বরূপ! তোমাকে আমি, কোনদিকে প্রণাম করি ? তুমি যে আমার সবদিক ব্যাপিয়া অবস্থান করিতেছ? আমার ধারণায়, আমি তোমাকে—আমার সম্মুথে, পশ্চাতে, সর্ব্বদিকে তোমাকে দর্শন করিয়া, প্রণাম করিতেছি। হে অনস্ত বীর্যা! অপরিমিত বিক্রমশালী তুমি, সমগ্র বিশ্ব ব্যাপিয়া, সর্ব্বস্থর হইয়া, তুমিই রহিয়াছ, দেখিতেছি! গীঃ ১১।৪০

উদ্ধৃত শ্লোকের সমাপ্তি "সর্ব্বং" পদে। আমরা আমাদের ইন্দ্রিয় দ্বারা "সর্ব্বঃ" ধারণা করিতে পারি না। কল্পনা করি মাত্র এবং সে কল্পনা "সর্ব্বের"—আংশিক প্রকাশ মাত্র। ইহাই ত সঙ্গত। কারণ ব্রহ্মই "সর্ব্বং"। তাঁহাকে কি প্রকাশ করা যায়। ছান্দোগ্য শ্রুতি বলিলেন "সর্ব্বং খলিদং ব্রহ্ম" অজ্ঞ শিয়ের "সর্ব্বংশ শহন্দে আংশিক অনুভৃতির উপর লক্ষ্য রাখিয়া শ্রুতি এরপ ব্যবহার করিয়াছেন।

প্রকৃতপক্ষে "ব্রহ্ম" যেমন ছজের "সর্বর্ধ" ও সমভাবে ছজের। অর্জ্জ্ন যাহা বলিলেন, তাহা ছান্দোগ্য শ্রুতির গাংধাং মন্ত্রেরই প্রতিধ্বনি। উক্ত মৃদ্র ১।১।২।২ স্থ্রের আলোচনায় ১৪৭ অমুচ্ছেদে উদ্ধৃত হইয়াছে।

৬০। উপরে ভাগবতের ১০।১৬।৩৯ শ্লোকের বাঙ্গলা অর্থে বলা হইয়াছে
— ''নানাবাদের আপনি নিজ মায়ার দ্বারা অন্থবর্তী হয়েন''। ইহাতে এরপ
ব্বিতে হইবে না যে, আমরা যেমন মায়ার দ্বারা চালিত হইয়া কার্য সম্পাদন
করি, ভগবান্ কি সেরপ মায়ার দ্বারা চালিত হইয়া থাকেন ? তাহা নয়।
মায়া তাঁহারই শক্তি—যথন ইচ্ছা হয়, শক্তি আবশ্যক মত অল্পিন্তর বিকাশ
করেন মাত্র—গায়কের গান গাহিবার শক্তির মত। আবার ইচ্ছা হইলে, মায়ার
সম্পর্ক পরিত্যাগ করিয়া স্বরপে অবস্থান করেন। ভাগবত বলিতেছেন:

ত্বমূত জহাসি তামহিরিব স্বচমাত্তভগো মহসি মহীয়সে২ষ্টগুণিতে২পরিমেয়ভগঃ॥ ভাগঃ ১০৮৭ ৩৪।

অপরিমিত ভগ:—অপরিমিতৈশ্বর্যান হি অন্তেষামিব দেশ-কালাদি-পরিচ্ছিন্নং অপিতৃ পরিপূর্ণ-স্বরূপান্থবন্ধিতাদপরিমিতম্॥ শ্রীধর।

ভগবানের ঐর্থ্য দেশকাল পরিচ্ছিন্ন নহে—ইহা স্বকীয় স্বরূপান্থবদ্ধী হেতু অপরিমিত—চিরপূর্ণ। সর্প যেমন বিনা কোনও প্রয়াসে—নিজ কঞ্চুক পরিত্যাগ করে, আপনিও সেইরূপ ইচ্ছামাত্র মায়ার সংস্রব পরিত্যাগ করিয়া নিজের স্বরূপান্থবদ্ধী অপরিমিত ঐশ্বর্য্যে পরিপূর্ণ হইয়া অপরিচ্ছিন্নভাবে অবস্থান করেন। ভাগঃ ১০৮৭।৩৪

"ভগ" শব্দের অর্থ—ঐথর্য্য-বীর্ঘ্য-যশঃ-শ্রী-জ্ঞান-বৈরাগ্য। "অপরিমেয় ভগঃ" পদের অর্থ সেকারণ—অনন্ত-ঐথর্ঘ্য-বীর্ঘ্য-যশঃ-শ্রী-জ্ঞান-বৈরাগ্যবান্। উপরে সরল বাঙ্গলা অর্থে, ঐ ষট্ প্রকার ভগের উপলক্ষণে মাত্র ঐথর্য্য ব্যবহৃত হইয়াছে।

১৭) অনন্ত।

৬১। উপরের আলোচনায় আমরা ভগবানের অন্তত্ত্বণ (ভাগঃ ১০।১৪।৭), অনন্ত শক্তি (ভাগঃ ৮।৩।৯), অনন্ত বীর্যা (গীঃ ১১।৪০), অনন্ত ঐশ্ব্যাদি (ভাগঃ ১০।৮৭।০৪)— প্রভৃতির উল্লেখের সহিত, তাহার অনন্ত নামের (ভাগঃ ১০।১৬।৩৯) উল্লেখ ও পাইয়াছি। উপরে ৪৯ অনুচ্ছেদে, অতি সংক্ষেপে স্ক্রোকারে অনন্তের কিঞ্চিং পরিচয় দিবার চেন্তা করিয়াছি। ১।১।২।২ স্থ্রের আলোচনায়—"প্রলয়াবশেষ" শীর্ষক অংশে 'শেষ" যে অনন্ত দেবের অপর নাম, এবং কি কারণে উক্ত নামে তাহার পরিচয়, তাহা ব্রিবার প্রয়াস পাইয়াছি।

তৈত্তিরীয় শ্রুতির ২।১ মশ্রে অনস্ত—ত্রন্ধ বা পরমতত্ত্বে একটি নাম, তাহার সাক্ষাৎ পাইয়াছি। এই সকল কারণে—"অনস্ত" সম্বন্ধে সংক্ষেপ আলোচনা— ভাগবতের ভিত্তিতে করা উচিৎ বলিয়া মনে করি। ভাগবত একটি অতি স্থানর স্লোকে অনন্তের যে পরিচয় দিয়াছেন, তাহা বুঝিবার চেষ্টা করিলে, ভাগবতকারের অভিমত বুঝা যাইবে।

৬২। যিনি অনন্ত — তাঁহার নাম-রূপ-গুণ-শক্তি-প্রশ্ব্যা-বীর্যা প্রভৃতি সম্দায়ই অনন্ত। বিধি মুখে অনন্তের নির্দ্দেশ হইতে পারে না। অনন্ত — এই নামই নিষেধ মূলক। অনন্তের নির্দ্দেশে ভাগবত বলিতেছেন:—

ত্যুপতয় এব তে ন যযুরন্তমনন্ততয়া,

ত্বমপি যদন্তরাগুনিচয়া নতু সাবরণাঃ। খ ইব রজাংসি বান্তি বয়সা সহ, যচ্ছু তয়-

স্তয়ি হি ফলস্তাতন্নিরসনেন ভবন্নিধনাঃ॥ ভাগঃ ১০৮৭।৩৭।

হে ভগবন্। আপনি অনন্ত। স্বর্গাধিপতিগণ ও আপনার অন্তপ্রাপ্ত হয়েন না। যেহেতু আবরণ সহিত ব্রহ্মাণ্ড সকল কাল চক্রের সহিত, আকাশে রজঃ কণার ক্যায় আপনার অন্তরে ভ্রমণ করিয়া থাকে। অতএব শ্রুতিগণ সাক্ষাৎ সম্বন্ধে আপনাকে নির্দ্দেশ করিতে অসমর্থ হইয়া, নিষেধ মুথে "তন্ন তন্ন" করিয়া পর্যাবসানরূপে কোনও প্রকারে আপনাকে নির্দ্দেশ করিতে চেষ্টা করিয়া, আপনাতেই ফলবতী হইয়া থাকে। ভাগঃ ১০৮৭।১৭

উদ্ধৃত শ্লোকটির অভিপ্রায় বিশদ্রূপে হৃদয়ঙ্গম করিবার জন্ম উহাতে ব্যবস্থৃত কয়েকটি অর্থগর্ভ বাক্যাংশের অর্থ বিশ্লেষণ করা প্রয়োজন মনে করি।

(i) "সাবরণা অগুনিচয়া"—আবরণের সহিত ব্রহ্মাণ্ড সকল। "সাবরণ" পদ আমাদের পৃথিবীর নিদর্শনে ব্যবহার করা হইয়ছে। আমাদের পৃথিবীর পৃষ্ঠে আমরা প্রত্যক্ষত কঠিন স্থল ভাগ ও তরল জল ভাগ দেখিতে পাই। উহাকে ঘিরিয়া বায়্মণ্ডল বর্ত্তমান—তাহাকে ঘিরিয়া অন্তর্রীক্ষ—ইহাও আমরা জানি। ইহার শাস্ত্রীয় নাম ভূবর্মণ্ডল। তাহাকে স্বঃ, মহঃ, জনঃ, তপঃ ও সত্য লোক— ঘিরিয়া বর্ত্তমান আছে—ইহা শাদ্রে কথিত। আমাদের পৃথিবীস্থ জীবগণের এই সপ্তলোক লইয়া গতাগতি। আমাদের ব্রহ্মাণ্ড—শুধু পৃথিবী ও তাহার আবরণ স্বরূপ উক্ত লোকগুলি লইয়া নহে। সমগ্র সৌর জগৎ—আমাদের ব্রহ্মাণ্ড—উহা আমাদের ব্রহ্মাণ্ড—উহা আমাদের ব্রহ্মাণ্ড—উহা আমাদের ব্রহ্মাণ্ড স্থাবরণ আছে—এ অন্ত্র্মান ব্রহ্মাণ্ডর ও তাহার অন্তর্ভুক্ত অন্যান্ত গ্রহণণেরও সপ্তাবরণ আছে—এ অন্ত্র্মান ব্রহ্মাণ্ডের ও তাহার অন্তর্ভুক্ত অন্যান্ত গ্রহণণেরও সপ্তাবরণ আছে—এ অন্ত্র্মান

সঙ্গত, সন্দেহ নাই। যদি তাহা হয়, তাহা হইলে অম্যান্ত অগণ্য ব্রহ্মাণ্ডেরও
ঐরপ কেন না হইবে? ইহা হইতে এক একটি ব্রহ্মাণ্ডের প্রসার যে
কতদ্র, তাহা ভাবিতে মস্তক ঘূর্ণিত হইয়া যায়। শ্লোকটি বলিতেছে যে,
আবরণের সহিত এক একটি ব্রহ্মাণ্ড আকাশে এক একটি অভি স্ক্রম ধূলি কণার
ন্তায় অন্তের অবিরোধে অনস্তের অন্তরে বিচরণ করে। ইহা হইতে অনস্তের
ধারণা যিনি করিতে পারেন, করুন। আমি তাঁহাকে দূর হইতে প্রণাম
করিয়া নিরস্ত হই।

(ii) আর একটি বাক্যাংশ "বান্তি বয়সা সহ"—পরিভ্রমণ করে, কালচক্রের সহিত। "বয়সা" পদের অর্থ কালচক্র করা হইয়াছে কেন ? আমরা প্রত্যক্ষ দেখি যে, ঘড়ির কাঁটা চক্রাকারে ঘুরিয়া সময় নির্দেশ করে—উহা হইতে দিনের বা রাত্রির বিশেষ বিশেষ সময় বুঝা যায়। অক্য কথায় যদি বলি, যে, উক্ত কাঁটা দিবসের, অহোরাত্রির এবং সেই হেতু মাসের ও বৎসরের বয়স নির্দেশ করিতেছে, তাহাতে কোনও দোষ হয় না। ব্রহ্মাণ্ডকে যদি ঘড়ির কাঁটা মনে করা যায় এবং উহার চক্রাকারে বা বৃত্তাভাস পথে পরিভ্রমণ যদি মনংকল্পনায় অক্সরণ করা যায়, তাহা হইলে কালচক্রের বিশেষ স্থানে উহার অবস্থান, যে উহার "বয়স" নির্দেশ করিবে, তাহার কথা কি?

ইহাতে আরও একটি গৃঢ় ইঙ্গিত আছে। চিদণুর স্কুরণ অনাদি ও অনন্ত। আমরা আমাদের স্থবিধা মত এই অনাদি—অনন্ত মহাকালকে যুগ, বৎসর, মাস, দিন, ঘণ্টা, মিনিট, সেকেণ্ড প্রভৃতিতে বিভাগ করিয়া আমাদের ব্যবহার নিম্পাদন করিয়া থাকি। সেইরপ প্রত্যেক ব্রন্ধাণ্ডের পালয়িতা, রক্ষাক্তা, নিয়ন্তা—তৎ তৎ স্থ্য-মণ্ডল-মধ্যবর্ত্তী—নারায়ণ—নিজ নিজ ব্রন্ধাণ্ডের ব্যবহার নিম্পাদনের জন্ম, তত্রতা পরিস্থিতি ও পরিবেশের সহিত সামঞ্জন্ম রাখিয়া বিভিন্ন কালচক্র অভিবাক্ত করিয়াছেন। ইহা হইতে স্বত: অনুসন্ধান্ত হয় যে, দেশ-কালের সহিত আমাদের ব্রন্ধাণ্ডের যে সম্বন্ধ—অন্যান্ত ব্রন্ধাণ্ডেও যে, দেশ-কালের সহিত আমাদের ব্রন্ধাণ্ডের যে সম্বন্ধ—অন্যান্ত ব্রন্ধাণ্ডেও যে, দেশ-কালের সহিত আমাদের ব্রন্ধাণ্ডের যে সম্বন্ধ—অন্যান্ত ব্রন্ধাণ্ডেও যে সম্বন্ধই বর্ত্তমান থাকিবে, তাহার কোনও নিয়ম নাই। কালের সহিত দেশও ব্যবহার করিলাম, কেননা উভয়ে অতি ঘনিষ্ঠ সম্বন্ধে সম্বন্ধ। ভগবান্ বশিষ্ঠদেব কথিত উহাদের সংজ্ঞাই তাহা প্রমাণ করে।

(iii) তৃতীয় ব্যাক্যাংশ "অত্ত্রিরসনেন"—ইহা তিনটি পদে গঠিত—
অ+তৎ+নিরসন। অ=নয়, তৎ= তাহা, নিরসন=প্রতিষেধ, অর্থাৎ নিষেধ
সূথে তাহা নয়, তাহা নয়, বলিয়া—ইহাই তন্ন, তন্ত্র (তৎ+ন) রূপে বাঙ্গলা

অর্থে বলা হইয়াছে। এই "ভন্ন" বৃহদারণ্যক শ্রুতির ২।৩৬ মন্ত্রের "অথাও আদেশো নেতি নেতি" অংশে দেখিতে পাই। এই "ভাহা নয়" বা শ্রুতি কথিত "নেতি"—"ইহা নয়" দেখিয়া বৃঝিতে হইবে না যে, অনস্তের অন্তর্ভুক্ত নহে বলিয়া কোনও কিছুর প্রতিষেধ করা হইতেছে। এরপ মনে করিলে অনস্ত হইতে স্বতন্ত্র অপর কোনও বস্তর বা তত্ত্বের অন্তির সন্তাবনা আপতিত হয়, ফলে অনস্তের অনস্তত্বের অন্তির লোপ প্রাপ্ত হয়, অন্তবান হইয়া পড়ে। এই "নেতি নেতি" শ্রুতির অর্থ বিশদ্রূপে বৃঝাইবার জন্ম ভগবান্ স্ত্রেকার "প্রকৃতিভাবত্বং হি প্রতিষেধিত ভতো ত্রবীতি চ ভূয়ঃ" অংবং স্ব্রুত্বপারন করিয়া বৃঝাইলেন যে "নেতি নেতি" শ্রুতির অভিপ্রায় এই যে, "বিভিন্ন প্রস্তাবে বা প্রকরণে যাহা বলিলাম, তাহা যে ব্রন্ধের সমগ্র নির্দ্ধেশ, তাহা নয় যাহা বলিলাম, তাহা ত বটেই, তাহা ছাড়া অনেক কিছুই অক্থিত রহিয়া গেল।"

তিনি যে "বাচাম বিষয়ঃ পুমান্"—বাক্য বারা তাঁহার—সমগ্র প্রকাশ অসন্তব হইলেও জিজ্ঞাস্বর জিজ্ঞাসার কথকিৎ পরিতৃথ্যির জন্ত নির্দেশ দিতে হইলে, বাক্য বারাই দিতে হয়। একারণ ভাষার ব্যবহার। যদি বাক্যের বারা প্রকাশ করাই যাইবে, তাহা হইলে ত তৈত্তিরীয় শুভির ২।১ মন্ত্র মিথ্যা হইয়া পড়ে। অতএব সমাধান এই যে, যেখানে যাহা বলা হইয়াছে, তাহা ব্রন্মের সমগ্র নির্দেশ নহে। তাঁহাকে লাভ করিবার পন্থা নির্দেশ মাত্র মনে করিয়া, সেই পন্থা অবলম্বন করিয়া ভিল্, শ্রেনা, বিশ্বাস ও ধৈর্য্যের সহিত অগ্রসর হইলে তাঁহার প্রাপ্তি অবশুস্তাবী। তবে করে, কোন্ জয়ে, কাহার পরমপদ প্রাপ্তি হইবে, তাহার কোনও নিয়ম নাই। ভগবানের ইচ্ছাই উহার কারণ। "সংরাধন" (সঃ তাহার অনুষ্ঠান কর্তব্য।

(iv) চতুর্থ বাক্যাংশ—"শুবদ্ধিধনাঃ"—আপনাতেই পরিসমাপ্তি লাভ করিয়া সার্থকতা প্রাপ্ত হয়। ভাষায় আপনার (ভগবানের) নির্দেশ, যতদ্র সম্ভব দেওয়াই শুতিগণের একমাত্র প্রয়াস। বিধিম্থে তাহা অসম্ভব নিধায় শুতিগণ, নিষেধম্থে দিবার প্রয়াসে আপনাতেই সার্থকতা লাভ করে। নিষেধম্থে নির্দেশ, যাহাকে নির্দেশ করা হয়, তিনি নিষেধমূলক অভাবাত্মক বস্তু নহেন—তিনি পরম ও চরমভাব পদার্থ—সম্দায়ের পরিসমাপ্তি বা অবশেষ তাঁহাতে বলিয়া তাঁহার অপর একটি নাম "শেষ"। তাঁহার আধারে বীজরূপে সম্দায়ের

অবস্থান, একারণ শ্রুতিগণের ও পরিদমাপ্তি তাঁহাতে। চিদণুর তিনিই প্রথম অভিব্যক্তি একারণ তিনি ''আদিদেব" বলিয়া কথিত হইয়া থাকেন।

অনস্তের—নাম, রূপ, গুণ, এখর্যা, শক্তি প্রভৃতি সমৃদায় অনন্ত—ইহা আগে বলা হইয়াছে, একারণ-কোনও বিশেষ নাম, রূপ প্রভৃতি অনন্ত স্বরূপে থাকা সঙ্গত নহে, তাঁহার-অনামা, অরূপ, অগুণ, নিঃশক্তিক রূপে অবস্থান করা অপরিহার্য্য হইয়া পড়ে। কিন্তু তা বলিয়া কি তাঁহার অমোঘ ইচ্ছাশক্তিকে প্রতিহত করিবার কিছু আছে? উপরে যে ইচ্ছাশক্তি উদ্বোধনের কথা বলা হইল, তাহা কি মানবের—শক্তি সাপেক্ষ ? তাহা নয়। "সংরাধন" রূপ বিশেষ অনুষ্ঠানে উক্ত উদ্বোধন, তাঁহার অমোঘ নিয়মে সম্পাদিত হইয়া থাকে। জীব কল্যাণের জন্ম করুণাময়ের মঙ্গল ইচ্ছাতেই উক্ত নিয়ম প্রতিষ্ঠিত। ঐ নিয়ম ধৈষ্য ও বিশ্বাদের দহিত পালন করিয়া গেলে, পরিণামে অরপ ও অনামা—ইষ্টরূপ ও ইষ্টনাম অঙ্গীকার করিয়া, স্বরূপে যিনি নিগুণ—স্বরূপে অবস্থান করিয়াই, অশেষ কল্যাণ গুণ নম্হের একমাত্র আকর স্বরূপ হইয়া, উক্ত সংবাধণকারীর প্রত্যক্ষ অনুভবের গোচরীভূত হয়েন। তথন আর তিনি নিঃশক্তিক নহেন। আবগুক মত শক্তি বিকাশ করিয়া থাকেন। প্রহলাদের রক্ষার জন্ম ফটিক স্তম্ভ হইতে নৃসিংহ মৃত্তিতে আবির্ভাব ও হিরণ্যকশিপুর নিধন ইহার দৃষ্টাস্ত। উপরে উদ্ধৃত ভাগবতের ১০।১৬।৩৯, ১০।১৬।৩৬, ৬।৪।২৮, ৮।৩।৯, ৩।১১ প্রভৃতি শ্লোকগুলি দ্রষ্টব্য।

ভাগবতের ১০।১৬।৩৯ শ্লোকে প্রথমে বলিলেন "অনন্তার"—সঙ্গে সঙ্গে বলিলেন, "অনন্তার" বলায় কি ভগবানের সমগ্র নির্দেশ হইল ? তাহা ত হইতে পারে না। তিনি ত বাক্য মনের অগোচর, এজন্ম সঙ্গে বলিলেন, "স্ক্রার"। এই পরস্পর বিরুদ্ধ উক্তি শ্বেতাশতর শ্রুতির তা২০ মন্ত্রে কথিত 'অণোরণীয়ান্ মহতো মহীয়ান্'' মন্ত্রাংশের প্রতিধ্বনি। তিনি সমকালে, একই স্বরূপগত ভাবে, স্ক্র্য—অনন্ত, অণ্—মহৎ। ইহারা উভয়ত্ব হারাইয়া, পরস্পর বিরোধ ভ্লিয়া, সমুদায় বিরুদ্ধ ভাবের পর্য্যবসান স্থান পরমতত্বে বা ভগবানে, তাদাত্মাভাবে চিরবর্ত্ত্রমান। দেশকালের দ্বারা পরিচ্ছিন্ন আপেক্ষিকতার জগতে, আপেক্ষিকতার প্রভাবে প্রভাবিত আমাদের মনে, ইহার ধারণা সন্তব নহে বটে। আমরা মনে ধারণা বা বাক্যে প্রকাশ করিতে পারি না বলিয়াই ত শ্রুতি তাঁহার তত্ত্ব বাক্য-মনের অগোচর বলিয়াছেন (তৈত্তিঃ ২।৯। তিনি যা তাই। তাহার জন্ম চিন্তার প্রয়োজন নাই। ভাষায় উপযুক্ত বাক্য সংগঠনের জন্ম মন্তিদ্ধ আলোড়নের দরকার নাই। তাঁহার করুণাকণা

লাভের জন্ম তাঁহারই প্রবর্ত্তিত শাস্তানুযায়ী সংরাধনের অনুষ্ঠান—যাহা
আমাদের অধিকারে আছে, তাহা করা অবশ্য কর্ত্তব্য।

১৮) আমাদের কুদ্রত্ব। আমাদের জগৎ, আমাদের প্রভ্যেকের নিজস্ব।

৬৪। আমাদের সর্বাদিকে প্রসারিত এই বৈচিত্রাময় প্রপঞ্চ জগতের জ্ঞান আমাদের নিজ নিজ ইন্দ্রিয় শক্তির উপর সম্পূর্ণভাবে নির্ভর করে। আন্ধের নিকট ক্র্যপ্রকাশ—অবক্ষ। তাহার—সম্বন্ধে ক্র্যা বর্ত্তমান নাই। কিন্তু তাই বলিয়া ক্র্যা কি বাস্তবিক বর্ত্তমান নাই? যে ব্যক্তি জন্মব্ধির, সে তাহার চতুংপার্যে ধ্বনিত স্বরবৈচিত্রা সম্বন্ধে সম্পূর্ণ অজ্ঞ হইলেও, উহার অন্তিত্বে অসদ্ভাব কোনও কালে নাই। সাধারণ মানবের ন্যায় আমার দর্শন ও শ্রবণ শক্তি থাকা হেতু, সাধারণের ন্যায় আমিও প্রপঞ্চগত বস্তুজাতের দর্শন ও আমার চতুংপার্যে স্বরবৈচিত্রা শ্রবণ করিতে সমর্থ হই বটে, কিন্তু আমার দর্শন ও শ্রবণ কি সমগ্র দর্শন ও শ্রবণ ই শ্রবিচিত্রা নাই ? তাহা নয়।

৬৪ (ক) আমাদের দর্শন ও শ্রবণ যে সমগ্র দর্শন ও শ্রবণ নয়, তাহা আমরা একটু চিন্তা করিলেই বুঝিতে পারি। প্রথমে আমাদের দর্শনের ব্যাপার ধরা যাউক্। আমি আমার ঘরে বিসিয়া উন্মুক্ত দার পথে একটি বৃক্ষ দর্শন করিলাম। এ দর্শন কি বৃক্ষের প্রকৃত দর্শন? তাহা নয়। বৃক্ষে পতিত ক্র্য্যাকিরণ বিকীর্ণ হইয়া—বৃক্ষের ছায়া আমার নেত্রগোলকের দৃশুচ্ছদে পড়িল। সেখান হইতে স্নামুযোগে মস্তিকে বিশেষ স্থানে স্পদ্দন জাগাইল। উক্ত স্পদ্দন সামু পথে প্রায় দৃশুচ্ছদে আসিয়া দেখান হইতে বৃক্ষের উপর পতিত হইলে তবে, আমার বৃক্ষ দর্শন সিদ্ধ হয়। স্বতরাং বৃক্ষের প্রকৃত দর্শন দ্বের কথা, আমাদের দর্শন উহার ছায়ার প্রতিচ্ছায়া মাত্র, সম্দায় বস্তর দর্শন এইরূপ ছায়ার প্রতিচ্ছায়ার দর্শন মাত্র—স্থতরাং প্রকৃত দর্শন নহে।

শ্রবণ সম্বন্ধেও ত্ল্যরূপ। কোনও সঙ্গীতের স্পন্দন আমাদের কর্ণকৃৎরে বর্তমান পটহের উপর পতিত হইয়া স্বায়্পথে মস্তিকের বিশেষ স্থান স্পন্দিত করিয়া পুনরায় স্বায়্পথে—পটহে স্পন্দন জাগাইলে তবে আমাদের শ্রবণ সিদ্ধ হয়, ইহা হইতে অমুসিদ্ধান্ত স্বতঃই প্রকাশ পায় যে, আমাদের জ্বগৎ আমাদের নিজস্ব এবং ভগবানের স্বষ্ট জ্বগতের ছায়ার প্রতিচ্ছায়া মাত্র। সে কারণ মিধ্যা। ইহাই মায়ার থেলা।

৬৫। এই স্ত্রের আলোচনায় ১৫ অমুচ্ছেদে স্ধ্যালোক বিশ্লেষণের উল্লেখ

করা হইয়াছে। উক্ত বিশ্লেষণ অতি সহজে একথণ্ড াত্রপল কাচ দ্বারা সম্পাদিত হইতে পারে। আদিভৌতিক বৈজ্ঞানিক স্পেক্ট্রন্কোপ (Spectroscope) নামে একটি যন্ত্র নির্মাণ পূর্বক উহার সাহায্যে নানাপ্রকার পরীক্ষার পর দিদ্ধান্ত করিয়াছেন, যে স্থ্যালোকে আমাদের দর্শনেক্রিয় দ্বারা পরিদৃশ্যমান সাত প্রকার বর্ণের উপরে ও নীচে, আরও অনেক প্রকার বর্ণসন্তার বর্তমান আছে। আমাদের দর্শনেক্রিয়ের শক্তি—অত্যন্ত্র সীমার মধ্যে আবদ্ধ বলিয়া, উহারা আমাদের অক্তৃতি গোচর হয় না। কয়েক বৎসর হইল, কল্টজেন নামে একজন বৈজ্ঞানিক, স্থ্যালোকে, অধুনা তাহারই নামে পরিচিত একপ্রকার—রিশ্ম আবিদ্ধার করিয়া, চিকিৎসা শাল্রে যুগান্তর ঘটাইয়াছেন। উক্ত রশ্মি স্পৃষ্টর আদি হইতে বর্তমান আছে—তা বলা বাহুল্য। সম্প্রতি আল্ফা রশ্মি, বিটা রশ্মি, গামা রশ্মি প্রভৃতি নামে আরও কত প্রকার রশ্মি আবিদ্ধত হইয়া আমাদের জ্ঞান গোচরে আদিয়াছে। উহাদের ছাড়া, আরও যে কত এখন-ও আনাবিদ্ধত রহিয়াছে, তাহার ইয়ভা কে করিবে? ক্ষুন্ত আমরা, আমাদের অধিগত বিশ্ব-রহস্তা, অত্যন্ত্র মাত্র হইবে, ইহা ত স্বাভাবিক।

৬৬। অমাবস্থার রাত্তে মেঘম্ক্ত নির্মন আকাশে, আমরা নক্ষত্র মালার সজ্জা দেখিয়া চমৎক্বত হই। উহাদের কতগুলিই বা আমাদের দৃষ্টিগোচর হয়? উহাদের শত শত গুণ, আমাদের দৃষ্টি শক্তির বাহিরে থাকে। দূরবীক্ষণ যন্ত্রের সাহায্যে অনেক অদৃশ্য নক্ষত্র আমাদের দৃষ্টি গোচরে আদিয়াছে। যতই অধিক শক্তিশালী দুর্বীক্ষণ নির্মিত হইতেছে, ততই অধিক সংখ্যক আমাদের গোচরে আসিতেছে। কোন কোনটি এতদ্রে, যে জ্যোতির্বিদ পণ্ডিতগণ বলেন যে, উহার আলো পৃথিবীতে আসিতে কোটি কোটি বৎসর অতিবাহিত হয়। আলোকের গতি প্রতি সেকেণ্ডে এক লক্ষ ছিয়াশি হাজার মাইল, স্থতরাং উহার দুরুত্ব ধারণা করিতে মন্তক ঘূর্ণিত হইয়া যায়। ফলতঃ দূরস্থ তারকাগণের দূরত্ব গণনা, আমাদের পরিচিত মাইল—ক্রোশ—যোজনে চলে না। উহার পরিমাপের জন্য একক ধরা হয় এক আলোক বৎসর, অর্থাৎ উপরে কথিত প্রতি দেকেতে—এক লক্ষ ছিয়াশি হাজার মাইল—বেণে আলোক অনবরত এক বংসর অগ্রসর হইলে, যতদ্র যায়, ভাহাই দূরস্থ ভারকার দূরত্ব পরিমাপের মাপ কাটির একক। এ দকল তারকাবলীর মধ্যে কোন কোনটি আমাদের স্থ্য অপেকা হাজার বা লক্ষ লক্ষ গুণ বৃহৎ। বৃহতের কিঞ্চিৎ ধারণা ইহা হইতে পारेनाम। रेरा व ममश्र धावणा नटर, जारा वनारे वाल्ना। तम ज - অনস্তদেবের প্রথম অভিব্যক্তি। ইহার অন্ত কে করিবে ?

৬৭। বৃহৎ সম্বন্ধে যাহা বলা হইল, ক্ষুদ্র সম্বন্ধে ও তাই। আমরা চকুঃ
সাহায্যে যত ক্ষুদ্র বস্তু বা জীব দেখিতে পাই, তাহাদের সংখ্যা অতি অল্প।
উহাদের অপেক্ষা ক্ষুদ্র, ক্ষুদ্রতর, ক্ষুদ্রতম, অতিক্ষুদ্রতম, অত্যধিক ক্ষুদ্রতম—বস্তু
বা জীব—অনুবীক্ষণ যন্ত্র সাহায্যে আমাদের—দৃষ্টিগোচর হইয়া থাকে।
আমাদের শরীরের ব্লক্ত কণিকা—অতি ক্ষুদ্র জীবাণুতে গঠিত। এক স্বচ্যপ্র
পরিমিত বক্ত বিন্তুতে, উহাদের শত, শত, সহন্ত্র, সহন্ত্র বর্ত্তমান থাকে—কে
তাহাদের সংখ্যা গণনা করিবে? আরও শক্তিশালী অনুবীক্ষণ যন্ত্র নির্দ্মিত
হইলে, আরও কত ক্ষুদ্র ক্ষুদ্র জীবাণু আবিক্ষত হইবে, তাহা কে জানে?
বিশিষ্টদেবের কথায় বলি, এক পরমাণুর অন্তরে ব্রহ্মাণ্ড বর্ত্তমান।

জগজ্জালসহস্রাণি পরমাগম্ভম্বপি।

যোগবাশিষ্ঠ স্থিতি ১৮।৪৩

এক পরমাণুর অভ্যন্তরে সহস্র সহস্র জগৎ বিরাজ করিতেছে। যোঃ বাঃ স্থিঃ ১৮।৪৩।

ইহা আমাদের দৃষ্টিতে অসম্ভব বলিয়া মনে হয় বটে, কিন্তু আণবিক বোমার আবিদ্ধারের পর, ভাষা হইতে "অসম্ভব" পদ লোপ পাইতে বসিয়াছে। বিশেষতঃ যথন আমরা দেখি যে, একবিন্দুরক্তকণিকায় অগণ্য জীবাণু বর্ত্তমান থাকিয়া, তাহাদের জন্ম-স্থিতি-বৃদ্ধি-সন্তানোৎপাদন প্রভৃতি ব্যাপার সম্পাদন করিয়া জীবিত কাল যাপন করিতেছে, তথন বশিষ্ঠদেবের উক্ত উক্তি যে কিছুমাত্র অতিরঞ্জন নহে, তাহা আমরা ব্রিয়া স্তম্ভিত হই। তাহাদের প্রত্যেকের জগৎ ঐ বিন্দুব মধ্যে বিছ্যমান।

৬৮। এ ত গেল, যন্ত্র সাহায্যে আমাদের ইন্দ্রিয়শক্তির অক্ষমতার প্রমাণ। যন্ত্র সাহায্য ব্যতীত আমাদের চতুর্দিকে, আমাদের পরিচিত ইতর জীবগণের মধ্যে কাহারও কাহারও ইন্দ্রিয় শক্তি, আমাদের অপেক্ষা অত্যধিক। চিল, গৃধু, শকুনি প্রভৃতির দৃষ্টিশক্তি—আমাদের দৃষ্টিশক্তি অপেক্ষা অনেক প্রথম ও দ্রপ্রসারী। প্যাচা, বিড়াল, ইন্দ্র প্রভৃতি রাত্রিতে দেখিতে পায়, আমরা পাই না। পিপড়া, মৌমাছি প্রভৃতির দ্রাণশক্তি আমাদের অপেক্ষা অনেক প্রথম। অক্যান্ত ইন্দ্রিয় সম্বন্ধেও ওরূপ অনেক দৃষ্টান্ত দেওয়া যাইতে পারে, প্রয়োজন নাই।

৬৯। ইহা প্রত্যক্ষ ও অবিসংবাদিত সত্য যে, আমাদের জগৎ আমাদের ইন্দ্রিয়লভ্য জ্ঞানের উপর প্রতিষ্ঠিত। যদি আমাদের ইন্দ্রিয় শক্তি প্রথরতর হইত, অথবা অধিকতর ইন্দ্রিয়গ্রাম আমাদের থাকিত, তাহা হইলে, বিশ্বের আরও কতপ্রকার বৈচিত্রা, বৈভব, আমাদের উপলব্ধিগোচর হইত, তাহা কে বলিবে? কথায়, এই নাম-রূপাত্মক জগতের অতি ক্ষুদ্রাংশ মাত্রই আমাদের জ্ঞানগোচরে আসে, অত্যধিক অংশ অ্যমাদের উপলব্ধির বাহিরে থাকিয়া যায়। স্থতরাং অতি কৃত্র, নগণ্য, আমরা যদি শৃণাানস্ত-পূর্ণাত্মক পরম্ভত্ত্বের ধারণা করিতে না পারি, তাহাতে বিশ্বের বা পরমতত্ত্বরূপী ভগবানের কি আসে যায়? কিন্তু ভগবান্ যে বিশ্বতশ্চক্ষু। মহৎ-অন্নু, স্থূল-স্ক্ষা, বড়-ছোট তাঁহার দৃষ্টিতে ত নাই। থাকিবে বা কিরুপে? উহারা ত দেশের পরিচ্ছেদ হইতে উদ্ভত। তিনি ত অপরিচ্ছিন্ন—ভূমা—চিদ্ণু—অণোরণীয়ান্ মহতো মহীয়ান্—একই কালে, একই স্থানে, একই আধারে সমৃদায় আত্মন্থ করিয়া নিজের শাশত শূক্তানন্তপূর্ণাত্মক স্বরূপে বর্ত্তমান। তাঁহারই মঙ্গল বিধানে, কি ছোট, কি বড়— সকলেই স্প্টিতে নিজ নিজ যথাযোগ্য স্থানে প্রতিষ্ঠিত। এবং তাঁহার মঙ্গল विधान मानिया ठलिएनरे, कि एছां हे, कि वर्ष मकरलतरे निष्क निष्क निर्फिट यान হইতে ক্রমোন্নতি লাভে ব্রহ্মতে পর্যন্ত উন্নতি হইবার অনস্ত সন্তাবনা—সকলের অন্তরে অনুস্থাত রহিয়াছে। আমরা অতিকুদ্র, নগণ্য হই না কেন—তাহা আমাদের আপেক্ষিকতার প্রভাবে প্রভাবিত দৃষ্টির বিভ্রম মাত্র। উক্ত ক্ষুদ্রতা অঙ্গীকার করিয়া যদি আমরা আমাদের অধিকারামুসারে শাস্ত্র বিহিত পশ্বাবলম্বনে "সংরাধন" রূপ প্রবিত্ত ও বন্ধনহীন কর্ম্মে, আত্মশক্তি সর্বতোভাবে প্রয়োগ করি, তাহা হইলে সেই করণাময় ভগবানই—"অন্তর্কহিন্তনুভূতামণ্ডভং বিধৃৰন্ আচার্য্য হৈচন্ত্যবপুষা স্বগতিং ব্যনক্রি" (ভাগঃ ১১৷২৯৷৬)—(দেখ ১৷১৷১৷১ স্থত্রের অনুচ্ছেদ ২৩)। তথন ত আর ভাবনার কিছু থাকিবে না। প্রম আশ্রয় লাভ হেতু—অভয় প্রতিষ্ঠা লাভ হইবে। ইহাই ভগবানের নিজের উক্তি। শরণাগত-রক্ষণ তাঁহার ব্রত। নিজের আচরিত ব্রত, নিজে ভঙ্গ করিতে পারেন না। "যে যথা মাং প্রপত্তত্তে তাং স্তথৈব ভজাম্যহম্" গীঃ ৪।১১—হহা তাঁহার নিজের প্রতিজ্ঞা। তাঁহার দৃষ্টিতে যে ছোট বড়, ক্ষুম্র বৃহৎ, অল্প মহান নাই, ইহা বস্তুগত ভাবে বুঝাইবার জন্ম, তিনি নিরপেক্ষ, নিকৈর, সমদর্শন, মুনির পদরেণু লাভে আপনাকে প্রবিত্তীকরণের জন্ম, তাঁহাদের পশ্চাতে পশ্চাতে অনুগমন করিয়া থাকেন—ইহা ভাগবত ১৷১৷২৷২ স্থত্তের আলোচনায় ৩৭ অনুচ্ছেদে উদ্ধত ১১।১৪।১৫ শ্লোকে म्लेष्टे विनियास्त्र ।

৭০। আমরা ইহজনে যে নরদেহ প্রাপ্ত হইয়াছি, তাহা জলম্রোতে প্রবহমান তৃণ-খণ্ডময়ের মিলনের ন্তায় আকস্মিক—অহৈতুক কিছু নয়। ইহার

পশ্চাতে অতি কল্যাণকর, মহতুদেশ্য, বহুপূর্ব্ব হইতে, এমন কি আমাদের ব্রহ্মাণ্ড স্থান্তির আদি হইতে, বর্ত্তমান থাকিয়া ক্রমপরিণতিতে, নরবপুং অভিবাক্ত হইয়াছে। ভাগবত বলিতেছেন :—

নূদেহমাতাং স্থলভং স্তৃত্প্ল ভং প্লবং স্থকস্কং গুরুকর্ণধারং। মায়ানুকুলেন নভস্বতেরিতং পুমান্ ভবাবিং ন তরেৎ স আত্মহা॥
ভাগঃ ১০।২০।১৭

এই শ্লোকটি বেদান্ত প্রবেশ গ্রন্থে ৮১ পৃষ্ঠায় উদ্ধৃত হইয়াছে। সেথানে সরল বাঙ্গলা অর্থ দেওয়া হইয়াছে।

ভাগবতকারের অভিপ্রায় অতি গভীর। এই শ্লোকে নৃদেহের তিনটি অতি গভীর অর্থগর্ভ বিশেষণ দেওয়া হইয়াছে, উহাদের অর্থ বিশ্লেষণ করিলেই— ভাগবতকারের অভিপ্রায় বুঝা যাইবে।

প্রথম—"আছেং"—"আছাং" বলিবার গৃঢ় অভিপ্রায় মনে হয় যে, ব্রহ্মাণ্ড মন্তির আদি হইতে আমার বর্ত্তমান নৃদেহ প্রাপ্তির উল্যোগ-আয়োজন চলিতেছে। আদিতে কে জানে, কোথায়, আমার জীবত্ব বা আমিত্ব—কোনও একথানি স্থাবর প্রস্তর থণ্ডে নিবন্ধ হইয়া—কোন পর্য়তের অন্ধকারময় গুহার এককোণে পড়িয়াছিল। ভগবানের প্রবর্ত্তিক ক্রমবিবর্ত্তনের অমোঘ শক্তি তো গুহা বা অন্ধকার মানে না। ইহার ক্রিয়া-শক্তি সর্বার অপ্রতিহত। উক্ত ক্রিয়া-শক্তি—
ক্রপ্তর থণ্ডের উপর নিজের প্রভাব বিস্তার করিয়া, উহাকে বিভিন্ন যোনিতে জমের পর জন্মের মাধ্যমে ৮৪ লক্ষ যোনি ঘুরাইয়া,—বর্ত্তমান মন্ম্যদেহে অভিব্যক্ত করিয়াছে। মন্ম্যদেহ প্রাপ্তির পূর্ব্ব পর্যন্ত ভগবত প্রবর্ত্তিত ক্রমবিবর্ত্তনের শক্তি গুধু কাজ করিয়াছে, তথন আত্মাক্তি প্রয়োগের স্থযোগ ছিল না, এখন তাহা মিলিয়াছে। মন্ম্যু দেহ প্রাপ্তিতে বৃন্ধিতে হইবে যে, এখন আমি ক্রমোন্নতির বিশিষ্ট সোপানে প্রতিষ্ঠিত হইয়াছি। এ সম্বন্ধে আলোচনা বর্ত্তমান স্ত্তের ২৪ অন্থচ্ছেদে করা হইয়াছে, এখানে বিস্তারের প্রয়োজন নাই।

যাহা হউক, এখন যদি আমি, জানিয়া, ব্ৰিয়া, ভগবানের উপর নির্ভর বিরয়া, ভগবদত্ত আমার আত্মশক্তি—উক্ত ক্রম বিবর্তনের ক্রিয়াশক্তির সহিত করিয়া, ভগবদত্ত আমার আত্মশক্তি—উক্ত ক্রম বিবর্তনের ক্রিয়াশক্তির সহিত মিলাইয়া, একযোগে উক্ত বিশিষ্ট সোপানে আরোহণ করিয়া, ধৈর্য্য, শ্রন্ধা, ভক্তি ঘিলাইয়া, একযোগে উক্ত বিশিষ্ট সোপানে আরোহণ করিয়া, ধৈর্য্য, শ্রন্ধা, ভক্তি বিশাসের সহিত দৃঢ় পদে অগ্রসর হই, তাহা হইলে উন্নতি অতি শীঘ্র শীঘ্র সংঘটিত হইবে। এই অগ্রসরণের-ই অপর নাম সংরাধন। ছান্দোগ্য শ্রুতি স্পষ্ট বিশ্বাছেন "যদেব বিভায়া করোতি শ্রন্ধযোপনিষদা তদেব বীর্য্যবন্তরং ভবতি"।

—বিজ্ঞান, শ্রদ্ধা ও উপাসনাদি সহকারে যে কর্ম্ম করা হয়, তাহা অধিক ফলপ্রদ হয়। ছাঃ ১০০

দ্বিতীয় বিশেষণ—''স্থলভং''—সহজ প্রাপ্য—ভগবানের অশেষ কল্যাণকর, ক্রমবিবর্ত্তনের বিধানে, যদিচ্ছাক্রমে—অর্থাৎ বিনা কোনও প্রচেষ্টায় লভ্য। মানব দেহ প্রাপ্তির পূর্বের, যথন অচেতন স্থাবরে বা ইতর প্রাণীতে আমার "আমিত্ব"—অবস্থিতি করিতেছিল, তথন আত্মপ্রচেষ্টার কোনও ইচ্ছা বা স্থযোগওছিল না, দে কারণ নিজ প্রচেষ্টা সংযোগ করিবার কোনও সম্ভাবনা ছিল না। ক্রম বিবর্ত্তনের নিয়মে আপনা হইতেই ক্রমোন্নতির সংঘটন হইতে হইতে পরিণামে নরদেহ প্রাপ্তি হওয়ায়, ''স্থলভ'' বলা হইয়াছে।

তৃতীয় বিশেষণ—"সুসুল ভং"—৮৪ লক্ষ যোনি পরিভ্রমণ করিতে করিতে প্রতি যোনিতে অল্লে অল্লে উন্নতি হইতে হইতে পরিশেষে নরদেহ প্রাপ্তি হয়, এ কারণ স্বর্গন্ত ত বটেই । তথন অর্থাৎ নরদেহ প্রাপ্তির পূর্বের্ব বিভিন্ন যোনিতে ভ্রমণ কালীন—আত্মচেষ্টা উদ্বোধনের কোনও ইচ্ছা বা স্থযোগ না মিলায়, "স্বর্গন্ত" পরে ক্রমবিবর্তনের নিয়মানুসারেই হইয়া পাকে।

এই তিন অর্থগর্ভ বিশেষণ বিশিষ্ট নৃদেহ—সংসার সাগর উত্তরণের স্থপটু নোকা। গুরুই ইহার কর্ণধার—তিনি ইহা নিপুণ হস্তে চালনা করিয়া গস্তব্য লক্ষ্যস্থানে—ভগবৎপাদপদ্দে—পৌছাইয়া দেন। এই কর্ণধার কি খুঁজিয়া বেড়াইতে হইবে ? তাহার প্রয়োজন নাই। ভগবানই ঠিক সময় মত, কর্ণধার জুটাইয়া দেন—হয় নিজেই আচার্য্য মৃত্তিতে অথবা আপনার শক্তিতে শক্তিমান আচার্য্য সংগ্রহ করিয়া, নোকা চালনা করেন। ৬৯ অনুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ১১।২১।৬ শ্লোকে দৃষ্টি আকর্ষণ করি।

অমুক্ল বায় না বহিলে নৌকা চালান সহজ সাধ্য হয় না। ভগবানই উহার ব্যবস্থা করেন—আলোচ্য শ্লোক তাহা ম্পষ্ট বলিলেন। ৬৯ অমুচ্ছেদে উদ্ধৃত ১১।২৯।৬ শ্লোকও ম্পষ্ট বলিতেছেন—"অন্তর্বহিন্তত্মভূতামণ্ডভবিধ্বন্"— সম্দায় অণ্ডভ ভগবানই অপুসারিত করেন।

৭১। সকল ব্যবস্থাই যদি ভগবান করেন, তবে কি নৌকায় আরোহী
পুরুষের—অর্থাৎ উক্ত নৃদেহে অবস্থিত দেহীর—কোনও করণীয় নাই ? করণীয়
আছে বৈকি। নৌকার পাল টাঙ্গানো, দাঁড়টানা প্রভৃতি তাহার কাজ।
ইহারই শান্ত্রীয় নাম সংরাধন। ইহা যদ্চ্ছাক্রমে করিলেও চলে না। ইহা
স্ফুরুরপে সম্পাদন করিবার বিধানও ভগবান শান্ত্রে লিপিবদ্ধ করিয়া দিয়াছেন।
বিদি উক্ত নৌকারোহী পুরুষ, উক্ত বিধান মানিয়া নিজের করণীয়টুকু, স্কুষ্ট ও

সরলভাবে সম্পাদন করেন, তাহা হইলে উক্ত নোকা, আরোহীকে ভবসাগর উত্তরণ করাইয়া অপর পারে, পরম লক্ষ্যে চির বিশ্রাস্তিতে পৌছাইয়া দিয়া থাকে, আর যদি সে তাহার নিজের করণীয় পালন না করে, এত স্থযোগ, স্থবিধা— অবহেলায় পরিত্যাগ করে, তাহা হইলে, তাহাকে "আত্মঘাতী" বলিতে হইবে বৈকি। আলোচনার অর্থ স্কম্পষ্ট হওয়ায় আর পৃথক্ অমুবাদ দিবার প্রয়োজন নাই।

৭২। ৬৯ অনুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ১১।১৯।৬ শ্লোকের শেষে আছে
"স্বগজিং ব্যব্দক্তি"—নিজ স্বরূপ প্রকাশ করেন। ইহাতে মদে আকাজ্ঞার
উদয় হয় যে, ইহা কি নৃতন কিছু করা ? ভাগবত বলিতেছেন, তাহা কেন ?
যথা হি ভানোরুদয়ো নৃচক্ষুষাং তমো নিহন্তান্নতু সদ্ বিধতে।
এবং সমীক্ষা নিপুণা সতী মে, হন্তাত্তমিশ্রং পুরুষম্য বৃদ্ধেঃ॥

ভাগঃ ১১।২৮।৩৫। শ্লোকটি ১।১।১১ স্বত্তের আলোচনায় ৮৪ অনুচ্ছেনে (পৃ:৮৭) উদ্ধৃত

হইরাছে ও সেখানেই অর্থ দেওয়া হইরাছে। এখানে অর্থ দিবার প্রয়োজন নাই।
ভগবান্ যখন সর্ব্বাত্মক, তিনিই যখন একমাত্র "বান্তব বস্তু"—অন্ত বস্তুমাত্র
নাই, তখন ভগবত স্বরূপ প্রকাশ যা আর স্থ-স্বরূপ প্রকাশও তাই। স্বরূপ
ছাড়িয়া কোনও কিছু থাকিতে পারে না। স্বরূপ চির বর্ভ্রমান রহিয়াছে।
এতকাল শত শত জন্মের মলিনতা জমিয়া জমিয়া বৃদ্ধির স্বাভাবিকী স্বচ্ছতা
গাঢ় অন্ধ তামসে আবৃত হইয়াছিল। এখন শাস্ত্র বিধানাত্মসারে সংরাধন রূপ
পবিত্র কর্মের পুনঃ পুনঃ অনুষ্ঠানে, উক্ত মলিনতা অপসারিত হওয়ায়, বৃদ্ধি,
কালিমামূক্ত হইয়া, নিজের স্বাভাবিকী স্বচ্ছতা প্রাপ্ত হয়। একারণ স্বরূপের
স্বাভাবিক উদ্ভাসন স্বতঃ সম্ভ্রলভাবে প্রকাশত হয়। নৃতন কিছু স্পষ্ট হয় না,
যাহা চিরকাল ছিল, তাহারই প্রকাশ মাত্র। ইহাই সংসার হইতে মক্তি।
ইহাই পরম পুরুষার্থ প্রাপ্তি। ভগবান্ স্ত্রকার চতুর্থ অধ্যায়ে ইহার বিস্তারিত
আলোচনা করিবেন। এধানে বাছল্যের প্রয়োজন নাই।

১৯) জীবন্ব।

স্থাবরত্ব-জন্ধত্ব-মানবত্ব-দেবত্ব-সম্দার জীবতের অন্তর্ভুক্ত।

৭০। উপরে ৭০ অনুচ্ছেদে বলা হইরাছে যে, ''আমার জীবত বা আমিত্ব
কোনও একথানি প্রস্তর্বতে নিবদ্ধ হইরা, কোনও পর্বতের অন্ধকার গুহার
এক কোণে পড়িরাছিল"। ইহাই বিশদ্ভাবে বৃঝিবার চেষ্টা করিব। প্রপঞ্চ
জগতের বস্তজাতকে সাধারণতঃ দুই প্রধান ভাগে বিভাগ করা যায়—জীব ও

অজীব। কিন্তু এ বিভাগ আমাদের শাস্ত্রসম্মত নহে। ১।১।২।২ স্ত্রের আলোচনার ১১৮ অনুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ১১।২১।৫ শ্লোকে দৃষ্টি আকর্ষণ করি। উক্ত শ্লোক স্পান্ত বলিতেছেন যে, ব্রহ্মা হইতে স্থাবর পর্যান্ত সম্দায়ের শরীর পঞ্চমহাভূত হইতে জাত এবং তাহাদের প্রত্যেকের শরীরের সহিত আত্মা সংযুক্ত। উক্ত ১।১।২।২ স্ত্রের আলোচনার ১৮ অনুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ৭।৬।২০ শ্লোকও স্পেট্ভাবে বলিতেছেন যে, ব্রহ্মা হইতে স্থাবর পর্যান্ত সম্দায়ে, ব্রহ্ম-ক্ষার-ভগবান্ নিজ অব্যয় স্বরূপে আত্মারূপে বিগ্নমান।

98। উক্ত ১।১।২।২ স্থ্রের আলোচনার ৭৬ অন্নচ্ছেদে তেজোবিদ্ উপনিষদের ২।২৭-২৮-২৯ মন্ত্র তিনটি উদ্ধৃত করা হইয়াছে। শ্রুতি ম্পষ্ট বলিতেছেন যে, প্রপঞ্চ জগতে "যৎকিঞ্চিং যন্নকিঞ্চিৎচ্চ"—সম্লার—চিন্নাত্র। স্থ্রোং স্থাবর—' যৎকিঞ্চিং" এর অন্তর্ভুক্ত হওয়ায় ইহা—চিন্নাত্র, সন্দেহ নাই। যোগবানিষ্ঠে নির্বাণ প্রকরণের উত্তর ভাগে ২৫।১২ শ্লোকে (৭৭ অন্নচ্ছেদে উদ্ধৃত) বিশিষ্ঠদেব বলিতেছেন যে, যাহা আমাদের বোধে গ্রহণ করিতে পারিতাম না।

१৫। উক্ত ১/১/২/২ প্রের আলোচনায় অন্তপ্রবেশ শীর্ষক ১২২ ও ১২৭ অমুচ্ছেদে ব্রহ্ম বা পরমতত্ত্বর (i) অধিভূত, (ii) অধ্যাত্ম, (iii) অধিদৈব ও (iv) অধিষক্ত এই চারিভাবে প্রপঞ্চের দর্মবিশুতে অনুপ্রবেশ বৃমিবার প্রয়াস পাইয়াছি। স্থতরাং ভগবান্ বা পরমতত্ত্ব—বে স্থাবরেও অনুপ্রবিষ্ট, তাহাতে সন্দেহ কি? ভগবান্ বশিষ্টদেব যোগবাশিষ্টে নির্ম্বাণ প্রকরণের উত্তর ভাগে বলিতেছেন:—

সংবিশ্বয়ো যথা জন্তনিজাত্মান্তে জড়োহভবং।

জড়ীভূতা তথৈবান্তে সংবিৎ স্থাবরনামিকা ॥ যোঃ বাঃ নিঃ উঃ ১৮৬।১৪ বেমন সংবিদ্ধা জন্ত (জঙ্গম ব্যক্তি) নিত্রা আর্সিলে জড়ভাব ধারণ করে, সেইরূপ সংবিৎ জড়ীভূতা হইয়া স্থাবরাখ্যায় আভিহিত হইয়া থাকে। যোঃ বাঃ মিঃ উঃ ১৮৬।১৪

ইহার পরবর্ত্তী শ্লোকে ভগবান্ বশিষ্ঠদেব বলিতেছেন—কি করিয়া স্থাবরতা হইতে জন্দমত্ব প্রাপ্তি হইয়া থাকে। তাঁহার কথাতেই বলি:—

স্থাবরহাড্জড়াচিচত্বং জঙ্গমাত্ম প্রয়াতি চিং। জীবঃ সুষ্প্রাত্মা স্বপ্নং জাগ্রচৈচব জগচ্চতিঃ।

যোঃ বাঃ নিঃ উঃ ১৮৬/১৫

স্বয়্প্তাত্মা জীবের শত-শত জগৎ কল্পনাত্মক স্বপ্ন হইতে জাগ্রদ্ভাব প্রাপ্তির ক্যায় চিৎ ও (অর্থাৎ স্থাবরে জড়ভাব প্রাপ্ত চিৎ) জড়স্থাবর ভাব হইতে জঙ্গমাত্মক চিন্ত বা চৈতন্ত লাভ করিয়া থাকে—অন্য কথায় স্থাবর ভাবের অবসানে চিতের জঙ্গম ভাবে অভিব্যক্তি হয়। যো: বা: নি: উ: ১৮৩।১৫

অতএব স্পষ্ট বুঝা গেল যে, আমাদের শাস্ত্র মতে স্থাবর ও জঙ্গমের মধ্যে আত্যন্তিক ভেদ নাই। উভয়ই চিৎ। স্থাবরে চিৎ—স্বয়্গু, সে কারণ জড়ভাব প্রাপ্ত ও জঙ্গমের চিৎ—জাগ্রদ্ ভাব প্রাপ্ত।

৭৬। চিৎ ই—আত্মস্বরূপ। চিতের—জাতি ভেদ নাই। আাম মানব দেহধারী জীব, আমাতে যে চিৎ—একখণ্ড প্রস্তরেও দেই চিৎ। আমাতে যেমন 'অহং' প্রত্যয় বর্ত্তমান, আমি—আমার বলিয়া অভিমান—আমার স্বয়্ও-দেহেও উক্ত 'অহং' প্রত্যয়ের অসদ্ভাব নাই—স্বয়্প্ত থাকে মাত্র—একখণ্ড প্রস্তরেও সেরূপ 'অহং' প্রত্যয় স্বয়্প্ত ভাবে বর্ত্তমান—উহার বিশেষ আকার, স্থানাবরোধকা, বিশেষ আপেক্ষিক গুরুত্ব প্রভৃতি এই 'অহং', ভাবের পরিচয় প্রদান করে। ইহা পূর্বেও বলা হইয়াছে। স্থতরাং স্প্রির আদিতে, আমার জীবত্ব বা আমিত্ব, যে উক্ত প্রস্তর খণ্ডে নিবদ্ধ থাকিবে, তাহাতে সন্দেহ করিবার বা আশ্র্য্য হইবার কি আছে ?

পান তবে প্রশ্ন উঠে যে, প্রত্যেক জীবের কি আদিতে প্রস্তর খণ্ডে নিবদ্ধ হইয়া থাকাই নিয়তি? ইহার উত্তর এই যে, এই নিয়তি যথেচ্ছক্রমে সংঘটিত হয় না, ইহা জীবের নিজহাতে গড়া। স্বষ্টি অনাদি, জীব অনাদি, জীবের কর্মা অনাদি এবং কর্ম্মের জন্ম ভোগও অনাদি। এ সম্দায় কৃট প্রশ্নের বিচার পরে হইবে। এখানে অতি সংক্ষেপে এই মাত্র বলি যে, জীব ও তাহার কর্ম্ম অনাদি বলিয়া, কবে ও কেন যে প্রথমে অন্তভ কর্ম্ম অনুষ্ঠিত হইল, তাহার প্রশ্ন উঠে না। প্রশ্ন করিলেও উহার উত্তর নাই। সেই প্রথম অনুষ্ঠিত আদি অন্তভ কর্ম্মের ফল অরুপ্রত অন্তভ কর্মানুষ্ঠাতা বিশেষ জীব—অড়ভাব প্রাপ্ত হইয়া প্রস্তর খণ্ডে আবদ্ধ হইয়া পড়ে। স্থতরাং উহা তাহার নিজকৃত কর্ম্মের ফল। উহা হইতে অব্যাহতি লাভের জন্ম ক্রম বিবর্তনের বিধান, ক্রমান্নতি সোপানের ব্যবস্থা। সেই ব্যবস্থা কার্য্যে পরিণত করিবার জন্ম অনস্ত কালের অভিব্যক্তি—লক্ষ লক্ষ বিভিন্ন যোনির ভিত্তর দিয়া গতাগতি এবং প্রত্যেক গতাগতি কিঞ্চিৎ—উন্নতি, পরিণতিতে মন্মুম্ম্ব লাভ এবং তৎসঙ্গে নৃতন সোপানে প্রতিষ্ঠি। লাভ হইয়া থাকে। এই সোপানে আত্মশক্তি প্রয়োগের স্থযোগ মিলিয়া থাকে। ইহা পূর্বের্ম বলা হইয়াছে। ইহাও মনে রাখা প্রয়োজন যে, হর্তমান কালে

যাহারা মানব দেহধারী—ভাহারা সকলেই যে প্রস্তর খণ্ডে আবদ্ধ ছিল, ভাহা নাও হইতে পারে। বৃক্ষ—লতা—গুন্ম—কীট –পতঙ্গ প্রভৃতিতেও ধাকা অসম্ভব নয়।

১৮। স্থাবরত্ব, জসমত্ব ও দেবত্ব—ইহারা ভোগভ্যিতে প্রতিষ্ঠিত। এ

ত্রিবিধ পর্যায়ে আত্মণক্তি প্রয়োগের এবং তাহা হইতে অনন্ত সন্তাবনা—এমনকি

ব্রহ্মত্ব প্রাপ্তির স্থযোগ মেলে না। বিধাতৃ-নির্দিষ্ট বিধানে ভোগ সমাধা করিতে

হয়। মানবত্ব—কর্মভ্যিতে প্রতিষ্ঠিত। মানব নিজ ইচ্ছামত শুভ কর্ম্মের

অন্ত কথার, সংরাধনের—শাস্ত সঙ্গত অমুষ্ঠানে ব্রহ্মত্ব পর্যন্ত লাভ করিতে পারে ও

নিত্য ধামের নিত্য স্থপ, নিত্য শান্তিলাভ করিতে পারে, ভগবানের সহিত

অতি ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপন করিতে পারে। ইহা বুঝিবার জন্ত ১।১।২।২ প্রেরে

আলোচনায় ১১৭ অমুচ্ছেদে স্প্টিচিত্রে পাদ বিভৃতিতে অবস্থিত প্রশক্ষ জগতের

সহিত, ত্রিপাদ বিভৃতিতে প্রতিষ্ঠিত নিত্য ধামেরও কিঞ্চিৎ পরিচয় দেওয়া

হইয়াছে। এই মানবত্ব প্রাপ্তি দেবতাগণও আকাজ্জা করিয়া থাকেন। ভাগবতে

উদ্ববকে উপদেশ দান ছলে ভগবান্ বলিতেছেন:—

অস্মিন্ লোকে বর্ত্তমানঃ স্বধর্মস্থোহনঘঃ শুচিঃ।
জ্ঞানং বিশুদ্ধমাপ্রোতি মন্তল্জিং বা যদৃচ্ছয়া॥ ভাগঃ ১১।২০।১১
স্বর্গিণোহপ্যেতমিচ্ছম্ভি, লোকং নিরম্বিণস্তথা।
সাধকং জ্ঞানভক্তিভাামুভয়ং তদসাধকং॥ ভাগঃ ১১।২০।১২
ন নরঃ স্বর্গতিং কাল্কেন্দ্রারকীঞ্চ বিচক্ষণঃ।
নেমং লোকঞ্চ কাল্কেন্ড দেহাবেশাং প্রমান্ততি।। ভাগঃ ১১।২০।১৩
এতদ্ বিদ্বান্ পুরা মৃত্যেরভবায় ঘটেত সঃ।
অপ্রমন্ত ইদং জ্ঞাখা মর্ত্যমপ্যর্থসিদ্ধিদং॥ ভাগঃ ১১।২০।১৪

ভগবান্ বলিতেছেন:—নিষিদ্ধ কর্মত্যাগী শুদ্ধচিত্ত স্বধর্মানুষ্ঠানকারী ব্যক্তি ইহলোকে বর্ত্তমান থাকিয়াই বিশুদ্ধ জ্ঞান যোগ প্রাপ্ত হয়েন বা ভাগ্য বশতঃ মদ্ভক্তি যোগ লাভ করেন। ভাগঃ ১১/২০/১১

নরকন্থ লোকদিগের ন্থায় স্বর্গবাসী দেবভারাও এই কর্মজ্ঞান ভক্তিসাধক মর্জনোক প্রার্থনা করেন, কেননা, স্বর্গী ও নারকী—উভয়ের শরীরই জ্ঞানযোগ বা ভক্তিযোগের সাধক নহে। ভাগঃ ১১৷২ •৷১২

অতএব বিচক্ষণ ব্যক্তি নারকীয় গতি বা স্বর্গগমন আকাজ্ঞা করিবেন না,

এবং মনুষ্যলোকের দেহাদিও আকাজ্জা করিবেন না। যেহেতু দেহে আশক্তি বশতঃ স্বার্থে (পরম পুরুষার্থে) অবধানশূণ্য হইতে হয়। ভাগঃ ১১।২০।১৩

অতএব এই মন্থা দেহকেই সাধন জানিয়া এবং এই মর্ত্তালোককেই অর্থ
—সিদ্ধিদাতা জানিয়া, অনাসক্ত হইয়া,—মৃত্যুর পূর্ব্বে মৃক্তির জন্ম যত্ন করিবেন।
ভাগঃ ১১া২০া১৪

৭৯। ভগবান্ উদ্ধৃত ১১/২০।১৪ শ্লোকে যাহা বলিলেন, তাহাই পরে ভাগঃ ১১/২৯/২২ শ্লোকে উদ্ধৃৰকে বলিলেন:—

এষা বুদ্ধিমতাং বুদ্ধিমনীষা চ মনীষিণাং। যৎ সতামনৃতেনেহ মর্ত্তোনাপ্লোতি মামৃতং॥ ভাগঃ ১১৷২৯৷২২

এই শ্লোকটি ১।১।১।১ স্বত্তের মালোচনায় ৮৬ অনুচ্ছেদে (পৃ: ৮৮) উদ্ধৃত

ইয়াছে এবং দেখানেই অর্থ দেওয়া হইয়াছে। ভাগবত বলিলেন, নশ্বর মরণধর্মী
নরদেহ দ্বারা অমৃতস্বরূপ ভগবানকে লাভ করা, বুদ্দিমানদিগের বুদ্দির পরিচয়।
এই প্রাপ্তি কি প্রকারে লাভ হয় ? ভগবৎ-প্রাপ্তির অপর নাম ব্রক্ষজ্ঞান বা ব্রক্ষবিতা
লাভ। ব্রদ্ধবিতা কর্মলভা নহে, ইহা বর্তমান আলোচা স্বত্তের ৫৩ অনুচ্ছেদে
বলা হইয়াছে। ব্রক্ষবিতা বা ব্রক্ষজ্ঞান লাভে সংসার হইতে অব্যাহতি বা
মৃক্তিলাভ।

ভাগবত ২।১০।ন শ্লোকে মৃক্তির পরিচয় দিতে গিয়া বলিতেছেন:—
মৃক্তি হিঁত্বাহস্তথারূপং স্বরূপেন ব্যবস্থিতিঃ। ভাগঃ ২।১০।ন
মৃক্তি হইতেছে স্বরূপ হইতে পৃথক্ অন্ত রূপ পরিত্যাগ করিয়া স্বরূপেই বিশেষ রূপে অবস্থান। ভাগঃ ২।১০।ন

স্থরপ ছাড়িয়া কোনও কিছুর এক ক্ষণ ও অবস্থান করা সন্তব নয়। আবার
—প্রপঞ্চণত অনন্ত বৈচিত্রাময় অগণ্য বস্তু ও প্রাণিজাতের স্থরপ—ভিন্ন ভিন্ন
হইতে পারে না। উহা সকলের আত্মন্বরপ, এবং সে কারণ—ব্রহ্ম বা
পরমাত্ম স্বরূপ। ইহা আমরা পূর্বের আলোচনায় বৃঝিয়াছি। স্থতরাং
উহা চিরবর্ত্তমান ও অপরিচ্ছিন্ন। কর্মন্বারা যাহা লভা, তাহা উৎপাত্ম, বিকার্য্য,
সংস্কার্য্য ও আপ্য এই চারি প্রকারের মধ্যে পড়িতে বাধ্য। কিন্তু আত্মন্বরূপ
বা ব্রহ্মস্বরূপ—চিরবর্ত্তমান বলিয়া উৎপাত্ম হইতে পারে না। উহা একই
প্রকার বলিয়া—বিকার্য্য হইতে পারে না। উহা চির নির্ম্মল বলিয়া—সংস্কার্য্য
হইতে পারে না এবং উহা অপরিচ্ছিন্ন বলিয়া—আপ্য হইতে পারে না।
এ কারণ উহা কর্ম-লভা হইতে পারে না।

৮০। উহা শ্বত: প্রকাশ। তবে কি কর্মাচরণের কোনও সার্থকতা নাই ? যদি না থাকে, তাহা হইলে উপরে উদ্ধৃত ভাগবতের উপদেশ ত অনর্থক হইয়া যায়।

ঈশাবাস্থোপনিষৎ ২ মন্ত্রে বলিতেছেন :—

কুর্বব্যেবেহ কর্মানি জিজীবিষেচ্ছতং সমাঃ। ঈশঃ ২

এই মর্ত্তা শরীরে শত বৎসর জীবিত কাল ব্যাপিয়া কর্মান্ম্পান করিবে। গীতায় ভগবান্ প্রত্যক্ষ অভিজ্ঞতা হইতে বলিতেছেন।

ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু ভিষ্ঠত্যকর্মাকৃৎ গীঃ ৩।৫

সংসারে কেহ এক ক্ষণও কর্ম না করিয়া থাকিতে পারে না। গীঃ ৩৫

ইহাও আমাদের প্রত্যক্ষ অনুভৃতি। কর্ম করাই—আমাদের নিয়তি। দর্শন, শ্রবণ, শ্বাস-প্রশ্বাস, গমন, কথোপকথন, ইত্যাদি কর্ম পরিতাল করিয়া থাকিবার উপায় নাই। যাবজ্জীবন এ সকল কর্ম বাধ্য হইয়া করিতে হয়। অতএব সমাধান কি?

৮১। সমাধান ভগবানই গীতায় স্পষ্টভাবে নির্দেশ করিয়াছেন। তিনি বলিতেছেন:—

নৈৰ কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্তেত ভত্তবিং।
পত্যন্ শৃথন্ স্পূশন্ জিন্ত্ৰশ্নশন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্॥
প্ৰলপন্ বিস্কলন্ গৃহুন্ উন্মিষন্ নিমিষন্নপি।
ইন্দ্ৰিয়ানীন্দ্ৰিয়াৰ্থেষু বৰ্ত্তম্ভ ইতি ধার্য়ন্॥ গীঃ ৫৮-৯

অর্থাৎ কর্তৃত্ববৃদ্ধি বা আত্ম অভিমান পরিত্যাগ করিয়া—অর্থাৎ আমি কর্ত্তা, আমি কর্ম করিতেছি, ইত্যাকার বৃদ্ধি পরিত্যাগ করিয়া, "আমি কিছুই করি না" ইন্দ্রিয়গণ স্বভাব বশতঃ নিজ নিজ বিষয় সমৃহে প্রবৃত্তিত হইতেছে মাত্র—এরপ মনে করিলে ঐ সকল কর্মের বন্ধনে বন্ধ হইতে হয় না। কর্তৃত্বাভিমানই কর্তাকে কর্মের বন্ধনে বন্ধ করে। ভগবান্ গীতায় কি প্রকারে কর্মাচরণ করিতে হইবে তাহার সংক্ষেপ অথচ স্ক্রুপ্ত উপদেশ দিয়া বলিতেছেন:—প্রত্যেক নরদেহধারী জীবের কর্মাচরণে ই অধিকার, কর্মফলে তোমার কোনও অধিকার নাই। উহাই বন্ধের হেতৃভূত। অতএব ফললাভের প্রত্যাশায় কর্ম করিও না। আর কর্মফল প্রতিবন্ধক স্বরূপ হইতে পারে, এই ভয়ে কর্মানুষ্ঠান ভ্যাগ করিও না।

কি করিয়া কর্মনুষ্ঠান করা উচিত—ইহার উপদেশে বলিভেছেন:— যোগস্থঃ কুরু কর্মাণি সঙ্গং ত্যক্ত্যা ধনপ্রয়।

সিদ্ধ্যসিদ্ধ্যো: সমো ভূষা সমত্বং যোগ উচাতে । গী: ২¹8৮

শ্রীধর স্বামি পাদ টীকার বলিতেছেন:—যোগন্থঃ (যোগ:—পরমেশবৈকপরতা তত্র স্বিতঃ সন্), সঙ্গং (কর্মানি-কর্তৃ ছাভিনিবেশং), তাজুল (কেবলং ঈশ্বরাপ্রয়েণের, তথা), সিদ্ধ্যসিদ্ধোঃ (কর্মফলশু জ্ঞানস্থাপি দিদ্ধিঃ তদ্ বিপর্যয়ঃ অদিদ্ধিঃ তয়োঃ), সমঃ (তুলাভাবঃ), ভূছা (কেবলং ঈশ্বরার্পণেনৈব), কর্মাণি কুরু। (যতঃ) সমত্বং (এবজূতং সমন্তমেব), যোগঃ (চিত্ত-সমাধান রূপঃ যোগঃ সন্তিঃ) উচ্যতে ॥

ইহার সরলার্থ:—যোগস্থ (পরমেশ্বরৈক পরায়ণ) হইয়া সঙ্গ (কর্ম্মেক ক্তৃত্বিভিমান) ত্যাগ করিয়া, এবং কর্ম্মফল জ্ঞানের সিদ্ধি ও অসিদ্ধিতে সমভাব হইয়া কেবল ঈশ্বরার্পণ দ্বারা কর্ম্ম সকল আচরণ কর। যেহেত, ইহাই চিত্ত সমাধান রূপ যোগ বলিয়া কথিত হয়। গী: ২৪৮

ইহাই ভগবান্ স্ত্রকার কথিত সংরাধন। ইহার সম্বন্ধে উল্লেখ পূর্বেক্ষেক্ষবার করা হইয়াছে। এই ঈশ্বর—আরাধন রূপ কর্ম্মের বা সংরাধনের বন্ধকত্ব নাই। ইহা অন্প্র্যানকারীকে ক্রমোন্নতি গোপানের উন্নতত্ব স্তরে আরোহণ করিতে সাহায্য করে। অতএব কর্ম্মেনিজ কর্তৃ থাভিমান পরিজ্ঞাণ করিয়া—"পরমেশ্বরৈক-পরায়ণ" হইয়া কর্মান্ম্যান করা প্রত্যেকের কর্ত্ব্য।

৮২। কর্মাচরণ—মানবদেহধারী জীব মাত্রেরই নিয়তি। ইহা যথেচ্ছাচারে অনুষ্ঠিত হইলে বন্ধনের কারণ হইয়া সংসারে গতাগতির বিরতি সংসাধিত হয় না। দে কারণ ভাগবতের উপরে ৭৮ অনুচ্ছেদে উদ্ধৃত ১১।২০।১০ শ্লোকের—উপদেশ প্রতিপালিত হওয়া সন্তব হয় না। ইহার প্রতি দৃষ্টি রাথিয়া—মানব দেহধারী জীবের মাতার ক্রায় হিতকারিণী শ্রুতি, কর্ম-কাণ্ডে—স্বর্গাদি স্থুখভোগের স্থান প্রাপ্তির প্রলোভন দেখাইয়া—মজ্ঞাদি কর্মান্ম্চানের উপদেশ দিয়াছেন। শ্রুতি জানেন যে, মানবেতর যোনি হইতে যথন প্রথম মানবদেহ প্রাপ্তি হয়, তথন উক্ত মানবের প্রকৃতি, তাহায় অব্যবহিত পূর্ববর্তী পশু প্রকৃতি হইতে বিশেষ পৃথক নহে। তথন প্রবৃত্তিমার্গে উহার স্বাভাবিক প্রবৃত্তি মার্গে প্রতিমার্গ করয়া দে প্রবণতা হইতে একেবারে প্রবাহীয়া নিবৃত্তি মার্গে প্রতিষ্ঠিত করা কল্যাণকর হয় না, উহা ক্রমে ক্রমে, অরের অরের করিলে, তবেই স্থায়িত্ব লাভ করে। এ জন্ম শ্রুতির কর্মকাণ্ডে— যজ্ঞাদি অনুষ্ঠানের বিধান শাস্ত্রবদ্ধ হইয়াছে। শাস্ত্র-সঙ্গভভাবে ইহার যজ্ঞাদি অনুষ্ঠানের বিধান শাস্ত্রবদ্ধ হইয়াছে। শাস্ত্র-সঙ্গভভাবে ইহার

অমুষ্ঠান করিলে প্রবৃত্তির সংখাচের সঙ্গে সঙ্গে পরমেশবের বিভৃতি স্বরূপ, ইন্দ্র, বরুণ, স্থ্য, বিষ্ণু প্রভৃতি দেবতার—যজন (আরাধনা) ক্রিয়ার অমুষ্ঠান সাধিত হইতে থাকে, ফলে ক্রমে ক্রমে ক্রমোরতি সোপানে আরোহণ স্থকর ও অল্লায়াদ সাধ্য হইয়া থাকে।

পরোক্ষবাদো বেদোহয়ং বালানামনুশাদনং।
কর্ম্মমোক্ষায় কর্ম্মাণি বিধত্তে হ্যুগদং যথা॥ ভাগঃ ১১।৩.৪৫
৮৩। ভাগ্যত স্পষ্টাক্ষরে বলিতেছেন :—

শ্রীধর স্বামি পাদ টীকায় বলিতেছেন:—"হজেরং বেদতাৎপর্যামিত্যাহ। পরোক্ষবাদ ইতি। যত্র অক্সথা স্থিতোহর্থ সংগোপয়িতং অক্সথা ক্ষমা উচাতে দা পরোক্ষবাদঃ। পরোক্ষবাদ সমেবাহ কর্মমোক্ষায় ইতি। নতু স্বর্গায়্য়র্থং কর্মাণি বিধতে, ন, মোক্ষার্থং তত্তাহ, বালানামনুশাসনং যথা ভবতি তথা। অত্র দৃষ্টান্তঃ। অবদং ঔষধং যথা পিতা বালমবদং পায়য়ন্ যও লড্ড্ কাদিভিঃ প্রলোভয়ন্ পায়য়তি দদাতি চ তানি যওলড্ড কাদীনি। নৈতাবতা অব্যদপানশ্র তল্পাভঃ প্রয়েজনং অপি আরোগ্য তথা বেদোহিপি অবান্তর-ফলৈঃ প্রলোভয়ন্ কর্মমোক্ষাহৈর কর্মাণি বিধতে॥" ভাবঃ ১১।৩।৪৫

সরলার্থ:—বেদের তাৎপর্য তৃজ্জের। প্রকৃত অর্থ সংগোপন করিয়া অফ্ন প্রকারে বলার নাম পরোক্ষবাদ। বেদের কর্মকাণ্ডে যজ্ঞাদি অফুষ্ঠানের বিধানের মৃথ্য উদ্দেশ্য—কর্মমোক্ষ—নৈন্ধ্য্যাসিদ্ধি। ইহার উপদেশ স্পষ্টতঃ দিলে নিমন্তরের মানবদেহধারী অজ্ঞ জীব গ্রহণ করিবে না, এ কারণ মোক্ষার্থ স্পষ্টতঃ না বলিয়া স্বর্গ প্রভৃতি স্বথভোগের স্থান প্রাপ্তির প্রলোভনে যজ্ঞাদি অফুষ্ঠানের বিধি শ্রুতিতে দেওয়া হইয়াছে। এই প্রলোভনের দৃষ্টান্ত দিতেছেন। বালক পীড়িত হইলে তিক্ত ঔষধ সেবনের প্রেয়াজন, বালক সহজে উহা খাইতে রাজী হয় না, সে কারণ তাহার পিতামাতা, তাহাকে ঔষধ সেবনের পর মিছরী, ওলা প্রভৃতি মিষ্ট দ্রব্য দিবার প্রলোভন দেখান, এবং ঔষধ গলাধঃ-করণের পর উক্ত মিছরি প্রভৃতিও দিয়া থাকেন, পিতামাতার উদ্দেশ্য—মিছরি প্রভৃতি থাওয়ান নয়, রোগ হইতে আরোগ্য প্রদান। সেইক্রপ শ্রুতির কর্ম্মকাণ্ডে যজ্ঞাদি কর্মান্ত্র্যান বিধানের মৃথ্য উদ্দেশ্য কর্মমোক্ষ— নৈন্ধ্য্যাসিদ্ধি—সঙ্গে সঙ্গে অবান্তর ফল স্বর্গাদি ও দান করিয়া থাকেন। ভাগঃ ১১।৩৪৫

এই উদ্দেশ্য স্পষ্টতঃ ভাগবতের নিম্নত্বত শ্লোকে বিবৃত হইয়াছে। বেদোক্তমেব কুর্ববাণো নিঃসঙ্গোহর্পিতমীশ্বরে। নৈহুর্ন্ম্যং লভতে সিদ্ধিং রোচনার্থা ফলশ্রুতিঃ । ভাগঃ ১১।৩।৪৭ যে ব্যক্তি ফলাসক্তি শৃণ্য হইয়া বেদোক্ত কর্মামুগ্রান করত ঈশ্বরে সমর্পন করেন, তিনি নৈন্ধর্ম্য-সিদ্ধি প্রাপ্ত হয়েন, ফলশ্রুতি কেবল ক্রচির উৎপাদনার্থ মাত্র। ভাগঃ ১১।৩।৪৭

গোপাল-পূর্ব্বতাপনী শ্রুতি বলিলেন, ভগবদ্ভজনই নৈষ্ক্স্মা। নৈষ্ক্স্ম বলিয়া ভগবদারাধনায়—এবং ঈশ্বরার্পণে কোনও প্রকার বন্ধকত্ব থাকিতে পারে না। উহা ক্রমোন্নতি সোপানের উন্নতত্তর স্তরে আরোহণের প্রকৃষ্ট উপায়—বুঝা গেল।

৮৪। মানব—জঙ্গম জীবগণের অন্তর্ভুক্ত, সন্দেহ নাই। কিন্তু মানবদেহ প্রাপ্তিতে উক্ত জীব—বিশেষ ক্রমোন্নতি সোপানে প্রতিষ্ঠিত হওয়ায় এবং তথায় আত্মশক্তি প্রয়োগের স্থযোগ মিলায়, "মানবত্ব" পৃথক্ ভাবে দেখান হইয়াছে। উপরে ৭৮ অহুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ১০।২০।১২ ও ১০।২০।১৩ শ্লোকদ্বয়ে "নির্বায়ণঃ", "নারকী" এই পদদ্বয়ের সাক্ষাই। উক্ত পদ ঘৃটি যে সকল জীবকে লক্ষ্য করিয়া ব্যবহার করা হইয়াছে, ভাহারা পাদবিভৃতির অন্তভুঁক্ত প্রপঞ্চ জগতের, বাহিরের কিছু নহে। উহারাও জীব পর্যায়ের অন্তরে অবস্থিত। ১৷১৷২৷২ স্থত্তের আলোচনায়—১১৭ অন্তচ্ছেদে প্রদত্ত সৃষ্টিচিত্রে দৃষ্টি আকর্ষণ করি। উক্ত চিত্রে ভগবানের বহিরঙ্গা শক্তি বিকাশে অভিব্যক্ত পাদবিভৃতিতে, ত্রিগুণাত্মিকা মায়ায়-জীবমায়াভিধেয়া,— তমঃ প্রধানা, অবিত্যা-শক্তির আবরিকা ও বিক্ষেপিকা প্রকৃতির পরিচয় পাই। ইহাদের মধ্যে বিক্ষেপিকা প্রকৃতির মোহ, মহামোহ, তামিশ্র ও অন্ধতামিশ্র এই চারিপ্রকার অবস্থা দেখিতে পাই। যে সমুদায় নিমন্তরের জীব—"অন্ধতামিত্রে" व्यविष्ठ, উर्शामिशदक नित्रम वा नवकवांगी वला यार्टे शादा-यमन कृमी, গুবরে পোকা, রোগ বীজাণু ইত্যাদি। যাহারা উহাদের অপেক্ষা কিঞ্চিৎ উন্নত স্তরে অবস্থিত, তাহাদিগকে "তামিশ্রে" বর্ত্তমান বলা যাইতে পারে। ইহাদের প্রত্যেকের মধ্যে অগণ্য উচ্চ-নীচ স্তর বর্ত্তমান বুঝিতে হইবে। মানব দেহধারী জীবও অবিতার আবরিকা ও বিক্ষেপিকা শক্তির অধীন সন্দেহ নাহ। বিশেষ এই যে মানব, উক্ত উভয় শক্তি হইতে আপনাকে মৃক্ত রাখিবার শক্তি ধারণ করে—এ শক্তি ভগবদ্ বিধানে মানব দেহধারণের সঙ্গে সফে মানব লাভ করিয়া থাকে এবং সে শক্তি পরিচালনের স্বাভন্তা ও মানব—ভগবানের বিধানে মানব দেহের সঙ্গে সঙ্গে পাইয়াছে। কি করিয়া উহা পারিচালনা করিলে লক্ষ্যে পৌহুছিতে পারে, শাস্তে, সে উপায়ও বিশেষ ভাবে উপদিষ্ট আছে। এ সমৃদায় স্থােগ, স্থবিধা সত্ত্বেও যদি মানব, নিজের উক্ত স্বাতম্ভের অযথা পরিচালনায় জীবনের সার্থকতা লাভে ষত্ব না করে, ভাহা হইলে ভাহাকে আত্মবাতী বলিভে

হইবে, সন্দেহ কি ? ভাগবত—উপরে १० অমুচ্ছেদে উদ্ধৃত ১০।২০।১৭ শ্লোকে তাহাই বলিয়াছেন। কিন্তু বলিলে কি হইবে ? উহা প্রণিধান পূর্বক আলোচনা ও কার্য্যে বিনিয়োগ করা কি প্রত্যেক মানব দেহধারী জীবের কর্ত্তব্য নয় ? কার্য্যে নিয়োগ ও তাহার গিদ্ধিতে, ত্রিপাদবিভূতির অস্তর্ভুক্ত নিতাধামে শাশুত অবস্থানের জন্ত, উহাদের অভিব্যক্তি, ভগবানের অস্তর্কা শক্তি বিকাশে প্রকটিত। উহারা নিতা, সতা, শাশ্বত। উহাদের কোনটিতে স্থান মিলিলে আর প্ররাবর্তের সন্তাবনা নাই। জন্ম-মৃত্যু প্রবাহ হইতে চিরম্ক্তি। শাস্ত্রগণের—উপাদেয়ত্ব ও জীব কল্যাণ বিধানের মহত্দেশে উহাদের প্রকটন—ব্রিবার জন্ত, এ সম্দায় আলোচনা করিতে হইল। স্ব্রকার ইহাদের আলোচনা পরে করিবেন।

৮৫। করণীয় ও অকরণীয় কর্ম্মের জ্ঞান লাভের জন্ম শাস্ত্র প্রমাণ যে অবশ্য গ্রাহ্ম ইহা ভগবান্ গীতায় ১৬।২৪ মত্ত্রে স্পষ্টভাবে বলিয়াছেন। উহা আগে উদ্ধৃত হইয়াছে। শাস্ত্রোক্ত বিধি-নিষেধ পালনের হেতু কি ? এ প্রকার প্রমের কল্পনা করিয়া ভগবান্ বশিষ্ঠদেব যোগাবশিষ্ঠে নির্দ্রাণ প্রকরণের উত্তর ভাগে ৩২ সর্গে বলিভেছেন:—

স্বং কল্পিডং কঙ্গিতঞ্চ প্রতিকল্পনয়া স্বয়া।
তদেবাক্সন্থমাদত্তে বিষত্তমমূতং যথা॥ যোঃ বাঃ নিঃ উঃ ৩৩।২
কল্পনা চাকল্পনাস্তা মুক্ততা যদকল্পনম্। যোঃ বাঃ নিঃ উঃ ৩৩।৩

নিজের কল্পনা বা অন্তের কল্পনা, প্রতি কল্পনা দ্বারা অন্তত্ত্ব প্রাপ্তি হয়, বেমন বিষ রাসায়নিক দ্রব্য প্রয়োগে অমৃতের কার্য্য করিয়া থাকে। প্রত্যেক কল্পনা—অকল্পনাতেই পর্য্যবসান হইয়া থাকে, ফলতঃ কল্পনার বিরতিই—মৃত্তি বলিয়া কথিত হইয়া থাকে। যোঃ বাঃ নিঃ উঃ ৩৩।২-৩

ইহার তাৎপর্য্য এই যে, বিষ—প্রাণ নাশের কারণ বটে, কিন্তু রাসায়নিক প্রক্রিয়ায় উহা বিষত্ব পরিহার পূর্ব্বক অমৃতের গ্রায় জীবনরক্ষার হেতু হইয়া থাকে, ইহা প্রত্যক্ষ দৃষ্ট। সেইরপ জগৎ — যদিও সৃষ্টিকর্ত্তার কল্পনা প্রস্তুত ("যথাপূর্ব্বম্ অকল্পয়ং"—ঋগ্বেদ) বলিয়া তত্ততঃ মিথ্যা, তথাপি উক্ত মিথ্যার প্রভাব হইতে মৃক্তি লাভের জন্ম, শাল্পে যে বিধি-নিষেধ কল্পিত হইয়াছে, সে কল্পনার সাহচর্য্য বা প্রতিপালন আবশ্যক। যে পর্যান্ত না কল্পনার অবসান ঘটে, তাবৎকাল শাল্পীয় বিধি-নিষেধ রূপ প্রতিকার কল্পনা বিধেয়। কল্পনার বিরতিই মক্রি। প্রতিকার-কল্পনা ধারাই কল্পনার ধ্বংস ঘটিয়া থাকে, ইহা বলা

বাহুল্য। এই শাস্ত্র, মৃত্তক শ্রুতির ১/১/৫ মন্ত্রে কথিত বেদাদি অপরা বিভার অস্তর্ভুক্ত শাস্ত্র সমূহ। উহারা "অপরা" বলিয়া উহাদিগকে স্বাষ্ট্র কল্পনায় প্রতিকার কল্পনা বলা হইয়াছে। উহারা নিতা, শাশ্বত, সতা, ব্রদ্ধবিভা নছে। স্থতরাং নানা প্রকারে শাস্ত্রগণের—প্রয়োজনীয়তা বুঝা গেল।

৮৬। শাস্ত মানবদেহধারী জীবগণের জন্য, ইহা বলিতে হইবে না। এই শাস্তাহ্বদারে নিজের আচরণ নিয়ন্ত্রিভ ও পরিচালন করিবার জন্য, ভগবান্ বৃদ্ধি—ইন্দ্রিয়—মন:—প্রাণ—মানবদেহধারী জীবগণের উপাধিতে উপযোগী পরিমাণে ও প্রয়োজনীয় শক্তি-সামর্থ দিয়া, সংযোজিত করিয়াছেন। ইহা ১।১।২।২ স্থত্রের আলোচনায় ৩২ অনুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ১০৮৭।২ শ্লোকে স্থম্পপ্ট কথিত হইয়াছে। উহাদের সাহায্যে মানব বিষয় ভোগ, উত্তরোভর উন্নত যোনিতে জন্মলাভ, পরিণতিতে স্বরূপ প্রাপ্তি, সংসার হইতে অব্যাহতি লাভ ও নিত্যধামে ভগবৎ-সান্নিধ্যে, তাঁহার অপরোক্ষ অন্তভূতি লাভে পরম পদ প্রাপ্তি ও শাশ্বত শান্তিলাভ করিতে পারে। জীব কল্যাণের জন্ত সমৃদায় ব্যবস্থা করিয়া, ভগবান্ জীবের স্থমতি লাভের প্রতীক্ষায় আছেন। মানবদেহ প্রাপ্তি আমাদের বন্ধাণ্ডের ক্রমবিবর্ত্তনের পরিণতি—ইহা নিঃসংশয়ের বলা যাইতে পারে।

৮৭। আমাদের শাস্ত্রীয়-ক্রমবিবর্ত্তন ও তাহা হইতে ক্রমোন্নতি, শুধু ব্যষ্টি জীবের সম্বন্ধে প্রযোজ্য নহে। ইহা সমষ্টিতে ও সে কারণ ব্রহ্মাণ্ডেও প্রযোজ্য। বলা বাহুল্য যে, প্রভ্যেক ব্রহ্মাও—তত্ত্তা ব্রহ্মার শরীর। প্রমাণ স্বরূপ বর্ত্তমান স্থ্যের আলোচনায় ২০ অন্থচ্ছেদে উদ্ধত ভাগবতের ১০।১৪।১১ শ্লোকে দৃষ্টি আকর্ষণ করি। এই শ্লোকে ব্রন্ধা স্বস্পষ্ট রলিতেছেন যে, তাঁহার ব্রন্ধাণ্ড, তাঁহার হাতের "সপ্তবিতস্তি"—৩।। সাড়ে তিন হাত পরিমাণ। ইহাই সাধার। মানবেক—দেহের পরিমাণ, নিজ নিজ হাতের "সপ্তবিতন্তি" মাত্র। বাটি সাধারণ মানব যেমন বিশ্ব রঙ্গমঞে, তাহার আযুষ্ঠাল যাবৎ, অভিনয় সম্পাদন করিয়া, শাজ-শজাত্মক উপাধি-পরিত্যাগ পুর্বক উপরত হয় ও নৃতন অভিনয়ের জন্ম নৃতন পরিস্থিতিতে পুন: প্রকটিত হয়, ব্রহ্মাও দেইরূপ। তিনি ধিপরার্দ্ধ-জীবী বলিয়া শাস্ত্রে কথিত। ভাহার মধ্যে এক পরার্দ্ধ—এ। স্ক ও পাদ্ম-করের সহিত অভীত হইয়াছে। ব্রহ্মার আযুদ্ধাল যদি তাঁহার পরিমাণে ১০০ বংসর হয়, তাহা হইলে বলিতে হইবে যে, তাঁহার পরমায়্র—১০ বংসর অতীত হইয়া—১১ বংসরের প্রথম দিন চলিতেছে। ব্রহ্মার এক এক দিনের নাম কর। বর্ত্তমান যে কর চলিতেছে, ভাহার নাম শ্বেতবরাহ-কল্প। মানব পরিমাণে—উহার পরিমাণ ৪৩২০০০০০বংসর,—ভরধ্যেমানব পরিমাণের—১৯৭২৯৪৯০৫৪ বংসর অতীভ

হইরাছে, ইছা পঞ্জিকাতে দৃষ্ট হইবে। স্থতরাং বর্ত্তমান কল্প শেষ হইতে মানব পরিমাণের আরও ২৩৪৭-৫০৯৪৬ বংসর বাকী আছে। তারপর ত্রন্ধার নিশা, এবং সে হেতু দৈনন্দিন প্রলয়।

৮৮। বন্ধার এক দিবাভাগে অর্থাৎ ১ কল্পে চতুদিশ মহুর অধিকার। িপ্রত্যেকের অধিকার সম পরিমাণ। ১৪ মহুর মধ্যে ছয়জন মহুর অধিকার গভ হইয়াছে। বর্ত্তমানে সপ্তম মন্থ বৈবন্ধতের অধিকার চলিতেছে। তাঁহার অধিকার কাল মানব পরিমাণের—৩০৮৫৭১৪২৯ বৎসর। অক্যান্য মনুগণের অধিকার কাল ও সম পরিমাণ। ছয় জন গত মন্ত্র অধিকার কাল মান্ত্র পরিমাণের—(৩০৮৫৭১৪২৯×৬)=১৮৫১৪২৮৫৭৪ বৎসর। শ্বেতবরাহ কল্পের— মানব পরিমাণের গত ১৯৭২৯৪৯ ৫৪ বংসর হইতে ছয়জন গত মন্ত্র অধিকার - काल ১৮৫১৪२৮**৫৭৪ वरमद्र वान नित्न, वाकी ১२১**৫२०८৮० वरमद्र,--- देववश्वज মন্ত্রর অধিকার চলিতেছে। বর্ত্তমানে বৈবন্ধত মন্তর অধিকারে অষ্টাবিংশতি যুগের কলিযুগ চলিতেছে। বৈবম্বত মনুর অধিকার অন্তে আমাদের क्रायात्रिक त्रापात्मत उक्रका खरद आर्दाह्म आत्रक हरेरा। हेश त्रमान्छ প্রবেশ গ্রন্থে ২৯ পৃষ্ঠায় প্রদত্ত চিত্র দৃষ্টে সহজে বুঝা যাইবে। সে সময়ে যে সম্দায় জীব ব্রন্ধাণ্ডের প্রগতির সহিত নিজের আত্মোন্নতির সামঞ্জন্ম করিতে সমর্থ হইবে, তাহারা উচ্চতর স্তরে প্রতিষ্ঠিত হইবে এবং পরিণামে ব্রহ্মার পরমায়্র অন্তে—অন্ত কথায়—অবশিষ্ট সপ্ত মতুর অধিকারের শেষে পরম তত্ত ভগবানে শাশ্বত স্থান প্রাপ্ত হইবে, সংসার প্রবাহ হইতে অব্যাহতি লাভ করিবে, নিজ নিজ আকাক্ষার পূর্ণ পরিতৃপ্তি লাভের জন্ম নিত্যধামের আকাজ্জ্বিত লোকে প্রতিষ্ঠিত হইবে। ইহাই আমাদের শাস্ত্রের উপদেশ। স্থতরাং শাস্ত্র যে কত উপাদেয় ও কল্যাণকর, বুঝা গেল।

ত্ব। উপরে যে আলোচনা করা হইল, তাহা অতি সংক্ষেপ হইলেও,
বুঝা গেল যে, আমরা মানবদেহধারী জীব, বর্ত্তমানে আমাদের ব্রহ্মাণ্ডের
ক্রেমোরতি—সোপান আরোহণের—সন্ধিক্ষণে প্রতিষ্ঠিত হইয়াছি। যদি আমরা
শাস্ত্র-বিহিত উপায়ে—সংরাধন রূপ ভভ অমুষ্ঠানে আত্মনিয়োগ করিয়া, ব্রহ্মাণ্ডের
ক্রেমোরতি সোপানে আরোহণের সহিত—নিজ্ঞ নিজ আত্মোরতির সামপ্রস্থ রক্ষা করিতে পারে, তাহা হইলে, অভয় প্রতিষ্ঠা লাভ করিতে পারে। অগ্রথা পিছনে পভিয়া থাকিতে বাধ্য হইবে। ফলে বর্ত্তমান ব্রহ্মাণ্ডের প্রণতি হইতে বিচ্যুত হইয়া, অপর কোনও অনগ্রসর, পশ্যাৎ পতিত ব্রহ্মাণ্ডে, অগ্রপ্রকার পরিস্থিতির মধ্যে পতিত হইয়া, তথাকার বিধানামুসারে আত্মোরতি করিতে वांधा रहेरत । अहे कांत्ररम, जगतान् जीत कमामित जन अथरम श्रीताम पूर्विट अ পরে, গত ছাপরে শ্রীকৃষ্ণ पृर्ति धांतम कित्रप्ता, मानव मिर्धाती जीतगरमत मर्पा, তাহাদের একজন হইয়া, তাহাদের স্থ-তঃথের অংশ লইয়া, নিজের আচরণে আদর্শ প্রতিষ্ঠা করিবার উদ্দেশ্যে আবিভূতি হইয়াছিলেন । ভগবানের পক্ষে স্বব্যবস্থার ও স্থযোগ দানের ক্রিটি নাই। আমরা যদি সে ব্যবস্থা না বুঝি ও না মানি ও সে স্থযোগ গ্রহণ না করি তাহলে দায়িত্ব আমাদেরই, ইহা স্ক্লাই।

৯০। উপরে সংক্ষেপে আমাদের শাস্ত্রোপদিষ্ট ক্রমবিবর্ত্তন—ক্রমোন্নতি-বাদের আলোচনা করা হইল। ইহাতে ক্য়েকটি বিষয় লক্ষ করা প্রয়োজন। বিশদ্ ধারণার জন্ম সেগুলি পৃথক্ পৃথক্ করিয়া লিখিত হইল।

প্রথম :— আমাদের শাস্ত্রোপদেশান্মসারে পৃথিবী-পৃষ্টে— আমাদের জীবিত কাল যাপন—জীবন সংগ্রাম নহে। ইহা বিশ্ব নাট্যশালায় অভিনয়ে অংশ গ্রহণ মাত্র। প্রত্যেক জীব—স্থাবরত্বে বা জঙ্গমত্বে বর্ত্তমান থাকুক, ছোট-বড়, ক্ষুদ্র-বৃহৎ, অণু-মহৎ,—যাহাই হউক, এই অভিনয়ে—প্রত্যেকের বিশিষ্ট স্থান ও বিশিষ্ট অংশ আছে। সেই বিশিষ্ট স্থানে থাকিয়া, সেই বিভিন্ন অংশ স্কুষ্ঠভাবে সম্পাদন করিলে, অভিনয় সর্বাঙ্গ স্থলর হইয়া সার্থকতা লাভ করে। ইহারই শাস্ত্রীয় নাম স্বধর্ম পালন। ভগবান্ গীতায় ৩৩৫ শ্লোকে স্বধর্মান্মন্টানের উচ্চ প্রশংসাকরিয়াছেন:—

শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্মাৎ স্বয়ন্টিতাৎ। স্বধর্মে নিধনং শ্রেয়ঃ পরধর্মো ভয়াবহঃ॥ গীঃ ৩।৩৫

সম্যক্ আচরিত পরধর্ম হইতে, হীনাঙ্গ শ্বধর্ম শ্রেষ্ঠ। এমন কি শ্বধর্মার্ম্ন্রান হৈতু যদি মৃত্যু হয়, তাহাও শ্রেয়ঃ। পরধর্মান্ম্র্নান বিষম ভয় সঙ্কল। গীঃ ৩।৩৫ এই এক কথাই ভগবান্ গীতার শেষভাগে, দিদ্ধান্তরূপে বলিয়াছেন গীঃ ১৮।৪৭-৪৮। গ্রন্থ বাহুল্য ভয়ে উদ্ধারে বিরত হইলাম। অভ্যের ম্পেই বুঝা গেল যে, সংসারে জীবন যাপন ও তাতা হইতে সার্থকতা লাভ করিতে হইলে শ্বধর্মান্ম্র্যান কর্ত্তবা। জীবন সংগ্রামে অপরের ম্থের-গ্রাস কাডিয়া লওয়া জীবনের উদ্দেশ্য নহে। স্থতরাং আধিভৌতিক ভাবে ক্রমবিবর্তন (Evolution) বাদের প্রবর্ত্তবিতা পাশ্চাত্য আধিভৌতিক বৈজ্ঞানিকের প্রবর্ত্তিত "যোগ্যতমের জয়" (Survival of the fittest) বিশ্বরহস্থের মূল মন্ত্র নহে। আমানের শাস্ত্রকারগর্পের দৃষ্টিতে পৃথিবী পৃষ্টে নিক্ষে শাস্তিতে থাকা ও অপরকে শাস্তিতে

থাকিতে দেওয়া (To live and let live in peace)—বিশ্ব রহস্তের মূলে।
ভগবান্ গীতায় বালতেছেন:—

যন্মান্নোদিজতে লোকোলোকানোদিজতে চ যঃ। হর্ষামর্যভয়োদেগৈমুক্তি যঃ স চ মে প্রিয়ঃ॥ গীঃ ১২/১৫

যাহা হইতে লোক উদ্বিগ্ন হয় না এবং যিনি লোককে (অর্থাৎ আপন হইতে পৃথক অপরকে) উদ্বেগ দান করেন না, অন্ত কথায়, কার্য্যে, চিন্তায়, ব্যবহারে প্রভৃতিতে যিনি অপরের উদ্বেগের কারণ হয়েন না, এবং যিনি হর্ষ, ঈর্ধা, ভয়, ও উদ্বেগ হইতে বিমুক্ত, তিনি আমার প্রিয়। গীঃ ১২।১৫

স্থতরাং ক্রমবিবর্তন ও ক্রমোন্নতি বাদ সম্বন্ধে আমাদের—শাস্ত্রকারগণের দৃষ্টি-ভঙ্গি, সিদ্ধান্ত ও উপদেশ, পাশ্চান্ত্য আধিভৌতিক বৈজ্ঞানিকগণের দৃষ্টিভঙ্গি প্রভৃতি হইতে সম্পূর্ণ বিপরীত। উভয়ের মধ্যে আকাশ পাতাল ভফাৎ।

বিতীয়:—আমাদের শাস্ত্রকারগণের প্রতিত জ্ঞানলক সিদ্ধান্ত এই যে, পৃথিবী পৃষ্ঠ হইতে প্রাগৈতিহাসিক যুগের বহু বৃহৎকায়, প্রচণ্ড শারীরিক শক্তিশালী অনেক জীবের জাতি ও শ্রেণী ধ্বংস প্রাপ্ত হইয়াছে বটে, কিন্তু উহার কারণ "জীবন সংগ্রাম ও যোগ্যতমের জয়" নহে। উহার কারণ, তাহাদের উপর বিশ্বনাট্যের অভিনয়ের যে নির্দিষ্ট অংশ ছিল, তাহা সম্পাদিত হওয়ায়, তাহাদের প্রয়োজন না থাকায়, তাহারা তিরোহিত হইয়াছে। ইহা ভগবানের প্রবর্তিত বিশ্ব বিধারণের অমোঘ নিয়মে সংঘটিত হইয়াছে। ইহার প্রমাণ, তৃষার যুগের প্রবর্ত্তন ও অসংখ্য বৃহৎকায়, শক্তিশালী জীবগণের সমূলে ধ্বংস। পাশ্চান্ত্য পণ্ডিতগণের গবেষণায় এই প্রমাণ আবিদ্ধত হইয়াছে। উহার সম্বন্ধে, এখানে আলোচনার কোনও প্রয়োজন নাই।

তৃতীয়:—আমাদের শাস্ত্রকারগণের মতে কি স্থাবর-জঙ্গম সম্দায় জীবের দেহ পঞ্চত নির্দ্মিত ও আত্মা-সংযুক্ত (ভাগবত ১১া২১া৫, দেখ ১া১া২া২ স্ত্রের ১১৮নং অন্তচ্চেদ)।

যোগশিখোপনিষৎ ৫।৪ মন্ত্রে বলিতেছেন:—
দেহং বিষ্ণ্যালয়ং প্রোক্তং সিদ্ধিদং সর্বদেহিনাম্।

যোগশিখোপনিষৎ ৫।৪

দেহই বিষ্ণু মন্দির, ইহা দেহধারিগণের সিদ্ধিদানকারী।

ইহা যে কেবল মানব দেহ সম্বন্ধে প্রযোজ্য, তাহা মনে করিবার বিশেষ কারণ নাই। আমাদের শান্তে সর্ব্বত্রই মৃথ্যম্বান আত্মাকেই দেওয়া হইয়াছে। দেহ বা উপাধি সর্ব্বত্রই গৌণ এবং উহা ভূতপঞ্চক বিনিশ্মিত বলিয়া, উহার অপরমার্থন্ব সর্বত্র বিঘোষিত। মানবের দেহ যে বিশেষ পবিত্র ও অক্য জীবের দেহ অপবিত্র—এ প্রকার শিক্ষা কোথাও নাই। কোনও উজ্জল আলোক—প্রস্তর আবরণীর মধ্যে রাখিলে উহার উজ্জ্বলতা সম্পূর্ণ আবৃত হইয়া পড়ে, উক্ত আলোক যদি কোনও স্বচ্ছ কাচ নির্মিত আবরণীর মধ্যে রাখা যায়, তাহার সমুজ্জ্বলতা বাহিরেও প্রকাশমান হইয়া থাকে। আবার প্রস্তরাবরণী ও স্বচ্ছ কাচাবরণীর মধ্যে সচ্ছতার তর-তম বিভাগ অগণ্য প্রকার হইতে পারে। এই নিদর্শনে আমাদের শাস্থকারগণ বিভিন্ন জীবের উপাধির নিম্নতা ও উচ্চতার ব্যবহার করিয়াছেন যাত্র। আত্যন্তিক বিভেদ ও দে কারণ কোনটি ঘূণার বস্তু এবং কোনটি পূজার, তাহা মনে করেন নাই।

প্রমাণ-স্বরূপ কয়েকটি দৃষ্টাস্তের—উল্লেখ করি। (ক) শাক্ষকারণণ সর্বাশক্তিমান,
নিত্য-সত্য-নিরঞ্জন-নিজলুষ—ভগবানের মৎসা-কূর্য-বরাহ-নৃসিংহ-হয়্মপ্রীব-হংস
প্রভৃতি রূপগ্রহণ কল্পনা করায় কোনও সক্ষোচ বোধ করেন নাই। (খ)
ছান্দোগ্য শুতির চতুর্থ অধ্যায়ে জানশ্রুতি ও রৈক উপাখ্যানে—হংসের
সর্বের্বাচ্চ স্তরের ব্রহ্মজ্ঞানের পরিচয় দিতে বিধা করেন নাই। (গ) কেনোপনিষদে
মৃত্তিমতী ব্রহ্মবিল্ঞা-স্বরূপা—হৈমবতী উমাকে—মক্ষমৃত্তিতে প্রকৃতিত করিতে
ইতস্ততঃ করেন নাই। (ঘ) ভাগবতের ১১।১৩ অধ্যায়ে—ভগবানের হংসমৃত্তি
পরিগ্রহ কয়িয়া ব্রহ্মবিল্ঞার উপদেশ তাঁহারাই দেওয়াইয়াছেন। (৪) মহাভারতে
পরম দেবতা—ধর্মকে বকরপে ও কুকুররূপে—ব্যাস দেবই অন্ধিত করিয়াছেন।
(চ) ভূষ্তি কাকের মৃথে ব্রহ্মবিল্ঞার উপদেশ তাঁহারাই দেওয়াইয়াছেন। এরূপ
দৃষ্টান্ত আরও অনেক দেওয়া যাইতে পারে, প্রয়োজন নাই।

চতুর্থ:—আমাদের শাস্ত্রোপদিষ্ট ক্রমবিবর্ত্তন ও ক্রমোন্নতিবাদ—উপাধি
সম্বন্ধে নহে। উপাধির ক্রমোন্নতি—অতি গৌণ। জীবন্ধের বিকাশের সঙ্গে
সঙ্গে উহা আপনাপনিই অভিব্যক্ত হয়। জীবন্ধের বিকাশ বলিলাম, ইহার
অর্থ—স্বতঃ প্রকাশ—উপাধিতে উপহিত আত্মার বা দেহস্থ দেহীর স্বতঃ প্রকাশত্ব
প্রতিরোধের বা আচরণের—বিলোপ সাধনের ক্রম প্রচেষ্টা। ইহার আলোচনা
নীচে পৃথক্ ভাবে করা হইল। যাহা হউক, আমাদের শাস্ত্রোক্ত ক্রমবিবর্ত্তনবাদের উদ্দেশ্য ও তাৎপর্য্য সমগ্র স্থাবর-জঙ্গম-জীব ও জগৎ লইয়া। পাশ্চান্ত্য
ক্রমবিবর্ত্তনবাদ, উহার এক স্বতি স্বন্ধ পরিমিত স্থানে হন্নত পড়িতে পারে।
তাহা আমাদের শাস্ত্রীয় বিবর্ত্ত নবাদের অতি গৌণ উপাধি সম্বন্ধে মাত্র প্রযোজ্য
ইহাতে ডাকুইন্ সাহেবের বৈজ্ঞানিক প্রচেষ্টার থর্ব্ব করা হইল না। বরং

আমাদের শাস্ত্রের—কোনও সাহায্য না লইয়া—নিজের প্রচেষ্টায় নৃতন জ্ঞ্য প্রতিষ্ঠার জন্ম তিনি প্রশংসার্হ তাহাতে সন্দেহ নাই।

- ২•) একই ভাগবতী শক্তির বিভিন্নরূপে ক্রিয়া—বিভিন্ন নামে শাল্তে কথিত হইয়াছে '
- ৯১। উপরে আমাদের শাস্তোপদিষ্ট ক্রমবিবর্ত্তনের ও ক্রমোন্নতির আলোচনায়, "আত্মোন্নতি," "জীবত্বের বিকাশ" প্রভৃতি বাক্যাংশ ব্যবহার করিয়াছি। ইহার প্রকৃত তাৎপর্য্য ব্রিবার জন্ম সংক্ষেপ আলোচনা প্রয়োজন। ইহা বিশদ্ভাবে ব্রিবার জন্ম একটু গোড়া হইতেই আরম্ভ করি।

পুর্বের আলোচনার আমরা বৃঝিয়াছি যে, চিদণু বা "জ্যোতিষাং জ্যোতিং"
নি:স্তত জ্যোতিঃ প্রবাহ হইতে স্পষ্টর অভিব্যক্তি। আনবিক বোমার ধ্বংস
শক্তির নিদর্শনে আমরা বৃঝিয়াছি, যে, কোনও প্রবার পরমাণু গঠনে কি
অচিস্তাশক্তি কেন্দ্রীভৃতভাবে পরমাণুতে অবস্থান করে। "জ্যোতিষাং জ্যোতিং"
হইতে প্রস্তত জ্যোতিঃকণার সহিত উক্ত শক্তি চিদণু হইতে প্রবহমান হইয়া
স্প্রির প্রত্যেক সমষ্টি-ব্যাষ্ট্র প্রব্যের পরমাণু গঠন করিয়া থাকে। স্থতরাং চিদণুতে
যে অচিস্তাশক্তি কেন্দ্রীভৃতভাবে বর্তমান, তাহার চিন্তা করিতে আমরা অসমর্থ।
অতীত—বর্তমান—ভবিদ্যুৎ অগণ্য ব্রন্ধাণ্ডের সমগ্র সমষ্টি-ব্যাষ্ট্র প্রব্যজাত গঠনে
যে শক্তি প্রয়োজন, তাহা ও তাহা ছাড়া আরও অনস্ত শক্তি কেন্দ্রীভৃত ভাবে
চিদণুতে বর্তমান থাকিয়া—সমগ্র স্প্রের অগণ্য ব্রন্ধাণ্ডকে সমষ্ট্র ও ব্যাষ্ট্রর সহিত
ধারণ করিয়া আছে, এ করনা যুক্তি সঙ্গত বটে। শক্তির এই যুল কেন্দ্র হইতে,
শক্তিপ্রবাহ বিভিন্ন নামে সর্ব্বাদিকে প্রবাহিত হইয়া জগদ্ ব্যাপার সম্পাদন
করিতেছে। ক্রিয়ার ঘারাই আমরা শক্তির পরিচয় পাইয়া থাকি। অন্ত

>২। উপরে যাহা বলিলাম, তাহার সমর্থনে ভগবান্ বশিষ্ঠদেবের একটি উক্তি উদ্ধাত করি। এই উক্তিটির বিশদ্ ধারণা করিতে পারিলে, বিশ্বরহস্তের— রুদ্ধধার কিঞ্চিৎ উদ্ঘাটিত হইবে, আশা করি। বশিষ্ঠদেব পারমার্থিক প্রবাবহারিক দৃষ্টি ভঙ্গীর আলোচনায় বলিতেছেন:—

এক সংবিদ্ঘনাকাসমপ্যনানৈব সর্ব্বগম্। স্বয়ং নানেব সম্পন্নং স্তপ্তে চিত্তমিবাত্মনি॥

योगः वाः निः छः ১२८।२

তস্তাচ্ছত্বাৎ তথাভূতমাথ্মেবাত্মনি বিস্বতি। তাদৃশস্ত তথাভূতৌ মুকুরস্তেব নির্ম্মলা॥

যোগঃ বাঃ নিঃ উঃ ১২৪।৩

এক লোহময়া এব যথাদর্শাঃ পরস্পরম্। ভবৈতে প্রতিবিদ্বন্তি পদার্থাঃ পারমার্থিকাঃ॥

যোগঃ বাঃ নিঃ উঃ ১২৪।৪

শংবিদ্যন জীবের দহরাকাশ, নানাত্বিহীন ও সর্বব্যাপী বটে, কিন্তু উহা স্বয়ং নানাত্ব সম্পন্ন—অর্থাৎ নানাত্ব, কেন্দ্রে মিলিত হইয়া অনানাত্ব প্রকৃতিত করে ও তাহাতে প্রতিষ্ঠা লাভ করে। দৃষ্টান্ত স্বরূপ, আমাদের চিত্ত—আমাদের আত্মার দ্বারা ক্রিয়াশীল হইয়া প্রপঞ্চ গত গিরি—নদী প্রভৃতির প্রতিবিশ্ব ধারণ করে। স্বর্ধী্ত অবস্থায় আত্মার ক্রিয়া অবক্রম হইলেও, চিত্তে গৃহীত প্রাতাব্য সকল স্বপ্ররূপে আত্মপ্রকাশ করে। জাগ্রদবন্ধায় ওই নানা প্রকার প্রতিবিশ্ব সকলই—আত্মায় কেন্দ্রীভৃত হইয়া অনানা রূপে ছিল; তখন উক্ত প্রতিবিশ্ব সকলের ব্যাবহারিক ভাব তিরোহিত হইয়া—পারমার্থিক ভাবে বর্ত্তমান ছিল। নির্মাল মৃক্রে যেমন মহাকাশ ও তাহার সঙ্গে সঙ্গে গিরি-নদী প্রভৃতি প্রতিবিশ্বিত হয়, সেইরূপ আত্মার স্বচ্ছতা হেতু, তাহাতে আত্মা নিজে প্রতিবিশ্বিত হয় ও সঙ্গে সঙ্গে আত্মার কেন্দ্রীভৃতভাবে, অনানাত্ব রূপে অবস্থিত নানাত্বও প্রতিবিশ্বিত হয়। যেমন সমৃদায় মৃকুরএকই উপাদানে গঠিত, সেইরূপ সকলের আত্মা ও চিত্ত একই। স্বতরাং পারমার্থিক পদার্থ উহাদের দ্বারা প্রতিবিশ্বিত হইয়া থাকে, মৃকুরে প্রতিবিশ্বিত মহাকাশের ক্রায়।

ইহার বিশদ্ ব্যাখ্যার স্বরূপ বলিতেছেন :--

ইত্যুনানৈৰ নানেদং নানা নানা চ বস্তুত:। ন চ নানা ন চানানানানানামাজকং ততঃ ॥ যোঃ বাঃ নি: উঃ ১২৪।৬

অতএব আমাদের ব্যাবহারিক দৃষ্টিতে যাহা নানা, তাহা অনানাই (পারমার্থিক দৃষ্টিতে)। বাস্তবিক পক্ষে নানা—অনানা পৃথক্ ভাবে নাই। শম্দায়ই নানা—অনানাত্মক—ব্যাবহারিক ও পারমার্থিক ভাব সম্পন্ন।

যো: বা: নি: উ: ১২ ১।৬

এককথায় ইহার অভিপ্রায় এই মনে হয় যে, "নানা" যখন এক কেন্দ্রে তাদাখ্যাভাবে মিলিত হয়, তখনই "জনানা" প্রকটিত হয়—অন্ন কথায় "অনানার" অন্তরে—"নানা" অবস্থিত—স্বতরাং "অনানার" নিষেধে "নানাত্বের" সম্ভাবনা থাকে না। একারণ বাস্তব "অনানা" ব্যবহারতঃ "নানা" রূপে প্রতীতি গোচর হইয়া থাকে কিন্তু বাস্তব বা পারমার্থিক যাহা, তাহার সহিত ব্যাবহারিক তেদ আমাদের প্রতীতিগত হওয়ায়, বলিতে হয়, যে জগতের সম্দায় বস্তু উভয়াত্মক—নানা ও অননাত্মক। এই কারণে—যোগিগণ—এক বা "অনানাম" (নিজ শরীরে) বর্তমান থাকিয়া, বিভিন্ন কায়ব্যহ রচনা পূর্বক, একই সময়ে বিভিন্ন স্থানে বিভিন্ন প্রকার বহু কর্ম সম্পাদন করিতে সমর্থ হন।

৯৩। বশিষ্ঠদেবের উক্তি হইতে বুঝা গেল যে, "অনানা" বা এক তাহার অস্তরে অগণ্য নানাকে ধারণ করিয়া আছে। ইহা আমরা সাসাহাহ স্ত্রের আলোচনায় ৯৫ অহচ্ছেদে সংকোচন—প্রসারণশীল গোলকের দৃষ্টাস্তে বুঝিবার চেষ্টা করিয়াছি। জগতে যত কিছু "নানা" আছে, সম্দায় তাদাত্মভাবে চিদ্পু বা "জ্যোতিয়াং জ্যোতিঃ" তে মিলিত হইয়া—"অনানা" প্রকটন করতঃ একই ভাগবতী শক্তির শাখত ভাগার রূপে বর্ত্তমান থাকে। এই আনানা ভাগবতী শক্তিকে আমরা সং-চিং-আনন্দ শক্তি নামে ত্রিবিধ নাম দিয়া জগতের প্রত্যেক পদার্থে সদ্ভাব, চিদ্ভাব ও আনন্দভাব এই ত্রিতয়ের বর্ত্তমানতা উপলার করিয়া থাকি। ইহার সম্বন্ধে আলোচনা "আভাদ" শীর্ষক অংশে ৩১ ও ৩২ অমুচ্ছেদে করা হইয়াছে। এথানে বিস্তারের প্রয়োজন নাই।

১৪। উপরের আলোচনা হইতে আমরা ব্রিয়াছি যে, প্রপঞ্চ জগতে যাহা কিছু আমাদের প্রতীতি গোচর হয়, সমৃদায় চিমায়। তেজোবিন্দু উপনিষদের—উদ্ধৃত কয়েকটি মন্ত্র ইহা স্কল্পই ভাবে বলিয়াছেন। উপনিষদের এই উক্তি তবল্টিতে পারমার্থিক ভাবে করা হইয়াছে। কিন্তু ব্যাবহারিক দৃষ্টিতে, স্থাবর-জঙ্গম জীব, উহাদের উপাধি, ভোগ্য বিষয়, উহাদের সকলের বৈচিত্র্য প্রভৃতি আমাদের প্রতীতি গোচর হইয়া থাকে। একই চিতের এই বিভিন্ন প্রকারে প্রতীতি ভগবানের ইচ্ছাতেই সংঘটিত। স্বষ্টির আদিতে, স্বষ্টিকর্ত্তা হিরণ্যগর্ভের—যে রূপ প্রতীতি, ভগবদিছায় হইয়াছিল, সেই প্রতীতি ব্যাষ্ট সকলের মধ্যে প্রবাহরূপে চলিয়া আসিতেছে এবং যতদিন না প্রলয়ে আমাদের ব্রহ্মাণ্ড ধ্বংস হয়, ততদিন চলিতে থাকিবে। ইহা শাল্পে "শ্বত" বা "নিয়তি" নামে কথিত। এরপ হইবার কারণ (i) ভগবদিছ্যা, (ii) হিরণ্যগর্ভ—সমষ্টি মন বলিয়া, তাঁহার মনের স্পান্দন—ব্যাষ্টি মনেও সংক্রামিত হইয়া, তাঁহার মনের অক্তিত ব্রহ্মাণ্ড চিত্র ব্যষ্টি সকলের মনে সভ্যরূপে প্রতিভাত হয়।

২৫। একই চিতের এইরূপ বিভিন্ন প্রতীয়মানতা লক্ষ্য করিয়া, শাস্ত্র একই

ভাগবতী শক্তির বহিরঙ্গা, তটন্থা ও অস্তরঙ্গা, এই ত্রিবিধ নাম দিয়া জগদ ব্যাপার বুঝাইয়াছেন। বহিরঙ্গা শক্তি বিকাশে স্থাবর-জঙ্গমাত্মক জীবের উপাধি, ভোগ্য বিষয়, তাহাদের বৈচিত্র্য অভিব্যক্ত হইয়াছে। যদিও উহারা পারমার্থিক দৃষ্টিতে চিন্মা, কিন্তু ব্যাবহারিক দৃষ্টিতে চিন্ভাবের উপর—অচিন্ভাবের আবরণ বিশেষ ভাবে লক্ষিত হয় বলিয়া, উহার অভিব্যক্তিকারিণী শক্তি বহিরঙ্গা নামে অন্বর্ধ হইয়াছে বলিতে হইবে। বহিরঙ্গা নামে অভিহিত করিলেও এবং উক্ত বহিরঙ্গা শক্তি বিকাশে অভিব্যক্ত প্রপঞ্চ ও তদন্তভূক্তি বন্ধজাতে অচিৎ ভাবের প্রাধান্ত প্রতীতি গোচর করিলেও, পারমার্থিক দৃষ্টিতে উহা ভগবান্ হইতে ভিন্ন নহে। ভাগবত বলিতেছেন:—

ইদং হি বিশ্বং ভগবানিবেতরো যতো জগৎস্থাননিরোধসম্ভবা:॥

ভাগঃ ১া৫।২০

এই বিশ্ব ভগবানই, তিনি বিশ্ব হইতে ভিন্ন হইতে পারেন, কিন্তু বিশ্ব তাঁহা হইতে ভিন্ন নহে, কেননা ভগবান্ হইতেই জগতের—জগতের উৎপত্তি—শ্বিভি ও লয় হইতেছে। ভাগঃ ১/৫/২০

জীবের ভোগ্য বিষয়রূপে অভিব্যক্তির হেতৃ অচিদ্ ভাবের—প্রাধান্ত ভগবান্ কর্তৃকই প্রদন্ত, এবং উহা ব্যাবহারিকভা সিদ্ধির জন্য। যাহাই হউক, ভোগ্য থাকিলে ভোক্তার প্রয়োজন, উপাধি থাকিলেই ভাহাতে উপহিত্ত সন্থার প্রয়োজন—একারণ ঐ একই চিৎ হইতে জীবের অভিব্যক্তি। জীব—ভোক্তা—ভোগের সার্থকতা সম্পাদনের জন্ত অভিপ্রেত। উপাধিকে ক্ষেত্র নামেও অভিহিত্ত করা হইয়া থাকে। উপাধি বা ক্ষেত্রের সার্থকতা সাধনের জন্ত জীবই ক্ষেত্রক্ত রূপে অভিপ্রেত। জীবের স্বাভাবিক প্রবণতা—উপাধি বা ক্ষেত্রে ভাবাই কার্ত্র রূপে অভিপ্রেত। জীবের স্বাভাবিক প্রবণতা—উপাধি বা ক্ষেত্র ও ভোগের দিকে বলিয়া, যে শক্তি বিকাশে উহা অভিব্যক্ত, তাহা বহিরঙ্গা শক্তির ভটস্থা—নিকট সম্বন্ধে সম্বন্ধ। ভোক্তা ও ক্ষেত্রক্ত বলিয়া, জীবের বিত্রত্যাংশ ভগবানের ইচ্ছামুসারেই অধিক প্রকাশমান।

৯৬। সৃষ্টির উদ্দেশ্য অতি মহৎ—সকলকে ব্রন্ধত্বে পুন: প্রতিষ্ঠা। বিশ্ব-রূপমঞ্চে অভিনয় স্বষ্ঠ্ সম্পাদনের জন্য জীব পর্যায়ের অন্তর্ভুক্ত মানবদেহধারী-গণের সাহচর্য্য প্রয়োজন বিধায় এবং অভিনয়ের সাধক নিয়মপরশ্বরায় কিছু পরিচালন অব্যাহত রাথিয়া, কিছু স্বাতৃষ্ট্য না দিলে, অভিনয় স্কাঙ্গস্থলর হয় না বলিয়া—অভিনয় প্রবর্তন কর্ত্তা ভগবান্ মানবগণকে পরিমাণ মত স্বাতৃষ্ট্য দান করিয়াছেন। মানব এই স্বাতৃষ্ট্যের গর্কে আত্মবিশ্বৃতি হেতু অভিনয়ের সাধক

নিয়মভঙ্গাপরাধে—শাসক নিয়মে সংসারক্ষেত্রে শাস্তি ভোগ করিতেছে। যে স্থাভন্ত্রের কুপরিচালনে এরপ ঘটিয়াছে, তাহারই স্থপরিচালনে, নিজ স্বরূপে পুনঃ প্রভিষ্ঠিত হইবার স্থযোগ দানের জন্ত, ভগবান্ কর্মাচরণ ও তাহার সহিত ফল সংযোগ বিধান করিয়াছেন। অতীত, বর্ত্তমান ও ভবিশ্রুৎ মানবের সংখ্যা অগণ্য। তাহাদের কর্মণ্ড অগণ্য প্রকার,—দে কারণ ফলত্ত অগণ্য প্রকার হইবে, ইহাতে সন্দেহ কি? সেই অগণ্য মানবের—অগণ্য প্রকার শুভ কর্মের অন্তর্ভানের—অগণ্য প্রকার শুভ ফল ভোগের জন্ত, অন্তরঙ্গা শক্তি বিকাশে, অগণ্য প্রকার নিত্যধামের প্রকটন করিয়া, ভগবান্ প্রত্যেকের নিজ নিজ আকাজ্ঞা মত নিত্য স্থ্য, শাশ্বত শান্তি ভোগের ব্যবস্থা করিয়াছেন। এই অতি সংক্ষেপ আলোচনা হইতে আমরা অন্তরঙ্গা, তটন্থা ও বহিরঙ্গা শক্তির নাম, অভিব্যক্তির প্রয়োজন ও উহাদের সার্থকতা কতক ব্যুকতে পারিলাম।

৯৭। যে শক্তি বিকাশে জীবাভিব্যক্তি হইয়াছে, তাহার তটম্বা নামের ও কারণ বুঝিলাম। উহা অন্তরঙ্গা ও বহিরঙ্গা উভয়ের তটম্বা—একদিকে বহিরঙ্গা অপর দিকে মন্তরঙ্গা। আরস্তে মানবদেহ প্রাপ্তিতে, উহার অধিক প্রবণতা বহিরঙ্গার দিকে—ইহা পূর্বেব বলা হইয়াছে। ক্রমশঃ নিজ স্বাভয়োর ম্পরিচালনে, শাম্বোপদেশ অনুসারে সংরাধনরূপ—কর্মান্তর্ভানে উহার প্রবণতা ক্রমশঃ অন্তরঙ্গার দিকে হইয়া থাকে। তটম্বা নামের ইহাই মৃথ্য কারণ। এ কারণ ১১১২।২ স্থত্রের আলোচনায় ১১৭ অনুছেদে প্রদত্ত স্থিটিত্রে উহার উভয় দিকের প্রবণতা শরাকারে (→←) দেখান হইয়াছে। তটম্বা ও বহিরঙ্গা উভয়ই চিৎ হইতে পৃথক্ নহে। তাহা হইলেও ভগবানের ইচ্ছায় বহিরঙ্গার আত্মশক্তি প্রয়োগের—ম্বিধা ও স্থযোগ নাই। তটম্বা বা জীবশক্তিকে ভগবান্ সেই স্থযোগ প্রদান করিয়াছেন এবং উহা মৃথ্যভাবে মানবদেহধারী জীবকেই দেওয়া হইয়াছে। এ কারণ শাস্ত্র মানবদেহধারী জীবের জন্ত, ইহাও বুঝা গেল।

৯৮। এই প্রদক্ষে মানবদেহধারী জীবের—সংরাধন রূপ শুভ কর্ম্মের অনুষ্ঠান কতকাল পর্যান্ত কর্ত্তব্য, তাহার উল্লেখ অবান্তর হইবে না, মনে হয়। ভাগবত বলিতেছেন:—

যাবৎ সর্ব্বেষ্ ভূতেষ্ মদ্-ভাবো নোপজায়তে।
ভাবদেবমুপাদীত বাঙ্মনঃকায়বৃত্তিভিঃ॥ ভাগঃ ১১।২৯।১৭
সর্ববং ব্রহ্মাত্মকং তম্ম বিভায়াত্মনীষয়া।
পরিপশ্যন্ত্রপ্রমেৎ সর্ববেতো মুক্তসংশয়ঃ॥ ভাগঃ ১১।২৯।১৮

অয়ং হি সর্ববিদ্ধাণাং সঞ্জীচীনো মতো মম!
মদ্ভাবঃ সর্বভূতের মনোবাক্ কায়বৃত্তিভিঃ॥ ভাগঃ ১১৷২৯৷১৯
যতদিন পর্যান্ত সর্বভূতে আমার ভাব (ব্রহ্মভাব বা ভগবদ্ভাব) না জন্মে,
ততদিন পর্যান্ত এইরূপে বাক্য-মন-শরীর দ্বারা উপাদনা করিবে। (সংরাধন রূপ
শুভকর্শের অন্তর্গান করিবে)। ভাগঃ ১১৷২২৷১৭

এইরপে যথন উপাসক পুরুষের—সর্বত্ত ঈশ্বর দৃষ্টিজাত ব্রন্ধবিদ্যা বিকাশে সকল বস্তু ব্রন্ধাত্মক হয়, তথন তিনি সেই সর্ব্ধাত্মকত্ব দেখিয়া, মৃক্ত সংশয় হওতঃ সমৃদায় হইতে উপরত হয়েন অর্থাৎ তথন সংরাধন কর্ম্মের ফল লাভ করেন। এই যে মন-বাক্য ও শরীর দ্বারা সর্ব্বভৃতে মদ্ভাব (ব্রন্ধাত্মকত্ব)—ইহাই অন্য সকল প্রকার উপায় হইতে সমীচীন বলিয়া মনে করি।

ভार्यः ११।२२।१४-१३

ইহাই ভগবান্ বশিষ্ঠদেব কথিত অগণ্য "নানা"-ত্বের মধ্যে—"অনানা" দর্শন। এইরূপ দর্শনই "সংরাধন" রূপ শুভ কর্মাচরণের একমাত্র—পরিণতি। কেননা:— ভাগবতই বলিতেছেন:—

আত্মৈব তদিদং বিশ্বং স্কৃত্যাতে স্কৃতি প্রভূঃ। ত্রায়তে ত্রাতি বিশ্বাত্মা হ্রিয়তে হরতীশ্বর।। ভাগঃ ১১।২৮।৬ তম্মান্ন হ্যাত্মনোহস্তম্মাদক্ষোভাবঃ নিরূপিতঃ।

নিরূপিতেয়ং ত্রিবিধা নির্মূলা ভাতিরাত্মনি।। ভাগঃ ১১।২৮।৭

এ প্রকার সন্দেহ মনে উদয় হইতে পারে যে, বহু শ্রুতিতে স্টাদি উল্লেখে বৈত নিরূপণ হইয়াছে, অতএব তাহা অসত্য হইবে কিরূপে? যাদ অসত্য না হয় তাহা হইলে সর্বত্রে ব্রহ্মাত্মকত্ব সিদ্ধ হয় কিরূপে? ইহার উত্তর উদ্ধৃত শ্লোকে ভাগবত দিতেছেন:—

প্রভু পরমেশ্বর—আত্মা হইতে অভিন্ন রূপে এই বিশ্বকে স্থাষ্ট করেন এব নিজে স্ট হইয়া বিশ্বরূপ ধারণ করেন। রক্ষক তিনিই এবং রাক্ষতও তিনি, সংহর্তা তিনি এবং সংহত্তও তিনি। ভাগঃ ১১।২৮।৬

অতএব আত্মা হইতে, অথবা স্ম্মাদি বাতিরিক্ত অন্ত কিছু হইতে, অন্ত কিছু পৃথক্ পদার্থ নিরূপিত হয় না। আত্মাতেই অধ্যাত্মাদি ত্রিবিধ ভাবের প্রতীতি—ানর্মূলা বলিয়া নিরূপিত হয়। অর্থাৎ যদি পরমাত্মাই বিশ্ব. ভাষা হইলে পরমাত্মায়—ত্রিবিধ বা বহুবিধ ভাবের অভাব হেতু—অধ্যাত্মাদি ভাব কোথা হহতে আসিবে? এ কারণ নির্মূলা। ভাগঃ ১১।২৮।৭ ভাগ্ৰত ৬।৪।২০ শ্লোকে (১।১।১।১ প্ৰের আলোচনায় উদ্ধৃত)— "স সর্ববনামা স চ বিশ্বরূপঃ" অংশে ইহাই বলিয়াছেন।

১৯। একই ভাগবতী শক্তির, বিভিন্ন লক্ষ্য স্থান হইতে পরিদর্শন হেতু, বিভিন্ন অভিধা প্রয়োগের ও বিভিন্ন প্রকারে চিন্তনের আর একটি দৃষ্টান্ত দিয়া, বর্তমান বিষয়ের উপদংহার করিব।১/১/২/২স্ত্রে আমরা জানি যে, বিশ্বের জন্ম-স্থিতি-লয়—ব্রন্ম হইতেই—অন্স কথায় একই ভাগবতী শক্তি বিশ্বের জন্মস্থিতি ও লয়ের কারণ। উপরে ১৪ অন্তচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ১।৫।২০ শ্লোকেও স্থাপ্ত ভাবে ইহার উল্লেখ আছে। কিন্তু আমাদের বোধ দৌকর্যার্থ, বিশেষত: অজ্ঞ শিশ্বকে সহজে ব্র্যাইবার জন্ম, শাস্ত্র উক্ত একই ভাগবতী শক্তিকে ত্রিবিধ ভাবে আলোচনা করিয়াছেন। স্থিতির অভিবাক্তিকারিণী শক্তির অধিষ্ঠাতা ব্রন্ধা, স্থিতি বা পালনের অধিষ্ঠাতা বিষ্ণু ও সংহারের অধিষ্ঠাতা ক্রন্থ—এই তিন প্রধান দেবতার উল্লেখ করিয়াছেন। ইহাতে মনে সন্দেহের উদ্য় হইতে পারে যে, স্থি, স্থিতি ও সংহার ইহারা কি পৃথক্ পৃথক্ ক্রিয়া এবং ইহারা পৃথক্ পৃথক্ ভাবে, পৃথক্ পৃথক্ অধিষ্ঠাতা দেবতাগণের দ্বারা সম্পাদিত হয়। কিন্তু এ সন্দেহের কোন ভিত্তি নাই। আমাদের স্থূল—ইন্দ্রিয় সাহায্যে বৃঝিতে না পারিলেও, উক্ত ত্রিবিধ ক্রিয়া যুগ্পৎ সম্পাদিত হইতেছে। একের ক্রিয়া, অপরের নিরপেক্ষ নহে।

১০০। আমরা জানি যে, আমাদের শরীর—অসংখ্য জীবিত জীবকোষে (living cells) গঠিত। জীবকোষগুলির আয়ুছাল অল্ল। পূর্ব্বে রক্তকণিকার দৃষ্টান্তে—ইহা বৃঝিবার প্রয়াস পাইয়াছি। কোন বিশেষ জীবকোষ ধ্বংস প্রাপ্ত হইলে, নৃতন জীবকোষ—জাত হইয়া উহার স্থান অধিকার করে। এইরূপে প্রবাহাকারে—উহারা আমাদের জীবিতকাল ব্যাপিয়া—আমাদের শরীর জীবিত রাথিয়া থাকে। এরপ জীবকোষের—নাশ ও জন্ম ক্ষণে ক্ষণে সংঘটিত হইতেছে। ইহাই আমাদের শাত্রে "নিত্য প্রলয়" নামে কথিত। ইহার আলোচনা ১।১।২।২ স্ব্রেকরা হইয়াছে—এখানে উল্লেখ মাত্র করিলাম।

ইহা হইতে বুঝিতে পারা গেল যে, সংজ্ঞান ও সংগঠন (স্প্রি কার্য্য),
সম্পোষণ, সংবর্জন-সংরক্ষণ (স্থিতি কার্য্য) এবং সঞ্চলন ও সংহরণ (লয় কার্য্য)
প্রতিক্ষণে যুগপৎ সম্পাদিত হইতেছে। ইহাও লক্ষ্য করিতে হইবে যে,
সংহরণ বা নাশের অধিদাতা কল্পদেব—তিনিই অশেষ মঙ্গলের ও জীবকল্যাণের
মূর্ত্ত প্রকাশ—সদা শিব। উহার পশ্চাতে কল্যাণ ও মঙ্গলের স্রোত প্রবাহিত।
ক্রমেশ্রতি সোপানের—উহা অপরিহার্য্য ধাপ। জীবের বাল্যগতে যেমন

কৈশোর, যৌবন, প্রোচ্ছ, বৃদ্ধছ—পরে পরে নিঃশন্ধ পদ্বিন্যাদে উপস্থিত হইয়া থাকে, তাহাতে কেহ বিশ্মিত বা ভীত হয়েন না। জীবন-ধারণের—অবশুদ্ধাবী অন্থ্যক মাত্র মনে করেন। মৃত্যু বা দেহের সংহার ও সেইরপ জীবন ধারণের—অবশুদ্ধাবী অন্থ্যক বলিয়া মনে করা সকলের কর্ত্তব্য। ইহাতে ভীত হইবার কোনও কারণই নাই। বিশেষতঃ য়াহারা—সংরাধন রূপ—শুভ কর্মাচরণে অভ্যন্ত, তাহাদের ত কথাই নাই। ভগবান্ গীতায় ৮০৫ শ্লোকে তাহাদের আখাসবাণী স্বস্পষ্টভাবে বিঘোষিত করিয়াছেন। সেই আখাসবাণীর সার্থকতা নিজের নিজের জীবনে প্রতিফলিত করিবার জন্য ভগবানেরই উপদেশ—

তস্মাৎ সর্কেষ্ কালেষ্ মামকুসার যুধ্য চ॥ সীঃ ৮/৭

অতএব, সর্বকালে আমাকে শ্বরণ কর ও স্বধর্ম পালন কর। গীতা ৮।৭ ইহাই "সংরাধন"—ইহাই সংসার উত্তরণের—"প্রবং শ্বকল্পম্"—স্থপটু নৌকা, ইহাই ভবরোগের অমোঘ রসায়ণ—ঔষধ—"ভবরক্ষোধিং"।

১০০। উপরে ৯২ অনুচ্ছেদে যোগবাশিষ্ঠ হইতে যে কয়েকটি শ্লোক উদ্ধৃত হইয়াছে, তাহাদেরই ভাগবতানুসারে বিস্তৃত ব্যাখ্যা কয়েকটি অনুচ্ছেদে দেওয়া হইল। ইহা হইতে স্পষ্ট বুঝা গেল যে, "নানা" ও "অনানা"র মধ্যে বস্তুগত কোন ভেদ নাই। ভেদের কারণ আমাদের ব্যাবহারিক দৃষ্টি এবং এ দৃষ্টি প্রকৃত বাস্তব দৃষ্টি নহে, ইহা লাস্ত দর্শন। এ সম্বন্ধে আলোচনা ১।১।২।২ স্বত্তের ৫৯,৬০,৬১ অনুচ্ছেদে করা হইয়াছে। যোগবাশিষ্টের উক্ত কয়েকটি শ্লোক ও তাহাদের যে আলোচনা করা হইল, তাহা হইতে স্বতঃ অনুসিদ্ধান্ত যাহা, তাহাই ভাগবতের ১১।২৯।১৮ শ্লোকে (৯৮ অনুচ্ছেদে উদ্ধৃত) স্থাপ্ট কথিত হইয়াছে। সর্ব্ব বস্তুতে অর্থাৎ প্রপঞ্চগত নানাছে—ব্রহ্মদর্শন বা অনানা দর্শনই প্রকৃত দর্শন এবং তাহাই সম্দায় সংরাধনের—পরিণতি ও সার্থকতা। ইহাই ব্যাবহারিকছে—পারমার্থিক দৃষ্টি। বশিষ্টদেব উপরে ৯২ অনুচ্ছেদে উদ্ধৃত ১২৪।৬ শ্লোকে বলিয়াছেন।

এখন প্রশ্ন উঠে যে, জীবও ত প্রপঞ্চগত বস্তু বা পদার্থের পর্যায়ে পড়ে। বশিষ্ঠদেবের কথানুসারে যদি জাগতিক সমৃদায় বস্তুতে পারমার্থিক ও ব্যাবহারিক উভয় ভাব বর্ত্তমান, তথন জাবে ও উক্ত উভয় ভাব বর্ত্তমান না থাকিবে কেন ? ইহাই পরবর্তী অনুচ্ছেদে আলোচনা করিতে অগ্রসর হইতেছি।

২১) পারমার্থিক জীব ও ব্যাবহারিক জীব।

১-১। জীব শ্বরূপ নির্দেশে ভাগবত বলিতেছেন :—

অহং ভবান্ নচাক্তত্বং অমেবাহং বিচক্ষ্ব ভোঃ। ন নৌ পশ্যন্তি কবয়ন্ত্রিদং জাতু মনাগপি॥ ভাগঃ ৪।২৮।৫৫

ভগবান্ জীবকে সম্বোধন করিয়া বলিতেছেন :—

অহে ! অমুধাবন কর, তুমি আমারই স্বরূপ, আমা হইতে অন্ত বস্ত নহ,
আমিও তোমার স্বরূপ। পণ্ডিতগণ আমাদের তুজনের মধ্যে অল্লমাত্রও
প্রভেদ দেখিতে পান না। ভাগঃ ৪।২৮।৫৫

এই যে জীব স্বরূপ নির্দ্দেশিত হইল, সেই স্বরূপ প্রতিষ্ঠ জীব—পারমাাথক জীব। ব্রহ্ম—পরমাত্মা—ভগবানের ন্যায়—আপেক্ষিক জগতের—প্রমাণ—প্রমোদি তাহাতে প্রযোজ্য নহে। শাস্ত্রোক্ত বিধি-নিষেধ তাহাতে কার্য্যকরী নহে। কিন্তু দেহরূপ উপাধিতে স্বরূপ প্রতিষ্ঠ পারমার্থিক জীব ছাড়া, স্বরূপ এই ব্যাবহারিক জীবও বর্ত্তমান আছেন । মৃতক শ্রুতি নিম্নোদ্ধৃত মন্ত্রেইহাদের উভয়ের স্পষ্টতঃ নির্দেশ দিতেছেন:—

দ্বা স্থপর্ণা সযুজা সথায়া সমানং বৃক্ষং পরিষম্বজাতে। তম্বোরতঃ পিপ্ললং স্বাদ্বত্যানশ্বরতো অভিচাকশীতি॥

মুঃ ৩।১।১

তৃইটি পক্ষী সহচর ও সমান স্বভাব, উভয়েই একই দেহরূপ বৃক্ষে অবস্থান করে। ততৃভয়ের মধ্যে একটি স্বাত্ (প্রিয়) কর্মফল ভোগ করে, অপরটি ভোগ না করিয়া, কেবল সাক্ষীরূপে দর্শন করে মাত্র। মৃ: ৩।১।১

শ্রুতির উদ্ধৃত মন্ত্রই ভাগবত নিজ ভাষায় বলতেছেন :—

স্থপর্ণাবেতৌ সদৃশো সখায়ো যদৃচ্ছরৈতো কৃতনীড়ো চ বৃক্ষে। একস্তয়োঃ খাদতি পিপ্পলান্নমন্তো নিরন্ধোহপি বলেন ভূয়ান ॥

ভাগঃ ১১।১১।৬

'যদৃচ্ছয়া' পদের অর্থ শ্রীধর স্বামি পাদ করিতেছেন "অনিরুক্তয়া মায়য়া"।
সরলার্থ:—দেহ হইতে পৃথগ্ভত, উভয়ে—চেতন স্থভাব বশতঃ তুলা,
'সথায়ো'—একত্রে অবস্থান প্রযুক্ত ঐক্যমত বিশিষ্ট, স্থানর পক্ষযুক্ত এই পক্ষীদ্বয়,
অনির্ব্বাচ্য মায়াবেশ বশতঃ দেহরূপ বুক্ষে নীড় নির্মাণ করিয়া—অবস্থিতি
করিতেছেন, তাঁহাদিগের উভয়ের মধ্যে—একটি কর্মফল ভোগ করেন, অন্যটি
নিরশন থাকিয়াও জ্ঞান-শক্তি দারা অভিরিক্ত হয়েন। ভাগঃ ১১১১।৬

বলা বাহুল্য যে, এই ঘুইটি পক্ষীর মধ্যে যেটি পিপ্পনারভোজী, সেটি ব্যাবহারিক জীব। যেটি নিরশন—সেটি পরমাত্ম স্বরূপ শুদ্ধ পারমার্থিক জীব। উভয়েই দেহে—অর্থাৎ দেহের হৃদয় দেশে নীড় বাঁধিয়া—অবস্থান করেন বটে, একজন নীড় বাঁধেন আসজি বশভঃ, অপরটির অনাসজিই বৈশিষ্ঠ্য—অনশনে থাকা, ভাহার প্রমাণ। দেহরূপ নীড়ে বাস করেন বটে, কিন্তু ভাহাতে আসজি নাই।

১০২। উপরে উদ্ধৃত ভাগবতের শ্লোকে যে পক্ষিটি কর্মফল ভোক্তা, সেটি বন্ধ, যেটি অনশনকারী, সেটি মৃক্ত—ইহা সহজেই বুঝা যায়। ইহাতে বন্ধ ও মৃক্তি স্বরূপতঃ কি, তাহা জানিবার আকাজ্ঞা উদয় হয়। ভাগবত বলিতেছেন:—

বন্ধো মৃক্ত ইতি ব্যাখ্যা গুণতো মে ন বস্তুতঃ।
গুণস্ত মায়ামূলতার মে মোক্ষো ন বন্ধনম্ ॥ ভাগঃ ১১।১১।১
শোকমোহে স্থুখং ছঃখং দেহাপত্তিশ্চ মায়য়া।
স্বপ্নো যথাত্মনঃ খ্যাতিঃ সংস্থৃতিন তু বাস্তবী ॥ ভাগঃ ১১।১১।২
বিতাবিতে মম তনূ বিদ্ধিন্দ্ৰৰ শরীরিণাম।
বন্ধমোক্ষকরী আতে মায়য়া মে বিনিক্সিতে ॥ ভাগঃ ১১।১১।০

द् উদ্ধব! वह ও মৃক্ত ভাব সন্থাদিগুণ জাত উপাধি মাত্রের, বস্ততঃ নহে। গুণের মায়া কার্যান্থ প্রযুক্ত স্বরূপতঃ আমার (শুদ্ধ পারমার্থিক জীবের) বদ্ধ ও নাই, মৃক্তি ও নাই। যেমন স্বপ্ন কেবল বৃদ্ধির বিবর্ত্তমাত্র, দেইরূপ শোক, মোহ, স্বথ, তঃথ ও দেহপ্রাপ্তিরূপ যে সংসার, তাহা স্ক্রেদেহে আত্মাভিমানর্রপ—মায়ার কার্য্য মাত্র, বাস্তব নহে। বিহা ও অবিহা—উভয়ই—আমার শক্তি, উভয়ই—আনাদি, উভয়ই—মায়ার ছারা নির্মিত—উহাদের একজন—বদ্ধকরী, অপর জন মোক্ষকরী। ভাগঃ ১১।১১।১-২-৩।

িলক্ষ্য করিতে হইবে যে, ১১৷১১৷৩ শ্লোকে যে বিভার কথা বলা হইল,
তাহা ব্রহ্ম বিভা নহে। ইহা অবিভার ভায়—আপেক্ষিকতার অন্তর্ভুক্ত।
১৷১৷২৷২ স্বত্তে ১১৭ অনুচ্ছেদে তাহাই দেখান হইয়াছে।]

১০৩। এখন প্রশ্ন উঠে যে, যদি জীব স্বরূপে—শোক, মোং, স্থা, ছংখা, জ্বা, মৃত্যু, পুনঃ দেহ প্রাপ্তি প্রভৃতি নাই, তবে সংসার পীড়নে কাতর হইয়া পরিত্রাহি ডাক ছাড়ে কে? ইহার উত্তরে ভাগবত বলিতেছেন :—

শোক-হর্ষ-ভয়-ক্রোধ-লোভ-মোহ-স্পৃহাদয়ঃ। অহংকারস্ত দৃশ্যন্তে জন্ম-মৃত্যুর্ন চাত্মনঃ॥ ভাগঃ ১১।২৮।১৬

শোক-হর্ষ ভয়-ক্রোধ-লোভ-মোহ-ম্পৃহা প্রভৃতি, জন্ম-মৃত্যু এ সম্দায়ই অহংকারের। আত্মার—অর্থাৎ জীব স্বরূপের নহে। ভাগঃ ১১।২৮।১৬

অহংকার কি করিয়া জীবের—শ্বরূপ আবরণ পূর্বক, শোক-হর্ব-ভয়-ক্রোধ-লোভ-মোহ প্রভৃতি অনাত্ম ধর্ম প্রকটিত করে, ইহা বুঝাইতে ভাগবত একটি অতি স্থন্যর দৃটান্ত দিয়াছেন :—

যথা ঘনোহর্ক-প্রভবোহর্ক-দর্শিতো গুর্কাংশভূতস্ত চ চক্ষুষস্তমঃ। এবং ত্বহং ব্রহ্মগুণস্তদীক্ষিতো ব্রহ্মাংশকস্তাত্মন আত্মবন্ধনঃ॥ ভাগঃ ১২।৪।৩১

যেমন প্র্য্য হইতে উৎপন্ন (প্র্য্য কিরণে উত্তপ্ত জল, পৃথিবী পৃষ্ঠ হইতে বাম্পানারে উথিত হইয়া আকাশে মেঘ আকার প্রাপ্ত হয়—ইহা সর্বজন বিদিত) মেঘ, প্র্য্য দ্বারা প্রকাশিত, হইয়াও প্র্য্যের অংশভ্ত চক্ষ্র আবরক তমোরুপে,—চক্ষ্মারা প্র্য্য দর্শনের—প্রতিবন্ধক হয়, সেইরপ অহংকার ব্রহ্ম হইতে গুণ রূপে—উৎপন্ন ও ব্রহ্মের ঈক্ষণে ক্রিয়াশীল হইয়া, ব্রহ্মের অংশভ্ত জীবাত্মার আবরক রূপে, তাহার—ব্রহ্মান্তভ্তির প্রতিবন্ধকতাচরণ করিয়া থাকে। ভাগঃ ১২।৪।৩১

১।১।২।২ স্থত্তের আলোচনায়,—১১৭ অনুচ্ছেদে প্রদন্ত সৃষ্টিচিত্র পর্যালোচন। করিলে উপরে উদ্ধৃত ভাগবতের ১১।১১।১-২-৩ও ১২।৪।৩১ শ্লোকে কথিত মায়া, গুণের ''মায়ামূলত্ব'', বিছা ও অবিছা উভয়েই মায়া হইতে অভিব্যক্ত, অহংকারের ''ব্রহ্মগুণত্ব' প্রভৃতি স্পষ্টভাবে বৃঝা যাইবে।

১০৪। এই অহংকারই ব্যাবহারিক জীব। ১।১।২।২ প্রের আলোচনায়.

—১০৫ অনুচ্ছেদে আলোচিত ব্যাবহারিক জগতের সহিত ইহারই কারবার।
ইহায়ই সংসার, ইহায়ই ভোগ। ইহায়ই বন্ধন-মৃক্তি। সমৃদায়—শাস্ত—এই
ব্যাবহারিক জীব সম্বন্ধে। পারমার্থিক জীবের সহিত ব্যাবহারিক
জগতের—কোনও সম্পর্ক না থাকায়, তাহার সংসার ভোগ, সে কারণ—বন্ধনমৃক্তি নাই। শাস্ত তাহার জন্ত নহে। সংসার বন্ধন হইতে ব্যাবহারিক জীবের
মৃক্তির—সহজ্ঞ পন্থা কি? ভাগবত ১২।৪।৩২ শ্লোক ইহার উত্তর দিয়াছেন।
উক্ত শ্লোক ১।১।১।১ প্রেরে আলোচনায়—৮৪ অনুচ্ছেদে উদ্ধৃত হইয়াছে। উক্ত

জিজ্ঞাসার হারা নাশ প্রাপ্ত হয়, তখনই ব্রহ্ম হয়প বা আত্মহরপ — উজ্জ্বল ভাবে প্রকাশিত হইয়া পড়ে। স্থুল দৃষ্টিতে মনে হয় যে, মরণ-ধর্মী দেহে আত্মবৃদ্ধি থাকা হেতু, দেহে বর্জমান থাকা কালে— অমৃত স্বরূপ ভগবানকে লাভ করা— অসন্তব, কিন্তু প্রকৃত পক্ষে তাহা নহে। বর্জমান আলোচ্য স্ত্রের ৭৯ অমুচেছনে উদ্ধৃত ভাগবতের ১১৷২৯৷২২ শ্লোক ইহা সম্পূর্ণ সন্তব, ইহাই বৃদ্ধিমানগণের বৃদ্ধির পরিচয় স্পষ্টতঃই বলিয়াছেন। ইহা ত নৃতন কিছু নহে, নিজের— ফরপায়ভৃতি। স্বরূপ ত সর্ববদাই বর্জমান। উহা ত খুঁজিয়া বেড়াইতে হয় না। নিজের সঙ্গে সঙ্গে রহিয়াছে। বর্জমান স্ত্রের আলোচনায়— ৭২ অমুচেছনে উদ্ধৃত ভাগবতের—১১৷২৮৷৩২ শ্লোকও স্বন্দাই বলিতেছেন যে ব্রদ্ধ জিজ্ঞাসা কোনও নৃতন বস্তর জনক হয় না, পূর্ব হইতে বর্জমান বস্তর (নিজ স্বরূপের) প্রকাশের আবরণ-স্বরূপ— অজ্ঞানাম্বনার ধ্বংসে ইহার তাৎপর্য্য। (দেখ ১৷১৷১৷১ স্ত্রের অমুচেছদ ৮৪)।

১০৫। ১।১।২।২ স্ত্তের আলোচন। ১১৮ অন্নডেছেদে ঞ, ট, ঠ, ড, ঢ সংখ্যান্ত দৃষ্টি আকর্ষণ করি। উহার 'ট' চিহ্নিত সংখ্যা হইতে আমরা অহংকারের অভিমানাত্মিকা বৃত্তির পরিচয় পাইয়াছি। উক্ত বৃত্তির স্বভাব বশতঃ অহংকার যাহার সংশ্পর্শে আদে, তাহাতেই আত্মাভিমান প্রয়োগ করিয়া, উপাধি বা দেহের সংস্পর্শে উহা ''আমার দেহ'' বিশ্বত হইয়া, ''আমিই দেহ'' এই প্রকার অভিমান করে। এবং দেই হেতুতে, আমি রুগ্ন, আমি রুশ, আমি ধনী, আমি নির্দ্ধন, আমি স্থা, আমি ত্বংগী ইত্যাকার ধারণায় মৃগ্ধ হইয়া—সংসার যন্ত্রণা ভোগ করিয়া থাকে। প্রকৃতির গুণজাত কোন ক্রিয়া-তে "আমি করিয়াছি" অভিমান করিয়া "কর্ত্তা" সাজিয়া বসে, এবং ফলে উক্ত ক্রিয়া জনিত ভোগ নিজের স্বন্ধে চাপাইতে বাধ্য হয়। বিষয় সংস্পর্ণে—ইন্দ্রিয়গণ নিজ নিজ স্বভাব বশতঃ ক্রিয়াশীল হইলে, অহংকার অভিমান বশতঃ আমি ভোক্তা, আমি দ্রষ্টা, আমি শ্রোতা ইত্যাদি কল্পনায়, আপনাকে বিষয়ে—হারাইয়া ফেলে । স্বভরাং উপরে উদ্ধৃত ভাগবতের ১১৷২৮৷১৬ শ্লোকে কবিত, শ্লোক, হর্ষ, ভয়, ক্রোধ প্রভৃতি যে অহংকারের, তাহা বুঝা কষ্টকর নহে। ইহা হইতে সহজেই সিদ্ধান্ত হয় যে, সংসার অহংকারের, ভোগ অহংকারের, ত্র্থ-যন্ত্রণা অহংকারের, বন্ধ-মোক অহংকারের—বন্ধন হইতে মৃক্তি প্রাপ্তির—উপায় নির্দ্দেশক শাস্ত্র ও অহংকারের জ্য। জীবের স্বরূপের সহিত উহাদের কোনও সংশ্রব নাই—উহা ভগবৎ ম্বরূপ হইতে অভিন্ন—ইহা উপরে উদ্ধৃত ভাগবতের ৪৷২৮i৫৫ স্লোকে মুস্পৃষ্ট ক্ষিত হইয়াছে। এই কারণেই ম্ওকশ্রুতি ১।১।৫ মন্ত্রে স্পষ্ট ভাবে বলিয়াছেন

যে, বেদ, বেদাঙ্গ প্রভৃতি শাস্ত্র অপরা বিদ্যার—অন্তভুক্তি। স্বর্গ, নরক এই অহংকারাত্মক ব্যাবহারিক জীবের। উহা হইতে অব্যাহতি লাভের উপায় ও উক্ত অপন্না বিদ্যার অন্তভুক্তি শাস্ত্র সকলে নিবদ্ধ।

১০৬। এখন প্রশ্ন উঠে যে, অহংকার যদি জীবস্বরূপ হইতে পৃথক কিছু হয়, তবে তাহার স্বরূপ কি? এই প্রশ্নের—অতি সংক্ষেপ উত্তর অধ্যাত্ম রামায়ণে প্রথম অধ্যায়ে "রাম হৃদয়" নামে পরিচিত কয়েকটি শ্লোকে কথিত হইয়াছে। উহা হইতে তিনটি শ্লোক উদ্ধার করিয়া বিশদ্ করিবার চেটা করি।

আকাশস্ত যথা ভেদস্ত্রিবিধো দৃশ্যতে মহান্। জ্বলাশয়ে মহাকাশস্তদবচ্ছিন্ন এব হি।।

অধ্যাত্ম রামায়ণ-আদি ১।৪৭

প্রতিবিম্বাখ্যমপরং দৃশ্যতে ত্রিবিধিং নভঃ। বৃদ্ধ্যবচ্ছিন্নচৈতহ্যমেকং পূর্ণং তথাপরম্।।

অধ্যাত্ম রামায়ণ-আদি ১।৪৮

আভাসস্থপরং বিশ্বভূতমেবং ত্রিধা চিতি:। সাভাসবৃদ্ধে: কর্তৃত্বমবিচ্ছিন্নেহবিকারিণি। সাক্ষিণ্যারোপ্যতে ভ্রাস্ত্যা জীবাত্তঞ্চ তথাহবুধৈ:॥

অধ্যাত্ম রামায়ণ-আদি ১।৪৯

আকাশ ত্রিবিধ—সোপাধিক, নিরুপাধিক ও প্রতিবিধাণ্য। মহাকাশ সর্বব্যাপী—উহা নিরুপাধিক। ঐ মহাকাশই জলাশয় দ্বারা পরিচ্ছিন্ন হইয়া—জ্বলাকাশ নামে কথিত হয়—উহা সোপাধিক। জ্বলাশয়ে প্রতিবিদ্বিত আকাশ —প্রতিবিদ্বাণ্য আকাশ নামে অভিহিত হইয়া থাকে। সেই দৃষ্টাস্তে—চৈতক্তও তিন নামে কথিত হইয়া থাকে—ব্রুক্তিতক্ত—সর্বব্যাপি, নিরুপাধিক। বৃদ্ধাবচ্ছিন্নতৈতক্ত—সোপাধিক—ইহাই জীবের স্বরূপ। আর চৈতক্ত দ্বারা উদ্ভাসিত, স্বভাবতঃ স্ক্ছেম্বভাব বৃদ্ধি হইতে প্রতিবিদ্বিত চৈতক্ত বা চিদাভাস, অহংকারে পতিত হওতঃ ক্রিয়াশীল হইয়া—জগদ্ব্যাপার—সম্পাদন করে। এই বৃদ্ধি হইতে প্রতিফলিত সাভাস চৈতক্ত বা চিদাভাসই উপরে অহংকার নামে কথিত হইয়াছে। ইহারই কর্ত্ব—সাক্ষিম্বরূপে অবস্থিত, অবিচ্ছিন্ন, অবিকারীতে ভ্রান্তি হেতু আরোপ করিয়া মৃচ্ণণ জীব নামে ব্যক্ত করে।

১০৭। এ সম্বন্ধে মদালোচিত শাস্তি গীতায়—পঞ্চম অধ্যায়ের ১৩ শ্লোকের আলোচনায় যাহা বলিয়াছি, তাহা উদ্ধার করিয়া কর্ত্তব্য সমাধা করি। শ্লোকার্দ্ধটি এই:—সাভাসাহস্কৃতিজ্ঞীবঃ কর্ত্তা ভোক্তাচ তত্রবৈ।

শান্তি গী:—হা১৩

(অন্ত শ্লোকার্দ্ধের প্রয়োজন নাই)

"তত্র" অর্থাৎ মায়া নিদ্রাবশে অবস্থান কালে, চিদাভাসের সহিত বর্ত্তমান ও তথারা অবভাসিত এবং—সে কারণ চেতনের ন্যায় ক্রিয়াশীল অহংকারই ব্যাবহারিক জীব আখ্যায় আখ্যায়িত হইয়া সংসার রঙ্গমঞ্চে কর্ত্তা, ভোক্তা সাজিয়া অভিনয় করিয়া থাকে। শাস্তি গীতা ৫।১৩

"জীবের স্বরূপ ব্রহ্ম স্বরূপ হইতে অভিন্ন, এবং ব্রহ্ম নিরীহ, নিজ্ঞিয়, ইহা উপরে বলা হইয়াছে। স্বতরাং ব্রহ্ম স্বরূপাত্মক জীব স্বরূপের কোনও কর্ম নাই এবং শে কারণ ভোগও নাই। তবে ব্যাবহারিক জগতে কে কর্ম-সম্পাদন করে এবং কেইবা স্থথ তৃঃথ ভোগ করে, ইহা বৃঝিবার জন্ম সংক্ষেপ আলোচনার প্রয়োজন।"

"কোনও ঘরের অভ্যন্তরে একথানি স্বচ্ছ দর্পণ থাকিলে, স্থা্রের বিকীর্ণ আলোকে বরথানি, ভাহার অভ্যন্তরন্থ সমৃদায়, এমন কি উক্ত দর্পণথানি পর্যান্ত, আলোকিত হইয়া থাকে, ইহা সাধারণ প্রকাশ। কিন্তু উক্ত দর্পণ হইতে আলোক রিশ্মি, ভিন্তি গাত্রে যেথানে পতিত হয়, তাহা অধিকতর উজ্জন দেথায়, ইহা প্রত্যক্ষ দৃষ্ট। সেইরূপ জীবের স্বরূপভূত হইতে বিচ্ছুরিত চৈত্য্য কণা, দেহরূপ উপাধিকে বিকীর্ণ স্থ্যা কিরণের যায়, আলোকিত করে। ইহা কৃটস্থ দৈত্য্য—ইহাই জীবের স্বরূপ। ইহা নিরীহ-নিঞ্জিয়।"

"উজ্জ্বল দীপালোক রঙ্গমঞ্চ আলোকিত করিয়া কর্তা, অভিনেতা—
অভিনেত্রী, দৃশ্রপট, দর্শকমণ্ডলী যেমন সাধারণভাবে আলোকিত করে, কৃটস্থ
চৈতন্ত ও সেইরপ—উপাধি (দেহ), উপাধির অন্তর্ভুক্ত চিত্ত-মন-বৃদ্ধি-অহংকারইন্দ্রিরগণ প্রভৃতিকে আলোকিত করিয়া, চৈতন্ত সঞ্চারে ক্রিয়া সামর্থ্য প্রদান
করিয়া থাকে। সন্থন্তণ প্রাধান্ত হেতু, বৃদ্ধি স্বচ্ছ হওয়ায়, উহার উপর হইতে
চৈতন্তালোক প্রতিফলিত হইয়া থাকে। ইহাই চিদাভাদ। ঠিক আদর্শেপ্রতিফলিত প্র্যালোক ভিত্তিগাত্রে পতিত হওনের ন্তায়, এই চিদাভাদ
অহংকারে প্রতিত হইয়া উহাকে অধিকতর—আলোকিত করে। সে কারণ,
উহাতে ক্রিয়া সামর্থাও সঙ্গে সঙ্গে অধিকতর, অহুস্যুত হইয়া, উহাকে জ্বগদ্
ব্যাপারে—প্রবৃত্তিত করে। ইহাই ব্যাবহারিক জীব। ইহাই সংসার, ইহারই
কন্ত্র্ ভ্রতিভ্রত্ত নে কারণ ইহারই স্বর্গ-নরক. ইহারই বন্ধ-মোক্ষ, ইহার সম্বন্ধেই

শাস্ত্রীয় বিধি-নিষেধ। কৃটস্থ জীব ত নিত্য মূক্ত, নিজ্ঞিয়, নিত্য বুদ্ধ, সত্যস্বরূপ।
তাহার সংসার, কর্ম, ভোগ, বন্ধ, মোক্ষ, স্বর্গ, নরক, শাস্ত্রীয় বিধি-নিষেধ
কিছুই নাই। নিত্য স্বরূপে অবস্থিত, অবস্থিত থাকিয়া—সর্ব্বদা আত্মারাম,
আত্মবৃতি, আত্মহৃপ্ত, আত্মহিণ্ন।"

স্থতরাং বৃঝিলাম যে, শাস্ত্রোপদেশের সার্থকতা—ব্যাবহারিক জীবের অক্ষীয়মান কর্ম সম্পাদনের পন্থা নির্দেশ। যে কারণেই হউক্, আমরা যখন ব্যাবহারিক জগতে ব্যাবহারিক জীব পর্য্যায়ে পড়িয়াছি, তখন যধাসাধ্য শাস্ত্র মানিয়া কর্ম সম্পাদন করা একান্ত কর্তব্য। ঘরে আগুন লাগিলে, কোথা হইতে কি করিয়া আগুন লাগিল, তাহার গবেষণায় না বিসয়া—অয়িনির্বাণের যখাসাধ্য চেষ্টা করতঃ, ঘর, ঘরে অবক্রদ্ধ জীবগণের জীবন, সম্পত্তি প্রভৃতি রক্ষা করাই—বৃদ্ধিমানের কর্তব্য—ইহাতে সম্দেহ নাই।

১০৮। বিষয়টি অক্সপ্রকারে ব্ঝিবার চেষ্টা করি।

নারদ পঞ্চরাত্রে নিমোদ্ধত শ্লোকে, জীবের সংজ্ঞা সাধারণ ভাবে নির্দেশ করা হইয়াছে। জীব—অর্থে মানব দেহধারী জীব বুঝিতে হইবে, কারণ—শাস্ত্র ভাহারই জন্য, ইহা পূর্বেও বলা হইয়াছে। ভাগবতের প্রদিদ্ধ টীকাকার পরিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় ভাগবতের ১০৮৭।২৮ শ্লোকের টীকায়—নারদ পঞ্চরাত্রের নিমোদ্ধত শ্লোকটির উল্লেখ করিয়া, উহার যে অর্থ করিয়াছেন, ভাহা নিমে লিখিত হইল। চক্রবর্ত্তী মহাশয় বলেন যে, শ্লোকে ব্যবহৃত "জীব" পদ যে ভর্ষু সংসারে বন্ধ জীব বুঝাইতেছে, ভাহা নয়, মৃক্ত ও সিদ্ধ জীবও উক্ত পদের অন্তর্ত্তুক। তাঁহার উক্তি তাঁহার কথাতেই বলি।

নারদ পঞ্চরাত্রের স্লোকটি এই:--

যৎ তটস্থং তু বিজ্ঞেয়ং স্বসং বেলাৎ বিনির্গতম্। রঞ্জিতং গুণরাগেণ স জীব ইতি কথ্যতে ॥

চক্রবর্তী মহাশরের টীকা:—যন্তটম্বং বিশেষতো জ্ঞেরং চিদ্বল্বঃ দ জীবঃ।

যথারে: ক্ষ্মা বিশ্বলিঙ্গা ব্চরস্তীতি (বৃহ—২।১।২০)। স্বদংবেদ্যাৎ—চিৎ
পুঞ্জাৎ ভগবতঃ দকাশাৎ বিনির্গতং চেৎ তদয়া গুণরাগেণ রঞ্জিতম।

(ক) 'বহিরঙ্গরা মারা' শক্ত্যা স্বীরানাং গুণানাং রাণেন রঞ্জিভং মারিকাকারং স্থাদিত্যর্থ:'। (খ) 'ঘদা তু কেবলরা প্রধানা ভূতরা বাভক্ত্যা মারোন্তীর্ণংস্থাৎ মধ্যে তদা অন্তরঙ্গরা চিচ্ছক্ত্যা স্বীর কল্যাণ গুণেন রঞ্জিভং—ভাগবতী অন্তর্রক্তি কৃতং চিন্মরাকার যুক্তং স্থাদিত্যর্থ:। এবঞ্চ মারা—চিচ্ছক্ত্যোস্তটন্থ বর্তিস্থাৎ তটন্থমিতি

ভন্নাম ক্রতম্। (গ) যদা তু ভক্তি মজ্ জ্ঞানেন মৃক্ত: স্থাৎ তদা ব্রহ্মণি অপ্থগ্ ভ্রস্থিতং নৈব গুণরাগেণ রঞ্জিতম্॥"

সরলার্থ:—বৃহদারণ্যক শ্রুতির ২।১।২ নিয়ে কথিত, যেমন অগ্নিরাশি হইতে ক্ষুত্র হর, সেইরপ চিদ্বন ভগবান্ হইতে বিনির্গত চিৎকণ জীব (ক) বহিরদা শক্তি বিকাশে অভিব্যক্ত মায়ার অকীয়া সত্ত্রক্জঃ-ভমো গুণের রাণে রঞ্জিত হইয়া মায়িকাকার প্রাপ্তি হেতু "বদ্ধ জীব" আখ্যায় আখ্যায়িত হইয়া থাকে। (খ) উক্ত বদ্ধ জীব, নিছাম ভক্তিযোগ সাধনায় মায়ায় অধিকার হইতে উত্তীর্ণ হইয়া, ভগবানের অন্তর্মা চিৎশক্তি দ্বারা, উক্ত শক্তির স্বভাব দিন্ধ কল্যাণ গুণে রঞ্জিত হওতঃ ভগবানে অন্তর্মক হইয়া চিন্ময়াকার প্রাপ্ত হয়, তথন তিনি, দিন্ধ ভক্ত আখ্যায় আখ্যায়িত হইয়া থাকেন। এই প্রকারে জীব—বদ্ধ ও দিন্ধ অবস্থায়—মায়া ও অন্তর্মনা চিচ্ছক্তি উভয়ের ভটস্থ বলিয়া, ভটস্থ নামে কথিত হইয়া থাকেন। (গ) বদ্ধ জীব যথন ভক্তি মিশ্র জ্ঞানযোগ সাধনায়, মায়ায় অধিকার হইতে মৃক্ত হইয়া বন্ধে অপৃথগ,ভাবে বর্ত্তমান থাকেন (অন্ত কথায় সামৃজ্য বা একত্ব মৃক্তি প্রাপ্ত হন) তথন নির্ববাণ মৃক্তি প্রাপ্তি হেতু, গুণ রাগে রঞ্জন সম্পূর্ণ ভাবে তিরোহিত হয়।

১০৯। উদ্ধৃত নারদ পঞ্রাত্রের শ্লোকটিতে ব্যবহৃত "ম্ব মংবেগ্ন" পদটিতে দৃষ্টি আকর্ষণ করি। উহার আক্ষরিক অর্থ—যিনি 'ম্বিন্'-আপনার অন্তরে, সমাক্রপে বেগ্য—অর্থাৎ বাঁহার বেদন বা অনুভৃতি—নিজের অন্তরে সমাক্রপে অনুভৃত হয় বা প্রকাশ পায়। এই স্ত্তের আলোচনায় পূর্বের বলা হইয়াছে যে, তিনি শাল্প প্রমাণের বিষয় না হইলেও বেগ্য—তাহার সমর্থন এখানে পাইলাম। এ সম্বন্ধে আলোচনা বর্ত্তমান স্ত্তের ৫২ অনুচ্ছেদে সংক্ষেপে করা হইয়াছে। ভগবান্ অপার করুণায় সংসারে বন্ধ জীবের বেগ্য হইয়াছেন বলিয়াই—, বন্ধ জীব, সংসার বন্ধন হইতে আপনাকে মৃক্ত করিয়া, সিদ্ধ ও মৃক্ত পদবীতে আরোহণ করিতে পারে। কি করিয়া সংসার বন্ধন হইতে অব্যাহতি লাভ হয়, তাহার উপায় শাল্পে কথিত আছে। এ কারণ শাল্পের উপযোগিতাও উপাদেয়তা। ভগবান্ নিজ মৃথে গীতায় ১৬২৪ শ্লোকে কার্য্যাকার্য্য নির্ণয়ের জন্য, শাল্প প্রমাণ অবশ্য কর্ত্ব্য বলিয়া স্ক্র্যন্ত উপদেশ দিয়াছেন। উক্ত শ্লোক পূর্বের উদ্ধৃত হইয়াছে।

১১০। উপরে ১০২ অমুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ১১।১১।১-২-৩ লোকত্রমের বন্ধ মোক্ষ বস্তুতঃ কিছু নহে, উহারা—উপাধির অমুষঙ্গ মাত্র ইহা আমরা ব্ঝিয়াছি। জীবের স্বরূপের সহিত উহাদের কোন সম্পর্ক নাই।

জীব—প্রকৃতির গুণজাত উপাধিতে অভিমান প্রযুক্ত, আপনি আপনাকে বদ্ধ করিয়া ফেলে। ইহা পারমার্থিক সত্য কিছু নহে। ব্যাবহারিক জগতে পরম্পরের সম্বন্ধে ব্যবহার নিপাদনের হেতু বটে। কিন্তু ইহা ব্যাবহারিক বলিয়া পারমার্থিক সত্য না হইলেও ইহার ব্যাবহারিক অনর্থ উৎপাদনের ক্ষমতা প্রচুর। ভাগবত বলিতেছেন:—

ছায়া প্রত্যাহ্বয়াভাসা হুসন্তোহপার্থকারিণঃ।

এবং দেহাদয়োভাবা যচ্ছন্ত্যামৃত্যুতো ভন্নং।। ভাগঃ ১১।২৮।৫

যেমন প্রতিবিম্ব, প্রতিধ্বনি, আভাস, বস্তুতঃ অসৎ হইয়াও, ভয় মোহাদি অনর্থ উৎপাদন করিয়া থাকে, সেইক্লপ দেহাদি ছৈত বস্তুসকল অবস্তু ও অসৎ হইয়াও মৃত্যু হইতে ভয় উৎপাদন করিয়া থাকে। ভাগঃ ১১।২৮।৫

এই ব্যাবহারিক অনর্থ হইতেই বদ্ধ জীবের—জন্মের পর জন্ম সংসারে গতাগতি হইতে থাকে। এই গতাগতি নিবারণের উপায় ব্যাবহারিক শাস্ত্রেই নিবদ্ধ। সেই ব্যাবহারিক শাস্ত্র সকলই, অঙ্গ-উপাঙ্গের সহিত চতুর্ব্বেদ, একারণ—ইহারা অপরা বিভার অস্তর্ভুক্ত বলিয়া মুণ্ডক শ্রুতিতে কথিত।

১১১। উপরের আলোচনায় বুঝিয়াছি যে, অহংকারই ব্যাবহারিক জীব (দেথ অনুচছেদ ১০৪)। এখন দেবর্ষি নারদের সংজ্ঞান্ত্রসারে বুঝিলাম যে,—বন্ধ জীবই ব্যাবহারিক জীব। অহংকার ও বন্ধ জীব তুল্য পর্যায় ভুক্ত বুঝা গেল। ইহাতে মনে দারুণ সংশয় হয় যে, বন্ধ জীব, অহংকার বা ব্যাবহারিক জীবই বিলি, সংসার ভোগ, জন্ম-মৃত্যু, স্থথ-তৃঃখ যাহার, তিনি ত স্বরূপ নিষ্ঠ জীব নহেন, তিনি বৃদ্ধি হইতে প্রতিকলিত চিদাভাস মাত্র—সে কারণ উহা প্রতিবিশ্ব মাত্র। প্রতিবিশ্বের অন্তিত্ব বিদ্বের উপরই নির্ভর করে—ইহা স্থাকাই। এ কারণ অহংকারের নিরপেক্ষ অন্তিত্ব থাকা সম্ভব নহে। স্থতরাং উহা শাস্ত্র প্রমাতত্বে সে কারণ জীব স্ক্রপে—প্রযোজ্য নহে। অতএব শাস্তের অভিব্যক্তি—তাহাদের নিওপ্রকার বা কি প্রয়োজন ? আপতিটি অতি সাংঘাতিক। ইহার সমাধানের উপর সমগ্র বেদান্ত শাস্ত্র নরে। ধীর ভাবে আলোচনায় অগ্রসর হওয়া যাউক।

১১২। ১।১।২।২। ও ১।১।৩।৩। স্ত্র ঘয়ের পূর্বকৃত আলোচনা হইতে আমরা বুঝিয়াছি যে, "জ্যোতিষাং জ্যোতিঃ" হইতে জ্যেতিঃ প্রবাহ বা ভগবান্ বশিষ্ঠদেবের ভাষায় চিদণুর—ক্ষুরণ সর্বত্র, সর্বাকালে, সমান ভাবে বর্ত্তমান থাকিয়া, যেমন সমষ্টি ব্রশ্বাণ্ড সকল ও তাহাদের অস্তভূকি বস্তুজাত অভিব্যক্ত

ও প্রকাশিত করে, সেইব্লপ ক্ষুত্র ক্ষুত্র বাষ্ট্রিও তদস্ভর্তুক্ত সম্দায়কে অভিব্যক্ত ও প্রকাশিত করে। উক্ত জ্যোতিঃ রশ্মি অত্যধিক সুন্ম বলিয়া, ষেমন আমার দেহকে আলোকিত ও প্রকাশিত করে, সেইরূপ আমার দেহের অন্তরস্থ— চিত্ত-মনো-বৃদ্ধি-অহংকার-পঞ্চ জ্ঞানেন্দ্রিয় পঞ্চ কর্ম্মেন্দ্রিয় প্রভৃতি সকলকে আলোকিত ও প্রকাশিত করে। অধ্যাত্ম রামায়ণে অবচ্ছিন্নবাদানুদারে ইহাকেই চিন্ত প্রভৃতির দারা ব্রহ্ম চৈতন্তের অবচ্ছেদ বলা হইয়া থাকে। পরিভাষা ভিন্ন রূপ হইলেও বস্তুগত বিভিন্নতা নাই। যাহা হউক বুঝা গেল যে, আমার অস্তরস্থ অহংকার—অন্তান্ত সকলের ক্তায় সাক্ষাদ্ ভাবে, অতি কুল্ল ব্রহ্ম চৈতন্ত দারা আলোকিত ও প্রকাশিত হইয়া থাকে। তাহা ছাড়া, স্বচ্ছ দর্পণ হইতে প্রতিবিম্বিত আলোক, ভিন্তি গাত্রে পতিত হইয়া, বিকীর্ণ স্থ্যরশ্মি দারা দরের অন্যান্য পদার্থের ন্যায় সাধারণ ভাবে আলোকিত ভিত্তির বিশিষ্ট স্থান, অধিক আলোকিত ও প্রকাশিত করিয়া থাকে, ইহা প্রত্যক্ষ দৃষ্ট। আমাদের বুদ্ধি-সম্বন্তণ প্রাধান্ত হেতু স্বচ্ছ বিধায়, ব্রহ্মচৈতন্ত উহাকে সাধারণ ভাবে আলোকিত ও প্রকাশিত করিবার পর, চিদাভাস রূপে বুদ্ধি হইতে প্রতিফলিত হইয়া, সাধারণ ভাবে প্রকাশিত ও আলোকিত অহংকারকে অধিকতর আলোকিত ও প্রকাশিত করিয়া থাকে। ইহা স্বাভাবিক নিয়ম অনুসারেই সংঘটিত হয়। ইহাকে অন্ত কথায় বলা হয় যে, অহংকারে ব্রন্ধচৈতন্তের উপর চিদাভাসের রঞ্জন লাগে। এই চিদাভাসের সহিত, পূর্ব্ব পূর্ব্ব জন্মকুত কৰ্মজাত ভূত স্ক্ষ সকল—যাহা পূৰ্ব্ব হইতে বুদ্ধিতে স্ক্ষভাবে ছিল (ব্ৰহ্মসূত্ৰ ৩।।১ ও ৩।১।৮ স্ত্র) অহংকারে—অন্তর্প্রবিষ্ট হয়। স্বতরাং অহংকারে— চিদাভাদের অনুপ্রবেশ বলাও যা—আর অহংকার প্রাকৃতিক গুণরাণে রঞ্জিত বলাও তাই। একারণ ইহা সম্পষ্ট যে, ব্রন্ধচৈতন্তাত্মক ভিত্তির উপর চিদাভাস প্রাকৃতিক গুণজাত রঞ্জন লাগাইয়া দেয়। ইহার ফলে অহংকারের সহিত একদিকে ব্রহ্মচৈতন্মের সম্বন্ধ ও অপরদিকে প্রকৃতির সহিত সম্বন্ধ— উভয় সম্বন্ধই বর্ত্তমান। ইহার জন্ম "হৃদয়-গ্রন্থি" নামে অভিহিত হইয়া থাকে। ইহা পূৰ্ব্বেও বলা হইয়াছে।

১১৩। উপরে "রঞ্জন" লাগাইবার যে কথা বলিলাম, তাহা আমরা প্রত্যক্ষতঃ বস্তুগত ভাবে দীপান্বিতা অমাবস্থার রাত্রে দেখিতে পাই। বাংলার বাহিরে উক্ত অমাবস্থা "দেওয়ালী" নামে পরিচিত। উক্ত রাত্রে—প্রত্যেক হিন্দুর বাটী আলোকমালায় সঞ্জিত হইয়া থাকে, তাহা সত্তেও বাটার বালক-বালিকারা, লাল, নীল, সবুজ প্রভৃতি রঙের আলোক জালাইয়া, আলোকমালার খেত

আলোকের উপর—লাল, নীল, সব্জ রঙের রঙ্গন লাগাইয়া—আনন্দ উপভোগ করে। ইহা উক্ত বালক-বালিকাগণের থেলা ও আনন্দ উপভোগের নিদর্শন। ভগবান্ ত "জ্বগৎ ক্রেন্ট্রনক", "ক্রীড়ার্থমাত্মন ইদং ত্রিজ্বগৎ কৃত্ম্" (ভাগবত ৮।২২।২০)—"লোকবন্ত, লীলাকৈবলায়্য" (ব্রহ্মন্থ ২।১।:৪)— ভিনিও কৃত্র বালক-বালিকার ন্থায় থেলা করেন এবং তাঁহার থেলার উপকরণ—জীব ও জগৎ। থেলার বৈচিত্র্য সম্পাদনের জন্ত্য,—নিত্য, শাশ্বত, অবিকারী, বিশুদ্ধ-সন্থাত্মক ব্রন্ধচৈতন্তার উপর "লোহিত-শুক্র-কৃষ্ণা" (শ্বতাঃ ৪।৫)—"অজা" প্রকৃতির রঞ্জন লাগাইয়া দেন।

১১৪। উপরে আলোচনায় অহংকারের ছটি দিকের পরিচয় পাইয়াছি। উহার যে দিকটি প্রকৃতির দহিত সম্বর্তু, শাস্তের কারবার সেই দিকটি লইয়া। দেই দিকটি—আপেক্ষিকতার অন্তর্ভুক্ত—আপেক্ষিকতা ছাড়িয়া প্রকৃতির অবস্থান অন্য পক্ষে শাস্ত্র মানবের ভাষায়—নিবদ্ধ বলিয়া এবং ভাষা—মানবের চিন্তা ও বুদ্ধির সিদ্ধান্ত—উভয়ের বৈথরী অভিব্যক্তি হেতু—উহাও আপেক্ষিকভার অন্তর্ভুক্ত। স্থতরাং অহংকারের এই দিকটি, আপেক্ষিকভার দৃষ্টিতে, শাস্ত্রের দহিত, দমপর্যায়ভুক্ত হওয়ায়, শাল্পের নির্ণয়ের, সিদ্ধান্তের বা উপদেশের স্পদ্দন গ্রহণ করিতে সমর্থ। সমজাতীয় পদার্থের পরস্পর স্পন্দন গ্রহণ, জগৎ-বিধারণের অব্যভিচারী নিয়ম। অহংকারের এই দিকটি অবশু বুদ্ধি হইতে প্রতিবিম্বিত চৈতন্ত বা চিদাভাস হইতে অভিব্যক্ত—এ জন্ত ইহার অস্তিত্ব—বুদ্ধির অস্তিত্বের সহিত জড়িত। যতদিন বুদ্ধি বর্ত্ত্বধান থাকিবে, ততদিন চিদাভাসও বর্ত্ত্বধান থাকিবে। বৃদ্ধিতে যতদিন মল বর্ত্তমান থাকিবে, ততদিন দেই মল (ভ্ত-স্ক্র) চিদাভাদের সহিত অহংকারে—অমুপ্রবেশ করিবে, স্থতরাং ততদিন শাস্ত্রের বিধান মানিয়া চলা অবশ্য কন্তবা। বুদ্ধির মলিনতা—শাস্ত্র বিধান মত ''দংরাধন" (স্থ এ২।২৪) অমুষ্ঠানে অপদারিত হইলে, বুদ্ধির আর পৃথক্ অন্তিত্ব থাকে না। উহা আত্মার সহিত অধ্যাত্ম রামারণের ভাষায়—সবচ্ছিন্ন ত্রন্ম চৈতত্তে মিলিয়া যায়। এইজন্ত ৺পরমহংসদেব বলিয়াছেন, নির্মাল বুদ্ধি ও আত্মা এক। বুদ্ধির মলিনতাই উপাধি গঠন করিয়া অ্বচ্ছেদ সংঘটন করিয়াছিল, মলিনতা অপদারণে উপাধির ধ্বংদে অবচ্ছেদ বিনাশ প্রাপ্ত হইবার সংশ্বে সংশ্বে, বৃদ্ধি—ব্রন্তিভন্তের দহিত মিলিয়া গেল। তথন ব্রশ্ব-চৈতন্ত্র—তটস্থ চৈতন্ত্র—বা স্বরূপ প্রাপ্ত জীব ব্লপে নিজ স্বরূপে প্রতিষ্ঠিত হইল। সংসারে গতাগতিরও অবদান ঘটিল। অহংকারও বৃদ্ধির সহিত ধ্বংস প্রাপ্ত ্হইল। স্বতরাং অহংকার—শাশত নয়—একথা সত্য।

১৯৫। তাহা হইলেও, रष्टित আদি হইতে, বৃদ্ধি, অহংকার প্রভৃতি বর্ত্তমান থাকিয়া, জগদ-ব্যাপার সম্পাদন করিতেছে, এবং যতদিন না, বৃদ্ধি মলিনতাশৃণ্য হইয়া আত্মার সহিত তাদাত্ম্যে মিলিত হইয়া নিজের পৃথক্ অস্তিত্ম হারাইয়া
ফেলে, ততদিন প্রক্রণ চলিতে থাকিবে। একারণ—ততকাল পর্যন্ত শাস্ত্র
মানিয়া চলিতে হইবে। কোন একজন বিশেষ মানব, শাস্ত্র বিহিত সংরাধনের
অক্ষ্রানে বৃদ্ধির মলিনতার অপসারণে সংসার বন্ধন হইতে মৃক্তি লাভ করিতে
পারিলেও, অপর অগণ্য মানবদেহধারী জীব বর্ত্তমান থাকিয়া, এবং ক্রমবিবর্ত্তনের
বিধানাস্থায়ী নিক্ট স্তরের জীব হইতে ক্রমোন্নতি লাভ পূর্বক মানবত্ম প্রাপ্ত
হইয়া, মানব প্রবাহ অক্ষ্র রাথে ও সংগে সংগে শাস্ত্রের ও অবশ্ব প্রয়োজনীয়তা
রক্ষা করিয়া থাকে। এজন্য শাস্ত্র সকলের নিত্যকাল অবস্থিতির বিধান—পরম
কল্যাণময় ভগবান্ কর্ত্বক বিহিত।

১১৬। এখন উপরে উদ্ধৃত নারদ পঞ্চরাত্রের জীব সংজ্ঞা নির্দেশক শ্লোকে ব্যবহৃত "স্বদংবেদ্য" পদের মধ্যে যে রহশু অর্থ রহিয়াছে, তাহা বুঝিবার চেটা করিব। উপরে বলা হইয়াছে যে, ভগবান্ এবং দে কারণ জীবের— পারমার্থিক স্বরূপ, শান্ত্র প্রমাণের বিষয় না হইলেও, বেছা বটে। ভাগবত ও ১।১।২ শ্লোকে স্পষ্ট বলিয়াছেন **"বেছাং বাস্তববস্তুমাত্র শিবদম্"।** গীতার ১৫।১৫ শ্লোকে ভগবান স্থম্পষ্ট বলিলেন—"বেদৈশ্চ সর্ট্রের ইনেমব বেক্তঃ"। এখন প্রশ্ন হইতেছে, এই বেদন বা ভগবদমুভূতি—অক্ত কথায়—নিজের পারমার্থিক স্বরূপ জ্ঞান-কাহার ? ইহা ভগবানের হইতে পারে না-তিনি ত "নিজ বোধরূপ:"। তিনি সদ্ঘন, চিদ্ঘন, আনন্দঘন (নৃসিংহ-পূর্ব্ব-তাপণী ১া৬)। তিনি "**আত্মনি গৃঢ় বোধঃ"** (ভাগঃ ১২।৮। ৫৩)। উক্ত বেদন— জীব সংজ্ঞক স্বরূপ প্রাপ্ত ভটস্থ জীব চৈতন্তের হইতে পারে না-কারণ উহা ভগবৎ স্বরূপ হইতে অভিম। (ভাগ: ৪।২৮।৫৫)। অতএব ভগবৎতত্ত্ব বা নিজের স্বরূপ জ্ঞান—অহংকারেরই বেগু। কিন্তু ভগ্বত্তত্ব অত্যধিক হক্ষ। উহার অমুভৃতি জনিত স্পন্দন গ্রহণ করিতে হইলে, উহার সমজাতীয় হওয়া প্রয়োজন। মৃণ্ডক শ্রুতি স্পষ্ট বলেন **"ব্রহ্মবেদ প্রবৈদ্ধব ভবতি"।** (মৃণ্ডক থাৰা)। ব্ৰহ্মকে জানিতে হইলে ব্ৰহ্ম হইতে হয়।

১১৭। উপরের আলোচনায় আমরা বৃঝিয়াছি—অহংকারের ছটি দিক—
একটি দিক সাক্ষাৎ ভাবে ব্রন্ধচৈতত্যের দ্বারা আলোকিত ও প্রকাশিত, অপর
দিক—প্রকৃতির গুণ রঞ্জনে রঞ্জিত। এতক্ষণ দ্বিতীয় প্রকার দিকের আলোচনা
করা হইল। প্রথম দিকটি সাক্ষাৎ সম্বন্ধে ব্রন্ধচৈতত্য বা তটস্থ চৈতত্তের

সহিত সম্বন্ধ যুক্ত বলিয়া—উহা তাহার সমজাতীয়—একারণ উক্ত দৃষ্টিতে অহংকার—ভগবত্তত্ত্বের অহভৃতি লাভে সর্ববিধা সমর্থ এবং সেই জন্মই শান্তের— উপদেশ সার্থকতা লাভ করে। অহংকার—বুদ্ধির অভিমানাত্মিকা বৃত্তি বশতঃ স্বভাবত:ই উহারই "জ্ঞাতা" বলিয়া অভিমান হইয়া থাকে। উহার অন্তরে যে "জ্ঞের আমি" বত্তমান আছে, সে জ্ঞান জগদ্ ব্যাপার সম্পাদন কালে প্রকটিত হয় না। সংরাধনের পুনঃ পুনঃ অনুষ্ঠানের ফলে উক্ত জ্ঞান ক্রমশঃ বিকশিত হইয়া নিঃশ্রেয়স বিধানে মানব জীবন কৃতার্থ করে। "ক্রেয়" আমির জ্ঞানই ভগবত্তত্ব জনিত অতি স্থন্দ স্পাদন, তথন "জ্ঞাতা" অভিমানে অভিমানী অহংকার—গ্রহণ করিতে সমর্থ হয়। অহংকারে অবন্থিত এই উভয়াত্মক ভাব, মৃণ্ডকশ্রুতি ৩৷১৷১ মস্ত্রে রূপক ভাবে দেহরূপ বুক্ষে তুটি পক্ষীর বন্ধুভাবে অবস্থানের দৃষ্টাস্তে বুঝাইয়াছেন। উক্ত হুটি পক্ষীর মধ্যে ধেটি বুক্ষের – ফলভোগকারী, সেটি জ্ঞাতা আমি—প্রাকৃতিক গুণরঞ্জনে রঞ্জিত জীব নামধারী—ব্যাবহারিক জগতে ব্যাবহার সম্পাদনকারী অহংকারের ব্যাবহারিক অপরটি দাক্ষিরণে—অবস্থান করে, বুক্ষের ফল ভোগ করে না—উহা উপরে কথিত জ্ঞের আমি—অহংকারের পারমার্থিক মূর্ত্তি। বুদ্ধির পৃথক্ অন্তিত্বের ধ্বংশের সঙ্গে সঙ্গে অহংকার নাশপ্রাপ্ত হইলে—উহা ভটস্থ চৈতত্তে ভাদাত্ম ভাবে অবস্থান করে। তথন ইহা সিদ্ধ বা মক্ত জীব। শাস্ত্রে এই অবস্থা লাভকে মুক্তি বলিয়া নির্দেশ করে।

১১৮। অহংকার সহস্কে বিস্তারিত আলোচনা করা হইল। শ্রুতিতে অহংকারের স্থান ও স্বরূপ নির্দেশ কি প্রকার, তাহা বলা হয় নাই, তাহারই সংক্ষেপ উল্লেখ করিব। ''অহংকার''—পদের বাংল, অর্থ "অহং অহং করা" অর্থাৎ যথন যাহার সংস্পর্শে আসিবে, তাহাতে আত্ম-অভিমান। যেমন, ক্রিয়া সম্পর্কে—কর্তা অহং, দৃশু সম্পর্কে—দ্রষ্টা, ভোগ্য সম্পর্কে—ভোক্তা, গান-বাজনা শোনা সম্পর্কে—শ্রোতা, শরীর সংস্পর্শে—ক্রগ্ন অহং, কৃশ অহং ইত্যাদি। অহংকার বা বদ্ধ জীবের এই যে অহংভাব—ইহাকে শ্রুতি, লৌকিক, তুচ্ছ বলিয়াছেন—মহোপনিষৎ বলিতেছেন:—

পাণিপাদাদিমাত্তোইয়ম্থমিত্যেব নিশ্চয়ঃ। অহংকারস্তৃতীয়োহসৌ লৌকিকস্তচ্ছ এব সঃ॥

মহোপনিষ্ণ ৫৯২

হস্তপদাদিমাত্র যুক্ত এই দেহ—অহম্-এই প্রকার নিশ্চয়াত্মক অহংকার লৌকিক ও তুচ্ছ। মহোপনিষৎ ৫।৯২ এই অহংকার—সম্পূর্ণ আত্ম-দেহ-কেন্দ্রিক। ইহাতে 'ত্বম্' বা 'অন্তং'— কোনও কিছুরই স্থান নাই। ইহা সর্বাধা পরিত্যজ্য। উক্ত শ্রুতি বলিতেছেন:—

অহমন্ত ইদং চাত্তৎ ইতি ভ্রান্তিং ত্যজানধ। মহোঃ ৬।১২

এই লৌকিক বা তৃচ্ছ অহংকারই ব্যাবহারিক জগতে বাবহার সম্পাদনকারী বন্ধ বা ব্যাবহারিক জীব। ইহার আলোচনা উপরে করা হইয়াছে। কিন্ত ইহা ভিন্ন অহংকারের অপর একটি দিক আছে, তাহাও উপরের আলোচনার বলা হইয়াছে। ইহার দৃষ্টান্ত গীতায় 'ভ্য়ো ভৃয়:' দেখিতে পাই। ভগবান্ আপনাকে "অহং" পরিচয়ে গীতায় ভ্য়ো ভৃয়: নির্দ্দেশ করিয়াছেন:—"অহং ক্রত্তুরহং যজ্ঞঃ" ইত্যাদি গীতা—১০১৬। "পিতাহমস্য জগতো মাতা ধাতা পিতামহঃ"—গী: ১০১৭, "অহং সর্ববিশ্য প্রভবং"—গী: ১০০৮, "অহং হি সর্ববিস্তানাং ভোক্তা চ প্রভুরের চ"—গী: ১০২৪, "সর্বস্তা চাহং হাদি সন্ধিবিষ্টঃ"—গী:—১৫১৫, আর কত বলিব ? ভগবানের নির্দ্দেশক এই অহং মূল "অহং"। ইহা ত্বম, অন্তং, সম্দায়কে ক্রোড়ীকত ও আত্মন্থ করিয়া—নিজ অপ্রচ্যুত স্বরূপে, অচিন্তা বৈভবে চির বর্ত্তমান। শ্রুতি ইহাকে "পরমা অহংকৃতিঃ" বলিয়া শ্রেষ্ঠ স্থান অর্পণ করিয়াছেন। শ্রুতির মন্ত্রটি এই:—

অহং সর্ব্বমিদং বিশ্বং পরমাত্মাহমচ্যুতঃ। নাস্তদন্তীতি সংবিদ্ যা পরমা সা অহংকৃতিঃ॥ মহোঃ ৫৮৯

এই সমগ্র বিশ্বই আমি। আমি পরমাত্মা, আমি অচ্যত (চির পূর্ন)
আমি ছাড়া পৃথক্ অন্ত কিছুই নাই—এই যে জ্ঞান—ইহা পরমা অহংক্তি।
মহোঃ ৫৮৯

১১৯। বহু জনাকীর্ণ একটি বন্ধ বরে আবন্ধ বায়, অভ্যন্তরন্থ জনগণের নিঃশ্বাস প্রশ্বাদে—দূষিত হইলে, ঘরের ছার, গবাক্ষ খূলিয়া দিলে, উক্ত দূষিত বায়, দোষ পরিহারপূর্বক বিশুদ্ধ হইয়া যায়, সেইরূপ উপাধিতে আবন্ধ অহংকার, নানাবিষয়ে—আত্মাভিমান হেতু, উদার ভাব পরিহারপূর্বক আত্মকেন্দ্রিক হইয়া পড়ে, শাস্ত্রোপদেশ অনুসারে সংরাধন অনুষ্ঠানে, উহার দৃষিত সংকীর্ণ ভাব দূরীভূত হইয়া, সর্বাত্মক ভাব প্রকটিত হয়। শ্রুতির উপরে উদ্ধৃত শেচত মন্ত্র ইহাই প্রপ্রভাবে বলিলেন। এই শ্রুতিমন্ত্র আরন্ত আলোচ্য স্ত্রের আলোচনায় ৯১ অনুচ্ছেদে উদ্ধৃত ভগবান বশিষ্ঠদেবের যোগবাশিষ্ঠ রামায়ণের—নির্বাণোত্তর ভাগের ১২৪। শ্রোক সম্পূর্ণভাবে সমর্থন করিলেন। বন্ধ জীব অগণ্য—

স্থতরাং বিভিন্ন উপাধিতে আবদ্ধ অহংকার—অসংখ্য—এই অসংখা "নানা" যথন সর্ব্বাত্মক "অনান।"-তে মিলিয়া যায়, তথনই শাস্ত্র সকলের উপদেশও জীবনব্যাপী সংরাধন, সার্থকতা লাভ করে। স্প্রির কল্যাণপ্রস্থ উদ্দেশ্য সম্পূর্ণ সিদ্ধিলাভ করে। ক্রমবিবর্ত্তন ও তাহার পরিণতিতে ক্রমোন্নতি পরিপূর্ণভাবে সাধিত হয়। ব্যাবহারিক জীবের ব্যাবহারিক জগতে ব্যবহার শেষ হয়, পারমার্থিক জীব ভাবে স্বীয় স্বরূপে শাস্থত অবস্থান লাভ করে। এক কথায়, জীব-জীবত্বের—পূর্ণ পরিণতি ব্রহ্মন্ত লাভ করে। চিৎকণা-চিৎঘনে গিশিয়া যায়। ক্র্লিঙ্গ—অগ্নিরাশিতে আপনাকে হারাইয়া ফেলে। চিৎ স্থ্য হইতে প্রস্থত কিরণ কণা, প্নরায় চিৎ স্থ্যে প্রত্যাবৃত্ত হইয়া শাশ্বত বিশ্রান্তি লাভ করে। শেতাশ্বঃ শ্রুতির ৫।> মন্ত্র কথিত, অতি ক্ষুদ্র জীবের—অনন্ত সন্তাবনা প্রাপ্তি সংঘটিত হয়। স্থতরাং শাস্ত্রসকল সাক্ষাৎভাবে ব্রহ্ম বা পরম্ব তত্ত্বকে সমগ্রভাবে প্রকাশ করিতে অক্ষম হইলেও, উহাদের অপরিহার্য্য প্রয়োজনীয়তা, শাস্ত্রীয় উপদেশ সকলের অবশ্য পালনীয়, বুঝা গেল।

২২) ভত্তমসি।

১২০। আমরা স্বন্দান্ত ভাবে ব্রিলাম যে, যদিও বিশাল ব্রহ্মাণ্ডে আমরা ক্ষান্তাদিপি ক্ষুত্র, হিমগিরির তুলনায় একটি অতি স্বন্ধ বালুকা কণা হইতেও নগণ্য, ভথাপি শ্রুতির উক্তি অমুসারে আমাদের সম্ভাবনা অনন্ত। শ্বেতাশ্বর শ্রুতির—
। মন্ত্রের উল্লেখ উপরে করিয়াছি—নিম্নে উহা উদ্ধৃত করিলাম।

বালাগ্রশতভাগ্যস্ত শতধা কল্পিতস্ত চ। ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ স চানস্ক্যায় কল্পতে॥ শ্বেতাঃ ৫।৯

একটি সৃদ্ধ কেশের অগ্রভাগকে শতভাগ করিয়া, তাহার একথণ্ডকে আবার শত ভাগ করিলে, যত সৃদ্ধ হয়, জীব তত সৃদ্ধ বলিয়া কল্পিত হইলেও তাহার অনস্ত সন্তাবনাও কল্পিত হইয়া থাকে। খেতা: —৫।>

মনে রাখিতে হইবে যে, মন্ত্রে ব্যবহৃত "শত", সংখ্যা নির্দ্দেশক নহে। উহা অসংখ্যের উপলক্ষণে ব্যবহৃত হইয়াছে। আরও লক্ষ করিতে হইবে যে, উদ্ধৃত মন্ত্রের প্রথমার্দ্ধে "কল্পিত" ও দ্বিভীয়ার্দ্ধে "কল্পতে" এই উভয় পদের ব্যবহার গৃঢ় অর্থ প্রকাশক। শ্রুতি জ্ঞানেন যে, ব্রহ্ম বা প্রমতত্বের অংশ বা ভাগ সন্তব হয় না—উহা চির পূর্ব। ইহা জ্ঞানিয়াও অজ্ঞানিয়ের ব্যাবার স্থবিধা বিধানের জন্য ভাগ "কল্পনা" করিয়াছেন এবং জীব স্বরূপ ও ব্রহ্ম স্বরূপ অভেদ বলিয়া, উক্ত কল্পিত ভাগের উন্নতির অনস্ত সন্তাবনা ও "কল্পিত" বলা হইয়াছে। যাহা

পরমতত্ত্বের সহিত তত্ত্বতঃ অভেদ—তাহার আবার অবনতি বা উন্নতি কি? ইহা অন্তরে গৃঢ়ভাবে রাথিয়া,—শ্রুতি উদ্ধৃত মন্ত্রে ঐরূপ লোকিক ভাষা ব্যবহার করিয়াছেন—বুঝিতে হইবে।

১২১। এই অনন্ত সন্তাবনা কতদ্র? অনন্তের সীমা অনন্তেই—ইহা কি বলিতে হইবে? ইহা দেশ কালের দ্বারা নিবদ্ধ নহে—উহাদের উর্জে। ইহা পরব্রহ্ম প্রাপ্তি। অজ্ঞান অন্ধকারে আয়ুত এবং দে কারণ বহু যুগ্-যুগান্তর ধরিয়া, শত, শত, লক্ষ, লক্ষ, জন্মের পর জন্ম ব্যাপিয়া হারান ও নষ্ট বলিয়া প্রতীয়মান নিজ স্বরূপের—সাক্ষাৎ লাভ ও তাহাতে শাশ্বত প্রতিষ্ঠা। এই অনন্ত সন্তাবনার উপায় নির্দেশে বেদাদি সমৃদায় শাল্পের সার্থকতা—ইহা পূর্বের অনেকবার বলা হইয়াছে। মায়ার প্রভাবে স্বরূপ আবৃত ও অন্তর্রূপে প্রতিভাত হইয়াছিল। মায়ার প্রভাব কাটাইবার জন্য, বেদাদি অপরা বিদ্যার (মৃণ্ড ২০১৮) অভিব্যক্তি—ইহাও আগে বলা হইয়াছে। শাল্প সকল মায়া বদ্ধ মানব দেহধারিগণের—ভাষায় অভিব্যক্ত হইয়াছে বলিয়া, ইহারা মায়ার সহিত সমর্প্যায়ভুক্ত হওয়ায়, অপরা নামে অভিহিত হইয়াছে। এই একই কারণে—ইহাদের উপদেশ, মায়ার প্রভাব হইতে অব্যাহতি দানের সম্পূর্ণ সামর্থ্য রাখে। ঠিক যেন বিষ দ্বারা বিষক্ষয়। ইহা কি প্রকারে সম্ভব হয়, তাহারই সংক্ষেপ আলোচনা করিয়া উপসংহার করিব।

১২২। ভগবান গীতায় ১৫।৭ শ্লোকে জীব তাঁহার অংশমাত্র নির্দ্দেশর জন্য স্থাপট্ট বলিয়াছেন "মনৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাভনঃ।" কিন্তু প্রকৃত পক্ষে ভাগ নির্দ্দেশ তাঁহারও অভিপ্রেত নহে। প্রতাক্ষ পরিদৃশ্যমান প্রণক্ষ জগৎ হইতে দৃষ্টাস্ত মাত্র দিয়াছেন—ব্রহ্ম বা পরমত্ব হইতে জীবের—প্রতীয়মান ক্ষুত্র বুঝাইবার জন্য। ভগবান্ স্ত্রকারও শ্রুতির ও ভগবানের উক্তির নিদর্শনে, প্রণক্ষ জগতের দৃষ্টাস্তে—জীব হইতে ব্রহ্ম অভ্যধিক—ইহা বুঝাইবার জন্য "অধিকস্ত ভেদ ব্যপদেশাৎ" ২।১।২৩ স্ত্র রচনা করিয়াছেন। কি শ্রুতি, কি গীতা, কি ব্রহ্মস্ত্র—ভিনেরই ব্যাবহারিক জগতের দৃষ্টাস্তে ব্যাবহারিক জীবের—ব্রিতে স্থবিধা প্রদানের জন্য, ভাগ নির্দ্দেশ করিয়াছেন। ইহার অন্য মহত্দেশ্য আছে। তাহাই আমাদের আলোচ্য।

১২৩। হিমালয় পর্বত হইতে বিচ্যুত ও নদী প্রবাহে দ্বে নীত, একটি অতি ক্ষুদ্র বালুকাকণা হইতে হিমালয় অত্যধিক বটে—কিন্তু উভয়ে তত্তঃ অভেদ ও বটে। উক্ত বালুকাকণার তত্ত্ব সমাগ্ভাবে জানিতে পারিলে, সমগ্র

হিমালয়ের তত্ত্ব অজ্ঞাত থাকে না। একটি অতি ক্ষুদ্র ক্লিঙ্গ হইতে দাবানল অত্যধিক বটে, কিন্তু উক্ত ক্লিঙ্গের তত্ত্ব সম্যগ্ভাবে অবগত হইলে, অগ্নিরাশির তত্ত্ব অজ্ঞাত থাকে না। একটি কিরণকণা তেজাময় স্থ্য হইতে নগণ্য বটে, কিন্তু উক্ত কিরণকণার—তত্ত্ব সম্যগ্ভাবে জানিতে পারিলে, স্র্য্যের তত্ত্বও জানা হইয়া যায়। ইহা আমরা ছান্দোগ্য শ্রুতির ৬৯ অধ্যায়ে খেতকেত্র উপাথ্যানে বুঝিতে পারি। উহার সমন্ধে সংক্ষেপ আলোচনা ১।১।২।২ স্ত্রের আলোচনায়—১০১ অলুচ্ছেদে করা হইয়াছে। এথানে আর বিস্তারের প্রয়োজন নাই। স্থতরাং ব্যাবহারিক দৃষ্টিতে জীব—ভগবান্ বা পরমতত্ত্ব হইতে অতিক্ষুদ্র, নগণ্য হইলেও, জীবের তত্বালোচনায় ব্রন্ধের—তত্ত্ব মানসচক্ষে উদ্ভাসিত হইয়া থাকে। ইহা শ্রুতির উপদেশ। শুধু—উপদেশ দিয়াই শ্রুতি কর্ত্ব্য সমাধান করেন নাই। উপদেশ পালনে উভয়ের অভেদত্ব কিরপে—সাধকের বিশুদ্ধ মানস চক্ষে উদ্ভাসিত হয়, তাহা বৃঝাইতেও শ্রুতি কার্পণ্য করেন নাই। শ্রীগুরুর চরণে সাপ্তাম করিয়া, তাহাই বৃঝিবার চেষ্টা করিব।

১২৪। শ্রুতিতে নানা প্রকার উপাসনার বা সংরাধনের উপদেশ আছে। উহাদের মধ্যে যে কোনটির শাস্ত্র সম্মত সমাগরুষ্ঠানে, জীব ও ব্রহ্মের তত্তাবগতির দহিত, উভয়ের অভেদন্ত অপরোক্ষাত্মভৃতি গোচর হইয়া উপাদককে স্তম্ভিত করে। শ্রুতিগণের উপদেশের সার স্বরূপ কয়েকটি, মহাবাক্য বিভিন্ন শ্রুতিতে ক্রবিত আছে। শুক রহস্যোপনিষৎ চারিটি মহাবাক্যের উল্লেখ করিয়াছেন, যথা —"ওঁম প্রজানং ব্রহ্ম"। " ওঁম অহং ব্রহ্মান্মি'। ''ওঁম ভত্তমসি"। "ওঁম্ **অয়মাত্মা ব্রহ্ম**'। উহাদের মধ্যে ছান্দোগ্য শ্রুতি কথিত মহাবাক্য "ওঁন্ ভত্তমারিস"র যথাশক্তি আলোচনা করিয়া আমার বক্তব্য বিশদ্ করিবার চেষ্টা করিতেছি। অধ্যাত্ম রামায়ণের—উত্তরাকাণ্ডে, পঞ্চম অধ্যায়ে ভগবান্ শ্রীরামচন্দ্র ভক্ত লক্ষণের প্রার্থনায় ব্রহ্মবিভার উপদেশ দিবার জন্ত, উক্ত মহাবাক্যের তাৎপর্য্য বিল্লেষণ করিয়া গুরুর কর্ত্তব্য সমাধা করিয়াছেন। আমি শ্রীশ্রীরাম গীতায় আলোচনায় যাহা বলিয়াছি, তাহারই পুনরুল্লেথ করিতেছি। উক্ত শুক রহস্য— উপনিষদে, উক্ত "ভত্তমিন" মহাবাক্যের অঙ্গীভূত তৎ—অম্—অসি এই তিন পদের প্রত্যেকটিকে এক একটি মহামন্ত্র স্বরূপ গ্রহণ করিয়া, প্রত্যেকের ঋষি, ছন্দঃ, দেবতা, বীজ, শক্তি, কীলক প্রভৃতির—উল্লেখ করিয়া, প্রত্যেকের অঙ্গন্তাদ, করাঙ্গন্তাদ, ধ্যান, জপ প্রভৃতির বিধান করিয়াছেন। আলোচনায় আমাদের সে সকল বিস্তারের প্রয়োজন নাই। আমরা শ্রীশ্রীরাম গীতার পদানুসরণে অগ্রসর হইতেছি।

১২৫। প্রথম প্রশ্ন উঠে যে, চারটি মহাবাক্য থাকিতে ভগবান্ শ্রীরামচন্দ্র অন্যগুলি পরিত্যাগ করিয়া ''ভত্ত্বমসি' বাকাটি গ্রহণ করিলেন কেন ; এই প্রশ্ন উত্থাপন করিয়া, শ্রীশ্রীরাম গীভার আলোচনায় যাহা বলিয়াছি, ভাহাই বলিতেছি। ''এই প্রশ্নের উত্তর অনুসন্ধানে সহজে বুঝিতে পারা যায় যে, প্রত্যক্ষ দেহাত্মবুদ্ধি হইতে, পরোক্ষ—আত্মতত্ত্ব জ্ঞানে শিশ্যকে উন্নয়ন করিতে হইলে, এই মহাবাক্য অবলম্বনই সর্বাপেক্ষা সহজ্বসাধ্য উপায়। কেহই আপনার অস্তিত্ব সম্বন্ধে সন্দেহ পোষণ করে না। আমি আছি, কি নাই, এ সন্দেহ কাহারও মনে উদয় হয় না। সকলেই ''আমি আছি" এই জ্ঞান দৃঢ়ভাবে ধারণ করিয়া থাকে। यদিও প্রতিদিন আমাদের সমক্ষেকত শত ব্যক্তি মৃত্যুম্থে পতিত হইতেছে, আমরা দর্শন করি, এবং ক্ষণে ক্ষণে আমাদের পরিবর্ত্তনও আমাদের কাছে ল্কায়িত থাকে না, পরিণামে আমরাও যে মৃত্যুম্থে পতিত হইব, এ সম্বন্ধে কোনও সন্দেহ কাহারও মনে উদয় হয় না, তথাপি মৃত্যুর পর আমরা যে লোপ প্রাপ্ত হইব, এ চিন্তা, আমরা ধারণা করিতে পারি না। আমাদের এই সাধারণ চিন্তা পদ্ধতিকেই অবলম্বন করিয়া, প্রত্যক্ষ হইতে পরোক্ষ পরম ও চরম জ্ঞানে পৌহুছিবার স্থগম পথ—আলোচ্য মহাবাক্যের অর্থোপলব্ধি।"

১২৬। ইহার পরে ভগবান্ শ্রীরামচন্দ্র উক্ত শ্রীশ্রীরামগীতায়—২৫ শ্লোকে বলিতেছেন:—''বাক্যার্থের" যথার্থ জ্ঞান করিতে হইলে প্রথমে বাক্যের অবয়বীভূত পদ সকলের যথাবিধি অর্থজ্ঞান আবশুক। "ভ্রন্থমিন্ধি" মহাবাক্যের অবয়বশ্বরূপ তিন পদ—তৎ-ত্বম্-অদি। ইহাদের মধ্যে "তৎ" পদ পরমাত্মা "ত্বম্" পদে জীব এবং "অসি" পদ দারা "তৎ" এর সহিত "ত্বম্" এর অভেদ জ্ঞাপন করা হইতেছে। রামগীতা ২৫।

এই অভেদ কি প্রকারে বৃঝিতে হইবে, তাহা ২৬ শ্লোকে বলিতেছেন:—
"তেং" পদের দ্বারা লক্ষিত পরমাত্মা পরোক্ষবাচী. "হম্" দ্বারা লক্ষিত জীব
প্রত্যক্ষবাচী। স্থতরাং জীব ও পরমাত্মা—উভয়ের মধ্যে প্রত্যক্ষ—পরোক্ষ
বিরোধ বর্ত্তমান। জীব ও পরমাত্মার—এই বিক্ষজভাব পরিত্যাগ করিয়া—য়ৃজিবিচার দ্বারা, "তং" ও "ব্রম্" এই উভয় পদ দ্বারা লক্ষিত চৈতক্তরপতা-রপ
অভেদ, জহদজহলক্ষণা দ্বারা- সাধন করিয়া, জন্য কথায় "হম্ম" ও "তং"
পদদ্বয়ের শোধন করিয়া, আপনাকে পরমাত্মা হইতে অভেদ জ্ঞান করতঃ
অবৈততত্ত্বে প্রতিষ্ঠিত হইবে। রামগীতা ২৬।

১২৭। ২৫ ও ২৬ শ্লোকের তাৎপর্য্য হইতেছে:—"ভত্তমারি পদ তৎ-ত্বম্-অসি—এই তিন পদের মিলনে উৎপন্ন। উহাদের মধ্যে "তৎ"—পরোক্ষ ব্রন্ধের বাচক-(গী: ১৭।২৩)—ব্রন্ধ—সর্বজ্ঞ, সর্ব্বশক্তিমান, চিদ্ঘন। ত্বম্"—প্রত্যক্ষ—শিশ্যের বাচক। "ত্বম্"—জীব—অল্পঞ্জ, অত্যল্প শক্তিমান, চিৎকণ। "অসি"—"তৎ" ও "ত্বম্"—উভয়ের সমানাধিকরণবাচী—উভয়ের অভেদ প্রতিপাদনে উহার তাৎপর্য্য। এই অভেদ প্রতিপাদন কি প্রকারে হয়, ইহাই বিস্তারিতভাবে শ্রীশ্রীরামগীতা হইতে বলিতেছি।

বাক্যের অর্থ তিন প্রকারে গ্রহণ করা হইয়া থাকে—

(১) বাচ্যার্থ, (২) লক্ষ্যার্থ ও (৩) বাঙ্গ্যার্থ—যথা সাহিত্য দর্পণে:—
বাচ্যার্থোহভিধয়া বোধ্যো লক্ষ্যো লক্ষণয়ামতঃ।
ব্যঙ্গো ব্যঞ্জনয়া তাঃ স্থান্তিশ্র শব্দশ্য শক্তয়ঃ॥

কোনও বাক্যের অর্থ বৃঝিতে হইলে, ঐ বাক্যের প্রতি পদের অর্থ প্রতীতি প্রয়োজন। প্রতি পদের বা শব্দের অর্থ-শক্তি তিন প্রকার—(১) বাচ্যার্থ—ইহা উক্ত শব্দের ধাতৃ-প্রত্যয় (অভিধা) হইতে বৃঝিতে হয়। যেথানে বাচ্যার্থ—অর্থ প্রতীতি হয় না, দেখানে লক্ষণার দাহায্য প্রয়োজন—ইহা (২) লক্ষ্যার্থ। এতদ্ভিন্ন শব্দের ব্যঙ্গনা হইতে ও তৃতীয় প্রকারে অর্থ-প্রতীতি হইয়া থাকে। বাচ্যার্থ বা লক্ষ্যার্থ দারা অর্থ প্রতীতি না হইলেই ইহার সাহায্য গ্রহণ করিতে হয়। বর্ত্তমান "তত্ত্বমদি" বাক্যের অর্থগ্রহণ প্রয়োজন। প্রতি পদের বাচ্যার্থ গ্রহণ উক্ত বাক্যের তাৎপর্য গ্রহণ সম্ভব হয় না। উক্ত বাক্যের অভেদ প্রতিপ্রবাদ্য সরমাত্মার সহিত, প্রভাক্ষনাচী "ত্ম" পদ্বাচ্য জীবের অভেদ প্রতিপ্রদান, উহার তাৎপর্য। প্রতিপদের, বাচ্যার্থ দারা উক্ত—তাৎপর্য্য প্রতীত হয় না, এ কারণ লক্ষণার আশ্রয় গ্রহণ করা প্রয়োজন।

১২৮। লক্ষণা তিন প্রকার—জহলক্ষণা, (২) অজহলক্ষণা ও (৩) জহদজহলক্ষণা বা ভাগলক্ষণা। "জহং" শব্দ "হা' ধাতু হইতে উৎপন্ন। "হা' ধাতুর অর্থ পরিত্যাগ করা। যেখানে কোনও পদ নিজের স্বার্থ পরিত্যাগ করিয়া তৎসম্বন্ধী কোনও তৃতীয় পদকে লক্ষ্য করে, সেখানে "জহলক্ষণা" বৃরিতে হইবে। যেমন—

"গঙ্গায়াং ঘোষঃ প্রতিবদতি"। বাক্যে—ভগীরথ থাতাবচ্ছিন্ন জলপ্রবাহে— (অর্থাৎ গঙ্গানদীতে) ঘোষের বা গোপালকের—গোগণের সহিত, বাদের হেতু, আধার-আধেয় সম্বন্ধ নাই। এ কারণ—উক্ত বাক্যের তাৎপর্য্য গ্রহণের জক্ত

"গঙ্গায়াং" পদে উক্ত জলপ্রবাহ না ব্ঝাইয়া—উহার সহিত সম্বন্ধুক "তীর" ব্ঝিতে হইবে। "গঙ্গায়াং" পদের স্বার্থ পরিত্যাগ হেতু ইহা জহলকণার দৃষ্টান্ত। অজহল্লক্ষণার দৃষ্টান্তে—''শোণো ধাবতি'' বাক্য প্রয়োগ করা হইয়া পাকে। "শোণো পদের" অর্থ রক্তবর্ণ—উহার ধাবন সম্ভব নহে। বাহার আশ্রের "শোণ" বা রক্তবর্ণ বর্ত্তমান, এমন কোনও ধাবনের উপযোগী—অথ বা গো অথবা অগ্ত কোনও জন্ত-উক্ত "শোণ" পদের লক্ষ্য বুঝিয়া, তাৎপর্য্য গ্রহণ করিতে হইবে। এথানে "শোণ" পদের স্বার্থ রক্তবর্ণ পরিত্যাগ করিতে না হওয়ায় তৎপরিবর্তে রক্তবর্ণ অশ্ব, গো বা অন্য জন্ত-উহার লক্ষ্য বলিয়া গ্রহণ করায়, ইহা অজহলকণা ব্ঝিতে পারা গেল। যেথানে বাক্যের তাৎপর্য্য গ্রহণ করিতে, উক্ত বাক্যের অবয়বীভূত পদ সকলের স্বার্থের কতকাংশ গ্রহণ ও কতকাংশ পরিত্যাগ করিতে হয়, সেথানে পরিত্যাগ ও গ্রহণ উভয় বর্ত্তমান থাকায় এবং সে কারণ স্বার্থকে ভাগ করার ন্যায় প্রতীতি হওয়ায়, উহা জহদজহলক্ষণা বা ভাগলক্ষণা বলিয়া কথিত। ইহার দৃষ্টান্ত "দোহয়ং দেবদত্তঃ"। এই বাক্যে প্রাক্কালে ও ভিন্ন দেশে দৃষ্ট দেবদত্তের সহিত—বর্তমান কালে ও বর্তমান দেশে প্রত্যক পরিদৃষ্ট দেবদত্তের ঐক্য জ্ঞাপনে তাৎপর্যা। কিন্তু পূর্ববকালে দৃষ্ট দেবদন্ত শিশু ছিল, অধুনা তাহার পূর্ণ যৌবন—স্থতরাং উভয়ের আকৃতি, শরীরের পরিমাণ, গুরুত্ব, গুদ্ফ-শাশ্র প্রভৃতির অসদ্ভাব-সদ্ভাব, বিচ্চা-বৃদ্ধি প্রভৃতি সম্দায় বিভিন্ন। এই সব কারণে—উক্ত বাক্যের তাৎপর্য্য গ্রহণ করিতে হইলে, ঐ সমৃদায় বিভিন্নতা পরিত্যাপ করিয়া, যে যে বিষয়ে উভয়ের ঐক্যভাব বর্ত্তমান—যেমন, বংশ, পিতৃ-মাতৃ পরিচয়—প্রভৃতি গ্রহণ করা প্রয়োজন। এমতা ইহা জহদজহলকণা বা ভাগলক্ষণার দৃষ্টাস্ত।

১২১। বর্ত্তমান আলোচ্য "ভল্বম্বি" বাক্যে পরমাত্মার সহিত জীবের ঐক্য সাধন উদ্দেশ্য। উভয়ের ঐকাত্মা নিবন্ধন, জহলকণা বা অজহলকণা সম্ভব নহে। কারণ "ভং" পদ—পর্ফোক্ষ, সর্বজ্ঞ, সর্বাক্তিমান, পরমাত্মার—বোধক, এবং "ত্বম্" পদ—প্রত্যক্ষ, অল্পজ্ঞ, অল্পজ্ঞান জীবের—বোধক। উভয়ের ঐক্য জ্ঞাপনই বাক্যার্থের লক্ষ্য। উক্ত ঐক্য "ভং" ও "ত্বম্" পদন্বয়ের ম্থ্যার্থ পরিত্যাণে বা অপরিত্যাণে সাধিত হয় না। এখন দেখিতে হইবে যে, তৃতীয় প্রকার লক্ষণা দ্বারা উহা সম্ভব কিনা? যেমন "গোহয়ং দেবদত্তং" বাক্যে পরস্পর বিরোধী ভাব পরিত্যাণ করিয়া, অবিরোধী ভাব গ্রহণে তাৎপর্য্য পরিগৃহীত হয়—সেইরূপ "ভল্বম্বি" বাক্যে পরোক্ষত্ব—প্রত্যক্ষত্ব, সর্ব্বজ্ঞত্ব, সর্ব্বশক্তিমত্বা—অল্পক্ষত্ব, পরাক্ষত্ব—প্রত্যক্ষত্ব, সর্ব্বজ্ঞত্ব—অল্পক্ষত্ব, সর্ব্বশক্তিমত্বা প্রভৃতি পরম্পর বিরোধী ভাব পরিত্যাণ অল্পজ্ঞত্ব, সর্ব্বশক্তিমত্বা প্রভৃতি পরম্পর বিরোধী ভাব পরিত্যাণ

করিয়া, চৈতত্তাংশে উভয়ের ঐক্যভাব গ্রহণে বাক্যার্থের তাৎপর্য্য বুঝা যায়। স্থতরাং কোনও দোষ না থাকায় ভাগলক্ষণা দারা অর্থ পরিগ্রহই যুক্তিযুক্ত।"

এই যে "তৎ" ও "ত্বন্" পদদ্বয়ের পরম্পর বিরোধী অংশ পরিত্যাগ ও অবিরোধী অংশ গ্রহণ—ইহাকে উক্ত পদ্বয়ের শোধন বলা হইয়া থাকে। এই প্রকারে পরিশুদ্ধ "তৎ" ও "ত্বন্" পরম্পর—অভেদ—ইহা শ্রুতির ও শ্রুতির অনুগামী শাস্ত্র সকলের শিক্ষা। এই শিক্ষা অনুসারে ভক্তি-শ্রুদ্ধা-বিশ্বাদের—সহিত সংরাধন ধীরভাবে অনুষ্ঠান করিলে পরমতত্ত্বের অপরোক্ষান্ত্ত্তিলাভ হইবে, ইহা শাস্তের ঘোষণা। স্থতরাং শাস্ত্র সাক্ষাৎভাবে পরমতত্ত্বের প্রমাণ স্বরূপ না হইলেও, ইহার প্রয়োজনীয়তা যে অপরিহার্য্য ও অসীম এবং জীবের অশেষ কল্যাণকর, তাহাতে সন্দেহ কি?

১৩০। উপরের আলোচনায় যে অভেদের উলেথ করা হইল, ভাহাতে বলা হইল না, যে জীব—ব্রহ্মই হইয়া যায়। অবশ্য, যে মানবদেহধারী জীব, ইহলোকে জীবিত থাকা কালে ব্রহ্ম বা ভগবানের সহিত একত্ব প্রাপ্তির—অন্য কথায় নির্ব্বাণম্ভির—আকাজ্ঞা করিয়া সাধনা করেন, তাঁহার—সাধনার সিদ্ধিতে তাহাই পাইয়া থাকেন, তাহাতে সন্দেহ নাই। কারণ ভগবানের নিজেরই অস্পীকার গীতার ৪।১১ শ্লোকে স্বম্পষ্ট ভাবে প্রকাশ করে যে, যে ব্যক্তি ভগবানকে যেমন ভজন করে, তিনি তেমনি প্রতিভজন করিয়া থাকেন অর্থাৎ ভজনকারীর—প্রাথিত ফলদান দ্বারাই, তাহাকে অন্থর্গ্রহ করিয়া থাকেন। স্বত্রাং সাধকের—প্রার্থনা নির্ব্বাণ মৃত্তি লাভ হইলে, ভগবান্ তাহাই প্রদান করিয়া তাহার আকাজ্ঞা পূরণ করিয়া থাকেন। কিন্তু ইহা সকাম উপাসনা। ভাগবত ১।১।২ শ্লোকে ইহাকে "কৈতব" আখ্যা দিয়া নিন্দা করিয়াছেন। ইহা নিজের জন্য প্রার্থনা—স্বতরাং ভক্তরাজ প্রহ্লাদের ভাষায় ইহা বণিক ব্যাপার। নির্বাম্ব ভক্ত ইহার জন্য লালায়িত নন—শ্বণার সহিত ত্যাণ করেন। ভাগবত বালতেছেন:—

সালোক্য সাষ্টি পামীপ্য সারূপ্যৈকত্বমপ্যুত।
দীয়মানং ন গৃহুন্তি বিনা মংসেবনং জনাঃ॥ ভাগবত ৩।২৯:১১

জনা:—অর্থাৎ যে সকল ভাগ্যবান—ব্যক্তির ভগবানে নিগুণ ভক্তিযোগ লাভ হইয়াছে, তাহাদিগকে সালোক্য (ভগবানের সহিত এক লোকে বাদ), সাষ্টি— (ভগবানের তুল্য ঐশর্যা বা ভোগ), সামীপ্য (ভগবানের সমীপে অবস্থান)— সার্মপ্য (ভগবানের সমান রূপত্ব), এবং একত্ব বা সাযুজ্য—(ভগবানের নির্বাণ

লাভ) এই সকল মৃক্তি দিতে চাহিলেও, তাঁহারা—ভগবানের সেবা ব্যতিরেকে অন্য কিছুই গ্রহণ করিতে চাহেন না। ভাগঃ ৩২২।১১

এই সকল নির্গুণ ভক্তিযোগ সাধনে সিদ্ধ ভক্তগণের সেবাতুরূপ—ফল দিবার জন্য, তাঁহারা কোনও কিছু আকাজ্জানা করিলেও ভগবানের নিকট কোন কিছু প্রার্থনা না করিলেও, ভগবান্ স্বতঃ প্রবৃত্ত হইয়া--নিজের অন্তরঙ্গা শক্তি বিকাশে নিত্যধাম দকলের ব্যবস্থা করিয়াছেন। দেখানে তাঁহারা—তাঁহাদের— সেবামুরপ পরম ফল ভোগ করিয়া থাকেন। এই পরমফল—ভগবানের পরিপূর্ণ সেবা ভিন্ন অন্য কিছু নহে। ইহলোকে জীবিত থাকা কালে, তাঁহারা ভগবানের পরিতৃপ্তির জন্যই ভগবানের আরাধনা করিতেন। নিজেদের জন্য প্রার্থনার কিছু ছিল না। একারণ নিত্যধামে, ভগবানের সেবায় পূর্ণ পরিভৃপ্তি লাভ করেন। তাঁহাদের অবস্থান স্থান-নিত্যধাম-ভগ্যানের স্বরূপ হইতে অভিন্ন-একারণ সেথানে অবস্থানই ভগবানের সহিত অতি ঘনিষ্ঠ সংস্পর্শ জনিত, অপরিমেয় আনন্দ প্রদান করে। তাঁহাদের অন্কুভৃতির যন্ত্র— মনো—বুদ্ধি—ইন্দ্রিয়াদি—ভগবানের স্বরপভূত—বিশুদ্ধ-সত্ত্ব হইতে অভিব্যক্ত বলিয়া, উহাদের সাহায্যে ভগবদন্তভৃতি—ভগবানের সহিত আরও ঘনিষ্ঠতর সংস্পর্শ—সংঘটন করে। তারপর, ভগবানের স্বরূপের সহিত অতি ঘনিষ্ঠ সংস্পর্শ হেতু—তাঁহাদের ভজনানন অন্ত কথায় ভগবানের সেবা, তাঁহাকে ইচ্ছামত সাজে সাজান, নিত্যধামে নিত্যলীলার প্রকটন, তাঁহাকে লইয়া ইচ্ছামত খেলা, তাঁহার মাধুর্যোর মধুর আস্বাদন-প্রভৃতি লাভ করিয়া. ভগবানের চরণে-আপনাদিগকে দম্পূর্ণভাবে বিলাইয়া দেন। এই পরমানন্দের সহিত সালোকা —সাষ্টি'—সামীপ্য—সারপ্য—একত্ব বা নির্ব্বাণ মৃক্তির কি তুলনা হয়? স্বতরাং তাঁহারা এ সকল গ্রহণ করিবেন কেন? ভাগবতের উদ্ধৃত এ২৯৷১১ শ্লোকের উক্তি কিছু মাত্র অতিরঞ্জন নহে।

১৩১। আমরা দাধারণতঃ মনে করি যে, নির্ব্বাণ মৃক্তিতে বা ভগবানের সহিত একত্ব প্রাপ্তিতে নিজের অন্তিত নাশ প্রাপ্ত হইয়া যায়, মনে হয়, এ ধারণা ঠিক নহে। ভগবান্ শঙ্করাচার্য্যের একটি স্থপ্রসিদ্ধ শ্লোক উদ্ধার করিয়া এই স্ত্তের আলোচনা শেষ করি—এবং উহার মর্ম অন্থধাবন করিতে অন্থরোধ করি।

15-

সভাপি ভেদাপগমে নাথ, তবাহং ন মামকীনস্তম্। সামুপ্রোহি তরঙ্গঃ কচন সমুদ্রো ন তরঙ্গঃ ॥ ষট্পদী স্তোত্তম্

তরঙ্গ সমৃদ্রে উৎপন্ন হইয়া সমৃদ্রেই লয় প্রাপ্ত হইয়া থাকে। যতক্ষণ উহ

প্রকটিত ভাবে থাকে, ততক্ষণ উহা সমৃদ্রের ভিত্তির উপর বর্ত্তমান থাকিয়া নর্তনকুর্দন করিতে থাকে। দেইরপ আমি, হে নাথ! তোমা হইতে জাত, যতক্ষণ
আমার বিশেষত্ব বা ব্যক্তিত্বের—সহিত প্রকটিত থাকি, ততক্ষণ আমি, তোমার
ভিত্তির উপর, তোমার আশ্রয়ে, তোমার বক্ষে বর্ত্তমান থাকিয়া জগন্নাট্যে,
আমার প্রতি নির্দিষ্ট অভিনয় করিয়া থাকি। তারপর অভিনয় শেষ
হইলে, তোমাতেই মিলাইয়া যাই। আমার অন্তত্ব—তোমাতে অভেদে বর্ত্তমান
থাকে। লোকে সমৃদ্রের তরঙ্গ বলিয়া থাকে, তরঙ্গের সমৃদ্র কেহ বলে না।
দেইরূপ আমি তোমার, তুমি আমার নহা।

আচার্য্য শঙ্করদেব এই শ্লোকে যাহা বলিলেন, ভগবান্ স্ত্রকার ব্রহ্মত্ত্রের ২।১।২৩ স্ত্রে "অধিকস্ত ভেদব্যবদেশাৎ"—তাহাই বলিয়াছেন।

২৩) দেহরূপ বৃক্ষে তুটি পক্ষী (মুগুক ৩।১।১) শুধু যুক্তি-বিচারে প্রতিষ্ঠা লাভ করে কি না ?

১৩২। পূর্ব পক্ষ বলিতেছেন:—তোমার আলোচনা চলাকালে, আমি কোনও আপত্তি উত্থাপন করিয়া তোমার বাধা স্ক্রমন করি নাই। আমার প্রতিশ্রুতি রক্ষা করিয়াছি। এখন অন্পরোধ করিতেছি যে, তোমার বিশদ্ আলোচনায় ত্-এক জায়গায় আমার কিঞ্চিত সংশয় রহিয়াছে, উহা নিবেদন করিতেছি। আশাকরি, অন্তগ্রহ করি আমার সংশয় অপনোদন করিবে।

প্রথম সংশয় এই। তোমার আলোচনায় ১০১ অনুচ্ছেদে মৃত্তক শ্রুতির ৩।১।১ মন্ত্র ও ভাগবতের ১১।১১।৬ শ্লোকের বলে, তুমি দেহরূপ বৃক্ষে, তুইটি পক্ষীর রূপকে জীবাত্মা ও পরমাত্মার অবস্থানের—উল্লেখ করিয়াছ। তুমি নিশ্চয়ই জান যে অনেক ধর্মে একটি আত্মার-ই অন্তিত্ব স্বীকৃত হয় না। তুইটির-ত কথা নাই। তুধু আমাদের শাস্ত্র—বলে, তুইটির অন্তিত্ব স্থাপন করিলে, উহা—ত সার্বজনীন সভ্য হইতে পারে না। সম্মানের সহিত শ্রুতি ও শাস্ত্র সকল এক পার্শে রাখিয়া—
উহার প্রতিষ্ঠার জন্ত কি যুক্তি আছে, তাহা বদি বুঝাইয়া দাও, তাহা হইলে বুঝিতে পারি, যে বেদান্তের উপদেশ—সার্বজনীন।

উত্তরে সিদ্ধান্তবাদী বলিতেছেন, ব্যাবহারিক ব্যাপারে—আমাদের শাস্ত্র যুক্তি ও বিচারের প্রথম স্থান দিয়া থাকেন, ইহা নিশ্চিত। তবে যে তত্ত্বে—আলোচনায় যুক্তি—-বিচার—পদ্ধ হইয়া ফিরিয়া আদে, দেই পরমতত্ত্বের সম্পর্কে প্রমাণ গৃহীত হইয়া থাকে এবং তাহা "বিষে বিষক্ষয়" তায় ইহা পূর্বের বলিয়াছি। যাহা হউক আলোচ্য বিষয়ে আমরা যুক্তি বিচারে—কি পাই, দেখা যাউক।

পুর্বের আলোচনায় আমরা ব্ঝিয়াছি যে, আমাদের—জগৎ আমাদের—
ইন্দ্রিয় লভা জ্ঞানের উপর নির্ভর করে। যদি আমাদের—ইন্দ্রিয়ের শক্তি ও
সংখ্যা, বর্ত্তমান অপেক্ষা অধিক হইত, তাহা হইলে আমাদের জগৎ অন্তপ্রকার
হইত, ইহা অবিদ্যাদিত দত্য। ইহা তুমিও অস্বীকার করিতে পারিবে না।

এখন প্রশ্ন উঠে—এই জ্ঞান হয় কাহার ? চিত্ত-মনো-বৃদ্ধি-অহংকার —ইহারা অন্তরেন্দ্রিয় বটে এবং ইহা জ্ঞানের উপলদ্ধির সাধন বটে কিন্তু ইহারা "করণ" বা যন্ত্র মাত্র।

উপলব্ধি ইহাদের সাহায্যে হয় বটে, কিন্তু উহারা উপলব্ধি—কণ্ডা নহে। তবে উপলব্ধি কাহার হয় ? ভগবান্ স্ম্রকার ২।২।১৯, ২।২।২০, ২।২।২৫, ২।২।২৮, ২।২।৩০, ২।২।৩১ স্ত্র সকলে বৌদ্ধান্ত নিরদনে, বিন্তারিত ভাবে উক্ত প্রশ্নের—বিচার করিয়া—সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন যে মূলে কোনও নিতা, সত্য, স্থির পদার্থ না থাকিলে—বিভিন্ন জ্ঞানের একীকরণ এবং অমুশ্বৃতি সন্তব হয় না। মৃত্রাং:—

প্রথমত:—অনুমান দ্বারা সম্দায় জাগতিক জ্ঞানের মূলে, এক স্থির, নিত্য, সত্য, অব্যক্তিচারী বন্ধ স্বীকার করিতে হয়—ইহাই আত্মা।

দ্বিতীয়ত:— "আমি আছি" ইহা সকলের "স্বকীয়ামুভ্তি দিদ্ধ" —ইহা সত: সিদ্ধ। ইহা কাহাকেও শিথিতে হয় না। এই স্বতঃ জ্ঞানই আত্মার অস্তিত্ব প্রতিষ্ঠা করে।

তৃতীয়ত:—ইহা আমাদের সকলের প্রত্যক্ষ—যে কোনও জ্ঞান হইলে, তাহার অমুশ্বতি বহুকাল পরেও, আমাদের হইয়া থাকে। যদি মূলে একটি নিত্য, সত্য বস্তু না থাকে, তবে অমুশ্বতি কাহাকে আশ্রয় করিয়া থাকিবে? এই আশ্রয়ই আ্লা-জীবা্লা।

চতুর্থত:—আমাদের জনং আমাদের বাক্তিগত বাষ্টি জ্ঞানের উপর প্রতিষ্ঠিত হইলেও, আমাদের বাক্তিগত বাষ্টি জ্ঞানের বাহিরে, জগতের স্বতম্ব সতা বর্ত্তমান আছে। সেই স্বতম্ব সত্থা কাহার জ্ঞানের উপর প্রতিষ্ঠিত? আমাদের ব্যক্তিগত প্রত্যক্ষ জগতের নিদর্শনে, আমরা ম্পষ্ট বৃঝিতে পারি যে, উহা সমষ্টি জ্ঞানের উপর প্রতিষ্ঠিত। এই সমষ্টি জ্ঞান—ব্রহ্ম, পরমাত্মা বা ভগবানের কার্য্য্তি —হিরণ্যগর্ভের, এবং সে কারণ—পরমাত্মার—জ্ঞানের উপর প্রতিষ্ঠিত বলিলে দোষ হয় না।

পঞ্চমতঃ—এই নামরূপাত্মক পরিদৃশুমান জগৎ বিশ্লেষণ করিয়া দেখিলে,
আমরা বুঝিতে পারি যে, জাগতিক বস্তুও ব্যাপার মাত্রই পরিবর্গুনশীল, নশ্বর,

কেহই—সর্বকালসত্তাকসত্য নহে। এই পরিবর্ত্তনশীলতা বা নশ্বরতার অপক্ষ নাম গতিশীলতা। গতির উৎপত্তির জন্ম স্থিতির প্রয়োজন। ইহা বেদাস্ত প্রবেশ গ্রন্থে আলোচিত হইয়াছে। স্থতরাং জগতের পরিবর্ত্তনশীলতার উপপত্তির হেতু—এক নিতা, স্থির, কৃটস্থ বস্তুর প্রয়োজন, বুঝা গেল না কি ?

ষষ্ঠত:—জগতে প্রত্যক্ষত: আমরা কার্য্য-কারণ-শৃঙ্খল দেখিতে পাই, এই শৃঙ্খলের অনুবর্ত্তন করিতে করিতে, অনবস্থা দোষ পরিহারের জন্য—পরিশেষ বা অবধিরূপে এক অতি স্ক্র্য্য পরমকারণতত্ত্বে বা ব্রহ্মতত্ত্বে উপনীত হইতে বাধ্য হই। ২০০০ স্থান্ত আলোচনায় ১১৭ অনুচ্ছেদে প্রদত্ত স্পষ্ট চিত্রদৃষ্টে স্পষ্ট প্রতীয়মান হইবে যে, এই পরমকারণ হইতে জীব (তটম্বা শক্তি বিকাশে অভিব্যক্ত) ও তাহার উপাধি (বহিরঙ্গা শক্তি বিকাশে অভিব্যক্ত) প্রকটিত। এই উপাধিই—দেহরূপ বৃক্ষ। এবং এই দেহের ভোক্তা—ক্ষেত্রজ্ঞরূপ জীবই—ফলাম্বাদনকারী পক্ষী, ও পরম কারণ স্বরূপ পরমাত্রাই অপর পক্ষী। প্রথম পক্ষীটিকে যদি জীবাত্রা বলি, তবে দিতীয়টিকে পরমাত্রা বলিতে হয়। প্রথমটিকে বদি ব্যাবহারিক জীব বা অহংকার বলি, তাহা হইলে দ্বিতীয়টিকে পারমার্থিক জীব বলিতে হয়। পারমার্থিক জীবেরও পরমাত্রার স্বরূপ অভেদ বলিয়া—উত্তয় প্রকার বর্ণনার মধ্যে কিছুমাত্র দোষ নাই।

সপ্তমতঃ—ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ বিচারে এই দিদ্ধান্ত প্রতিষ্ঠিত হয় যে, যেমন বাষ্টি পৃথক্ পৃথক্ ক্ষেত্র উপভোগের জন্ম বাষ্টি ক্ষেত্রজ্ঞ প্রয়োজন, দেইরূপ সমষ্টি ক্ষেত্রজ্ঞ—হিনণাগর্ভ নামে শাস্ত্রে কথিত। বাষ্টি ক্ষেত্রজ্ঞ কর্ত্তা (স্ত্র ২০০০০০), উহা পরমাত্মার অংশ (স্ত্র ২০০৪০) এবং উহা জ্ঞাতাও বটে (স্ত্র ২০০০০০), উহা পরমাত্মার অংশ (স্ত্র ২০০৪০) এবং উহা জ্ঞাতাও বটে (স্ত্র ২০০০০০), বর্তমান বিচারে—বাষ্টি ক্ষেত্রজ্ঞের কর্ত্তাব বা পরমাত্মার—অংশভাব —আলোচনার প্রয়োজন নাই। উহার জ্ঞাত্তাবই আমাদের আলোচনার বিষয়। বাষ্টি ক্ষেত্রজ্ঞ বা জীবাত্মা—জ্ঞাতা বলিয়া তাঁহা হইতে ভিন্ন সম্পান্ত ক্ষেত্র পদার্থের উপলব্ধি হইয়া থাকে—ইহা সকলের অন্তত্তব সিদ্ধ। এই জ্ঞাত্তাবই সাধারণতঃ চৈতন্তোর ক্রিয়া বলিয়া উক্ত হইয়া থাকে। উক্ত ক্ষাত্তাবক বিশ্লেষণ করিয়া, বিবেক দৃষ্টিতে বিশেষভাবে পর্যালোচনা করিলে, উক্ত জ্ঞাত্তাবের ভিতর স্ক্ষভাবে "ক্রেয়" ভাব বর্ত্তমান আছে, বুঝা যায়—অর্থাৎ "জ্ঞাতা আমি" নিজেই "জ্ঞেয় আমিকে" জানিতে পারি। অন্ত কথায়, "জ্ঞাতা আমি" বুঝিতে পারি যে, আমি "সং" বা আছি, ইহা বুঝিতে পারি বিদ্যা, আমি "চিং" বা জ্ঞানস্ক্রপ বলিয়া উক্ত

উভয় রূপ জ্ঞানে আমি "আনন্দ" অন্তব করি—অর্থাৎ আমি "সচিদানন্দ" ভাবই অরূপ" ইহা নিজে নিজেই উপলব্ধি করি। আমার এই "সচিদানন্দ" ভাবই শুন্ধ ভাব—ইহাই পরমাত্ম ভাব এবং ইহা আমার জ্ঞাতৃভাবের সহিত এককালে ওতপ্রোতভাবে বর্তমান আছে। এই উভয় ভাবের প্রতি লক্ষ্য করিয়া শ্রুতি বলিয়াছেন—"ব্রেক্ষা ভবিভি য এবং বেদ"—বৃহ: ৪।৪।২৫, "ব্রেক্ষাবেদ ত্রক্ষাব ভবিভি" (মৃত্তক অহান্ন)। ভাগবত হাহাহ গ্লোকে "বেজং বাস্তব বস্তু মাত্র লিবদম্" বলিয়া ইহাই প্রকাশ করিয়াছেন। এই জ্ঞেয় ভাবের সমাক্ উপলব্ধি অধ্যাত্মশাত্মে "আত্মদংবেদন", "বিভাপ্রাপ্তি", "স্বরূপ প্রতিষ্ঠা", "স্বরূপাভিব্যক্তি", "রাক্ষীন্থিতি", "আত্মদর্শন", "ব্রক্ষদর্শন", "অপরোক্ষান্থভৃতি", "পরম-পুরুষার্থ প্রাপ্তি", "মোক্ষ", "কৈবলা" প্রভৃতি আথ্যায় আথ্যায়িত হইয়াথাকে।

১৩০। এখানে বিশেষ লক্ষ্য করা প্রয়োজন যে, ভাষায় প্রকাশ করিবার জন্ম, জ্ঞাতা-জ্ঞেয়-ভাব, সমাক্ভাবে উপলব্ধিকারী জ্ঞানী ব্রহ্ম হইয়া যান, বলা হইয়া থাকে বটে, কিন্তু যতক্ষণ আমি জ্ঞাতা ও আমি হইতে পৃথক "জ্ঞেয়", "সচিদানল স্বরূপ" ভাব বর্ত্তমান, তত্ক্ষণ দৈতভাব বর্ত্তমান থাকায়—ব্রহ্মভাবাপতি সম্পূর্ণভাবে হয় না, ইহা বলাই বাহুল্য। কিন্তু ভাষায় প্রকাশ করিতে হইলে, ঐ প্রকার বলা ছাড়া উপায় নাই। এখন বুঝা গেল—দেহরূপ বৃক্ষে হই পাখীর স্থাভাবে অবস্থানের মধ্যে কি গভীর তত্ত্ব নিহিত্ত। "জ্ঞেয়" মাত্রই "জ্ঞাতা" হইতে ব্যাবহারিক ভাবে পৃথক বলিয়া তুইটি পাখীর উল্লেখ করিতে হইয়াছে।

এখন বল দেখি, শান্ত প্রমাণ বাদ দিয়া—মৃক্তি ও বিচারে প্রতি দেহে—
"জ্ঞাতা আমি" ও "জ্ঞেয় আমি"—অত্য কথায় জীবাত্মা ও পরমাত্মা বিভয়ান
আছেন—বুঝা গেল না কি ? ইহাদের উভয়ের মধ্যে "জ্ঞাতা আমি" যে বিষয়—
জ্ঞান হইতে উদ্ভূত স্থধতুংখের ভোক্তা—অত্য কথায় পিপ্লাম্বাদনকারী পক্ষী
ইহাতে সন্দেহ থাকিতে পারে কি ? অপরটি জ্ঞাতা নহে, সে কারণ
অনশনকারী বলায় দোষ হইয়াছে কি ? তোমার সংশয় সম্পূর্ণ ভাবে নিরাক্তত
হইল কি ?

- ২৪) নিজ্যধামের নানাম্ব ও বৈচিত্ত্যে কি উহার—পারমার্থিকত্ব জুন্ন হয় ?
- ১৩৪। পূর্ব্বপক্ষ বলিতেছেন :—তোমার বিশদ্ আলোচনায় আমার— সংশয় সম্পূর্ণভাবে তিরোহিত হইয়াছে। তথু সংশয় তিরোধানে নয়, তোমার

বেদাস্তালোচনায়—উদারতা ও সার্বজনীনতা উপলব্ধি করিয়া মৃশ্ব হইয়াছি। আরও একটি সংশয় নিবেদন করিতেছি। অন্তগ্রহ করিয়া ইহা নিরসন করিলে ক্বডক্ত হইব। সংশয়টি এই—তোমার আলোচনায় তুমি বলিয়াছ ষে, "অনানার" অন্তরে "নানা" অবস্থিত। "অনানা" পারমার্থিক — আর "নানা" ব্যাবহারিক (অন্তক্তেদ ৯২)। অথচ ১৩০ অনুচ্ছেদে নিত্যধামে নানাত্বের ও বৈচিত্রোর উল্লেখ করিলে, ইহাতে স্বতঃই সন্দেহ হয় যে, নিত্যধামে ব্যাবহারিকতার ছায়া পড়াও সম্ভব নয়, উহা ত মায়ার প্রভাবের বাহিরে। তবে নানাত্ব ও বৈচিত্রা সেখানে থাকিবে কিরপে ? ইহার সমাধান প্রার্থনা করি।

১৩৫। ইহার উত্তরে দিদ্বাস্তবাদী বলিতেছেন :—তোমার প্রশ্ন শুনিয়া,
তুমি যে ধীর ভাবে মনোঘোগের সহিত আমার আলোচনা শুনিতেছ, ইহাতে
আমি বড়ই আনন্দিত হইলাম। তোমার প্রশ্ন সম্বন্ধে আমার বক্তব্য বলিতেছি।
প্রথমে বলিয়া রাখি যে নিতাধামে নানাত্ব ও বৈচিত্রোর উক্তি আমার স্বকপোল
কল্পিত নয়। ত্রিপাদবিভৃতি মহানারায়ণোপনিষৎ ত্রিপাদ বিভৃতিতে
(i) বিভাপাদ (ii) আনন্দপাদ ও (iii) তুরীয় পাদ বর্ত্তমান—ইহা স্ম্পৃষ্টি
বলিয়াছেন। তদমুসারে ১।১।২।২ স্ত্রের আলোচনার ১১৭ অন্তচ্ছেদে প্রদত্ত
স্বিষ্টিত্রে উহা দেখান হইয়াছে। উক্ত উপনিষৎই উক্ত তিন পাদে নানাত্ব
ও বৈচিত্রা স্ম্পেইভাবে বর্ণনা করিয়াছেন। উক্ত বর্ণনার ভিত্তিতে ভাগবত
ভৃতীয় স্কন্দের পঞ্চদশ অধ্যায়ে ভগবদ্ধামের বৈচিত্রোর পরিচয় দিয়াছেন, বর্ত্তমান
আলোচনা অত্যধিক দীর্ঘ হওয়ায় উহাদের উদ্ধারে বিরত হইলাম।

১৩৬। নিত্যধামই ভগবদ্ধাম। ভগবান্ ও তাঁহার ধাম এক বস্তু। কোনও ভেদ নাই। ভাগবত বলিতেছেন:—

ইতি সঞ্চিত্য ভগবান্ মহাকারুণিকো বিভূ:।
দর্শয়ামাস স্বংলোকং গোপানাং তমসঃ পরম্ ॥ ভাগঃ ১০:২৮/১২
সত্যং জ্ঞানমনন্তং যদ্ ব্রহ্মজ্যোতিঃ সনাতনম্ ।
যদ্ধি পশুস্তি মূনয়ো গুণাপায়ে সমাহিতাঃ ॥ ভাগঃ ১০:২৮/১৩

ব্রজ্বাসী গোপগণ প্রীকৃষ্ণের ব্রহ্মাখ্যগাম দর্শন করিবার অভিপ্রায় প্রকাশ করিলে—মহাকারুণিক বিভূ ভগবান্ মনে মনে চিন্তা করিয়া তাঁহাদিগকে প্রপঞ্জের পারে অবস্থিত—নিশ্র স্বরূপ ভূত লোক প্রদর্শন করিলেন। উহা সভ্যান-অনস্ত সনাতন ব্রহ্ম জ্যোতিঃ স্বরূপ। মৃনিগণ প্রাকৃতিক গুণ ধ্বংসে সমাহিত অবস্থায় উহা সন্ধর্শন করিয়া থাকেন। ভাগঃ ১০।২৮/১২-১৩

ভগবান্ নিজ অচিন্তা শক্তি বলে, নিজ স্বরূপে অপ্রচ্যুতভাবে অবস্থান করিয়াও, যেমন বহিরঙ্গা শক্তি বিকাশে এই বৈচিত্রাময় প্রপঞ্চ জগৎ প্রকটিত করেন, সেইরূপ স্বরূপে অবস্থান করিয়াই, স্বরূপ শক্তি বিকাশে, বৈচিত্রাময় ধাম পরিকরাদিরূপে নিজেকেই প্রকটিত করেন। ইহা তিনি তাঁহার ঐকান্তিক ভক্তগণের আনন্দাহূভ্তির জন্ম করেন, ইহা ভাগবত স্পষ্ট বলিয়াছেন।

তং তাং বিদাম ভগবন্ পরমাত্মতত্ত্বং সত্ত্বেন সম্প্রতি রতিং রচয়ন্ত্রমেষাং।

যত্তেহমুতাপবিদিতৈদূর্ত ভক্তিযোগৈ রুদ্গুন্থরো স্থাদি
বিহুমুনিয়ো বিরাগাঃ॥ ভাগঃ ৩।১৫ ৪৭

নাত্যন্তিকং বিগণয়ন্ত্যপি তে প্রসাদং কিম্বন্তদপির্ভভয়ং ভ্রুব উন্নয়েন্তে।

যেহঙ্গ ত্বদন্তিব শরণা ভবতঃ কথায়াঃ কীর্ত্তন্যতীর্থযশসঃ
কুশলা রসজ্ঞাঃ ॥ ভাগঃ ৩।১৫:৪৮

হে ভগবন্! তুমি যে আত্মতন্তরপ পরমতন্ত, তাহা আমরা হৃদয়ে অমুভব করিতেছি। সেই পরমাত্মস্বরূপ তুমিই, তোমার রুপালভা দৃঢ়ভিজিযোগ স্বারা, যে সকল ভক্তের হৃদয় গ্রন্থি ছিল্ল হওয়ায় নিরভিমান হইয়াছেন, তাঁহাদের আনন্দভোগ বিধানের জন্ম বিশুদ্ধ আশ্রন্থ করিয়া স্বীয় শ্রীয়্রিয়্রিও ও ধামাদি প্রকটন করিয়া থাক। এরপ করিবার কারণ কি? তাহার উত্তরে বলিতেছেন। তোমার ভক্তগণ, তোমার প্রসাদরূপ আভাস্তিক মোক্ষ ও প্রার্থনা করেন না। ইন্রাদি পদের কথা কি? উহারা ত তোমার ক্রন্তেই নাশ প্রাপ্ত হয়। তাঁহারা তোমার—ভজ্ঞনানন্দই প্রার্থনা ,করেন। এজন্য—তোমার স্বরূপ হইতে মূর্ত্তি ও ধামাদি প্রকটিত করিতে হয়— যাহাতে তাহারা—তোমার রুমণীয় যশঃ শ্রবণ কীর্তনাদি করিয়া—তোমার সেবা করিতে পারেন। ভাগঃ ৩০০। ১০০৪ ৭০০ ইহাই উপরে ১০০ অমুচ্ছেদে বলা হইয়াছে।

১৩৭। ভগবান স্ত্রকার উক্ত শ্রুতির ভিত্তিতে "অন্তরাভূতগ্রামবৎ স্বাস্থানঃ" ৩।৩০৫ স্ত্রে—এই সিদ্ধান্তই স্থাপন করিয়াছেন। উক্ত স্ত্রের সরলার্থ এই। "স্বাস্থানঃ"—স্বজন বলিয়া অঙ্গীকৃত ভক্তের জন্ম, "অন্তরা"— বন্ধপুর বা পরব্যোম মধ্যে—অথবা নিজের স্বরূপে, "ভূতগ্রামবং"—পঞ্চূত নির্মিত, গ্রাম বা পুর বা নগরের ক্যায়। অর্থাৎ প্রত্যক্ষ প্রপঞ্চ জগতে

যে রূপ পঞ্চন্ত নির্মিত, বিবিধ বৈচিত্রাপূর্য—গ্রাম নগরাদি বর্তমান, সেইরূপ স্বজন বলিয়া গৃহীত ভক্তগণের জন্ম—তুমি তোমার স্বরূপ হইতে ধামাদি প্রকটিত করিয়া থাক।

১৩৮। আমাদের প্রত্যক্ষ পরিদ্রামান প্রপঞ্চে পঞ্চত নির্মিত, গ্রাম-পুর বা নগরের ভায় বিবিধ বৈচিত্রাপূর্ন ধাম সকল, ত্রিপাদ বিভৃতিতে প্রকটিত করিবার কারণ ও তাহাদের—উপাদান সম্বন্ধে আলোচনা করা হইল। এখন প্রশ্ন এই, উহাদের নানাত্ব কি প্রপঞ্চের ব্যাবহারিক নানত্বের সহিত এক পর্যায়ভূক্ত, অথবা উভয়ের মধ্যে কোনও প্রকার বিশেষত্ব বর্তমান আছে ? আমাদের প্রত্যক্ষ পরিদৃশ্যমান প্রপঞ্চের নানাত্ব—পরম্পর ভেদের উপর প্রতিষ্ঠিত ইহা সকলের দৈনন্দিন অভিজ্ঞতা লব্ধ সত্য ৷ ভেদ্-জ্ঞানই আমাদের নিয়তি। ভেদজ্ঞান হইতে অভেদজ্ঞানলাভ আমাদের—কঠোর সাধনা সাপেক্ষ। দে সাধনায় আমাদের বাহ্ন ও অন্তরিন্দ্রিয়গণকে—উপযুক্ত রূপে সংযত, বিক্ষেপশৃন্ত, মলরহিত, স্বচ্ছ, বিশুদ্ধ করিতে পারিলে, ভবে অভেদজ্ঞানের আলোক প্রকাশ সম্ভব হয়। ইহা যে শুধু শাস্ত্রের উপদেশ, তাহা নহে; ইহা বস্তগতভাবে আতুষ্ঠানিক আচরণকারীর স্থদীর্ঘকালের অভিজ্ঞতার ফল। ইহা যোগশাস্ত্রের করিৎকর্মা সিদ্ধ যোগিগণের সর্ব্ববাদি-সমত সিদ্ধান্ত, স্বতরাং ইহা যে সত্য, তাহাতে সন্দেহ যাত্র নাই। সাধনার দিদ্ধিতে মনো-বৃদ্ধির-বিলয় সাধিত হইলে, "নানাত্ব"—বর্ত্তমান থাকে না, "অনানা" আঅপ্রকাশ করিয়া থাকে। তথন, সমস্তই ব্রহ্মাতাক হইয়া যায়। ইহাই উপরে ১৮ অহচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ১১৷২৯৷২৮ শ্লোকে "**সর্ববং ত্রক্ষাতকং ভস্ত**"—বাক্যাংশে কম্বিত হইয়াছে। অতএব অভেদ জ্ঞান যে কঠোর সাধনা সাপেক্ষ বুঝা গেল। ইহা অক্তপ্রকারে বুঝিবার চেষ্টা করি।

১৩৯। ভেদজ্ঞান আমাদের—নিয়তি—উপরে বলিয়াছি। ইহার অর্থ
ব্ঝিবার চেটা করিব। প্রথমে প্রশ্ন মনে উদিত হয় যে, বস্ততে বস্ততে যে
ভেদ—তাহা বস্তনিট বা বস্তর শ্বরূপগত কি না? যদি শ্বরূপগত হয়, তাহা
হইলে কোনও কালে ভেদজ্ঞানের তিরোধান সম্ভব নয়। বস্তু বর্ত্তমান থাকিবে,
অথচ ভেদজ্ঞান তিরোহিত হইবে, এরূপ কল্পনাও আমরা করিতে পারি না।
ভেদজ্ঞান তিরোহিত করিতে হইলে, বস্তর শ্বরূপ ধ্বংসের প্রয়োজনীয়তা হইয়া
পড়ে। কিন্তু শাস্তের উপদেশ ও ঘোষণা ছাড়িয়া দিলেও ইহা অতি উচ্চ
স্তরের সাধকগণের প্রত্যক্ষ অমুভৃতি যে, জাগতিক বস্তু সকল আগের ক্যায়
র্ভেমান থাকিলেও, উহাদের ভেদজ্ঞান তিরোহিত হইয়া, সমৃদায় ব্রহ্মাত্মক

হুইয়া যায়। স্বভরাং ইহা হইতে অপরিহার্য্য সিদ্ধান্ত আপত্তিত হয় যে, ভেদ বস্তুনিষ্ঠ বা বস্তুর স্বরূপগত নহে।

১৪০। তবে ভেদজ্ঞান কাহার আশ্রমে বর্তমান থাকে? ভাগবভের সাহায্যে এই প্রশ্নের সমাধানে চেষ্টা করি। ভাগবত বলিতেছেন:—

> জ্ঞানমেকং পরাচীনৈরিন্দ্রিহার ক্মনিগু পম্। অবভাত্যর্থরূপেণ ভ্রান্ত্যা শব্দাদিধর্ম্মণা॥ ভাগঃ ৩।৩২।২৩

প্রপঞ্চের যে প্রতীতি হইতেছে, তাহা ভ্রান্তিমাত্র। এক নির্গুণ ব্রহ্মই বহিমুখি ইন্দ্রিরণণ দ্বারা ভ্রান্তি বশতঃ, শবাদি যাহার ধর্ম, তাদৃশ অর্থ বা বিষয়রূপে অবভাসমান হয়েন, বস্তুতঃ পৃথক্ অর্থ বা বিষয় কিছু নাই। ভাগঃ ৩।৩২।২৩

শ্লোকোক্ত অর্থ ই প্রপঞ্চে প্রতীয়মান পৃথক্ পৃথক্ বস্ত । ভাগবত বলিলেন যে উহাদের প্রতীয়মান পৃথক্ত বা ভেদ ভ্রান্তি বশতঃই হইয়া থাকে । উক্ত ভ্রান্তির কারণ—ইন্দ্রিয়গণের (অন্তরিন্তিয় ও বহিরিন্তিয় সকলের) স্বভাবতঃ বহির্ম্থ হওনের জন্ত । আমরা পূর্বের আলোচনায় ব্রিয়াছি যে, ইন্দ্রিয়গণের এই বহির্ম্থীনতার যূলে চিদণ্ন বা "জ্যোতিষাং জ্যোতিঃ" হইতে জ্যোতিঃ প্রবাহের বা ক্রণের বহির্ম্থ প্রসরণ । স্বতরাং ভগবানের ইচ্ছায় ইহা প্রবিত্তিত হইয়াছে । কঠশ্রুতি ২০০০ মন্তে ম্পটতঃ ইহাই বলিলেন :—"পরাঞ্চি শানি ব্যত্তাৎ স্বয়ন্তু পরমেশ্বর ইন্দ্রিয়গণকে বহির্ম্থীন গমনে বাধ্য করিয়াছেন ।

১৪১। দৃষ্টাস্ত দ্বারা ভাগবত ৩।৩২।২৩ শ্লোকের উক্তির দৃঢ়তা সম্পাদন করিতেছেন:—

যথেন্দ্রিইয়ঃ পৃথক দারৈরর্থো বহুগুণাশ্রয়ঃ। একোনানায়তে ভদ্ বদ্ ভগবান্ শাস্ত্রবর্ত্ব ভিঃ॥ ভাগঃ ৩ ৩২।২৮

বহুগুণাশ্রয় কোন এক বস্তু ভিন্ন ভিন্ন ইন্দ্রিয় দ্বারে বিভিন্নরূপে প্রভীয়মান হয়, যেমন একটি সন্দেশ—দেখিতে স্থানর, ম্পর্শে কোমল, দ্রাণে স্থান্ধ, জিহ্বার আস্বাদে মধ্র, দেইরূপ অনস্ত গুণের আশ্রয় ভগবান্ বিভিন্ন শাস্ত্রমার্গেননানাত্ব প্রাপ্ত হইয়া থাকেন। ভাগঃ ৩।৩২।২৮

বিভিন্ন শাস্ত্র, ভিন্ন ভিন্ন অগণ্য মানবদেহধারী জীবগণের কল্যাণ সাধনের উদ্দেশ্তে, তাহাদের বৃদ্ধি, চিস্তাশক্তি, ধারণার সামর্থ্য, অনুষ্ঠানের উপযোগী ইচ্ছা, শক্তি প্রভৃতির প্রতি লক্ষ্য রাথিয়া একই ভগবানের নানাপ্রকার রূপে, নামে বিভিন্ন প্রকার উপাসনার ব্যবস্থা করিয়াছেন—অত্য কথায় অনানাকে নানায় পরিণত করিয়াছেন। ইহাতে কি শাস্ত্র পারমার্থিক ভগবদ্বস্তকে ব্যাবহারিকত্বে অবনমিত করিলেন, তাহা নয়। প্রতীয়মানভেদে—অভেদ প্রতিষ্ঠাপন শ্রুতির উদ্দেশ্য। ভাগবত তাই বলিতেছেনঃ—

যথা হি স্কন্ধ শাখানাং তরোমূ লাবসেচনম্। এবমারাধনং বিফোঃ সর্বেবামাত্মনশ্চ হি॥ ভাগঃ ৮।৬ ৩৮

যেমন বৃক্ষের মৃলে জল সেচন করিলেই উক্ত বৃক্ষের স্কন্ধ-শাথা প্রভৃতি সকল অবয়বের সেচন সমাধা হয়, দেইরূপ ভগবান্ বিষ্ণুর আরাধনা করিলে, সকলের ও আত্মার আরাধনা হইয়া থাকে। ভাগঃ ৮া৬।৩৮

্ ১৪২। উপরে উদ্ধৃত ভাগবতের অতহাহত, তাতহাহত ও চাতাতচ শ্লোকত্রয় হইতে আমরা ব্রিলাম যে, ভেদ—বঙ্গর শ্বরপণত নয়। উহা আমাদের বহিন্দ্র্থীন অন্তরেন্দ্রিয় ও বহিরিন্দ্রিয়ণ গত। লান্তি বশতঃই ভেদ দৃষ্ট হয় মাত্র এবং সে লান্তি ভগবান্ কর্তৃকই প্রবৃত্তিত। যতদিন আমাদের অন্তঃ ও বহিরিন্দ্রিয়ণ বর্ত্তমান, ততদিন ভেদজানও আমাদের বর্ত্তমান। সাধনায় সিদ্ধিতে ইন্দ্রিয়ণণেরও সে কারণ—বৃদ্ধিরও মলিনতা অপগতে, বিশুদ্ধি প্রাপ্তিতে
—উহারা পারমার্থিক জীবের সহিত— অন্ত কথায় পরমাত্রার সহিত তাদাত্মাভাব প্রাপ্ত হয়, ইহা পূর্বের আলোচনায় ব্রায়াছি। নিত্যধামে ইহ জগতের বৃদ্ধি ও অন্যান্ত ইন্দ্রিয়ণণের—গতি নাই। সেথানকার অনুভৃতির যন্ত্র সেথানকার উপাদানে গঠিত। উক্ত উপাদান—বিশুদ্ধসত্ব— যাহাতে ভগবান্ সেথানকার ধাম, পরিকর ও নিজের মূর্ডি প্রকৃতিত করেন। স্বভ্রাং সেথানে ভেদ বলিয়া আমরা যাহা বৃঝি, তাহা নাই। অভেদে বৈচিত্র্য দর্শন আছে বটে।

১৪০। অভেদে বৈচিত্রা ও তজ্জনিত আনন্দ বৃদ্ধির দৃষ্টান্ত, ইহজগতে, আমরা পিতামাতার কুল শিশুকে লইয়া বাৎসলা রসের অন্তর্ভতিতে দেখিতে পাই। উক্ত শিশুর আলিঙ্গন-চূম্বনে একপ্রকার অন্তর্ভতি, উহার হন্তপদ আন্দোলনে, উঠিবার ও হাঁটিবার বার্থ দেষ্টায় অহা প্রকার অন্তর্ভৃতি, উহার অন্ধ্যেক্ট কথা শ্রবণে, উহার কলহাস্থে প্রভৃতিতে—আনন্দের প্রাবন ছুটিয়া যায়। উহারা পরম্পর পৃথক্ অন্তর্ভুতি বটে—কিন্তু উহারা সকলেই এক বাৎসলা রসের অন্তর্ভুক্ত। নিতাধামে সেইপ্রকার—অভেদে— বিভিন্ন বৈচিত্র্য এবং তাহা হইতে পরমানন্দের—বহা বহিয়া যায়। ইহজগতে আমাদের—পরিদৃষ্ট ভেদে

বৈচিত্র্য সেখানে বর্তমান নাই। ভেদ নাই বলিয়া ব্যাবহারিক ভাবের প্রশ্নই উঠে না।

তোমার দলেহ নিরদন হইল কি ?

২৫) পারমার্থিক ও ব্যাবহারিক জীব কি শুভিতে কোথাও উক্ত উভয় আখ্যায় আখ্যায়িত হইয়াছে? যদি না হইয়া থাকে, তবে উক্ত উভয় আখ্যা ব্যবহারের হেতু কি ?

১৪৪। পূর্বপক্ষ বলিতেছেন, তোমার বিশদ ব্যাখ্যায় আমার সন্দেহ সম্পূর্ণ নিরসন হইয়াছে, এবং অনেক বিষয়, যাহা অন্ধকারে আচ্ছন্ন ছিল, তাহা আলোকিত হইয়াছে। সেজন্ম আমি কৃতজ্ঞ। এখন আর একটি প্রশ্ন করিবার-অনুমতি প্রার্থনা করি।

দিদ্ধান্তবাদী বলিতেছেন:—তোমার দলেহ নিরদন হওয়ায় আমি অতিশর আনন্দিত। আমি ত আগেই বলিয়াছি যে, তোমার দলেহ নিরদনের জন্ত চিস্তায়, আমার মনে যাহা পূর্বে স্কুম্পট ছিল না, তাহা স্পট্টরূপে আলোকিত হইতেছে। স্কুতরাং ইহাতে আমার নিজের লাভ অল্প নহে। এখন ডোমার প্রশ্নটি কি, অকুন্তিভভাবে বল। আলোচনার শেষে এরপ প্রশ্নোতরে উভয় পক্ষই লাভবান হয়।

১৪৫। পূর্ববিক্ষ বলিভেছেন:—ভোমার আলোচনায়—ভূমি পারমার্থিক ও
ব্যাবহারিক এই উভয়বিধ জীবের উল্লেখ করিয়াছ। আমার প্রশ্নটি এই যে,
শ্রুতিতে কি এ প্রকার উল্লেখ কোণাও আছে? ভোমার আলোচনায় শ্রুতি
প্রমাণের উদ্ধার না করায় মনে হয় যে, এ প্রকার ম্পষ্ট উল্লেখ শ্রুতিতে কোণাও
নাই। যদি ভাহা হয়, ভবে, ভোমার ঐরপ উভয় প্রকার আখ্যা ব্যবহার
করিবার কি অধিকার আছে? উদ্ভরে সিদ্ধান্তবাদী বলিভেছেন:—ভোমার
প্রশ্নে, ভোমার প্রথর বৃদ্ধির নিদর্শন পাইয়া বিশেষ আনন্দিত হইলাম। এ সম্বন্ধে
আমার বক্তব্য বলিভেছি—ধীরভাবে শ্রুবণ কর।

১৪৬। শ্রুতিতে পারমার্থিক ও ব্যাবহারিক—পদন্বর জীব সম্পর্কে ম্পষ্টতঃ উলেথ নাই বটে, কিন্তু কার্যাতঃ উভয়ের সমত্বের ও বিষমত্বের—পরিচয় দিতে শ্রুতি কার্পণ্য করেন নাই। বর্ত্তমান স্থ্রের—আলোচনায়—১০১ অস্ক্রেছেদে উদ্ধৃত শ্রুতির ৩০১০১ মন্ত্রে একই দেহরপ বৃক্ষে, সহচয় ও সমান স্বভাববিশিষ্ট তৃইটি পক্ষীর উল্লেখ আছে। সহচারিতা ও সমান স্বভাব বিশিষ্টতা উহাদের সমভাব। কিন্তু উহাদের একটি উক্ত বৃক্ষের—ফল ভোজন করে, অপরটি—ফল ডোজন করে না—সাক্ষীমাত্ররূপে অবস্থান করে। স্বতরাং উহাদের বিষম

ভাবও শ্রুভি ব্রাইলেন। ইহাদের মধ্যে ফলাশনকারী পক্ষীটি যে ব্যবহার নিম্পাদনকারী ও অপরটি—সাক্ষীস্বরূপ—পারমার্থিক—ইহা স্পষ্টতঃ তত্তৎ নামে উলিথিত না হইলেও, অতি সহজে ব্রুথা যায়। এই পারমার্থিক জীবেরই পরব্রেম্বর সহিত অভেদ ১২৪ অহচ্ছেদে উদ্ধৃত মহাবাক্য চতৃষ্টয়ে নির্দ্দেশিত হইয়াছে। উক্ত মহাবাক্য চতৃষ্টয়ে ব্যবহৃত (i) প্রপ্তরানং, (ii) অহং, (iii) ভ্রুয়, (iv) অয়য়য়াত্মা পদ চতৃষ্টয় জীববাচক এবং উক্ত মহাবাক্য চতৃষ্টয়ের উদ্দেশ্য—জীবের সহিত পরব্রেম্বর ঐক্য নির্দ্দেশ। এই একতা প্রাপ্তির—উপযুক্ত জীব—সংসারে ব্যাপার সম্পাদনকারী, সংসার পীড়নে জর্জারিত, আমরা এবং আমাদের প্রত্যক্ষদৃষ্ট প্রতিবেশী ও অপর মানবদেহধারী জীবের সমপর্যায়ে পড়ে না, উহার উপরিতন ভরে প্রতিষ্ঠিত—উহাই অনশনকারী পক্ষীরূপে মৃণ্ডক ৩।১।১ মদ্রে নির্দ্দেশিত হইয়াছে। উহা পারমার্থিক জীব পর্যায়্রগত। কি করিয়া—সংসারে ব্যাপারবান মানবদেহধারী জীব উক্ত উপরিতল ভরে আরোহণ করিতে পারে, তাহা ভিন্ন কথা। স্ত্রেকার—সমগ্র ব্রহ্মস্ত্রে তাহার বিচার ও সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন। বর্ত্তমান আলোচনায়—তাহাতে প্রবেশ করা সম্ভব নয়।

১৪৭। উপরে ১০১, ১০২, ১০৩ জুমুচ্ছেদের আলোচনায়—ভাগবতের ভিত্তিতে—সংসারে ব্যাপারবান জীবের স্বরূপ নির্ণয়ের প্রয়াস পাইরাছি এবং মৃত্তক শ্রুতির ৩।১।১ মন্ত্রের ও ১০৬ জুমুচ্ছেদে উদ্ধৃত অধ্যাত্ম রামায়ণের—আদিকাণ্ডের—১।৪৭, ১।৪৮, ১।৪৯ শ্লোকের বলে, আমাদের—দেহরূপ বৃক্ষে হুইটি পক্ষীর অন্ত কথায় হুই প্রকার প্রকৃতিবিশিষ্ট জীবের পরিচয় পাইয়াছি। ইহাদের মধ্যে যিনি সংসারে ব্যাপারবান, তাঁহাকে যদি "ব্যাবহারিক" বলি, তাহাতে কি দোষ হয় ? আবার-উহাকে "ব্যাবহারিক" বলিলে, অন্তটিকে বাধ্য হইয়া "পারমার্থিক" বলিতে হয়। স্কতরাং এরূপ বলা যে অসঙ্গত হয় নাই, তাহা তুমিও স্বীকার করিবে। অবশ্তই তুমি মৃত্তক শ্রুতির, ভাগবতের ও অধ্যাত্ম রামায়ণের প্রামাণ্য স্বীকার করিবে, তাহাতে আমার সন্দেহ নাই।

১৪৮। কিন্তু আমি উক্ত পারমার্থিক ও ব্যাবহারিক এই উভয় আখ্যা, আমার নিজ কল্পনামুসারে ব্যবহার করি নাই। ভাহাই বলিভেছি:—

বহুমতী সাহিত্য মন্দির হইতে ভগবান্ শঙ্বাচার্যার গ্রন্থাবলী মৃত্রিত ও প্রকাশিত হইয়ার্ছে। উক্ত গ্রন্থাবলীর তৃতীয় থওে "বাক্যস্থ্যা" নামে একথানি অতি ক্ষুদ্র গ্রন্থ আছে। উহার টীকাকার—আনন্দগিরি ও ব্রহ্মানন্দ ভারতী। আনন্দগিরি—উক্ত গ্রন্থ শক্করাচার্য্যের রচিত বলিয়া টীকা রচনা করিয়াছেন। উক্ত একই গ্রন্থ "দৃগ, দৃশ্য বিবেক" নামে বিছারণা স্বামীর রচিত মনে করিয়া—
ব্রহ্মানন্দ ভারতী টীকা রচনা করিয়াছেন। আমাদের সে বিভগায় প্রবেশ
করিবার প্রয়োজন নাই। গ্রন্থখানি যে অভি উপাদেয়, তাহাতে সন্দেহ নাই।
এবং উহার প্রামাণ্য সম্বন্ধে কোনও মতক্রিধ নাই। উহা হইতে কয়েকটি শ্লোক
উদ্ধার করিলেই, আমার উক্ত উভয় আখ্যায় জীবকে আখ্যায়িত করিবার
কারণ স্বন্ধা বাইবে।

অবচ্ছিন্ন শ্চিদাভাসস্তৃতীয়ঃ স্বপ্পকল্পিতঃ। বিজ্ঞেয়ন্ত্রিবিধো জীবস্তত্তাত্তঃ পারমার্থিকঃ ॥ বাক্যম্রধা—৩২ শ্লোক

জীব—তিন প্রকার জানিবে। প্রথম—অবচ্ছিন্ন, দ্বিতীয়—চিদান্তাস ও তৃতীয়—সপ্লকল্পিত। তন্মেধ্যে প্রথম প্রকার জীব—পারমার্থিক।

এই শ্লোকের সহিত ১০৬ অনুচ্ছেদে উদ্ধৃত অধ্যাত্ম রামায়ণের শ্লোক তিনটি তুলনীয়।

অবচ্ছিন্নস্ম জীবস্ম তাদাত্মাং ব্রহ্মণা সহ। তত্ত্বমস্মাদিবাক্যানি জগুনে তরম্বীবয়োঃ । বাক্যস্থধা ৩৪

"ভত্তমানি" প্রভৃতি বাক্য (মহাবাক্য) অবচ্ছির জীব বা সাক্ষী চৈত্যক্তের সহিতই ব্রহ্মের—তাদাত্ম্য বলিয়া থাকে। অন্য দুই প্রকার জীবের সহিত—অর্থাৎ চিদাভাস ও স্বপ্ন কল্লিভ জীবের সহিত ব্রহ্মের তাদাত্ম্য বলে না। বাক্যস্থধা ৩৪

এই অবচ্ছিন্ন জীব অর্থাৎ সাক্ষী-চৈতন্যই দেহরূপ বৃক্ষে ফল অনশনকারী পক্ষী।

জীবো ধীস্থ শিচদাভাদো তবেদ্ ভোক্তা হি কর্মকৃৎ। ভোগ্যরূপমিদং সর্ববং জগৎ স্থাৎ ভূতভৌতিকম্ ॥ বাক্যস্থধা ৩৬। অনাদিকালমারভা মোক্ষাৎ পূর্ববিমিদং স্বয়ম্। ব্যবহারে স্থিতং তস্মাত্তয়ং ব্যাবহারিকম্ ॥ বাক্যস্থধা ৩৬ (ক)

যিনি সংসারে নানা প্রকার কর্ম করিয়া থাকেন, তিনিই ঐছিক এবং আয়ুত্মিক ফলের ভোক্তা হন, বৃদ্ধিতে প্রতিবিধিত চৈতন্যরূপ সেই চিদাভাসই "জীব" পদ বাচা। আর এই দৃগুমান পদার্থ জাত—যাহা আকাশাদি ভৃত ও তৎ কার্যারূপ জগৎ পদবাচা—তাহাই ঐ ভোক্তা জীবের ভোগ্য। বাক্যস্থধা ৩৬ (ক) অনাদিকাল হইতে আরম্ভ করিয়া—মোক্ষের পূর্ব্ব পর্যন্ত এই দুইটি,

অর্থাৎ ভোক্তা ও ভোগ্য, ব্যবহারে অবস্থান করে—অর্থাৎ ব্যবহার সাধন করিয়া থাকে, এজন্য ইহাদিগকে ব্যাবহারিক আখ্যা দেওয়া হয়। বাক্যস্থা ৩৬ (ক)

ব্যাবহারিকো জ্বীবস্তু জগৎ তদ্ব্যাবহারিকম্। সত্যং প্রত্যেতি মিথ্যেতি মন্ততে পারমার্থিকঃ॥ বাক্যসূধা ৪০

ব্যাবহারিক জীব এই ব্যাবহারিক জগৎকে অর্থাৎ দৃষ্ট ব্যাবহারিক জগৎ ও ওদ্ ষ্টা চিদাভাস—এতহুভয়কে সত্য মনে করিয়া থাকে। পারমার্থিক জীব ব্যাবহারিক জগৎকে মিথাা বলিয়াই মনে করে। বাক্যস্থধা ৪০

পারমার্থিকো জীবস্ত —ব্রক্ষিক্যং পারমার্থিকম্। প্রত্যেতি বীক্ষ্যতে নাক্তং বীক্ষ্যতে ধনুতাত্মনা।: বাক্যস্থবা ৪১

পারমার্থিক জীব, জীব ব্রন্ধের ঐক্যকেই পারমার্থিক মনে করেন। ব্রন্ধ ভিন্ন আর কিছুই দেখেন না। প্রারন্ধ বশতঃ জগদ্ভানে বৃথিত হইলেও, যাহা দেখেন, মিথা। বলিয়াই মনে করেন। বাক্যস্থধা ৪১

উদ্ধৃত কয়েকটি লোক হইতেই পূর্ব্ব পক্ষের প্রশ্নের সমাধান হইল।

৪। সমন্বয়াধিকরণ।

১) ভিত্তি—(১) সর্বেব বেদা যৎপদমামনন্তি,

তপাংসি সর্বাণি চ যদ্ বদন্তি। যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি, তত্তে পদং সংগ্রহেণ ব্রবীমি—ওমিত্যেতৎ।। কঠ ১৷২৷১৫

সম্দায় বেদ অবিরোধে বাঁহাকে প্রতিপাদন করেন, তপস্থা সকল যে পদ প্রাপ্তব্য বলিয়া থাকেন, যাহার প্রাপ্তির ইচ্ছায় ব্রহ্মচর্য্য আচরিত হয়, আমি সংক্ষেপে সেই পদ সম্বন্ধে বলিতেছি—তিনি সংক্ষেপে ওঁম্।

্মিনে রাখিতে হইবে যে, ব্রহ্ম স্বরূপে—তিনি ও তাঁহার—ভেদ নাই।
স্থাতরাং তিনি যা, তাঁহার "পদ" ও তাই] কঠ ১।২।১৫

- (২) বেদৈশ্চ সবৈরিরহমেব বেলঃ। গীতা ১৫।১৫ সমুদায় বেদগণেই আমিই একমাত্র বেল। গীঃ ১৫।১৫
- ২) সংশয়
- ২। পূর্ব সত্তে দিদ্ধান্ত স্থাপন করা হইল যে, পরমপুরুষ বা ভগবান্ শাস্ত্র-যোনি। সমৃদার শাস্ত্র—অর্থাৎ বেদ ও বেদারুগ শাস্ত্রদকল, তাঁহা হইতে অভিব্যক্ত, এ কারণ, তাঁহার প্রতিপাদনে সকলের তাৎপর্য। কিন্তু শাস্তালোচনার দেখিতে পাওয়া যায় যে, শাস্ত্র সকল নানাবিধ এবং সে সকলে নানাবিধ মন্ত প্রচলিত আছে। মহাভারতে বনপর্বে যুধিষ্টিরের উক্তিতে স্পষ্ট কথিত আছে:—
 বিভিন্নাঃ স্মৃতরো বিভিন্নাঃ। নাসৌ মূর্ন্যন্ত মন্তং ন ভিন্নম্ ॥"—ইহা হইতে স্পষ্ট প্রতীয়মান হয় যে, শাস্ত্রে বিভিন্ন মতবাদ—অতি পুরাকাল হইতেই প্রচলিত রহিয়াছে। যদি সকলের প্রতিণাত্য এক অন্বয় ব্রহ্ম হইত, তাহা হইলে, বিভিন্ন মতবাদ—প্রচলনের কোনও কারণ থাকিত না।
- ৩। এক বেদেই—কর্ম, দেবতা ও ব্রহ্ম এই তিন কাণ্ড বিগুমান। ইহাদের
 মধ্যে—কোন বিশেষ কাণ্ড—অপর কাণ্ডন্ম হইতে শ্রেষ্ঠ—এ সম্বন্ধে বিতর্ক অতি
 প্রাচীনকাল হইতে চলিয়া আদিতেছে। পূর্ব্ব মীমাংসকগণ, বেদকে ক্রিয়াপর
 —বলিয়া বিতর্ক করেন। এমন কি, কোনও বেদ বাক্য ক্রিয়াপর—না হইলে,
 তাঁহারা—উহার ম্থার্থ স্বীকার না করিয়া, লক্ষণা ধারা উহার ক্রিয়াপরস্ব

প্রতিপাদনে প্রয়াসের—ক্রটি করেন না। নানা প্রকার চেষ্টায় অক্ততকার্য্য হইলে, উহা পরিত্যাগ করিতেও কৃষ্টিত হয়েন না। অক্তপক্ষে—বেদের জ্ঞানকাও বা উপনিষৎ, কর্মকাণ্ডের হেয়ত্ব প্রতিপাদন করিয়া, জ্ঞানকাণ্ডের উৎকর্ষ স্থাপন করেন। এক বেদেই এই প্রকার বিভিন্ন মতবাদ। অথচ শিরোদেশে উদ্ধৃত কঠ শ্রুতির ২০১৫ মন্ত্র স্পষ্ট বলিতেছেন যে, সকল বেদ একমাত্র ব্রহ্মকেই প্রতিপাদন করে। ইহা কি প্রকারে সঙ্গত হয় ?

৪। আবার উপাসনার—কর্ম-জ্ঞান-ভক্তিমার্গ ভেদে উপাশ্র এবং উপাসনার সিদ্ধিতে প্রাপ্তিও ত্রিবিধ। কর্মকাণ্ডান্মনারে উপাশ্র দেবতার্গণ, অনুষ্ঠিত কর্মের ফলস্বরূপ—স্বর্গে নানা প্রকার—ভোগ প্রদান করেন। জ্ঞানমার্গের—উপাসনায় সিদ্ধিতে অপবর্গ বা মোক্ষলাভ। ভক্তিমার্গের উপাসনায়—সিদ্ধিতে তগবদ দর্শন ও তৎ পদপ্রাপ্তি। স্থতরাং সকল বেদ ও সকল বেদান্থ্য শাস্ত্র একমাত্র ব্রহ্মকে প্রতিপাদন করে, এ বিষয় দারুশ সংশব্ধ মনে স্বতঃই উদ্যু হইয়া থাকে।

৩) সূত্র

এই প্রকার পূর্বাপক্ষের আপন্তি মনে করিয়া উহার নিরসনের জন্য স্ত্র করিলেন:—

৫। তত্ত্ব সমন্বয়াৎ।। ১।১।৪।৪
 তৎ + তৃ + সমন্বয়াৎ।

তৎ—তাহা অর্থাৎ ব্রম্মের শাস্ত্র প্রতিপাদকত্ব। তু—উক্ত সংশয় নিরসনে ব্যবহৃত।

সমশ্বরাৎ—সমন্বর হেতৃ—পরমপুরুষার্থ রূপে অন্বর বা সম্বন্ধ হেতু। অর্থাৎ সকল বেদ ও তদমুগ শাস্ত্র সকল—একমাত্র ব্রহ্মপর এবং উহাদের তাৎপর্য্য ব্রহ্মেই পর্যাবসিত্ত—ইহা বেদ ও বেদাহুগ শাস্ত্র সকল সরল ভাবে আলোচনা করিলে বৃঝিতে পারা যায়।

সরলার্থ:—সম্দায় বেদ (অঙ্গ ও উপাঙ্গ সহ) এবং বেদাত্বগ শাস্ত্র সকল— একমাত্র ব্রহ্মপর এবং উহাদের তাৎপর্য্য একমাত্র ব্রহ্মে পর্যবসিত বলিয়া উহারা প্রত্যেকে পৃথক্ ভাবে ও সকলে একযোগে ব্রহ্ম প্রতিপাদন করিয়া সার্থকতা লাভ করে।

৬। আমরা পূর্বে যে আলোচনা করিয়াছি, তাহাতে ব্ঝিয়াছি—যে ব্রহ্ম যথন নিজের—নির্বিশেষ ও সে কারণ অনির্দেশ্য স্বরূপ-নিষ্ঠভাবে অবস্থান করেন, তথন শ্রুতি এবং তদমুগ শাস্ত্র সকল তাঁহাকে প্রকাশ করিতে পারে না। কিন্তু বর্ধন তিনি স্বরূপগত ভাব হইতে ঈবন্নাত্রও বিচ্যুত না হইয়া, মায়ার সহিত ক্রীড়া করেন, তথনই শ্রুতি ও তদরুগ শাস্ত্র সকল, তাঁহাকে প্রকাশ করিতে প্রয়াস পান। উব্ধ্ প্রকাশ—মানবদেহধারী জীবের—কল্যাণের জন্ত । এ কারণ—উহা উক্ত জীবের ভাষার সাহায্যেই করা হইয়া থাকে। কিন্তু মানব ও তাহার ভাষা দেশ কালাব ছিল্ল আপেক্ষিকতার অন্তর্ভুক্ত বলিয়া মানবের ভাষা স্বভাবতঃই পূর্ণ প্রকাশ করিতে অসমর্থ। তাহা হইলেও এবং ব্রহ্ম বা ভগবানের স্বরূপ নিষ্ঠ নির্বিশেষ—অনির্দেশ্য ভাবের সহিত, মায়ার সহিত ক্রীড়ায় পরিগৃহীত ভাবের কিছুমাত্র তত্ততঃ ভেদ না থাকায়, আমাদের পক্ষে ব্রহ্মতত্ত্বাবধারণের জন্ত, শ্রুতি ও তদন্ত্বগ শাস্ত্র সকলের প্রয়োজনীয়ভা অপরিহার্য্য ইহাও বুঝিয়াছি। বর্ত্তমান স্ত্রে ভগবান্ স্ব্রেকার বলিলেন যে, বিভিন্ন শ্রুতি ও তদন্ত্বগ শাস্ত্রসকল, একমাত্র ব্রহ্মপর—ব্রহ্মেই উহাদের তাৎপর্য্য—এখন আমরা তাহাই বুঝিতে চেষ্টা করিব।

৭। তুইজন শক্তিশালী দিক্পাল সদৃশ—ব্রহ্মস্ত্রের ভায়্যকার—শঙ্কর ও রামামুজাচার্য্য—উপরে ৩ অমুচ্ছেদে উল্লিখিত কর্ম মীমাংসকগণের অবলম্বিত শ্রুতিগণের ঐকদেশিক অর্থের বিরুদ্ধে যুক্তি-বিচার ও শ্রুতি প্রমাণে—স্থলীর্ঘ ভায়্য রচনা করিয়াছেন। আমাদের সে বিচার বিতওায় প্রবেশ করিবার প্রয়োজন নাই। আমরা ভাগবতের সাহায্যে স্ত্রের সরল ও প্রকৃত অর্থ বুঝিবার চেষ্টা করিতেছি।

৪) ভাগবভের উক্তিঃ—

৮। ভাগবত বলিতেছেন—

নারায়ণপরা বেদা দেবা নারায়ণাঙ্গজাঃ।
নারায়ণপরা লোকা নারায়ণ পরা মখাঃ॥ ২।৫।১৫
নারায়ণপরো যোগো নারায়ণ পরং তপঃ।
নারায়ণ-পরং ভ্রানং নারায়ণপরা গতিঃ॥ ২।৫।১৬

বেদ সকল নারায়ণ পর—বেদ সকলের তাৎপর্য্য নারায়ণে পর্যবিদিত।
কর্মকাণ্ডের সংহিতা বা দেবতাকাণ্ডে—অনেক দেবতার নাম ও তাঁহাদের
বিভিন্ন পূজার উল্লেখ আছে বটে, কিন্তু দেবতাসকল নারায়ণের অকজ—
নারায়ণেরই সন্তান, অতরাং বিধিভাবে তাঁহাদের—পূজা বা উপাসনা—
নারায়ণেরই পূজা বা উপাসনা। সম্দায় লোক—কি কর্মভূমি স্বরূপ

ইংলোক, বা ভোগভূমি স্বরূপ পরলোক—স্বর্গাদি নারায়ণ পর। কর্মকাণ্ডের বাদ্ধণ ভাগে নানা প্রকার যজ্ঞান্ত্রানের—বিধি আছে বটে, কিন্তু সম্পায় যজ্ঞ নারায়ণপর। বেদ চতুইয়ে এক বেদামুগ শাস্ত্র সকলে যোগ, তপস্থা, নানা প্রকার গতির ও জ্ঞানের কথা নানা প্রকারে বলা হইয়াছে বটে, কিন্তু উহারা সকলে একমাত্র নারায়ণ পর। ইহাই ২।৫।১৫-১৬ মন্ত্রন্ধয়ের তাৎপর্য্য।

ইহারই ব্যাখ্যা স্বরূপ ভাগবত বলিতেছেন :—
 অজ্ঞোহসুবদ্ধঃ স্বগুণরক্ষায়া গুণাৎ পরং বেদ নতে স্বরূপম্।

ভাগঃ ১০।৪০।৩

ব্রহ্মাও মায়ার গুণে আবৃত হওয়ায় আপনার—গুণাতীত স্বরূপ জানিতে পারেন না, অন্ত জীবের কথা কি ? ভাগঃ ১০।3০।৩

কিন্ত জানিতে পারে না বলিয়া কি মানবদেহধারী জীব নিশ্চেষ্ট হইয়া বসিয়া থাকিবে? তাহা নয়, তাহাদের প্রকৃতিই তাহাদের নিজ নিজ উপযোগী কর্মে নিযুক্ত করে। একারণ,

তাং যোগিনো যজন্তাদ্ধা মহাপুরুষমীশ্বরম্।
সাধ্যাত্মং সাধিভূতঞ্চ সাধিদৈবঞ্চ সাধবঃ॥ ভাগঃ ১০।৪০।৪
ব্রুয়া চ বিজয়া কেচিবাং বৈ বৈতানিকা দিজাঃ।
যজন্তে বিততৈ য'জ্যে নানারপামরাখায়া। ভাগঃ ১০।৪০।৫
একেত্বাখিল কর্মাণি সংনস্তোপশমং গতাঃ।
জ্যানিনো জ্ঞানযজ্ঞেন যজন্তি জ্ঞানবিগ্রহম্॥ ভাগঃ ১০।৪০।৬
অত্যে চ সংস্কৃতাত্মানো বিধিনাভিহিভেন চ।
যজন্তি দ্বন্যয়ান্তাং বৈ বহুম্র্জ্যেকম্তিকম্॥ ভাগঃ ১০।৪০।৭
তামেবান্যে শিবোজেন মার্গেণ, শিবরূপিণম্।
বহুবাচার্য্যবিভেদেন ভগবন্তম্পাসতে।। ভাগঃ ১০।৪০।৮
সর্ব্ব এব যজন্তি ত্বাং সর্ব্বদেবময়েশ্বরম্।
যেহপণ্য দেবতাভক্তা যজপ্যক্যধিয়ং প্রভো॥ ভাগঃ ১০।৪০।৯

হে ভগবন্! আপনি, যদিও কাহারও সাক্ষাৎগোচর নহেন, তথাচ যে কোনও মার্গ—অবলম্বন করিয়া ভজনা করিলে, উপাসকদিগের গম্য হইয়া থাকেন।

অভএব হৈরণ্যগর্ভাদি সাধু যোগিগণ—অধ্যাত্ম—অধিভৃত ও অধিদৈবের—সাক্ষী ও অন্তর্যামীরূপে নিয়ন্তা যে আপনি, আপনারই উপাদনা করিয়া থাকেন।

ভাগ: ১০।৪০।৪

কোনও কোনও ব্যক্তিরা বেদ ও বিভা ছারা আপনার আরাধন। করেন। ক্ষী দ্বিজগণও নানা নামে পরিচিত ও ইন্তাদি নানারূপ দেবতার নাম দ্বারা বিস্তীর্ণ যজ্ঞ-- সাধনরূপ আপনার অর্চনা করিয়া থাকেন। ভাগঃ ১০।৪০।৫

যে সকল জ্ঞানী কর্মফলে বিভৃষ্ণ হইয়া অথিল কর্ম সন্মাস করতঃ উপশ্ম প্রাপ্ত হইয়াছেন, তাঁহারাও জ্ঞান্যজ্ঞ (সমাধি) দ্বারা আপনারই আরাধনা করেন। ভাগ: ১০1৪০া৬

ব্ৰহ্মন্! অন্তান্ত যে সকল ব্যক্তি, বৈষ্ণব—শৈবাদি দীক্ষায়—দীক্ষিত, তাহারা আপনার স্বরূপ আত্মায় চিন্তা করতঃ আপনার কথিত পঞ্চরাত্রাদি বিধান ছারা—বাস্থদেবাদিভেদে বহুষ্ত্তি এবং নারায়ণরূপে একম্তি যে আপনি, আপনার অর্চনা করেন। ভাগঃ ১০।৪০।৭

অপর ব্যক্তিগণ শিবোক্ত যে মার্গ—যাহা শৈব, পাশুপতাদি ভেদে— বহুপ্রকারে বিভিন্ন, তদারা শিবরূপী আপনারই উপাসনা করেন। ভাগঃ ১০।৪০।৮

প্রভো! আপনি সর্বদেবময়, একারণ যাহারা বিবিধ অপর দেবভাভক্ত— তাহারা যদিও আপনাতে চিত্ত সমাধান করিতে অক্ষমতা হেতু, অক্ত দেবতার— আরাধনা করে, ভাহারা দেবভাধিকেপ হেতু ব্যাকুলচিত্ত হইলেও, সকলের— পূজা আপনাতেই পর্যবিদত হয়। ভাগঃ ১০।৪০।১

অধিক আর কত দৃষ্টান্ত দিব ?

যথান্তিপ্রভবা নছঃ পর্জ্বন্তার্পূরিতাঃ প্রভো।

বিশন্তি দর্বতঃ দিরুং তদ্বত্তাং গতয়োহস্ততঃ ॥ ভাগঃ ১০।৪০।১০

সমৃদায় গতি (উপাসন। মার্গ)—আপনাতেই পর্যাবসিত। বেমন নদী সকল পর্বত হইতে উৎপন্ন হইয়া—বৃষ্টিজলে পরিপূর্ণ হওতঃ বছস্রোভা হয়, কিন্তু শেষে সকল দিক হইতে সাগরেই আসিয়া প্রবেশ করে, তাহার স্তার ভত্তৎ দেবতার উপাসনা মার্গ সকল অন্তে আপনাতেই প্রবেশ করে।

ভাগ: ১০।৪০।১০

ভাগবতের প্রসিদ্ধ ট্রকাকার পূজাপাদ মহোমহোপাধ্যায় শ্রীশ্রীপবিশ্বনাথ চক্রবর্তী মহাশয়ের টীকাবলম্বনে উদ্ধৃত ১০।৪০।১০ স্লোকের অভিপ্রায় বিশদ্ভাবে বুঝিবার চেষ্টা করিতেছি।

ভাদ্রি: —পর্বত। পৃথিবীতে বহু পর্বত বর্ত্তমান এবং সে দকল হইতে
নদীগণের উৎপত্তি হইয়া থাকে, ইহা আমরা সকলেই জানি। পর্বতগুলি সমতল
ভূমি হইতে উচ্চে ইহাও কাহারও অজ্ঞাত নহে। পর্বতে যে বৃষ্টিপাত হয়,
ভাহা হইতেই নদীগণের উৎপত্তি। শ্লোকে "অদ্রি" একবচনে ব্যবহৃত
হইলেও—ইহা বহুবচন অভিপ্রায়ে ব্যবহার করা হইয়াছে। স্থভরাং 'অদ্রয়ঃ'
বা পর্বত সকল। ইহারা বিভিন্ন উপাসনা মার্গের প্রবর্ত্তক আচার্য্যগণের
উপলক্ষণে ব্যবহৃত হইয়াছে। তাঁহারা সাধারণ মানবের অপেক্ষা উন্নত স্তরের
—ইহাতে সন্দেহ নাই।

নতঃ—বিভিন্ন নদীগণ। ইহারা বিভিন্ন উপাসনা মার্গের উপলক্ষণে ব্যবহৃত।
প্রক্তিনাঃ—মেঘ—বেদ সকলের উপলক্ষণে গৃহীত। মেঘ যেমন সমূদ্র পৃষ্ঠের জলরাশি হইতে উথিত জলীয় বাষ্প হইতে প্রকটিত হয়, সেইরূপ বেদ সকল সম্প্রস্থানীয় অনস্তদেব বা ভগবান্ হইতেই প্রকটিত, ইহা১/১/৩/৩ প্রেপ্রতিপাদিত হইয়াছে।

আপূরিতাঃ—মেঘ হইতে বারিবর্ধণে সম্পূর্ণরূপে পরিপূর্ণ। সেইরূপ বেদ হইতে নি:স্ত নানা দেবতার পূজাবিধি সকল—যাহা বেদান্নগ শাস্ত্র সকলে নিবদ্ধ আছে।

সিন্ধু:—সম্প্র—অনস্তদেব বা ভগবানের উপলক্ষণে ব্যবহৃত হইয়াছে।
অতএব অলয়ার পরিত্যাগ করিয়া—নগ্ন অর্থ হইতেছে যে, হে প্রভো! তোমা
হইতে প্রকটিত বেদ সকলে ও তদমুগ শাস্ত্র সকলে বিশেষ ভাবে শিক্ষিত বিভিন্ন
উপাসনা সম্প্রদায় প্রবর্ত্তক আচার্যাগণ প্রবর্ত্তিত উপাসনা মার্গ সকল, উক্ত বেদ
ও তদমুগ শাস্ত্র সকলে উপদিষ্ট তথ্যসকলের—দ্বারা পরিবৃংহিত হইয়া,
আচার্যাগণের শিশ্র—প্রশিশ্বগণের হৃদয় সিক্ত করতঃ তাঁহাদের অশেষ কল্যাণ
বিধান পূর্ব্বক, পরিণতিতে ভোমাতেই তাদাত্মভাবে মিলিত হইয়া সার্থকতা
লাভ করে। এক কথায় উহাদের উৎপত্তি ভগবান্ হইতে, পরিণতিও ভগবানে।

১০। এই ক্লোকে একটি নিগৃত বহুন্তে দৃষ্টি আকর্ষন করি। আমরা সকলে জানি যে, সমুদ্রের জল লবণাক্ত, সে কারণ বিস্বাদ। কিন্তু মেঘ হইতে পতিত বৃষ্টিজল মিট্ট, স্থপাত্ব। বহুত্ত এই হইতেছে যে, ভগবানে—স্থ ও কু—পৃথক্ ভাবে বর্ত্তিমান নাই। সমুদায়—তাঁহাতে তাদাত্ম্য ভাবে মিলিত—এ কারণ—ভগবতত্বের—দাক্ষাৎ ভাবে, কোন কিছুর সাহায্য ব্যতিরেকে, গ্রহণ রুচিকর নহে। যথন উক্ত তত্ত্ব—বেদ ও শাস্ত্র সকলের ছাঁকণীর—ভিতর দিয়া, সাধারণ জীবগণের নিকট পরিবেশিত হয়, তথন উহা তাহাদের ক্রচিকর ও

গ্রহনীয় হইয়া থাকে। ইহা হইতেও আমরা বেদ ও শাস্ত সকলের প্রয়োজনীয়তার পরিচয় পাইলাম। ভাগবত যাহা বলিলেন, ভগবান ৮রামকৃষ্ণ পরমহংসদেব এক কথায় বলিলেন,—"যত যত তত পথ"।

১১। ভাগবত আরও বলিতেছেন :--

অত ঝৰয়ো দধুস্তয়ি মনোবচনাচরিত্তম্ কথমযথা ভবন্তি ভূবি দত্তপদানি নূণাম্ i ভাগঃ ১০৮৭।১১

হে ভগবান্! সংসার চক্রে ভ্রমণকারী মানবগণের পদ, মৃত্তিকা, কার্চ, পাষাণ প্রভৃতি যে কোনও পদার্থ নিক্ষেপ করা যাউক না কেন, সে সকল পৃথিবী হইতে অভিন্ন হওয়ায়, সর্ব্বত্র পদ পৃথিবীতেই পতিত হয়, সেইব্রপ বেদে যাহা কিছু কথিত হয়, সকলই একমাত্র ভোমাকেই প্রতিপাদন করে। এ কারণ ঋষিগণ আপনাতেই মন, বচন, আচরণ সমৃদায়ই অর্পণ করেন। ভাগঃ ১০৮৭।১১

আজকাল, আমরা আকাশ যানের সহিত পরিচিত। বলা বাহুল্য ষে, আকাশ যানে উপবেশন বা পদক্ষেপ করিলেও, উহা পৃথিবীতেই করা হয়, কারণ উহা পৃথিবীর সহিত সম্পর্ক শৃণ্য নহে। উহা পৃথিবীর—পঞ্চ্ ভাত্মক উপাদানে গঠিত, উক্ত উপাদান হইতে সংগৃহীত শক্তি দারা চালিত, পৃথিবীর বায়ু বেটুনীই উহার গমন পথ, এ কারণ—উহা সর্বতোভাবে পার্থিব বটেই।

১২। পরমতত্ত্ব সম্বন্ধে বিভিন্ন মত বিরোধের যে কোনও কারণ নাই, তং সম্বন্ধে ভগবান্ বশিষ্ঠদেব বলিতেছেন :—

৫) বশিষ্ঠদেবের উক্তি
তদসৌ সুসমং ক্ষারং পদং পরমপাবনম্।
সর্বভাবাস্তরগতমভূং সর্ববিবর্জিভ্রতম্।। যোগঃ বাঃ উপশম-৮৭।১৭
যচ্চুগ্রবাদিনাং শৃত্যং ব্রহ্ম ব্রহ্মাবিদাং বরম্।
বিজ্ঞানমাত্রং বিজ্ঞান-বিদাং যদমলং পদম্।।

যোগঃ বাঃ উপশ্ম-৮৭।১৮

পুরুষঃ সাঙ্খ্যদৃষ্টীনামীশ্বরো যোগবাদিনান্।
শিবঃ শশিকলাঙ্কানাং কালঃ কালৈকবাদিনাম্।।
যোগঃ বাঃ উপশম-৮৭।১৯

আত্মাত্মনন্তদ্ বিভ্ষাং নৈরাত্মাং তাদৃশাত্মনাম্।
মধ্যং মাধ্যমিকানাঞ্চ সর্বাং স্থসমচেতসাম্।।
যোগঃ বাঃ উপশম-৮৭।২০

যৎ সর্ব্বশান্ত্রসিদ্ধান্তো যৎ সর্ববন্ধদয়ামুগম্। যৎ সর্ব্বং সর্ব্বগং সার্ব্বং যৎ তৎ তৎ সদসৌ স্থিতঃ।। যোগঃ বাঃ উপশম-৮৭।২১

যদনুত্তমনিঃস্পন্দং দীপ্যতে তেজ্বসামপি।
স্বানুভূতৈ্যকমাত্রং যদ্ যৎ তৎ তৎ সদসে স্থিতঃ॥
যোগঃ বাঃ উপশম-৮৭।২২

অজ্বমজ্বমনান্তনেকমেকং পদমমলং সকলঞ্চ নিচ্চলঞ্চ।
স্থিত ইতি স তদা নভঃশ্বরপাদপি বিমলস্থিতিরীশ্বরং ক্ষণেন।।
যোগঃ বাঃ উপশম-৮৭।২৪

যাহা নিভাস্ক নিজিয় ভাবে নিখিল ভেজের উপর দেদীপ্যমান, সেই স্বাস্থভব-মাত্র—সিদ্ধ, "ভং" পদের বাচ্য পরমপদে ভিনি প্রভিন্তিত হইলেন। যোগঃ বাঃ উপঃ ৮৭।২২। যাহা এক অথচ অনেক, যাহা অন্ধকারও প্রকাশ স্বরূপ, যাহা সর্ব বস্তুর অভীত হইয়াও সর্বাস্থরণে বিরাজ্বমান, উক্ত মৃনি সেই "ভং" পদের বাচ্য পরমপদে প্রভিন্তিত হইলেন। যোঃ বাঃ উপঃ ৮৭।২৪

স্থভরাং বিবাদ বিতর্কের অবদর কোথায় ?

৬) ভগৰতত্ত্ব সম্বন্ধে তর্ক-বিবাদ-বিতর্কের অবসর নাই।

১৩। ভগবতত্ব সম্বন্ধে বিবাদ-বিতর্ক যে সর্ববেতাভাবে পরিত্যক্তা, তাহা উপরে উদ্ধৃত বশিষ্ঠদেবের উক্তি হইতে ব্ঝিলাম। ইহার সম্বন্ধে আলোচনা ১।১।৩।৩ স্বরের আলোচনা ৫৮ অন্বচ্ছেদে সংক্ষেপে করা হইরাছে। ভাগবভ নিয়োদ্ধত গদ্যাংশে স্থাপন্তরূপে কারণের সহিত ইহা ব্ঝাইবার চেষ্টা করিভেছেন :—

ন হি বিরোধ উভয়ং ভগবত্যপরিমিতগুণগণ ঈশ্বরেহনবগাহ্য মাহান্ম্যেহক্ষাটীন-বিকল্পবিতর্ক-বিচার-প্রমাণাভাস-কৃতর্ক-শাস্ত্র-কলিলান্তঃ-করণাশশ্ব দূরবগ্রাহ বাদিনাং বিবাদাবনসরে উপরত-সমস্ত-মায়াময়ে কেবল
এবাত্মমায়ামন্ত্রদ্ধায় কোন্বর্থো হুর্ঘট ইব ভবতি স্বরূপদ্বয়াভাবাৎ ॥

ভাগঃ ডাহাতত

সমবিষমমভিনাং মভমতুসরসি যথা রজ্জু খণ্ড: সর্পাদিধিয়াং ॥ ভাগঃ
৬।১।৩৪ ভাগবত ৬।১।৩২ গভাংশে প্রশ্নের অবতারণা করিয়া বলিলেন, হে
ভগবন ! তুমি ত ব্রহ্ম স্বরূপে আত্মারাম, অসঙ্গ, উদাসীন, তুমি স্বষ্টি করিয়াও কি
উক্ত স্ব স্বরূপে অপ্লচ্যুৎ ভাবে বর্ত্তমান থাকিয়া সাক্ষীরূপে অবস্থান কর, অথবা
ব্রহ্মস্বরূপ হইয়াও জীবভাবে গুণ—স্টেরুপ সংসারে পতিত হইয়া স্বকৃত কুশলাকুশল ভোগ কর ? ইহার তথ্য আমরা জানিতে পারিতেছি না। দেবতারা
এই প্রশ্নের অবতারণা করিয়া—নিজেরাই সমাধান করিতেছেন।

হে ভগবন্! আপনাতে এই উভন্নই অবিক্রন্ধ। কারণ আপনি স্বতন্ত্র দ্বির্ব্ব, আপনাতে অপরিমিত গুণরাশি দেদীপ্যমান, আপনার মাহাত্ম্য অতর্কণীয়। অতর্বব যে সকল শাস্ত্রে বিকর্ম অর্থাৎ "এইরপ কি অন্তর্ব্বপ" ইত্যাকার সংশ্রম, বিতর্ক অর্থাৎ "এ বিষয়ে যুক্তি কি"—তাহার চিন্তা, বিচার—অর্থাৎ "ইহা এই প্রকারই"—এই প্রকার—শিদ্ধান্ত এবং ভদমুকুল প্রমাণাভাস ও কৃতর্ক অভি বিস্তারিত ভাবে বর্ত্তমান থাকিলেও উহারা কোনও প্রকারে বন্তু-স্বর্ত্বপ-তর্পর্বিত্তার কাবে বর্ত্তমান থাকিলেও উহারা কোনও প্রকারে বন্তু-স্বর্ত্বপ-তর্পর্বিত্ত পারে না, কেবল বাহিরে বাহিরে বার্থ নর্ত্তন-কুর্দ্দন করিয়া থাকে মাত্র এবং ভল্লারা কেবল অন্তঃকরণকে ব্যাকুলিত ও বিচলিত করে মাত্র। আপনি যে হরবগ্রহ, বিবাদ করিয়া আপনার উদ্দেশ পায় না। আপনি যে মায়াময় সংসার হইতে সম্পূর্ণ উপরত, কেবল অর্থাৎ স্ব স্ক্রপে নিত্য অবস্থিত—শুধু মায়াকে মাঝে রাখিয়া, দৃশ্যতঃ কর্জ্ গাদি কোন্ বিষয় আপনাতে না সম্ভবে? ফলতঃ যদি বন্তবন্তঃ কর্জ্ গাদি হয়, তবেই বিরোধ সম্ভাবনা—ভাহা কদাপি নয়। কারণ আপনার—স্বরূপ হয় দেখিতে পাই না। কিন্তু মানবদিগের মতি এক প্রকার নহে, কতক লোকের—বৃদ্ধি-সমা, কতক ব্যক্তির— বিষমা মতি। ভাহারা নিক্ত নিজ্ব মতি অমুসারে— জগদ্ ব্যাপার সম্পাদন করে, আপনি ভাহাদিগের

এই—স্বাভন্মে বাধা প্রদান করেন না। যেমন অজ্ঞানই রক্তৃথণ্ডে সর্পত্রম জন্মার, সেইরূপ—অজ্ঞানই উহাদিগকে পরস্পার—বিবাদেও বিভক্তে প্রণোদিভ করে। উহারা—শান্তে আপনার প্রকৃত অভিপ্রায় কি, তাহা না ব্রিয়া—মনে করে, বে ভাহাদের ব্যাখ্যাই আপনার অভিপ্রায়ের অনুকৃত। ভাগঃ ৬।১।৩৩-৩৪

- ১৪। গীতার উক্তি এ সম্বন্ধে স্বম্পষ্ট। কি কর্মকাণ্ড, কি দেবতাকাণ্ড, কি জ্ঞানকাণ্ড সমৃদায়ই ভগবানে অবিরোধে বর্তমান।
 - (ক) কর্মকান্ত সম্পর্কে গীতা বলিতেছেন :—
 অহং ক্রত্তুরহং যজ্ঞঃ স্বধাহহমহমৌষধম্।
 মন্ত্রোহহমমেবাজ্যমহমগ্নিরহং হুতুম্ ॥ গী: ৯।১৬

আমিই ক্রেড্, যজ্ঞ, স্বধা, ঔষধ (ওমধি হইতে উৎপত্ন শস্থাদি হইতে প্রস্তুত যজ্জীর পুরোদাশ প্রভৃতি) আমিই মন্ত্র, স্থাত, আমি অগ্নি, আমি হোম। গ্রী: ১০১৬

(খ) দেবভাকাও সম্পর্কে বলিতেছেন :—

বৈ বিদ্যা মাং সোমপাঃ পৃতপাপা যজৈরিষ্ট্র। স্বর্গতিং প্রার্থয়ন্তে। তে পুণ্যমাসাদ্য স্থরেন্দ্রলোকমশ্বন্তি দিব্যান্ দিবি দেব ভোগান্॥

গীঃ ১।২০

বেদের কর্মকাণ্ডোক্ত ক্রিয়ার্ম্নান পরারণ, সোমপায়িগণ,যজ্ঞ দারা আমাকে পৃঞ্জা করিয়া নিশাপ হওতঃ স্বর্গলাভ প্রার্থনা করেন। তাঁহারা পূর্ণ্য কর্মের ক্লুসন্ধ্য স্বরেজ্রলোক (স্বর্গ) প্রাপ্ত হইয়া স্বর্গে দিব্য দেবভোগ সকল উপভোগ করিয়া থাকেন। গীঃ ১৷২০ দেবভাকাণ্ডে বহুদেবভার পূজার বিধান আছে, তৎসম্পর্কে বলিভেছেন:—

ষেহপাক্তদেবতা ভক্তা যজন্তে শ্রদ্ধান্বিতাঃ।
তেহপি মামেব কৌন্তের যজন্তাবিধিপূর্বকম্॥ গীঃ ৯২৩
অহং হি সর্ববজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ।
ন তু মামভিদ্ধানন্তি তত্ত্বনাত-চ্যবন্তি তে।। গীঃ ৯।২৪
যান্তি দেবব্রতা দেবান্ পিতৃন্ যান্তি পিতৃব্রতাঃ।
ভূতানি যান্তি ভূতেজ্ঞা যান্তি মদ্যাজিনোহপি মাম্।। গীঃ ৯।২৫

হে কোন্তের! যে সকল ভক্ত শ্রদ্ধায়্ক্ত হইয়া আমা হইতে অপর—দেবতার ভক্তনা করেন, তাঁহারাও আমাকেই অবিধিপূর্বক ভন্তনা করিয়া থাকেন।

গীঃ হা২৩

কারণ, সকল যজ্ঞের আমিই তত্তদেবতারপে ভোক্তা এবং আমিই সমৃদার যজ্ঞের প্রভূ—স্বামী ও কলদাতা। তাঁহারা (অন্ত দেবতার উপাসকেরা) আমাকে যথার্থতঃ না জানায়, জন্মমৃত্যু প্রবাহে পুনঃ পতিত হন। গীঃ ১।২৪

কেননা, দেবতার প্জকগণ নিজ নিজ উপাশ্ত দেবতার অনিত্য লোক প্রাপ্ত হন! পিতৃপ্জকগণ পিতৃগণকে প্রাপ্ত হন, ভৃতগণের (বিনায়ক ও মাতৃগণের) প্জকগণ ভৃতলোক প্রাপ্ত হন। আর সাক্ষাৎভাবে আমার প্জকগণ—আমাকেই প্রাপ্ত হন—অর্থাৎ অক্ষর পরমানন্দ স্বরূপতা লাভ করেন। গীঃ ১।২৫

(গ) জ্ঞানকাণ্ড সম্পর্কে গীতা বলিতেছেন:—
পিতাহহমস্ত জগতো মাতা ধাতা পিতামহঃ।
বেগুং পবিত্রমোস্কার ঋক্-সাম-যজুরের চ।। গীঃ ৯।১৭
গতির্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং স্বন্তং।
প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমবায়ম্।। গীঃ ৯।১৮
অন্যাশ্চিন্তয়স্তোমাং যে জনাঃ পর্যুপাসতে।
তেষাং নিত্যাভিযুক্তানাং বোগক্ষেমং বহাম্যহম্।। গীঃ ৯।২২
মামুপেত্য পুনর্জন্ম হুঃখালয়মশাশ্বতম্।
নাপ্নুবন্তি মহাত্মানঃ সংসিদ্ধিং পরমাং গতাঃ। গীঃ ৮।১৫
আব্রক্ষভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোহজ্জ্ন।
মামুপেত্য তু কৌন্তেয় পুনর্জন্ম ন বিগতে।। গীঃ ৮।১৬

আমি এই জগতের পিতা, মাতা, কর্মফল বিধাতা, পিতামহ, জ্ঞেয়বম্ব, পবিত্র, ওঁকার এবং ঋক্-সাম-যজুর্বেদ। গী: ১০১৭

আমিই গতি (কর্মফল পরিণতি) ভর্তং, প্রভূ, সাক্ষী, নিবাস (ভোগস্থান), স্মরণ, স্বহুৎ, প্রভব (স্রষ্টা), প্রলয় (সংহর্তা), স্থান (আধার), নিধান (লয়স্থান), বীজ (কারণ), তথাপি অব্যয় (অপ্রচ্যুত স্বরুণ)। গীঃ ১১৮

অনণ্যকাম হইয়া যে সকল ব্যক্তি আমার চিস্তা করতঃ ভজনা করেন,
নিত্য আমাতে যুক্ত তাঁহাদিগকে আমি যোগকেম নিজে বহন করিয়া—প্রদান
করি। গীঃ ১।২২

পরমা দিদ্ধি অর্থাৎ মোক্ষপ্রাপ্ত মহাত্মাগণ আমাকে প্রাপ্ত হইয়া হৃঃথের আশুস্তুর যে অনিত্য জন্মপ্রবাহ, তাহা প্রাপ্ত হন না। গীঃ ৮।১৫ হে কৌন্তের ! ব্রহ্মলোক হইতে তরিমন্ত স্বর্গাদি লোক পুনরাবর্তন চক্রের
—উপর প্রতিষ্ঠিত। শীঘ্র বা কিঞ্চিৎ বিলম্ব হউক, সে সকল হইতে পতন
অবশুভাবী। কিন্তু ইহলোকে ১৷২২ শ্লোকে কথিত ভক্তিযোগ দ্বারা যে সকল
ভাগ্যবান ব্যক্তি আমার—উপাসনা করিয়া আমাকে প্রাপ্ত হয়, তাহাদের পুনর্জন্ম
হয় না। গীঃ ৮৷১৬

- ৭) সমস্ত উপাসনা মার্গের ভিত্তি—সূত্রোক্ত সমন্বয় সাধনের উপর।
- ১৫। ভগবান্ স্ত্রকার আলোচ্য স্ত্রে যে সমন্বরের কথা বলিলেন, সম্দার উপাসনা মার্গের ভিত্তি ভাহার উপর প্রতিষ্ঠিত। ইহা বুঝিবার চেটা করি। ছান্দোগ্য ≄তি ৩।১৪।১ মন্ত্রে বলিতেছেন:—

সর্বাং খবিদং ব্রহ্ম তজ্জলানিতি শান্ত উপাসীত। অথ খলু ক্রত্ময়ঃ পুরুষো যথাক্রতুরিশ্বল্লোকে পুরুষো ভবতি, তথেতঃ প্রেত্য ভবতি, স ক্রতুং কুর্ব্বীত॥

ছান্দ্যোগ্য ৩।১৪।১

এই সমস্ত জাণ বরপতঃ ব্রন্ধই, কারণ—ইহা তাঁহা হইতেই জাত হয়, তাঁহাতেই লীন হয় ও তাঁহাতেই জীবিত থাকে, অতএব শাস্ত হইয়া উপাসনা করিবে। কারণ মাহ্মম "ক্রন্থময়" অর্থাৎ অধ্যবসায়শীল বা ইহা "এই রূপই অক্সরপ নহে"—এ প্রকার দৃঢ় প্রত্যয়শীল। সে জীবিতাবস্থায় যেরূপ নিশ্চয়শীল হয়
—দেহত্যাণের পর সেইরূপই হইয়া থাকে। অতএব প্রত্যেক মানব এ তত্ত্ব
জানিয়া—দৃঢ় প্রত্যয় অবলম্বন করিবে। ছাঃ ৩।১৪।১

শ্রুতি বলিতেছেন যে—সমস্তই যথন ব্রহ্মমর, তথন শ্বেষ, হিংদা, বিবাদ, বিত্তর্ক, পরমতাদহিষ্ণৃত। প্রভৃতির স্থান কোপায়? বিশেষতঃ মানবের "ব্যবসায়াত্মিকা বৃত্তি" (গীঃ ২।৪১) একমাত্র। দৃঢ়ভাবে সেই নিশ্চয়াত্মিকা বৃত্তি অবলম্বন করিয়া শাস্তভাবে উপাসনা করিয়া যাও। কারণ জীবিতাবস্থায় যে রূপ নিশ্চয়শীল হইবে, দেহত্যাগের পর পরলোকেও সেইরূপ হইবে। গীতায় ভগবান্ও ইহাই বলিয়াছেন:—

যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজ্জতান্তে কলেবরুম্। তং তমেবৈতি কৌন্তেয় সদা তন্তাবভাবিতঃ ॥ গীঃ ৮।৬

অন্তকালে যে ব্যক্তি যে ভাব শ্বরণ করিতে করিতে দেহত্যাগ করে, সর্বনা ভদ-ভাব ভাবিত হওয়ায়, সে পরকালে সেই ভাবই প্রাপ্ত হয়। গীঃ ৮।৬ এই শ্রুতির ভিত্তিতে ভগবান্ স্ত্রকার—"আর্ত্রিরসকুত্বপদেশাৎ" ৪।১।১ স্ত্র রচনা করিয়া সিদ্ধান্ত করিলেন যে, জ্বপ, ধ্যান প্রভৃতির অন্নষ্ঠান অবিরত করিবে। ভগবান্ও গীতায় পরবর্তী ৮।৭ শ্লোকে বলিলেন "ভুমাৎ সর্বেষ্ কালেমু মামসুস্বর"—অতএব সর্ব্ব সময়ে আমার অমুস্মরণ করিবে। ইহাই উপাসনা, ইহাই সংরাধন, ইহাই সংসার—উত্তরণের—অমোষ উপায়। আমাদের দেশের ভক্তপ্রবর রামপ্রসাদ ইহা স্মরণ করিয়া গাহিয়াছেন :—"গুরুদত্ত মন্ত্র কর দিবানিশি জপ করে"। এ প্রকারে দিবানিশি অনুষ্ঠান করিতে হইলে, সংসারের কাজ করিবার সময়, অত্য নানাপ্রকার চিন্তাহেতু ভগবানের অনুস্মরণে মনঃসংযোগ সম্ভব নয়, ইহা সহজেই বৃঝা যায়, কিন্তু তাহাতে উদ্বিশ্ন হইবার কোন প্রয়োজন নাই। ইহলোকে আমরা যাহা করি, যাহা চিন্তা করি, তাহার অণুমাত্র বিফলে যায় না। কড়ায় গণ্ডায় হিসাব করিয়া ভগবান্ সম্দায়

১৬। ভগবান্ বলিভেছেন:—

যে যথা মাং প্রপান্তরে তাংস্তথৈব ভব্দামাহম্ 🛭 গীঃ ৪১১১

যে আমাকে যে ভাবে ভজনা করে, আমি তাহাকে সেই ভাবেই প্রতিভজন করি। গী: ৪।১১

ভগবানের ভজনা—অতি শুভ কল্যাণকর কার্য্যের অনুষ্ঠান, ইহাতে সন্দেহ মাত্র নাই।

ভগবান উদ্দান্ত কণ্ঠে অভয়বাণী শুনাইতেছেন:-

নহি কল্যাণকৃৎ কশ্চিদ্দ্র্গতিং তাত। গচ্ছতি ॥ গীঃ ৬:৪০ হে তাত। (প্রিয়)—ভভামুগ্রানকারী কেহই হুর্গতি প্রাপ্ত হয় না। গীঃ ৬।৪০

ভাগবতও বলিতেছেন :---

"যদ্ যজ্জনো ভগবতে বিদধীত মানং তচ্চাত্মনে প্রতিমুখস্থা যথ্যা মুখঞীঃ ॥ ৭।৯।১০

মানবদেহধারী জীব ভগবানে যে মান বা পূজা অর্পণ করে, তাহা ভগবানের জন্ম নহে, নিজের জন্মই।

সমগ্র শ্লোক ও উহার সমগ্র অর্থ ১।১।১।১ স্থতের আলোচনায় ৫৭ অনুচ্ছেদে দেওয়া হইয়াছে, বাহল্য ভয়ে পরিহাব করা হইল। ১৭। ছান্দোগ্য শ্রুতির ৩।১৪।১ ম**ন্ত্রের "সর্ববং খবিদং প্রেক্ন"** অংশের ন্যাখ্যাস্বরূপ ভাগবত বলিতেছেন :—

> জ্ঞানমাত্রং পরং ব্রহ্ম পরমাত্মেশ্বরঃ পুমান্। দৃশ্যাদিভিঃ পৃথগ্ ভাবৈর্ভগবানেক ঈয়তে॥

ভাগঃ ৩।৩২।২১

এই শ্লোকটি ১।১।১।১ স্ত্রের আলোচনায় ৬৪ অমুচ্ছেদে, ৭০ পৃষ্ঠায় উদ্ধৃত হইয়াছে ও দেখানেই অর্থ দেওয়া হইয়াছে।

একই পরম-ভত্ব বা ভগবান্ বিভিন্ন উপাদনা মার্গে বিভিন্ন নামে কথিত ও পূজিত হইয়া থাকেন—ইহার সমর্থনে ভাগবত বলিতেছেন :—

যথে স্প্রিক্রারিররর্থো বহুগুণা শ্রায় ।

একোনানেরতে তদ্বদ্ ভগবান্ শাস্ত্রবন্ম ভিঃ ॥ ভাগঃ ৩।৩২।২৮
শ্লোকটি ১।১।৩৩ স্ত্রের আলোচনায় ১৪১ অন্তচ্ছেদে উদ্ধৃত হইয়াছে।
এ সম্পর্কে উক্ত স্ত্রের উক্ত অনুচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ৮।৬।৩৮ শ্লোকে দৃষ্টি
আকর্ষণ করি।

১৮। বেদের কর্মকাও, দেবতাকাও ও ব্রহ্মকাও সমষ্টিভাবে আলোচনা করিয়া, অধুনা উক্ত তিন কাওের প্রত্যেকটি ব্যষ্টিভাবে সংক্ষেপে আলোচনা করিতে অগ্রসর হইতেছি। ভাগবত বলিতেছেন :—

বেদা ব্রহ্মাত্মবিষয়াস্ত্রিকাগুবিষয়া ইমে।

পরোক্ষবাদা ঋষয়ঃ পরোক্ষঞ্চ মম প্রিয়ম্ ॥ ভাগ: ১১।২১।৩৫

বেদ ত্রিকাণ্ড বিষয় বটে, কিন্তু ইহার তাৎপর্য্য ব্রহ্মেই। বেদ সর্ব্বসাধারণ জীবের অশেষ কল্যাণকর বলিয়া, ঋষিগণ, ভগবানের ইচ্ছায় পরিচালিত হইয়া, অধিকারী-অন্ধিকারীভেদে অবহিত হওতঃ পরোক্ষভাবে অযূল্য ব্রহ্মনিষ্ঠ দিশেশকল বেদমধ্যে সন্নিবেশিত করিয়াছেন। এই প্রকার পরোক্ষ (গৃঢ়) ভাবে উপদেশ দান ভগবানের প্রিয়। ১১।২১।৩৫

- ১৯। ঋষিগণ পরোক্ষবাদী ও পরোক্ষ বর্ণনা ভগবানের প্রিয়—ইহা
 বৃঝিবার চেষ্টা করি। ১৯-২০-২১-২২ অন্নচ্ছেদের আলোচনা দ্রষ্টব্য।
- কে) যে বন্ধ বাকা মনের অগোচর, ঝ্বিগণ নিজ নিজ সাধনবলে ও ভগবদমূগ্রহে তাঁহার তন্ত্ব অপরোক্ষভাবে অন্থভব করিতে পারিলেও, প্রকাশের সময় জগদ্ব্যাপারে জাগরণ অপরিহার্য্য হইয়া পড়ে। কিন্তু সমাধির সময়

অপরোক্ষভাবে অত্বস্তুত তত্ত—জাগরণে সম্জ্বলভাবে প্রতীয়মান হওয়া অসম্ভব হইয়া পড়ে।

- (খ) ভাষা—দেশ কালের—প্রভাবাধীন আপেক্ষিকতার অস্তর্ভুক্ত হওয়া প্রযুক্ত স্বভাত:ই—আত্মায় অন্নভূত প্রত্যক্ষ দৃশ্য—ঠিক ঠিক প্রকাশ করিতে অক্ষম।
- (গ) ভাষার যতদ্র প্রকাশ করা সন্তব, ভাষা, শান্ত্রনির্দ্ধেশিত উপারে,
 যাহাদের চিত্তভদ্ধি হইয়াছে, তাঁহারা কথকিত বুঝিতে পারিলেও, সাধারণ শ্রেণী
 মানবের পক্ষে, ভাষার ধারণা সন্তব নহে। অন্তপক্ষে, বিপরীত বা ভ্রম ধারণার
 কল্যাণ অপেক্ষা অকল্যাণ আপতিত হইবার সন্তবনাই বেশী। বিশেষতঃ সাধারণ
 শ্রেণীর লোকের সংখ্যাই অত্যধিক। একারণ, ভাষার স্থম্পট বর্ণনা সমীচীন
 নহে।
- (ঘ) অনধিকারিগণকে উপযুক্ত অধিকারীর স্তরে উন্নয়ন করিবার জন্ত, তাহাদের অধিকারের উপযুক্ত ব্যবস্থা ও শাস্ত্রে নিবদ্ধ হইয়াছে।
- (৬) সাধারণ সংসারে দেখা যায় যে, সন্তানগণের কল্যাণকামী পিতামাতা, স্বস্থ্য, সবল সন্তানের জন্ম যে আহারের ব্যবস্থা করেন, অস্বস্থ্য, কর্ম, ক্র্বল সন্তানের পক্ষে উহা অনিষ্টকর মনে করিয়া, তাহার উপযুক্ত পথ্যের বিধান করিয়া থাকেন এবং সঙ্গে সঙ্গে, নীরোগ সন্তানগণের আহার্যা—গোপন করিয়া রাখেন। মাতার ন্থায় হিতকারী শ্রুতি তাহাই করিয়াছেন। এই জন্মই—ভগবানের ইচ্ছায় চালিত হইয়া ঋষিগণ তত্তভানের উপদেশ গুরুম্থে রাখিয়াছেন।
 - (চ) ব্রহ্মবিদ্যা—গুরুমুখী কেন—বস্তুনিষ্ঠ দৃষ্টাস্তে বৃঝিবার প্রয়াস ।
- ২০। ১।১।১।১ প্রের অলোচনার আমরা ব্রিয়াছি যে, ব্রন্ধ-জিজ্ঞান্থ—
 ব্রন্ধবিতালাভের ইচ্ছায়, সর্বপ্রকার অভিমান বিসর্জ্জন দিয়া, গুরু সেবা করিবার
 জন্ম প্রস্তুত হইয়া, গুরুচরণে নিজ আকাজ্জা নিবেদন করিলে, গুরু তাঁহাকে
 পরীক্ষা পূর্বক, অধিকারী বলিয়া মনে করিলে, তবে ব্রন্ধোপদেশ দিবেন—এই
 ব্যবস্থা, বেদে ও বেদান্থা শাস্ত্রসকলে বিধিবদ্ধ আছে। পূর্বের আলোচনার
 আমরা ব্রিয়াছি যে, পরম ব্রন্ধ, যখন আপনি শব্দন্তরে-অবতরণ করিয়া বেদ ও
 বেদান্থা শাস্ত্রাদি অভিব্যক্ত করিয়াছেন, তখন, সর্বশক্তিমান—তাঁহার-পক্তে বেদে
 ও শাস্ত্রসকলে, তাঁহার সমগ্র প্রকাশ সর্বজনের সহন্ধবোধ্য রূপে করিতে, যে
 সমর্থ হইতেন না, তাহা নহে। তবে তাহা করিলে কল্যাণ অপেকা অক্যালণই
 অতি ব্যাপক ভাবে সংঘটিত হইত। ভগবান্ শ্রুরাচার্যের "অপ্রোক্ষান্থ—
 ভূতি" নামক ক্ষুদ্র গ্রন্থে দেখিতে পাই যে, অপ্রোক্ষান্থভূতি লাভের প্রাক্কালীন

অপরিহার্য্য অক—আপনাকে অধিকারীরূপে গঠন করা। সেজক্ত (i) বিবেক (ii) বৈরাগ্য (iii) ষট্সম্পত্তি (শম, দম, উপরতি, তিতিক্ষা, শ্রন্ধা, সমাধান) (iv) ও মৃমুক্ষ্তা—একান্ত প্রয়োজনীয়। এ প্রকার অধিকারী হইতে না পারিলে ছিতে বিপরীত পরিণতি হইয়া থাকে।

- ২১। ক্য়েকটি দৃষ্টান্ত দ্বারা ইহা পরিক্ট করিবার চেষ্টা করিতেছি।
- (ক) আমরা সংবাদপত্তে প্রায় গুনিতে পাই যে, তড়িতালোকদীপ্ত কোনও অট্টালিকায় উক্ত আলোক বন্ধ হইয়া গেলে, উক্ত বাটীর কোনও যুবক—ক্রটি সংশোধন করিতে গিয়া মৃত্যুম্থে পতিত হইয়াছেন। তাড়িৎশক্তির পরিচালনেও সংহরণে অনভিজ্ঞ ব্যক্তি নাড়াচাড়া করিতে গিয়া নিজের মৃত্যু নিজেই ঘটাইলেন। এক্লপ শোনা যায় যে, লোকে নিজের বাটিতে আনঘরে ইলেকট্রিক হিটারের দ্ধারা উত্তপ্ত জলের টবে কারেণ্ট বিষ্ক্ত না করিয়াই বসার ফলে মৃত্যুম্থে পতিত হইয়াছে। অনভিজ্ঞ বলিয়া জানিতে পারে নাই যে, short circuit ভাহার মৃত্যুফাঁদ পাতিয়া রাখিয়াছে।
- (খ) কুরুক্ষেত্র যুদ্ধাবসানে দ্রোণপুত্র অশ্বথামা জিঘাংসাবশে, অন্ধ হইয়া,
 অচিন্তা শক্তিশালী নারায়ণাস্ত্র প্রয়োগ করিয়া প্রলয়কাও সৃষ্টি করিয়াছিলেন।
 তিনি উক্ত অস্ত্রের প্রয়োগমাত্র জানিতেন, সংহরণ জানিতেন না। ভাগ্যে
 ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্জ্নের রথে সারথিরপে অধিষ্ঠিত ছিলেন ও তিনি উক্ত অস্তের
 সংহরণে সম্পূর্ণ অভিজ্ঞ থাকা হেতু, উহা সংহরণ করিয়া সমূহ ধ্বংসের ভাতবলীলা
 প্রতিহত করিলেন। ইহা মহাভারত পাঠক মাত্রেই অবগত আছেন।
- (গ) আণবিক বোমার বা হাইড়োজেন বোমার—ধ্বংসশক্তির কতক পরিচয় আমরা সংবাদপত্র পাঠে জানি। যদি উক্ত বোমা প্রস্তুতের প্রণালী ও সংকেত শুপ্ত না রাখিয়া সর্ব্বসাধারণকে জানিতে দেওয়া হয়, তাহা হইলে যে কোনও কাওজান হীন, নিজের স্বার্থসর্ব্বস্থ ব্যক্তি, নিজ ব্যক্তিগত দাকণ উদ্দেশ্য বিশেষের সাধনের জন্ত, উহা প্রস্তুত করিয়া, সমূহ অনিষ্ট করিতে পারে ইহা বুঝা যায়।
- ২২। মৃত্তক শ্রুতি তাং। মান্ত্র বলিয়াছেন যে, ব্রহ্মকে যিনি জ্ঞানেন, তিনি ব্রহ্মই হইয়া যান। ব্রহ্ম অচিস্তা অনস্ত শক্তিমান—ইহা শাস্ত্রের ঘোষণা। যদি কোনও সাধারণ লোক, যাহার চিত্তভদ্ধি না হওয়ায় শক্র মিত্র সমজ্ঞান হয় নাই, নিজের স্বার্থের প্রতি অতি সতর্ক লোল্পদৃষ্টি বিভ্যমান, নিজের স্বার্থ রক্ষার জন্ত, অপরের বিত্ত নিজের করিয়া লইতে আকুল আগ্রহে বিচলিত—দে ব্যক্তি যদি ব্রহ্মবিদ্যা লাভ করিয়া ব্রহ্ম হইয়া যান, তাহা হইলে, অকল্যাণ ভুধু তাঁহার নহে, সমৃদায় জগতের। এ কারণ, কক্ণাময় ভগবান্ ব্রহ্মবিদ্যা—বেদ বা কোনও

শাস্ত্রগত করিয়া রাখেন নাই। এই জন্তুই বেদ পরোক্ষবাদী, এই জন্তুই পরোক্ষবাদ ভগবানের প্রিয়। এই জন্তুই ব্রহ্মবিদ্যা গুরুম্থ হইতে লভা। এই জন্তুই ইহা গুরুপরস্পরা ক্রমে অনাদি কাল হইতে আজ পর্যান্ত বর্ত্তমান রহিয়াছে। নারদের ভায় ভগবানের একান্ত ভক্ত দেবর্ষি—সম্দায় বেদ ও বেদাছুগ শাস্ত্র সকলে পারদর্শী হইলেও, ব্রহ্মবিদ্যা লাভ করিতে না পারিয়া ভগবান্ সনৎ কুমারের শিশুত্ব গ্রহণ করিবার পর, তাঁহার উপদেশে উহা লাভ করিয়াছিলেন। ইহা আমরা ছান্দোগ্য শ্রুতির সপ্তম অধ্যায় হইতে জানিতে পারি।

স্থতরাং বুঝা গেল যে, ব্রন্ধবিষ্ঠা—কেবল বেদপাঠে ও উহার আক্ষরিক অর্থাবগতিতে লাভ করা যায় না। ছান্দোগ্য শ্রুতির শ্বেতকেতৃর উপাথ্যানেও আমরা ইহা ব্ঝিতে পারি।

২০। গুরুম্বে বন্ধবিতা রাখিবার উদ্দেশ্য আরও এই যে, গুরু বন্ধজ্ঞ—
একারণ তাঁহার দর্বত সমদৃষ্টি। তাঁহার শক্রমিত্র নাই। দর্বজীবে তাঁহার
আত্মভাব। সে কারণ—কোনও ব্যক্তি তাঁহার নিকট উপন্থিত হইলেই, তিনি
দৃষ্টিক্ষেপ মাত্র, উহার হৃদয়ের অস্তত্মল পর্যস্ত, স্থপট ভাবে দেখিতে পান। সেই
অস্তদৃষ্টিতে ও বাহ্যিক অক্যভাবে পরীক্ষা করিয়া, যদি তিনি উহাকে বন্ধবিত্যা
লাভের উপযোগী অধিকারী বলিয়া মনে করেন, তবে তাঁহাকে শিয়ভাবে গ্রহণ
করিয়া, বন্ধ বিত্যোপদেশ দেন। ইহা ১৷১৷১৷১ স্থ্রের আলোচনায় উদ্ধৃত মৃত্তক
১৷১২-১০ মন্ত্র আলোচনায় বৃঝিয়াছি। অতএব বেদ পরোক্ষবাদী কেন এবং
পরোক্ষবাদ ভগবানের প্রিয় কেন, তাহা বৃঝিতে পারা গেল।

১) বেনের—ভিন কাণ্ড।

২৪। উপরে ১৮ অনুচ্ছেদে উদ্ধৃত ১১।২১।৩৫ শ্লোকে ভাগবত বলিতেছেন :—
বাহ্ন দৃষ্টিতে বেদ—ত্রিকাণ্ড বটে, কিন্তু উহার আত্মবিষয়—ম্থ্যবিষয় বা অস্কর্নিহিত অভিপ্রায় বা ভাৎপর্য্য—একমাত্র ব্রহ্ম প্রতিপাদনে। উপরে ধারাবাহিক
কয়েকটি অনুচ্ছেদে সাধারণ ভাবে, ইহার আলোচনা করিয়াছি। এক্ষণে বেদের
তিন কাণ্ডের পরিচয় ও প্রভ্যেকের সম্বন্ধে ভাগবতের অভিপ্রায় বুনিবার চেষ্টা
করিব। এই তিন কাণ্ড —যথাক্রমে সংহিতা, ব্রাহ্মণ ও আরণ্যক। সংহিতা
বা মন্ত্রভাগ—দেবতা বিষয়ক—দেবতাগণই মন্ত্র মৃত্তিধারী—এ কারণ, ইহা দেবতাকাণ্ড নামেও অভিহিত হইয়া থাকে। ব্রাহ্মণভাগ—বেদের কর্মকাণ্ড—যজ্ঞাদি
বৈদিক কর্মান্মন্টানের ব্যবস্থা এই কাণ্ডে বিস্তারিতভাবে নিবদ্ধ আছে। আরণ্যকভাগ—স্কানকাণ্ড বা ব্রহ্মকাণ্ড। উপনিষৎগণ এই কাণ্ডের অস্কর্ভুক্ত। এই কাণ্ডের
অস্তর্গত ১০৮ থানি উপনিষদের মধ্যে প্রথম ১০ খানি অর্থাৎ ঈশ, কেন, কঠ, প্রের,

মৃত্তক, মাতৃক্য, তৈতিরীয়, ঐতরেয়, ছান্দোগ্য ও বৃহদারণ্যক সমধিক প্রশিদ্ধ—
ভগবান্ শহরাচার্য্য এই দশখানির বিস্তৃত ভান্ত রচনা করিয়াছেন এবং তাঁহার
শারীরক ভান্তে প্রধাণত: এই কয়খানির প্রমাণ গ্রহণ করিয়াছেন । কিন্তু তাহা
বিলিয়া অন্ত উপনিষদগুলি যে অপ্রামাণ্য বা অর্কাচীন, তাহা মনে করিবার কারণ
নাই। আগে বলিয়াছি যে, "ভগবান্ শহরাচার্য্য, তাঁহার শারীরক ভাষ্যে
রক্ষের—চিদ্ভাবের অন্ত কথায় জ্ঞানের প্রাধান্ত দিয়া আলোচনা করিয়াছেন।"
(আভাস ৩৪) উক্ত দশখানি উপনিষদে জ্ঞানের প্রাধান্ত থাকায়, তিনি উহাদেরই
ব্যবহার করিয়াছেন। কিন্তু জ্ঞান ও ভক্তি পরম্পর—উপায়-উপেয় সম্বদ্ধকৃত
বলিয়া (গীঃ ১৮।৫৪-৫৫) জ্ঞানকাত্তে ভক্তিরও গরিচয় পাওয়া যায়। তাপনী
শ্রুতিগণ, নারায়ণোপনিষৎ, ত্রিপাদ বিভৃতি মহানারায়ণোপনিষৎ প্রভৃতি ইহার
দৃষ্টান্তম্বল। ত্রিপাদ বিভৃতি—মহানারায়ণোপনিষৎ ম্পষ্টতঃ বলিয়াছেন ঃ—
"কারণেন বিনা কার্য্যং লোদেতি। ভক্ত্যা বিনা ব্রহ্মজ্ঞানং কদাপি ন
ভায়তে তম্মান্তমপি সর্ব্বোপায়ান্ পরিত্যজ্য ভক্তিমান্ত্রয়। ভক্তি নিষ্ঠো ভব।
ভক্ত্যা সর্ব্বসিদ্ধয়: সিধ্যন্তি। ভক্ত্যা অসাখ্যং ন কিঞ্চিদন্তি" (অন্তম্ম অধ্যায়ঃ উক্ত

২৫। এই জ্ঞান ও ভক্তির উপায়-উপেয় সম্বন্ধটি ও উহার সহিত উপরে বিপাদ বিভৃতিমহানরায়ণোপনিষদের অষ্টম অধ্যায় হইতে উদ্ধৃত অংশের সম্পর্ক কি প্রকার, তাহা বৃঝিবার চেষ্টা করিব। গীতার ১৮।৫৪ ও ১৮।৫৫ শ্লোকড্টি নিমে উদ্ধৃত হইল।

ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাজ্ফতি।
সমঃ সর্কেব্ ভূতেষ্ মদ্ভক্তিং লভতে পরাম্॥ গীঃ ১৮।৫৪
ভক্তাা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ততঃ।
ততাে মাং তত্ততাে জ্ঞাতা বিশতে তদনস্তরম্॥ গীঃ ১৮।৫৫

ব্রহ্ম স্বরূপে স্থিত সে কারণ প্রসন্নচিত্ত ব্যক্তি শোক করেন না, আকাক্ষাও করেন না। সর্বভিত্ত সমভাবে অবস্থান করায় আমার পরাভিত্তিলাভ করেন। গী: ১৮।৫৪

সেই পরাভক্তিলাভে, আমি বেরপ—অর্থাৎ সর্বব্যাপী ও সর্বাত্মক, ও আমি বাহা অর্থাৎ সচ্চিদানন্দঘন হই, সেইরপে আমাকে তিনি স্বরূপতঃ জ্বানেন—অন্তব করেন। অনস্তর আমাকে স্বরূপতঃ জ্বানিবার পর, আমাতে প্রবেশ করেন অর্থাৎ পরমানন্দ স্বরূপ হন। গীঃ ১৮।৫৫

ভগবান্ গীতার ১৮।৫৪ শ্লোকে বলিলেন যে, ব্রহ্ম স্বরূপে স্থিত ব্যক্তিই তাঁহার পরাভক্তি লাভ্নে যোগ্য হন। স্থতরাং পরাভক্তি লাভ—উপেয় ও ব্রহ্মস্বরূপে অবস্থান করিবার উপযোগিতা—উপায়—ইহা ভগবানের উক্তি হইতে সহজে বুঝা যায়। কিরূপ ব্যক্তি ব্রহ্মস্বরূপে অবস্থানের অধিকারী, তাহা ভগবানই পূর্ববিত্তী ১৮।৫৩ শ্লোকে বলিতেছেন:—

অহংকারং বলং দর্পং কামং ক্রোধং পরিগ্রহম্। বিমূচ্য নির্ম্মমঃ শান্তো ব্রহ্মভূয়ায় কল্পতে॥ গীঃ ১৮।৫৩

অহংকার, বল, দর্প, কাম, ক্রোধ ও প্রতিগ্রহ ত্যাগ করিয়া, সর্ববিষয়ে মমতাশৃণ্য হততঃ শাস্ত হইলে ব্রহ্মত্বলাভের অর্থাৎ "ব্রহ্মই আমি" এই জ্ঞানে নিশ্চলভাবে অবস্থানের যোগ্য হয়। গীঃ ১৮।৫৩

এইরপ ব্রহ্মভাবে অবস্থানের যোগ্য হওয়ায় জ্ঞানের চরম পরিণতি। ইহাকেই তেজোবিন্দু উপনিষৎ নিম্নোদ্ধত মন্ত্রে "পূর্ণত্বপ্রাপ্তি" বলিয়া অভিহিত্ত করিয়াছেন।

ভাবর্ত্তা। হি ভাবত্বং শৃণর্ত্তাহি শৃণ্যতা। ব্রহ্মবৃত্তাহি পূর্ণত্বং তম্না পূর্ণত্বমভাসেৎ।। তেজোবিন্দু ১।৪২

কোনও বিষয় ভাবনা করিলে, মানসিক বৃত্তি তদ্বিষয়াকারে আকারিত হইয়া থাকে, স্থতরাং ঘট, পটাদি নামরূপাত্মক প্রপঞ্চের চিন্তায়, বৃত্তি তদাকারে আকারিত হইয়া তাহাদের প্রাপ্তির হেতু বাসনা এবং বাসনার হেতু বন্ধনের, কারণ হয়। শৃণ্য বা অভাবাত্মক বস্তুর চিন্তায়, বৃত্তি—শৃণ্যতা বা জড়তা প্রাপ্ত হয়। ব্রহ্ম চিরপূর্ণ—ব্রহ্ম চিন্তানে বৃত্তি পূর্ণত্ব লাভ করে। একারণ পুনঃ পুনঃ ব্রহ্ম চিন্তা অভ্যাস করিবে।—তেজোবিন্দু ১।৪২

ইহাকেই ছান্দোগ্যশ্রুতি উপরে ১৫ অন্থচ্ছেদে উদ্ধৃত ৩।১৪।১ মন্ত্রে "ক্রত্থুময়:
পুরুষ:" বলিয়া এক কথাতেই ব্যক্ত করিয়াছেন।

যাহা হউক, এই সংক্ষেপ আলোচনা হইতে সুস্পষ্ট বুঝা গেল যে, ভগবানে পরাভক্তি (উপরে কথিত "উপেয়") লাভের "উপায়" জ্ঞান।

২৬। গীতার পরবর্তী ১৮।৫৫ শ্লোকে ভগবান্ স্থপপ্টভাবে বলিলেন যে, ১৮।৫৪ শ্লোকে কথিত পরাভক্তি হইতেই পরাজ্ঞান লাভ হইয়া থাকে। স্থতরাং পরাভক্তি—পরাজ্ঞান প্রাপ্তির "উপায়" ও পরাজ্ঞান—পরাভক্তির "উপেয়" ইহা সহজ্বেই বুঝা গেল। সাম্প্রদায়িক আচার্য্যসণের মধ্যে জ্ঞান ও ভক্তি সম্বন্ধে—বড় ছোট লইয়া যে বিবাদ-বিতর্ক হয়, তাহার কোনও কারণই নাই। উক্ত

বিবাদ-বিতর্ক ভগবানের অভিপ্রায়ের বিরুদ্ধ। শুধু মানবের বৃদ্ধির বিক্রিয়ার পরিচয় মাত্র। ইহার প্রতি লক্ষ রাবিয়াই ত্রিপাদ বিভৃতি মহানারায়ণোপনিষং— উপরে ২৪ অনুচ্ছেদে উদ্ধৃত অংশে স্থম্পট বলিলেন, "সর্ব্বোপায়াল্ পরিত্যক্ত্য শক্তিমাশ্রায়"—"ভক্ত্যা সর্ব্ব সিদ্ধয়ঃ সিধ্যন্তি"।—অত্য সর্ব্ববিধ উপায় পরিত্যাগ করিয়া ভক্তিনিষ্ঠ হও। ভক্তি ধারাই সম্দায়ই সিদ্ধ হইবে।

২৭। জ্ঞান ও ভক্তি—উভয়ের উপায়-উপেন্ন ভাবের যে আলোচনা করা হইল, তাহা হইতে আপত্তি উত্থাপিত হইতে পারে যে, জ্ঞানমার্গের চরম ও পরমতত্ত্ব নিরাকার, নির্দ্তণ ব্রহ্ম, কিন্তু ভক্তিমার্গের চরম ও পরম ভাব পদার্থ— নাকার ও সগুণ ব্রহ্ম। এ প্রকার উভয়ত্ব হেতু কি বিরোধ হইতেছে না? ইহার সমাধান কি? ইহার সমাধান ত্রিপাদ বিভৃতি মহানারায়ণোপনিষৎই করিয়াছেন। শ্রুতি বলিতেছেন:—"পরক্রেম্নণঃ পরমার্থতঃ সাকার নিরাকারে স্বভাবসিদ্ধো"—ইহা সাসাহাহ স্ত্তের আলোচনার ১০ অনুচ্ছেদে উদ্ধৃত হইয়াছে। আর নির্প্তণত্ব ও সপ্তণত্বে যে কোনও বিরোধ নাই, তাহা উক্ত স্ত্তের আলোচনায় ৩০ ও ৩৪ অনুচ্ছেদে করা হইয়াছে। এখানে আর বিস্তারের আবেশ্যক নাই।

১০) বিধি তিন প্রকার।

২৮। শ্রুতিতে কর্ত্তব্যের উপদেশ বিধিলিং প্রয়োগে দেওয়া হইয়াছে। বিধি প্রয়োগের সর্ববেশতে বিধিলিঃ, ব্যবহৃত হইলেও কর্ত্তব্যের মৃথ্যত্ব ও গৌণত্ব নির্ণয়ের জন্ম একই বিধিলিঃ, নির্দেশকে তিন ভাগে বিভাগ করা হয়—ইহাদের নাম যথাক্রমে অপূর্ব্ব বিধি—নিয়ম বিধি ও পরিসংখ্যা বিধি। এই তিনের মধ্যে অপূর্ব্ব বিধি সর্ব্বাপেক্ষা বলবান। নিয়ম বিধির বল মধ্যম শ্রেণীর ও পরিসংখ্যা বিধি সর্ব্বাপেক্ষা ত্র্বল। দৃষ্টান্ত ধারা ইহা বিশ্বদ করিবার চেষ্টা করি।

বিধি (অর্থাৎ অপূর্ব্ব বিধি) রত্যস্তাপ্রাপ্তৌ নিয়মঃ পাক্ষিকে সতি। তত্ত্ব চান্সত্র চ প্রাপ্তৌ পরিসংখ্যা বিধীয়তে॥

"অহরহঃ সন্ধ্যাম্পাসিত"—ইভ্যাদিরপূর্ববিধিঃ। অত্ত বিধেয়শু সন্ধ্যাদেঃ শাস্ত্রেতো রাগতো ন্যায়তো বা কচিদপি অপ্রাপ্তেঃ। তথা—

"শতে ভার্য্যামুপেয়াৎ"—বিষেয়স্ত—ভার্য্যাভিগমনস্ত রাগভঃ প্রোত্তো-অপি রাগাভাবাৎ পক্ষভোহপ্রাস্তে:। ইতি নিয়মবিধি:। তথা—

"প্রোক্ষিতং মাংসং ভূঞ্জীত"—বিধেয়ক্ত প্রোক্ষিত মাংস ভক্ষণস্ত তৎপ্রতি-পক্ষস্ত অপ্রোক্ষিত মাংসভক্ষণস্ত চ রাগতঃ প্রাপ্তঃ পরিসংখ্যাবিধিঃ। ২৯। উপরে তিনটি দৃষ্টান্ত দেওয়া হইয়াছে। প্রথম, প্রতিদিন সন্ধ্যা উপাসনা করিবে। এই বিধির অপ্রাপ্তি সম্ভাবনা, কি শাস্ত্র, কি মানবের স্বাভাবিক অমুরাগ-বিরাগ, কি ভায়—কিছু দ্বারাই হয়না। অর্থাৎ এই বিধির প্রয়োগ সর্ব্বদাই বিভামান থাকা হেতু—ইহা অপূর্ব্ব বিধি—সর্ব্বাপেক্ষা বলবান। ইহা না করিলে প্রতাবায় আছে এবং তাহার জন্ত প্রায়শ্চিত্ত শাস্ত্রে বিহিত আছে।

দ্বিতীয় দৃষ্টান্ত: — ঋতুকালে নিজ বিবাহিত স্থী সঙ্গম করিবে, এ ক্ষেত্রে রাগ বা অনুরাগ স্বাভাবিকভাবে বর্ত্তমান থাকিলেও কখনও কখনও বা উক্ত ইচ্ছার উদ্রেক হয় না। ইহা নিয়ম বিধি। ইহা পালন করিলে ব্রহ্মচর্য্য ব্রত ভঙ্গ হইবে না। পালন না করিলে প্রত্যব্যয় নাই। ঐ নিয়মের মধ্যে নিষেধের ইঙ্গিত আছে — অর্থাৎ ঋতুকাল ব্যতীত অন্তকালে ভার্য্যান্তিগমন বিধেয় নম্ন — ইহাও অভিপ্রায়।

তৃতীয় দৃষ্টান্ত:—প্রোক্ষিত মাংস ভক্ষণ করিবে। ইহা পরিসংখ্যা বিধি।
মানবের স্বাভাবিক প্রবৃত্তি অবিচারে মাংস ভক্ষণে। উহার সঙ্কোচ সাধন জ্বন্ত
প্রোক্ষিত মাংস ভক্ষণ অনুকর্মভাবে করা হইয়াছে। এই জন্মই যজ্ঞে পদ্ধবধ—
"অবধ" বলিয়া বিহিত হইয়াছে। এরপ বিধির কারণ উদ্দামভাবে পশুবধ
নিবারণ উদ্দেশ্য। যজ্ঞান্মন্তান বায়সাধ্য—সকলের দ্বারা সম্ভব নয়। উজ্
অন্নন্তানে আরও অনেক কিছু সংগ্রহের প্রয়োজন। সে সম্দায় প্রয়োজন
মিটাইয়া যজ্ঞান্মন্তান সহজ সাধ্য নয়। বিশেষতঃ যজ্ঞান্মন্তান করিতে হইলে.—
হত পশুর মাংস—বাহিরের নিমন্ত্রিত, অনিমন্ত্রিত, বহু লোকের সহিত, তবে
ভক্ষণ সম্ভব হইতে পারে। এ কারণ, অনিচ্ছার সহিত, অনুকরভাবে যজ্ঞে
পশুবধের বিধান দেওয়া হইয়াছে। নীচের আলোচনায় ইহা স্ক্রপ্ট হইবে।
(দেখ অন্নচ্ছেদ—৪৫)

১১) বেদের দেবতাকাণ্ড ও কর্মকাণ্ড।

৩০। বেদের সংহিতা বা দেবতাকাণ্ডের সহিত, উহার কর্মকাণ্ডের বা বাহ্মণভাগের সম্বন্ধ অতি ঘনিষ্ট। বেদালোচনা আমাদের দেশে এখন একেবারেই উঠিয়া গিয়াছে। বেদের কর্মকাণ্ড এখন মাত্র কয়েকজন প্রাচীনপদ্মী স্বর্দমনিষ্ঠ, মৃষ্টিমেয় ব্যক্তির মধ্যে, অন্প্রপ্রাশন, উপনয়ন, বিবাহ, প্রাদ্ধ প্রভৃতি কয়েকটি নৈমিত্তিক কর্মের অনুষ্ঠানেই নিবন্ধ। পুরোহিতগণই গৃহন্থের প্রতিনিধি রূপে ইহাদের আচরণ করিয়া থাকেন, এবং তাহাও গতাহুগতিক ভাবে, যেন দায়ে পড়িয়া কোনও প্রকারে সম্পাদন মাত্র। স্থতরাং বেদের উক্ত উভয় কাণ্ড বিস্তাবিত ভাবে আলোচনার প্ররোজন নাই। প্রের উন্দেশ্ত বেদের তিন

কাণ্ডের সমন্বয় সাধন। আমরা ভাগবত সাহায্যে ব্রহ্মস্ত্র আলোচনা করিতেছি, সে কারণ ভাগবতের অভিপ্রায় অনুসারে, উক্ত সমন্বয় সাধন করিতে পারিলেই, আমাদের কর্ত্তব্য সমাধান হইল।

- া বেদের সংহিতা ভাগের ইন্দ্র, বরুণ, অগ্নি, স্থ্যা, বিষ্ণু প্রভৃতি দেবতার নাম ও তাঁহাদের স্তুতি বর্ত্তমান আছে। এই স্তুতি সকল স্কুল নামে পরিচিত—
 "স্ব্" স্থলর ভাবে, "উক্ত"—কথিত বা ভাষায় নিবদ্ধ বলিয়া, ইহাদিগকে "স্কুল"
 বলা হইয়া থাকে। স্ফুলই বাচিক উপাসনা। কর্ম্ম কাণ্ডোক্ত যজ্ঞাদি কম্ম—
 আমুষ্ঠানিক উপাসনা। উভয়ের সম্বন্ধ যে অতি ঘনিষ্ঠ ব্ঝা গেল। পৃথক্
 পৃথক্ দেবতা সম্বন্ধে পৃথক্ পৃথক্ স্কুল প্রচলিত থাকায়, এবং কর্মকাণ্ডে পৃথক্
 পৃথক্ দেবতার নামে পৃথক্ পৃথক্ আছতি দিবার ব্যবস্থা থাকায়, মনে স্বতঃই
 সংশয় হয় যে, সেই দেই দেবতার উপাসনা, কি পৃথক্ পৃথক্ উপাসনা, অথবা
 একমাত্র ভগবানেরই উপাসনা—পৃথক্ পৃথক্ দেবতার নাম—উপলক্ষ্য মাত্র।
- ত্ব। দেবতাগণের উপাসনা তুইঁ প্রকারে করা হইয়া থাকে। প্রথম প্রকারের উপাসনায়—পরব্রহ্মের বা ভগবানের প্রাধান্য—দেবতাগণ—উপাসনার বাহ্ম অবলম্বন মাত্র। পরমত্রহ্ম বা ভগবান্—সর্বাত্মক বলিয়া, দেবতাগণ, তাঁহারই বিশেষ বিশেষ বিভৃতি বিকাশ মাত্র—দ্বিতীয় প্রকার উপাসনায়, এই মনোবৃত্তি দ্বারা চালিত হইয়া উপাসক উপাসনা করিয়া থাকেন—স্থতরাং ইহা ব্রহ্মোপাসনা । প্রথম প্রকার উপাসনা—ব্রহ্মোপাসনা নয়। ইহা প্রতীকোপাসনা নামে কথিত। ভগবান্ স্ত্রকার ৪।১।৪ স্ত্র "ন প্রতীকেন হি সঃ" প্রণয়ন করিয়া, ইহা বিচার ও মীমাংসা করিয়াছেন। এখানে উহার বিস্তার করিব না।
- ৩৩। মানবগণ ভিন্ন ভিন্ন কামনায় ভিন্ন ভিন্ন দেবতার ভজন করিয়া থাকে। উহাদের উক্ত ভজনে সেই সেই দেবতারাই প্রাধান্ত দিয়া থাকে। ব্যাবহারিক জগতে যেমন একচ্ছত্র সম্রাটের বিস্তীর্ণ সাম্রাজ্ঞার—বিভিন্ন বিভাগের বিভিন্ন অধ্যক্ষ্য নিজ নিজ বিভাগ পরিচালনা করেন এবং তাহা দারা ছত্রপতিরই করণীয় আংশিকভাবে সম্পাদন করিয়া থাকেন, সেইরূপ বিভিন্ন দেবতাগণ, বিশ্বনাথ ভগবানের ইচ্ছায় পারচালিত হইয়া, তাঁহারই পরিচারকরপে বিভিন্ন বিভাগের করণীয়, নিজ নিজ অধিকারান্ত্রসারে সম্পাদন করিয়া থাকেন। এই কারণে যে সম্পাদ্য মানব, তাঁহাদের উপাসনা করেন, তাঁহারা নিজ নিজ উপাস্ত দেবতাগণের অধিকারান্ত্রন্ধই ফলপ্রাপ্ত হইয়া থাকেন। ভাগবত ২।৩।২ হইতে ২।৩।২ পর্যন্ত আটি শ্লোকে ইহাই বলিয়াছেন। বাহুল্য পরিহারের জন্ম

উহাদিগকে উদ্ধৃত করিলাম না। সংক্ষেপে বলি, ভাগবত বলিতেছেন যে, ইন্দ্রিরকামী—ইন্দ্রকে, সন্তানকামী—প্রজাপতিকে, ঐর্থাকামী—মায়াদেবীকে, তেজস্বাম—স্থাকে—ইত্যাদি রূপে ভজন করিয়া থাকে। উক্ত ভজন সাধারণতঃ পার্থক্য বৃদ্ধিতে করা হইয়া থাকে। একারণ উহা ভগবদ্ ভজন নয়। তবে শ্রদ্ধার সহিত, যদি উহা করা হয়, তাহা হইলে উক্ত ভজন—অবিধিপূর্বক ভগবদ্ ভজন বলিয়া গণ্য হইতে পারে। উপরে ১৪ অনুচ্ছেদে উদ্ধৃত গীতার ১২০ শ্লোকে ইহা স্পষ্টতঃ বলিয়াছেন। উক্ত উপাসকগণের গাত—তাহাদের উপাস্থ দেবতাগণের অধিকার পর্যান্ত—ইহাও ভগবান্ উক্ত ১৪ অনুচ্ছেদে উদ্ধৃত গীতার ১২৫ শ্লোকে বলিয়াছেন। সকাম কর্ম্মের ফল যে এরূপ হইবে, তাহাতে সন্দেহ কি? কামনার দ্বারা চালিত হইয়াই ত আমরা কর্মানুষ্ঠান করিয়া থাকি। আমাদের ব্যাবহারিক জগতে নীতি শাস্তেই আছে:—

অকামস্তা ক্রিয়া কাচিদ্যুগ্ততে নেহ কর্হিচিৎ। যদ্ যদ্ হি কুরুতে জন্তম্ভত্তৎ কামস্তা চেষ্টিতম্॥

এই সংসারে কথনও কোথাও কামনা রহিত ক্রিয়া দেখা যায় না জীবগণ যে যে কার্য্য করে, তৎ সম্দায় কামের চেষ্টামাত্র। স্থতরাং বৈদিক হউক, লৌকিক হউক, কোনও কর্ম্মের অনুষ্ঠান কামনা পরিত্যাগ করিয়া, করা আমাদের দ্বারা সম্ভব নয়। তবে উপায় কি?

৩৪। ভাগবত বলিতেছেন, ইহাতে চিস্তা করিবার কি আছে? উপায় ত তোমাদের হাতেই রহিয়াছে:—

অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধী:।

তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্॥ ভাগঃ ২।৩।১०

উদার বৃদ্ধি সম্পন্ন ব্যক্তি অর্থাৎ নির্মেঘ উন্মৃক্ত আকাশের ন্তার ঘাহার বৃদ্ধিতে মোহকালিমার চিহ্ন মাত্র নাই, এমন ব্যক্তি কামনাশণা হউন. অথবা সর্ব্ববিধ কামনা পূর্ণই হউন, কিম্বা মোক্ষকামীই হউন, ঐকান্তিক ভক্তি যোগে পরম পুরুষকে উপাসনা করিবেন। ভাগঃ ২।৩।১০

অন্তান্ত দেবতার উপাদনা করিলে তাহা ভগবানেরই উপাদনা হইয়া থাকে বটে, কিছু উহা দাক্ষাৎভাবে না হওয়ায়, বক্রগভিতে ভগবানেই পৌচায়। ফলে পথে বিদ্ববিপত্তি ঘটিবার সম্ভাবনা থাকিয়া য়ায়. এবং সময়ও বায় হইয়া থাকে, এমন কি জন্মের পর জন্মও অভিবাহিত হইতে পারে। ইহা ভাগবত অভি ফুন্দর ভাবে, উপরে ১ অনুষ্টেদে উদ্ধৃত ১০।৪০।১০ শ্লোকে বৃশ্বাইয়াছেন।

৩৫। যদিও অস্তে সকলের পরিণতি একমাত্র ভগবানেই বটে, তাহা হইলেও পারক্য বৃদ্ধি পরিত্যাগ না করিলে, দেবতাগণের উপাসনা এক্ষোপাসনায় পরিণত হয় না, সে কারণ—উহাদের ফল ব্রন্ধোপাসনার তুল্য হয় না। ভাগবত এ কারণ বলিতেছেন যে পারক্য বৃদ্ধি সর্বতোভাবে পরিত্যজ্য।

তিশ্মন্ ব্রহ্মণাদিতীয়ে কেবলে পরমাত্মনি।
ব্রহ্মকন্ত্রো চ ভূতানি ভেদেনাজ্ঞাহনুপশুতি।। ভাগঃ ৪।৭।৪৯
যথা পুমান্ ন স্বাঙ্গেষ্ শিরঃ পাণ্যাদিষ্ কচিৎ।
পারকাবৃদ্ধিং কুরুত এবং ভূতেষ্ মৎপরঃ।। ভাগঃ ৪।৭।৫০

যেমন প্রত্যেকের শরীরে—শিরঃ, হস্ত, পদ প্রভৃতি অবয়ব বর্তমান থাকে, কিন্তু উক্ত শরীরধারিজীব, সকল অবয়বকেই নিজের বলিয়া মনে করেন, পারক্য বৃদ্ধি করেন না, সেইরূপ ব্রহ্মা, কন্ম (ইন্দ্র, অগ্নি, মক্রুৎ, বরুণ প্রভৃতি দেবতাগণকে) ও ভৃত সকলকে—অদ্বিতীয়, কেবল পরমাত্মার অবয়ব স্বরূপ বলিয়া তাহা হইতে অপৃথক্ ভাবে ধারণা করা উচিত। অজ্ঞানান্ধ ব্যক্তিই ভেদ দর্শন করিয়া থাকে। ৪।৭।৪৯-৫০

এই ভেদ দর্শন হেতু, উক্ত দেবতাগণের উপাসনা—ব্রহ্মোপাসনার পর্যায়ে পড়ে না—ইহা স্কম্পন্ত।

৩৬। কিন্তু এই ভেদদর্শন কেন হয়? ইহার উত্তর আমরা আগের তিন সংগ্রের আলোচনায় পাইয়াছি। জগতে মানব দেহধারী জীব—হাঁহারা পূর্ব্বে বর্ত্তমান ছিলেন ও এখন বর্ত্তমান আছেন—তাঁহাদের সংখ্যা অগণ্য। ১০০০ শত্রের আলোচনায় ৭৬-৭৭ অফুচ্ছেদে আমাদের শাস্ত্রমতে ক্রমবিবর্ত্তন ও ক্রমোয়তি বিধানের যৎকিঞ্চিৎ পরিচয় পাইয়াছি। মানবেতর স্থাবর জঙ্গমাত্রক অসংখ্য জীবরুন্দের ক্রমবিবর্ত্তন একই কালে সংঘটন সম্ভব নহে বলিয়া, উহারা ক্রমোয়তি সোপানের অসংখ্য বিভিন্ন স্তরের থাকিতে বাধ্য হয়। সে কারণ, উহাদের মধ্যে বাহারা মানবছ প্রাপ্ত হয়, তাহারা সকলে এক কালেই উহা প্রাপ্ত হয় না। প্রাপ্তির কালের—অসংখ্য ভেদ বর্ত্তমান। এ কারণ প্রত্যেকের চিত্তমন-বৃদ্ধি-ইক্রিয়াদির শক্তি একরূপ নহে। প্রত্যেকের প্রফুতি, ধারণা শক্তি বিভিন্ন। কিন্তু শাস্ত্রের সার্হ্বেকর আকাক্রা পরিভৃপ্তিতেই শাস্ত্রের সার্হ্বকর আকাক্রা পরিভৃপ্তিতেই শাস্ত্রের সার্হ্বকর আকাক্রা পরিভৃপ্তির সঙ্গে সঙ্গে প্রত্যেককের ক্রমোয়তি সোপানের—উচ্চতর স্তর্মের উন্নয়ন ক্রিবার জন্ত্র, অস্থায় প্রকার—উপায়, অনস্ত জানময় ভাগবান্ কর্ত্বক শাস্ত্রে বিহিত হইয়াছে। এই

দকল কারণে—শাস্তে বিভিন্ন দেবতার নাম ও তাহাদের উপাসনা পদ্ধতি বিভিন্ন ভাবে দেওয়া হইয়াছে। অভিপ্রায় এই যে, যেমন কোনও মহানগরীতে পৌছিবার বহু পথ বর্তমান থাকে, উহাদের মধ্যে যে কোনটিকে ধরিয়া অগ্রসর হইলেই মহানগরীতে পৌছান যায়, সেইরূপ পথে যে কোনও দেবতার উপাসনা মার্গ দিয়া ধীরভাবে বিখাসের সহিত, অগ্রসর হইলে পরিণতিতে, সেই এব অন্বিতীয় পরম ও চরমতত্বে পৌছান যাইবে। উপরে ১।১।৩।৩ স্ত্রের আলোচনার ১৪: অন্তচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ৩।৩২।২৮ শ্লোকটি, অভি স্থলর ভাবে ইহা ব্র্যাইয়াছেন। ইহা হইতে আমরা ব্রিতে পারিলাম যে, সম্দায় বিভিন্নতার পর্য্যবসান ও সময়য়—একস্থানে এবং সেই স্থানটিই—ভগবান্ বা ব্রন্ধ।

৩৭। সম্দার পথ মহানগরীতে পর্যবিসিত বটে, কিন্তু সবগুলিই সমান স্থগাম্য নহে। যে যে পথ নিকট বা দ্রের অক্তান্ত নগরীর সহিত সংযোজিত, তাহারা প্রশস্ত রাজ্পথ তুই পার্ষে পরিরোপিত বৃক্ষ শ্রেণীর ছায়ায় শীতল, যান-বাহন যোগে গমন অতিশয় স্থ্যসাধ্য। কিন্তু যে সকল পথ দ্রের গ্রামের—গরীব জনগণের পায়ে হাঁটিয়া অতিবাহনের জন্ম অভিপ্রেত, তাহারা-সন্ধীর্ণ, বন্ধুর, যান বাহনের উপযোগী নহে। ইহা আমাদের সকলের প্রত্যক্ষদৃষ্ট। প্রথম প্রকারের রাজপথ, সমাজের উচ্চন্তরের মানবগণের জন্ম এবং দ্বিতীয় প্রকার পথ, সমাজের নিমন্তরের জন সাধারণের—ব্যবহার্য। সেইরূপ, যে সম্দায় ভাগ্যবান মানব-দেহধারী জীব ক্রমবিবর্ত্তনে মানবদেহ প্রাপ্তির পর, জন্ম-জন্মান্তরের ভিতর দিয়া, ক্রমোন্নতি সোপানের—উচ্চতর স্তরে প্রতিষ্ঠিত হইয়াছেন, শাস্ত্রে তাঁহাদের জন্ম, তাঁহাদের উপযুক্ত উন্নততর ব্যবস্থা কবিয়াছেন। আর ধাঁহারা সবে মাত্র মানবত্বে প্রতিষ্ঠিত হইয়াছেন, তাঁহাদের কামনা, বাসনা প্রভৃতি মানবেতর জ্ঞন্ত্রণণের সহিত কমবেশী সমভাবাপন হওয়ায়, তাঁহারা যাহাতে তাঁহাদের-উপযোগী অন্তর্গানের ভিতর দিয়া, ক্রমোন্নতি গোপানের নিমতম স্তর হইতে ক্রমশঃ উচ্চ ও উচ্চতর স্তরে উঠিতে পারেন, শাস্ত্র সেইরূপ ব্যবস্থাই করিয়াছেন। এই ব্যবস্থার প*চাতে অনন্ত জ্ঞান ও অশেষ কল্যাণ সাধন সম্ভ্রল ভাবে দেদীপ্যমান। একট চিন্তা করিলেই ইহা বুঝিতে পারা যায়।

১২) আলোচ্য ১।১।৪।৪ সূত্রের ভাগবত ভাষ্য।

৩৮। ভাগবত কয়েকটি অতি উপাদেয় শ্লোক রচনা করিয়া আলোচ্য ১।১ ৪।৪ স্থত্তের বিশদ্ আলোচনা করিয়া, জাগবান স্থত্কারের—প্রকৃত আভপ্রায় ব্যক্ত করিয়াছেন। নিমে সেইগুলির সাহায্য গ্রহণ করিয়া কর্ত্তব্য সমাধা করি।

ক) নিবৃত্তি মার্গ ও প্রবৃত্তি মার্গ:—

উপরে ৩৬ ও ৩৭ অনুচ্ছেদে সংক্ষেপ আলোচনা হইতে আমরা ব্রিলাম যে, মানবত্ব প্রাপ্তির অগ্রপন্ঠাৎ হেতু, বিভিন্ন মানবদেহধারী জীব ক্রমোন্নতি সোপানের—উচ্চ, উচ্চতর, উচ্চতর ও নিম্ন-নিমতর-নিম্নতম স্তরে অবস্থান করিতে বাধ্য। স্বতরাং সকলের অধিকতর উচ্চতর স্তরে আরোহন করিবার উপায় এক প্রকার হইতে পারে না। যাঁহারা মানবত্ব লাভের পর জন্মের পর জন্ম অতিবাহন করিয়া, ক্রমোন্নতি বিধানে উচ্চতর স্তরে প্রতিষ্ঠিত হইয়াছেন, তাঁহাদের উপাসনা নিবৃত্তি মার্গীয়। তাঁহাদের সম্বন্ধে ভাগবত বলিতেছেন:—

যতো যতে। নিবর্ত্তেত বিমুচ্যেত ততস্ততঃ।

এষ ধর্ম্মো নূণাং ক্ষেমঃ শোক-মোহ-ভয়াপহঃ॥ ভাগঃ ১১।২১।১৮

যাহা যাহা হইতে নিরত্ত হইবে, ভাহা ভাহা হইতে মুক্ত স্ইবে, এই ধর্মাই মানবগণের পরম মঙ্গলের হেতু। ইহাই ভাহাদিগের শোক-মোহ-ভয়পহারী। ভাগঃ ১১।২১।১৮

ইহা সহজেই বুঝা যায় যে, প্রবৃত্তিমার্গে ভ্রমণকারী মানবদেহধারী জীবগণের বিষয়ের সহিত সংশ্রব অপরিহার্য্য হইয়া পড়ে। বিষয় স্বতঃ দোষাবহ না হইতে পারে, কিন্তু বিষয় সন্থক্ষে আমরা যে মনোবৃত্তি পোষণ করিয়া থাকি, তাহাই আমাদের বন্ধনের কারণ হইয়া থাকে। ইহা ভগবান্ গীভার ২০৬২-৬৬ প্লোকে স্বস্পষ্ট ভাবে বলিয়াছেন। ভাগবত ইহারই অনকরণে ১১১১১৯-২০-২১ শ্লোকে বলিতেছেন :—বিষয় চিন্তা হইতে আসক্তি, আসক্তি হইতে কামনা, কামনা হইতে কলহ, কলহ হইতে ক্রোধ, ক্রোধ হইতে মোহ এবং এই মোহই উক্ত বিষয়় চিন্তক পুরুষের—কার্য্যাকার্য্য স্মৃতিকে গ্রাস করিয়া ফেলে। ফলে মান্থ্য যেন চেতনাশৃণ্য—অভএব অসত্ত্লা হইয়া, নিজের পরম স্বার্থ হইতে ভ্রষ্ট হইয়া পড়ে।

৩৯। একারণ প্রবৃত্তিমার্গ পরিত্যাগ কান্তরা নিবৃত্তিমার্গ আশ্রের করা শ্রেয়:। ইহা বুঝা গেল। কিন্তু ভাগবত বলিতেছেন :—

উৎপত্ত্যৈব হি কামেষু প্রাণেষু স্বন্ধনেষু চ। আসক্তমনসো মর্ত্ত্যা আত্মনোহনর্থহেতৃষু॥ ভাগঃ ১১।২১।২৪

মান্থৰ স্বভাবতঃই আপনার অশেষ অনর্থ হেতৃ, কামনার বিষয়. আয় । ইন্দ্রিয়, বল ও বীর্য্যাদিতে এবং পুত্রদারাদি বিষয়ে আসক্তমনাঃ হইয়া থাকে। ভাগঃ ১১।২১।২৪ যে শ্রেণীর মানবের কথা ১১।২১।২৪ শ্লোকে ভাগবন্ত উল্লেখ করিলেন, উহারা মানবন্ধ প্রাপ্তির পর করেক জন্ম অভিক্রম করিয়া ক্রমান্নতি সোপানের ক্রথকিই উচন্তেরে প্রতিষ্ঠিত। ইহাদের সংখ্যা অধিক—বর্ত্তমান মৃগে ইহারাই সাধারণ মান্নম। করেক জন্ম পূর্ব্বে—পশুত্ব হইতে অব্যাহতি লাভ করায়, সাধনার উচ্চন্তরের উপদেশ, ইহাদের নিকট অর্থহীন নহে। ইহারা নিজেদের পরম শ্রের সম্বন্ধে অজ্ঞান, কামনাবত্বে ভাম্যানান বটে, কিন্তু যে বেদ পরমতত্বে উপদেশপূর্ণ, ভাহাতে শ্রন্ধাবান, বিশ্বাসী ও ভক্তিপ্রণত। ইহাদের সম্বন্ধে বেদ কি পুনরায় কর্মাচরণের উপদেশ দিতে পারেন ? কর্মাচরণে নানাপ্রকার বিশ্ববিপত্তি আছে। ভাহাতে কর্ম্মের অযথা আচরণে শ্রেরোলাভ দূরে থাকুক, বরং অধিকত্বর অন্ধভমসে পতিত হইবার সম্ভাবনা আছে। ভাগবত বলিতেছেন:—

ন তানবিত্ন স্বার্থং ভ্রাম্যতো বৃজিনাধ্বনি। কথং যুঞ্জাৎ পুনস্তেম্ তাংস্তমো বিশতো বৃধ:॥ ভাগঃ ১১।২১।২৫

[বুধ:—অর্থ পণ্ডিত-—(পণ্ডা-উজ্জ্বল বেদজ্ঞান বাঁহার বর্ত্তমান)— অর্ধাৎ বেদ]

সেই সম্দায় অজ্ঞান, কামবেগ্নে ভ্রামামান, নিজের পরম শ্রেষ্ট ভ্রষ্ট, অথচ বেদের উপর শ্রন্ধা ও বিশ্বাস থাকা হেতু, বিনম্র পুরুষগণকে বেদ কি প্রকারে সেই সকল কর্ম্মে পুনরায় প্রবৃত্ত করিবেন? অর্থাৎ বেদসকল পরম শ্রেয়োনিদ্ধারণে সার্থকতা লাভ করেন। কর্মান্ত্রানে পরম শ্রেয়োলাভ হয় না। স্থভোগ, স্থগভোগ প্রভৃতি প্রলোভনে কামনা বৃদ্ধিই হইয়া থাকে। ফলে জন্মের পর জন্মলাভ ঘুচে না। কথনও কথনও কর্মের বৈগুণাবশতঃ নিকৃষ্টতর বৃক্ষাদি যোনিতে জন্মলাভও অসম্ভব নয় শ্রুতরাং মাতার ভ্রাম্ব হিতকারী বেদ কি এক্লপ উপদেশ দিতে পারেন?

খ) প্রবৃত্তিমার্গ যদি হেয়, ভবে বেদে ভাহার বিধান কেন ?

৪০। কিন্ত বেদের কর্মকাণ্ডে—কর্মান্ম্চানের বিধানও স্বস্পষ্ট দেওয়া আছে।
এবং কর্মাচরণে প্রবৃত্তি জন্মাইবার জন্ত ফলশ্রুতির বর্ণনাও আছে। ইহা কি
প্রকারে সঙ্গত হয় ? ইহার আলোচনা করিতে যাইয়া ভাগবত বলিতেছেন :—

ফলশ্রুতিরিয়ং নৃণাং ন শ্রেয়ো রোচনং পরং। শ্রেয়োবিবক্ষয়া প্রোক্তা যথা ভৈষদ্যারোচনং॥ ভাগঃ ১১।২১।২৩ স্বামিপাদ বলিতেছেন:—"ইয়ং ফলশ্রুডিঃ ন জোয়:—পরম পুরুষার্থপরা ন ভবভি। কিন্তু বহিষুখানাং নৃণাং মোক্ষবিবক্ষয়া অবান্তর্কলৈ: কর্মাস্থ রুচ্যুৎপাদনার্থমাত্ত্রম্। যথা ভৈষজ্যে ঔষধে রোচনং রুচ্যুৎপাদনম্।"

শান্তে যে ফলশ্রুতি কথন, তাহা পরম পুরুষার্থপর নহে। বহিম্খ মানবদেহধারী জীবগণের মোক্ষপ্রাপ্তির উপায় বর্ণনার হেতু, অবাস্তর ফলদ্বারা শান্তবিধিবদ্ধ যজ্ঞ প্রভৃতি কর্মানুষ্ঠানে রুচি উৎপাদনের জন্ম মাত্র। যেমন কঠিন রোগে আক্রাস্ত বালকের—রোগম্ভির উদ্দেশ্যে তিক্ত, তীত্র ঔষধ গলাধ-করণের জন্ম মিছরী, বাতাসা প্রভৃতি মিষ্ট্রেব্যের প্রলোভন দেখান হয়, ফলশ্রুতিও সেইরপ।

অবশ্রই কর্ম আত্যন্তিক শ্রেযোবিধানে সমর্থ নহে—ইহা ১।১।১।১ পুত্রের আলোচনায় আমরা বৃঝিয়াছি। কিন্তু কর্মাচরণ না করিয়া মানব ক্ষণমাত্রও অবস্থান করিতে সমর্থ নয় (গীতা ৩০৫)। একারণ ত্যাগ মূলক মজ্জরপ শাস্ত্র বিহিত্ত কর্মান্থচানে ক্রমশঃ চিত্তগুদ্ধি সম্পাদনের দ্বারা পরমপুরুষার্থ লাভের উপায় নির্দেশ (গীঃ ৩০১৯) বেদ করিয়াছেন। এক কথায় কর্ম দ্বারা নৈজর্মা দিছি। ইহা পূর্বের ১।১।৩৩ পুত্রে ৮৪ অনুচ্ছেদে আলোচনা করা হইয়াছে। বেদের অভিপ্রায় বৃঝিতে না পারিয়া, কর্ম মীমাংসকগণ বেদের ক্রিয়াপরত্ব প্রমাণ করিতে চেষ্টা করেন। তাঁহারা বেদের আক্ষরিক অর্থ লইয়াই আত্মন্তরিতায় অন্ধ হইয়া তর্ক উত্থাপন করিয়া থাকেন। কিন্তু প্রকৃত বেদজ্ঞ পণ্ডিতগণ তাঁহাদের তর্ক গ্রাহ্য করেন না।

- গ) কর্ম মীমাংসকগণের বেদের ক্রিয়াপরত্ব প্রতিপাদন—অজ্ঞান প্রসূত।
 - ৪১। ভাগবত বলিতেছেন:--

এবং ব্যবসিতং কেচিদবিজ্ঞায় কুবৃদ্ধয়:। ফলশ্রুতিং কুস্থমিতাং ন বেদজ্ঞা বদস্তি হি । ভাগঃ ১১৮১৮৬

কোনও কোনও ক্বৃদ্ধি লোক (কর্ম মীমাংসকগণ) বেদের প্রকৃত আভপ্রায় ব্ঝিতে না পারিয়া—অবাস্তর ফল প্ররোচন হেতু রমণীয় ফল শ্রুতিকেই পরম ফলশ্রুতি বলিয়া থাকেন। কিন্তু ব্যাসাদি প্রকৃত বেদ্প্র শ্বৃষ্ণিণ সেরূপ বলেন না। ভাগঃ ১১।২১।২৬

উপরের শ্লোকে "কুবুদ্ধয়া" বলিয়া যাহাদিগের প্রতি ইঞ্লিড করা হইল, ভাহাদের সম্বন্ধে ভাগবত বলিতেছেন :—

> কামিনঃ কুপ্ণা লুকাঃ পুম্পেষ্ ফলবৃদ্ধয়: ' অপ্লিমুগ্ধা ধূমতান্তাঃ স্বং লোকং ন বিদন্তি তে ॥ ভাগঃ ১১।২১।২৭

এই সকল কুবৃদ্ধি ব্যক্তি—কাম প্রবণ, সে কারণ রুপণ—সেই হেতু লুন্ধ—
তৃষ্ণাকুল হওয়ায় অবান্তর ক্ষুদ্র ফলকেই পরম ফল মনে করিয়া থাকেন। এবং
এই অবান্তর ফল লাভের জন্ম অগ্নি—সাধ্য কর্ম্মে লুগু বিবেক হইয়া ধ্মমার্গেই
তাহাদের গতি পরিণতি প্রাপ্ত হয়। ইহারা স্বকীয় আত্মায় পরিপূর্ণভাবে
অবস্থিত পরমলোকের সন্ধান পায় না। ভাগঃ ১১২১২৭

৪২। উপরে উদ্ধৃত ভাগবতের ১১।২১।২৭ শ্লোকে যে "বং লোকং" বলা হইল, উহার ব্দ্ধপ কি? উহা কি ভৃ:-ভূব:-ম্ব: প্রভৃতি লোকের ন্তায় কর্মলভা? ইহা স্পষ্টভাবে বুঝাইবার জন্ম ভাগবত বলিতেছেন:—

ন তে মামঙ্গ জানন্তি হাদিস্থং য ইদং যতঃ। উক্থশস্ত্রা হাস্তৃত্পো যথা নীহারচক্ষুষঃ॥ ভাগঃ ১১।২১।২৮

ভগবান্ উদ্ধবকে সম্বোধন করিয়া বলিতেছেন, "হে প্রিয়। যে ব্যাক্তর চক্ষ্ নীহারে আবৃত, সে যেমন স্থ্য দেখিতে পায় না, সেইরপ যে সকল ব্যাক্ত যজ্ঞাদি কর্ম্মে পশুহিংসা সাধন করিয়া—উদর পূরণ ও প্রাণতর্পণ পরায়ণ হন, তাঁহারা সকলের হৃদয়ে অবস্থিত আমার দর্শনলাভ করিতে পারেন না। এই সকলের হৃদয়স্থ আমা হইতেই এই জগৎ উৎপন্ন এবং ইহা আমা ব্যাতিরিক্ত নহে।

ঘ) ভগবানে সমন্বয় সাধনই বেদের প্রকৃত অভিপ্রায়।

৪৩। জগৎ যথন ভগবান্ হইতে ব্যতিরিক্ত নহে, তথন পরম লোক বা স্বকীয় লোক যে ভগবান্ হইতে পৃথক্ কিছু নহে, ইহা কি আর বলিতে হইবে? ভিনি ও তাঁহার লোক অভিন্ন। তাঁহাকে জানিলে, তাঁহার লোকও যতকিছু দব জানা হইয়া যায়। ইহাই এক বিজ্ঞানে সর্ব্ধবিজ্ঞান। এক।রখ বেদ সকলের প্রকৃত অভিপ্রায়—ভগবতত্ত্বের জ্ঞানলাভের উপায় নির্দ্দেশেই পর্যাবদিত। এই উপায় নির্দ্দেশ নানা প্রকারে ত্রিকাণ্ডাত্মক বেদের ব্রন্ধকাণ্ডে করা হইয়াছে। কর্মকাণ্ড ও দেবতাকাণ্ড নিমাধিকারিদিগকে উচ্চাধিকার প্রাপ্তির উপযুক্ত করিবার উপদেশে সার্যক্তা লাভ করে। ঐ ডপদেশ সকল যে বাস্কা বা ভগবানে ভাৎপর্য লাভ করে, ইহা ভাগবত নানা প্রকারে বুঝাইয়াছেন। দৃষ্টাস্ত স্বরূপ ভাগবতের দিতীয় স্কন্ধে পুরুষ স্বক্তের ব্যাখ্যানে নারদের নিকট ব্রহ্মার উক্তি উল্লেখ করি। ব্রহ্মা নারদকে বলিতেছেন :—

> অহং ভবান্ ভবশ্চিব ত ইমে মুনয়োহগ্রজাঃ স্থ্যাস্থ্যনরাঃ নাগাঃ খগা মৃগসরীস্পাঃ॥ ভাগঃ ২।৬'১৩

সর্ববং পুরুষ এবেদং ভূতং ভব্যং ভবচ্চয়ৎ ॥ ভাগঃ ২।৬।১৫

আমি, তুমি, শিব, তোমার অগ্রজ এই সনকাদি মৃনিগণ, স্থর, অস্থর, নাগ, পক্ষী, মৃগ, সরীস্থপ, অধিক কি এক কথায় বর্ত্তমান, ভূত, ভবিশ্রৎ—যত কিছু সব পুরুষই ॥ ভাগঃ ২।৬।১৩-১৫

বেদে কর্মকাণ্ড, দেবতাকাণ্ড ও ব্রহ্মকাণ্ড পৃথক পৃথক ভাবে প্রকটিত হইয়াছে বটে, কিন্তু পার্থক্য বিন্দুমাত্রই নাই। চতুর্বেদ, তাহাদিগের কর্মকাণ্ড ও তাহাতে উক্ত যজ্ঞ, মন্ত্র, দক্ষিণা, যজ্ঞ-সম্ভার, প্রায়শ্চিত্ত, দেবতা—সমুদ্রিই ব্রহ্ম। উহারা সকলে ব্যষ্টি ও সমষ্টিভাবে, আপনাদিগকে ব্রহ্মের অবয়ব স্বরূপ প্রতিপাদন করিয়া ক্কতার্থতা লাভ করে। ইহা যে কেবল কথার কথা, তাহা নহে। ইহা আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা—ব্রহ্মা বলিতেছেন:—

যুদাহস্ত নাভারিলিনাদহমাসং মহাত্মন:।
নাবিদং যজ্ঞসন্তারান্ পুরুষাবয়বানৃতে ॥ ভাগঃ ২।৬।২২
তেমু যজ্ঞস পশবঃ সবনস্পতয়ঃ কুশাঃ।
ইদঞ্চ দেবযজনং কালশ্চোরুগুণান্বিতঃ॥ ভাগঃ ১।৬।২৩
বংপ্তক্রোষধয়ঃ স্নেহা রসলোহমূদো জলম্।
ঝাটো যজ্গ্রি সামানি চাত্রহোত্রফ্ষ সন্তম॥ ভাগঃ ২।৬২৪
নাম ধেয়ানি মন্ত্রাশ্চ, দক্ষিণাশ্চ ব্রতানি চ।
দেবতান্তক্রমঃ কল্পঃ সংক্রপ্তস্ত্রমেব চ।। ভাগঃ ২।৬।২৫
গতয়োমতয়শ্চিব প্রায়শ্চিতঃ সমর্পণম্।

পুরুষাবয়বৈরেতে সম্ভারা: সম্ভ_ুতা ময়া।। ভাগ: ২।৬।২৬ ব্রহ্মা বলিতেছেন:—আমি যখন পুরুষের নাভিপদ্মে অধিষ্ঠিত ছিলাম, তখন পুরুষের অবয়ব ভিন্ন যজ্ঞ সম্ভার না দেখিরা, তাঁহার অবয়ব হইতেই যজ্ঞের পশু, বনস্পতিসকল, কুশ, যজ্ঞের স্থান, যজ্ঞের—উপযোগী কাল, বস্তুসকল, ওমধি সকল, শ্বভাদি স্বেহপদাথ, ছগ্ধাদি রদ, স্বর্ণাদি ধাতৃ, মৃত্তিকা, জ্বল, ঝক্, যজু, সাম, চাতৃহ্বোত্র, নাম, মন্ত্র, দক্ষিণা, ব্রভ, দেবভান্তক্রম, কল্প, সংকল্প, তন্ত্র, গভি, মভি, প্রারশ্চিত্ত, সমর্পণ ইভ্যাদি যত কিছু যজ্ঞান্মন্তানোপযোগী সম্ভার সংগ্রহ করিয়াছিলাম। ভাগবত ২।৬।২২-২৬

এইরপে পুরুষের—অবয়ব হইতে যজ্ঞদন্তার—অর্ধাৎ যজ্ঞামূর্চানের প্রয়োজনীয় যত কিছু সংগ্রহ করিয়া, তদ্ধারা ব্রহ্মা দেই যজ্ঞরূপী পুরুষের অর্থাৎ ব্রন্ধেরই যজন করিয়াছিলেন। ভাগঃ ২।৬।২৭

ইতি সন্ত**ৃতসন্তারঃ পুরুষাবয়বৈরহম্।**তমেব পুরুষং যজ্ঞা তেনৈবাযজমীশ্বরম্ ॥ ভাগঃ ২।৬:২৭

স্থান স্পষ্ট বৃঝিতে পারা গেল যে, বেদ—তাহার কর্মকাও ও দেবতাকাও এক ব্রহ্ম বা ভগবানেরই বহুত্বাভিব্যক্তি মাত্র। তাঁহার অমোঘ ইচ্ছা হইতে প্রকটিত। ভেদবৃদ্ধি আমাদের অজ্ঞতার পরিচায়ক মাত্র।

৪৪। উপরে কয়েকটি শ্লোকে ব্রহ্মা যাহা বলিলেন, ভগবান্ গীতায় একটি শ্লোকেই ইহাই শ্রেষ্ঠ স্তরের উপাসনা, তাহা বুঝাইলেন।

> ব্ৰহ্মাৰ্পণং ব্ৰহ্মহবিঃ ব্ৰহ্মাগ্নো ব্ৰহ্মণাহতম্। ব্ৰক্ষিব তেন গন্তব্যং ব্ৰহ্মকৰ্ম্মদমাধিনা॥ গীঃ ৪।২৮

অর্পণ (কাষ্ঠ নির্দ্মিত হস্তাকার পাত্রাদি—ক্রবাদ—চামচ)—ব্রহ্মই, হবিঃ (স্থত, পুরোদাশ, চক্র প্রভৃতি) ব্রহ্মই, যাহাতে অর্পণ করা যায় সেই অগ্নি—ব্রহ্মই। যিনি অর্পণ করেন, সেই যজমান বা হোতা—ব্রহ্মই, হতং—হোম অর্পাৎ অগ্নি, ক্রিয়া ও কর্তা ব্রহ্মই। এইরপ সর্বাত্মক ব্রহ্মরপ কর্মেতে একাগ্রচিত্ত ব্যক্তি ব্রহ্মকেই প্রাপ্ত হইয়া থাকেন। গীঃ ৪।২৪

এই ল্লোকে ভগবান্ কর্মকাণ্ডের প্রত্যেক ক্রিয়া বা যজ্ঞের অন্ত্র্চানের ও যজ্ঞ সম্ভারাদির—গৃঢ়-রহস্থ প্রকাশ করিলেন। দৃশুতঃ বিভেদের মধ্যে যে পরম একড অমৃত্যত, ইহা বুঝাইলেন। এ প্রকার—একড্জানে অমুপ্রাণিত ভগবদারাধিনারপ কর্মে যে বন্ধন শক্তি নাই, তাহা বুঝা গেল' প্রবৃত্তি মার্গের বিধানে অমুষ্টিত কর্ম্ম কি প্রকারে নিবৃত্তিমার্গে সর্ব্বোচন্ডেরের আরাধনায় পর্যাবসিত হইতে পারে, তাহা ভগবান্ সরলভাবে বুঝাইলেন। কর্মকাণ্ডে কর্ম্মান্ট্রানের াবধানের ইহাই বেদের গৃঢ় ও প্রকৃত অভিপ্রায়। উক্ত ক্লোকে উপদিষ্ট মনোভাব লইরা পরমেশবেরে আরাধনার লক্ষ্যে কর্ম্ম সম্পাদন করিলে উহার বন্ধন-শক্তি ত

থাকেই না, বরং প্রমান:শ্রেয়স্ প্রাপ্তির হেতৃ হইয়া থাকে। উদ্ধৃত শ্লোকের অব্যবহিত পূর্ব্ব-শ্লোকেই ভগবান্ বলিতেছেন:—

যজ্ঞায়াচরতঃ কর্ম্ম সমগ্রং প্রবিলীয়তে।। গীঃ ৪।২৩

যজ্ঞায়াচরতঃ অর্থাৎ পরনেশ্বরারাধনার্থ কর্ম-সমগ্রভাবে অর্থাৎ উক্ত কর্ম ও তাহার সহিত কর্ম্মের সংস্কার পর্যান্ত বিলুপ্ত হয়। গীঃ ৪।২৩

ইহাকেই ভগবান্ গীতায় ২।৫০ শ্লোকে "যোগকর্মান্ত কৌশলম্" বলিয়া উলেথ করিয়াছেন। শ্রীধর স্বামিণাদ উহার ব্যাখ্যায় বলিতেছেন:—"অতঃ কর্মন্ত কৌশলম্— যৎ বন্ধ কানামপি-তেষাং ঈশ্বরারাধনেন মোক্ষপরত্বসম্পাদনচাত্র্যাং দ এব যোগঃ"—অর্থাৎ কর্মদকল দাধারণতঃ সংদার বন্ধন সংঘটক। উহাদের—বন্ধকত্ব নাশ করিবার—কৌশল হইতেছে—ঈশ্বরারাধনা দৃষ্টিতে কর্ম্ম সম্পাদন—তাহা হইলে উক্ত কর্ম—বন্ধক না হইয়া বন্ধন হইতে মৃক্তিদান করিয়া থাকে। ইহাই কর্ম্ম সম্পাদনের চাতুর্য্য। ভগবান্ বেদের কর্মকাণ্ডের কর্মান্তন্তানের বিধানের গৃঢ়, প্রকৃত ও অতিশয় কল্যাণকর অভিপ্রায় ব্যক্ত করিলেন। এ অভিপ্রায়ের সহিত বেদের বন্ধকাণ্ডের কোনও বিবাদ নাই। কি কর্ম্মকাণ্ড, কি দেবতাকাণ্ড, কি বন্ধকাণ্ড, সকলেই তুল্যভাবে অবিরোধে প্রতিপাদন করে, যে সমৃদায়ের সমন্বয় ব্রেক্ষে বা প্রমতত্বে বা ভগবানে।

- ও) বেদের প্রকৃত, গৃঢ় অভিপ্রায় অবধারণে অসমর্থ নিম্নাধিকারিগণের জন্য কর্মকাণ্ডের ও যজ্ঞে পশু বধের বিধান।
- 8€। কিন্তু ক্রমবিবর্ত্তণের বিধানে, যে সম্দায় জী ব্লবেমাত্র মানবত্ব লাভ করিয়াছে, তাহারা মানবদেহধরী হইলেও মানবত্বের ক্রমোন্নতি সোপানের অতি নিম্নস্তরে অবস্থিত। "আহারনিদ্রাভয়মৈথ্নঞ্চ" উহাদের একমাত্র আকাজ্জার—দ্রব্য। প্রবৃত্তি মার্গের—নিম্নতম স্থানেই উহাদের দৈনন্দিন জীবন-ক্রিয়া সম্পাদিত হইয়া থাকে। নিবৃত্তি মার্গের উপাদেয়তা ও তাহার জন্য উপদেশ তাহাদের কাছে অর্থহীন। বেদ কিন্তু সকলেরই হিতকামী। উহারা নিম্নতম স্তরে অবস্থিত বলিয়া, বেদ উহাদিগকে পরিত্যাগ করিতে পারেন না। তাহারা যাহাতে নিজের নিজের প্রবৃত্তি মার্গের ভিতর দিয়া ক্রমশঃ কল্যাণের পথে অগ্রসর হইতে পারে, এজন্য যজ্ঞান্থল্ঠানের বাবস্থা ও যজ্ঞে মেধ্য পশুবধের বিধান প্রদত্ত হইয়াছে। এ প্রকার বিধান না দিলে উদ্দামভাবে যথেচ্ছ পশুবধ নিবারণ সম্ভব হইত না।

ভাগবত বলিভেছেন:-

তে মে মতমবিজ্ঞায় পরোক্ষং বিষয়াত্মকাঃ। হিংসায়াং যদি রাগঃ স্থাদ্যজ্ঞ এব ন চোদনাঃ॥ ১১।২১।২৯

আমার যে গৃঢ় অভিপ্রায় বেদে অন্তনির্হিত আছে, বিষয় ভোগ লোলুপ ব্যক্তিগণ তাহা বুঝিতে না পারিয়া ভেদজ্ঞানে নানা দেবতার অর্চনা করিয়া থাকে। তাহাদের পশুহিংসায় ও পশুমাংসভক্ষণে অনুরাগ থাকা হেতু যজ্ঞে অনুকল্পভাবে পশুহিংসার বিধান পরিসংখ্যাভাবে দেওয়া হইয়াছে মাত্র, বিধিভাবে নহে।

হিংসাবিহারা হালকৈঃপশুভিঃ স্বস্থ্যুত্তয়া। যজ্ঞতে দেবতা যজৈঃ পিতৃণ্ ভূতপতীন্ ধলাঃ ॥ ভাগঃ ১১।২১।৩০

সেই হিংসা ক্রীড়ারত খল লোকেরা আপনাদের স্থথ কামনায় যজ্ঞে বলিরপে দত্ত পশুমাংস দ্বারা দেবতা, পিতৃ ও ভূতগণের অর্চ্চনা করে। ১১।২১।৩০

উদ্ধৃত শ্লোকে ''হিংসাবিহারা" "থলাঃ" ও "স্বস্থথেচ্ছয়া"—এই তিনটি পাদ উক্ত যজনকারী ব্যক্তিদিগের—ক্রুরতা, অন্তুদারতা ও ইহণরদোকে আপাতঃ মনোরম স্থালোলুপতা, নির্দ্দেশ করিতেছে। পশু হিংদায় তাহাদের আনন্দ, বেদে অন্ত্রকল্পভাবে পশুহিংসার বিধান থাকায়, উহারা সেই বিধানের বলে, নিজেদের হিংসা প্রবণতা চরিতার্থ করে। দৃশুতঃ দেবতোদেশ্রে পশুবধ উক্ত বিধানান্মসারে হইলেও, কার্য্যতঃ শভ্যাংসে নিজেদের উদরপুত্তি করিয়া খলতার পরিচয় স্থল হয়। ঐ প্রকারে উদর-পূরণে ইহ জীবনে ক্ষণিক স্থব ও পরলোকে দেব-পিতৃ প্রভৃতি লোকে নশ্বর স্থ্য ভোগের আফাজ্ফার পারচালিত হুইয়া জীবন যাপন করিয়া থাকে। ইহারা ব্ঝিতে পারে না যে, স্বর্গস্থ চিরস্থামী নহে। ইহার ধ্বংসে পুনরায় জন্ম-মৃত্যু প্রবাহে উন্মজ্জিত-নিমজ্জিত হইতে হইবে। কিন্তু তাহা হইলেও বেদের বিধানমত যজ্ঞামুষ্ঠান করিতে করিতে ক্রমশঃ চিত্তত্ত্বি সম্পাদিত হইয়া, কর্মাচরণে বিতৃষ্ণা জিরায়া, উক্ত যজমানকে নিঃশ্রেরসের পথে অগ্রসর হইতে সাহাষ্য করিবে। নিম্ন অধিকার হেতু, এই गकन वार्क्ति कनाराव क्यारे बङ्गापित वायश्वा व्यक्ति विहिख हरेशाहि। হয়ারোগ্য রোগে আক্রান্ত প্রিয় পুজের জীবনরক্ষার কর্ত পিভাষাভাইবেমন ভিক্ত উষ্ণ দেখনের বাবস্থা করেন এবং উহা 'সেবন করিবার প্রবৃত্তি জন্মাইবার জন্ত কটিকর মিছরী, বাতান। প্রতৃতি মিষ্ট ব্রেরে প্রলোভন দেখান, মাভার স্থার. হিতকারিণী শ্রুতিও সেই প্রকার পদ্ধতি অবলম্বন করিয়াছেন, ইহার আলোচনা আগে করিয়াছি!

৪৬। কর্মকাণ্ডোক্ত বিধানামুদারে কর্মাচরণ করিলে, কি ফললাভ হয় এবং তাহা যে নশ্বর, দে সম্বন্ধে ভাগবত বলিভেছেন :—

ইষ্টেবৃহ দেবতা যজ্ঞৈ: স্বৰ্লোকং যাতি যাজ্ঞিকঃ। ভূঞ্জীত দেববং তত্ৰ ভোগান্ দিব্যান্ নিন্ধাড্জি তান্॥ ভাগঃ ১১।১০:২২

তাবং প্রমোদতে স্বর্গে যাবং পুণ্যং সমাপ্যতে। ক্ষীণপুণ্যঃ পততার্ব্বাগনিচ্ছন্ কালচালিতঃ॥ ভাগঃ ১১!১০।২৫

যাজ্ঞিক ব্যক্তিগণ ইহলোকে যজ্ঞাদির অনুষ্ঠান দ্বারা ইন্দ্রাদি দেবতার যজন করিয়া স্বর্গলোকে গমন করেন এবং তথায়—নিজোপার্জ্জিত দেবভোগ্য বিষয় সকল দেবতাগণের স্থায় ভোগ করেন। ভাগঃ ১১।১০।২২

মর্ত্তাধামে যজ্ঞান্মষ্ঠান হেতৃ অর্জ্জিত পুণ্য যতদিন না ক্ষয় হয়, ততকাল স্বর্গে স্থতভাগ করেন, পরে পুণাক্ষয় হইলে, ভগবানের ক্রিয়াশক্তিরূপ কালের দ্বারা পরিচালিত হইয়া, অনিচ্ছা সত্ত্বেও নাগা হইয়া অধ্যেমুখে—মর্ত্তাধামে পুনরায় পতিত হন। ভাগঃ ১১১১০।২৫

ভগবান্ গীতায়ও এই এক কথাই বলিয়াছেন :—

ত্ত্বৈবিত্যা মাং সোমপাঃ পৃতপাপা যক্তৈরিষ্ট্রা স্বর্গতিং প্রার্থয়ন্তে। তে পুণ্যমাসাত স্থরেজ্রলোকমশ্বতি দিব্যান্ দিবি দেবভোগান্।। গীঃ ৯।২০

তে তং ভুক্তা স্বৰ্গলোকং বিশালং ক্ষীনে পুণ্যে মৰ্ত্ত্যলোকং বিশস্তি। এবং ত্ৰয়ীধৰ্ম্মমনুপ্ৰপন্মা গতাগতং কামকামা লভন্তে॥ গীঃ ৯।২১

কর্মকাণ্ডোক্ত ক্রিয়ান্মচান পরায়ণ, যজ্ঞান্তে সোমপায়িগণ পরাক্ষভাবে ভেদ বৃদ্ধিতে) আমাকে যজন করত: নিষ্পাপ হইয়া—স্বর্গলাভ প্রার্থনা করেন। তদক্ষপারে, তাঁহাদের—পুণা কর্মের ফলস্বরূপ, ইন্দ্রলোক-প্রাপ্ত হইয়া তথায় দিবা দেবভোগ সকল উপভোগ করিয়া থাকেন। তাহার পর তাঁহাদের-বিশাল স্বর্গলোকে স্বর্থভোগ ধারা পুণাক্ষয় হইলে, তাঁহারা—পুনরায় মর্ত্তালোকে আসিতে

বাধ্য হন। সেথানে পুনরায় কর্ম-কাণ্ডোক্ত কর্মের অনুষ্ঠান করিয়া, ভোগের কামনা প্রবল থাকা হেতু, সংসারে তাঁহারা যাতায়াত করিতে বাধ্য হন।

गीः गर०-२३

বলা বাহুল্য যে, এইরূপ কর্মান্মগান কারিগণ বেদের প্রকৃত অভিপ্রায় বৃঝিতে না পারিয়া কর্ম-কাণ্ডোক্ত আক্ষরিক বিধান পালন করেন মাত্র। উপরে ভাগবত ৪১ অন্তচ্চেদে উদ্ধৃত ১১।২১।২৬ শ্লোকে এই সকল ব্যক্তির নিন্দা করিছিন।

কিন্ত নিন্দা করিলেই ত কর্ত্তব্য সমাধা হয় না। প্রতিকারের উপায় নির্দ্দেশও প্রয়োজন। ভগবান্ গীতায় ৪।২৩ শ্লোকে এই উপায় নির্দ্দেশ করিয়াছেন এবং ২।৫০ শ্লোকে কর্মান্ম্নষ্ঠানের কোশল বিবৃত করিয়াছেন। ইহা উপরে ৪৪ অন্তচ্ছেদে সংক্ষেপে আলোচিত হইয়াছে।

৪৭। জগতে স্থূলতঃ আমরা ছুই প্রকার নৈসর্গিক প্রক্রিয়ার সহিত পরিচিত, একটি গঠন-মূলক ও অপরটি ধ্বংসমূলক। আমাদের শরীরের ষড় বিকারের মধ্যে—জন্ম-স্থিতি ও বৃদ্ধি—গঠনমূলক প্রক্রিয়ার দ্বারা সম্পাদিত হয় এবং অপর তিনটি, পরিণাম—অপক্ষয় ও নাশ—ধ্বংসমূলক প্রক্রিরার ক্রমপরিণতি। ক্রমবিবর্ত্তন ও ক্রমোন্নতি—গঠনযূলক প্রক্রিয়ার দ্বারা সংসাধিত হয়, ইহা সহজেই বুঝা যায়। একখণ্ড প্রস্তর হইতে মানবন্ধ প্রাপ্তি পর্য্যন্ত-ক্রমবিবর্ত্তন ও ক্রমোন্নতি, ভগবদ্বিধানে, নৈস্গিক উপায়ে সম্পাদিত হইয়া থাকে। বিবর্ত্তিত ও উন্নতিপ্রাপ্ত জীবের কোনও চেষ্টার অপেকা নাই। কিন্ত মানবত্বপ্রাপ্তি হইতে ক্রমোন্নতি লাভের নিমিত্ব নৈদর্গিক বিধানের সঙ্গে সঙ্গে মানবীয় প্রচেষ্টার কারণ, মানবত্বপ্রাপ্ত •জীবের—স্বাধীনভাবে ইচ্ছাশক্তি পরিচালনের অধিকার মানুষ ভগবদ্বিধানেই লাভ করে। এই কারণেই-মানবত্ব লাভে, জীব ক্রমোরভির বিশিষ্ট সোপানে প্রভিষ্টিত হয় বলা হইয়া থাকে, এই কারণেই—মানবের উন্নতির সম্ভাবনা অনস্ত-এমন কি, ব্রহ্মত্ব লাভ পর্যস্ত। এই কারণেই—দেবতাগণও মানবত্ব লাভের আকাজ্ঞা করিয়া থাকেন—(ভাগঃ ১১।২০।১২—১।১।৩।৩ স্ত্ত্রের আলোচনায় ৭৮ অনুচ্ছেদে উদ্ধৃত)। স্তরাং মানবের উন্নতিলাভ বেমন নিজের হাতে, অবনতিও দেইরপ নিজের হাতে। ইহা ভাগবত স্থম্পষ্টভাবে বলিতেছেন :--

ইষ্ট্রেহ দেবতা যজ্ঞৈ: র্গত্বারংস্থামহে দিবি। তস্তান্ত ইহ ভূয়াম্ম মহাশালা মহাকুলাঃ । ভাগঃ ১১।২১।৩৩ এবং পুষ্পিতয় বাচা ব্যাক্ষিপ্তমন্সাং নূণাম্। মানিনাঞাতিল্রানাং মদ্ বার্ত্তাপি ন রোচতে॥ ভাগঃ ১১।২১।৩৪

যজ্ঞদারা ইহলোকে দেবতাগণের যজন করিয়া—স্বর্গে অপ্সরাগণের সহিত স্থাভোগ করিব, ইহা তাহারা মনে করে। কিন্তু কর্মফল শেষে—পুনরায় স্বর্গ হইতে বিভ্রন্থ হইয়া এই সকল মহাবংশ ও মহাগৃহস্বেরা মর্ত্যধামে আবর্ত্তিত হয়। ভাগঃ ১১।২১।৩৩

উক্ত প্রকার রমণীয় ফলশ্রুতি বাক্যে—বিমোহিত অথচ অভিমানীল্র লোকদিগের—ভগবানের প্রদঙ্গে রুচি হয় না। ভাগঃ ১১/২১/৩৪

এই সম্দায় ব্যক্তি বেদের কর্মকাণ্ডে যজ্ঞানুষ্ঠানে প্রকৃত অভিপ্রায় ব্রিতে না পারিয়া, শুধু পরলোকে স্বর্গপ্রাপ্তি হইবে, এই আশায় প্রল্ক হইয়া যজ্ঞানুষ্ঠান করিয়া থাকে। তাহারা—বেদে অভিপ্রেত পরম ফল প্রাপ্ত হয় না। তবে—লোভ ও ভ্রমবশতঃ প্রকৃত অর্থ না ব্রিয়া কর্মকাণ্ডের বিধানমত যজ্ঞানুষ্ঠান করার ফলে, স্বর্গে ভোগপ্রাপ্ত হয় ও ফলশেষে প্নরায় মর্ত্তাধামে ফিরিয়া আসিয়া সদ্বংশে ও শ্রীমান্ গৃহস্থের গৃহে জন্মগ্রহণ করে। ভগবদ্ প্রসঙ্গ তাহাদের নিকট অর্থহীন। এই প্রকার গতাগতি তাহারা জন্মের পর জন্ম লাভ করিয়া থাকে। ইহা তাহাদের আত্মকৃত ব্রধা গেল।

৪৮। অন্ত পক্ষে যাহারা কামনা পরিত্যাগ করিয়া কর্মকাণ্ডোক্ত যজ্ঞানুষ্ঠান করেন, তাহাদের কথা বলিতেছেন:—

স্বধর্মস্থো যজন যজ্জৈরনাশীঃ কাম উদ্ধব।
ন যাতি স্বর্গনরকৌ যজ্জন সমাচরেং ॥ ভাগঃ ১১।২০।১০
অস্মিল্লোঁকে বর্তমানঃ স্বধর্মস্থোহনঘঃ শুচিঃ।
জ্ঞানং বিশুদ্ধমাপ্নোতি মদ্ভক্তিং বা যদৃচ্ছয়া॥ ভাগঃ ১১ ২০।১১

হে উদ্ধব! স্বধর্মে থাকিয়া কামনা পরিত্যাগ পূর্ব্বক যে ব্যক্তি যজ্ঞাদি যাজন করেন ভিনি যদি নিষিদ্ধ কর্ম না করেন, তবে স্বর্গে বা নরকে গমন করেন না। [কারণ নরকগমন—রিহিভের অনাচরণ ও নিষিদ্ধের আচরণ এই হুই হেতুতে হইয়া থাকে। স্বধর্মে—যজ্ঞাম্প্রান নিমিত্ত ও নিষিদ্ধ বর্জননিমিত্ত নরকগম হয় না। আর ফল কামনা না থাকায় স্বর্গেও গমন হয় না।] ভাগঃ ১১।২০।১০

তবে কি হয় ?-- সেই নিষিদ্ধ কৰ্মত্যাণী, ভদচিত, খধৰ্মাহ্নচানকারী

ব্যক্তি ইহলোকে বর্ত্তমান থাকিয়াই, বিশুদ্ধ জ্ঞান যোগ প্রাপ্ত হয়েন বা ভাগ্যবশত: ভগবদ ভক্তিযোগ লাভ করেন। ভাগঃ ১১।২০।১১

অতএব স্পষ্ট বুঝা গেল যে, নিজের উন্নতি লাভ সম্পূর্ণভাবে নিজের হাতে। মানবত্বলাভ হেতু, ভগবান্, মানবদেহধারিদিগের স্বাধীন ইচ্ছা পরিচালনে হস্তক্ষেপ করেন না। তাহা হইলেও, মানবত্ব প্রাপ্তির পর উন্নতির অভিমূথে অগ্রসরণ সাময়িক ভাবে প্রতিহত হইলেও, উহার গতি অবক্ষর হয় না।

৪৯। ভাগবত বলিতেছেন যে, মানবেতর জীবে—বৃদ্ধি—ইন্দ্রিয়—মনঃ—
প্রাণ—আছে বটে, কিন্তু মানবদেহে উহারা স্থাত ও পরিমাণগত বিশেষের
সহিত এরপ ভাবে সংযোজিত, যে মানবের নিজের দোষে জন্ম মৃত্যু প্রবাহে
উথিত-পতিত হইতে হইলেও, অল্লদিনে হউক বা বহুদিনে হউক, পরম গতি
লাভ বা মোক্ষ প্রাপ্তি হইবেই হইবে। ইহা ভগবানের অপার করুণার
পরিচায়ক। শ্লোকটি এই:—

বৃদ্ধী ক্রিয়-মনঃ-প্রাণান্ জনানামস্জৎ বিভূঃ। মাত্রার্থঞ্চ ভবার্থঞ্চ আত্মনেহকল্পনায় চ।। ভাগঃ ১০৮৭।২

শ্লোকটি ও তাহার অর্থ ১।১।২।২ স্থত্তের আলোচনায় ৩২ অন্থচ্ছেদে দেওয়া কুইয়াছে।

মানব বৃদ্ধিমান জীব। তাহার—স্বতন্ত্র ইচ্ছাশক্তি পরিচালনার অধিকার ও ভগবান্ প্রদান করিয়াছেন। স্বতরাং মানবের কর্ত্তব্য বেদের অভিপ্রায় ব্রঝিয়া—কর্মাচরণ করা। এ সম্বন্ধে আলোচনা ১০০০ স্ত্রের ৮০ ও ৮৪ অস্চেছেদে আগেই করা হইয়াছে। তাহা হইতে আমরা বৃঝিয়াছি যে, কর্মকাণ্ডের কর্মের বিধান নৈন্ধর্ম্যদিদ্ধির জন্ত। এ সম্বন্ধে উক্ত অস্চচ্ছেদে উদ্ধৃত ভাগবতের ১০০৪৫ ও ১০০৪৭ শ্লোকে দৃষ্টি আকর্ষণ করি। এথানে আর বিস্তারের প্রয়োজন নাই।

চ) বেদের—প্রকৃত অভিপ্রায় কি ?

৫০। বেদের—কর্মকাও ও দেবতাকাও বে, একমাত্র ব্রেম্ব বা ভগবানে
পর্যাবসান ভাহা বুঝিলাম। ব্রহ্মকাও বা উপনিষৎ—যে সম্পূর্ণ ব্রহ্মপর—তাহা
বলিবার প্রয়োজন কি? উপনিষৎ আলোচনায় যে সম্দায় সন্দেহ মনে উদয়
হইতে পারে, ভগবান্ ব্রহ্মস্ত্রকার—সে সম্দায় উত্থাপন করিয়া, বিস্তারিত
ভারে বিচারপূর্বক মীমাংসা বা সমন্বয় সাধন করায়, ব্রহ্মস্ত্রের অপর নাম

মীমাংসাদর্শন। স্থতরাং ব্রহ্মকাও সম্বন্ধে আমার—অপটু আলোচনার প্রয়োজন নাই।

৫১। কর্মকাণ্ড, দেবতাকাণ্ড ও ব্রহ্মকাণ্ড—পৃথক্ পৃথক্ ভাবে বেদে পরিদৃষ্ট হইলেণ্ড, উহাদের প্রত্যেকের গৃঢ় অভিপ্রায় ভিন্ন নহে। ভাগবভ ইহা অতি স্থন্দর ভাবে নিম্নোদ্ধত কয়েকটি শ্লোকে সংক্ষেপে বিবৃত করিয়াছেন।

কিং বিধত্তে কিমাচন্তে কিমনূত বিকল্পয়েৎ।

ইতাস্তা হৃদয়ং লোকে নাস্তো মদ্বেদ কশ্চনঃ॥ ভাগঃ ১১/২১/৪০
মাং বিধত্তেহভিধত্তে মাং বিকল্প্যাপোহ্যতে ত্বহম্॥ ভাগঃ ১১/২১/৪১
এতাবান্ সর্ববেদার্থঃ শব্দমাস্থায় মাং ভিদাম্।
মায়া মাত্রমনূতান্তে প্রতিষিধ্য প্রদীদ্তি॥ ভাগঃ ১১/২১/৪২

বেদে কর্মকাণ্ডে—বিধিবাক্যে—কি বিধান করে, দেবতাকাণ্ডে মন্ত্রবাক্যে কি প্রকাশ করে, এবং ব্রহ্মকাণ্ডে বা জ্ঞানকাণ্ডে কাহাকে আশ্রম্ম করিয়া তর্ক-বিতর্ক করে—এইরূপ ইহার তাৎপর্য্য—আমি ভিন্ন (ভগবান্ ভিন্ন) কেহই জানে না। কর্মকাণ্ডে যজ্জরপে আমাকেই (ভগবান্কেই) বিধান করে। দেবতাকাণ্ডে ভিন্ন ভিন্ন দেবতার নামে—আমাকেই ব্যক্ত করে এবং ব্রহ্ম বা জ্ঞানকাণ্ডে আমাকেই আশ্রম্ম করিয়া তর্ক বিতর্ক করে। ভাগঃ ১১২১।৪০-৪১।

১১৷২১৷৪২ শ্লোকে সকল বেদের—তাৎপর্য্য সংক্ষেপে বলিতেছেন :—

শ্রীধর স্বামি-পাদের ব্যাখ্যা:—"সর্ব্ধ-বেদার্থং সংক্ষেপতঃ কথয়তি। এভাবানেব সর্ব্বেষাং বেদানামর্থঃ। শব্দো বেদ মাং পরমার্থর্রপম্ আশ্রিত্য, ভিদাং মায়ামাত্রমিতি অনৃত্য, "নেহ নানান্তি কিঞ্ন" ইতি প্রতিষিধ্য প্রসীদতি— নির্ত্তব্যাপারো ভবতি। অয়ং ভাবঃ যথা হি অঙ্কুরে যো রসঃ স এব তদ্-বিস্তারভূত-নানা-কাণ্ডশাখাস্বপি, তথাহি প্রণবস্ত্য যোহর্থঃ পরমেশ্বরঃ স এব তদ্ বিস্তারভূতানাং সর্ববেদ-কাণ্ড-শাখানামপি সঙ্গচ্ছতে নাতাঃ॥"

সরল বাঙ্গলা অর্থ:—বেদরাশি সকল—পরমার্থরূপ—আমাকে (ভগবানকে)
আশ্রয় করিয়া—প্রপঞ্চ জগতে পরিদৃষ্ট ভেদকে মায়ামাত্র বলিয়া অন্থবাদ রূপে
আমাতে আরোপ করিয়া,—শেষে তাহা প্রাত্তিষধ করতঃ প্রসন্ন হয়েন, অর্থাৎ
কর্ত্তব্য—সমাধান করিয়া—নিবৃত্ত ব্যাপার হয়েন—ইহাই সকল বেদের তাৎপর্যা।
ভাব এই যে,—অঙ্কুরে যে রস, অঙ্কুর হইতে অভিব্যক্ত বহুকাও-শাখাদি সম্পন্ন
বৃহৎ বৃক্ষেও সেই একই রস। সেই প্রকার—প্রণবের (ওঁকারের) ভাৎপর্য্য

ষে পরমেশরে, প্রণব হইতে অভিব্যক্ত নানা কাণ্ড শাখা সমন্বিভ বেদ সকলের ভাৎপর্য্যন্ত তাঁহাতেই। ভাগঃ ১১।২১।৪২

নিম্নোদ্ধত লোকে দৃষ্টান্ত সাহায্যে ভাগবত ইহা বুঝাইতেছেন :---

বাস্তদেব পরা বেদা বাস্তদেব পরা মখাঃ। বাস্তদেব পরা যোগা বাস্তদেব পরাঃ ক্রিয়াঃ। বাস্তদেব পরঃ জ্ঞানং বাস্তদেব পরং তপঃ বাস্তদেব পরো ধর্মো বাস্তদেব পরা গতিঃ।। ভাগঃ ১।২।২৮

২া৫।১৫ ও ২া৫।১৬ শ্লোক **ফুটিতেও ঐ** এক কথাই বলিয়াছেন। ইছা উপরে ৮ অন্নচ্ছেদে বলা হইয়াছে।

থে। এই সম্দায়—শ্লোকে বিধিম্থে বলা হইল যে, সম্দায় বেদের তাৎপর্য্য ব্রন্ধে বা ভগবানে পর্য্যবসিত। পূর্ব্ব স্থ্রের আলোচনার ৬২ অন্পচ্চেদে উদ্ধৃত ১০৮৭।৩৭ শ্লোকে নিষেধম্থেও সেই একই সিদ্ধান্তে উপনীত হইয়াছি। স্বতরাং সিদ্ধান্ত হইল যে, মানবগণের প্রকৃতির বিভিন্নতা হেতৃ তাহাদের প্রকৃতির সহিত সামঞ্জস্ত রক্ষা করিয়া—পরমতত্ত্বের উপদেশ দিবার অপরিহার্য্য প্রয়োজনীয়তার জন্য—শাস্ত্র বিভিন্ন হইলেও, সম্দায় শাস্ত্রের—তাৎপর্য্য একমাত্র অদ্য জ্ঞানতত্ত্ব, যাহাকে কেহ ব্রন্ধ, কেহ পরমাত্মা, কেহ ভগবান বলিয়া ধাকেন। তাগবত ১।২।১১

১৩) উপসংহার।

৫৩। চতু: স্ত্রীয় বেদাস্তলোচনা শেষ হইল। ব্রহ্ম বা ভগবানের জগৎ কারণত্ব, শাস্ত্র যোণিত্ব বিস্তারিত ভাবে প্রতিপাদিত হইল। একই সত্যু স্বরূপ পরমতত্ব—ক্রমোন্নতি-সোপানের বিভিন্ন উচ্চ-নীচ স্তরে অবস্থিত মানবদেহধারী জীবগণের—প্রকৃতি, ধারণাশক্তি প্রভৃতির—বিভিন্নতা প্রযুক্ত, বিভিন্নভাবে আলোচনার অপরিহার্য্যতা নিবন্ধন, বিভিন্ন ভাবে কথিত হওয়ায় বিভিন্ন শাস্ত্র—প্রকৃতি হইয়াছে বটে, কিন্তু এই সমৃদায় বিভিন্নতার মধ্যে সমবয় সাধনের দ্বারা—একতা অনুধাবন করাই সকল বেদের, সকল শাস্তের অভিপ্রায়—ইহাও নানা প্রকারে বৃঝিতে পারা গেল। এখন ভাগবত উপসংহারে কয়েকটি শ্লোকেইহাই উপদেশ দিতেছেন।

ত্বং বায়্রগ্রিরবনির্বিয়দস্মাত্রাঃ প্রাণেন্দ্রিয়াণি জ্বদস্থ: চিদমুগ্রহশ্চ। সর্ববং হমেব সগুণো বিগুশশ্চ ভূমন্! নাগ্রন্থদন্ত্যপিমনো বচসা নিক্লক্ম্॥ ভাগঃ ৭।৯।৪৭ হে ভূমন্! বায়, অগ্নি, পৃথিবী, আকাশ, জল, পঞ্চনাত্ৰ, প্ৰাণ, ইন্দ্ৰিয়, মন, চিন্তা, অহংকার—সকলই আপনি, স্থূল—স্ক্ষ যাহা কিছু সবই আপনি, মন ও বাকা দ্বারা প্রকাশিত কোনও বস্তুই আপনা হইতে ভিন্ন নয়। ভাগঃ ৭।৯।৪৭

ব্রহ্ম বা ভগবান্ বা ভূমা—যথন জগতের ও জগতের অন্তর্ভুক্ত যতকিছুর
একমাত্র উপাদান ও নিমিত্ত কারণ,—তথন মনের চিন্তা ধারা—যাহা কিছু ভাবা
যায় এবং বাক্য ধারা যাহা কিছু প্রকাশ করা যায়, জগতে সুল স্ক্ষম যত কিছু
বর্ত্তমান আছে, পূর্ব্বে ছিল ও ভবিশ্বতে প্রকটিত হইবে, সম্দায় ই—তিনি।
তাহাকে বাদ দিয়া কোনও কিছুর থাকিবার—সম্ভাবনা নাই।

৫৪। কিন্তু মনে মনে ইহা অন্তত্ত করিলেই কি কর্ত্তব্য সম্পূর্ণ সাধন হইল । ভাগবত বলিতেছেন, না তাহা কেন । এ প্রকার—অন্তত্ত্ব হইলেই যে মন্তক শ্বতঃই তাহার চরণে অবনত হইতে বাধ্য।

খং বায়ুমগ্নি দলিলং মহীঞ্চ, জ্যোতীংষি সন্তানি দিশো জ্যোদীন্। সরিৎ সমুজাংশ্চ হরেঃ শরীরং ধৎকিঞ্চ ভূতং প্রণমেদনক্যঃ॥

ভাগঃ ১১।২।৩৯

শ্লোকটি ১াসাথা প্রত্তের আলোচনায় ২৯ অনুচ্ছেদে উদ্ধৃত হইয়াছে ও অর্থ ২৯০৩ হুই অমুচ্ছেদে দেওয়া হইয়াছে। এথানে আর বিস্তার করিলাম না।

৫৫। সম্দায় সমন্বয় তাঁহাতে। সম্দায় বিরোধ তাঁহাতে পর্যাবসান। তিনি অনস্ত। অনস্ত—তাঁহার রূপ, অনস্ত—তাঁহার শক্তি। স্থতরাং সম্দায় তাঁহাতে ত পর্যাবসিত হইবার বিরুদ্ধে কিছুই নাই। ভাগবত তাই প্রণাম নিবেদন করিতেছেন।

নমামি ত্বানস্তশক্তিং পরেশং সর্ববাত্থানং কেবলং জ্ঞপ্তিমাত্রম্। বিশ্বোৎপতিস্থানসংরোধহেতুং যত্তদ্ ব্রহ্ম ব্রহ্মলিঙ্গং প্রশান্তম্।।

ভাগ: ১০।৬৩।১৪

তুমি অনস্ত শক্তি পরমেশর, আমি তোমাকে প্রণাম করি। তুমি সর্বাত্মা, কেবল, জ্ঞানমাত্র (জ্ঞানবিগ্রহ), তুমি এই বিশ্বের স্পষ্টি-স্থিতি-লয়ের হেতু। বেদই তোমার দ্যোতক। তুমি প্রশান্ত স্বরূপ। ভাগঃ ১০।৬৩।১৪

ত্থং হি ব্রহ্ম পরং জ্যোতিগু চিং ব্রহ্মণি বাঙ্ ময়ে। ভাগঃ ১০।৬৩।১৯
তুমি পরম জ্যোতিঃ স্বরূপ। বাঙ্ মর (ভাষার প্রকৃটিত) বেদের মধ্যে,—
তুমি গৃঢ়ভাবে অবস্থিত আছ। ভাগঃ ১০।৬৩।১১

গৃঢ়ভাবে অবস্থান করিলেও, ভোমাকে জানিবার উপায় আছে। ব্রহ্ম তে দ্রদয়ং শুক্রং তপঃস্বাধ্যায়সংযমৈঃ। যত্রোপলবং সদ্ব্যক্তমব্যক্তঞ্চ ততঃ পরম্।। ভাগঃ ১০৮৪।১৪

অতি শুদ্ধ সত্ত্ব বেদ, তাহাই তোমার হৃদয়। তপঃ, স্বাধ্যায় ও সংযম দ্বারা পরিশুদ্ধ হৃদয়ে, বেদ হইতে কার্য্য-কারণ ও তাহাদের অতীত—পরব্রহ্ম উপলব্ধ হইয়া থাকেন। ভাগঃ ১০৮৪।১৪

যদ্দর্শনং নিগম আত্মরহঃ প্রকাশং মৃহ্যন্তি যত্র কবয়োহজ্পরা যত্নতঃ।
তং সর্ব্ববাদবিষয়প্রতিরূপশীলং বন্দে মহাপুরুষমাত্মনিগ্ঢ়বোধম্।।
ভাগঃ ১২।৮।৪৩

আপনার রহস্থ প্রকাশ রূপ দর্শন বা জ্ঞান বেদেতেই সম্পন্ন হয়। বেদ এত গভীর যে, অতি যত্নশীল ব্রন্ধাদি জ্ঞানিগণও মৃষ্ণ হয়েন। জগতে নানা ব্যক্তি নিজেদের জ্ঞান বৃদ্ধি অন্মারে—নানা প্রকার তর্ক বিতর্কের দ্বারা নানা বাদের প্রকটন করিয়া থাকেন। কিন্তু সব বাদই ত তোমাকে আশ্রয় করিয়া দাঁড়ায় —তৃমি ত সম্পায় বাদের বিষয়—সম্পায় বাদের প্রতিরূপ ধারণ করতঃ আপনার তত্ত্ব আপনাতেই গৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করিয়া—মহাপুক্ষরূপে চিরবর্ত্তমান—আপনাকে প্রণাম করি।

এই স্নোকে ভাগবত বুঝাইলেন যে—সম্দায় বাদ বিবাদের প্রতিষ্ঠা যথন একস্থানে, তথন সম্দায়ের-সমন্বয় যে শাস্ত্রের অভিপ্রায়, তাহাতে সন্দেহ কি? জড়বাদ (materialism) এমন কি নিরীশ্বর বাদ (atheism) তাঁহা ছাডা দাঁডাইতে পারে না।

es। উপরে উদ্ধৃত শ্লোকে বলিলেন যে, "আত্মনিগৃঢ়বোধম্"— যদি ভগবান্ নিজের তত্ত্ব নিজের মধ্যে লুকায়িত রাণিয়াছেন, তবে কি তাঁহাকে জানিবার—কোনও উপায় নাই? এই প্রশ্নের উত্তরে বলিতেছেন:—

দিজস্কবভ ! স এষ ব্রহ্মযোনিঃ স্বয়ং দৃক্।
স্বমহিমপরিপূর্ণো মায়য়া যঃ স্বয়ৈতং।।
স্কৃতি হরতি পাতীত্যাধ্যয়ানারতাক্ষো।
বিরত ইব নিরুক্তস্তৎ পরিরাত্মলভ্যঃ।। ভাগঃ ১২।১১।২১

হে দ্বিজভার ইনিই বেদযোনি, স্বতঃসিদ্ধ জ্ঞান স্বরূপ,—স্বীয় মহিমাতে পরিপূর্ণ, স্বকীয় মায়াশক্তি দ্বারা, ইনিই এই জগতের—স্ষ্টি-স্থিতি ও সংহার

করেন বলিয়া ব্রহ্মা, বিষ্ণু, রুদ্রাদি আখ্যায়—আখ্যায়িত হয়েন, কিন্তু তৎপ্র (তাঁহার ভন্তনপরায়ণ ভক্তগণ) কর্তৃক অনাবৃত জ্ঞানরূপে—আত্মাতে লড্য হইয়া থাকেন: ১২১১১১১১

কবির ভাষায় "**মিলন লহরী ছুটে আত্মায় আত্মায়**"।

৫৭। উপরে উদ্ধৃত ১২।১১।২১ শ্লোকে ভাগবত বলিলেন যে, ষিনি স্বরূপতঃ অষয়, বিশুদ্ধ জ্ঞান স্বরূপ, তিনিই জগদ্ব্যাপারে—ব্রহ্মা, বিশ্বু, রন্দ্ররূপে প্রকৃতিত হয়েন। ইহা হইতে সিদ্ধান্ত—স্বতঃই আপতিত হয় যে, পরমতত্ত্বের পূজার বা উপাসনার, ব্রহ্মা,—বিশ্বু,—কন্দ্র—এবং সে কারণ—সম্পায় দেবতাগণের পূজা বা উপাসনা সংসাধিত হয়। ভাগবত ইহা স্পষ্টাক্ষরে বলিরা উপসংহার করিতেছেন:—

যথা হি স্কন্ধশাখানাং তরোমূ লাবসেচনম্। এবমারাধনং বিষ্ণোঃ সর্বেধামাত্মনশ্চ হি॥ ভাগঃ ৮।৫।৩৮

যেমন বৃক্ষের মূলে জল সেচন করিলে, উহার স্কন্ধ, শাখা, পল্লব, পত্র, পূষ্প, ফল প্রভৃতি সজীব, সতেজ, প্রফুল্ল থাকে, দে জন্ত স্কন্ধ-শাখাদিতে জল সেচনের প্রয়োজন হয়না, সেইরূপ শ্রীবিষ্ণুর অর্থাৎ সর্বব্যাপী ও সর্ব্বাত্মক ভগবানের আরাধনা করিলে, সম্দায় দেবতার এবং নিজ আত্মারও আরাধনা সম্পাদিত হইয়া থাকে, পৃথক পৃথক দেবতার আরাধনার প্রয়োজন হয় না। ভাগঃ ৮।৫।৬৮ উদ্ধৃত শ্লোকে ব্যবহৃত "আত্মনক্রিই" অংশ যোজিত করিয়া ভাগবত ব্ঝাইলেন যে,—জীব-সংসারে যথন যেভাবে থাকুক না কেন—বর্ণশ্রের্গ ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করিয়া—শিক্ষায়, দীক্ষায়, বংশ-গোরবে উন্নত হউক, নিকৃষ্ট চণ্ডালকুলে জন্মাইয়া দ্বণিত জীবন যাপন করুক, কৃমিকীট হইয়া নরকে পচিতে থাকুক—তাহার আত্মা—উহাদের দ্বারা স্পৃষ্ট হয় না—ইহা পর্মাত্মার স্বন্ধপ হইতে অভিন্ন। পর্মাত্মার আরাধনার সহিত উহারও আরাধনা সঙ্গে সঙ্গে নির্ব্বাহিত হইয়া যায়।

৫৮। এই চারিটি স্তের আলোচনায়—সমগ্র বেদাস্তালোচনা একপ্রকারে করা হইল। বেদাস্তের মূল ভিন্তি, উহার উদ্দেশ্য, জীবকল্যাণের জন্ত উহার আত্মপ্রকাশ, উহার উপদেশ অনুসরশ্রে পরম শ্রেয়োলাভ—প্রভৃতি যথাশক্তি ব্রিবার চেষ্টা করিয়াছি। যন্ত্রী যেমন চালাইয়াছেন, সেইরূপ চলিয়াছি। দোষগুল সম্দার ভাঁহার চরণে সমর্পণ করিয়া উপরত হইলাম।

७ॅम् भाखिः।

১৪) পূর্ব্বপক্ষের প্রশ্ন ও ভাহার উত্তর।

তে। পূর্ববিক্ষ বলিতেছেন, ভোমার আলোচনা আমি অথও মনোযোগে গুনিয়া পরম পরিতৃপ্ত হইয়াছি। বেদান্ত যে ভবরোগের মহৌষধি—তাহা আগে বুঝিতাম না, এখন বুঝিয়া ধন্ত হইয়াছি। আগে বেদান্তালোচনা ভক্ত নায়শাস্তের কচ্কচি মাত্র মনে করিতাম, এখন বুঝিতেছি যে, ইহা অভি উপাদেয় সাধনশাস্ত—পরম শ্রেয়োলাভের উপায়—ইহাতে হ্রদয়গ্রাহীভাবে দেওয়া আছে। আমার ধন্তবাদ গ্রহণ কর।

একটি সন্দেহ হৃদয়ে জাগিয়াছে, তাহা নিরসনের জন্ম নিবেদন করিতেছি। শ্রুতি যে মাতার ন্থায় জীবের হিতকারিণী, তাহা বৃধিয়াছি। বিভিন্ন প্রকৃতির মানবের জন্ম একই পরম সত্যের—উপদেশ, নানাপ্রকারে তাহাদের বােধ ও ধারণাশক্তির নানাস্তরের উচ্চ-নীচ ভেদ নিবন্ধন—নানাপ্রকারে দেওয়া হইয়াছে, তাহাও বৃঝিয়াছি। নিমন্তরের মানবের—কল্যাণের জন্ম, তাহাদিগকে বেদের উপদেশের—গতীর ভিতর আনিবার জন্ম, কর্মকাণ্ডে যজ্ঞে পশুবধের বিধান অমুকল্পভাবে কেন দেওয়া হইয়াছে, তাহাও বৃঝিতে পারিয়াছি। কিন্তু একটি বিষয় বৃঝিতে পারিতেছি না। বেদে, বিশেষতঃ অধর্মবেদে আভিচারিক ক্রিয়ার—বিধান কেন? ইহা ত অতিশয় হিংসাত্মক—ইহাতে ত কোনও সন্দেহ নাই। মাতার ন্থায় কল্যাণকামী শ্রুতি ইহার বিধান করিলেন কেন? ইহা বৃঝাইয়া দিতে অমুরোধ করি।

৬০। সিদ্ধান্তবাদী উত্তরে বলিতেছেন—তোমার প্রশ্ন ও উহার উপক্রম শুনিয়া তুমি যে মনোযোগের সহিত আলোচনা শুনিয়াছ, ইহাতে আমি কৃতজ্ঞ। আমার আলোচনা যদি একজন মানবেরও উপকারে আসে, আমি আমার প্রচেষ্টা সার্থক হইয়াছে মনে করিয়া কৃতার্থ হইব।

এখন তোমার প্রশ্নের সমাধানের চেন্টা করিব। আগে বলিয়াছি যে, জমবিবর্তনের বিধানে, জন্মের পর জন্ম ঘ্রিয়া ঘ্রিয়া, একটি প্রস্তর বা মৃত্তিকাখণ্ডে বদ্ধ জীবত্ব—ক্রমোয়তি লাভ করিতে করিতে লক্ষ্ণ লক্ষ্ণ যোনির ভিতর দিয়া পরিণতিতে মানবত্বে উন্নীত হয়। নৈসর্গিক বিধানে ইহা সম্পাদিত হইয়া থাকে। মানবত্ব লাভের পর—স্বাধীন ইচ্ছাম্মজি প্রয়োগের—অধিকার লাভ করে। ইতর জীব হইতে যখন প্রথম—মানবত্ব প্রাপ্ত হইল, তথন তাহার প্রকৃতি হিংশ্র পশুসদৃশ। সে তথন অপরের অর্থাৎ সমশ্রেণীতে অবস্থিত মানবত্ব প্রাপ্ত জীবের প্রাণনাশে ও তাহার সম্পত্তি ও দারাদি নিজ

অধিকারে আনিবার জন্য উদ্ভয়নীল। বংশে বংশে, গোতো গোতে, শ্রেণীভে শেণীভে, প্রতিবেশী প্রতিবেশীভে এ কারণ—যুদ্ধবিগ্রহ লাগিয়াই আছে। এখনও আমরা আগামের উত্তর-পূর্ব্ব পর্বতবাসী নাগা, কুকি প্রভৃতি অসভ্য জাতিগণের—মধ্যে ইহার নিদর্শন দেখিতে পাই। পূর্ব্বে যে পুরুষ নিজ হাতে হত্যা করিয়া যত নরমূও সংগ্রহ করিতে পারিত, সে তত বীর বলিয়া গণ্য হইত এবং তাহাদের সমাজে তাহার নাম, যশঃ, প্রতিষ্ঠা তত উচ্চ হইত। বংশালুক্রমিক এরূপ পরস্পর প্রাণান্তকর যুদ্ধ চলিতে থাকে। ফলে—কোনও কোনও গ্রাম ও সেই গ্রামন্থ সমুদায় পুরুষ-স্ত্রী, বালক-বৃদ্ধ সকলেরই নির্মম হত্যা সাধিত হইত। যাহারা বিজয়ী, তাহারাও ইহাতে অনেকে প্রাণ হারাইত। ইহা তাহাদের মানবত্বের নিয়তম স্তরে অবস্থানের সাক্ষ্য দেয়। ইহা প্রায় পশুত্বেরই সমান।

৬১। কিন্তু সেই নিমন্তরের মানব যদি নিজেদের চোথের উপর—প্রতাক দেখে যে উক্ত অভীপ্সিত কার্য্য সম্পাদনের জন্ম, অস্ত্র শস্ত্রাদি লইয়া, দল বাঁধিয়া যুদ্ধযাত্রা ও যুদ্ধে কাটাকাটি করিবার পরিবর্তে, ঘরে বসিয়া আভিচারিক किया कवितन এकरे অভিপ্রায় সহজ সিদ্ধ হয়, তবে তাহার। যে ইচ্ছা করিয়াই উহাতে প্রবৃত্ত হইবে, তাহা না বলিলেও চলে। উক্ত ক্রিয়া—সম্পাদনের পর যদি তাহাদের অভিপ্রায়—সমগ্রভাবে না হউক, অংশতঃও সিদ্ধ হয়, তাহা হইলে বেদে কথিত আভিচারিক ক্রিয়া, তাহার মন্ত্রাদির ও অন্তর্টানের—উপর সহজ্বেই তাহাদের উপর বিখাস জন্মে। তাহাদের—দেখাদেখি তাহার শত্রপক্ষও যে তাহাদের অমুসরণ করিবে, ইহা সহজেই বুঝা যায়। এরপ বিশ্বাস জন্মিলে, উক্ত বিশ্বাস আভিচারিক ক্রিয়া হইতে ফিরাইয়া যজ্ঞাদি অন্নষ্ঠানে নিয়োগ করা হঃসাধ্য হয় না। যজ্ঞের ভিত্তি—ত্যাগ ও সংযমের উপর। স্থতরাং উহারা ক্রমে ত্যাগ ও সংযমের সংস্পর্শে আসিয়া ভাহাদের মাধুর্য্য ও উপাদেয়তা অন্নভব করিয়া ক্রমশঃ উচ্চতর সোপানে আরোহণ করিতে সমর্থ হয়। অবশ্রই ইহাতে জন্মের পর জন্ম গত হয় বটে, তথাপি উদেশ স্থ্রিপে সিদ্ধ হয়। আত্মা নিত্য, কালও অনস্ত, স্তরাং শীব্র হউক, বা বিলম্বে হউক, সিদ্ধি হইতেই হইবে। স্থতরাং মাতার ক্যায় হিতকারিণী শ্রুতির উদ্দেশ্য অতি মহৎ—শ্রেষ্ঠতম পুরুষার্থ প্রাপ্তির উপায় নির্দেশে উহার সার্থকতা বুঝা গেল।

৬২। ইহাতে তর্ককুশল, নীতিবাগীশ হয়তো আপত্তি উত্থাপন করিতে পারেন যে, উপরে যে যুক্তি দেখান হইল, ইহা কি ধর্মনীতি সঙ্গত ? ইহার

উত্তরে তাঁহাকে অগাস্ট কোম্ভ প্রতিষ্ঠিত Positivism মতবাদের আলোচনা করিতে অন্থরোধ করি। কোম্ভের মতে যাহা—"Greatest good to the greatest number" যাহাতে সম্হের উপকার ও মঙ্গল, তাহাই ধর্ম। সহস্র সহস্র বৎসর পূর্বের স্টের আদিতে শ্রুভি এই নীতি অবলঘন করিয়া আভিচারিক ক্রিয়া প্রবৃত্তিত করিয়াছিলেন। ইহাতে ধ্বংস একজনের, কিন্তু প্রাণরক্ষা শত শত লোকের। এই ক্রিয়া সম্পাদনকারীর পক্ষে অনেক বিধি নিষেধ পালন করিতে হইত। যদি ক্রিয়া—বিদ্বেষ বা ক্রোধবশে—অন্ত কোনও উপযুক্ত কারণ অভাবে, অনুষ্ঠিত হইত, তাহা হইলে, উক্ত ক্রিয়ার ফল, সম্পাদনকারীর উপর আপতিত হইয়া তাহার ধ্বংস সাধন করিত। শ্রীক্রফের বিক্রন্ধে কাশীরাজের ক্রত্যা নিয়োগ ও তাহা ফিরিয়া তাঁহার উপর পতিত হইয়া তাহাকে ও তাঁহার ক্রামী নগরী ধ্বংস সম্পাদন পুরাণে দেখিতে পাওয়া যায়। স্কুতরাং সম্পাদনকারীকে অতি সাবধানে যে ইহা সম্পাদন করিতে হইবে তাহাতে সন্দেহ নাই।

এখন জিজ্ঞাসা করি—তোমার সংশয় সমাধান হইল কি?

পূর্ব্বপক্ষ বলিতেছেন—আমি নিঃদন্দির্য্ন হইলাম। পুনরায় আমার সশ্রদ্ধ কৃতজ্ঞতা নিবেদন করিতেছি—গুরু দক্ষিণারূপে গ্রহণ করিয়া আমাকে আশীর্বাদ কর। প্রার্থনা করিতেছি যে, অতঃপর যান বেদাস্তালোচনা করিবে, আমারা উপস্থিতি ও সংশয় নিবেদন সহু করিও।

৬২। উপরে ব্রহ্মস্থত্তের প্রথম চারিটি স্থত্তের বিস্তারিত ভাবে আলোচন। বাপদেশে, সমগ্র বেদান্তের প্রতিপাদ্য যাহা বর্ণিত হইল —উহাই নিম্নোদ্ধত একটি শ্লোকে শ্রীমদ্ভাগবত অতি সংক্ষেপে স্বষ্টুভাবে পরিচয় প্রদান করিলেন :—

অহমেবাসমেবাত্রে নান্তদ্ যৎ সদসৎ পরম্। পশ্চাদহং যদেতচ্চ যোহবশিশুতে সোহস্মাহম্।। ভাগঃ ২ ৯।৩২

৫) ইক্জাধিকরণ:-

ভিত্তি:--

''সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্''। —ছান্দোগ্য ৬৷২৷১

"তদৈক্ষত বহুস্তাং প্রজ্ঞায়েয়েতি"।—ছান্দোগ্য ৬৷২৷৩ "স ঈক্ষত লোকান্ন_{ন্} স্বজা" ইতি।—ঐতরেয় ১৷১৷১ "স ইম*ালোকানস্ঞ্জত"।—ঐতরেয় ১৷১৷২

হে দৌম! স্থাষ্টর পূর্বের এই পরিদৃশ্রমান বিশ্ব একমাত্র অন্বিভীয় সৎস্বরূপে ছিল। তিনি আলোচনা করিলেন, আমি জন্মিব, বহু হইব।

ছান্দোগ্য, ৬৷২৷১ ও ৬৷২৷৩

তিনি আলোচনা করিলেন, লোক স্থাষ্ট করিব, তিনি এই লোকসকল স্থাষ্ট করিলেন। ঐতরেয়, ১া১া১ ও ১া১া২,

সংশয় :—পূর্ববর্তী চারিটি স্ত্রে সর্বজ, সর্বশক্তিমান্ ব্রহ্ম, জগতের উৎপত্তি প্রভৃতির একমাত্র কারণ বলিয়া প্রতিপাদিত হইয়াছেন। অর্থাৎ, তিনি উপাদান কারণ ও নিমিত্ত কারণ ও বটেন। কিন্তু জাগতিক প্রত্যেক বস্তুর প্রতি দৃষ্টিপাত করিলে, আমরা স্পষ্ট বৃঝিতে পারি যে, জন্মবান্ বস্তু মাত্রেই সাবয়ব, এবং যে বস্তুর অবয়ব আছে, তাহা প্রাকৃতিক জড় পরমাণু দারা গঠিত। স্কতরাং জগতের যথন জন্ম আছে, এবং ইহা অবয়ববান্, তথন ইহার উপাদান সাংখ্যাক্ত অচেতন প্রকৃতি কেন না হইবে? জড় তিন্ন কেবল চেতনকে কাহারও উপাদান হইতে—দেখা যায় না। অতএব জড় উপাদান কারণ হউক, এবং চেতন নিমিত্র কারণ বলা যাইতে পারে। বিশ্ব প্রত্যক্ষতঃ চিজ্জড়াত্মক। জাগতিক প্রত্যেক পদার্থে অরবিস্তর চিৎ ও জড় বিদ্যমান আছে, এবং উভয়ে উভয়ের বিকৃত্ধ ও বিপরীত অর্থ, গুণ ও ক্রিয়া বোধক। স্ক্তরাং, সংশয় স্বতঃই হইতে পারে যে, বিশ্বের উপাদান কারণ, জড়া প্রকৃতি বা চেতন ব্রহ্ম? এই প্রকার পূর্ব্বপক্ষ উপস্থাপিত করিয়া, স্ত্রকার সিদ্ধান্ত—স্ক্রেকরিলন:—

ঈক্ষতের্নাশব্দম্॥ ১।১।৫ ইক্ষতেঃ +ন+অশব্দ্। ক্রকডে:—শিরোদেশে উদ্ধৃত ঐতিতে ঈক্ষিতৃত প্রবণ হেতৃ—ঐতি অনুসারে জগৎকারণের ঈক্ষিতৃত্ব বা আলোচনা কর্তৃত্ব আছে, এই কারণে:—

ब :--ना

ভালবাম :--শব্দ নাই বাহাতে--অর্থাৎ শব্দ (বেদ) নয় প্রমাণ বাহাতে--ন্যাহার বাচক শব্দ বেদে নাই---আফুমানিক প্রধান।

উপরে উদ্ধৃত শ্রুতি হইতে আমরা পাইতেছি যে সাংখ্যাক্ত প্রধান, যাহার বাচক শব্দ শ্রুতিতে নাই, যাহা কেবল কার্যকারণের একরপতা নিয়মানুসারী অনুমানগম্য মাত্র—জগৎকারণ হইতে পারে না, কেন না, জড় প্রধানের ঈক্ষিতৃত্ব বা আলোচনা কর্তৃত্ব থাকিতে পারে না। কিন্তু শ্রুতিতে স্প্তির পূর্বের জগৎকারণের, আলোচনা—কর্তৃত্ব স্প্তিই উক্ত হইয়াছে। এতএব সিদ্ধান্ত হইল যে, ব্রন্ধই জগতের কারণ—উপাদানও বটে, নিমিন্তও বটে। অন্যান্ত শ্রুতিতেও ঈক্ষা পূর্বিকা স্প্তির উল্লেখ আছে। বাহুল্য ভরে উদ্ধৃত করা গেল না। এখন, শ্রীমন্তাগবত এ সম্বন্ধে কি বলেন, দেখা যাউক। ব্রন্ধাকে আমরা স্প্তিকর্তা বলিয়া জানি। পাছে স্প্তিকর্তা ব্রন্ধাই জগৎ কারণ, সর্বকারণ কারণ; ব্রন্ধ জগৎকারণ নহে, বলিয়া সংশ্র হয়, এজন্ত ভাগবত বলিতেছেন:—

তত্যাপি দ্রষ্টুরীশস্ত্য কৃটস্থস্যাথিলাত্মনঃ। স্ফল্যং স্ফ্রামি স্ট্রোহ্হমীক্ষয়ৈবাভিচোদিতঃ।। ভাগঃ ২া৫।১৭

ব্রহ্মা বলতেছেন—আমি ব্রহ্মা সেই সর্ব্বসাক্ষী, সর্ব্বেরর, সর্ব্বকালব্যাপী, সকলের অন্তর্য্যামী। পরমতত্ত্বের নিজের স্ষ্ট, তাঁহার ইচ্ছাতেই প্রেরিত হইয়া তাঁহারই স্বস্ত্যু সকলকে আমি স্ষ্টি করি, অর্থাৎ, প্রত্যক্ষে বিকাশ করি মাত্র। ভাগঃ ২।৫।১৭

শ্রীমন্তাগবতে প্রকৃতি ও মায়া কোথাও কোথাও একপর্য্যায়ভূকরপে ব্যবহৃত হইয়াছে— যথা—

> স্বর্গাদৌ প্রকৃতিহাস্য কার্য্যকারণর পিনী। স্বাদিভিগু নৈধ ত্তি পুরুষোহ্বাক্ত ঈক্ষতে॥ ভাগঃ ১১৷২২৷১৬ ব্যক্তাদয়ো বিকৃর্বাণা ধাতবঃ পুরুষেক্ষয়া। সন্ধবীর্ঘঃ স্ফল্ডান্তঃ সংহতাঃ প্রকৃতে বলাৎ॥ ভাগঃ ১১৷২২৷১৭

স্ষ্টের আদিকালে ইহার কার্য্যকারণরপিনী প্রকৃতি স্বাদিগুণ দারা স্ক্র্যাদি পদার্থের আদ্যাবস্থা বা কারণভাব ধারণ করে। এবং অব্যক্ত পুরুষ কেবলমাত্র দর্শন করেন। ভাগঃ ১১।২২।১৬

প্রকৃতি হইতে উৎপন্ন মহদাদি, পুরুষের ঈক্ষণে লব্ধবীর্থ হইয়া, প্রকৃতির আশ্রায়ে ব্রহ্মাও স্তলন করেন। ভাগঃ ১১৷২২৷১৭

পরম পুরুষের ঈক্ষণে প্রকৃতি কার্যাশীলা হইয়া, গুণ ক্ষোভ বশতঃ সত্ম রজ স্তম-গুণাদির তারতম্যে এই বিচিত্র জগৎ স্বষ্টি করেন। তবে কি প্রকৃতি ব্রহ্ম হইতে ভিন্ন ? না, তাহা নহে। মায়া তাহার স্বকীয়া শক্তি। শক্তি ও শক্তিমানের অভেদ কারণ, মায়া তাহা হইতে ভিন্ন নহে, আবার ভিন্নও বটে, কারণ, মায়া এক দেশিকা শক্তি। যেমন পৃথিবীর উর্বরা শক্তি পৃথিবী হইতে ভিন্ন নহে, আবার উর্বরা শক্তিই পৃথিবী নহে, পৃথিবীর ধারণ করিবার শক্তিও বিভ্যমান আছে, সেইরূপ মায়া এক হিসাবে ব্রহ্ম হইতে ভিন্ন নহে, আবার অন্ত হিসাবে ভিন্নও বটে। শুভিগবান মায়া শক্তিকে বশে রাথিয়া তাহার স্বারা জগৎ স্বষ্টি করেন।

কেবলাত্মানুভাবেন শ্বর্মায়াং ত্রিগুণাত্মিকাম্। সংক্ষোভয়ন্ স্বন্ধত্যাদৌ তয়া স্ত্রমরিন্দম, ॥ ভাগঃ ১১৯১৯ তামান্থ স্ত্রিগুণব্যক্তিং স্বন্ধতীং বিশ্বতোমূ্ধম্। যন্মিন্ প্রোতমিদং বিশ্বং যেন সংসরতে পুমান্॥ ভাগঃ ১১১৯২০

হে অবিন্দম! কেবল আত্মান্থভব রূপ কাল দ্বারা, ত্রিগুণাত্মিকা স্বীয় মায়াকে ক্ষুব্ধ করিয়া, সেই মায়া দ্বারা ক্রিয়াশক্তি প্রধান মহতত্ত্বকে প্রথমে স্ফটি করেন। ভাগঃ ১১।১।১১

অহংকার দারে এই বিশ্বসমূহ সৃষ্টিকারিণী মায়াকেই স্ত্রাত্মা কহে, ইহাতে বিশ্ব প্রথিত রহিয়াছে, এবং ইহার অধ্যাত্মরূপ প্রাণের দারা, জীবের সংসারগতি হইয়া থাকে। ভাগঃ ১১১৯।২০

যথোর্ণনাভিন্ন দিয়াদূর্ণাং সংতত্য বক্ত্রভঃ। তথা বিস্তৃত্য ভূয়স্তাং প্রসত্যেবং মহেশ্বরঃ॥ ভাগঃ ১১।৯।২১

কিন্ত মায়া বা প্রকৃতি ব্রহ্ম হইতে পৃথক্ উপাদান কারণ নহে। যেমন মাকড়শা, ভাহার হৃদয়য় লালা মৃথ হইতে বাহির করিয়া জাল ব্নিয়া, ভাহাতে বিহার করত:, ক্রীড়া সাঙ্গ হইলে পুন:রায় উহা গ্রাস করে, শ্রীভগবান্ ও সেইরূপ নিজের হৃদয়ন্থ সংকল্প হইতে জগৎ স্থাষ্ট করিয়া, তাহাতে লীলা করিয়া থাকেন, এবং লীলান্তে তাহা পুন:রায় গ্রাস করিয়া হৃদয়ন্থ করেন। ভাগ: ১১।১।২১।

একটি প্রয়োজনীয় কথা পূর্বেও বলা হইয়াছে, এথানেও উহার সম্বন্ধে প্রকলেথ করিয়া রাথি যে, ভগবতত্ব হৃদয়দ্বম করাইবার জন্ম, শাস্ত্রকারগণ লোকিক উদাহরণ উল্লেখ করিয়াছেন। কিন্তু মনে রাখা উচিত যে, দে উদাহরণ সকল সর্বাংশে সর্বান্ধীন ভাবে প্রযুক্ত নহে। বর্তমান উর্নাভির উপমায় শ্বরণ রাখা কর্ত্তব্য যে উর্ণনাভির উর্ণা ও তন্ধারা প্রস্তুত জাল, তাহার দেহম্ব লালা হইতে অপৃথক্ হইলেও, এবং জালের ব্যবহার শেষ হইলে তাহা আবার হৃদয়ে গ্রহণ করিলেও, যাহার অন্তিম্বে উর্ণনাভির উর্ণনাভিম্ব ও অন্তিম্ব, দেই আত্মা হইতে উহার হৃদয়, লালা, উর্ণা জাল ইত্যাদি পৃথক্। কিন্তু ভগবানের দেহ, দেহী ভেদ নাই। তাহার আত্মাও যাহা, দেহ ও তাহাই, হৃদয় ও তাহাই—ভেদমাত্রই নাই। তাহার অচিন্ত্য শক্তির নিমিত্ত পরিদৃশুমান বিশ্ব পৃথক্রপে, এবং ইহার প্রাকৃতিক উপাদান জড় রূপে প্রতীয়মান হইলেও, ইহা তাহা হইতে পৃথক্ নহে। ১৷১৷২ স্ত্ত্রের আলোচনায় উদ্ধৃত অনেকগুলি শ্লোকে এই তত্ত্ব বিশ্বভাবে প্রকাশ করা হইয়াছে। আরও ২৷১টি শ্লোক উদ্ধৃত করিবার প্রলোভন ত্যাগ করিতে পারিলাম না।

একস্থমেব জগদেতদমুদ্য যত্ত্মাদ্যস্তয়োঃ পৃথগবস্তাদি মধ্যতশ্চ। স্পৃষ্ট্বা গুণব্যতিকরং নিজমায়য়েদং নানেব তৈরবদিতস্তদনুপ্রবিষ্টঃ॥ ভাগঃ ৭।৯।২৯।

ত্বং বা ইদং সদসদীশ ভবাংস্ততোহক্তো, মায়া যদাঅ-পরব্দ্ধিরিয়ং
ত্যপার্থা।

যদ্ যন্ত জন্মনিধনং স্থিতিরীক্ষণঞ্চ, তদৈ তদেব বস্থকাল-বদ্ষ্টিতর্বোঃ।। ভাগঃ ৭।৯।৩০ ।

এই অথিল জগৎ এক আপনারই স্বরূপ। আপনি ইহার আদিতে কারণত্ব, অস্তে অবধিত্ব, এবং মধ্যে আশ্রুয়রপে বর্ত্তমান আছেন। নিজশক্তি মায়া ছারা গুণপরিণাম স্বরূপ এই জগৎ সৃষ্টি করিয়া, ইহাতে অনুপ্রবিষ্ট হইয়া আছেন, এবং, সেই সকল গুণের কারণ নানারূপে পতিত হইয়া থাকেন। ভাগঃ ৭। ১।২১

হে ঈশ! আপনি সদসৎরূপী কার্য্যকারণান্ত্রক এই জ্বাৎ—ইহা আপনা হইতে পৃথক্ নহে। কিন্তু আপনি ইহা হইতে ভিন্ন, যেহেতু এই প্রপঞ্চ জগতের আদি ও অস্তে আপনি পৃথক্রপে অবস্থান করেন। অভএব, এ আত্মীয়, এ পর, এরূপ বৃদ্ধি মিথাা মায়া মাত্র। এই প্রপঞ্চ জগতের স্টি, প্রকাশ, স্থিতি, বিনাশ, বীজ ও বৃক্ষের. পৃথী ও ভৃতস্ক্রের ন্যায়। অর্থাৎ, বৃক্ষ যেমন বস্তুতঃ পৃথী বা বীজমাত্র, এবং বীজ ও ভৃতস্ক্রের ন্যায়। অর্থাৎ, বৃক্ষ যেমন বস্তুতঃ পৃথী বা বীজমাত্র, এবং বীজ ও ভৃতস্ক্রের ন্যায়, বীজ কারণ, উভরে পরম্পর আত্যান্তিক পৃথক্ প্রতীয়মান হইলেও, উভরেই ভৃতস্ক্রের সমাবেশ মাত্র, অথচ ভৃতস্ক্র কি বৃক্ষ, কি বীজ উভর হইতে পৃথক্ বর্ত্তমান থাকে, তেমনি এই কার্যকারণাত্মক নিখিল জগত, পরম কারণ যে আপনি, আপনারই সগুণ মূর্ত্তি। কিন্তু, তাহা হইলেও, আপনি ইহা হইতে পৃথক্ভাবে নিজ স্বরূপেই বর্ত্তমান থাকেন। ভাগঃ ৭।১।৩০

এই ছুইটি শ্লোকে জগতের সহিত জগৎকারণের সম্বন্ধ স্থন্দর রূপে প্রকাশ করা হইয়াছে। শ্রীভগবান্ জগতের পূর্নের, পরে ও মধ্যে বর্তমান আছেন, এবং নিজমায়া দ্বারা গুণপরিনাম স্বরূপ এই জগৎ স্পষ্ট করিয়া, তাহার প্রত্যেক অপূ পরমাণুতে, স্থাবর জন্ম প্রত্যেক বস্তুতে, অনুপ্রবিষ্ট হইয়া, নানারূপে প্রতীত হইয়া থাকেন। কিন্তু জগৎ তাঁহা হইজে পৃথক নহে বলিয়া, তিনি যে জগৎ হইজে ভিন্ন নহেন, তাহা নহে। কারণ, জগৎ স্পষ্টির পূর্বের ও প্রলয়ের পরেও তিনি পৃথক্ ভাবে বর্তমান থাকেন। স্পতরাং, স্থিতি সময়ে যে পৃথক্ভাবে থাকেননা, তাহা নহে। শ্রীমন্তগবৎ গীতায়ও এই কথা আছে ঃ—

ময়া ততমিদং সর্ববং জগদব্যক্তমূর্ত্তিনা।
মংস্থানি সর্ববভূতানি ন চাহং তেম্ববস্থিত: ॥ গীতা ৯।৪
ন চ মংস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরম্।
ভূতভূল চ ভূতস্থো মমাত্মা ভূতভাবন: ॥ গীতা ৯।৫

অব্যক্তমূর্ত্তি আমার ছারা এই নিখিল জগৎ ব্যাপ্ত; ভূতসকল আমাতেই অবস্থান করে, কিন্তু আমি সে সকলে অবস্থান করি না। গীতা ১।৪

আমার ঐশবিক যোগ দেখ, আমি ভৃত সকলের উৎপাদক কারণ, ভৃত সকলকে আমি ধারণ করি, অধচ আমি ভৃতস্থ নহি। গীতা ১।৫

ইহাই ঐশবিক অচিষ্ণ্য শক্তি, ইহাই মায়া। এবানে সংশয় উঠে বে, শ্রুতিতে তো মায়ার ও প্রকৃতির উল্লেখ আছে। মায়াং তু প্রকৃতিং বিভান্মায়িনং তু মহেশ্বরম্।
তন্তাবয়বভূতৈন্ত ব্যাপ্তং সর্বামিদং জগৎ।। শ্বেতাঃ উপনিষৎ ৪।১০

মায়াকে প্রকৃতি ও মায়ী (মায়াধীশ) কে মহেশ্বর বলিয়া জানিবে। তাঁহার অবয়ব দ্বারা এই নিখিল জগৎ ব্যাপ্ত! শ্বেতাঃ ৪।১০

তবে "প্রকৃতি" কে "অশন্য" বলিয়া স্ত্রকার বর্ণনা করিলেন কেন? ইহার উত্তর এই যে, সাংখ্যাক্ত প্রকৃতি, শ্রুতিতে উল্লিখিত প্রকৃতি হইতে সম্পূর্ণ ভিন্ন। সাংখ্যাক্ত প্রকৃতি জড়া, অচেতন এবং পুরুষ হইতে অত্যন্ত ভিন্ন। শ্রুতিতে উল্লিখিত প্রকৃতি, ব্রহ্মশক্তি, শক্তিমানের অংশ এবং শক্তিমান্ হইতে অভেদ। সাংখ্য যদি প্রকৃতিকে ব্রহ্মশক্তি বলিয়া স্বীকার করেন, তবে বেদান্তের সহিত তাঁহার ও সম্বন্ধে বিরোধ নাই। ইহার আলোচনা দ্বিতীয় অধ্যায়ে বিশেষভাবে করা হইবে।

এখন মায়ার স্বরূপ কি তাহা শ্রীমদ্তাগবত ২য় স্কন্ধের ১ম অধ্যায়ের ৩৩ শ্লোকে প্রকাশ করিয়াছেন :—

ঋতেহর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি। তদ্বিস্তাদাত্মনো মায়াং যথাভাসো যথা তমঃ।। ভাগঃ ২।৯।৩৩

শ্রীমন্ জীব গোস্বামী ও শ্রীমন্ বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় এই শ্লোকের ব্যাখ্যায় বহু বিচার উত্থাপন করিয়া মীমাংসা করিয়াছেন, বাহুলা ভয়ে সে সম্নায়ের উল্লেখের প্রয়োজন নাই। অনুসন্ধিংস্থাণ তাঁহাদের টীকায় তাহা দেখিতে পাইবেন। সরল অর্থ নিচে দেওয়া হইল, (ইহার সম্বন্ধে সংক্ষেণ আলোচনা "বেদান্ত প্রবেশ" গ্রন্থে করা হইয়াছে):—

যেমন আভাদ জ্যোতির্নিধের বাহিরেই প্রতীত হয়, কিন্তু জ্যোতিনিধের সম্বার তাহার সম্বা, জ্যোতির্নিধ না থাকিলে তাহার প্রতীতি হয় না; যেরপ—প্রদ্ধকার জ্যোতিঃ প্রকাশের অন্তর্ন প্রতীত হয়, কিন্তু জ্যোতিঃ বাতিরেকে তাহার প্রতীতি হয় না, অর্থাৎ, জ্যোতিরাম্মা চম্মুঃ থারাই ভাহার প্রতীতি হয়, হস্ত, পদ, পৃষ্ঠাদি দারা ভাহার প্রতীতি হয় না, দেইরূপ অর্থ, অর্থাৎ পরমার্থ স্বরূপ যে আনি, আনার বাহিরে যাহার প্রতীতি হয়, অর্থাৎ, আমার প্রতীতি নাই, শ্রেমার প্রতীতি নাই, আমার প্রাতিরেকে যাহার প্রতীতি নাই, ডাহাকেই আমার মায়া বলিয়া স্থানিও। ভাগঃ হানাতহ এই শ্লোকের বিস্তৃত ও বিশ্বদ ভাবে আলোচনা "বেদান্ত প্রবেশ" গ্রন্থে নারাতশ্বালোচনায় করা হইয়াছে।

এই মায়া দ্বারাই ভগবান্ বিশ্বস্থা করিয়া পাকেন। শ্রীমন্তাগবতে বহুদ্বানে ইহা বর্ণিত আছে। এক স্থান হইতে কয়েকটি শ্লোক নিমে উদ্ধৃত হইল।

ভগবানেক আসীদমত্রা আত্মাত্মনাং বিভূঃ।
আত্মেচ্ছানুগতাবাত্মানানামত্যুপলক্ষণঃ॥ ভাগঃ ৩৫।২৩
স বা এষ তদা জন্তা নাপশুদ্গুমেকরাট ।
মেনেইসন্তমিবাত্মানং স্থপশক্তিরস্থপূদ্ক ॥ ভাগঃ ৩৫।২৪
সা বা এওশু সংজন্তুঃ শক্তিঃ সদসদাত্মিকা।
মায়া নাম মহাভাগ যয়েদং নির্দ্মমে বিভূঃ ॥ ভাগঃ ৩৫।২৫
কালবৃত্ত্যাতু মায়ায়ং গুণময্যামধােক্ষজঃ।
পুরুষণাত্মভূতেন বীর্যামাধন্ত বীর্যাবান্ ॥ ভাগঃ ৩৫।২৬
ততােহভবনাহত্তত্মব্যক্তাৎ কালচােদিতাং।
বিজ্ঞানাত্মাত্মদেহস্থং বিশ্বং ব্যঞ্জান্তমামুদঃ ॥ ভাগঃ ৩৫।২৭

জীবগণের আত্মা স্বরূপ এবং সকলের স্বামী সেই পরমাত্মা, যিনি স্পষ্টিকালে স্বইচ্ছার নানা বুদ্ধিতে উপলক্ষিত হয়েন, তাঁহার আত্মমায়া লীন হইলে, স্পষ্টির পূর্ব্বে এই বিশ্ব একমাত্র ভগবং স্বরূপে ছিল। ভাগ: ৩।৫।২৩

একমাত্র স্বপ্রকাশ তিনি দ্রষ্টারূপে প্রকাশমান ছিলেন, কিন্তু কোনও দৃশ্রা ছল না। দৃশ্যাভাবে দ্রষ্টার্থের ও অপ্রয়োজনীয়তা হেতু বা অভাব বশতঃ তিনি আপনাকে যেন কিছু অভাবগ্রস্ত (থালি থালি) বলিয়া মনে করিলেন। তখন তাঁহার শক্তি সকল তাঁহাতে স্থপ্ত বা লীন ছিল, প্রকটিত হয় নাই, কিন্তু তাঁহার জ্ঞান বা চিচ্ছক্তি অব্যভিচারী ছিল, প্রকাশমান ছিল অর্থাৎ জ্ঞেয়ের অভাবে আপনি আপনাকেই জানিবেন। ভাগঃ থব।২৪

দ্রষ্টা স্বরূপ পরমেশবের দ্রষ্ট, দৃশামুসদ্ধান রূপা শক্তিই মায়া, উহা কার্য্য কারণ উভয় স্বরূপা। ভগবান্ তাহার ঘারাই এই পরিদ্শুমান বিশ্ব নির্মাণ করিয়াছেন। ভাগঃ ৩/৫/২৫

চিচ্ছক্তি যুক্ত পরমাত্মা কালশক্তি হেতৃ গুণ ক্ষোভ যুক্ত মারাতে তাঁহার আত্মভুত প্রকৃত্যধিষ্ঠাতৃ পুকৃষের দারা বীধ্য বা চিদাভাস আধান করিলেন। ভাগ: ভাহা২৬

তদনস্তর কাল দ্বারা সংক্ষোভিত অব্যক্ত অর্থাৎ মান্না হইতে মহন্তত্ব স্পৃষ্টি হইল। তাহাতে বিজ্ঞানাত্মা এবং তমোনাশক প্রমেশ্বর,উচ্চৃন বীজ বেমন বৃক্ষকে প্রকাশ করে, সেইরূপ স্বদেহস্থ বিশক্ষে প্রকাশ ক্মিলেন। ভাগাঃ ভাগা২৭।

পুর্বের উল্লিখিত হইয়াছে যে, ভগবানের বহু হইবার ইচ্ছাতেই সৃষ্টি। এথানে ধলা হইল যে, তাঁহার একাকী থাকিবার ইচ্ছাতেই প্রলয় । এই প্রলয়ে দিপ্রকাশ জ্ঞানম্বরূপ ভগবান্ স্থপ্রশক্তি থাকেন, এবং সম্দায় বিশ্ব বীজভাবে বা ভাবরূপে कांशांत्र (पर्टर नीन थारक। आवांत्र वह रहेवात्र-हेच्छा रहेतनहे, मुम्मनाशिका কার্য্যকারণরপা নিজ মায়া শক্তিতে তিনি চিদাভাস অর্পন করেন, তাহা চইতেই মহত্তত্বের উদ্ভব, এবং ক্রমশ বিপরিনামে মহত্ত্ব হুইতে অহংকার প্রভৃতি উৎপন্ন হয়। ইহা ১।১।২ পতে আলোচনায় প্রদর্শিত হইয়াছে। অগ্নি সহযোগে জল উষ্ণ হইয়া যেমন পাক কার্যাদি সম্পন্ন করতঃ অন্ন, ব্যঞ্জন, মিষ্টান্নাদি অভিব্যক্ত করে, দেইরূপ স্বরূপে ক্রিয়া ব্যাপারে—মনমর্থা প্রকৃতি—চৈতন্ত সহযোগে কার্যশীলা হইয়া—জগদব্যাপার—অভিব্যক্ত করে। অভএব সাংখ্যোক্ত প্রকৃতি ও বেদান্তোক্ত মায়া বা প্রকৃতি, পরম্পরের মধ্যে ভেদ বুঝা গেল এবং কি কারণে দাংখ্যোক্ত প্রকৃতিকে স্থ্রাকার "**অশব্দং**" বলিয়াছেন, তাহা বুঝিতে পারিলাম।

তাঁহার ঈক্ষা দারা অর্থাৎ ইচ্ছাতেই সমুদায় সৃষ্টি, তাহা নিমোদ্ধত শ্লোকেও বর্ণিত হইয়াছে।

য ঈক্ষিতাহংরহিতোহপ্যদংসতোঃ স্বতেজ্বসাপাস্ততমোভিদাভ্রম: স্বমায়য়াত্মন্ত্রচিতৈস্তদীক্ষয়া প্রাণাক্ষধীভিঃ সদনেমভীয়তে।।

ভাগঃ ১০।৩৮।১০

যিনি কার্য্য ও কারণের ঈক্ষণ কর্ত্তা এবং অহংকার শৃত্য, যাঁহার নিত্য-স্ক্রণাত্নভূতি দ্বারা অজ্ঞান, ভেদ ও ভ্রম দ্রীভূত হইয়া থাকে, তথাপি তিনি নিজাধীন মায়া শ্বারা আপনারই ঈক্ষণে প্রাণ, ইন্দ্রিয় ও বৃদ্ধি সহিত আত্মতে রচিত জীবগণ সমভিব্যহারে বৃন্দাবনস্থ তবুনমৃহে এবং গোষীদিগের আলয়ে প্রতীয়মান হইয়া থাকেন। ভাগঃ ১০।৩৮।১০

য'তকাল ঈক্ষণ অর্থাৎ ভগবদিচ্ছা বর্ত্তমান থাকে, ততকালই পৌর্ব্বাপর্য্য সৃষ্টি ও দ্বিতি। ভাগ: ১১।২৪।২০

ন্বৰ্গ: প্ৰবৰ্ত্ততে তাবৎ পোৰ্ব্বাপৰ্ধ্যেন নিভাশ:।

মহান্ গুণবিদর্গার্থঃ স্থিত্যস্তো যাবদীক্ষণম্ ॥ ভাগঃ ১১।২৪।২०

ঈক্ষণং পালনেচ্ছামুকৃলং (বিশ্বনাপ চক্রবর্ত্তী)।

অতএব আমরা পাইলাম যে, সৃষ্টির জন্ম পুরুষ বা ঈক্ষণ কর্ত্তা, প্রকৃতি বা মায়া এবং কাল, এই ভিনেরই প্রয়োজন। এই ভিনই ব্রহ্মা হিহা সাসাহ স্থাত্তর আলোচনায় চিত্রাকারে দেখান হইয়াছে। দেখানেও ১১।১৪।১৯ শ্লোক উদ্ধৃত হইয়াছে। প্রকৃতি—উপাদান, পুরুষ—আধার রূপে নিমিত্ত কারণ, এবং কাল
—অভিব্যঞ্জক। ভাগঃ ১১/২৪/১৯

প্রকৃতিঃ চাম্যোপাদান মাধরঃ পুরুষঃ পরঃ। সভোহভিব্যঞ্জকঃ কালো ব্রহ্ম তদ্রিতয়ং অহম্।। ভাগঃ ১১।২৪।১৯

অত এব সাংখ্যাক্ত প্রকৃতি জগৎ কারণ নহে। ব্রহ্মই জগৎকারণ, প্রকৃতি তাঁহার শক্তি মাত্র। এই শক্তিই চৈতল্পময়ের ঈদ্ধণে কার্যাশীলা হইয়া জগতের উপাদান কারণ রূপে প্রতীয়মান হয় মাত্র। প্রত্যুতঃ শক্তি শক্তিমান্ হইতে অপৃথক্ বিধায় ব্রহ্মই জগৎকারণ ইহা সিদ্ধ হইল।

শ্রীমদ্ভাগবতে ১০ম স্কন্ধে ৮৭ অধ্যায়ে সমস্ত বেদ—স্ততি—তাৎপর্য নিমের স্নোকে সংক্ষেপে বর্ণিত আছে। ইহাতে অল্লের মধ্যে শ্রীভগবানের স্বরূপ, তাহার সহিত মায়া, জগৎ ও জাবের সম্বন্ধ, তাহার সাধন ও তদ্বারা লভ্যকল, বলা হইয়াছে। শ্লোকটি এই:—

যোহস্যোৎপ্রেক্ষক আদিমধ্যনিধনে যোহব্যক্তজীবেশ্বরো
যঃ স্প্টে,দমন্প্রবিশ্য ঋষিণা চক্রে পূরঃ শাস্তি তাঃ।
যং সংপত্ত জহাত্যজামমুশয়ী স্বপ্তঃ কুলায়াং যথা
তং কৈবল্যনিরস্তযোনিমভয়ং খ্যায়েদজস্রং হরিম্।। ভাগঃ ১০৮৭৪২

যিনি এই বিশ্বের উৎপ্রেক্ষক, অর্থাৎ বিশ্বস্থ জীবনিচয়ের প্রম্ পুরুষার্থ সিদ্ধির জন্ম বিশের সৃষ্টি, স্থিতি, লয় প্রয়োজনীয়, এই প্রকার আলোচক; যিনি প্রপঞ্চ বিশ্বের আদিতে মধ্যেও অস্তে বিরাজমান; যিনি অব্যক্ত প্রকৃতির ও জীবের নিয়স্তা ঈশ্বর; যিনি বিশ্বস্থলন করিয়া জীবরূপে তাহাতে অমুপ্রবেশ করিয়া আছেন, এবং জোগায়তন দেহ নির্মান করিয়া তাহার দারা জীবের জোগদান ও তাহার পালন করিতেছেন। স্বস্ত ব্যক্তি যেমন স্বশরীরের অভিমান পরিত্যাগ করে, সেইরূপ যাহাকে প্রাপ্ত হইয়া অমুশয়ী জীব অবিল্যা পরিত্যাগ করিয়া থাকেন, অথও স্বরূপাবস্থান দ্বারা মায়াসম্বন্ধরহিত ভবভয়হারী সেই শ্রীহরিকে অনবরত ধ্যান করা কর্ত্ব্য। এই প্রকারে তাঁহার চরণমূলে পতিত হওয়া ছাড়া অল্ উপায় নাই, ইহাই সম্দায় বেদের উপসংহার। ভাগঃ ১০৮৭।৪২

িউপরোক্ত ব্যাপ্যা পৃষ্কাপাদ শ্রীমচ্ছের রাচার্য্য ও শ্রীমদ্ রামা কুজাচার্য্য সম্মত।
শ্রীমদ্ মধ্বাচার্য্য ও তদ্মুদারী শ্রীমদ্ বলদেব বিভাভ্ষণ মহাশয়ের ব্যাখ্যা একট
অক্সপ্রকার।

ভিভি:-

- (১) অশব্দমস্পর্শমরূপমব্যয়ম্ ••• কঠ ১।৩।১৫
- (২) যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ। ২।৪।১
- (७) मूर्त्वत्वा य९ श्रम्भामन्छि । कर्र २।১«
- (৪) তত্ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামি ৷ বুহদারণ্যক ৩ ৯ ১২৬
- (৫) তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষস্থি। বৃহদারণাক

818122

(৬) বেলৈশ্চসর্বেরহমেব বেছঃ ... গীতা ১৫৷১৫

সংশয়ঃ—শিরোদেশে উদ্ধৃত শ্রুতি হইতে বুঝা যাইতেছে যে, একপক্ষে, ব্রন্ধ আবিঙ্জ,—মনদ-গোচর—ভিনি বাক্য ও মনের অগোচর, বাক্য ও মন তাঁহার নিকট পৌহুছিতে পারে না দেখ, ১॥১।২ স্থ্রে আলোচনায় উদ্ধৃত ১১।৩।১৭ শ্লোক। ভিনি "আশব্দমস্পর্শমরপ্রমব্যয়ং", ভিনি বাক্য, শ্রোত্ত, মনঃইত্যাদি সকলের নিয়ন্তা, তাঁহার দ্বারাই ইহারা সকলে নিজ নিজ কার্য্য করিয়া থাকে। অভএব, ইহাদের দ্বারা তাঁহাকে জানা অসন্তব। অন্ত পক্ষে শ্রুতি বলিতেছেন সমৃদায় বেদ তাঁহাকে প্রতিপাদন করে, ভিনি উপনিষদ পুরুষ ব্রাহ্মণেশ বেদাত্রবচনে তাঁহাকে জানিতে ইচ্ছা করেন। তাহা হইলে সংশয় উদয় হয় যে, ভিনি যথন বাক্য ও মনের দ্বারা অনির্দ্দেশ, ভবে সমৃদায় শান্ত তাঁহাতে সমন্বয় এবং সকলেই তাঁহাকে প্রতিপাদন করে, ইহা কি প্রকারে সন্তব ? এই আশব্দা উত্থাপন করিয়া সিদ্ধান্ত করিতেছেন যে:—

সূত্র :--

ঈক্ষতের্নাশব্দ ১।১।৫

ইক্ষতে ঃ—শ্রুতিতে দেখা যায় বলিয়া; কি দেখা যায় যে তিনি শ্রুতি স্বারা বাচ্য, অবাচ্য নহেন, এই হেতু—

ब :--ना

অশব্দ্য ঃ—শব্দবাচ্য নহেন।

তিনি যে অশব্দ অর্থাৎ শব্দ বাচ্য নহেন, তাহা নহে, কেননা শ্রুতিতে তিনি শ্রুতি দ্বারা বাচ্য বলিয়া কথিত আছেন। শিরোদেশে উদ্ধৃত বৃহঃ খানা২৬, ৪।৪।২২ ও গীতা ১৫।১৫ ইতা স্লম্পট্ট ভাবে প্রমাণ করে।

অতএব শব্দ তাঁহার বাচক, কারণ বেদে এই প্রকার কবিত আছে।

স বা অয়ং সখ্যমুগীতসংকথো বেদেষু গুহোষু চ গুহাবাদিভিঃ।
ভাগঃ ১/১০/২৪
গুর্ববর্ক লব্বোপনিষৎ স্কুচকুষা অলেন দারুণ্যভিমধামানঃ
অণুঃ প্রজ্ঞাতো হবিষা সমেধতে তথৈব মে ব্যক্তি রিয়ং হি বাণী।
ভাগঃ ১১/১২/১৬

হে স্থিপণ ! রহস্ত নিরূপক পণ্ডিত্তপণ বেদরহস্তে ইহারই সংক্রণ গান করিয়া থাকেন। ভাগঃ ১১১০।২৪

গুরুরপ স্থাদার। লব্ধ উপনিষংরপ স্তৃচক্ষু দারা ক্রিনি হইলে, প্রথমত:
বেমন আকাশে উন্মরণে ব্যাপ্ত অগ্নি কাঠেতে অধিক মথিত হইলে, প্রথমত:
ক্ষ্ম বিজুলিঙ্গরূপে উত্ত হইয়া, বায়ু সহকারে এবং ঘতপ্রাপ্তিতে বর্দ্ধিত হয়,
তদ্রেপ এই বেদরপী বাণী আমারই প্রকাশক জানিবে। ভাগঃ ১১।১২।১৬

আরও অনেক শ্লোক উদ্ধার করা যাইতে পারে, বাহুলাভরে বিরত হওয়া গেল। বেদ, বাকামনের অগোচর, তাঁহাকে কি প্রকারে প্রকাশ করেন, তাহা পূর্বের শাস্ত্রযোনিত্ব প্রকরণে আলোচনা করা হইয়াছে। এক্ষণে পুনংরায় সে বিচার ও আলোচনা উত্থাপন নিস্প্রয়োজন। শ্রীভাগবত সাক্ষাৎ ভাবে প্রকাশ করিয়াছেন যে, ওঁকার সমৃদায় বেদের বীজ স্বরূপ। যেমন বীজ হইতে অন্তর জন্মে, এবং অন্তর্রের যে, রস, তাহাই বিস্তারলাভ করিয়া কাও, শাখা, প্রশাখা প্রভৃতিতে অন্তর্গত হইয়া মহামহীক্ষরে প্রকাশ করে, এবং তাহা হইতে অন্তান্ত সমান জাতীয় মহামহীক্ষরে স্প্রের সন্তাবনা থাকে, সেইরূপ পরম পুক্ষের হৃদ্গত বীজভৃত স্ক্র ওঁকার হিরণ্যগর্ভক্ষপ ক্ষেত্রে পতিত হইয়া, প্রথমে নাদরূপে, ক্রমশং ত্রিবৃদ্ ওঁকার, ও তাহা হইতে বেদের কাও, শাখা, প্রশাখারূপে অভিব্যক্ত হয়, এবং অন্তান্ত শাস্তের উৎপত্রির সম্ভাবনা ও কারণ ঐ সকল বেদের শাখা প্রশাখায় নিহিত থাকে। এই ওঁকারই সাক্ষাৎভাবে প্রক্ষের বাচক।

সমাহিতাত্মনো ব্রহ্মন্ ব্রহ্মণঃ প্রমেষ্টিনঃ।
ফ্রতাকাশাদভূমাদো বৃত্তিরোধাদ্বিভাব্যতে ॥ ভাগঃ ১২।৬।৩২
ততোইভূ ব্রিবৃদোঁ স্কারো যোহব্যক্তপ্রভব: স্বরাট্।
যত্তলিঙ্গং ভগবতো ব্রহ্মণঃ প্রমাত্মনঃ।। ভাগঃ ১২।৬।৩৪
স্বধামো ব্রহ্মণঃ সাক্ষাদ্বাচকঃ প্রমাত্মনঃ।
স সর্ব্বসম্বোপনিষ্টেদবীজং সনাতন্ম্।। ভাগঃ ১২।৬।৩৬

সমাধি সম্পন্ন পরমেটী ব্রহ্মার হৃদাকাশ হইতে প্রথমত: নাদ উৎপন্ন হুইল, যাহা আমরা কর্নবৃত্তি আচ্ছাদন করিয়া, অন্তরে অফুভব করিয়া থাকি। ভাগ: ১২।৬।৬২

অনস্তর সেই নাদ হইতে অব্যক্ত প্রভব, স্বয়ং হৃদ্যে বিরাজমান ত্রিমাত্র কুরার উৎপন্ন হইল, যাহা পরমাত্মা ভগবানের বোধের দার স্বরূপ। ১২।৬।৩৪

ভাহা স্বপ্রকাশ পরমাত্রা ব্রন্ধের সাক্ষাৎ বাচক শব্দ, এবং সম্দায় বৈদিক মন্ত্রোপনিষদের নিত্য বীজস্বরূপ। ভাগঃ ১২।৬।৩৬

পূর্বে ১।১।৪ পতের আলোচনায়—উদ্ধৃত ২১।২১।৪২ শ্লেকের টীকায়
পূজাপাদ শ্রীমদ্ শ্রীধর স্থামী ভাবার্থ লিখিতেছেন: "যথা হঙ্গুরে যো রসঃ,
সএব তদ্বিস্তারভূত —নানা—কাণ্ড—শাখাস্থপি, তথৈব প্রণবস্ত যোহর্থঃ পরমেশ্বরঃ,
স এব তদ্বিস্তারভূতানাং সর্ববেদকাণ্ড—শাখানামপি—সঙ্গুছেতে, নাক্ত ইতি"।
(শ্রীধর)।

অঙ্গুরে যে রদ, তাহাই বিস্তার লাভ করিয়া, কাওশাথাদিতে ব্যাপ্ত হয়, সেইরূপ প্রণবের যে অর্থ পরমেশ্বর রূপ, তাহাই বিস্তার লাভ করিয়া সর্ববেদ কাও শাথায় ব্যাপ্ত হয়। (শ্রীধর)

অতএব দিদ্ধান্ত হইল যে, প্রণবই পরব্রদের বাচক, এবং দে কারণে প্রণব হইতে বিস্তার লাভ করিয়া বেদের বিকাশ হওয়ায়, তাহারাও ব্রদ্ধের বাচক। স্বতরাং ব্রদ্ধ, শব্দের অবাচ্য নহেন, সিদ্ধ হইল। ওঁরার যে পরব্রদ্ধের বাচক তাহা মৎকৃত "গায়ত্রী রহস্ত" পুস্তকে ওঁরার তত্বালোচনায় ৪ অমুচ্ছেদে প্রতিপাদিত হইয়াছে, এক্ষণে আর বিস্তার করিলাম না।

প্রণব বা ওঁকার কি প্রকারে ব্রন্ধের বাচক, তাহা আমরা অন্তপ্রকারে ব্রিতে চেষ্টা করিব। আমরা ১০০ প্রের আলোচনায় পাইয়ছি যে, গণিতের ভাষায় বলিতে গেলে, বলিতে হইবে যে, ব্রন্ধে অনস্ত পরিমাণ বিশার বস্তবেক শব্দতত্বে বা শব্দস্তরে (in the plane of Sound) অবভরণ করিতে হইলে এমন একটি মূর্দ্ধি গ্রহণ করিতে হইবে, যাহা বাগ্যন্ত্রের আদি মধ্য ও অস্ত সমৃদায় ব্যাপিয়া অবস্থান করিতে পারে। 'উয়' এই শব্দে তিনটি অক্ষর আছে—অ, উ, ও ম্। এই তিনের সন্ধি দারা ওঁম্ শব্দ সিদ্ধ হয়। "অ" এর উচ্চারণ স্থান কণ্ঠ এবং 'য়' এর উচ্চারণ স্থান, ওঠ। 'উ' কারের উচ্চারণ স্থান মূর্দ্ধা—কণ্ঠ ও ওণ্টের মধ্য স্থান। স্থতরাং 'অ', 'উ' ও 'ম্' এই তিনটি অক্ষর বাগ্যন্তের আদি মধ্য ও অস্তে বর্তিমান। স্থতরাং 'অ', 'উ' ও 'ম্' এই তিনটি অক্ষর বাগ্যন্তের আদি মধ্য ও অস্তে বর্তিমান। স্থতরাং ওঁম্ এর উচ্চারণ সমগ্র বাগ্যন্ত্র ব্যাপিয়া ধ্বনিত হয়।

এত গেল স্থূল অরময় কোষের কথা। কিন্তু ওঁফারের শক্তি মাত্র স্থূল শরীরে निवक नटह। रेहा প্রাণময়, মনোময়, विজ্ঞানময় কোষেও কার্য্যকারী। ত্রন্ধোপনিষদন্ম্পারে 'অ'-কার জাগরিত স্থান এবং তাহার পরিচালক ত্রন্ধার জ্ঞাপক, 'উ' কার স্বপ্নস্থান এবং উহার নিয়ন্তা বিষ্ণুকে এবং 'ম'কার সুষ্প্রিস্থান এবং উহার অধিষ্ঠাতা রুদ্রকে নির্দেশ করত: অ, উ, ম সমবায়ে ওঁম্ কি সূল, কি স্ক্স উভয় জগৎ এবং তাহাদের অধিষ্ঠাতা দেবতাগণকে ক্রোড়ীকৃত করিয়া অভিবাক্ত হার এবং উহার 🗸 (চন্দ্রবিন্দু) অক্ষর তত্ত্বের নির্দেশক। এপ্রসঙ্গে মংগ্রণীত "গায়ত্রী রহস্তু" পত্তকের ৬ ও ৭ পুর্চা দ্রন্থীয়। সেই অক্ষর বা তুরীয় তত্ত প্রমাত্মা, পরবন্ধান বাহদেব। তাঁহার আশ্রে সৃষ্টি, দ্বিভি লয় অবস্থিত। যেমন গভীর স্তিমিত সমুদ্র চির্বিগ্রমান, তাহার উপরে তরুদ্ধ, ফেন বুদ্বুদ্ কত উঠিতেছে, ভাসিতেছে, আলোড়ন করিতেছে, আবার কিছু পরে তিরোহিত হইতেছে, তাহাতে সমূদ্রের গভীরতার, স্তিমিত ভাবের কোনও পরিবর্ত্তন হয় না। সেইরূপ সেই জগদাধারের আধারে কতশত ব্রহ্মাণ্ড উথিত হইয়া কতক কাল স্থাবর-জন্ম জীবগণের জীবন-যাত্রায় কার্য্যশীল হইয়া, আবার দেই আধারে লীন হইতেছে। তাহাতে দেই নিতা, অবায় জগদাধারের কোনও প্রকার বিকার, বিকল্প কিছুই নাই। ওঁকার উচ্চারণের সঙ্গে সঙ্গে এই ভাব হৃদ্য়ে উদয় হয়, অস্ততঃ উদয় হওয়া প্রয়োজন, ওঁকার উপাসনার ইহাই বিধান।

আমরা দৈনিক জীবন যাত্রায় জাগ্রৎ, স্বপ্ন ও স্থয়্প্তি এই অবস্থাত্রয় ভোগ করি। এই তিন অবস্থায় আমাদের জ্ঞান অব্যভিচারী ভাবে থাকে। এবং এই জ্ঞানের সাহায্যেই আমরা এই তিন অবস্থার উপলব্ধি করি। জাগ্রৎ কালে কভবিধ বস্তু আমাদের ইন্দ্রিয়দারে উপস্থিত হইয়া, তদ্বিষয়ক জ্ঞান লাভের সহায়তা করে। আমাদের স্বভঃসিদ্ধ জ্ঞান দারাই, তাহার উপলব্ধি করিয়া থাকি। স্বপ্নে স্থতিপটে সঞ্চিত, জাগ্রাদাবস্থালক বস্তু বিষয়ক জ্ঞান হইতে ত্যাগ এবং গ্রহণ দ্বারা কভকগুলি যথেচ্ছভাবে সংযোগ বিয়োগ করিয়া, সেই স্বভঃসিদ্ধ জ্ঞান দ্বারাই জ্ঞাতার অভিনয় করিয়া থাকি। আবার স্ব্যৃপ্তিতে "আমি স্বথস্থ্ও ছিলাম, কিছুই জানিতে পারি নাই"—এ জ্ঞান স্ব্যৃপ্তি হইতে উথিত হইবার গর থাকে, জানি। স্বভরাং এ তিন অবস্থাতে আমাদের জ্ঞান অব্যভিচারীভাবে সাক্ষী স্বরণে বর্ত্মান থাকে। যেমন আমাদের জ্ঞান স্ব্যুপ্তি অবস্থাতে আমাদের অব্যভিচারী জ্ঞান সাক্ষী স্বরণে চিরবর্ত্মান থাকে এবং সেই জ্ঞানের উপরই উক্ত অবস্থাত্রয় ভাসমান হইয়া জীবন যাত্রার পদ্ধা স্থগম

ন্ধরে; দেইরূপ বিশ্বের স্ষ্টি, স্থিতি ও প্রালয়, এই অবস্থাত্রয় ও এক অব্যভিচারী গাক্ষী স্বরূপ পরম জ্ঞানের উপর বর্ত্তমান থাকে। ওঁদ্ধারই দেই অব্যভিচারী প্রম জ্ঞানের প্রতীক।

মাণ্ক্য উপনিষদে ওঁ সার তত্ত্ব প্রকটিত হইয়াছে। উপনিষদের আরভেই উপদিন্ত হইরাছে যে, ওঁ সারই এই পরিদৃশ্যমান নিখিল জগং। ভৃত, ভবিশুং ও বর্তমান এবং ত্রিকালাতীত সম্দায়ই, ওঁ সার। অতএব ওঁ সার পর ও অপর ব্রহ্মের প্রতীক। এই ওঁ কারই আত্মা, ইহা ব্রহ্ম এবং ইহা চতুম্পাদ, অর্থাং ইহার চারি অংশ। যদিও নিরবয়ব, নিফল ব্রহ্মের পাদ বা অংশ সত্য নহে, উহা আরোপ মাত্র। ভাষার ওঁ স্লার বা ব্রহ্মতত্ত্ব প্রকাশ করিবার জন্য উহার ব্যবহার করা হয় মাত্র।

প্রথম পাদ 'অ' কার। জাগ্রদবন্ধা—ইহার কার্যাভূমি। বাহুবিষয়ে ইহার অনুভূতি—ইনি বৈশ্বানর বা সম্প্রি তুল-শরীরাভিমানী বিরাট।

ছিতীয় পাদ 'উ' কার। স্বপ্লাবস্থা ইহার কার্যাভূমি। ইহার জ্ঞান অন্তরে—ইনি তৈজ্ব—বা বমষ্ট লিঙ্গণরীরাভিমানী হিরণাগ্র্ড।

তৃতী পাদ 'ম' কার। স্ব্ধি অবস্থা ইহার কার্যাভূমি। ইহার বাহ্ন ও আন্তর জ্ঞান — জানস্বরূপ একী ভাবপ্রাপ্ত, বিশেষ বিরহিত, আনন্দপূর্ণ, প্রজ্ঞানঘন, প্রাজ্ঞ।

চতুর্থ পাদ অমাত্র, ভূরীয়, তিনি বৈখানর নহেন, তৈজস নহেন, জাগ্রৎ ও স্বপ্নের মধ্যবর্ত্তী জ্ঞানসম্পন্ধও নহেন, প্রজ্ঞানঘন প্রাক্তও নহেন; জ্ঞাতা নহেন, অচেতন নহেন; তিনি অদৃগ্র, অব্যবহার্য্য, অগ্রাহ্য, অলক্ষ্য, অচিস্তা, অনির্ব্বাচ্য, কেবল "আত্মা" এই প্রকার প্রতীতিগম্য, জাগ্রদাদি প্রপঞ্জের নিবৃত্তি স্থান, শাস্ত, মসলময়, অহিতে। তিনিই আত্মা, তিনিই একমাত্র জ্ঞাতবা।

অতএব ইহা হইতে ম্পষ্ট উপলব্ধি হইবে যে, ওঁকার উচ্চারণের সঙ্গে সঙ্গে জাগ্রৎ, স্বপ্ন, স্বয়ৃপ্তি, এই তিন অবস্থার যুগপৎ উপলব্ধি এগং উহারা কেহই যে নিত্য সত্য নহে, উহারা সকলেই একমাত্র ত্রীয় পরমার্থ সত্যে প্রতিষ্ঠিত, এবং উহাদের ক্রমশঃ পরম্পর লয়ে, দেই ত্রীয়ের উপলব্ধি হইতে পারে, এবং তাহাই একমাত্র জানিবার, বৃঝিবার, প্রার্থনা করিবার বস্তু; ইহাই মাণ্ডুক্য শিক্ষা দিতেছেন:—

গোপালোত্তর—তাপণী শ্রুতিতেও এই একই উপনেশ আছে। উহার মতে সম্বর্ষণ 'অ' কারাত্মক—বিশ্ব বা জীব; প্রাপ্তাক্ষ 'উ' কারাত্মক—তৈজদ (মনের অধিষ্ঠাতা) এবং **অনিক্লম্বর্ক 'ম' কারাত্মক**—প্রাক্ত (অহংকারের অধিষ্ঠাতা) এবং বাস্থাদেব শ্রীকৃষ্ণ অর্দ্ধনাত্রাত্মক তুরীয়া, তাহাতেই অপর তিন প্রতিষ্ঠিত। এবং ওঁকার উচ্চারণে যুগণৎ শ্রীভগবানের চতুর্ব্যহের এবং ঐ চতুর্ব্যহাত্মক পরপ্রন্ধের উপলব্ধি হইয়া থাকে, এবং এই চারিই অভেদ, একই তত্ব। স্প্রীর জন্ম ভগবদিচ্ছায় পৃথক্ রূপে প্রতিভাত হন মাত্র। মহাভারতের শান্তি পর্বে মোক্ষ ধর্ম পর্বাধ্যায়ে, নারায়ণীয়ে ৩৪০ অধ্যায়ে এই চতুর্ব্যহ

বেমন চেতন পুরুষের শব্দ স্তরে অভিব্যক্তি স্বরে বা ধ্বনিতে—সেইরপ চৈত্যুময়ের শব্দ স্তরে অভিব্যক্তি ওঁয়ারে। যেমন সাধারণ লোকে স্তরের মাত্রা, তাল, রাগা, রাগিনী, মূর্চ্ছনা প্রভৃতি ভেদে সঙ্গীত স্পৃষ্ট করের সেইরপ চৈত্যুময় হইতে নি:স্ত ওঁয়ার ধ্বনি এই জগৎপ্রপঞ্চ স্বরিয়া থাকে। এই বিচিত্র জগৎ প্রপঞ্চ চৈত্যুময়ের সঙ্গীত। যতক্ষণ মাত্রা, তাল, রাগা, রাগিনী, মূর্চ্ছনা ইত্যাদি বর্ত্তমান থাকে, ততক্ষণই সঙ্গীতের স্থিতি, সেইরপ স্বতক্ষণ এই অনাদি ওঁয়ার ধ্বনি চৈত্যুময় হইতে ক্পন্দিত হইতে থাকিবে, ততক্ষণই বিশ্বপ্রপঞ্চের স্থিতি। উহা নি:বৃত্ত হইলে প্রলয়। জীব হৃদয়ের ক্ষান্দনে, প্রনের স্থননে, সাগরের উচ্ছাদে, অশ্নির গর্জনে, আমরা এই ওঁয়ার ধ্বনিরই ক্ষাণ প্রতিধ্বনি শুনিতে পাই।

অতএব, ওঁরারই ব্রন্ধের প্রতীক, এবং তাঁহার বাচক। যেমন কাহারও নাম ধরিয়া ডাকিলে তাহার মনোযোগ আরুই হয়, সেইরূপ ওঁরার উচ্চারণ করিলেই উচ্চারকের মনে পরব্রন্ধ নিজতত্ব স্কুরণ করিতে উন্মুথ হয়েন। এই ধারণা এবং এই বিখাসই ওঁরার উপাসনার মূলে বর্ত্তমান।

অতএব প্রতিপাদিত হইল যে, পরব্রম্ম শন্দবাচ্য—ওঁঙ্কার তাঁহার বাচক এবং দে কারণ ওঁঙ্কার হইতে অভিব্যক্ত শাস্ত্রও তাঁহাকে প্রকাশ করিতে সমর্থ।

ওঁ স্বার তত্ত্বে বিস্তারিত আলোচনা মংপ্রণীত "গায়ত্রী রহস্তা" পুস্তকে যথাশক্তি করা হইয়াছে। বিষয়টি স্বনিষ্ঠ করিবার জন্ম তাহা হইতে সংক্ষেপ করিয়া লিখিত হইল।

ভিত্তি:-

"ঐতদাত্মামিদং সর্ববং তৎ সত্যাং স আত্মা"। ছাঃ ৬৮।৭

এ সমস্তই এতৎস্বরূপ, সেই সৎপদার্থ ই সত্যা, তাহাই আত্মা। ছাঃ ৬৮।৭

সংশায়—শ্রুতিতে জগৎকারণের ঈক্ষিতৃত্ব কথিত আছে, এজন্য—সিদ্ধান্ত করা

হইল যে,—সাংখ্যোক্ত অচেতন প্রধানের ঈক্ষিতৃত্ব সম্ভব নহে,—অতএব অচেতন
প্রধান জগৎ—কারণ নহে। এ স্থলে পূর্বরণক্ষ আপত্তি উত্থাপন করিতেছেন যে,
ঈক্ষণ ম্থ্যার্থে ব্যবহার না হইতে পারে, গোণার্থে হইতে পারে, কারণ শ্রুতিতেই
আছে "তেজ ঈক্ষণ করিলেন", "জল ঈক্ষণ করিলেন"। স্থতরাং লৌকিক
ব্যবহারে যেমন আমরা পতনোন্ম্য নদীকুল সম্বন্ধে বলিয়া থাকি যে, নদীকুল
পড়িতে ইচ্ছা করিতেছে, অথবা রোদ্রে দক্ষপ্রায় "ধান্ত বৃষ্টির প্রতীক্ষা করিতেছে",
"বৃক্ষলতা সকল বার্রিবর্ষণে হর্ষনাভ করিল", এরণ স্থলে যেমন—অচেতনে
উপচারিক চেতনবৎ কার্য্যের আরোপ হয়, সেইরূপ ঈক্ষণের গৌণার্থ হইতে
পারে, এবং তাহা হইলে উহা অচেতন প্রধানে প্রযোজ্য হইতে পারে, ইহার
উত্তরে স্ত্রকার বলিতেছেন ঃ—

সূত্র ঃ—

গৌণশ্চেনাত্মশব্দাদ্॥ ১।১।৬ গৌণঃ + চেৎ + ন + আত্মশব্দাদ্

গৌল ঃ—ঈক্ষণের ম্ব্যার্থ নহে, গৌণ অর্থ মাত্র। চেহে ঃ—য় দি বল। লঃ—
না। আত্মান্দাহে—আত্মান্দের প্রয়োগ হেতু। পূর্বাস্ত্রে যে ছান্দোগ্য প্রতি
উদ্ধৃত হইয়াছে (ছাঃ ৬।২।১), তাহা যে প্রকরণে আছে, তাহার উপসংহার
হইতে স্পান্ত প্রতীয়মান হয় যে যে সৎপদার্থের "ঈক্ষণ" উক্ত হইয়াছে, সেই
সৎপদার্থ সম্বন্ধে প্রতি ঘোষণা করিয়াছেন "ঐ ওদাত্ম্যামিদং সর্ববং, তহ
সভ্যং, স আত্মা"। ছান্দোগ্য ৬।৮।৭—৬।১৬।৩। স্বতরাং "আত্মা" শব্দের
প্রয়োগ থাকায় উহা চেতনকে ব্রাইতেছে, স্বতরাং "ঈক্ষণ" মৃব্যার্থেই প্রযুক্ত
হইয়াছে। অত এব সাংখ্যাক্ত অচেতন প্রধান জগৎকারণ নহে।

শ্রীমন্তাগবত এরলে কোনও সংশরের অবদর মাত্র রাথেন নাই।
১০০০ ক্ষেত্ত বিকরণের আলোচনায় শ্রীমন্তাগবতের অথা২০ হইতে
আথা২৭ পর্যান্ত যে শ্লোকগুলি উদ্ধৃত হইয়াছে, তাহাতে স্পষ্টই কথিত আছে
যে, স্প্রির পূর্বের একমাত্র পরমাত্মা ভগবান্ই ছিলেন, তিনি জীবগণের আত্মা,
তাঁহার একাকী থাকিবার ইচ্ছাতেই প্রপঞ্চ জগৎ তাহাতে লীন ছিল। একই

াথা২০ শ্লোকে শ্রীভগবান্ সম্বন্ধে তিনবার "আত্মা" শব্দ প্রয়োগ হইয়াছে,

১) আত্মনাং আত্মা, (২) আত্মেচ্ছামুগতৌ, (৩) আত্মা। এবং পরবর্ত্তী

ক্ষেকটি—শ্লোকে স্ষ্টে প্রক্রিয়া বর্ণিত হইয়াছে। নিমেলিথিত শ্লোকও একই অর্থ
বিশ্বভাবে প্রকাশ করে।

আত্মাবাস্থমিদং বিশ্বং যৎকিঞ্চিজ্জগত্যাং জ্বগৎ। ভাগঃ ৮।১,৮

এই বিশ্ব এবং ইহাতে যা কিছু দেখিতে পাওয়া যায়, সম্দায়ই আত্মার ক্ষেরের) সন্তা ও চৈতন্ত ধারা ব্যপ্ত। ভাগঃ ৮।১।৮

স্তরাং জগৎ কারণ পরমাত্মা ভগবান্ ভিন্ন যে অপর কিছু হইতে পারে, তাহার কিছুমাত্র সংশয় হইতে পারে না। অতএব শ্রুতিতে "ঈক্ষণ" মৃথ্যার্থে ব্যবহৃত হইয়াছে, দিদ্ধ হইল।

উপরে লিখিত অর্থ শ্রীমচ্ছয়রাচার্য্য ও শ্রীমন্রামামূজাচার্য্য সমত। শ্রীমন্ মধ্বাচার্য্য ও শ্রীযুক্ত বলদেব বিভাভ্ষণ মহাশয় অভ্যপ্রকার অর্থ করেন। তাহা নিমে বিবৃত হইল।

সংশয়—পূর্ব পত্তে জগৎকারণ ব্রহ্ম বাচ্য বলিয়া প্রতিপাদিত হইয়াছে।
কিন্তু শব্দ গুণবৃত্তি বিশিষ্ট, উহা সগুণ বস্তুর অবরোধ জন্মাইতে পারে, তাহা
হইলে ব্রহ্ম যদি শব্দবাচ্য হইলেন, তবে তিনি সগুণ, এবং শব্দ অর্থাৎ বেদ তাহা
হইলে নিগুণ ব্রহ্মকে প্রকাশ করিতে পারে না। ইহার উত্তরে প্তে করিলেন:—

গৌণশ্চেরাত্মশব্দাদ্—১।১।৬

গৌণঃ—দগুণ। চেৎঃ—যদি বল। নঃ—না। আত্মশব্দাৎ:— আত্মশব্দের প্রয়োগ হেতু।

আর শ্রুতি হইতে উদ্ধারের প্রয়োজন নাই। শ্রীমদ্ভাগবত কি বলিয়াছেন, তাহারই আলোচনা করা যাউক।

আত্মাব্যয়োহগুণঃ শুদ্ধঃ স্বয়ং জ্যোতিরণারতঃ। ভাগঃ ১১।২৮।১২ এথানে আত্মা নিগুণ, অব্যয়, শুদ্ধ, স্বয়ং জ্যোতি এবং অনাবৃতস্বভাব, অর্থাৎ সর্ব্ব্যাপী পাইলাম। সপ্তণ নহে, বুঝা গেল। ভাগঃ ১১।২৮।১২

কিন্তু নিগুণ হইলেও তাঁহার গুণের অন্ত নাই। শিবক্রদাদি যোগেশ্বরগণও তাঁহার গুণের অন্ত পান না। ভাগঃ ১১৮৮১৪

নান্তং গুণানামগুণস্ত জগ্ম, যোগেশ্বরা যে ভবপাদ্মমুখ্যাঃ।

ভাগঃ ১।১৮।১৪

গুণ-পরিণাম রূপ গুণ, অর্থাৎ প্রাকৃতিক গুণ তাঁহাতে নাই, কিন্তু নিত্যগুণ

সকল তাঁহাতে বর্ত্তমান, এজন্ম শ্রুতি তাঁহাকে নিগুণ বলিয়া বর্ণনা করিয়াছেন, কারণ তিনি প্রাকৃতিক গুণের অতীত।

মাং ভদ্ধন্ত গণঃ সর্বের্ব নিগুর্বাং নিরপেক্ষকম্।
স্থান্থ প্রিয়মাত্মানং সাম্যাসঙ্গাদয়ো গুণাঃ। ভাগঃ ১১।১৩।৩৯
সনাদিরাত্মা পুরুষো নিগুর্বাঃ প্রকুডেঃ পরঃ।
প্রত্যাগ্রামা স্বয়ং জ্যোতির্বিস্থং যেন সমন্বিতম্ ॥ ভাগঃ ৩২৬।৩
সাত্মা গ্রেকঃ স্বয়ংজ্যোতির্বিত্যোহক্যো নিগুর্বাণ গুর্বাং।
আত্মস্টেস্তংকুতেমু ভূতেমু বহুধেয়তে ॥ ভাগঃ ১০।৮৫।২২
হরির্হি নিগুর্বাঃ সাক্ষাৎ পুরুষঃ প্রকুতেঃ পরঃ।
স সর্ব্বদৃগুপত্রস্থা তং ভদ্ধনিগুর্বাণ ভবেৎ ॥ ভাগঃ ১০।৮৮।৪
আমি নিগুর্বা, নিরপেক্ষ, স্থায়ৎ, প্রিয়, আত্মা এবং প্রাকৃতিক গুণাতীত্ব

দর্ব ইন্দ্রিরে অগম্য পরম ধাম স্বরূপ যে আত্মা, তিনিই পুরুষ, তিনি অনাদি, প্রকৃতি হইতে ভিন্ন, নির্ন্তণ, স্বপ্রকাশ, এই বিশ্ব তাঁহার সহিত সময়িত। ভাগঃ থাং৬।৩

শ্বরং জ্যোতিঃ শ্বরূপ এই এক আত্মা শ্বীয় স্থ গুণ ঘারা উৎপাদিত দেহ সকলে বহুপ্রকারে প্রকাশিত হয়েন, কিন্তু শ্বরূপতঃ তিনি নিতা ও নিগুণ। ভাগঃ ১০৮৫।২২

হরি সাক্ষাৎ নিপ্তর্ণ পুরুষ, প্রকৃতির পর, স্বপ্রকাশ ও সর্ব্বসাক্ষী। তাঁহাকে ভজনা করিলেই নিপ্তর্ণন্ত প্রাপ্তি হয়। ভাগঃ ১০৮৮।৪

বিলক্ষণঃ স্থূল—সৃদ্ধান্দেহাদাত্মেক্ষতা স্বদৃক্। ভাগঃ ১১।১০।৮
দৃশ্য পদার্থ স্থূল ও স্ক্ষানে হইতে ভিন্ন, দ্রন্তা, স্বয়ংপ্রকাশ আত্মা। ১১।১০।৮
সপ্তাণমপ্তাণঃ স্কামি পাসি হরসি। ভাগঃ ৬।৯।৩১
নিজে নিপ্তাণ হইয়া এই সপ্তাণ বিশের স্কৃষ্টি, স্থিতি, লয় করিতেছেন।
ভাগঃ ৬।৯।৩১

অতএব প্রতিপাদিত হইল যে, জগৎকারণ শ্রীভগবান্ যদিও নিজ মায়াশক্তি গ্রহণে জগতের স্বাষ্টি, স্থিতি ও লয় করেন, তিনি সগুণ নহেন, তাঁহাতে প্রাকৃতিক গুণের গদ্ধমাত্র নাই, তিনি নিগুণ, এবং শ্রুতি সকল এই নিগুণ আ্মাত্মা স্বরূপ ভগবান্কেই প্রতিপাদন করেন। প্রাকৃতিক গুণাতীত বলিয়া নিগুণ হইলে ও তাতে তাঁহার স্বরূপান্নবন্ধী অসংখ্য গুণ বর্ত্তমান। এই সমৃদায় গুণের ক্ষীণ প্রতিচ্ছবিই প্রাকৃতিক গুণের অভিব্যক্তি করে।

ভিত্তি:--

মন্ত্র—"তস্ত্র তাবদেব চিরং, যাবন্ন বিমোক্ষেহ**ও সম্প**ংস্ত্র"। ছাঃ ৬'১৪'২

মৃন্কুর সেই পর্যন্ত বিলম্ব, যাবৎ সে দেহ নিমুক্তিনা হয়, দেহত্যাগের পর সং সম্পন্ন হয়, অর্থাৎ মৃক্ত হয়। ছাঃ ৬১১৪।২

নিমোক্ত কারণে সাংখ্যোক্ত প্রধান জগৎ কারণ নহে।

সূত্র ঃ —

তল্লিষ্ঠস্ত মোক্ষোপদেশাৎ॥ ১।১।৭

७९ + निष्टेश + याक + উপদেশ।

তৎ:—"দং" শন্ধ বাচ্য জগৎকারণে। নিষ্ঠস্তঃ—যাহার নিষ্ঠা বা তৎপরতা আছে তাহার। মোক্ষঃ—মোক্ষপ্রাপ্তি—সংসার হইতে উত্তরণ। উপদেশাৎ:—উপদেশ থাকা হেতু।

শিরোদেশে উদ্ধৃত শ্রুতিমন্ত্র সৎ সম্বন্ধীয় প্রকরণে আছে এবং উহাতে স্পষ্ট উপদেশ আছে নে, 'সং' শব্দ বাচ্য জগৎ কারণে নিষ্ঠা হেতু দেহত্যাগের পর মৃমুক্ষু ব্যক্তি সৎ সম্পন্ন হয় বা মৃক্ত হয়।

বিবশ হইয়া তাঁহার নাম মাত্র গ্রহণ করিলে ঘোর সংসার সাগরে নিমগ্ন ব্যক্তি মৃক্তি প্রাপ্ত হয়। নাম মাত্র করিলেই হইল,—তাহা সঙ্কেত রূপে হউক, বা পরিহাস রূপে হউক, তাহাতে আসে যায় না। অনল যেমন বস্তুশক্তি দ্বারা কান্ঠ দগ্ধ করে, ঔষধ যেমন অনিচ্ছাপূর্বক সেবন করিলেও, নিজের স্থগত শক্তি দ্বারা রোগ আরোগ্য করে, সেই প্রকার শ্রদায় হউক, হেলায় হউক, মনোযোগের সহিত হউক, বিবশ ভাবেই হউক, জ্ঞানে হউক, অজ্ঞানে হউক, ইচ্ছায় হউক, অনিচ্ছায় হউক, তাঁহার নাম গ্রহণ করিলে, জীবের মহৎ কল্যাণ হয়, এবং মোক্ষদল করায়ত্ত থাকে। অচেতন প্রধানের পক্ষে তাহা সপ্তব নহে।

আপন্নঃ সংস্তিং ঘোরাং যরাম বিবশো গৃণন্।
ততঃ সভো বিমূচ্যেত যদিভেতি স্বয়ং ভরম্॥ ভাগঃ ১।১।১৪
অকামঃ সর্বকামো বা মোক্ষকাম উদারধীঃ।
তীব্রেন ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্॥ ভাগঃ ২.৩।১০
সাঙ্কেতাং পারিহাস্তং বা স্তোভং হেলনমেব বা।
বৈকৃতি নামগ্রহণমশেষাঘহরং বিহুঃ॥ ভাগঃ ৬।২।১৪

পতিতঃ স্থালিতো ভগ্নঃ সংদপ্তন্তপ্ত আহতঃ।
হরিরিত্যবশেনাহ পুমান্ন ইতি যাতনাঃ॥ ভাগাঃ ৬:২।১৫
অজ্ঞানাদপবাজ্ঞানাত্তমশ্লোকনাম যং।
সন্ধীর্ত্তিত মঘং পুংসো দহেদেধো যপ:নলঃ॥ ভাগাঃ ৬:২।১৮
যথাগদং বীর্ঘাতমমুপযুক্তং যদৃচ্ছয়া।
অজ্ঞানতোহপ্যাত্মগুণং কুর্য্যান্মন্ত্রোহপ্যাদাহতঃ॥ ভাগাঃ ৬:২।১৯

ঘোর সংসারে পতিত ব্যক্তি বিবশ হইয়াও ধাহার নাম উচ্চারণ করিলে সংসার হইতে সদ্য মৃক্তিলাভ করে। ভয় আপনি তাঁহা হইতে ভয় পাইয়া পলায়ন করে। ভাগঃ ১।১।১৪

উদার বৃদ্ধি ব্যক্তি অকামই হউন, সর্ব্বকাম হউন বা মোক্ষকামী হউন, ভীব্র ভব্তিযোগ দ্বারা পরম পুরুষকে ভজনা করা তাঁহার উচিত। ভাগঃ ২।০০১ সক্ষেতেই হউক, পরিহাসেই হউক, গীতালাপ প্রণার্থ হউক, অবজ্ঞাক্রমেই হউক, ভগবান্ নারায়নের নাম যে কোনও রূপে গ্রহণ করিলে, অশেষ পাপ নাশ হয়। ভাগঃ ৬।২।১৪

উচ্চ গৃহাদি হইতে পতিত, যাইতে যাইতে শ্বলিত বা ভগ্নগাত্র, সর্পাদি কত্ত্বি দৃষ্ট, জরাদি রোগে সম্তপ্ত, দণ্ডাদি দ্বারা আহত হইয়া অবশে ও যে কোনও পুরুষ যদি "হ্বি" এই শব্দটি উচ্চারণ করে, তাহার কথনও নরক যাতনা হয় না। ভাগঃ ভাবাঃ

অজ্ঞান বশতঃ হউক, বা জ্ঞানে হউক, উত্তম শ্লোক ভগবানের নাম-কীর্ত্তন করিলে, যেমন অগ্নি কাঠরাশি দগ্ধ করে, তদ্ধপ তাহা পাপ সকলকে ভশ্মসাৎ করিয়া ফেলে। ভাগঃ ৬।২।১৮

যেমন কোনও ব্যক্তি না জানিয়াও যদি বীর্যাবান কোনও ঐষধ ভক্ষণ করে, সেই ঔষধ নিজেই বস্তুশক্তি দারা আপনার গুণ দর্শাইয়া থাকে, সেইরূপ হরিনাম মন্ত্র অজ্ঞানতঃ উচ্চারণ করিলেও বস্তুশক্তি দারা উক্ত নাম আপনার কার্যা অবশ্রুই করে। ভাগঃ ভাষা>>

পতিতঃ শ্বলিতশ্চার্ত্তঃ ক্ষুত্বা বা বিবশো গৃণন্।
"হরয়ে নম" ইত্যুচ্চমু চাতে সর্ব্বপাতকাং । ভাগঃ ১২।১২।৩৩
যন্নামধেয়ং ত্রিয়মাণ আতুরঃ পতন্ শ্বলন্ বা বিবশো গৃণন্ পুমান্।
বিমুক্তকর্মার্গল উত্তমাং গতিং প্রপ্লোতি যক্ষান্তি ন তং কলৌ
জ্বনাঃ ॥ ভাগঃ ১২।৩।৩৮

শ্রুতঃ সংকীর্ত্তিতো ধ্যাতঃ পূজিতশ্চাদৃতোহপিবা।
নৃণাং ক্ষীণোতি ভগবান্ ফ্রদৃস্থো জন্মাযুতাশুভম্।। ভাগঃ ১২।০।০৯
বাস্থদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রযোজিতঃ।
জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানং যদ্ধ ক্মদর্শনম্।। ভাগঃ ৩।০২।১৮

পতিত, খালিত, পীড়িত, কুধাতৃষ্ণায় বিবশ হইয়াও, যদি কেহ উলৈঃস্বরে "হরয়ে নমঃ" এই শব্দ উচ্চারণ করে, তাহা হইলে সে দর্ক্তপাপ হইতে মৃক্ত হয়।
ভাগঃ ১২।১২,৩৩

মিন্নমাণ আত্র ব্যক্তি শ্যানি পতিত হইরা ইন্দ্রিরণণের অবশতা জন্য শ্বলিত বাক্যে বাহার নাম গ্রহণ পূর্বক কর্মাবন্ধন ছেদন করত: উত্তম গতি প্রাপ্ত হয়, কলির লোকেরা তাহার পূজা করিবে না ত আর কার করিবে ? ভাগঃ ১২।৩৩৮

স্থার ভগবান্ শ্রুত, কীর্ত্তিত, ধ্যাত, পূজিত বা আদৃত হইলে, অযুত জন্মের অণ্ডভ ক্ষা করেন। ভাগঃ ১২।৩।৩১

ভগবান্ বাস্থদেবে ভক্তিযোগ প্রযোজিত হইলে, বৈরাগ্য এবং ব্রহ্মদর্শণরপ জ্ঞান উৎপন্ন করে। ভাগঃ ৩।৩২।১৮

কি করিয়া মোক্ষনাভ হয়, তাহা এই শ্লোকে বলা হইল। নাম গ্রহণ করিলে, নাম গ্রহণের সাক্ষাৎ ফলে ভক্তি হইয়া থাকে, এবং তাহা হইতে বৈরাগ্য এবং ক্রন্ধ দর্শনরূপ জ্ঞান জন্মে। এই জ্ঞান জন্মিলেই মোক্ষলাভের আর অপেক্ষা নাই। অতএব জীবন-যাপনের মৃষ্টিযোগ কি, তাহা পরবতী শ্লোকে উক্ত হইয়াছে:

তত্তেহরুকম্পাং স্থসমীক্ষমাণো ভূঞ্জান এবাত্মকৃতং বিপাকম্। ফ্রদ্ বাগ্ বপুভিবিদধন্নমন্তে জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্॥

ভাগঃ ১০।১৪৮

সংসারাবর্ত্তে পতিত যে ব্যক্তি প্রত্যেক জাগতিক ব্যাপারে আপনার অমুকম্পা অমুভব করিয়া, এবং সংসারে নিজ কর্মফল ভোগ করিতেছি মনে করিয়া, হৃদয়, বাক্য এবং মনের দ্বারা আপনাকে নমস্কার করিয়া, অর্থাৎ সর্বতোভাবে আপনাকে আত্মসমর্পণ করিয়া, জীবিত থাকেন, তিনি মৃ্জিপদে দায়ভাক্ হন। অর্থাৎ, পুত্র যেমন পিতৃধনে দায়ভাক্, সেইরপ মৃ্কি তাহার পিতৃপ্রাপ্ত ধনের স্থায় অনায়াসে লভা। ভাগঃ ১০।১৪।৮

এই প্রকার অনস্তচিত্ত হইয়া আত্মদমর্পন করিলে, তিনিই গুরুপ্রাপ্তির বিধান করেন, এবং সেই গুরুলক জ্ঞান হইডেই সংসার সাগর উত্তরণ করা যায়। ভাগঃ ১০।১৪।২৩

এবস্বিধং ত্বাং সকলাত্মনামপি, স্বাত্মানমাত্মাত্মতা বিচক্ষতে। গুর্ববর্কলব্বোপনিষৎস্কচক্ষ্মা যে তে তরন্তীব ভবানৃতামুধিম্॥

· ভাগঃ ১০।১৪·২৩

যেমন ক্থার্ত্ত ব্যক্তির অন্ন গ্রহণের সময়ে, অন্নগ্রাসের সঙ্গে সঙ্গে, তুষ্টি, পুষ্টি ও ক্থানাশ হইয়া থাকে, দেই প্রকার ভগবানের পাদপদ্ম ভজনকারীর ভজনের সঙ্গে সঙ্গে, ভক্তি, ভগবান্ ভিন্ন অন্য বস্তু হইতে বিরক্তি, ও ভগবৎ প্রবোধ, তিন-ই এক কালে হইয়া থাকে। পৌর্বাপ্যা রূপে নহে। এবং ভারপর সাক্ষাৎ শান্তিলাভ করিয়া থাকে। ১১২।৪০-৪১

ভক্তিঃ পরেশান্থভবো বিরক্তিরন্মত্র চৈষ ত্রিক এককালঃ। প্রপন্তমানস্য যথাশ্বতঃ স্থাপ্তটিঃ পুষ্টিঃ ক্ষুদপায়োহন্থক্ষদন্ । ভাগঃ ১১।২-৪=

ইত্যুচ্যতান্তিবুং ভজতোহনুরন্তা ভক্তির্বিরন্তির্ভগ্বংপ্রবোধঃ । ভবন্তি বৈ ভাগবতস্থা রাজন্ততঃ পরাং শান্তিমুপৈতি সাক্ষাৎ। ভাগঃ ১১।২।৪১

ভগবানে ভক্তিলাভ হইতে ভক্ত, স্বর্গ, অপবর্গ, ভগবদ্ধাম প্রভৃতি যাহা কিছু বাঞ্ছা করেন, তাহা পাইতে সক্ষম হয়েন. কিন্তু তথন মোক্ষফল পর্যান্ত "কৈতব" বলিয়া মনে হয়। ভজনের ঘারা ফল লাভ বণিক্বৃত্তি মাত্র মনে করিয়া, ভগবদ্ভক্ত তাহা ঘুণা করেন। তিনি কিছুই চান না। তাঁহারা সেবানন্দে বিভোর হইয়া থাকিতেই ইচ্ছা করেন। ভগবান্ মোক্ষ, অপুনর্ভব দিলেও একান্ত ভক্তগণ তাহা গ্রহণ করেন না। ভাগঃ ১১া২ নতত্ত ত

সর্ববং মন্তক্তি—যোগেন মন্তক্তো লভতেইপ্রসা।
স্বর্গাপবর্গং মদ্ধাম কথঞ্চিং যদি বাঞ্চি ॥ ভাগঃ ১১।২০।৩৩
ন কিঞ্চিৎ সাধবো ধীরা ভক্তাহ্যেকান্তিনো মম।
বাঞ্জ্যাপি ময়া দত্তং কৈবলামপুনর্ভবন্ ॥ ভাগঃ ১১।২০।৩৪
ন নাকপৃষ্টং ন চ সার্ব্বভৌমং ন পারমেষ্ঠাং ন রসাধিপতান্।
ন যোগসিদ্ধিরপুনর্ভবং বা বাঞ্জি যৎপাদরজঃ প্রপনাঃ॥
ভাগঃ ১০।১৬।৩৩

যে সকল ভক্ত তাঁহার পাদপদারজ আশ্রয় করিয়াছেন, তাঁহারা স্বর্গ, সার্ন্ধতোম পদ, পরমেষ্ঠী ব্রহ্মার পদ, রসাতলের আধিপত্য, যোগসিদ্ধি, অপুনর্ভব বা কৈবল্যমোক্ষ কিছুই বাঞ্ছা করেন না। ভাগঃ ১০১১৬।৩৩

আর বিস্তারের প্রয়োজন নাই। ভগবন্নিষ্ঠ ব্যক্তির পক্ষে মোক্ষ লাভ ত সামান্য। ভগবন্নাভ হইয়া থাকে। প্রধান নিষ্ঠগণের পক্ষে তাহা সম্ভব নহে। অন্যপক্ষে মোক্ষলাভ করিতে হইলে প্রধান বা প্রকৃতির প্রভাব হইতে মৃক্ত হইতে হয়। অতএব প্রধান জগৎকারণ নহে। ব্রহ্মই জগৎকারণ সিদ্ধ হইল।

উপরে যে সকল শ্লোক উদ্ধত হইয়াছে, তাহা হইতে স্পষ্ট প্রতীত হয় যে, ভাগবত মতামুদারে, হেলায়, শ্রনায়, পরিহাদে বা সঙ্কেতে ভগবন্নাম করিলে অশেষ কল্যাণ সাধিত হয় ও মোক্ষলাভ পর্যন্ত হইয়া থাকে। ইহাতে আমাদের মনে সন্দেহ হয় যে উহা হয়ত কেবল নাম মহিমার প্রশংসাস্চক অর্থবাদ মাত্র, স্বতরাং উহাদের মুখ্যার্থ গ্রহণ না করিয়া গৌনার্থ গ্রহণ করাই যুক্তিসিদ্ধ। ইহার কারণ সম্বন্ধে সংক্ষেপে আলোচনা অবাস্তর হইবে না মনে হয়। আমরা ১১১৩ স্থত্তের আলোচনায় জগৎকারণ ব্রন্ধার শবস্তবে অভিব্যক্তির বিচার করিয়াছি। এবং তাহাতে আমরা বুঝিয়াছি যে, ব্রন্ধই শবস্তরে অভিব্যক্ত হইয়া শাস্ত্ররূপে প্রকৃটিত হন, যে নাম গ্রহণ করিবার মহিমা উপরে উদ্ধৃত শ্লোকসকলে উক্ত হইয়াছে, ঐ নাম সকলও ব্রহ্মের শব্দস্তরে বিভিন্ন অভিব্যক্ত রূপ। যদি নাম গ্রহণের সময় যুগপৎ হৃদয়ে ব্রহ্মভাব জাগরিত হয়, তাহা হইলে যে অশেষ কল্যাণ माधिक हरेरव वा साक्ष्मां हरेरव जाहारक मस्मर कि? किन्न अन्न जिर्फ रा. হেলায়, শ্রদ্ধায় বা পরিহাসে নাম করিলে ব্রহ্মভাব জাগরিত হইবে কি প্রকারে ? যদি উক্ত ভাবই জাগরিত হয়, তবে হেলা বা পরিহাস ভাব আসিবে কোথা इटेंटा । देशद छेंखद धरे य छेंक श्रकाद छेंपरम्भ मर्वकाल, मर्वरपर्भ, দৰ্বৰ অবস্থায় নাম গ্ৰহণের জন্ম। যদি উহা পালিত হয় তবে নামের অন্তর্নিহিত শক্তি উচ্চারককে দেখাইয়া দেয় যে নাম ও নামী অভেদ এবং নামীর সমৃদায় শক্তি নামে নিহিত। তখন শ্রীমন্ মহাপ্রভুর শ্রীম্থের শ্লোকের তাৎপর্য্য হৃদয়ঙ্গম হয়।

নামাসকারি বহুধা নিজ—সর্বশক্তিস্তত্তার্পিতা মিয়মিত: স্মরণে ন কাল:।
ত্রতাদৃশী তব কুপা, ভগবন্, মমাপি হুর্দ্দিবমীদৃশমিহাজনিনানুরাগ:॥

চৈতক্সচরিতামৃত অন্তর্শখণ্ড ২০ অধ্যায়॥

[হে ভগবান ভোমার এতাদৃশী কুপা যে তুমি বহুপ্রকার নাম ধারণ করিয়াছ এবং প্রত্যেক নামে ভোমার নিজের সর্বশক্তি অর্পণ করিয়াছ, মরণের

প্রস্তু কোন কাল নিয়ম নাই। তথাপি আমার এ প্রকার চুদ্দৈব যে এতাদৃশ নামে অমুরাগ জন্মিল না।]

স্থতরাং নামের সঙ্গে নামীর অভেদ জ্ঞান সঙ্গে সঙ্গে প্রয়োজন, এবং পরিহাস, সংকেত, হেলা প্রভৃতি শ্লোকক ব্যাপারের উল্লেখ সর্বনেদেশ, সর্বকালে ও সর্ব্ব অবস্থায় নাম গ্রহণের উপদেশ দিবার জ্ঞা। যদি নাম ও দামীর অভেদ জ্ঞান নামোচ্চারণের সঙ্গে সঙ্গে হয়. ভাহা হইলে সাধকের ব্রহ্ম প্রভিষ্ঠালাভ হইয়া থাকে এবং সঙ্গে সঙ্গে প্রারন্ধ কর্ম্মবাতীত অনারন্ধ কর্ম সম্দায় ধ্বংস হইয়া যায় অর্থাৎ লব্ধবিগ্ঠ সাধকের সম্বন্ধে ৪।১।১৫ স্ত্রে স্ত্রকার কর্ম ধ্বংসের যে উল্লেখ পরে করিবেন, উক্ত প্রকার নাম উচ্চারকের পক্ষেও তাহা প্রযোজ্য।

মৃত্যুতে প্রারক কর্মের নাশ ও নাম উচ্চারণে অনারক কর্মের নাশ হওয়ায় আর অবশিষ্ট কর্ম থাকে না। স্থতরাং পূর্বজন্মের বীক্ষভৃত কর্মের নিংশেষে ধ্বংস হওয়ায় উক্ত প্রকার নাম উচ্চারণে মোক্ষলাভ হইয়া থাকে। যদিও দৃশুতঃ কোন ব্যক্তির সমৃদায় জীবন অজামিলের ক্যায় হৃষ্পর্মে অভিবাহিত হয়, তথাপি মৃত্যুকালে নাম নামীর অভেদ জ্ঞান একবার মাত্র উচ্চারণে অনারন্ধ কার্য্য নষ্ট হওয়ায় তাঁহার যে মোক্ষ হইবে ইহা যুক্তি ও বিচারে প্রতিপাদিত হইতেছে। স্বতরাং ইহাতে বিশ্বিত হইবার কিছুই নাই। একটি বিশেষ কথা এ সম্বন্ধে মনে রাখা প্রয়োজন যে, যে ব্যক্তির চিরজীবন ক্লর্মে অতিবাহিত হইয়াছে তাহার পক্ষে মৃত্যুকালে নাম ও নামীর অভেদ জ্ঞান সহ নাম উচ্চারণ হুডর ত বটেই, একপ্রকার অদন্তব, এজন্ত চিরজীবন ধরিয়া অভ্যাদের প্রয়োজন এবং দেই অভ্যাদের জন্তই, সর্বস্থানে, সর্বাকালে, সর্বাক্ষায় নাম উচ্চারণ শাস্ত নির্দেশ করিয়াছেন এবং তাহা করিতে হইলে সঙ্কেতে, হেলায় ও পরিহাদেও করা প্রয়োজন হইয়া পড়ে, অতএব বুঝা গেল যে শাস্ত্রের অর্থ এরপ নহে যে, নামোচ্চারণে মনোনিবেশের কোনও প্রয়োজন নাই, কেবল মূখে বা মনে মনে ষ্ম্য বিষয় চিস্তার সহিত, করিলেই হইল। বরং তাহাতে নামাপরাধ সংঘটিত হয় এবং তাহা হইলে অন্তমনে নাম উচ্চারণই তাহার প্রায়শ্চিত, ইহাও শাস্তে निर्फिष्ठे पाट्छ। ८७ पाटना छ्यादन खराइकन नारे।

নাম ও নামীর সম্বন্ধে সবিস্তার আলোচনা ২।৩)১৭ স্তত্তে করা যাইবে, স্বতরাং এখানে আর বিস্তারের প্রয়োজন নাই। ভিত্তি:--

ভত্তমসি। ছান্দোগ্য ডাচাণ

তুমিই তৎস্বরূপ। ছা: ৬।৮।१

সূত্র :--

হেয়ত্বাবচনাচ্চ। ১।১।৫।৮ হেয়ত্ব + অবচনাৎ + চ

হেয়ত্ব:—অনুপাদেশ্ব হেতৃ পরিত্যাগের। অবচনাৎ:—উপদেশ না থাকার হেতৃ। চ:—ও।

যদি প্রধান জগৎ কারণ হইতেন (শহর ও রামান্তজ মত), অথবা যদি সপ্তণ ব্রহ্ম শন্দবাচ্য হইতেন (১) এবং নিগুণ ব্রহ্ম শন্দবাচ্য না হইতেন (মাধ্বাচার্য্য ও বলদেবের মত), তাহা হইলে প্রধানের অচেতনত্ব নিবন্ধন, অথবা সপ্তণ ব্রহ্ম অপেক্ষা নিগুণ ব্রহ্মের শ্রেষ্ঠত্ব নিবন্ধন, উহাদের অপেক্ষা উপাদেয় থাকা সপ্তব হেতৃ উহাদের পরিত্যাগের উপদেশ বেদান্ত শান্তে থাকিত। কিন্তু কোথাও (২) জগৎকারণ সম্বন্ধে সেইরূপ উপদেশ নাই। এ কারণও প্রধান জগৎকারণ নহে, অথবা সপ্তণ ব্রহ্ম মাত্র শন্ধবাচ্য নহে।

অন্ত পক্ষে জগৎকারণ ব্রহ্ম ভিন্ন অন্ত সম্দায় আগন্তবন্ত এবং সে কারণ অসৎ ও অবস্ত, এ কারণ বর্জনীয়। শাস্তে এই উপদেশই দেওয়া ইইয়াছে। এবং জগৎকারণ ব্রহ্ম যে সকলের পরম স্বহৃৎ এবং সেজন্ত পরম উপাদেয়, শ্রীকৃষ্ণ—যাহাকে ভাগবতামুসারে ১৷১৷২ খ্রের আলোচনায় আমরা প্রদত্ত চিত্রে জগৎকারণ বলিয়া দেখাইয়াছি; ভিনি অথিলস্থ আত্মাগণের পরমাত্মা। জগতে যাহা কিছু প্রিয় বস্তু আছে, তাহাদের বস্তুগত, স্বর্মপনিষ্ঠ প্রিয়ত্ব নাই। আত্মার কারণ, সকলে প্রিয়। শ্রীকৃষ্ণ সেই সকলের আত্মা হওয়ায়, তাঁহার কারণ সকলেই প্রিয়। অতএব তিনি কোনও প্রকারে পরিত্যজ্য নহেন, ভিনিই একমাত্র ভজনীয়। ইহা শাক্ষে ভ্রোভ্য়ঃ উপদিষ্ট হইয়াছে। তিনি আত্মা, তদ্ধ, অব্যয়, নিত্যা, এক, ক্ষেক্তে, আশ্রয়, অবিক্রিয়, স্বদৃক্, জগৎকারণ, ব্যাপক, অসঙ্গ ও অনাবৃত, অতএব হেয় নহে। ভাগঃ ৭।৭।১৪

আত্মা নিত্যোহব্যয়ঃ শুদ্ধ এক ক্ষেত্ৰজ্ঞ আগ্ৰয়ঃ। অবিক্ৰিয়ঃ স্বদৃগ্ হেত্ৰ্ব্যাপকোচসঙ্গ্যনাবৃতঃ॥ ভাগঃ ৭।৭।১৪ ডিনিই সমুদায় বন্ধতে বন্ধবন্ধপ। ভাগঃ ৬।১।৩৫

স এব হি পুনঃ সর্ববস্তুনি বস্তুষরপঃ॥ ভাগঃ ৬:৯।৩৫

দামান্য বিশেষরূপে বা কার্য্যকারীরূপে পরম্পরাপেক্ষড়াবে যাহা কিছু প্রতীত হয়, তাহাই আদান্তবিশিষ্ট, অতএব অবস্তু, এবং তাহাই ভ্রম। অতএব তাহাই পরিত্যাজ্য। ভাগঃ ১২।৪।২৭

যৎ সামান্তবিশেষাভ্যামুপলভ্যেত স ভ্রম:।

অন্যোন্তাপাশ্রয়াৎ সর্বমান্তন্তবদবস্ত য়ং।। ভাগঃ ১২।৪।২৭

তিনি সত্যস্থরূপ, আনন্দনিধি, তিনিই একমাত্র ভজনীয়। তিনি ভিন্ন অন্ত বস্তু ভজনা করিলে আত্মপাত হইয়া থাকে। ভাগঃ ২।১।৩৯

> তং স্ত্যমানন্দনিধিং ভজেত নাশ্বত্ত সজ্জ্বেতত আত্মপাতঃ ॥ ভাগঃ ২।১।৩৯

অতএব, তিনি ভিন্ন বস্তু পরিত্যাজ্য, তিনিই একমাত্র ডজনীয়।
দেহাত্মবাদিগণের দেহই, দারা স্কুত ধন জন প্রভৃতি সমৃদায় হইতে প্রিয়।
কিন্তু দেহ অপেক্ষা আত্মা প্রিয় এবং আত্মা সম্পর্কেই দেহ প্রিয়। আবার পরমাত্মা সমৃদায় আত্মার আত্মা বলিয়া, তিনিই সর্ব্বাপেক্ষা প্রিয়, এবং তাঁহার সম্বন্ধেই যতকিছু প্রিয় বস্তু প্রিয় বলিয়া প্রতীত হয়। ভাগঃ ১০1১৪।৫২-৫৪।

দেহাত্মবাদিনাং পুংসামপি রজক্তসত্তম।

যথা দেহঃ প্রিয়তমন্তথা ন হারু যে চ তম্ ॥ ভাগঃ ১০।১৪।৫২

দেহোহপি মমতাভাক্ চেৎ তর্হাসৌ নাত্মবং প্রিয়ঃ।

যজ্জীর্য্যত্যপি দেহেহস্মিন্ জীবিতাশা বলীয়সী ॥ ভাগঃ ১০।১৪।৫৩

তত্মাৎ প্রিয়তমঃ স্বাত্মা সর্বের্ষামপি দেহিনাম্ ।

তদর্থমের সকলং জগদৈতচ্চরাচরম্ ॥ ভাগঃ ১০।১৪।৫৪

কৃষ্ণমেনমবেহি ত্মাত্মান মখিলত্মনাম্ ।

জগদ্ধিতায় সোহপ্যত্র দেহীবাভাতি মায়য়া ॥ ভাগঃ ১০।১৪।৫৫

বস্তুতো জানতামত্র কৃষ্ণং স্থাস্ম্ চরিষ্ণু চ ।

ভগবদ্দেপমখিলং নাত্মদ্বত্থিহ কিঞ্চন ॥ ভাগঃ ১০।১৪।৫৫

কৃষ্ণ, অবিল জীবগণের আত্মা স্বরূপ। জগৎ হিতের জন্ম, তিনি মায়ার

মানব রূপে অবতীর্ণ । ভাগঃ ১০।১৪।৫৫

বস্তুতঃ স্থাবর-জন্ম যত কিছু বস্তু আছে, সকলই ভশক্ষেপ, তিনি তির বস্তু

माज नारे। जान: > । > । १८७

সর্বেষামপি বস্তৃনাং ভাবার্থে। ভবতি স্থিত: । তম্মাপি ভগবান্ কৃষ্ণঃ কিমতদ্বস্ত রূপ্যতাম্ ॥ ভাগঃ ১০।১৪।৫৭

যাবতীয় বস্তুর পরম অর্থ তাহাদের কারণেই অবস্থান করে। সেই কারণেরও কারণ শ্রীকৃষ্ণ। অতএব, তথ্যতীত অস্ত্র কি এমন বস্তু আছে, যাহা নিরপণের যোগ্য। ভাগঃ ১০।১৪।৫৭

স্থাতরাং তাঁহাকে যাঁহারা আশ্রয় করেন, তাঁহাদের সম্পায় পুরুষার্থ সিদ্ধ হয়।
তাঁহাদের নিকট ভবসাগর বংস পদের ভায় প্রতীয়মান হয়, তাঁহাদের প্রম
পদ লাভ হয়, এবং বিপদের আশ্রয়ভূত সংসারে পুনরাবর্ত্তন তাঁহাদের হয় না।
ভাগঃ ১০।১৪।৫৬

সমা প্রিতা তে পদপল্লবপ্লবং, মহৎপদং পুণ্যযশোম্রারেঃ।
ভবাস্থিবর্বংসপদং পরং পদং, পদং পদং যদ্বিপদাং ন যেষাম্॥
ভাগঃ ১০।১৪।৫৮

তিনিই জগতের প্রিয় বন্ধু, আশ্রিতগণের সর্ববার্থদাতা। অতএব, তাঁহাকে পরিত্যাগ করিলে ভজনীয় আর কে আছে ?

তং হাখিলাত্মদয়িতেশ্বরমাঞ্জিতানাং, সর্ব্বার্থদং স্বকৃতবিদ্বিস্তক্তেত কো মু

কো বা ভজেং কিমপি বিশ্বতয়েহনুভূতিয়, কিম্বা ভবের তব পাদরজোজুষাং নঃ ॥ ভাগ ১১৷২৯৷৫

সকল জগতের প্রিয় বন্ধু, আশ্রিতগণের সর্বার্থদাতা ঈশর যে আপনি, আপনার ক্বত উপকার শারণ করিয়া, কোন্ ব্যক্তি আপনাকে ভজনা না করিয়া থাকিতে পারে, আর আপনাকে বিশ্বত হইয়া আপনার দত্ত বিভৃতিই বা কোন্ ব্যক্তি প্রার্থনা করে? আর আপনার পদরক্ষ সেবীদিগের বা কি অভাব আছে?

ভাগঃ ১১।২৯।৫
তিনিই একমাত্র সভ্য । তাঁহারই শরণ গ্রহণ প্রম প্রুষার্থ।
সভ্যব্রতং সভ্যপরং ত্রিসভ্যং, সভ্যস্ত যোনিং নিহিতঞ্চ সভ্যে।
সভ্যস্ত সভ্যমূতসভ্যনেত্রং, সভ্যাত্মকং তাং শরণং প্রপন্নাঃ ॥

ভাগঃ ১০।২।২৬

আপনি সভাবত বা সভাসংকল্প, সভাই আপনার শ্রেষ্ঠ প্রাপ্ত সাধন, আপনি স্বাচ্চি, স্থিতি বিপল তিন কালেই অব্যভিচারী সভাস্বরূপ, আপনি পৃথিব্যাদি

পঞ্জুতের যোনি এবং সভ্যে বা আকাশাদি পঞ্জুতে অন্তর্য্যামিরপে বর্তমান আছেন, আপনি ঐ পঞ্জুতের পারমার্থিক সভ্য, আপনি গতেও সভ্যের প্রবর্ত্তক, আপনি সকল প্রকারেই সভ্যাত্মক, সভ্যরূপী আপনার শরণ গ্রহণ করি।
ভাগঃ ১০।২।২৬

ঋত ও সভা সম্বন্ধে আলোচনা মংপ্রণীত "গায়ত্রী রহস্তু" পুস্তকের ব্যান্ততি-তত্ত্বে করা হইয়াছে।

তিনিই একমাত্র অনবত, সংসার তাপে তাপিত জীবের তিনিই একমাত্র শরণ।

তস্মান্তবন্তমনবত্যমনন্তপারং, সর্বজ্ঞমীশ্বরমকৃঠবিকৃঠধিষ্ণ্যম্। নির্বিবল্পনারহমূহ বৃজিনাভিতপ্তো, নারায়ণং নরস্থং শরণং প্রপত্তে॥ ভাগঃ ১১।৭।১৪

আমি পাপ সন্তপ্ত ও নিরতিশয় নির্বিপ্ত হইয়া, সেই অকুঠ বৈকুঠবাসী অনন্ত, সর্ব্বজ্ঞ, ঈথর, নরসথ, নারায়ণ আপনার শরণ গ্রহণ করিতেছি। ভাগঃ ১১। ৭।১৪ কারণ, তিনি সম্দায় ক্লেশ বিনাশক '

নমো নমঃ ক্রেশবিনাশকায়, নিরূপিভোদারগুণাহ্বয়ায়। মনোবচোবেগপুরোঞ্জবায়, সর্ববাক্ষমার্টৈরগভাধ্বনে নমঃ॥

ভাগঃ ৪.৩০৷২২

হে ভগবান্! তৃমি ক্লেশ বিনাশন, বেদসকল তোমার উদার গুণ ও মইৎ
নামকে সকল বিষয়ের সাধন বলিয়া নির্দেশ করিয়াছেন, তৃমি বাক্য ও মনের
অগোচর, ইন্দ্রিয়গণ তোমার বল্প অবগত হইতে পারে না। তোমাকে
নমস্কার করি। ভাগঃ ৪।৩০।২২

যদিও তিনি বাক্মনের অতীত, ইন্দ্রিয়মার্গের দ্বারা তাঁহার গতি ধারণা করা যায় না, কারণ তিনি 'অধাক্ষণ'—ইন্দ্রির জন্ম জ্ঞান তাঁহার নিকট পৌছছিতে পারে না, কিন্তু তিনি 'আনন্দ সংপ্রব''। তাঁহাকে হদয়ে চিন্তা করিলে, যদিও হৃদয়ে তাঁহার সমগ্র ধারণা তাঁহার রূপা ব্যতিরেকে হয় না, তাহা হইলেও হাদয় আনন্দে আপ্লত হইয়া থাকে। এবং জ্বগতের হিতের জন্ম তিনি নানা মূর্ত্তি ধারণ করিয়া থাকেন।

হিত্বাত্মধামবিধূতাত্মকৃতত্ত্বাবস্থমানন্দসংপ্লবমখণ্ডমকৃগবোধন্। কালোপস্টনিগমাবন আত যোগমায়াকৃতিং প্রমহংসগতিং নতাঃ স্ম॥ ভাগঃ ১০৮৩।৪ শীয় তেজোদ্বারা নিরস্ত আত্মকৃত অবস্থাত্রয়, সর্বানন্দ স্বরূপ, অথও, অকুর্গু, জ্ঞানরূপ, কাল নহকারে বেদের উদ্ধার জন্ম যোগমায়া সাহায্যে গৃহীত নানারূপ, এবং পরমহংসদিগের গতি স্বরূপ তোমাকে নমস্থার করি। ভাগঃ ১০৮০।৪

অতএব তিনিই সকলের স্বহৃৎ, প্রিয়তম, তাঁহাকে আশ্রয় করিয়া আনন্দ লাভ করাই পরম পুঞ্যার্থ।

> স্থৃহাৎ শ্রেষ্ঠতমো নাথ আত্মা চায়ং শরীরিণাম্। তং বিক্রীয়াত্মনৈবাহং রমেহনেন যথা রমা ॥ ভাগঃ ১১৮৮৩৪

শরীরীদিগের আত্মাম্বরূপ প্রিয়তম, হুহুৎ, একমাত্র নাথ ঈশ্বরের নিকট এই দেহ নিবেদন করিয়া লক্ষীর ক্যায় তৎসহ রমণ করিব। ভাগঃ ১১৮৮৩৪

বাহুল্য ভয়ে আর অধিক শ্লোকোদ্ধার প্রয়োজন নাই। স্পাইই বুঝা গেল যে, জগৎকারণ হেয়ত্ব হেতু পরিত্যাগের কথা কোথাও নাই। বরং, তিনি যে একমাত্র পরম আশ্রয়, এবং তাঁহার শরণ গ্রহণ করিলে জীবের পরম পুরুষার্থ দিদ্ধ হয়, ইহাই ভ্যোভ্য়: কথিত হইয়াছে। অত এব দিদ্ধান্ত হইল যে, 'হেয়ত্ব অবচনাং" প্রধান, জগৎকারণ নহে। অথবা, ঈক্ষণকারী যিনি, তাঁহা হইতে উপাদেয় আর কেহ বর্তমান নাই।

'ভিত্তি :--

"যেনাশ্রুতং শ্রুতং ভবত্যমতং মতমবিজ্ঞাতং

বিজ্ঞাতমিতি।" ছান্দোগ্য ৬ ১।৩

যাহা দ্বারা অশ্রুত ও শ্রুত, অমত ও মত, অবিজ্ঞাত ও বিজ্ঞাত হয়।

সূত্র :—

প্রতিজ্ঞাবিরোধাৎ ॥ ১৮১৯ প্রতিজ্ঞা + বিরোধাৎ ।

প্রতিজ্ঞা: — এক বিজ্ঞানের দারা দর্কবিজ্ঞানরূপ যে প্রতিজ্ঞা, তাহার।
অর্থাৎ যাহাকে জানিলে আর কিছুই জানিবার থাকে না, দম্দায় জানা হইয়া
যায় এরপ প্রতিজ্ঞা তাহার।

বিরোধাৎ :—বিরোধ হেতু।

প্রধান যদি জগৎকারণ হন, তাহা হইলে শ্রুতির এক বিজ্ঞানে সর্ববিজ্ঞানরূপ প্রতিজ্ঞার বিরোধ উপস্থিত হয়। কারণ, সাংখ্য অচেতন প্রধানকে অচেতন
সম্পায় পদার্থের উপাদান কারণ বলিয়া উল্লেখ করিয়াছেন। অচেতন হইতে
চেতন উৎপন্ন হইতে পারে না। চেতনের জন্ম পুরুষ স্বীকার করিয়াছেন।
আবার সাংখ্যমতে প্রধান ও পুরুষ পরম্পর স্বতম্ব। স্বতরাং অচেতন প্রধানের
বা চেতন পুরুষের বিজ্ঞান হইলে সর্ববিজ্ঞানরূপ প্রতিজ্ঞা সিদ্ধ হয় না।
অতএব সাংখ্যাক্ত প্রধান জগৎকারণ নহে। পশাস্তরে জগৎকারণ ব্রহ্ম
এবং প্রধান বা প্রকৃতি উহার শক্তি স্বীকার করিলে উক্ত প্রতিজ্ঞা অনায়াসেই
সিদ্ধ হয়।

্র এই সূত্রটি শঙ্করাচার্য্যের, মধ্বাচার্য্যের, বল্পভাচার্য্যের ও বলদেব বিভাভ্ষণের ভাষ্যে নাই।]

জগতে সর্বস্থানে সর্বকালে ভত্বজিজ্ঞাস্থগণের অন্বয় মুখেই হউক বা ব্যাতিরেক মুখেই হউক একটি মাত্র জিজ্ঞাশ্ত—-

> এতাবদেব জিজ্ঞান্তং তত্ত্বজিজ্ঞান্তনাত্মন: । অন্বয়ব্যতিরেকাভাাং যৎ স্থাৎ সর্বত্ত সর্বদা ॥ ভাগঃ ২।৯।৩৫

তাহা জানিলে আর কিছুই জ্ঞাতব্য অবশিষ্ট থাকে না। নৈতবিজ্ঞায় ব্বিজ্ঞাসোক্ত তিব্যমবশিষ্যতে।

পীত্বা পীযূষমমূতং পাতব্যং নাবশিশ্যতে ৷ ভাগ: ১১৷২৯৷৩০

ইহার সরলার্থ ১।১।১ স্থত্তের আলোচনায় দেওয়া হইয়াছে। অতএব প্রধান জগৎকারণ নহে। ব্রহ্মই জগৎকারণ। ভিন্তি ---

"য ব্রৈতৎ পুরুষঃ স্থপিতি নাম, সন্তা সোমা তদা সম্পন্নে। ভবতি—স্বমপীতো ভবতি; তস্মাদেনং "স্থপিতি" ইত্যাচক্ষতে স্বং শ্বুপীতো ভবতি।" ছান্দোগা ৬৮।১

এই পুক্ষ অর্থাৎ জীব যখন স্বয়্প্ত হয়, সে তখন সতের সহিত মিলিত হয়, স্বস্থারপ প্রাপ্ত হয়, সেই কারণে লোকে ইহাকে "স্বপিতি" বলিয়া থাকে। কেন না, সে তখন স্বস্থারপ "অপীত" প্রাপ্ত হইয়া থাকে। শিরোদেশে উদ্ধৃত শৃতি মধ্য ও বলদেবের ভাষ্যে প্রযোজ্য নহে।

সূত্র :—

স্থাপ্যয়াৎ ॥ ১)১)১০ স্ব + অপ্যয়াৎ

স্ব:—নিজেতে বা স্বন্ধণে। অপ্যয়াৎ:—লীন হইবার হেতৃ। তিনি নিজে নিজেতেই লীন হন, এজন্ত ব্রহ্ম সপ্তণ নহে। (মধ্বাচার্য্য ও বলদেব মত)

একো নারায়ণো দেব: পূর্ববস্তুং স্বমায়য়া।
সংস্থত্য কালকলয়া কল্পান্ত ইদমীশ্বর: ॥ ভাগঃ ১১।৯।১৬
এক এবাদ্বিতীয়োহভূদাত্মাধারোহখিলাগ্রয়ঃ।
কালেনাত্মান্তভাবেন সাম্যং নীতাস্ত্র শক্তিষ্ ।
সন্তাদিয়াদিপুকষঃ প্রধানপুরুষেশ্বর: ॥ ভাগঃ ১১।৯।১৭
পরাবরাণাং পরম আন্তে কৈবল্যসংজ্ঞিত:।
কেবলান্তবানন্দসন্দোহো নিরুপাধিক: ॥ ভাগঃ ১১।৯।১৮

এক দেব নারায়ণ ঈশব স্বীয় মায়া দ্বারা স্বষ্ট এই জগংকে কল্লাস্তে কাল শক্তি দ্বারা সংহার করিয়া আত্মাধার ও অথিলাশ্রয়রূপে এক অদ্বিতীয় হইয়া থাকেন। ভাগঃ ১১।১।১৬

প্রধানের, এবং প্রধান যাহার উপাধি এমন পুরুষের ও আদি পুরুষ, ঈশ্বর, ব্রহ্মাদি শ্রেষ্ঠ দেবগণেরও শ্রেষ্ঠ, আত্মান্তভাবাত্মক কাল দ্বারা তাহার শক্তি স্বরূপ সত্যাদি শুণ সকল সমতা প্রাপ্ত হইলে কৈবল্যরূপে অবস্থান করেন, এবং সে সময়ে তিনি নির্ফিকার, স্বপ্রকাশ আনন্দ সন্দোহ ও নিরুপাধিক ভাবেই থাকেন। ভাগঃ ১১।১১১-১৮

স্ষ্ট্রাত্মনেদমমুবিশ্য বিহ্যত্য চান্তে, সংহৃত্য চাত্মমহিনোপরতঃ স আন্তে। ভাগঃ ১১।৩১।৯

··· ·· ·· · · · স্ষ্ট্বা পুনগ্র'সসি সর্ব্বমিবোর্ণনাভিঃ।

ভাগঃ ১২৮৮৫৫

স্বয়ং অবিক্লত থাকিয়া এই জগৎকে বিক্রিয়া দারা সৃষ্টি করতঃ ভাহাতে অন্তঃ ঘামীরূপে অনুপ্রবেশপূর্ব্বক অন্তে ভাহার সংহার করিয়া পরে উপরত হইয়া স্বীয় মহিমাতে অবস্থান করেন। ভাগঃ ১১।৩১।৯

মাকড়সার ভাষ এই অথিল প্রপঞ্চ বিশ্ব স্বজন করিয়া ভাষাকে আবার গ্রাস কর। ভাগ: ১২৮৮৩৫

ন ঘটত উদ্ভবঃ প্রকৃতি-পুরুষয়োরজয়োরুভয়যুজা ভবস্তাস্থভৃতো জলবৃদ্বৃদ্বৎ।

ভূয়ি ত ইমে ততো বিবিধনামগুলৈঃ প্রমে সরিত ইবার্ণবে মধুনি লিল্যুরশেষরসাঃ ॥ ভাগঃ ১০৮৭ ২৭

কেবল জড়া অজা প্রকৃতি হইতে বা কেবল আবিকারী অজ পুরুষ হইতে প্রাণিবর্গের উৎপত্তি সন্তব হয় না। বায় সহকৃত জল হইতে উদ্ভ বৃদ্বুদের স্থায় প্রকৃতি পুরুষ উভয়ের যোগ হইতেই এই প্রাণিগণ উৎপর হয়। এই সকল প্রাণিবর্গ নানা নামরূপ সম্পন্ন কার্য্যকারণাত্মক উপাধির সহিত, পরমরস স্বরূপ আপনাতে বিলীন হয়, যেমন এক মধুতে ভিন্ন ভিন্ন কুস্থমের রস অবিশেষ ভাবে, এবং সকল নদীর জল এক মহাসমুদ্রে অবিশেষ ভাবে, বিলীন হয়, সেইরূপ।

ক ইহ নু বেদ বতাবর জন্মলয়োহগ্রসরং, যত উদগাদৃষির্ঘমন্ন দেবাগণা উভয়ে।

ভর্হি ন সর চাসত্ভয়ং ন চ কালজবঃ, কিমপি ন তত্ত্ত শাস্ত্রমবক্ষ্য ায়ীত খদা। ভাগঃ ১০১৮৭।২০

আপনা হইতে ব্রহ্মা উৎপন্ন হন, এবং ব্রহ্মাই দেবগণকে স্বৃষ্টি করেন। স্থতরাং আপনি পূর্ব্বিদিন্ধ, আর সকলেই অর্ব্বাচীন; উহারা কি করিয়া আপনাকে জানিতে সমর্থ হইবে? বিশেষতঃ আপনি যথন সম্লায় জগৎ উপসংহার করিয়া যোগনিস্রায় শন্ত্রন করেন, তথন স্থূল আকাশাদি ও স্কন্ধ মহদাদি এবং তত্ত্ভয়ারক শরীর, কালবৈষম্য, শাস্ত্র কিছুই থাকে না। ভাগঃ ১০৮৭।২০

অতএব পাওয়া গেল যে, জগৎ প্রপঞ্চ এবং জীবগণ সম্দায়ই তাঁহাতে লীন হয়। অন্য ক্রায় তাঁহা হইতে অভিব্যক্ত যত কিছু সম্দায় তাঁহাতে লীন হয় এবং তিনি তাঁহার নিজের অব্যক্ত স্করণে লীন হইয়া বর্তমান থাকেন।

শ্রীমদ্ শঙ্করাচার্য্য ও শ্রীমদ্ রামকুজাচার্য্য ও শ্রীমদ্ বল্লভাচার্য্য এই স্বত্তের ব্যাখ্যা একটু অক্সপ্রকার করিয়াছেন। জীব স্বয়ৃপ্তি অবস্থায় সতে লীন হয়। প্রধান অচেতন, স্বতরাং চেতন জীবের প্রধানে লীন হওয়া অসম্ভব। অতএব সং-শন্ধ-বাচ্য জগৎকারণ প্রধান নহে।

উপরে শ্রীমদ্ ভাগবতের যে শ্লোক কয়টি উদ্ধৃত হইল, উহাদের সহিত যদিও স্ব্যুপ্তি অবস্থার কোনও সম্বন্ধ নাই, তথাপি উহারা ঐ একই অর্থ প্রকাশ করে। কারণ উহা হইতে আমরা পাইয়াছি যে, বিশ্ব প্রপঞ্চ যাহা জড় ও অচেতন, এবং চেতন জীব বা পুরুষ উভয়েই সেই সৎ স্বরূপে লীন হইয়া থাকে। জড় প্রপঞ্চ জড়া প্রকৃতিতে বা সাংখ্যোক্ত অচেতন প্রধানে লীন হওয়া সম্ভব হইতে পারে, কিন্তু চেতন পুরুষও যথন তাঁহাতে লীন হইয়া থাকে, তথন সং-শন্ধ-বাচ্য জগৎকারণ প্রধান হইতে পারে না। অতএব ব্রন্ধই জগৎকারণ প্রীমদ্ভাগবতে সাক্ষাৎ ভাবে বর্ণিত হইয়াছে যে, স্বৃপ্তি অবস্থায় ও আত্মান্ত্রব হইয়া থাকে, নত্বা অস্ত্র্যুতি অসন্তব হইত।

সরে যদেন্দ্রিরগণেংহমি চ প্রস্থান্ত, কৃটস্থ আপ্রয়য়তে তদরুম্বতির্নঃ ॥ ভাগঃ ১১।৩।৪০

স্বয়ৃপ্তি অবস্থায় ইন্দ্রিয়গণ অবসন্ধ ও অহংকার প্রস্থপ্ত হইলে, কৃটস্থ আশ্রয় বিনা অনুস্মৃতি অসম্ভব হইত। ভাগঃ ১১।৩।৪০

স্থৃপ্তি অবস্থায় জীব কৃটন্থে লীন হয়। অতএব, যাহাতে লীন হয়, তাহা

श्व ऽऽ ः─

ভিত্তি:-

- (১) "দর্ব্বে বেদা যুক্তয়ঃ দপ্রমাণা ব্রাক্ষাং জ্ঞানাং প্রমাং ভে্কমেব প্রকাশয়ন্তে ন বিরোধঃ"। পৈঙ্গী শ্রুতি (মধ্বজ্ঞায়া)
- (১) সম্দায় বেদ, যুক্তি, প্রমাণ একমাত্র পরমজ্ঞান স্বরূপ ব্রহ্মাকে প্রকাশ করে, কিছু মাত্র বিরোধ নাই। (পৈঙ্গী শ্রুতি)
 - (২) "তম্মাদা এতম্মাদাত্মনঃ আকাশঃ সম্ভূতঃ। আকাশাৎ বায়ু: বায়োরগ্নিঃ অগ্নেরাপঃ অন্ত্যঃ পৃথিবী"। (তৈত্তিঃ আনন্দঃ ১)
- (২) এই সত্যজ্ঞানানস্তম্বরূপ ব্রহ্ম হইতে আকাশ উৎপন্ন হইল, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল, জল হইতে পৃথিবী উৎপন্ন হইল (তৈতিঃ আনন্দবলী-১)

সূত্র :--

গতিসামান্তাৎ ॥ ১৷১৷১১ গতি + সামান্তাৎ

গড়ি:—গতে:—অবগতির অর্থাৎ জ্ঞানের (মধ্ব, বলদেব), অথবা, কারণাবগতির (শঙ্কর, রামান্ত্জ)।

সামান্তাৎ: - একরূপতা হেতু।

সকল বেদ এক সর্ব্বজ্ঞ, সর্বশক্তিমান্, সর্ব্বকল্যাণগুণনিলয়, জ্ঞানময়, সর্ব্বকর্মফলদাতা, মৃক্তিদাতা ঈশ্বরকে প্রতিপন্ন করে। তিনি সর্ব্ব জীবের আশ্রন্থ স্বরূপ ও গতিদাতা। স্থতরাং প্রধান জগৎকারণ নহে। অপবা সমৃদায় বেদে একমাত্র ব্রন্ধকে জগৎকারণ বলে। কোনও মতভেদ নাই।

ভগবানেক আসেদমগ্র আত্মাত্মনাং বিভূঃ। আত্মেচ্ছানুগভাবাত্মানানামত্যুপলক্ষণঃ ॥ ভাগঃ ৩৫।২৩

১।১।৫ স্ত্রের আলোচনার ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

তাঁহা হইতেই সম্দায় সৃষ্টি ইইয়াছে। ইহা ১৷১৷২ স্ব্ৰের আলোচনায় ব্যাখ্যাত হইয়াছে। এ সম্বন্ধে শ্রীমদ্ ভাগবতের ৩৷৫৷২৪ হইতে ৩/৫৷৬৮, ৩৷৬৷১ হইতে ৩৷৬৷২৯, ২৷৫৷১৪ হইতে ২৷৫৷৪১ এবং ৩৷২৬৷১৮ হইতে ৩/২৬/৫৮ শ্লোক সকল দ্রষ্টব্য। বাহুলাভয়ে উদ্ধৃত করা গেল না। সম্দায় বেদ যে একমান্ত ব্রম্মে পর্যাবদান, অর্থাৎ একমাত্র ব্রহ্মকে প্রতিপাদন করে তাহা ১।১।৪ স্ত্র ব্যাখ্যায় বিস্তারিতভাবে প্রদর্শিত হইয়াছে, পুনরুরেখ নিম্প্রয়েজন। শ্রীমদ্ মাধ্বাচার্য্য ও তদীয় পদ্বাস্থদারী শ্রীমদ্ বলদেব বিছাভূষণ "গতি" শব্দের অর্থ "ব্রহ্মজ্ঞান" বলেন। ব্রহ্ম যে এক অন্বয় জ্ঞানতত্ব, তাহাও ১।১।১ স্ত্রের আলোচনায় উদ্ধৃত শ্রীমদ্ভাগবতের ১।২।১১ শ্লোকে প্রকাশিত হইয়াছে। ব্রহ্ম ও তৎসম্বদ্ধীয় জ্ঞান পৃথক নহে। যে সকল ভক্ত তাঁহাকে স্মরণ করে, তিনি বাহিরে আচার্য্যরূপে, এবং অস্তরে অন্তর্য্যামী রূপে নিজরূপ প্রকাশ করিয়া, তাহাদিগের সম্দায় অন্তভ নাশ করত: নিজগতি প্রদান করেন। ভাগঃ ১১।২১।৬

যোহন্তর্বহিন্তনুভ্তামশুভং বিধুদ্বনাচার্য্য চৈত্ত্যবপুষা স্বগতিং ব্যনক্তি॥ ভাগঃ ১১।২৯।৬

স্বৃগতিং নিজরুপং প্রকটয়তি (শ্রীধর)। স্বৃগতিং স্বান্থভবং (ক্রেমসন্দর্ভঃ)। তাঁহার স্বরূপ তাঁহার অমুভূতি বা জ্ঞান হইতে পৃথক নহে বলিয়া "নিজরূপ" অর্থ স্মীচীন হইল ।

তাঁহার সমগ্র ধারণা অসম্ভব । ১৷১৷৪ স্ত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

নভঃ পতস্ত্যাত্মসমং পতত্ত্বিনস্তথাসমং বিষ্ণুগতিং বিপশ্চিতঃ ।। ১১৮।২৩

বিবৃধ্য ভক্তোব কথোপনীতয়া প্রপেদিরেইঞ্জোইচ্যুত তে গতিং পরাম্ ॥ ভাগঃ ১০।১৪।৫

হে অচ্যত। তোমার কথামূশীলনে উৎপন্ন ভক্তি দ্বারা তোমার পরাগতি প্রাপ্ত হইয়াছিলেন। ভাগ: ১০।১৪।৫

"গতি" শব্দের অর্থ ফলও হইতে পারে। শ্রীমদ্ শ্রীমর স্বামী গীতার ১।১৮ লোকের টীকায় "গম্যত ইতি গতিঃ কলং" বলিয়াছেন। সে অর্থ করিলে এই স্থতার স্থলর অর্থ হয়। ব্রহ্মই সকলের একমাত্র গতি। কর্মী, জ্ঞানী বা ভক্ত সকলেই, শীঘ্র হউক, বিলম্বে হউক, তাঁহাকে প্রাপ্ত হইলেই ক্বতার্থ হয়। যেমন শ্রমর যতক্ষণ পর্যান্ত পূম্পের অন্তরে প্রবেশ করিয়া মধুপানে বিভোর না হইতে পারে ততক্ষণ তাহার গুলনের ও শ্রমণের বিরাম হয় না, সেইরপ যতক্ষণ না জীব সেই সর্বগতি সর্বাশ্রেয় শ্রীভগবানের চরণক্ষল স্থা পানে বিভোর না

হইতে পারে, ওতকণ তাহার সংসারে গডাগতি ও কর্মের বিরাম নাই। তাঁহাকে লাভ করিলেই শাশত শাস্তি।

তাঁহার চরণই সম্দায় বিষয় বাদনার নাশক, জ্ঞানী ম্নিগণ মোক্ষের জন্ত তাঁহাকেই ধ্যান করেন, ভক্তগণ তাঁহার দেবানন্দে বিভার হইয়া, তাঁহার দেবার অধিকারী হইবার জন্ত, সর্কায় অর্পণ করিয়া তাঁহার চরণে প্রার্থনা করেন, কর্মিগণ যজ্ঞে বেদমন্ত স্বারা তাঁহাকে হবিঃ অর্পণ করেন, যোগিগণ তাঁহার মায়া বিষয়ে জিজ্ঞান্ত হইয়া অধ্যাত্মযোগে তাঁহাকে ধ্যান করেন, এবং মৃক্ত পুরুষ পরম ভাগবতগণের তিনিই একমাত্র অহৈতুকী ভক্তিপাত্র। অভএব তিনিই সকলের গতি। ১১।৬।৮-৯ শাস্তে ইহা সর্কাত্র পতিপাদিত হইয়াছে, কোনও মতভেদ নাই।

স্থান স্তবাজ্য্রিরশুভাশয়-ধূমকেতৃঃ ক্ষেমায় যো মুনিভিরান্ত হাদোগুমানঃ।
যঃ সাথতৈঃ সমবিভূতর আত্মবন্তিব্ গ্রেইচিডঃ সবনশঃ

স্বরতিক্রমায়।। ভাগঃ ১১।৬।৮

যশ্চিস্তাতে প্রযতপাণিভিরধ্বরাগ্নৌ এয্যা নিরুক্তবিধিনেশ

হবিগৃ হীতা।

অধ্যাত্মযোগ উত যোগিভিরাত্মমায়াং জিজ্ঞাস্থভি: পরমভাগবতৈ: পরীষ্টঃ ॥ ভাগঃ ১১।৬।১

পরমহংসগতিং নতাংস্ম ।। ১০৮৩।৪

অনক্সদৃষ্ট্যা ভদ্ধতাং গুহাশয়ঃ স্বয়ং বিধত্তে স্বগতিং পরঃ পরাম্ ।।

ভাগঃ ৩।১৩।৪৮

দেই পরমহংসদিগের গতি স্বরূপকে আমরা প্রণাম করি।। ভাগঃ ১০৮৩। ৪ দেই পরম পুরুষ, সর্ব্বজীবের অন্তর্য্যামী; অনন্তমনে অনন্তকর্মা হইয়া তাঁহাকে ভজনা করিলে, তিনি আপনার পরাগতি প্রদানের বিধান করেন।

ভাগ: ৩।১৩।৪৮

তাহার শ্রীয়্ত্তির মনোময়ী প্রতিকৃতি একবার হৃদরে ধারণা করিতে পারিলেই, ভাগবতী গতি লাভ হইয়া থাকে। ভাগঃ ১০১২।৩৮

সকৃদ্ যদক্ষ প্রতিমান্তরাহিতা মনোময়ী ভাগবতীং দদৌ গতিম্।। ভাগঃ ১০।১২।৩৮

অতএব সিদ্ধান্ত হইল, প্রধান জগৎকারণ নহে।।

ভিন্তি:--

"সন্মূলাঃ সোম্যোমাঃ সর্কাঃ প্রজাঃ সদায়তনা সংপ্রতিষ্ঠাঃ। ঐতদাত্ম্যামিদং সর্কাং, তং সত্যং স আত্মা"।

(ছান্দোগ্যঃ ৬৮৮৬-৭)

হে সৌমা! এই সমস্ত প্রজাই সং হইতে উৎপন্ন, সতে অবস্থিত এবং সতে বিলয়নশীল। ছাঃ ৬৮৮৮

এ সমস্তই এতৎ স্বরুণ, দেই সৎ পদার্থই সত্য, তাহাই আত্মা। ছা: ।।।।

সূত্র ঃ—

अंव्यक्ति ॥ २।२।२२

শ্রুতথাৎ+5

শ্রুভত্বাৰ :- শ্রবণ হেতু, বেদে ও মন্তান্য শাস্ত্রে শ্রবণ হেতু। চ :- ও।

শিরোদেশে উদ্ধৃত শ্রুতি মন্ত্র ম্পর প্রকাশ করিতেছে যে, জগৎ এবং জগতের যা কিছু সম্দায় সৎ হইতে উৎপন্ন, সতে অবস্থিত এবং বিলয়নশীল, এই সৎই ব্রহ্ম, ইহাই আত্মা। অতএব প্রধান জগৎকারণ নহে। এক ভগবান্ই নিজ মায়া নামক বহুগুণাশ্রয়া শক্তি দারা জগৎ স্থাপ্ত করিয়া এবং তাহাতে অন্থরবেশ করিয়া, বহুরূপে বিভাবিত হন। এবং আপনার অংশরূপ পুরুষ দারা সেই সম্দায় উপভোগ করেন।

একস্বমেব ভগবন্ধিদমাত্মশক্ত্যা মায়াখ্যয়োরুগুণয়া মহদাগ্রশেষম্। স্প্রাক্মবিশ্য পুরুষস্তদ্সদগ্রণেষ্ নানেব দারাষ্ বিভাবস্থবদ্ বিভাসি॥ ভাগঃ ৪।৯।৭

ধ্বমেক আতঃ পুরুষঃ স্থপশক্তিস্তয়া রজোসত্বতমো বিভিত্ততে।
মহানহং খং মরুদগ্নিবার্ধরা স্থর্রবয়ো ভূতগণা ইদং যতঃ ॥ ৪।২৪।৬০
স্টাং স্বশক্ত্যেদমনূপ্রবিষ্টশ্চত্র্বিব্ধং পুরুমাত্মাংশকেন।
আতো বিহুস্তং পুরুষং সন্তমস্তভূহিক হৃষীকৈম ধূ সারকং যঃ।।

ভাগঃ ৪৷২৪৷৬১

হে ভগবান্! মায়া আপনার আত্মশক্তি, তাহার অনস্ত গুণ; তাহার বারা এক আপনিই মহদাদি অশেষ পদার্থের স্বজন করিয়া অন্তর্য্যামিরূপে সে সকলে ও তাহাদের পরিণামরূপ ইন্দ্রিয়াদিতে অনুপ্রবেশ করতঃ, সেই সেই ইন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতারূপে প্রকটিত হয়েন। ষেমন অগ্নি এক হইলেও কাষ্টের বিভিন্নতা প্রযুক্ত নানারূপে প্রকাশ পায়, তাহার ন্যায় আপনি এক হইলেও উপাধি-বৈচিত্র্যবশতঃ বিবিধ রূপে প্রকাশ পাইয়া থাকেন। ৪।১।৭

তুমিই এক আগু পুরুষ; মায়া শক্তি তোমাতে স্বপ্তা থাকে। সেই শক্তি থারা সত্ব, রজঃ, তমঃ গুণত্রয় বিভিন্ন হয়, এবং তাহা হইতেই মহন্তব, অহস্বার, আকাশ, বায়, অয়, জল, পৃথিবী, দেব, ঋষি, ভৃত সকল, এবং সম্দায়ত্মক এই বিশ্ব উৎপন্ন হইয়া থাকে। অনস্তর সেই নিজ্ব শক্তি থারাই, জরায়ুজ, অওজ্ব. স্পেদজ ও উদ্ভিজ্ঞ এই চতুর্বিধ শরীররূপ পুর স্বষ্ট করিয়া, আপনার অংশ থারা সেই সকল পুরে অন্প্রপ্রিপ্ত হইয়া তাহাদিগকে উজ্জীবিত ও কার্যামীল করিয়া থাকেন। এজন্য পণ্ডিতেরা আপনাকে—পুরমধ্যে শয়ন হেতু—পুরুষ বলিয়া থাকেন। কিন্তু তাহা হইলেও, আপনি সে সকলে অনাশক্ত, আপনার চিদাভাসই এ সম্দায় পুরমধ্যে মধুমক্ষিকার ন্যায় ইন্দ্রিয়গণ য়ায়া বিষয়ভোগ করে, সেই চিদাভাস অধিভাবদ্ধ জীব; তাহাকেও লোকে পুরমধ্যে থাকা হেতু, পুরুষ বলে। ৪।২৪।৬০-৬১

অতএব, যদিও তাঁহার নিজের সম্মৃথ ও পশ্চাৎ, অস্তর, বাহির নাই তথাপি তিনিই জগতের সমূথে, পশ্চাতে, অন্তরে, বাহিরে; এবং তিনিই জগৎ। ১০।১।১১

> ন চান্ত র্ন বহির্যন্ত ন পূর্ববং নাপি চাপরম্। পূর্ববাপরং বহিশ্চান্তর্জগতো যো জগচ্চ যঃ॥ ভাগঃ ১০ ৯।১১

তিনি প্রতি জীবের হৃদয়ে অবস্থিত। তিনি সর্বজ্ঞ, নিজ অব্যতিচারী জ্ঞান দারা সকলের অন্তরের ও বাহিরের চেটা সর্বক্ষণ নিরীক্ষণ করিতেছেন।

তমিমমহমজং শরীরভাজাং হৃদি হৃদি ধিষ্টিত মাত্মকল্পিতানাম্। প্রতিদৃশ মিবনৈকধার্কমেকং সমধিগতোহস্মি বিধূতভেদ মোহঃ॥ ভাগঃ ১।৯।৩৯

যোহস্তর্বহিস্চেত্স এতদীহিতং ক্ষেত্রজ্ঞ ঈক্ষত্যমলনেন চক্ষ্মা।। ১০০০৮১৭

ভীম বলিভেছেন: —ইনি অজ; নিজ বিনির্মিত প্রাণীগণের প্রত্যেকের ফ্রদয়ে অধিষ্ঠিত আছেন। যেমন একই স্থ্য প্রত্যেক দৃষ্টিতে পৃথক্ পৃথক্ ক্লপে বহুধা প্রকাশমান হন, সেইরূপ এক ইনিও অধিষ্ঠান ভেদে বহুরূপে প্রতীয়মান

হইয়া থাকেন। যাহা হউক, আমি ইহাকে প্রাপ্ত হইলাম। ইহার দর্শনে আমার মোহ ও ভেদজ্ঞান নিবারণ হইল। ভাগঃ ১।১।৩১

তিনি ক্ষেত্রজ্ঞ, সকলের অস্তার্থ্যামী। অতএব আমার অস্তরের ও বাহিরের চেষ্টা তিনি তাঁহার স্বতঃসিদ্ধ অব্যতিচারী জ্ঞান যোগে নিরীক্ষণ করিতেছেন। ভাগঃ ১০।৩৮।১৭

ভিনি সর্ববস্তুতে বস্তুম্বরূপ, সর্বেশ্বর, সকল জগৎকারণ-কারণ, সকলের অন্তর্যামী, সম্দায় গুণাভাসে উপলক্ষিত, এক তিনিই বর্ত্তমান, সম্দায় শ্রুতি ভাহাতেই পর্যাবসিত। ভাগঃ ৬।১।৩৫

স এব হি পুন: সর্ববস্তুনি বস্তুস্বরূপঃ, সর্বেশ্বরঃ সকল জগৎকারণ-কারণভূতঃ। সর্ব্ব প্রত্যুগাত্মভাৎ সর্ববন্ধণাভাসোপলক্ষিত এক এব পর্যাবশেষিতঃ॥ ভাগঃ ৬।৯।৩৫

তিনি জ্ঞান-বিজ্ঞান-নিধি, অনস্ত শক্তি তাঁহার, তিনি নির্গুণ, নির্কিকার এবং প্রকৃতি-প্রবর্ত্তক। আকাশাদি ভৃতের আশ্রয়, সকলের পূর্ব হইতে বর্ত্তমান তিনিই আছেন, তিনি পুরুষের অন্তর্গ্যামী রূপে বর্ত্তমান পাকিলেও অপরিচ্ছিন্ন, সমৃদায়ের কারণ হইলেও কারণাতীত।

নমস্তভ্যং ভগবতে পুরুষায় মহাত্মনে।
ভূতাবাসায় ভূতায় পরায় পরমাত্মনে।। ভাগঃ ১০।১৬।৩৫
জ্ঞান-বিজ্ঞান-নিধয়ে ব্রক্ষণেইনস্তশক্তয়ে।
অগুণায়াবিকারায় নমস্তে প্রাকৃতায় চ॥ ভাগঃ ১০।১৬:৩৬

আপনার ঐর্থ্যাদি গুণ অচিস্তা. আপনি সকল দেহে অন্তর্য্যামী রূপে বর্ত্তমান, আপনি মহাত্মা, সকল দেহে বর্ত্তমান থাকিয়াও আপনি অপরিচ্ছিন্ন, কারণ, আপনি আকাশাদি ভূতের আশ্রেম, সর্ব্বপূর্বে হইতে বর্ত্তমান, সকলের কারণ স্বরূপ, কিন্তু স্বয়ং কারণাতীত প্রমাত্মা, আপনাকে নমস্কার করি ॥ ভাগঃ ১০১১৪১০

ভাগ: ১০1১৬।৩৬ শ্লোকের অর্থ ১।১।৩ স্বত্তের আলোচনার দেওয়া হইয়াছে। অতএব সর্বাজ্ঞ, সর্বাশক্তি, সর্বাপ্রকার দোষম্পর্শ শৃষ্ঠা, নিরবধি নিরতিশর অসংখ্য কল্যাণগুণের মহাসমূল স্বরূপ ভগবানই জ্বগৎ কারণ। প্রাকৃতিক গুণমাত্ত তাঁহাতে নাই, এবং তাঁহাকে ভজনা করিলে ভক্ত নিশুণ হয়। এ প্রসঙ্গে ১০১৬ স্ত্রের আলোচনায় উদ্ধৃত ভাগবতের ১০৮৮।৪ শ্লোক দ্রন্থবা।

হরিহি নিগু'নঃ সাক্ষাৎ পুরুষঃ প্রকৃতে: পর:।

স সর্বাদৃগুপজন্তী তং ভজন্ নিগু'ণো ভবেৎ।। ভাগঃ ১০৮৮।৪

ইচার অর্থ ১)১।৬ স্থত্যে দেওয়া হইয়াছে।

প্রাকৃতিক গুণাতীত হইলেও, তিনি স্বরূপনিষ্ঠ অপ্রাকৃতগুণের মহাসাগর।
তিনি নিগুণ হইলেও, তাঁহার এরপ আশ্চর্য্য এবং অসাধারণ গুণ যে,
আত্মারাম মৃনিগণ, যাঁহাদিগের হৃদয়-গ্রন্থি নিংশেষে অপগত হইয়াছে, তাঁহারাও
তাঁহাকে অহৈতুকী ভক্তি করিয়া থাকেন। ভাগঃ ১।৭১১০

আত্মারামাশ্চ মূনয়ো নিগ্র'ন্থ। অপাক্তক্রমে। কুর্ববস্তাহৈতৃকীং ভক্তিমিখন্তৃতগুণো হরিঃ।। ভাগঃ ১।৭।১০

অত এব. তিনি শব্দের অবাচ্য নহেন।

অতএব, সিদ্ধান্ত হইল যে, যিনি জগৎকারণ, তিনি শব্ধবাচ্য, তিনি ঈক্ষণকর্ত্তা অতএব চেতন, সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তি, প্রাকৃতগুণের অতীত বলিয়া নিপ্ত'ণ, কিন্তু অপ্রাকৃত স্থরপনিষ্ঠ সমস্ত কল্যাণগুণ নিলয়। স্থতরাং সাংখ্যোক্ত প্রধান জগৎকারণ নহে।

৬। আনন্দময়াৰিকরণঃ—

ভিত্তি:-

(১) "তম্মাদ্বা এতস্মাদ্বিজ্ঞানময়াদজে: ২স্তর আত্মা আনন্দময়:"। (তৈত্তিঃ আনন্দঃ ২,৫)

সেই এই বিজ্ঞানময় আত্মা অপেক্ষাও অভ্য একটি অভ্যন্তরস্থ আত্মা আছে, ভাহার নাম আনন্দময়। (তৈভিঃ ২।৫)

সূত্র :--

(২) "যতো বাচো নিবর্তন্তে অপ্রাপ্য মনসা সহ। আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুভশ্চন॥"

(তৈত্তিঃ আনন্দঃ ২া৯)

বাক্যসমূহ ঘাঁহাকে না পাইয়া মনের সহিত, অর্থাৎ বাক্য ও মন, ঘাঁহার স্বরূপ প্রকাশ করিতে বা ধারণা করিতে অসমর্থ হইয়া ফিরিয়া আইসে, সেই ব্রেমের স্বরূপভূত আনন্দবিদ্ পুরুষ কোথা হইতেও ভীত হন না। তৈতিঃ ২।১

সংশয়ঃ—প্রথম চারিটি স্তত্তে প্রতিপাদিত হইল যে, সর্বজ্ঞ, সর্বশক্তি, অশেষ কল্যাণ গুণের নিলয় এবং প্রাকৃতিক গুণাতীত বলিয়া নিগুণ, ব্রহ্ম জগৎকারণ। পঞ্চম স্ত্র হইতে ছাদশ স্ত্র পর্যান্ত স্ত্রকার সাংখ্যোক্ত প্রধান জগৎকারণ কিনা, এই সংশয়ের উত্থাপন করিয়া, নানাপ্রকার মৃক্তি ও প্রমাণ দ্বারা সিন্ধান্ত করিলেন যে, অচেতন প্রধান জগৎকারণ হইতে পারে না। তবে জীবও ত জগৎকারণ হইতে পারে? কর্ম্মবশে ত্রিগুণাত্মক প্রকৃতি সংসর্গ নিমিন্ত, নানাবিধ অনন্ত ছংখসাগর নিমন্ত্র বন্ধ জীব জগৎকারণ না হউক, মৃক্ত বা শুদ্ধ জীব কেন না হইবে। এই প্রকার পূর্ব্বপক্ষের আপত্তি কল্পনা করিয়া স্ত্রকার, সর্ব্বপ্রকার হেয়গুণ রহিত ও নিরতিশন্ত আনন্দমন্ত্র ব্রহ্ম জগৎকারণ, প্রতিপাদন করিবার জন্ত স্ত্র করিলেন:—

मृख :--

আনন্দময়ে:২ভ্যাদাৎ । ১।১।১৩ আনন্দময়ঃ + অভ্যাদাৎ।

আনন্দময়: — আনন্দময় পদ-বাচ্য ব্ৰহ্ম। অভ্যাসাৎ: — অভ্যাস বা পুংন পুন: উল্লেখ হেতু।

বেদে পুন: পুন: উলেখ থাকা হেতু, "আনন্দময়" পদ ব্রহ্মকেই বুঝায়, এবং তিনিই জগৎকারণ।

"আনন্দ" শবের উত্তর প্রাচ্গ্যার্থে "ময়ট্" প্রত্যন্ত করিয়া "আনন্দ্রমার" পদ নিম্পন্ন হইয়াছে। তৈতিরীয় উপনিষদে ব্রহ্মানন্দ বল্লীতে জীবানন্দ হইতে আরম্ভ করিয়া ব্রহ্মানন্দেই আনন্দের মীমাংসা বা পর্য্যবদান উক্ত হইয়াছে। অতএব আনন্দের প্রাচ্র্য্যের পরিণতি ব্রহ্মেই; স্ক্তরাং ব্রহ্মই আনন্দমন্ত্র।

এখন শ্রীমদ্ভাগবত এতৎ সম্বন্ধে কি রলিয়াছেন, তাহার আলোচনা করা ঘাউক।

তদ্ব স্থা বিশ্বভবমেকমনন্তমাগ্রমানন্দমাত্রমবিকারমহং প্রপগ্নে॥
ভাগঃ ৪১১১৬

কেবলান্মভবানন্দস্বরূপঃ প্রমেশ্বরঃ।
মায়রান্তর্হিতৈশ্বর্যা ঈরতে গুণদর্গরা॥ ভাগঃ ৭ ৬:২১
তং সত্যমানন্দনিধিং ভজেত ভাগঃ ২।১ ৩৯
অথাত আনন্দত্বং পদাসুদ্ধং হংসাঃ শ্রয়েরন্নরবিন্দলোচন॥
ভাগঃ ১১১৯

তিনি বিশ্বের উৎপাদক, এক অথও, অনস্ত, অনাদি, অবিকার, আনন্দমাত্র ব্রহ্ম। আমি তাঁহার শরণ গ্রহণ করি। ভাগঃ ৪।১।১৬

তিনি কেবল অন্নভবানন্দ স্বরূপ পরমেশ্বর। যে মায়া দ্বারা এই গুণ স্পষ্ট জগৎ প্রপঞ্চ, সেই মায়া দ্বারাই, তিনি আপনার ঐশ্বর্য্য অন্তর্হিত করিয়া উপলক্ষিত হয়েন। ভাগঃ ৭।৬।২১

নেই সত্য স্বরূপ আনন্দনিধিকে ভজনা করা কর্ত্তব্য । ভাগঃ ২।১।৩৯ হে পদ্মপলাশলোচন ! পরমহংসগণ এই জন্মই তোমার আনন্দদোহনকারী পদাসুজের আশ্রয় গ্রহণ-করেন ॥ ভাগঃ ১১।২৯।৩

থং ব্রহ্ম পূর্ণমমৃতং বিগুণং বিশোকমানন্দমাত্রমবিকারমনস্থাদশুং।
বিশ্বস্থা হেতৃরুদয় স্থিতি সংযমানামাত্মেশ্বরশ্চ তদপেক্ষতয়ানপেক্ষঃ॥
ভাগঃ ৮।১২।৬

আপনি ব্রহ্ম, পূর্ণ, অমৃত শ্বরূপ, নিগুণ, বিশোক, আনন্দ স্বরূপ, নির্বিকার। আপনা হইতে অন্ত কোনও পদার্থই নাই, অথচ আপনি সম্দায় পদার্থ হইতে ভিন্ন। আপনি প্রপঞ্চ বিশ্বের সৃষ্টি, শ্বিভি, লয়ের কারণ, আপনি প্রপঞ্চোপাধি জীবসকলের ঈশ্বর অর্থাৎ নিয়ন্তা, ও ভাহাদের কর্মকলদাভা, অথচ আপনি কিছুরই অপেক্ষা করেন না। আপনি সম্পূর্ণ অনপেক্ষ, আপনার ত্রশ্যা বিকাশ কেবল ভক্তামুগ্রহার্থ। ভাগঃ ৮1১২।৬

ভাগবতের ৮।১২।৬ শ্লোকে স্থপট বলা হইল যে, তিনি "আননন্দ্রযাত্র" তিনিই "বিশ্বস্তা হেতুরুদয়ন্দিভি"।

তিনি বিশেষ সৃষ্টি, শ্বিতি, লয়ের কারণ হইলেও, তদ্দোষম্পর্শন্ত। উপাধি সম্বন্ধ তাঁহাতে নাই, তিনিই সাক্ষাৎ নিংশ্রেষ্ শ্বরূপ। তিনিই একমাত্র সকলের ভজনীয়। বেদাস্তবিদ্গণও তাঁহার মাহাত্ম্যের সীমা পান না। তিনি ভক্তগণের আনন্দরাশি দানের জন্ম ইচ্ছামত রূপ পরিগ্রহও করেন। তিনি নিতা বোধ শ্বরূপ ও নিতা হথ শ্বরূপ হইলেও, তাঁহারই সংকল্পরূপা মায়াদ্বারা এই বিশ্ব তাঁহাতে প্রতিভাত হয়।

একস্থমাত্মা পুরুষঃ পুরাণঃ, সভাঃ স্বয়ংজ্যোতিরনস্ত আগাঃ।
নিভাা২ক্ষরো২জ্বস্থাে নিরপ্রনঃ, পূর্ণহদ্বামৃক্ত উপাধিতােহমৃতঃ।
ভাগঃ ১০।১৪।২২

কেবলামুভবানন্দ সন্দোহো নিরুপাধিকঃ ॥ ভাগঃ ১১৯১৮
কেবলামুভবানন্দ স্বরূপঃ সর্ববৃদ্ধিদৃক্ ॥ ভাগঃ ১০০ ১১
-----সাক্ষারিশ্রেয়সাত্মনঃ ।। ভাগঃ ৭।১।২
স বা অয়ং ব্রহ্ম মহদ্মিগ্যুকৈবল্যনির্ববাণস্থামুভূতিঃ ।
ভাগঃ ৭।১০।৪৮

আত্মানং ব্রহ্মনির্ববাণং প্রত্যস্তমিতবিগ্রহং।
অববোধরদৈকাত্মমানন্দমন্ত্রসম্ভতম্।। ভাগঃ ৪।১৩.৭
সত্য জ্ঞানানস্তানন্দ মাত্রৈকরসমূর্ত্তরঃ।
অস্পৃষ্টভূরিমাহাত্ম্যা অপি হ্যাপনিষদ্দশাম্।। ভাগঃ ১০।১৩।৫৪
ত্বং প্রত্যগাত্মনি তদা ভগবত্যনন্ত, আনন্দমাত্র উপপন্ন সমস্তশক্তৌ।
ভক্তিং বিধায় পরমাং শনকৈরবিভাগ্রন্থিং বিভেৎস্যসি

মমাহমিতি প্ররুচ্ং।। ভাগঃ ৪।১১৭৯ ত্বয়েব নিত্যস্থবাধতনাবনস্তে মায়াত উত্তদপি যৎ সদিবাবভাতি।। ভাগঃ ১০।১৪:২২

প্রপঞ্চং নিম্প্রপঞ্চোহপি বিজ্মন্ত্রসি ভূতলে। প্রপন্নজনতানন্দসন্দোহং প্রথিতৃং বিভো।। ভাগঃ ১০।১৪।৩৭ আপনি এক অধিতীয়, আত্মা, সভাস্বরূপ, স্ট্যাদির পূর্ব্ব হইতে বর্ত্তমান, আত্যপুরুষ, স্বপ্রকাশ, অনস্ত, নিতা, অক্ষয়, অজম স্থস্বরূপ, নিরঞ্জন, অদ্যয়, পূর্ব, উপাধিমূক্ত ও অমৃতস্বরূপ। ভাগঃ ১০।১৪।২২

কেবল অন্তুভবানন্দরাশি স্বরূপ, নিরুপাধিক ॥ ভাগঃ ১১৯১৮ কেবল অনুভবানন্দ স্বরূপ সর্ব্বান্তগ্যামী সর্ব্ববৃদ্ধিসাক্ষী॥

ভাগঃ ১০.ভা১১

আত্মার সাক্ষাৎ নিঃশ্রেয়স স্বরূপ।। ভাগঃ ৭।১।২

তিনিই ত এই মহৎ ব্যক্তিদিগের অনুসন্ধেয়, কেবল নির্বাণ স্থামুভ্তি শুরূপ ব্রহ্ম। ভাগঃ ৭।১ • ।৬৮

তাঁহার আত্মা প্রশান্ত হইয়া জ্ঞানরূপ রসের দহিত অভিন্ন হওয়ায়, ব্রহ্মনির্বাণ-প্রাপ্তি বশতঃ সর্বাত্র আনন্দময় পরব্রদ্ধের দতা উপলব্ধি করতঃ প্রপঞ্চে দৈতদর্শন উপরত হইয়াছিল ॥ ভাগঃ ৪।১৩।৭

তাঁহাদিণের মৃত্তি সভা-জান-জনন্ত-আনন্দ্মাত্রৈকরদ ব্রহ্মস্বরূপই হইয়াছিল, অভএব তাঁহাদিণের মাহাত্ম জ্ঞানচকু আত্মবিদ্গণেরও স্পর্শযোগ্য হয় নাই ॥ ভাগঃ ১০।১৩।৪৯

তিনি সর্বান্তরাত্মা ভগবান্ অনন্ত, সমস্ত শক্তি সম্পন্ন ও আনন্দ স্বরূপ, তাঁহার প্রতি পরমা ভক্তি করিলে, ক্রমে "আমি, আমার" ইত্যাদি স্বদৃঢ় সহস্কারগ্রন্থি ভেদ করিতে পারিবে ॥ ভাগঃ ৪।১১।২৯

এই প্রপঞ্চ জগৎ, সত্য জ্ঞান আনন্দ স্বরূপ অনস্ত তোমাতে মান্না দারা প্রতি-ভাসমান হইলেও, 'স্ব্' এর ক্যান্ন প্রকাশিত হয়। ভাগ: ১০ ১১৪।২১

হে প্রভো ! আপনি শ্বরপতঃ নিশ্রপঞ্চ, কেবল প্রণত ভক্তগণের আনন্দ বিস্তারের জন্ম আপনি ভূতলে প্রপঞ্চরণে অবতীর্ণ হইয়া বিভ্রমনা করিতেছেন । ভাগঃ ১০।১৪।৩৫

সেই আনন্দময় জগৎকারণ সকলের সেব্য ও উপাস্ত। তাঁহার লীলা শ্রবণেই অথিল লোকের পাপ, তাপ, তুঃখ, ক্লেশ সম্দায় নিঃশেষে ধ্বংশ হয়। স্থভরাং থাহার। তাঁহার আনন্দময় স্বরূপের ভজনা করেন, তাহাদের আর কথা কি?

ইতি তব স্বয়ন্ত্ৰ্যধিপতেহখিল লোক-মল-ক্ষপণ কথামৃতাদ্ধিমবগাহ্য তপাংসি জ্বন্থঃ।

কিমৃত পূন: স্বধা বিধৃতাশয়-কালগুণাঃ পরম ভজস্থি যে পদম-জন্মসুখামুভবম্।। ভাগঃ ১০৮৭।১২ হে ত্রিগুণ মায়ায়ৃগীনর্ত্তক ! তুমিই সর্ব্যবাগরণের পরমার্থ বস্তু; যথন বিবেকিগণ তোমার অথিল লোকের বৃজ্জিন নিরসনের হেতৃত্বরূপ কীন্তি- স্থাসিকুতে অবগাহন পূর্বক, পাপ ও হৃঃথ হইতে উত্তীর্ণ হয়েন, তথন, হে পরম ! যাহারা স্বরূপ ফুর্তি হেতু, রাগাদি পরিত্যাগ করতঃ, অথভান্তভবানন্দ্রূপ তোমার স্বরূপ ভজনা করেন, তাঁহারা যে পাপ ও হৃঃথ হইতে উত্তীর্ণ হইবেন, তিষিয়ে আর বক্তব্য কি ? ভাগঃ ১০৮৭।১২

তিনি মান্তার সাহায্যে স্থষ্ট করেন বটে, কিন্তু নিজ দ্বিতা আত্মহথার ভূতি স্বরূপ দারা মান্তাকে পরাভব করিয়া, স্বরূপে বর্ত্তমান থাকেন। ভাগঃ ১০।১২।১৮

স এব নিত্যাত্মস্থানুভূত্যভিব্যুদস্তমায় · · · · ।। ভাগঃ ১০।১২।০৮

তিনি মায়াধীশ। মায়া তাঁহার অধীন। বালক যেমন খেলার পুতুল লইয়া ইচ্ছামত তাহার সাজসজ্জা দিয়া খেলা করিয়া খাকে, দেইরূপ তিনি মায়াকে লইয়া ইচ্ছামত ক্রীড়া করিয়া খাকেন। "জ্বপৎক্রীড়ামকঃ স্থাপক্তিভিঃ"॥ ভাগঃ ১১।২৯।৭। জীব কিন্তু মায়াবশ, ভরজীব যদিও তাঁহার ক্রুলিয় মায়ার কবল হইতে পরিত্রাণ পান, ভগাপি ভরজীব মায়াধীশ নহে। মায়াধীশ না হইলে জ্বাৎকারণ হওয়া সন্তব নহে, স্তরাং ভরজীবও জ্বাৎকারণ হইতে পারে না। অতএব আনন্দময় ব্রক্ষই জ্বাৎকারণ।

উপরে উদ্ধৃত ভাগবতের — শ্লোকগুলিতে আনন্দ ও তৎপর্য্যায়ভূক্ত নিতাম্বর,
নিঃশ্রেষদ, প্রভৃতির পুনঃ পুনঃ উল্লেখ লক্ষ করিবার বস্তু। এ প্রকার বছ
শ্লোক উদ্ধার করা যাইতে পারে, বাহুল্য ভয়ে বিরত হইতে হইল। যেগুলি
উদ্ধৃত হইয়াছে, তাহা সংখ্যায় কম নহে বলিয়া আপত্তি হইতে পারে, কিন্তু
পুনঃ পুনঃ উল্লেখ বুঝাইবার জন্ম এরূপ করা হইয়াছে।

ভিত্তি:

''সেধানন্দশু মীমাংসা ভবতি''। তৈত্তিং আনন্দঃ ২৮ ইহাই আনন্দের মীমাংসা—সীমা হইতেছে। তৈত্তিং ২৮

সংশয়:—আচ্ছা, আনন্দময় না হয় জগংকারণ হইলেন, কিন্তু বাকিরণশাস্থানুবারে "বিকার" অর্থে ত "ময়ট্" প্রতার হইতে পারে। যেমন অয়য়য়।
যদি বিকারার্থে "ময়ট্" প্রতায় হয়, তাহা হইলে অবিকার পরমায়া আনন্দময়
বাচা হইতে পারে না, তাহা হইলে, আনন্দময় জীব হইতে পারে, এই
প্রকার পূর্বিপক্ষের আপত্তি খণ্ডন জন্ম পরবর্তী কৃত্র, কৃত্রকার রচনা করিয়াছেন।
ক্রের প্রথমাংশে আপত্তি উথাপন করিয়া—পর অংশে সিদ্ধান্ত স্থাপন
করিয়াছেন।

সূত্র :—

বিকারশব্দান্নেভি চেন্ন প্রাচুর্ঘাৎ ॥ ১।১।১৪ বিকারশব্দাৎ + ন + ইভি, চেৎ + ন, প্রাচুর্ঘাৎ।

विकातमां । — বিকার বাচক শব্দ হেতৃ। নঃ—না। ইভিঃ—ইহা।
ভেং—यদি বল। নঃ—না। প্রাচুর্য্যাৎঃ—প্রাচুর্য্য হেতৃ।

যদি বল, বিকারার্থে 'ময়ঢ়' প্রতায় করিয়াও আনন্দময় দিদ্ধ হয়, স্বতরাং 'আনন্দয়য়' বিকারী জীব হইতে পারে, না, তাহা নহে, প্রাচুর্যার্থে—'ময়ঢ়' প্রতায় হইয়াছে, কারণ তৈত্তিরীয় শ্রুতিতে জীবানন্দ হইতে আরম্ভ করিয়া শতগুণ উত্রোত্তর অধিক আনন্দ ক্রমে ব্রহ্মানন্দে অনন্দগুণ আনন্দ বিভ্যমান আছে। স্বতরাং প্রাচুর্যার্থেই "য়য়ঢ়" প্রতায় হইয়া 'আনন্দময়' পদ দিদ্দ হইয়াছে। যেথানে সমৃদায় আনন্দের পরিণতি, এবং য়াহার আনন্দের কণামাত্র লইয়া জগতে জীব আনন্দভোগ করিয়া থাকে, তিনিই আনন্দময় ব্রহ্ম। যেমন প্রচুর প্রকাশ রবি বলিলে প্রকাশই রবির স্বরূপ, এইরূপ জ্ঞান হয়, সেইরূপ আনন্দময় বলিলে, আনন্দই তাঁহার স্বরূপ বৃথিতে হইবে।

পূর্ববিত্তী সূত্রে এ সম্বন্ধে শ্রীমদ্ভাগবতের বক্তব্য বলা হইয়াছে এবং ক্ষেকটি উপাদেয় শ্লোক উদ্ধৃত করা হইয়াছে। আর পুনকলেখের প্রয়োজন নাই। তবে আনন্দ বা স্থ্য যে তাঁহার স্বরূপ, তাহাই দেখাইবার জন্ম ১১১১ স্ত্রের আলোচনায় উদ্ধৃত ২।৭।৪৭ শ্লোকটি এখানে পুনরায় উদ্ধৃত করা হইল। ইহা হইতে বক্তব্যটি বিশদ্ হইবে।

শশং প্রশান্তমভয়ং প্রতিবোধমাত্রং শুদ্ধং সমং সদসতঃ পরমাত্মতব্য ।
শব্দো ন বত্র পুরুকারকবান্ ক্রিয়ার্থো মায়াপরৈত্যভিমুথে বিলজ্জমানা।
তব্ধিপদং ভগবতঃ পরমন্ত পুংসো ব্রক্ষেতি যদ্বিত্রক্ষপ্রস্থাং বিশোকম্।।
ভাগঃ ২।৭।৪৬

এথানে লক্ষ্য করিতে হইবে যে "অজ্ঞ স্থতং" "ব্রহ্ম" পদের বিশেষণ। ব্রহ্ম অজ্ঞ স্থথ স্বরূপ ইহাই বলিবার উদ্দেশ্য।

এই শ্লোকের অনুবাদ ১।১।১ স্ত্রের আলোচনায় দেওয়া হইয়াছে। অতএব আনন্দময় জীব নহে, এন্ধ।

ভিন্তি:

(১) ''রসো বৈ সঃ। রসং হেবোয়ং লক্ষ্যনন্দীভবতি।" তৈতিঃ আনন্দঃ ২।৭

তিনি বসস্বরূপ। জ্বীব এই রস লাভ করিয়া আনন্দিত হইয়া থাকে। তৈতিঃ ২।৭

(২) **এবোহস্ত পরম আনন্দ এওস্তৈ**বানন্দস্তান্তানি মাত্রামুপঙ্কীবন্তি॥ বৃহঃ ৩,৩,৩২

ইনি পরম আনন্দ স্বরূপ। এই আনন্দ স্বরূপের আনন্দকণা পাইয়া অন্ত জীবগণ আনন্দ উপভোগ করে। বৃহ: ৩৩।৩২

मृक :--

তদ্ধেত্ব্যপদেশাচ্চ।। ১।১।১৫ তৎ + হেতু + ব্যপদেশাৎ + চ

ত্ত : — তাহার, জীবানন্দের। হেতু : — কারণ। ব্যসদেশাৎ : — উল্লেখ বশত:। চ : — ও।

ব্রন্ধানলই জীবানলের কারণ, ব্রন্ধানলের কণামাত্র পাইয়া জীব আনন্দ উপভোগ করিয়া থাকেন, একারণ আনন্দময়, জীব হইতে পারে না।

অথ হ বাব তবমহিমাম্ভরস সমুদ্র বিপ্রদা সকুলীঢ়য়।
স্বমনসি নিঃস্থান্দমানানবরত স্থাবন বিস্মারিত দৃষ্টি শ্রুতি
বিষয় স্থালেশাভাদাঃ পরমভাগবতা একান্তিনো
ভগবতি সর্ব্বভৃতপ্রিয়স্ফদি সর্ব্বাত্মনি নিয়ত নির্বৃত্তি মনসঃ॥
ভাগঃ ৬।৯:৩৬

হে প্রভো! আপনার মহিমা অমৃতরদের সাগর, সেই সাগরের বিন্মাত্র একবার আস্থাদিত হইলে, তদ্বারা মনোমধ্যে যে স্থা নিরস্তর নিঃশুন্দিত হইয়া থাকে, তাহাতে আপনার ভক্তগণ, শ্রুতিদৃষ্টি বিষয়ক ক্ষুদ্র স্থা বিশ্বত হইয়া থাকেন এবং সর্বাত্মা, সর্বভৃতের প্রিয় স্বহৃদ্ আপনাতে সর্বাদা একাস্ভভাবে নির্ভিমনাঃ হইয়া থাকেন। ভাগঃ ভানাত

সৌন্দর্য্য ও আনন্দ, উভয়ের সম্বন্ধ বড় ঘনিষ্ঠ। কোনও কিছু স্বন্দর দেখিলে
মনে আনন্দ স্বতঃই উদয় হয়, আবার শ্রীভগবানের স্বরূপের সহিত দেহের
ভেদ নাই, ইহা পূর্ব্বে কথিত হইয়াছে। অতএব সমৃদায় সৌন্দর্য্যের ললামভূত
দেহ ও আনন্দময়, এবং সেই সৌন্দর্য্যের কণামাত্র লাভ করিয়া, জগতে যতঃ
কিছু স্বন্দর প্রবা সৌন্দর্য্যের গর্ব্ব করিয়া থাকে। ভাগঃ ১১।১।৬

সমূর্ত্তা। লোক-লাবণ্য-নির্মূক্তা। লোকনং নৃগাম্।। ভাগঃ ১১।১।৬
লোকেভা লাবণ্যস্তা নির্মূক্তিঃ দানং যতঃ।
যৎ সম্পর্কেণ লোকা লাবণ্যবস্তো ভবস্তীতার্থঃ।। (শ্রীধরঃ)
বে মূর্ত্তির লাবণাের কণামাত্র প্রাপ্ত হইয়া ত্রিলোক লাবণাবান্ হইয়া থাকে।
(শ্রীধর)

··· ··· বৈলোক্যলক্ষোক্পদং বপুর্দ্দিধং । ১০।৩২।১৩
গোপ্যস্তপঃ কিমচরন্ যদমুম্মরূপং লাবণাসারমসমোদ্ধ মনম্মদিকম্ ।।
ভাগঃ ১০।৪৪।১৩

ত্রিলোক্যকান্ত দৃশিমন্মহোৎসবং।

 রূপং দধানং শ্রিয় ঈস্পিতাম্পদম্

 বেইনকদেশেহখিলসর্গসৌষ্ঠবং ঘদীয়মন্ত্রাক্স বন্ত্রং মধুদ্বিষঃ

ভাগঃ ১০।৩৯।১৯

তাঁহার বপুর এক অল্লাংশ মাত্রেই নিখিল ত্রৈলোক্যের সৌন্দর্যলক্ষী বর্ত্তমান, এ প্রকার বপুধারণ করিয়া····। ভাগঃ ১০।৩২।১৩

আহা ! গোপীগণ এমন কি তপঃ আচরণ করিরাছিল, যে তাহারা ইহার অনক্যসিদ্ধ, অসমোর্দ্ধ লাবণাদার রূপ (নেত্রাদি দ্বারা উপভোগ করে)…। ভাগঃ ১০।৪৪।১৩

লাবণ্যের আশ্রেয় স্বরূপ হরির বপুর সন্দর্শন। ভাগঃ ১০।৩৮।৯ ত্রৈলোক্যে একান্ত কমনীয়, চক্ষুমান্ দিগের মহোৎসব স্বরূপ, লক্ষীর একান্ত উপ্সিত সকলের আশ্রয় স্বরূপ রূপ ধারণ করতঃ ····। ভাগঃ ১০।৩৮।১৩

আমরা মধুস্বনের দেহের একদেশে ব্রহ্মার অথিল স্প্রতি সৌন্দর্য্য দর্শন করিয়াছিলাম। ভাগঃ ১০।৩৯।১৯

স্থানন্দময় তিনি সস্তুষ্ট হইলেই তদীয় ভক্তের সম্দায় স্থখময় হইয়া থাকে। তাহার চহুর্দ্দিকে স্থানন্দের উৎস প্রবাহিত হইতে থাকে।

অকিঞ্চনস্ত দান্তস্ত শান্তস্ত সমচেতদঃ।

ময়া সম্ভষ্টমনসঃ সর্ব্বাঃ স্থ্যময়া দিশঃ ॥ ভাগঃ ১১।১৪ ১২

স্থামার দারা অকিঞ্ন, দাস্ত, শাস্ত, সমচেতাঃ এবং সন্তুষ্টমনাঃ ভক্তগণের সম্দার দিক্ স্থময় প্রতীত হইয়া থাকে ॥ ভাগঃ ১১।১৪।১২

অতএব, বুঝা গেল যে, এ কারণেও 'আনন্দ্যয়'. জ্বীব চইতে পারে না।

ভিন্তি: -

"সত্য জ্ঞানমনন্তং ব্রহ্ম"। (তৈওিঃ আনন্দঃ ২।১)

ব্রহ্ম সভাজ্ঞানানন্ত শ্বরূপ। তিনি সভাশ্বরূপ—সর্থাৎ তাঁহার স্বরূপ কোনও প্রকারে বাধিত হয় না। তিনি জ্ঞানস্বরূপ—অববোধাত্মক। আর তিনি অনন্ত —অর্থাৎ দেশ-কাল বা বস্তু দ্বারা অপরিচ্ছিন্ন। (তৈতিঃ ২০১)

"রসে। বৈ সঃ। রসং হেত্যায়ং লকানন্দী ভবতি।"

(তৈত্তিঃ আনন্দঃ ২া৭)

ইহার অর্থ পূর্ব্ব হত্তের শিরোদেশে দেওয়া হইয়াছে।

সূত্র ঃ—

মান্ত্রবর্ণিকমেব চ গীয়তে।। ১০১১৬ মান্ত্রবর্ণিকং + এব + চ + গীয়তে।

মালুবের্ণিকং:—মদ্রে বর্ণিত। এব:—নিশ্চয়। চঃ—ও। গীরতে:— গীত হয়, কথিত বা বর্ণিত হয়।

"সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম"। (তৈত্তিঃ ব্রহ্মানন্দবল্লী ১)

মস্ত্রে অভিহিত ব্রহ্মই আনন্দময়। তিনি উক্ত শ্রুতিতে প্রথম হইতে প্রাণময়, মনোময় ইত্যাদি অভিহিত হইয়া "আনন্দময়" বলিয়া তৈতিঃ ব্রহ্মানন্দবল্লী ৫ম শ্রুতিতে কথিত হইয়াছেন। অতএব, তিনি জীব নহেন।

সত্যজ্ঞানানস্থানন্দমাত্রৈকরসমূর্ত্তয়ঃ। অস্পৃষ্ঠভূরিমাহাত্ম্যা অপি জ্বপনিষদ্শাম্॥ ভাগঃ ১০।১৩।৪৯ ১।১।১৩ স্বত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

সত্যং জ্ঞানমনন্তং যৎ ব্রহ্মজ্যোতিঃ সনাতনম্।

যদ্ধি পশুন্তি মুন্যো গুণাপায়ে সমাহিতাঃ। ভাগঃ ১০।২৮।১৩

মুনিগণ সমাহিত চিত্তে, গুণ ও তৎকার্য ধ্বংসের পর যাহা দর্শন করেন,

সেই সত্য, জ্ঞান, অনন্ত, জ্যোতিঃস্বরূপ, সনাতন, ব্রহ্মস্বরূপ দর্শন করিলেন।

ভাগঃ ১০।২৮।১৩

ভিন্ততে জ্বদয়গ্রন্থি ছিন্ততন্তে সর্ববদংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্ত কশ্মাণি ময়ি দৃষ্টেইখিলাত্মনি।। ভাগঃ ১১।২০।৩০, ১৷২৷২১

১।১।১ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। অতএব, তিনি উপাশু, জীব উপাসক। স্থতরাং উপাশু-উপাসক ভেদে ব্রহ্ম জীব হইতে পৃথক্। এ কারণ আনন্দময়, জীব নহে। ভিত্তি:--

"রসোবৈদঃ। রদঃ ছেবায়ং লক্ষানন্দী ভবতি।"

(তৈত্ত্বিঃ আনন্দঃ ২।৭)

তিনি রদম্বরণ। দেই রদ পাইয়াই লোক আনন্দ লাভ করে।

(তৈতিঃ আনন্দ ২া৭)

সংশয় :— যদিও উপাসক জীব হইতে তংপ্রাপ্য ব্রহ্মবন্তর ভেদ থাকা সন্তব হইতে পারে, কিন্তু স্বরূপতঃ জীবব্রহ্মের বন্ত্রণত ভেদ নাই। পরন্ত উপাসকই সাধনা প্রভাবে সর্বর্গরার অবিলা সম্বন্ধ রহিত, নির্বিশেষ, একমাত্র চিন্মায় ও বিত্তর স্বরূপে প্রকাশিত হন। তথন তাঁহাকেই "সভ্য জানমনতঃ ব্রেদ্ম" বলায়, তাঁহার দোষসমন্ধ পরিত্যাগপূর্ব্যক নির্দ্ধোষ স্বরূপ প্রতিপাদন করা হইতেছে মাত্র। শ্রীমদ্ ভাগবতেও স্বরূপতঃ জীব ব্রহ্মে ভেদ নাই প্রতিপাদিত হইয়াছে।

অহ ভবান্ ন চাক্তস্তং গমেবাহং বিচক্ষ্বং ভোঃ। ননৌ পশ্যন্তি কবয় শ্ছিদ্রং জাতু মনাগপি॥ ভাগঃ ৪।২৮:৫৫

হে মিত্র! তুমি আমারই স্বরূপ, আমা হইতে অন্ত বস্তু নহ, এবং আমিও তোমারই স্বরূপ। পণ্ডিতেরা আমাদের চুইজনের কিছুমাত্র প্রভেদ দেখিতে পান না। ভাগঃ ৪।২৮।৫৫

বদ্ধ জ্বীব সংসার জালায় কাতর, ত্রিভাপ ভাপে ভাপিত হইরা সর্বনাই । অন্থির, নিজেরই দেহ, ইন্দ্রিয়, মনের উপর নিজের কিছুমাত্র কর্তৃ ব নাই। ভাহারা স্ব স্থ প্রধান হইয়া ভাহাকে যথেচ্ছ চালিত করে, স্থভরাং বদ্ধজীব জগংকারণ, আনন্দময়, মান্ত্রবর্ণিক না হউক, শুদ্ধ জীব কেন হইবে না?

যথন শুদ্ধ জীবের সহিত ব্রহ্মের অল্পমাত্রও ভেদ নাই, তথন "মান্ত্রবর্ণিক"
শুদ্ধ জীবের প্রতি প্রযোজ্য না হইয়া ব্রহ্মকেই ব্র্যাইবে কেন ? শুদ্ধ জীবকে
ব্রাইবে। এই আপত্তির খণ্ডনার্থ স্ত্রকার নিমুস্ত্র করিলেন:—

मृज :--

নেভরোহমূপপত্তে: ॥ ১।১।১৭ ন + ইতরঃ + অনুপপত্তে: ।

ন :—না, মান্ত্রবর্ণিক নহে। ইভর: - অপর, অন্ত, ব্রহ্ম ভিন্ন অপর অর্থাৎ
তদ্ধ বা মৃক্ত জীব। অমুপপত্তে: :—অমুপপত্তি হেতু, অসঙ্গতি হেতু। অসঙ্গতি
হেতু ভদ্ধ জীব মান্ত্রবর্ণিক হইতে পারে না। কারণ

পরাবরেশো মনসৈব বিশ্বং স্ফ্রভারতা।ত গুণৈরসঙ্গঃ ।

ভাগঃ ১াথাড

জগৎকারণ পরাবরেশ, তিনি নিজ সংকল্প ঘারাই বিশ্বপ্রপঞ্চের স্বাষ্টি, স্থিতি, লয় করিয়া থাকেন। কিন্তু গুণে আসক্ত হন না। ভাগঃ ১।৫।৬

শুদ্ধ জীবে জগৎ কর্তৃত্ব নাই। ইহা স্ত্রকার "জগৎ-ব্যাপার-বর্জ্জন্"
৪।৪।১৭ স্ত্রে প্রকাশ করিবেন। এখন উহার আলোচনার প্রয়োজন নাই।
শুদ্ধ বা মৃক্ত জীবের ক্ষমতা কতদুর, তাহাও স্ত্রকার ব্রহ্মস্ত্রের চতুর্থ অধ্যারে
বিশেষরূপে আলোচনা করিয়াছেন। এখানে এইমাত্র বলিলেই যথেষ্ট হইবে
যে, মৃক্ত জীব ব্রহ্মের সহিত সংযুক্ত হইয়া সমৃদায় ভোগ করিয়া থাকেন,
শ্বয়ংসিদ্ধ হইয়া ভোগের ক্ষমতা তাঁহার নাই। তাঁহার ইচ্ছা ব্রহ্ম ইচ্ছারই
অনুকুল। স্বতন্ত্র ইচ্ছাই নাই। সতী স্ত্রী যেমন নিজের সংপতিকে বশে
আনিয়া পতির সমৃদায় সম্পত্তিই নিজের মনে করিয়া ভোগ করিয়া থাকেন,
মৃক্তজ্বীবও সেইপ্রকার ভগবানকে বশে আনিয়া সমৃদায় ভোগ করিয়া থাকেন।
ভাগঃ ১।৪।৪ স

ময়ী নির্বান্ধ ক্রান্ধ সাধবঃ সমদর্শনাঃ।

বশে কুর্বস্তী মাং ভক্ত্যা সংস্ত্রিয়ঃ সংপতিং যথা।। ভাগঃ ১।৪।৪৮

স্তরাং, পতিপত্নী সম্পর্কে, যেমন পতির প্রাধান্ত চির বিজমান, সভী স্ত্রী পতিকে বশে আনিতে পারিলেও, তাঁহার প্রাধান্ত উল্লেখন করেন না, সেইরূপ, ভগবান্ ও মুক্তজীব বা ভক্ত সম্পর্কে, ভগবং প্রাধান্ত ও চিরবিজ্ঞমান। যেমন স্থ্যাকিরণে আলোকবান্ হইয়া চন্দ্র পৃথিবীতে স্লিশ্ধ আলোক দান করিয়া সকলের প্রিয় বলিয়া পরিচিত হয়, সেইরূপ ভগবানের অনুগ্রহে, অনুগৃহীত মুক্তজীব ভগবদৈশ্বর্য্যে ঐশ্ব্যাবান্ হইয়া জগতে কল্যাণ বিতরণ করেন ও ইচ্ছা করিলে তাঁহার কামনা মাত্রেই সর্বপ্রকার ভোগ উপস্থিত হয়।

বিশেষতঃ ব্রহ্ম অংশী, জীব অংশ মাত্র। অংশ স্বরূপতঃ অংশী হইতে অভিন্ন হইলেও, অংশ অংশী নহে। পূর্যাকিরণ পূর্যা হইতে অভিন্ন হইলেও, কিরণ পূর্যা নহে। অগ্নি-কূলিক অগ্নিরাশির অংশ হইলেও, ক্লিক অগ্নিরাশি নহে। একটি বালুকণা হিমালয়ের অংশ হইলেও, এবং উহা স্বরূপতঃ হিমালয় হইতে অভিন্ন হইলেও উহা হিমালয় নহে। সেইরূপ জীব চিৎকণ রূপে চিৎঘন ব্রহ্ম হইতে স্বরূপতঃ অভিন্ন হইলেও, জীব ব্রহ্ম নহে।

একস্থৈব মমাংশস্ত জীবস্থৈব মহামতে। বন্ধোহস্তাবিজয়ানাদেবিজয়াচ ভথেতরঃ।। ভাগঃ ১১১১১।৪

হে মহামতে ! এক অদ্বিতীয় আমার অংশ স্বরূপ জীবের অনাদি অবিদ্যা দ্বারা বন্ধ ও বিদ্যা দ্বারা মৃক্তি হইয়া থাকে। ভাগঃ ১১।১১।৪

·····বেক্ষাংশকস্তাত্মন আত্মবন্ধনঃ ॥ ভাগঃ ১২ ৪।৩১ ব্রন্ধের অংশ স্বরূপ জীবাত্মার বন্ধন স্বরূপ····৷ ১২।৪।৬১

অত এব জীবের কর্ত্ব্য যে সর্ব্বাত্মভাবে, সর্ব্বত্র এবং সর্ব্বদা, শ্রীহরির শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করা। ভাগঃ ২।২:৩৬

তশ্বাৎ সর্বাত্মনা রাজন্ হরিঃ সর্বত্ত সর্বদা। শ্রোতবাঃ কীত্তিতবাশ্চ স্মর্ত্রো ভগবান্নুণাম্।। ভাগঃ ২ ২।৩৬

শারণ রাথা উচিৎ যে, ব্রহ্মা পর্যন্ত প্রপঞ্চ জগতের সকলেই, জীব-পর্য্যায়ভুক্ত।
শারীর ও আত্মা হিসাবে সকল জীবের সাম্য আছে। শারীরের উপাদানে সত্ত,
রজঃ ও তমোগুণের তারতম্য থাকিতে পারে মাত্র এবং তজ্জন্য আত্মার
আবরণের স্বচ্ছতা ও মলিনতা ইতর বিশেষ থাকিতে পারে মাত্র। ইহা ছাড়া
আত্যন্তিক ভেদ নাই।

ভূমাম্ব্যানিলাকাশা ভূতানাং পঞ্চ ধাততঃ। আব্রহ্মস্থাবরাদীনাং শারীরা আত্মসংযুতাঃ॥ ভাগঃ ১১২১।৫

ব্রনা হইতে স্থাবরাদি সকলেরই শরীর, ভূমি, জল, তেজ, বায়ু, আকাশ, এই পঞ্চধাতু দ্বারা নির্মিত ও আত্মাসংযুক্ত। ভাগঃ ১১।২১।৫

অত এব জীব যত উচ্চ পদবীতেই অধিষ্ঠিত হউন না কেন, এমন কি সারূপ্য সাযুজ্যাদি মুক্তি পাইলেও, তিনি মান্ত্রবর্নিক নহেন। জীব শরীর থাকিলেই এবং মন, বৃদ্ধি, অহংকার থাকিলেই, আত্মার আবরণ থাকিবেই থাকিবে, তবে সে আবরণ ব্রহ্মার পক্ষে বচ্ছ ও ব্রহ্মেতর জীবের পক্ষে মিলন, মিলনতর ও মিলনতম হইতে পারে। এবং সে মিলনতা দূর করিবার জন্ত শ্রীভগবানের চরণে ভক্তির প্রয়োজন। স্বর্য্যাদয়ে যেমন নৃতন বস্তুর স্কৃষ্টি হয় না, অন্ধকার রূপ আবরণ দূর করিয়া, স্ব্যা, বস্তু প্রকাশ করেন মাত্র, সেইরূপ শ্রীভগবং চরণে প্রবল ভাক্ত হইলে, গুণকর্ম হইতে উৎপন্ন চিত্তের মল দুরীভৃত হইয়া বিশুদ্ধ আত্মতত্ত্ব উদন্ত হয়। সেই বিশুদ্ধ আত্মতত্ত্বই অধন জ্ঞান, ইহাই ব্রহ্মদর্শন।

স্বকৃতবিচিত্র যোনিষু বিশ্বির হেতুতয়া তরতমত ভচ্চাস্সনলং স্কৃতামুকৃতি:।

অধ বিতথা স্বমূষবিতথং তব ধাম সমং বিরক্ষধিয়ে ২মুযন্ত্যভি-বিপণ্যব একরসম্ ॥ ভাগঃ ১০৮৭।১৫

অরি যেমন দাহ্য কাটের আকারাহ্যদারে ন্যনাধিকরণে প্রকাশিত হইয়া থাকে, তদ্রপ আপনিও স্বকৃত বিচিত্র কার্য্যে উপাদান কারণ রূপে অম্প্রবিষ্টের ন্যায় ভত্তবস্তর অম্করণ করতঃ ন্যনাধিক ভাবে প্রকাশ পাইয়া থাকেন। এই হেতু অসত্য স্বরূপ এই বস্তু সকলে সত্যম্বরূপ একর্ম আপনাকে উপল্পি করিয়া, নির্মাল বৃদ্ধি যোগিগণ সাংসারিক ব্যবহার শৃত্য হইয়া, ভজনা করেন।
ভাগঃ ১০৮৭।১৫

যহ।জনাভচরণৈষণয়োকভজ্যা চেতোমলানি বিধমেধ-

গুণ কর্মজানি।

তিশ্মন্ বিশুদ্ধ উপলভ্যত আত্মতত্ত্বং সাক্ষাদ্যথা২্মলদৃশোঃ স্বিতৃ প্রকাশঃ ॥ ভাগঃ ১:।৩,৪১

ভক্তি সহকারে পদ্মনাভের চরণ পদ্ম সেবার ঘারা, গুণকর্ম জনিত চিত্তমশ ধ্বংস হয়, এবং তথন নির্মাল চক্ষ্র নিকট স্থ্যপ্রকাশের স্থায়, বিশুদ্ধ সাক্ষাৎ আত্মতত্ত্বের উপলব্ধি হয়।। ভাগঃ ১১।৩৪১

যথা হি ভানোরুদয়ো নৃচক্ষুষাং তমো িহন্তান্নতু সদ্বিধত্তে। এবং সমীক্ষা নিপুণা সতী মে হন্তাত্তা-মিশ্রং পুরুষম্ভ বৃদ্ধেঃ।। ভা ১১২৮.৩৫

১।১।১ স্থতে ইহার অর্থ দেওয়া হইয়াছে।

জ্ঞানিগণ, স্বীয় কর্মোপাজিত নানা দেহে ভোক্রপে বর্ত্তমান বস্ততঃ কার্য্যকারণাদিরপ আবরণ শৃণ্য জীবকে দর্ব্বশক্তির আশ্রয় পূর্ণ স্বরূপের অংশ বলিয়া বর্ণনা করেন। এইরূপ জীবতত্ত্ব বিচার করিয়া, বিশ্বাস স্থাপন করতঃ সংসার নিবর্ত্তক ও নিগমোক্ত কর্মের ফলপ্রদ সেই পূর্ণ স্বরূপের পাদপদ্মের উপাসনা করিয়া থাকেন। ভাগঃ ১০া০৭।১৬

স্বকৃতপুরেষবহিরন্তরসম্বরণং, তব পুরুষং বদস্ত্যখিলশক্তিধতো-২ংশকৃতম্।

ইতি নুগতিং বিবিচ্য কবয়ো নিগমাবপনং, ভবত উপাসতেহঙ্খি ম-ভবং ভুবি বিশ্বসিতাঃ ॥ ভাগঃ ১০:৮৭।১৬

বিশেষতঃ তিনি চরাচর সকলের সম্দায় শক্তির অববোধক। তাঁহা হইতে শক্তি লাভ করিয়া, প্রাণ, ইন্দ্রিয়ণণ শক্তিমান্ হইয়া কার্যাক্ষম হয়। ভাগঃ ১০৮৭।১০

অগজগদোক সাম্থিল শক্তববোধক · · · ।। ভাগঃ ১০৮৭।১০

অতএব দিদ্ধান্ত হইল যে মৃকজীবন্ত মান্ত্রবর্ণিক নহেন। স্থতরাং জগতের স্ষষ্টি-স্থিতি-লয়ের কারণ নহেন। ব্রন্ধই মান্ত্রবর্ণিক। এবং তিনিই স্থাষ্টি-স্থিতি-লয়ের কারণ। স্ত্রকারও ২।৩।৪৩ স্ত্রে জীব ব্রন্ধাংশ বলিয়া স্পষ্ট উল্লেখ করিলেন।

ভিত্তি:-

"রসো বৈ সঃ। রসং হেবারং লক্ষ্যানন্দী ভবতি।" পূর্ব্বেখতে শিরোদেশে অর্থ দেওয়া হইয়াছে। (তৈত্তিঃ আনন্দঃ ৭) সূত্রঃ—১।১।১৮

> ভেদবাপদেশাচ্চ। ১।১।১৮ ভেদ + বাপদেশাৎ + চ।

ভেদ: —জীব ও ব্রন্ধের মধ্যে ভেদ। ব্যপ্রদেশাৎ: —উল্লেখ হেতু। চ: —ও।

জীব উপাদক, ব্ৰহ্ম উপাশু, জীব লবা, ব্ৰহ্ম—লব্বব্য, জীব ভজনকারী, ব্ৰহ্ম ভজনীয়। স্বত্যাং উভয়ের মধ্যে ভেদ উল্লেখ হেতৃ, জীব আনন্দময় ব্ৰহ্ম হুইতে পারে না।

> তং সত্যমানন্দনিধিং ভজেত-----। ভাগঃ ২।১।৩৯ ত্বং প্রত্যগাত্মনি তদা ভগবত্যনম্ভ আনন্দমাত্র উপপন্ন সমস্তশক্তৌ।

ভক্তিং বিধায় পরমাং শনকৈরবিন্তাগ্রন্থিং বিভেৎস্থেসি মমাহর্মিতি প্ররুদ্ধে।। ভাগঃ ৪।১১।১৯

১।১।১৩ স্ত্ত্ত্বের আলোচনায় ইহাদের সরলার্থ দেওয়া হইয়াছে।

এক দেহরপ বৃক্ষে জীব ও পরমাত্ম। পক্ষীরূপে বিরাজ করেন বটে, কিন্তু
একজন কর্মফলভোগী, অন্তজন কেবল সাক্ষী মাত্র, একজন অবিভাবশতঃ নিত্যবদ্ধ,
অপর বিভাময় নিত্যমূক্ত। স্থতরাং উভয়ের ভেদ।

স্থপর্ণাবেতে সদৃশো সখায়ে যদৃচ্ছরৈতে কৃতনীড়ো চ বৃক্ষে।

একস্তয়ো খাদতি পিপ্পলামমন্তো নির্নোহপি বলেন ভূয়ান্।।
ভাগঃ ১১।১১।৬

আত্মানমন্তঞ্চ স বেদ বিদ্বান অপিপ্পলাদো ন তু পিপ্পলাদঃ।
যোহবিগুরা যুক্ সতু নিত্যবদ্ধো বিগ্রাময়ো যঃ সতু নিত্যমুক্তা।।
ভাগঃ ১১।১১।৭

দেহ হইতে পৃথক্ভূত, চেতন স্বভাব বশত: তূল্য, ঐকমত্য বিশিষ্ট স্থাত্তপ তুইটি পক্ষী মায়াবেশ হেতু শরীররূপ বৃক্ষে নীড় নির্মাণ করিয়া অবস্থিতি করিতেছেন। ইহাদের মধ্যে একজন কর্মফল ভোগ করেন, অন্ত নিরশন থাকিয়াও জ্ঞান শক্তি দ্বারা অতিরিক্ত হয়েন। ভাগঃ ১১।১১।৬

সেই বিশ্বান্ নিরশন পক্ষী আপনাকেও জানেন, অক্তকেও জানেন, কিন্তু কর্মফল ভোক্তা অপর তদ্রপ নহেন। উহাদের মধ্যে শেষোক্ত অবিগ্রায়্ক, নিত্যবন্ধ; অপর বিগ্রাময়, নিত্যমুক্ত। ভাগঃ ১১।১১।৭

উভয়েই ক্ষেত্রক্ত বটে, কিন্তু উভয়ের মধ্যে বিশেষ ভেদ বর্তমান। এক ক্ষেত্রক্ত 'ন্তুং' পদার্থ পরিলক্ষিত, তিনি চিৎকণ বলিয়া স্বরূপতঃ শুদ্ধ হইলেও মায়ারচিত জীবোপাধি ও অবিশুদ্ধ কর্ত্তা মনের বৃত্তি সমৃদায়, বিভৃতিরূপে গ্রহণ করিয়া প্রবাহরূপে অবিচ্ছিন্নভাবে তাহাদিগকে জাগ্রৎ—স্বপ্নাবস্থায় আবিভূতি ও স্বয়ুপ্তি অবস্থায় তিরোভৃতভাবে দর্শন করেন। "ভ্রহ''—পদার্থ পরিলক্ষিত অপর ক্ষেত্রক্ত, আত্মরূপে সর্ববাপী, পুরাণ বলিয়া জগৎকারণ, পূর্ণ, স্বপ্রকাশ জ্ঞানস্বরূপ, পরেশ, সমৃদায় জীবের অর্থাৎ ত্বং পদার্থ পরিলক্ষিত ক্ষেত্রক্তের আশ্রয়রূপে নারায়ণ, দকল ভূতের আশ্রয়রূপে বাস্থদেব, ষড়্বিধ ঐশ্বর্য্য তাহাতে পূর্ণ ও অব্যভিচারীরূপে নিত্য বর্ত্তমান, তিনি মায়াধীশ এবং সমৃদায় জীবের নিয়ন্তা। ব্যাহ্বাহ্ব

অতএব উভয়ের মধ্যে ভেদ যথেই আছে।

ক্ষেত্রজ্ঞ এতা মনসো বিভূতীর্জীবস্থ মায়ারচিতস্থা নিত্যাঃ। আবির্হিতাঃ কাপি তিরোহিতাশ্চ শুদ্ধো বিচষ্টে হ্যবিশুদ্ধকর্ত্ত্_রঃ।। ভাগঃ ৫।১১।১২

ক্ষেত্রজ্ঞ আত্মা পুরুষঃ পুরাণঃ, সাক্ষাৎ স্বয়ংজ্যোতিরজ্ঞঃ পরেশঃ। নারায়ণো ভগবান্ বাস্তদেবঃ, স্বমায়য়াত্মন্যবধীয়মানঃ।।

ভাগঃ ৫।১১।১৩

যেমন বায়্ প্রাণরূপে প্রবেশ করিয়া স্থাবর জঙ্গমাদি সকলের উপর আধিপত্য করে, সেইরূপ ক্ষেত্রজ্ঞ আত্মা, পরমপুরুষ ভগবান্ বাহ্মদেব জগতে অনুপ্রবেশ করিয়া সকলকে চালিত করেন। ভাগঃ ৫।১১।১৪

> যথানিলঃ স্থাবরজঙ্গমানামাত্মস্বরূপেণ নিবিষ্ট ঈশেৎ। এবং পরো ভগবান্ বাস্থদেবঃ, ক্ষেত্রভ্ত আত্মেদমনুপ্রবিষ্টঃ॥

> > ছাগঃ ৫।১১।১৪

গুণ অর্থাৎ রূপ, রুস, গদ্ধ প্রভৃতি যেমন গুণীর অর্থাৎ চক্ষ্, রুসনা, নাসিকা

প্রভৃতি ইন্দ্রিরের প্রকাশকত্ব জানে না, সেইরূপ সধা জীবও দেহরূপ পুরমধ্যে বাস করিয়া, ঐ স্থানেই বাসকারী সধার ইন্দ্রিয় প্রবর্তকাদিরূপ সথ্য জানিতে পারে না। শেষোক্ত স্থাই মহেশ, জগদীশ্বর। তাঁহাকে নমন্ধার করি।

ভাগঃ ৬।৪।১৯

ইহাতেও উভয়ের ভেদ উল্লিখিত হইল।
ন যস্ত সধ্যং পুরুষোহবৈতি সখাঃ, সখা বসন্ সংবসতঃ পুরেহস্মিন্।
গুণো যথা গুণিনো ব্যক্তদৃষ্টে, স্তশ্মৈ মহেশায় নমস্করোমি॥

ভাগঃ ৬া৪া১৯

এই সম্দায় ভৃতে গৃঢ়রূপে বিরাজমান, দেহরূপ বৃক্ষে শেষোক্ত ক্ষেত্রজ্ঞ, সথা, যিনি সাক্ষীরূপে বর্ত্তমান, তিনি স্বষ্টি-স্থিতি-লয়ের কারণ। অন্ত ক্ষেত্রজ্ঞ তাহা নহে।

> সবা ইদং বিশ্বমমোঘলীলঃ স্বন্ধত্যবত্যত্তি ন সম্ভত্তি শ্বন্। ভূতেমু চান্তৰ্হিত আত্মভন্ত্ৰঃ, ষাড়্বৰ্গিকং ব্ৰিন্ত্ৰতি বড়্গুণেশঃ॥ ভাগঃ ১৷৩৷৬৬

সেই অমোঘদীল ভগবান এই বিশ্ব স্থাষ্টি স্থিতি ও লগ্ন করিতেছেন, কিন্তু যদিও ইহাতে অন্তর্য্যামীরূপে ইন্দ্রিয় ষড় বর্গের বিষয় গ্রহণ করিতেছেন, তিনি কিছুতেই দিপ্ত হয়েন না। কারণ তিনি আত্মতন্ত্র এবং ইন্দ্রিয় ষড় বর্গের নিয়ন্তা। ভাগঃ ১।৩।৩৬

তিনি আত্মাতন্ত্র। জীব কিন্তু আত্মতন্ত্র নহে, পরতন্ত্র। যতদিন পারতন্ত্র্য, ততদিন ঈশ্বর হইতে ভর।

গুণাঃ স্কৃত্তি কর্মাণি গুণোহমুস্কতে গুণান্। জীবস্ত গুণসংযুক্তো ভূঙ্ ক্তে কর্মফলাস্তসৌ। ভাগঃ ১১।১০।৩০ যাবং স্থাদ্ গুণবৈষম্যং তাবমানাগ্মাত্মনঃ। নানাগ্মাত্মনো যাবং পারতন্ত্রাঃ তদৈব হি। যাবদস্থা স্বতন্ত্রশ্বং তাবদীশ্বরতো ভয়ম্। ভাগঃ ১১।১০।৩১

ইন্দ্রিয়গণ কর্ম সৃষ্টি করে, আত্মা করেন না, সন্তাদি গুণ সকল ইন্দ্রিয়গণকে প্রবৃত্ত করে, আত্মা নহেন, জীব ইন্দ্রিয় সংযুক্ত হইয়া উপাধিতে অভিমান বশতঃ কর্মকল ভোগ করে, নিরুপাধি আত্মা ভোগ করেন না। ভাগঃ ১১।১০।৩০

যতদিন গুণ বৈষম্য থাকে, ততদিন আত্মার নানাত্ব হয়, এবং ততদিনই তাহার পরাধীনত্ব; যতদিন পরাধীনত্ব, ততদিনই ঈশ্বর হইতে ভয়।

ভাগঃ ১১।১০।৩১

পূর্ব্ধ পূত্র আলোচনায় আমরা বুঝিতে পারিয়াছি যে, জীব অংশরূপে অংশীরূপ পরবন্ধ হইতে স্বরূপতঃ অভিন্ন হইলেও, অংশ অংশী নয় বলিয়া, উভয়ের ভেদ নিত্য বর্ত্তমান আছে। ১০০২ পূত্রের আলোচনায় প্রদত্ত চিত্তে আমরা দেখিয়াছি যে, জীব-শ্রী ভগবানের তটস্থা শক্তি। শক্তি ও শক্তিমানের অভেদ বটে, কিন্তু শক্তিমান্ নহে, অতএব ভেদও বটে। স্থতরাং নানা প্রকারে বুঝিলাম যে ভেদ উল্লেখ হেতু, জীব আনন্দময় জগৎকারণ ব্রহ্ম হইতে পারে না।

এই স্ত্রের অলোচনায় ভাগবতের ১১।১১।৬, ১১।১১।৭, ৫।১১।১২, ৫।১১।১৬, ৬।৪।১৯ শ্লোক উদ্ধৃত হইয়াছে। উক্ত শ্লোক সকলে জীবদেহে জীবাত্মা ও পরমাত্মা যথাক্রমে ভোক্তা ও সাক্ষীরূপে বর্ত্তমান কথিত হইয়াছে। ইহাতে পূর্ব্বপক্ষ আপত্তি উত্থাপন করিতে পারেন যে, অনেক ধর্মে এক আত্মারই অন্তিত্ব শীকার করে না, তুমি আবার জীবাত্মা ও পরমাত্মা তুইটি আত্মার অন্তিত্ব কেন বলিতেছ? শ্রুতি ও শাস্ত্র প্রমাণ একপার্থে রাখিয়া, এ সম্বন্ধে তোমার যুক্তি কি? যদি যুক্তি ও বিচারে ইহাদের অন্তিত্ব সিদ্ধ না হয়, তাহা হইলে কেবল শাস্ত্র প্রমাণে উহা স্বীকার করা, আর গায়ের জোরে কোন কিছু বলিতে বাধ্য করা এক কথা নয় কি? তোমার শাস্ত্র ভিন্ন ধর্মাবলম্বী মানিবে কেন? স্থতরাং সার্ব্বজনীন যুক্তি ও বিচারে তোমার সিদ্ধান্ত সিদ্ধ না হইলে উহা সর্ব্ববাদী সম্মত হইবে না, ইহা স্থপ্ট।

ইহার উত্তরে দিলান্তবাদীর বক্তব্য এই যে ব্যাবহারিক প্রমাণ প্রয়োগে আমাদের শাস্ত্র, যুক্তি ও বিচারকে প্রথম স্থান দিয়া থাকেন, ইহা নিশ্চিত। তবে যে তত্ত্বের আলোচনায় যুক্তি বিচার পঙ্গু হইয়া কিরিয়া আদে, সেই পরমতত্ত্বের দিলান্তে শ্রুতি প্রমাণ গ্রহণ করিয়া থাকেন। যাহা হউক আলোচনায় আমরা ব্রুক্তিরিচারে কি পাই দেখা যাউক। ১০০০ স্ত্রের আলোচনায় আমরা ব্রিয়াছি যে, আমাদের জগৎ আমাদের ইন্দ্রিয়লভ্য জ্ঞানের উপর নির্ভর করে। যদি আমাদের ইন্দ্রিয়ের শক্তি এবং সংখ্যা বর্ত্তমান অপেক্ষা অধিক হইত, তাহা হইলে আমাদের জগৎ অন্তর্জপ হইত, ইহা অবিসংবাদিত সত্য।

এখন প্রশ্ন উঠে এই জ্ঞান কাহার? চিত্ত, মন, বুদ্ধি, অহমার ইহারা অন্তরিন্দ্রির বটে এবং ইহারা জ্ঞানের উপলব্ধির সাধন বটে, কিন্তু ইহারা "করণ" বা যন্ত্র মাত্র, উপলব্ধি ইহাদের সাহায্যে হয় বটে, কিন্তু তাহা উহাদের হইতে পারে না, তবে উপলব্ধি কাহার হয় ? ইহার বিচার স্ত্রকার ২।২।১৯, ২।২।২৫, ২।২।২৫, ২।২।২৬, ২।২।৩১ প্রভৃতি স্ত্রে বৌদ্ধমত নিরদনে বিস্তারিত ভাবে করিয়া সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন, যে মূলে এক নিতা, সতা, স্থির, পদার্থ না থাকিলে বিভিন্ন জ্ঞানের একীকরণ সম্ভব হয় না। স্পতরাং (১) প্রথমতঃ— অনুমান দ্বারা সম্দায় জ্ঞানের মূলে এক নিতা, সতা, স্থির, অব্যভিচারী বস্তু স্থীকার করিতে হয়, তাহাই আত্মা।

- (২) দ্বিতীয়ত:—"আমি আছি" ইহা সকলের "স্থকীয়াকুভূডিসিদ্ধ"—এ জ্ঞান স্বতঃসিদ্ধ, ইহা কাহাকেও শিথিতে হয় না। এই স্বতঃসিদ্ধ জ্ঞানের দ্বারা আত্মার অস্তিত্ব প্রতিষ্ঠালাভ করে।
- (৩) তৃতীয়ত:— আমাদের ইহা প্রত্যক্ষসিদ্ধ যে, কোন জ্ঞান হইলে তাহার অনুস্মৃতি বহুকাল পরেও আমাদের হইয়া থাকে। যদি মূলে একটি সত্য, নিত্য বস্তু না থাকে, তবে 'অনুস্মৃতি' কাহাকে আশ্রয় করিয়া থাকিবে? সেই আশ্রয়ই আত্মা বা জীবাত্মা।
- (৪) চতুর্থতঃ—আমাদের জগৎ আমাদের ব্যক্তিগত ব্যান্ত জ্ঞানের উপর প্রতিষ্ঠিত হইলেও আমাদের ব্যক্তিগত ব্যক্তিজ্ঞানের বাহিরে জগতের পৃথক স্বতম্ব সন্তা বর্ত্তমান আছে। এই স্বতম্ব সন্তা কাহার জ্ঞানের উপর প্রতিষ্ঠিত ? আমাদের ব্যক্তিগত প্রত্যক্ষ জগতের নিদর্শনে আমরা স্পষ্ট ব্রিতে পারি যে, উহা সমন্তি জ্ঞানের উপর প্রতিষ্ঠিত। এই সমন্তি জ্ঞান ব্রন্ধ, ভগবান বা প্রমাত্মার কার্য্যমূর্ত্তি হিরণাগর্ভ। এবং সে কারণ প্রমাত্মার জ্ঞানের উপর প্রতিষ্ঠিত বলিলে দোষ হয় না।
- (৫) পঞ্চমতঃ—নাম রূপাত্মক জগৎ বিশ্লেষণ করিয়া দেখিলে আমর। ব্ঝিতে পারি যে, জাগতিক ব্যাপারমাত্রই পরিবর্ত্তনশীল, নশ্বর, কেহই সর্ব্ধকাল সডাক সত্য নহে। এই পরিবর্ত্তনশীলতা বা নশ্বরতার অপর নাম গতিশীলতা। কিন্তু গতি উপপত্তির জন্ম স্থিতির প্রয়োজন, ইহা মৎপ্রণীত "বেদান্ত প্রবেশ" গ্রন্থে দেশকাল তত্বালোচনায় বিশদভাবে আলোচিত হইয়াছে। স্থতরাং পরিবর্ত্তনশীল জগতের উপপত্তি হেতু এক নিত্য, স্থির, কৃটস্থ বস্তর প্রয়োজন বুঝা গেল '
- (৬) ষষ্ঠতঃ—জগতে প্রত্যক্ষতঃ আমরা কার্য্যকারণ-শৃদ্ধন বর্ত্তমান দেখিতে পাই। এই শৃদ্ধালের অন্তবর্ত্তন করিতে করিতে, ক্রমশঃ স্থূল হইতে স্ক্ষ্ম, স্ক্ষমভর, স্ক্ষমভনে যাইতে যাইতে অনবস্থা দোষ পরিহারের জ্ঞ পরিশেষে পরমস্ক্ষ

কারণতদ্বে বা ব্রহ্মতদ্বে উপনীত হই। ইহা ১।১।২ হতের আলোচনায় প্রদন্ত জগৎ প্রপঞ্চ সৃষ্টির চিত্রে দেখান হইরাছে। উক্ত চিত্র পর্যালোচনা করিলে আমরা ব্রিতে পারি যে, সেই পরম কারপ বহিরঙ্গা শক্তি বিকাশ নাম রূপাত্মক জগত্তপে অভিব্যক্ত হয়, এবং এই নাম রূপাত্মক জগৎ ভোগের জন্ম ভটম্ব শক্তি বিকাশে জীবরূপে প্রকৃটিত হইয়া ব্যাবহারিক জগতের ব্যাপার পরস্পরা সম্পাদন করিয়া ধাকেন। এবং তিনিই অন্তর্মসা শক্তি বিকাশে নিয়ন্ত্ররূপে উক্ত বহিরঙ্গা ও ভটম্বা শক্তির সমন্ধ স্থাপন করতঃ তাঁহার ভটম্বা শক্তাংশকে বহিরঙ্গা শক্তাংশ উপাধিতে সম্বন্ধ করেন। এই উপাধিই ভাগবতে ১১।১১।৬ শ্লোকে কথিত বৃক্ষ বা জীবদেহ, এই ভটম্বা শক্তাংশই উক্ত শ্লোকে কথিত পিপ্লনামাস্থাদক পক্ষী-জীবাত্মা এবং অপর অনশনকারী পক্ষী পরমাত্মা।

(৭) সপ্তমত:—ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ বিচার ধারা এই সিদ্ধান্ত প্রতিষ্ঠিত হয় যে বেনন ব্যাষ্ট পৃথক পৃথক ক্ষেত্র উপভোগের জন্ম ব্যাষ্ট ক্ষেত্রজ্ঞ প্রয়োজন, দেইরূপ সমষ্টি ক্ষেত্র—জ্বগৎ প্রপঞ্চ উপভোগের জন্ম এখানে সমষ্টি ক্ষেত্রজ্ঞ বা হিরণাগর্ভ প্রয়োজন। যেই বাষ্টি ক্ষেত্রজ্ঞ কর্ত্তা (সূত্র ২।৩।২৩) ইহা পরমাত্মার অংশ বটে (স্ত্র ২।৩।৪০) এবং উহা জ্ঞাভাও বটে (স্ত্র ২।৩।১৯) বর্ত্তমান বিচারে ব্যষ্টি ক্ষেত্রজ্ঞের কন্ত্রভাব বা পরমাত্মার অংশভাব আলোচনায় প্রয়োজন নাই। উহার জ্ঞাতৃভাবই আমাদের আলোচনার বিষয়। ব্যষ্টি ক্ষেত্রক্ত বা জীবাত্মা—জ্ঞাতা विना जाँदा हरेए जिन्न ममुनाम एक भार्यन छे भनि कि हरेमा थारक। हेरा সকলের অন্থভবসিদ্ধ। এই জাতৃভাবই সাধারণতঃ আত্মতত্ত্ব বলিয়া উক্ত হইয়া উক্ত জ্ঞাতৃভাবকে বিশ্লেষণ করিয়া বিবেক দৃষ্টিভে বিশেষভাবে পর্যালোচনা করিলে উক্ত জাতৃভাবের' ভিতর পুন্ম 'জের' ভাব বর্ত্তমান আছে ৰুঝা যায়। অর্থাৎ 'জ্ঞাতা' আমি নিজেই 'জ্ঞেয়' আমিকে জানিতে পারি। অক্ত কথায় বলিতে গেলে বলিতে হয় জাতা আমি বুঝিতে পারি যে, আমি 'সং' বা "আছি" এবং ইহা ব্ৰিতে পাব্নি বলিয়া আমি চিৎ বা জ্ঞান স্বন্ধণ এবং আমি "আছি" ও জ্ঞান স্বরূপ বলিয়াই আমি "আনন্দ্র" অমূভব করি অর্থাৎ আমি "সক্রিদানন্দ স্বরূপ"। এই সচিদানন্দ স্বরূপ আমার ভাবই শুদ্ধভাব, ইহা পরমান্মার ভাব এবং উহা স্বামার জ্ঞাভূভাবের সহিত এককালে ওতপ্রোও ভাবে বর্তমান পাছে। এই উভয় ভাবের প্রতি লক্ষ কারয়া শ্রুতি বলিয়াছেন "ব্রেক্ষা ভবতি য এবং বেদ্'' বৃহ: ৪।৪।২৫, ব্রহ্মবেদ ব্রেক্সোব (মৃগুক গা২।৯) যে ব্রহ্মকে জানে সে ব্রশ্ধ হইরা যায়। এই জ্ঞের ভাবের সম্যক উপলদ্ধি অধ্যাত্মশাস্ত্রে 'আত্মসংবেদন', বিদ্বাপ্রাপ্তি, "ম্বন্ধপ প্রতিষ্ঠা", "ম্বন্ধপাভিব্যক্তি", "ব্রাক্ষীশ্বিতি", 'আত্মদর্শন, 'ব্রহ্মদর্শন' 'পরম পুরুষার্থলাভ' 'মোক্ষ' 'কৈবল্য' প্রভৃতি আখ্যায় আখ্যায়িত হইয়া থাকে।

এথানে বিশেষ লক্ষ করা প্রয়োজন যে, ভাষায় প্রকাশ করিবার জন্ম—জ্ঞাতা, জ্ঞেয় ভাবপ্রাহী এরূপ জ্ঞানী ব্রহ্ম হইয়া যান, বলা হয় মাত্র। নতুবা যতক্ষণ আমি জ্ঞাতা এবং আমার হইতে পৃথক "জ্ঞেয়" "স্চিদানন্দ রূপ" ভাব বর্ত্তমান ততক্ষণ দৈতভাব বর্ত্তমান—আমার ব্রহ্মভাবাপত্তি সম্পূর্ণভাবে হয় না, ইহা বলাই বাহুলা। কিন্তু ভাষায় প্রকাশ করিতে হইলে উপরোক্ত প্রকারে ভেদনির্দ্দেশ ভিন্ন উপায় না থাকায় কাজে কাজেই এ প্রকারে বলিতে হয়।

এখন বুঝা গেল যে, শরীর রূপ বৃক্ষ তুই পক্ষীর কুলায় রূপ রূপকের মধ্যে কি গভীর তত্ত্ব নিহত। জ্রের মাত্রই জ্ঞাতা হইতে পৃথক বলিয়া "জ্রের আমি" "জ্ঞাতা আমি" হইতে পৃথক এজন্য তুইটি পক্ষীর উল্লেখ শ্রুতিতে ও শ্বৃতিতে আছে। এখন বল দেখি শাস্ত্র প্রমাণ বাদ দিয়া যুক্তি ও বিচারে, প্রতি দেহে 'জ্ঞাতা আমি' ও 'জ্ঞের আমি', অন্য কথার জীবাত্মা ও পরমাত্মা বিভ্যমান আছেন বুঝা গেল না কি? উহাদের উভয়ের মধ্যে 'জ্ঞাতা আমি' যে জ্ঞান হইতে উদ্ভূত স্থ্য তুংথের ভোক্তা বা অন্যকথার পিপ্পলাধাদনকারী, ইহাতে সন্দেহ থাকিতে পারে কি? অপরটি জ্ঞাতা নহে, অতএব অনশনকারী বলার দোষ হইরাছে কি?

ভিত্তি:--

''সোহকাময়ত— বহুস্থাং প্রজায়েয়''। তোত্তঃ আনন্দঃ ২।৬ তিনি কামনা করিলেন অর্থাৎ আলোচনা করিলেন, আমি বহু হইব, আমি উৎপন্ন হইব না। তৈত্তিঃ ২।৬

সূত্র: -- ১।১।১৯
কামাচ্চ নামুমানাপেক্ষা ॥ ১।১।১৯
কামাৎ + চ + ন + অমুমানাপেক্ষা।

কামাৎ:—কামনা হেতৃ — ইচ্ছা বা সংকল্প হেতৃ জগৎ স্টির নিমিত।

চ:—প। নঃ—না। অনুমানাপেকা:—অনুমান বা সাংখ্যোক
প্রধানের অপেকা।

শিরোদেশে উদ্ধৃত শ্রুতিতে স্বস্ত সংক্ষাত্মিকা কথিত হইয়াছে। প্রধান জড়, অচেতন; তাঁহার সংক্ষা বা আলোচনা সম্ভব হয় না। অতএব জগৎ স্বাষ্টি বিষয়ে প্রধানের কোনও অপেক্ষা নাই। শুধু সংক্ষা মাত্রেই জগতের স্বাষ্টি; স্বতরাং অচিৎ প্রধানের সহিত সংসর্গমাত্র নাই। জীব কিন্তু স্বরূপতঃ চিৎকণ হইলেও চিদ্চিৎ অর্থাৎ অচিৎ—প্রধানের সহিত সর্বাদা সংশ্লিষ্ট। অতএব আনন্দ্রময়, জীব বা প্রধান মতে। পর্ব্রেজাই।

কালং কর্ম স্বভাবঞ্চ মায়েশো মায়য়া স্বয়া।

আত্মন্ যদৃচ্ছয়া প্রাপ্তং বিবৃত্যুরুপাদদে।। ভাগঃ ২।৫।২১ একঃ স্বয়ং সন্ জগভঃ সিস্ক্রয়া, দিতীয়স্থাত্মনিধিযোগমায়য়া। স্জ্বস্তুদঃ পাসি পুনগ্র'সিয়ুসে, যথোর্ণনাভির্ভগবান্ স্বশক্তিভিঃ।

ভাগঃ তা২১।১৮

সেই মায়াধীশ ভগবান্ বহু হইবার ইচ্ছা করিয়া স্বীয় মায়া স্বারা, আপনাতে যদৃচ্ছাপ্রাপ্ত কাল, কর্ম (জীবাদৃষ্ট) ও স্বভাব গ্রহণ বা স্বীকার করেন।

ভাগ: २।६।२>

ভাগবত 'স্বয়া' বিশেষণ দারা মান্না যে ব্রন্ধের স্পষ্টকারিনী সংকল্পাত্মিকা শক্তি ইহা প্রকাশ করিলেন।

আপনি স্বয়ং এক হইয়াও জগতের স্বষ্টি বাসনায় আপনাতে অধিকৃত্ত বা লীন দিতীয় যোগমায়ার সাহচর্য্যে উর্ণনাভির স্থায়, এই বিশ্বের স্বৃষ্টি, স্থিতি ও লয় করিতেছেন। ভাগঃ ৩২১১১৮

এই যোগমায়া তাঁহার সংকল্পত্মিকা শক্তি। অতএব প্রতিপাদিত হইল যে স্প্রতিকর্তা জগৎকারণ—আনন্দময় ব্রহ্মই। জীব বা প্রধান নহে। ভিডি:--

"রসো বৈ সঃ। রসং হেত্বায়ং লক্কানন্দী ভবতি।

তৈত্তিঃ আনন্দঃ ২।৭

১।১।১৭ স্থত্তের শিরোদেশে ইহার অর্থ দেওয়া হইয়াছে। তিনি রস স্বরূপ। জীব এই রস লাভ করিয়া আনন্দী হইয়া থাকে।

তৈত্তি: ২াণ

(২) ১১১১৫ হুত্রে শিরোদেশে উদ্ধন্ত বৃহদারণ্যক শ্রুতির তাতাত২ মন্ত্রাংশ। এষোহস্ম পরম আনন্দ এতস্থৈবানন্দস্যান্তানি ভূতানি

माळामू शकौवन्छ । दृशः ४।०।७२

ইনি পরম আনন্দ স্বরূপ। এই আনন্দ স্বরূপের আনন্দকণা পাইয়া অগ্য জীবগণ আনন্দ উপভোগ করে। (বৃ: ৪।৩।৩২)

সূত্র ঃ--১৷১৷২০

অস্মিন্নস্ত চ তদ্যোগং শান্তি॥ ১।১।২০ অস্মিন্ + অস্ত + চ + ভদ্যোগং + শান্তি।

প্রশান : —ইহাতে অর্থাৎ আনন্দময়ে। অশুঃ—ইহার অর্থাৎ জীবের।

চ :—ও। ভদু বোগং: — তাহার যোগ অর্থাৎ আনন্দ সম্বন্ধ। শান্তি:
উপদেশ দিতেছেন।

আনন্দময় হইতেই আনন্দকণা পাইয়া জীব আনন্দ উপভোগ করে। এই প্রকার উপদেশ আছে। এজন্তও জীব আনন্দময় হইতে পারে না। তৈত্তিরীয় উপনিষদে ব্রহ্মানন্দ বল্লীতে আছে, যে ব্রহ্মই রস স্বরূপ। তাহা হইতে রসকণা লাভ করিয়া জীব আনন্দী হইয়া থাকে। অতএব লব্বা এবং লব্বব্য এক হইতে পারে না। অতএব জীব আনন্দময় নহে।

শ্রীমদ্ ভাগবতের ভানাত গ্রাংশ ১/১/১৫ স্বরের আলোচনায় উদ্ধত হইয়াছে, তাহাতেই উক্ত অর্থ প্রতিপাদিত হইয়াছে। এথানে পুনরুদ্ধারের প্রয়োজন নাই।

প্রপঞ্চং নিষ্প্রপঞ্চোহপি বিভূষয়সি ভূতলে।
প্রপন্নজনতানন্দসন্দোহং প্রথিতৃং প্রভো । ভাগঃ ১০।১৪।৩৭
১।১।১৩ স্থ্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
হে প্রভো! আপনি শ্বরূপতঃ নিষ্প্রপঞ্চ, কেবল প্রণত ভক্তগণের আনন্দ

বিস্তারের জন্ত আপনি ভূতলে প্রপঞ্জপে অবতীর্ণ হইয়া বিভ্রমনা করিতেছেন।
ভাগঃ ১০।১৪।৬৭

১০০৮ ক্ত্রের আলোচনায় ভাগবতের ১০০০। প্রের উদ্ধৃত হইয়াছে, উহাতে "আনন্দসংপ্লবং" বলা হইয়াছে। যেমন জল প্লাবনে উচ্চনীচ স্থান একাকার হইয়া জলে প্লাবিত হইয়া যায়, সেইরূপ আনন্দময়ের আনন্দ প্লাবনে জগতে আনন্দের বলা বহিয়া থাকে। ইহা বিচিত্র কি? আভঞ্জব জীবানন্দ, বেক্সানন্দ হইতে লভ্য। স্থভরাং জীব, আনন্দময় নহে। ভ্রেক্সই আনন্দময়।

উপরোক্ত ব্যাখ্যা শ্রীমন্ রামান্ত্রজাচার্য্য সম্মত। শ্রীমন্ শঙ্করাচার্য্য, শ্রীমন্ মধ্বাচার্য্য ও শ্রীমন্ বলদেব বিভাভ্যণ, ইহার একটু অন্তপ্রকার ব্যাখ্যা করিয়াছেনঃ—

আনন্দময়ে ইহার (জীবের) যোগ বা সংযোগ হইলে এক্ষভাবা-পত্তি হইয়া থাকে, এবং ভাহাতে জীবের অভয় প্রতিষ্ঠা হয়।

তাঁহারা ইহার পোষকার্থ তৈতিরীয় উপনিষদের ত্রন্ধানন্দবলীর ৭ সংখ্যক শ্রুতি উদ্ধৃত করিয়াছেন :—

"যদা হোবেষ এতস্মিন্নদৃশ্যোহনাত্মোহনিরুক্তেহনিলয়নেহভয়ং প্রতিষ্ঠাং বন্দতে, অথ সোহভয়ং গতো ভবতি। যদা হোবেষ এতস্মিন্নদরমন্তরং কুরুতে, অথ তস্য ভয়ং ভবতি।।"

এই জীব যথন দর্শনের অবিষয়, অশরীর, অনিরুক্ত (অনির্বাচ্য) ও অনিলয়ন (অনাধার), এই ব্রন্ধেতে নির্ভয়ে স্থিতিলাভ করে, তথন অভয় প্রাপ্ত হয়। আর জীব যথন উক্ত প্রকার ব্রন্ধেতে অল্পমাত্র ও ভেদ দর্শন করে, তথন তাহার ভয় হয়। তৈতিঃ ২।৭। অর্থাৎ, তাঁহাকে আপ্রয় করিলেই, জীব তাহার ঘারায় রক্ষিত হইয়া সম্পূর্ণ নির্ভয় হয়, প্রকৃত মার্গ হইতে এই হয় না। এবং যত প্রকার বিদ্ব আছে, তাহাদিগকে সোপান স্বরূপ করিয়া, তাহাদিগকে মন্তকে পদার্পণ করতঃ, তাঁহার পর্মপদে স্থান লাভ করেন। ভাগঃ ১০।২।৩৩

তথা ন তে মাধব। তাবকাঃ ককিন্তু শুন্তি মার্গাত্তমি বদ্ধসোহদাঃ। ত্বয়াহভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া, বিনায়কানীকপমূর্দ্ধস্থ প্রভো ॥

ভাগঃ ১০।২।৩৩

তাঁহার ভক্তগণ এডদ্র "অভয় প্রতিষ্ঠা" লাভ করেন যে, তাঁহারা বিপদ্কে

কিছুমাত্র ভয় করেন না, বরং বিপদ্ প্রার্থনা করেন, কারণ, ভাষা হইলে, ভগবানের অমুগ্রহ উপলব্ধি করিতে পারিবেন।

> বিপদঃ সন্ত তাঃ শশ্বং তত্ত্ব ডত্ত জগদ্গুরো। ভবতো দর্শনং যৎ স্থাদ্ পুনর্ভবদর্শনম্।। ভাগঃ ১৮।২৪

কুন্তী বলিতেছেন, হে জগদ্পুরো! আমাদের সেই সকল বিপদ্ আবার হউক, যাহাতে আপনার দর্শন লাভ হয়, যে দর্শনলাভে পুনর্জন্ম আর হয় না। ভাগঃ ১৮৮।২৪

ভাব, ক্রিয়া, বস্তু সম্দায়ে অধৈত জ্ঞান হইলে, তবে অভয় প্রতিষ্ঠা লাভ হয়। এবং তথনই জাগ্রৎ, স্বপ্ন, স্বয়ৃপ্তি অবস্থাব্রয়ের উপরে ভক্ত গমন করেন। ভাগঃ ৭।১৫।৬১

ভাবাদৈতং ক্রিয়াদৈতং দ্রব্যাদৈতং তথাত্মনঃ। বর্ত্তরন্ধানুভূত্যেহ ব্রীন্ স্থপান্ ধুনুতে মুনিঃ।। ভাগঃ ৭।১৫।৬১ ভাবাদৈত, ক্রিয়াদৈত ও দ্রবাদিত কি, ক্ষিত হইতেছে।

কার্য্যকারণবন্তৈক্যদর্শনং পটতন্তবং।
আবল্ডবাং বিকল্পস্ত ভাবাদৈতং তত্ত্ততে।। ভাগঃ ৭।১৫।৬২
যদ্ স্থানি পরে সাক্ষাৎ সর্ব্বকর্ম্ম সমর্পণম্।
মনোবাক্তন্তুভিঃ পার্থ ক্রিয়াদৈতং তত্ত্ততে।। ভাগঃ ৭।১৫।৬৩
আত্মজাম্বাস্থতাদীনামন্তেবাং সর্ব্বদেহিনাম্।
যৎ স্বার্থকামস্রোবৈক্যং দ্রব্যাদৈতং তত্ত্ততে।। ভাগঃ ৭।১৫।৬৪

বিকল্প অর্থাৎ ভেদ অবস্তু, এই জন্ম বস্তু ও স্থত্তের ন্যায়, কার্য্য ও কারণকে এক বস্তুরূপে আলোচনা করাকে ভাবাদৈত বলে। ভাগঃ ৭১২৫৬২

মন:, বাক্য এবং কার্য্য দারা সাক্ষাৎ পরব্রেম্বে যে সর্ববর্ষ্ম সমর্পণ, তাহা ক্রিয়াহৈত। ৭।১৫।৬৩

আর, আপনি, পুত্র, কলত্র এবং অন্তান্ত সকল দেহীর অভেদ আলোচনা ছারা, অর্থ ও কামের যে ঐক্য দর্শনি, তাহার নাম দ্রব্যাহৈত। ভাগঃ গা১৫।৬৪

বৈত অবস্তু এবং হৈত — অভিনিবেশ হইতে ভয়। আত্মাই জগতে একমাত্র বস্তু, এবং তাহা হইতে পৃথক বস্তু বা ভাব বা ক্রেয়া, সমৃদায় অবস্তু, উহা হইতেই ভয়, এবং উহা হইতেই মৃত্যু। কিং ভদ্রং কিমভদ্রং বা বৈতস্থাবস্তুনঃ কিয়ৎ।
বাচোদিতং তদনৃতং মনদা ধ্যাতমেবচ।। ভাগঃ ১১৷২৮৷৪
হায়া প্রত্যাহ্বয়াভাদা হৃদস্থোহপার্থকারিণঃ।
এবং দেহাদয়োভাবা বচ্ছস্তাামৃত্যুতো ভয়ম্।। ভাগঃ ১১৷২৮৷৫
আথৈব তদিদং বিশ্বং স্কল্লাতে স্কৃতি প্রভুঃ।
ত্রায়তে ত্রাতি বিশ্বাত্মা হি য়তে হরতীশ্বরঃ।। ভাগঃ ১১৷২৮৷৬
তন্মায়হাত্মনাহক্তম্মাদক্রোভাবো নিরূপিতঃ।
নিরূপিতেয়ং ত্রিবিধা নির্ম্মূলা ভাতিরাত্মনি।। ভাগঃ ১১৷২৮৷৭
ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্থাদীশাদপেতস্থ বিপর্যয়োহশ্বতিঃ।
তন্মায়য়াতো বৃধ আভক্রেং ভক্তিয়্বয়্বশং গুরুদেবতাত্মা।।
ভাগঃ ১১৷২৷৩৫

অবস্তু বৈতের মধ্যে কোন্টি সৎ ও কোন্টি অসৎ, বা, কতগুলি সৎ ও কভগুলি অসৎ, তাহার নির্ণয় হয় না। কেবল বাক্য দ্বারা কথিত ও মনঃ দ্বারা ধ্যাত বিষয় মাত্রই অনুত, অবস্তু, এই নিরুপণ হয় মাত্র। ভাগঃ ১১।২৮।৪

যেমন, প্রতিবিদ্ধ, প্রতিধ্বনি ও আভাদ, ইহারা বস্তুতঃ অসৎ হইয়াও, ভয় ও মোহাদি উৎপাদনে অর্থকরী হয়, তদ্ধপ দেহাদি বৈত মাত্রই অবস্তু ও অসৎ হইয়াও, মৃত্যু হইতে ভয় প্রদর্শন করে। ভাগঃ ১১।২৮।৫

প্রভূ পরমেশ্বর এই বিশ্বকে আত্মাতে অভিন্নরূপে সৃষ্টি করেন ও সৃষ্টি হয়েন, রক্ষা করেন ও রক্ষিত হয়েন, এবং সংহার করেন ও সংস্কৃত হয়েন।

ভাগঃ ১১৷২৮৷৬

অতএব হজ্যাদি বস্তর স্বতম সতা নাই। বিশ্বে যত কিছু ভাব বর্ত্তমান আছে সমৃদায় পরমাত্মারই ভাব। কিন্তু তাঁহার অচিস্তা শক্তি হেতু তাঁহাতে বিকার সম্ভাবনা নাই। আত্মাতেই অধ্যাত্মাদি ত্রিবিধ ভাব নিরূপিত হয় বটে, কিন্তু বিবেকী দৃষ্টিতে শুদ্ধ আত্মার উহার নিমুলা অর্থাৎ উক্ত ত্রিবিধ ভাবের সহিত শুদ্ধ আত্মার বাস্তবিক কোনও সম্বন্ধ নাই। ভাগঃ ১১।২৮।৭

ভগবদ্বিম্থ ব্যক্তির স্বরূপের অস্মৃতি ও দেহে আত্মজ্ঞান হয়, স্থৃতরাং দ্বৈতাভিনিবেশ অর্থাৎ আমি পৃথক বলিয়া বৃদ্ধি হেতু তাহারা ভয় পায়। অভএব গুরু ও দেবতাতে আত্মদৃষ্টি পূর্বক বৃদ্ধিমান্ ব্যক্তি একান্ত ভক্তি সহকারে, ভগবানের ভজনা করিবেন। ভাগঃ ১১।২।৩৫

অভএব আমন্দময়ের শ্রীচরণ আশ্রয় করিলে কিছু হইছে ভয় হয় না।

মশ্রেহকুতশ্চিদ্তম্মচ্যুতগ্র পাদাম্বুজোপাসনমত্র নিতাম্। উদ্বিগ্নবুদ্ধেরসদাত্মভাবাৎ, বিশ্বাত্মনা যত্র নিবর্ত্ততে ভীঃ॥

ভাগঃ ১১।২।৬১

ইহার সরলার্থ ১।১।১ স্ত্রের আলোচনায় দেওয়া হইয়াছে।
অতএব সিদ্ধান্ত হইল যে, যথন আনন্দময়কে আশ্রম করিলে জীবের অভয়প্রতিষ্ঠা হয়, সম্দায় ভয় নিবৃত্ত হয়, তথন জীব আনন্দময় হইতে পারে না।
এখানে আনন্দময় অধিকরণ শেষ হইল।

৭ : অন্তর্গধকরণ :— ভিত্তি :—

"য এষোহস্তরাদিত্যে হিরণায়ঃ পুরুষো দৃশ্যতে · · তস্যোদিতি নাম স এষ সর্ব্বেভাঃ পাপ্নভা উদিত উদেতি হ বৈ সর্ব্বেভাঃ পাপ্নভাো য এবং বেদ · · · · ''

ছান্দোগ্য ১াডা৬-৭

এই যে আদিত্য মণ্ডল মধ্যে হিরগ্রন্ন, হিরণাশ্মশ্রু, হিরণ্যকেশ পুরুষ দৃষ্ট হয়, যাহার নথাগ্র হইতে সমস্তই স্থবর্ণ অর্থাৎ স্থবর্ণের স্থায় উজ্জল।

.....তাঁহার নাম "উৎ"—কারণ তিনি সমস্ত পাপ হইতে উত্তীর্ণ।
যে ব্যক্তি এইরূপ তত্ত্ব অবগত হন, তিনিও সম্দায় পাপ হইতে উদগত বা
নিপাপ হইয়া থাকেন। ছাঃ ১া৬া৬-৭

সংশয়: — আস্থা, অন্নপূণ্য জীবের ইচ্ছামাত্রে জগৎস্থাষ্ট, নিরতিশয় আনন্দযোগ, ভয়াভয়হেতৃত্ব সম্ভব না হইতে পারে, তবে বিশেষ পুণাজনিত স্বকৃতিসম্পন্ন
আদিত্য, ইন্দ্র, প্রজাপতি প্রভৃতির পক্ষে তাহা সম্ভবতঃ হইতে পারে।
তাঁহাদের শক্তি অন্নপূণ্য জীব হইতে অনেক অধিক, স্বভরাং তাঁহাদের পক্ষে
উহা অসম্ভব হইবে কেন? এই প্রকার পূর্ব্বপক্ষ কন্ননা করিয়া স্থ্র করিলেন।

সূত্র ঃ--১৷১৷২১

অন্তন্তরর্মোপদেশাং।। ১।১।২১ অন্তঃ + তদ্ধম্ম + উপদেশাং।

অন্ত:—অভান্তরে। তদ্ধর্ম:—তাহার অর্থাৎ পরমান্মার ধর্মের। তপ্রদেশাৎ:—উপদেশ হেতু।

শান্ত্রোপদেশে জানা যায় যে, চক্ষুঃ ও আদিত্যমণ্ডলের অভ্যন্তরে পরাংপর, পদ্মপলাশলোচন নারায়ণই নিয়ন্ত্রপে অবস্থান করেন। ছান্দোগ্য উপনিষদে ইহা স্পষ্টই আছে। ১।১।২ স্ত্রের আলোচনায় যে স্পষ্ট সম্বন্ধীয় চিত্র দেওয়া হইয়াছে, তাহা হইতে স্পষ্ট উপলব্ধি হইবে যে, অর্ক বা আদিত্যে, চক্ষুঃ এবং রূপ, অধিদৈব, অধ্যাত্ম ও অধিভৃত রূপে পরস্পর ঘনিষ্ট সম্বন্ধে সম্বন্ধ। উহারা পরস্পর পরস্পরকে অপেক্ষা করে, রূপ না থাকিলে চক্ষুর প্রয়োজন নাই, এবং আদিত্যেরও অধিষ্ঠানের ও নিয়ন্ত্রের কোনও প্রয়োজন নাই। আবার চক্ষুঃ না থাকিলে, রূপের উপলব্ধি নাই এবং আদিত্যেরও কোনও প্রয়োজন নাই। আবার চক্ষুঃ না থাকিলে, রূপের উপলব্ধি নাই এবং আদিত্যেরও কোনও প্রয়োজন নাই। আবার আদিত্য না থাকিলে, চক্ষুঃ ও রূপের কিছুই সিদ্ধ হয় না। এই প্রকার শব্দ, স্পর্ণ, রুদ্য, গন্ধ, কথা, বল, গতি, বিস্ন্য্য, আনন্দ প্রভৃতি

অধিভৃত ক্রিরা সম্বন্ধে শ্রোত্র, ত্বক্, জিহ্বা, দ্রাণ, বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ প্রভৃতি অধ্যাত্ম ইন্দ্রিয় সম্বন্ধে এবং দিক্, বাত, প্রচেডা, অবি, বগ্নি, ইন্দ্র, উপেন্দ্র, মিত্র, প্রজাপতি প্রভৃতি অধিদৈব, অধিষ্ঠাতা সম্বন্ধে প্রযোজ্য। পর্মাত্মার এই সকল অধিদৈবগণের অভান্তরে অবস্থান করিয়া—তাঁহাদিগকে নিয়ন্ত্রণ করেন।

ছান্দোগ্য #তিতে চক্ষ্: ও আদিত্যমণ্ডল উপলক্ষণে গৃহীত হইয়াছে মাত্র।. উক্ত শ্রুতিতে উক্ত হইয়াছে যে, পরাৎপর পরমাত্মাই চক্ষু ও আদিত্যমণ্ডলের অভ্যস্তরে অবস্থান করেন। তাহা হইতেই আমরা পাইতেছি যে, অগ্রাগ্ত শ্রোত্র প্রভৃতি ইন্দ্রিয়ের এবং দিক্ প্রভৃতি দেবতার অন্তরে দেই একই পরমাত্মা পুরুষ অবস্থান করেন। স্ত্রকারও "অন্তর্য্যাম্যধিদৈবাখিলোকাদিযু জ্জ্বল্প ব্যপদেশাৎ" ১।২।১৯ পত্তে তাহাই দিদ্ধান্ত করিবেন।

শ্রীমদ্ভাগবত এতদ্ সম্বন্ধে কি বলেন, দেখা যাউক।

ইঅং ধৃত ভগবদ্ব ত · · · · স্থার্চা ভগবন্তং হিরণ্ময়ং পরুষমুড্জিহানে সূর্যামগুলেহভূাপতিষ্ঠন্নেতত্বহোবাচ॥ ভাগঃ ৫।৭।১৩

পরোরজঃ সবিতুর্জাতবেদো দেবস্ত ভর্গো মনসেদং জজান। স্বরেডসাহদঃ পুনরাবিশ্য বিচষ্টে হংসং গৃধ্রাণং রুষজিঙ্গিরামিমঃ।।

ভাগঃ ৫।৭।১৪:

পরম ভাগবত মহারাজ ভরত এইরূপে ভগবদ্বত ধারণ করিয়া উদয়শালি স্থ্যমণ্ডলে স্থ্যপ্রকাশক ঋক্মন্ত্র দ্বারা, ভগবান্ হিরণায় পুরুষের উপাসনা করিতে করিতে এই স্তব করিতেন। ভাগঃ ৫।৭।১৩

প্রকৃতির পর অতএব শুদ্ধ-সন্ত্ব-স্বরূপ স্থ্যদেবের সেই ভর্গ অর্থাৎ তাহার আত্ম-স্বরূপতেজ আমাদিগের কর্মফলদাতা, তাঁহারই মনের দ্বারা এই বিশ্ব স্ষ্টি হইয়াছে এবং স্বস্ষ্ট বিশ্বের সর্বত্ত অন্তর্য্যামীরূপে প্রবেশ করিয়া আপনার চিৎশক্তি দ্বারা, কল্যাণাকান্দ্রী জীবদিগকে পালন করিতেছেন। আমরা বৃদ্ধি-প্রবর্ত্তক সেই ভর্গেরই শরণাপন হই। ভাগ: ৫।१।১৪

ইহা হইতে স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে, আদিতামগুলের মধ্যবর্ত্তী স্তত্য বুরুষ পরমাত্মাই। কারণ, পরমাত্মার সম্দায় ধর্ম তাঁহাতে বিরাজ করিতেছে।

এই প্রকার অন্যত্তও আছে।

ওঁ নমো ভগৰতে আদিত্যায়াখিল জগত্যমাত্মসরপেণ কাল-স্বরূপেণ চ চতুর্বিধভূতনিকারানাং ব্রহ্মাদিগুন্তপর্য্যন্তানামন্তর্যাদয়েযু বহিরপি চাকাশ ইব উপাধিনা ব্যবধীয়মালো ভবান এক এব-----ভাগ: ১২।৬৫৯

হে ভগবান্ আদিতা! তোমাকে প্রণাম করি। তুমি একমাত্র হইয়াও ব্রহ্মাদিস্তম্ভ পর্যান্ত চতুর্বিধে ভৃত সমূহের অন্তর্বাহ্যে আকাশের ন্যায় নিরুপাধিরূপে বর্ত্তমান, এবং অথিল জগতের আত্মন্তরপ ও কালম্বরূপে অবস্থিত। ভাগঃ ১২।৬।৫৯

সেই আদিতাই ভক্তদিগের অথিল দূরিত, তৎফল দুঃথ এবং তদ্বীজভূত অজ্ঞান নাশক। অতএব তাঁহাকে ধ্যান করি। ভাগঃ ১২।৬।৬০

ভাগঃ ১২া৬া৬০

তিনিই নিজের আশ্রয়ভূত স্থাবর জঙ্গন সকলের জড়-স্বরূপ মন, ইন্দ্রিয় ও প্রাণগণের অন্তর্য্যামী রূপে তাহাদিগকে স্ব স্ব কার্য্যে প্রেরণ করেন।

ভাগঃ ১২।৬।৬১

য ইহ বাব ছিরচরনিকরাণাং নিজনিকেতনানাং মন ইন্দ্রিয়াস্থগণান-নাত্মনঃ স্বয়মাত্মান্তর্য্যামী প্রচোদয়তি।। ভাগঃ ১২।৬।৬১

এই স্থ্য এক, আত্মাদিক্বৎ হরি এবং সর্ববেদক্রিয়াযুলক। ভাগ: ১২।১১।২৭ এক এব হি লোকনাং সূর্য্য আত্মাদিকুদ্ধরিঃ।

সর্ববেদক্রিয়ামূলমূষিভির্বহুধোদিতঃ।। ভাগঃ ১২।১১।২৭

প্রত্নস্থ বিষ্ণে রূপং যৎ সতার্ত্তস্থ ব্রহ্মণঃ।

অমৃতস্ত চ মৃত্যোশ্চ স্থ্যমাত্মানমীমহি।। ভাগঃ ৫।২০।৮

পুরাণ পুরুষ ভগবান্ বিষ্ণুর যৃত্তি স্বন্ধপ স্থাদেবের শরণাপন্ন হই। তিনি অনুষ্ঠীয়মান ধর্ম, প্রতীয়মান ধর্ম, তদ্বোধক বেদ ও শুভাশুভ ফলের অধিষ্ঠাতা।

ভাগঃ ৫।২০।৮

যচ্চক্ষুরাদীত্তরণীদে বিযানং, এয়ীময়ো ব্রহ্মণ এষ ধিফাম্।
দারঞ্চ মুক্তেরমূতঞ্চ মৃত্যুঃ, প্রদীদতাং নঃ স মহাবিভূতিঃ।।

ভাগঃ ৮া৫।২৫

বন্ধণো ধিষ্ণ্যং উপাদনা স্থানং, "য **এষ অন্তর্মাদিত্যে হিরণ্ম**ন্নঃ **পুরুষ''** ইতি শ্রুতে:। (প্রীধর)

এই প্র্যা দেবধান। অর্থাৎ অর্চিরাদি মার্গের দেবতা, ত্রয়ীময়, ব্রন্ধের উপাসনাস্থান, এবং দেবধানত্ব হেতু মৃক্তির দার, ও পুণ্যলোকত্ব হেতু অমৃতত্বরূপ, আর কালরপত্ব প্রযুক্ত মৃত্যুরূপী, সেই স্থ্য ধাহার চক্ষ্ক, সেই মহাবিভৃতিশালী প্রমেশ্বর আমাদের প্রতি প্রসন্ধ হউন। ভাগঃ ৮।৫।২৫

অগ্নিমু'খং তেহবনিরজিঘুরীক্ষণং সুর্য্যো নভো নাভিরথো দিশঃ শ্রুতি:।। ভাগঃ ১০।৪০।১৩

হে ভগবন্! অগ্নি আপনার মৃথ, পৃথিবী আপনার চরণ, স্থ্য আপনার চরুণ, স্থ্য আপনার চরুণ, স্থ্য আপনার ত্রুণ, আকাশ আপনার নাভি এবং দিক্সকল আপনার শ্রুবণেন্দ্রি।

ভাগ: ১০।৪০।১৩

কৃষ্টিতত্ত্বে কথিত আছে চক্ষ্ণ নির্ভিন্ন হইলে স্থ্য তাহাতে প্রবেশ করিলেন, এজন্ম চক্ষ্ম দ্বারা রূপের প্রতীতি হয়। চক্ষ্ণ নিজে জড়, চেতন সংস্পর্শ না হইলে প্রতীতি হইতে পারে না।

নির্ভিন্নে অক্ষিণী বস্তা লোকপালো বিশদ্বিভো:।
চক্ষুযাংশেন রূপাণাং প্রতিপত্তির্ঘতো ভবেং।। ভাগঃ ৩৬।১৪

বিরাট পুরুষের তুই চক্ষ্ণ গোলক নির্গত হইলে লোকপাল সূর্য্য স্বীয় অংশের সহিত—অধিদেবতা রূপে তাহাতে প্রবেশ করিলেন। সেই চক্ষ্ণ হইতে জীবের রূপ জ্ঞান হইয়া থাকে। ভাগঃ এ৬।১৪

অনত্ৰও আছে।

আণাদ্বায়ুরভিত্যেতামক্ষিণী চক্ষুরেতয়োঃ। তত্মাৎ সুর্য্যোক্সভিত্যেতাং কর্ণে শ্রোত্রং ততো দিশঃ॥

ভাগঃ ৩।২৬।৫২

দ্রাণেলির হইতে বায়ু উৎপন্ন হইল। ভারপর তুই চক্ষু: উৎপন্ন হইল। ভাহা হইতে সূর্য্য উৎপন্ন হইলেন, ভাহার পর কর্ণেলির ও ভাহা হইতে দিক্সকল প্রকটিত হইল। ভাগ: ৩া২৬া৫২

এখন একটি অতি প্রয়োজনীয় বিষয় হৃদয়ঙ্গম করাইবার জন্ম একটু অবাস্তর আলোচনার প্রয়োজন। সৃষ্টি প্রক্রিয়া পর্য্যালোচনা করিলে, ইহা স্বতঃই মনে উদয় হয় যে, বিশ্বের উপকরণ, রূপ, রুস, গদ্ধ ইত্যাদি সৃষ্টি হইলেই পুরুষার্থ লাভ হয় না। পূর্ব্বে কথিত হইয়াছে যে, শ্রীভগবানেয় সংহননী শক্তি দারা ভিম্ন ভিম্ন উপকরণ সংহত ও পরম্পর মিলিত করিয়া শ্রীভগবান্ সৃষ্টি করিলেন। সাংখ্যেও উপকরণ সংহত ও পরম্পর মিলিত করিয়া শ্রীভগবান্ সৃষ্টি করিলেন। সাংখ্যেও উপত হইয়াছে, "সংঘাতে পরমার্থস্বাহ" যেখানে তুইএর বা ততোধিকের ফিলন, দেখানেই বৃঝিতে হইবে যে পুরুষার্থ সিদ্ধির জন্ম তাহা হইয়াছে। বিশ্বের ক্ষিতি, অপ, তেজঃ প্রভৃতি মহাভৃত, এবং রূপ, রুস, গদ্ধ ইত্যাদি সৃষ্ট হইল। কিন্তু ইহাদের উপভোগের জন্ম পুরুষের প্রয়োজন। এজন্ত স্ট্র হইল। কিন্তু ইহাদের উপভোগের জন্ম পুরুষের প্রয়োজন। এজন্ত প্রথমে সমষ্টি পুরুষ বিরাট উৎপদ্ধ হইলেন, তাহার উপ্ত রূপ, রুস, গদ্ধ

প্রভৃতি ভোগের ইচ্ছা ভগবদিচ্ছায় প্রচোদিত হওয়ায়, ইন্দ্রিয়গণের উদ্ভব হইল। কিন্তু। উহারা যন্ত্র মাত্র। যেমন রেল গাড়ীর এঞ্জিন প্রস্তুতকারী ইঞ্জিনিয়ার বটে, কিন্তু উহা প্রস্তুত হইলে, এবং উহার নিকট জল কয়লা প্রভৃতি থাকিলেই, এঞ্জিন চলে না, উহার চালনার জন্ম পৃথক্ চালক চাই, তাহারা ইঞ্জিনিয়ারের উপদেশ অনুসারে শিক্ষিত হইয়া উহা চালায়—সেইরূপ দিক্, বাত, অর্ক প্রভৃতি দেবতাগণ (১।১)২ স্থতের আলোচনায় প্রদত্ত চিত্র দ্রপ্তরা) ইন্দ্রিয়গণ অধিষ্ঠিত হইয়া উহাদিগকে চালনা করেন, এবং তাঁহারা সকলে ক্ষেত্রজ্ঞের অধীন। এজন্য শ্রীমদ ভাগবতের অংভাৎণ শ্লোকে উক্ত হইয়াছে যে, বহ্নি দেবতা মুখে বায় নাসিকায়, আদিতা চক্ষতে, দিক্দেবতা শোতে, ইত্যাদি ক্রমে সমৃদায় দেবতাগণ স্ব স্ব অধিষ্ঠান স্থান ইন্দ্রিয়ে প্রবেশ করিলে, এমন কি ব্রহ্মা বৃদ্ধিতে. कुछ অভিমানে, हन মনে প্রবেশ করিলেও, বিরাটের অর্থাৎ সমষ্টি জীবের বাহা বিষয় জ্ঞান হইল না। যেমন ক্ষেত্রজ্ঞ চিত্ত ঘারা হৃদয়ে প্রবেশ করিলেন, অমনই ভাঁহার বাহজান হইল, তিনি কার্য্যে প্রবৃত হইলেন। অতএব ক্ষেত্রজ্ঞের অধীনেই ও অনুকুলে সমুদায় অধিষ্ঠাতা দেবতাগণ কার্য্য করেন। এই ক্ষেত্রজ্ঞ সম্বন্ধে আমরা ১।১।১৮ সূত্রে সংক্ষেপে আলোচনা করিয়াছি। এখন বিস্তারের প্রয়োজন নাই। ক্রমশঃ যতই অগ্রসর হওয়া যাইবে, ততই বিষয়টি বিশদ হইবে আশা করা যায়।

নতএব দিদ্ধান্ত হইল বে, চকু: ও স্থেরির অভ্যন্তরে যে পুরুষের বিষয় শ্রুতিতে উপদেশ আছে, তাহা পরমাত্মাই, এবং তিনিই জগৎকারণ। এবং এই কারণে অক্যান্ত জ্ঞানেশ্রিয় ও কর্মেন্দ্রিয়গণের অধিষ্ঠাতা ও নিয়ন্তা অধিদেবতাগণ ও পরমাত্মার শক্তিতে শক্তিমান বটে। সেই প্রমাত্মাই জ্লগৎকারণ।

ভিভি:--

"য আদিতো তিষ্ঠন্ আদিত্যাদন্তরো যমাদিত্যো ন বেদ, যস্তাদিত্যঃ শরীরং, য আদিতামন্তরো যময়তি"। (বৃহ: ৩।৭।৯)।

"য়ত্রকুষি তিষ্ঠংতক্ষ্বোহন্তরো যং চক্ষু: ন' বেদ যস্ত চক্ষু: শরীরং, যুত্রকুরন্তরো যুময়তি"। (বুঃ এ।।।১৮)

'থা বিজ্ঞানে তিষ্ঠন্ বিজ্ঞানাদন্তরো যং বিজ্ঞানং ন বেদ, যস্ত বিজ্ঞানং শরীরং যো বিজ্ঞানমন্তরো যময়তোষ ত আত্মাহন্তর্ধাম্যমৃতঃ।। (বৃহঃ ৩।৭।২২)

যিনি আদিত্যে অবস্থিত থাকিয়াও আদিত্য হইতে পৃথক, বাঁহাকে আদিত্য জানে না, আদিত্য বাঁহার শরীর, বিনি আদিত্যের অস্তর নিয়ন্ত্রণ করেন। (বৃহঃ ৩।৭।২)

যিনি চক্ষতে অবস্থিত থাকিয়াও চক্ষ্ণ হইতে পৃথক, যাঁহাকে চক্ষ্ণ জানে না, চক্ষ্ণ যাঁহার শরীর, যিনি চক্ষ্র অন্তর নিয়ন্ত্রণ করেন। (বৃঃ ও।৭।১৮)

যিনি বৃদ্ধিতে অবস্থিত থাকিয়াও বৃদ্ধি হইতে পৃথক, ধাঁহাকে বৃদ্ধি জানে না, বৃদ্ধি থাহার শরীর, যিনি বৃদ্ধির অন্তর নিয়ন্ত্রণ করেন, তিনিই অন্তর্গামী অমৃত স্বরূপ আত্মা। (বৃহ: ৩।৭।২২)

সূত্র :—১।১।২২

ভেদব্যপদেশাচ্চান্তঃ।। ১।১।২২ ভেদ + ব্যপদেশাৎ + চ + অস্তঃ।

ভেদ : — ভেদ, বিভিন্নতা। ব্যপদেশাৎ : — উল্লেখ হেতৃ। চ : — ও। অক্সঃ : — অপর, পৃথক।

আদিত্যাদি শক্তিশালী উন্নত জ্বীব হইতে তেদের উল্লেখ হেতু, পরমাত্মা আদিত্যাদি হইতে পৃথক, অপর। তিনি আদিত্যমণ্ডলে অবস্থান করিলেও, আদিত্যের অন্তরে নিয়ন্ত,রূপে বর্তমান থাকেন, তাঁহাকে আদিত্য জানে না, আদিত্য তাঁহার শরীর, তিনি আদিত্য হইতে পৃথক, তিনি তোমার অন্তর্থামী অবিনাশী আত্মা। (বৃহদারণ্যক ৩।৭।৯) ইত্যাদি হইতে আরম্ভ করিয়া, যিনি চক্ষুতে আছেন, চক্ষুঃ হইতে পৃথক, বাঁহাকে চক্ষুঃ জানে না, চক্ষুঃ বাঁহার শনীর এবং যিনি চক্ষুর অন্তরে চক্ষুর বিরম্ভারণে বর্তমান, তিনি তোমার অন্তর্ধ্যামী অবিনাশী আত্মা। (বৃহদারণ্যক ৩।৭।১৮)। ঘিনি বিজ্ঞানে (বৃদ্ধিতে)

অবস্থিত থাকিয়া বৃদ্ধি হইতে পৃথক, বৃদ্ধি যাহাকে জানে না, বৃদ্ধি যাহার শরীর, এবং যিনি অস্তরে থাকিয়া বৃদ্ধির প্রেরণা করেন, তিনি ভোমার অন্তর্গ্যামী অমৃত আত্মা। (বৃহদারণ্যক ভাগা২২)।

উপরে উদ্ধৃত শ্রুতি হইতে প্রতিপন্ন হইতেছে যে প্রত্যাগাত্মা একই। তিনি যেমন জীবের অন্তর্যামী, তেমনি আদিত্য, পৃথিবী, বায়, অগ্নি প্রভৃতি দেবতার চক্ষুরাদি ইন্দ্রিয়ের এবং জগতস্থ সম্দায়ের অন্তর্যামী, এবং তাহাদের সকল হইতে পৃথক এবং তাহাদের নিয়ন্তারূপে বর্ত্তমান আছেন। এই ভেদ উল্লেখ হেতু, তিনি আদিত্যমণ্ডল, ও তাহার অভিমানী দেবতা, চক্ষুরাদি ইন্দ্রিয়, এবং তত্তদভিমানী দেবতা হইতে পৃথক। এই সব দেবতারা ভিন্ন শক্তিশালী জীবমাত্র। অত্তর্রব পরমাত্মা তাঁহাদের সকলের হইতে পৃথক।

আমরা ১০০০ প্রের ব্যাখ্যার শ্রীমদ্ ভাগবতের ১০০০ প্রের আলোচনার ব্রিয়াছি যে, আব্রহ্মন্ত পর্যান্ত সকলের শরীর পঞ্চধাতুমর, তাঁহাদের মন, বৃদ্ধি, অহংকার সমৃদার বর্তমান আছে। কেবল গুণের তারতম্য অমুসারে বছে, বছতের ও স্বছতেম মাত্র, এই প্রভেদ। এবং আমাদের নিজ নিজ দেহে যেমন তত্তদভিমানী আত্মা বর্তমান থাকিয়া উহা ভোগ করেন, সেইরূপ আদিত্য, বায়ু, অয়ি, ব্রহ্মা প্রভৃতির পাঞ্চভিতিক দেহের তত্তদভিমানী আত্মা, তত্তদ্ দেবতারপে উহা ভোগ করিয়া থাকেন। এবং যেমন আমাদের জীবাত্মার অন্তরে পরমাত্মা নিয়ন্তা রূপে বর্তমান থাকেন, সেইরূপ উক্ত দেবতাদেহের অভিমানী দেবতাদের অন্তরে পরমাত্মা বর্তমান থাকিয়া উহাদের নিয়ন্তা করেন।

ইহা আমরা অন্তর্গণে বুঝিবার চেষ্টা করিব। আমার শরীরে আমি ভোজা জীবরূপে বর্ত্তমান আছি। কিন্তু নিয়ন্তা রূপে নহে। যদিও আমি, দেহ আমার বলিয়া অভিমান করিয়া থাকি, তথাপি দেহের সকল ক্রিয়ার উপর আমার সম্পূর্ণ কতু বাই। ভুক্ত প্রব্যের পরিপাক, রক্ত সঞ্চালন, দেহের পৃষ্টি, ভুক্ত প্রব্য হইতে রক্ত, মাংস, অন্থি প্রভৃতি গঠন, ভুক্তপ্রব্য মল্মুত্রে পরিবর্ত্তন প্রভৃতির উপর আমার কোনও কর্তৃত্ব নাই। স্বতরাং আমি হইতে পৃথক এমন একটি সন্থা আমার দেহ মধ্যেই বর্ত্তমান আছেন, যিনি উহাদের নিয়ন্ত্রণ করেন, ইহা মানিতেই হইবে, কারণ, দেহ ত হুড়, এবং ভুক্ত প্রব্যও জড়, তাহারা নিশ্বে নিজে উক্ত প্রকার পরিবর্ত্তন, পরিবর্দ্ধন, পোষন প্রভৃতি কার্য্য করিতে সক্ষম নহে। একজা ১০০০ হি ক্ষেত্রতের আলোচনায় উদ্ধৃত ভাগবতের ১০০০ সংগ্রহ উত্তর্গতের উল্লেখ আছে। ১১০০০ ও ১০০০ প্রাক্তে উক্ত উত্তর্গ ক্রেছে, তুই পকীরূপে দেহরূপ রক্ষে বিরাজ করে, উল্লিখিত হইয়াছে। একজন

ভোক্তা, একজন নিয়ন্তা ও সাক্ষী। আমাদের দেহ যেরপ একটি ক্ষেত্র, তাহাতে আমি জীবাল্মা জং-পদার্থ কথিত ক্ষেত্রজ্ঞ, এবং পরমাত্মা তৎ-পদার্থ কথিত ক্ষেত্রজ্ঞ। উভয়ের চিদংশে এক্য থাকিলেও, ভেদ বর্ত্তমান আছে। সেইরূপ আদিত্যাদি মণ্ডদ, বা বায়, অগ্নি প্রভৃতির দেহ, চক্ষুরাদি ইন্দ্রিয়গ্রাম, পৃথক পৃথক ক্ষেত্র, প্রত্যেক ক্ষেত্রে তত্তদভিমানী দেবতা ভোকা ক্ষেত্রজ্ঞ, এবং পরমাত্মা নিয়ন্তা ক্ষেত্রজ্ঞ। চিদংশে উভয়ের ঐক্য থাকিলেও উভয়ের ভেদ বর্ত্তমান। ইহাই এই স্ত্রে প্রকাশ করা হইয়াছে।

তৎ পদার্থ কথিত ক্ষেত্রজ্ঞ, স্বপ্রকাশ প্রমেশ্বর, নারায়ণ, ভগবান্, বাস্থদেব। ইহা ৫।১১।১৩ শ্লোকে উক্ত হইয়াছে। আরও ২।১টি পোষক শ্লোক উদ্ধৃত করিয়া ইহার উপসংহার করিব।

ত্বং নিত্যমৃক্ত পরিশুদ্ধ বিবৃদ্ধ আত্মা, কৃটস্থ আদিপুরুষো ভগবাং-স্ত্র্যধীশঃ।

যদ্,দ্ধাবস্থিতিমখণ্ডিতয়া স্বদৃষ্ট্যা, দ্রষ্টা স্থিতাবধিম**খো ব্যতিরিক্ত** আস্সে ॥ ভাগঃ ৪।৯।১৫

প্রাণেন্দ্রিয়াত্মান্ত্র শরীরকেতঃ প্রসীদতাং নঃ স মহাবিভূতি:।।
ভাগঃ ৮।৫।২৭

অনীহ আত্মা মনসা সমীহতা, হিরন্ময়ে। মৎসধ উদ্বিচষ্টে।
মনঃ স্বলিঙ্গং পরিগৃহ্য কামান্, জুষন্নিবদ্ধো গুণসঙ্গতোহসৌ।।
ভাগঃ ১১৷২৩।৪০

হে প্রভা! যদিও আপনার যোগনিস্রায় শয়ান, নিস্রা, জাগরণ প্রভৃতি ধারা, স্টেলয় সংসাধিত হয়, স্বতরাং নিস্রা জাগরণাদি জীবক্রিয়া আপনাতে পরিলক্ষিত হইলেও, আপনি জীব হইতে অত্যন্ত ভিয়। যে হেতু, আপনি নিত্যমূক্ত—জীব বন্ধ, আপনার প্রসন্মতা ভিয় মৃক্ত হইতে পারে না। আপনি সর্বতোভাবে শুদ্ধ—জীব মলিন; আপনি সর্বক্ত—জীব অজ্ঞ; আপনি আত্মা— জীব জড়; আপনি কৃটস্থ—নির্বিকার, জীব—বিকারী; আপনি আদি প্রুম্ব—জীব আদিমান্; আপনি ভগবান্—জীব ভগহীন—ঐর্থ্যাদি নাই; আপনি ভিন জীব আদিমান্; আপনি ভগবান্—জীব ভগহীন—ঐর্থ্যাদি নাই; আপনি ভিন গীবের স্বস্থামী হইয়া, তাহাদিগের বান্ধর অবস্থা সর্ববদা অবলোকন জীবের অন্ধ্যামী হইয়া, তাহাদিগের বান্ধর অবস্থা সর্ববদা অবলোকন করিতেছেন, এবং ঐরপ হইয়াও জ্বগৎ পালন বিষয়ে মথাদি সর্ববিক্মাধিষ্ঠাতা করিতেছেন, এবং ঐরপ হইয়াও জ্বগৎ পালন বিষয়ে মথাদি সর্ববিক্ম।

প্রাণ, অপান প্রভৃতি পঞ্জাণ, ইন্দ্রিয়, মন, নাগকুর্মাদি বায়ু ও শরীরেয় আশ্রম সেই মহাবিভৃতিসম্পন্ন প্রভু আমাদের প্রতি প্রসন্ন ইউন। ভাগঃ ৮।৫।২৭

বিত্যাশক্তি সম্পন্ন ও চেষ্টা রহিত পরমাত্মা মনের ব্যাপার বারা জীবের নিয়স্তারণে কেবল দর্শন মাত্র করেন, আর জীব মনকে আত্মরূপে গ্রহণ করিয়া গুণসঙ্গ বারা কামনাসূভ্যবে আবদ্ধ হইয়া সংসারে আসক্ত হয়েন।

ভাগঃ ১১া২৩া৪.

স্থিত্যন্তবপ্রলয়হেত্রহেত্রস্তা, যৎ স্বপ্ন জাগরস্থাপিষু

সদ্বহিশ্চ।

দেহেন্দ্রিয়াস্থ স্থাদর চরন্তি যেন, সংজীবিতানি তদবেহি পরং নরেন্দ্র ॥ ভাগঃ ১১।৩।৩৬

সামান ক্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
স বা ইদং বিশ্বমমোঘলীলঃ, স্ফ্রজাবতাত্তি ন সজ্জতেইস্মিন্।
ভূতেষু চান্তর্হিত আত্মতন্ত্র:, ষাড়্বর্গিকং ক্সিন্ত্রতি ষড়্গুণেশঃ।।
ভাগঃ সাথাতঙ

১।১।১৮ স্থতের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
অতএব, **আদিত্য ও চক্ষুর অভ্যন্তরস্থ পুরুষ জীব নতে, পরমাত্মা**সিদ্ধ হ**ইল**া

অন্তরধিকরণ সমাপ্ত হইল।

৮। আকাণাধিকরণ:--

ভিভি:-

"অস্তা লোকস্তা কা গতিরিতি ? আকাশ ইতি হোবাচ ; সর্বাণি হ বা ইমানি ভূতানি আকাশাদেব সমূৎপত্তস্ত আকাশং প্রত্যস্তং যন্তি, আকাশ হোবৈভ্যো জ্যায়ান্ আকাশঃ প্রায়ণম্"।

(ছান্দোগ্য :1৯15)

প্রশ্নঃ—এই লোকের কি গতি? উত্তর:—আকাশ। আকাশ হইতেই সম্দায় উৎপন্ন হয়। এবং আকাশেই সম্দায় লয় প্রাপ্ত হয়। এই সম্দায় হইতে আকাশ শ্রেষ্ঠ, এবং আকাশেই ইহাদের শ্রেষ্ঠ আশ্রয়। (ছা: ১১৯১)

ছালোগা ১১৯১ খণ্ডে শালাবতা জিজ্ঞাসা করিলেন, "এই লোকের গতি (আপ্রয়) কি"? প্রবাহন উত্তর করিলেন—"আকাশ, কারণ দ্বাবর জঙ্গমায়ক সমস্ত ভূত আকাশ হইতে উৎপন্ন হয়, আকাশেই বিলীন হয়, এবং যেহেভূ আকাশই সর্ব্বাপেক্ষা অভিশয় মহান্, অভএব আকাশই পরম আপ্রয় । ইহাতে সন্দেহ হইতে পারে যে, শ্রুতিতে যথন বর্ণিত হইয়াছে যে আকাশ হইতে সমস্ত ভূত উৎপন্ন হয়, এবং আকাশেই লীন হয়, তথন "জ্ব্যাজ্বস্তু যতঃ" স্ব্রের লক্ষ্য আকাশ হইবে না কেন? ব্রহ্ম কেন হইবে? ঈক্ষা পূর্ব্বক জগৎস্প্তির যে শ্রুতি উদ্ধৃত হইয়াছে, তাহার ঈক্ষণ শব্দের ম্থার্থ না হইয়া গৌণ অর্থ ত গ্রহণ করা যাইতে পারে । আত্মা শব্দ প্রয়োগ হেতু ১।১।৬ স্ত্রে যে ম্থার্থ গ্রহণ করা হইয়াছে, তাহা ঠিক হয় নাই, অচেতন জড় পদার্থেও ত আত্মা শব্দের ব্যবহার দেখা যায়, যেমন "মৃত্তিকাত্মক ঘট", স্বতরাং আকাশই জগৎকারণ, ব্রহ্ম নহে । এই প্রকার আপত্তির উত্তরে স্ত্র করিলেন :—

সূত্র :—১৷১৷২৩

আকাশস্তল্লিঙ্গাৎ।। ১১১২৩ আকাশঃ + তল্লিঙ্গাৎ।

আকাশঃ:—আকাশ শব্দের অর্থ ব্রন্ধ। ভব্লিকাৎ:—সেই স্চক চিহ্ হেতু।

আকাশ ব্ৰন্নই, কাৰণ উক্ত শ্ৰুতিতে "জ্যায়ান্" স্ব্ৰাপেক্ষা অভিশয় মহান,

এবং "পরায়ণ" অর্থাৎ পরম আশ্রার বলিয়া উল্লিখিত আছে। এই সর্বাপেকা মহত্ব এবং পরস আশ্রাস্ত্র, একমাত্র পরমাত্মারই স্থাচক চিহ্ন; অত এব আকাশ ব্রহ্ম।

শ্রীমদ্ ভাগবতে আকাশ ব্রন্ধলিঙ্গ বলিয়া বহুস্থানে উক্ত হইয়াছে।
জ্যোতির্ময়োবায়ূমৃপেত্য কালে. বায্বাত্মনা খং বৃহদাত্মলিঙ্গম্।।
ভাগঃ ২।২।২৮

বৃহদাত্মনো সিঙ্গং পরমাত্মমূর্ত্তিত্বনোপাসনেযুক্তং খং আকাশম্।।
(ঞীধর)

তমক্ষরং খং ত্রিযুগং ব্রজামহে ।। ভাগঃ ৮।৫।১৬

.....তন্মহদ্ভুতং নভোলিঙ্গমলিঙ্গমীশ্বরম্ ।। ভাগঃ ১।৬।২৫

.....যং পশ্যস্তামলাত্মান আকাশমিব কেবলম্ ॥ ভাগঃ ১০।৬৩।১৯

তং ব্রহ্ম পরমং ব্যোম পুরুষঃ প্রকৃতেঃ পরঃ ॥ ভাগঃ ১১।১১;২৮

মামেব সর্ববভূতেষু বহিরস্তরপাবৃতম্ ।

ঈক্ষেতাত্মনি চাত্মানং যথা খমমলাশয়ঃ ।। ভাগঃ ১১।২৯।১২

জ্যোতিঃ স্বরূপ হইবার পর বায়ু স্বরূপে, ও পরে পরমাত্মার মৃতির স্বরূপ যে আকাশ, তাহার স্বরূপ প্রাপ্ত হয়। ভাগঃ ২।২।২৮

আমি আকাশাত্মা সমষ্টি প্রাণ শ্বরূপ—আমাতে যিনি নাদরূপে চিস্তা করেন। ভাগঃ ১১।১৫।১২

সেই অক্ষর, আকাশের ন্যায় সর্বব্যাপী এবং ভূত, ভবিয়াৎ ও বর্ত্তমানে যিনি অব্যভিচারে আবিভূতি হয়েন, তাঁহার শরণাপন্ন হই। ভাগঃ ৮।৫।১৬

আকাশবৎ সর্বব্যাপী অশরীরী ঈশ্বর। ভাগঃ ১া৬।১৬

বিভিন্নাত্মা ব্যক্তিগণ যাঁহাকে আকাশের ন্যায় সর্বব্যাপী ও নিঃসঙ্গ দর্শন করেন। ভাগঃ ১০।৬৩।১৯

আপনি প্রকৃতির পর পুরুষ ও আকাশের ক্যায় অদঙ্গ, আপনি পরব্রন্ধ। ভাগ: ১১১১১২৮

নির্মালাশয় ব্যক্তি আকাশের ন্থায় সকল ভূতের অস্তরে, বাহিরে ও আত্মাতে অনাবৃত রূপে আমাকে দর্শন করিবে। ভাগঃ ১১।২৯।১২

অন্তঃশরীর আকাশাৎ পুরুষস্ত বিচেষ্টতঃ।

ওজঃ সহো বলং জ্বজে ততঃ প্রাণো মহানস্থঃ।। ভাগঃ ২।১০।১৪

তিনি ক্রিয়াশক্তি প্রকাশে চেষ্টাবান্ হইলে, তাঁহার অন্তরাকাশ হইতে ওজঃ (ইন্দ্রিয়শক্তি), সহ (মনঃ শক্তি), বল (দেহশক্তি) এবং স্ত্র নামক মহৎ অর্থাৎ স্কাশেষ্ঠ প্রাণ উৎপন্ন হইল। ভাগঃ ২।১০।১৪

আকাশ ইব চাধারে। গ্রুবোহনন্তোপমস্ততঃ ॥ ভাগঃ ১২।৫।৯ তিনি আকাশের ন্থায় দেহাদি প্রপঞ্চের আধার, নির্বিকার, অনস্ত, দ্বৈদাা রহিত এবং বিভূ হয়েন। ভাগঃ ১২।৫।৯

অতএব **জগৎকারণ রূপ উক্ত আকাশ বেদ্ধাই।** উপরে যে সম্দায় শ্রোকাংশ উদ্ধৃত হইয়াছে, সে সকলে কথিত আছে, যে আকাশে প্রদালিক বর্তমান।

১। প্রাণাধিকরণ।

ভিন্তি :--

'প্রাণ ইতি হোবাচ, সর্বাণি হ বা ইমানি ভূতানি প্রাণমেবাভিসং-বিশন্তি, প্রাণমভ্যুজ্জিহতে"। (ছান্দোগ্যঃ ১।১১।৫)

ছান্দোগ্য ১।১১।৫ খণ্ডে উষস্তি বলিলেন, প্রাণ সেই দেবভা, কারণ, স্থাবর জঙ্গমাত্মক সমস্ত ভৃতই প্রলয় কালে প্রাণে বিলীন হয়, আবার উৎপত্তি কালে প্রাণকে লক্ষ্য করিয়াই উৎপন্ন হহয়া থাকে। অতএব সংশয় হইতে পারে, যে প্রাণই জগৎকারণ। এই প্রকার পূর্ব্বপক্ষের আপত্তি কল্পনা করিয়াভাহার খঙনার্থ স্বত্ত করিলেন:—

সূত্র :--১।১।২৪

অতএব প্রাণঃ॥ ১।১।২৪ অতঃ + এব + প্রাণঃ

্ত্র :- এই হেতৃ অর্থাৎ পূর্ব্ধ স্ত্রোক্ত যুক্তি হেতৃ। এব :- নিশ্চয়।
প্রাণঃ :--প্রাণ অর্থ ব্রহ্ম, বায়্রূপী মৃথ্য প্রাণ নহে।

পূর্ব্ব স্ত্রোক্ত যুক্তি অনুসারে উক্ত শ্রুতিতে প্রাণ ব্রহ্ম অর্থে ব্যবহৃত হইয়াছে। কেননা, নিখিল জগতের যে প্রবেশ ও নিক্রমণ, তাহা পরব্রহ্মেরই অসাধারণ লিঙ্গ। বিশেষতঃ মুখ্য প্রাণের উৎপত্তি শাম্মে কথিত আছে।

ওজ: সহো বলঘূতং মুখ্যতত্ত্বং গদাং দধৎ। ভাগঃ ১২।১১।১২

ইন্দ্রিয়শক্তি, মনঃশক্তি এবং দেহশক্তি যুক্ত ম্থাপ্রাণ তত্তরপ গদা ধারণ করিয়া ভগবানের রূপ, আয়ুধ প্রভৃতি তাঁহার সহিত অভেদ বলিয়া, ম্থাপ্রাণ গদারূপে বর্ণিত ইইলেও উহা ভগবানের স্বরূপাত্মক। ভাগঃ ১২।১১।১২

ময্যাকাশাত্মনি প্রাণে মনসা ঘোষমুদ্বহন্। ভাগঃ ১১।১৫।১৯ প্রাণঃ সমষ্টিপ্রাণঃ ভজপে ময়ী। শ্রীধর।

পূর্ব্ব স্থত স্থালোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

প্রাণাদভূদ যস্ত চরাচরাণাং প্রাণঃ সহোব**লমোজন্চ** বায়ু: ভাগঃ ৮।৫।২৬

নমো হিরণ্যগর্ত্তায় প্রাণায় জগদাত্মনে। ভাগঃ ৮।১৬।২৬ বিরাটের প্রাণ হইতে চরাচর প্রাণী সকলের প্রাণ, মনঃশক্তি, দেহশক্তি, ইন্দ্রিয়শক্তি ও বায়ু উৎপন্ন হইল। ভাগঃ ৮।৫।২৬

হিরণ্যগর্ভ, সমষ্টিপ্রাণরূপি জ্বগদাত্মাকে নমস্কার। ভাগঃ ৮।১৬।২৬ অতএব, শিরোদেশে উদ্ধত ছান্দোগ্য শ্রুতিতে ব্যবহৃত "প্রাণ" ব্রন্ধেরই জ্ঞাপক। বায়ুরূপী মুখ্যপ্রাণ নহে। কারণ উক্ত মুখ্যপ্রাণ বিরাট হইতে উৎপন্ন কথিত আছে, এবং উহা জগতের উৎপত্তি বা লয় কারণ নহে। ১০। জ্যোতিরধিকরণ[॥]

ভিত্তিঃ—

''অথ যদতঃ পরে। দিবো জ্যোতির্দীপ্যতে বিশ্বতঃ পৃষ্ঠেষ্ সর্বতঃ পৃষ্ঠেষত্মত্তমেষ্ তােকেষ্, ইদং বাব তদ্, যদিদমস্মিন্নস্তঃ পুরুষে জ্যোতিঃ"। ছান্দোগ্যঃ ৩।১৩।৭

ছান্দোগ্য ৩।১৩।৭ মন্ত্রে উক্ত হইয়াছে যে, পুরুষের অন্তরে যে জ্যোভি:, দেই জ্যোভি:ই বিখের উপর, ত্মালাকের উপরে, এবং উত্তমাধ্য সম্দায় লোকের উপরে প্রকাশ পাইতেছে। শ্রুতিতে কথিত এই মন্ত্রে সন্দেহ হয়, এই জ্যোভি: আদিত্যাদির জ্যোভি: বা সেই কারণ স্বরূপ ব্রহ্ম এই আপত্তির উত্তরে বলিতেছেন:—

मृज :-- >।>।२०

জ্যোতি*চরণাভিধানাৎ।। ১।১।২৫ জ্যোতি: + চরণ + অভিধানাৎ।

জ্যোতি: :—জ্যোতি শব্দের অর্থ পরম ব্রন্ধ। চর্বণ :—পাদ। অভিধানাৎ:—উক্তি হেতু।

জ্যোতিঃ শব্দের অর্থ পরম ব্রহ্ম। কারণ পুরুষের অন্তর্জ্যোতিঃ অর্থাৎ জীব চৈতন্তই জগদভান প্রকাশ করে। এই চৈতন্ত যদি না থাকিত, তাহা হইলে এই বিচিত্র রূপ-রূপ-পর্শ-শব্দাত্মক জগৎ ইহার সমৃদায় সোলগ্য-মাধুর্য্য-বৈভবের সহিত বর্ত্তমান থাকিলেও প্রকাশিত হইত না বা উপলব্ধি গোচর হইত না । ছান্দোগ্য শ্রুতি শিরোদেশে উদ্ধৃত মন্ত্রে বলিতেছেন যে, বিশ্বের সর্ক্রের, ত্য়লোক এবং উত্তমাধম সমৃদায় লোকে যে জ্যোতিঃ প্রকাশমান থাকিলে। সমৃদায় প্রকাশিত করিতেছে, তাহা এই আত্মজ্যোতিঃ হইতে অভিন্ন। স্থতরাং এই অভিন্ন জ্যোতিঃ পরব্রহ্মই। বিশেষতঃ এই প্রকরণে উক্ত ছান্দোগ্য শ্রুতিতেই ৩।১২।৬ মন্ত্রে উক্ত হইয়াছে "পাদোহত্য সর্ক্রত্তানি ত্রিপাদত্যামূতং দিবি"—তাহার একপাদে সমৃদায় ভূত অর্থাৎ স্বৃষ্টি, এবং ত্রিপাদে নির্ক্রিকার স্বপ্রকাশ স্বরূপ। ১।১।২ স্ত্রের আলোচনায় চিত্রে ইহাই দেখান হইয়াছে। উক্ত শতির ভাগবত ভাষ্য বড়ই স্করে। নিম্নে উদ্ধৃত হইল।

পাদেষু সর্ববভূতানি পুংসঃ স্থিতিপদো বিহুঃ।
অমৃতং ক্ষেমমভয়ং ত্রিমৃদ্ধে হিধায়ি মৃদ্ধিস্থ।। ২।৬।১৮

পুরুষের একপাদে এই প্রপঞ্চ বিশ্ব, অপর তিন পাদে তিনি প্রপঞ্চের মন্তকের উপরে, অর্থাৎ প্রপঞ্চের বাহিরে, অমৃত, ক্ষেম ও অ্তয় স্বরূপে চির বিরাজমান আছেন। ভাগঃ ২।৬।১৮

অতএন 'পাদ' শব্দের প্রয়োগ হেতু জ্যোতিঃ শব্দে পরমাত্মাই বৃঝাইতেছে। কারণ তাঁহার একপাদে স্পষ্ট প্রপঞ্চ এবং অবশিষ্ট ত্রিপাদে স্ষষ্টির—নাহিরে নির্মিকার স্ব স্বরূপে অবস্থিত।

জ্যোতি: যে পরমাত্মাই, তাহা শ্রীমদ্ ভাগবতের অনেক স্থানে ডল্লেখ আছে। কয়েকটি শ্লোক উদ্ধৃত হইল।

আত্মা হোকঃ স্বয়ংজ্যোতির্নিত্যোহক্যো নিগুর্ণঃ গুর্বাঃ ॥

ভাগঃ ১০া৮৫।২২

স্বয়ং জ্যোতিঃ স্বরূপ সেই আত্মা একই, নিত্য, নিত্তর্ণ, গুণাদি হইতে ভিন্ন। ভাগঃ ১০৮৫।২২

অনাদিরাত্মা পুরুষো নিগুণিঃ প্রকৃতেঃ পরঃ।
প্রত্যগ্ধামা স্বয়ংজ্যোতির্বিশ্বং যেন সমন্বিতম্।। ভাগঃ ৩২৬।০
১০১৮ প্রের আলোচনার ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
ক্ষেত্রক্ত আত্মা পুরুষঃ পুরাণঃ, সাক্ষাৎ স্বয়ং জ্যোতিরজঃ পরেশঃ।
নারায়ণো ভগবান্ বাস্থদেবঃ, স্বমায়য়াত্মত্রবধীয়মানঃ।।
ভাগঃ ৫০১১।১০০

ক্ষেত্রজ্ঞ, আত্মা, জীবান্তর্যামী, স্পষ্টির আদি হইতে বর্তমান, স্বপ্রকাশ জ্যোতিঃ স্বরূপ, জন্মাদিহীন, পরমেশ্বর, সম্দায় জীবের আশ্রয় রূপে নারায়ণ, ভগবান্, সর্বব্যাপী ও সর্বভূতাবাস বলিয়া বাস্থদেব, তিনি আপনার অধীনা মায়া আরা, জীবের নিয়ন্ত, জরুপে বর্তমান থাকেন। ভাগঃ ৫।১১।১৩

একস্থমাত্মা পুরুষঃ পুরাণঃ, সত্যঃ স্বয়ংজোতিরনস্ত আগ্রঃ। ভাগঃ ১০।১৪।২৩

সত্যং জ্ঞানমনন্তং যদ্ ব্রহ্ম জ্যোতিঃ সনাতনম্। ভাগঃ ১০।২৮।১৩
যস্ত ভাসা সর্বমিদং বিভাতি সচরাচরম্। ভাগঃ ১০।১৩।৫০
তুমি এক অদ্বিতীয় আত্মা, জীবাস্তর্য্যামী পুরুষ, স্বাধির আদি হইতে বর্ত্তমান,
এক্ষাত্ত সত্য, আত্ম, স্বয়ং জ্যোতি, অনস্ত। ভাগঃ ১০।১৪।২৩

সত্য, জ্ঞান, অনস্ত, সনাতন, জ্যোতি স্বরূপ ব্রহ্ম। তাগঃ ১০।২৮।১৩ থাঁহার দীপ্তিতে সম্দায় জগৎ দীপ্তিমান রূপে প্রকাশ পায়।

ভাগঃ ১০।১৩।৫০

জং হি ব্রহ্ম পরং জ্যোতি গূঁঢ়ং ব্রহ্মণি বাজ্ময়ে ।। ভাগঃ ১০।৬৩।১৯
১)১০ হত্তের আলোচনায় ইহার অর্থ দেওয়া হইয়াছে।
কান্তিন্তেজঃ প্রভা সন্তা চন্দ্রাগ্রাকক্ষ বিত্যাতাম্।
যং স্থৈয়াং ভূভূতাং ভূমের ব্রির্গন্ধোহর্থতো ভবান্ ॥ ভাগঃ ১০।৮৫।৭
অর্থতো বস্তুতো ভবান্ । শ্রীধর ।

চন্দ্র, অগ্নি, স্থ্যি, নক্ষত্র বিহ্যাতাদির কান্তি,—তেজঃ, প্রভা, সন্তা, এবং বৃক্ষ পর্ব্বতাদির—শ্রৈষ্ঠ্য, পৃথিবীর বৃত্তি—গন্ধ, এ সম্দায় বস্ততঃ আপনিই। ভাগঃ ১০৮৫।৭

অতএব সিদ্ধান্ত এই যে শিরোদেশে উদ্ধৃত ছান্দোগ্য শ্রুতিতে কথিত জ্যোতি: পরবন্ধই। তিনিই স্বপ্রকাশ, স্বয়ং জ্যোতি: স্বরূপ এবং তাঁহার জ্যোতিতেই আদিত্য, অগ্নি, বিহাৎ প্রভৃতি জ্যোতিস্মান্।

এই সূত্র হইতে আমরা অবগত হইলাম যে সূর্য, চন্দ্র, অগ্নি, নক্ষত্রাদির জ্যোতিঃ পুরুষের অন্তর্জ্যোতি বা আত্মটেতন্ম হইতে অভিন্ন হওয়ায় সূর্য্যাদির জ্যোতিঃ ও চৈতন্ময়, সমৃদায় চৈতণায় থেলা। জড়, চৈতণায় আমাদের মনগড়া কল্লিত বিভাগ তত্বতঃ বর্তমান নাই। গীতায় শ্রীভগবান স্পষ্টাক্ষরেই বলিয়াছেন, যে তেজঃ সূর্য্যে থাকিয়া সমৃদায় জগৎকে প্রকাশিত করে, যে তেজঃ চন্দ্রে ও অগ্নিতে আছে, তাহা আমারই তেজঃ বলিয়া জানিও (গাঃ ১৭।১২) গায়ত্রী রহস্ম পুন্তকে গায়ত্রী মন্ত্রে উপাস্ম ভর্গ যে পরমাত্মা, তাহা বুঝিয়াছি। সেই পরমাত্মাই আবার জীবের অন্তরে বর্তমান খাকিয়া ইন্দ্রিয় ব্যাপার পরিচালনা করিতেছেন। এই জন্মই সবিতা দেবের ভর্গের উপাসনার উপদেশ গায়ত্রী মন্ত্রের অন্তর্পনিবিষ্ট। এই জন্মই ভর্গদেবকে উপাসকের বৃদ্ধিবৃত্তির পরিচালনের জন্ম প্রার্থনা উক্ত মন্ত্রে বিহিত আছে।

ভিভি:--

"পূর্ণামপ্রবর্তিনীং শ্রিয়ং লভতে য এবং বেদ"। (ছান্দোগ্য ৩/১২/৯)

যে লোক ইহা জানেন, তিনি পূর্ণ—অবিনশ্বর সম্পদ লাভ করেন। (ছাঃ ৩।১২।৯)

তা ১২।৬ ছন্দোগ্য শ্রুতিতে গায়ত্র্যাথ্য ব্রহ্মের উপপত্তি করা হইয়াছে। কিন্তু গায়ত্তি ছন্দের প্রতিপাদন কেন না হইবে, কারণ গায়ত্ত্রী ছন্দ ত প্রসিদ্ধই আছে; পাছে এই সংশয় হয়, তাহার জন্ম পরস্থ্য করিলেন:—

স্ত্রটির প্রথমাংশে আপত্তির উল্লেখ করিয়া শেষাংশ ভাগে ভাহার সমাধান-করিয়াছেন।

সূত্র :-- ১।১।২৬

ছন্দোই ভিধানান্নেতি চেন্ন, তথা চেতোই প্ৰণনিগদাং, তথা হি
দৰ্শনম্।। ১।১।২৬

ছন্দঃ + অভিধানাৎ + ন + ইতি + চেৎ + ন + তথা + চেতো \geq প্ৰ + নিগদাৎ + তথাহি + দৰ্শ্নম্ ॥

ছক্ষঃ: — গায়ত্রী ছন্দ । ভাজধানাৎ: — আউধান বা কথন হেডু।

আঃ — না, বলিতে পার না। ইডি: — ইহা। চেহু: — যদি বল। আঃ —

না। ভথাঃ — সেইরূপে।, চেডোইর্পণঃ — চিত্ত সমর্পণের। নিগ্নাহ: —

উপদেশ বশতঃ। ভথাছি: — সেইরূপেই। দর্শনম্: — দেখা যায়।
উদাহরণ আছে।

গায়ত্রী চতৃপাদ এবং ব্রহ্মণ্ড চতুপাদ (এক পাদে স্থাষ্ট ও বাকি তিন পাদ স্বরূপে অবস্থিত), এই সাদৃশ্য থাকায় গায়ত্রী ব্রহ্মকেই বুঝাইল, বিশেষতঃ ছান্দোগ্য ৩/১২/১ মন্ত্রে—"গায়ত্রী বা ইদং সর্ববং ভুতং যদিদং কিঞ্চ''—এই পরিদৃশ্যমান যা কিছু সর্ববই গায়ত্রী, ইহা কখনও ছন্দে প্রয়োগ করা সম্ভব হয় না, উপসংহারেও—"পূর্ণামপ্রবর্ত্তিনীং প্রিয়াং লভতে যে এবং বেদ"—(ছান্দোগ্য ৩/১২/৯)—যে লোক ইহা জানেন, তিনি পূর্ণ ও অবিনশ্বর সম্পদ লাভ করেন। অবিনশ্বর সম্পদ লাভ করেন। অবিনশ্বর সম্পদ লাভ করেন।

ব্ৰহ্মতাব প্ৰাপ্ত হয়। স্বৃত্তরাং **গায়ত্রী শব্দে চন্দ অভিপ্ৰেত নছে। ব্ৰহ্মই** অভিপ্ৰেত।

ধামা স্বেন সদা নিরস্তকুহকং, সত্যং পরং ধীমহি॥ ভাগঃ ১।১।১ ১।১।২ স্বত্তের আলোচনায় ইহার অর্থ দেওয়া হইয়াছে।

স্তচ্ছুদ্ধং বিমলং বিশোকমমূতং সত্যং পরং ধীমহি।। ভাগঃ ১২।১০।১৪ সেই গুদ্ধ, বিমল, বিশোক, অমৃতস্বরূপ, পরম সভ্যকে ধ্যান করি। ভাগঃ ১২।১৩।১৪

উভয় শ্লোকাংশে গায়ত্রী ও ব্রহ্ম যে একই, তাহা দর্শিত হইয়াছে।

"গায়ত্রী" শব্দের বৃৎপত্তিলভা অর্থ হইতে বৃঝা যায়, যে "গায়ত্রী" শব্দ ছই প্রকারে দিদ্ধ হইয়াছে:—(১) "গায়ত্তং ক্রায়ত্তে", অর্থাৎ যে লোক গায়ত্রীকে গান করে, অর্থাৎ তাঁহাতে চিত্ত সমর্পণ করিয়া, গায়ত্রী উচ্চারণ করেন, গায়ত্রী তাঁহাকে ত্রাণ করেন, অর্থাৎ সংসার যন্ত্রণা হইতে মৃক্ত করেন। (২) "গায়ত্রী, ত্রায়তে চ", অর্থাৎ, যিনি নিজেই শব্দরপ ধারণ পূর্বক, বিবিধ বস্তর নাম কীর্তন করেন, এবং "মা তৈওঁ" প্রভৃতি শব্দে লোককে ভয় হইতে রক্ষা করেন। ছান্দোগ্য শ্রুতিতে ৩।১২।১ মন্ত্রে শেষোক্ত অর্থ গৃহীত হইয়াছে। কিন্তু লক্ষ্য প্রথম অর্থ, তাহা উক্ত শ্রুতির ৩।১২।৬ ও ৩।১২।৯ মন্ত্রে প্রতিপাদিত হইয়াছে।

স্ত্রকার "ভথাহি দর্শন্ন্" পদে প্রথম অর্থ ই লক্ষ করিয়াছেন। আর একটি বিশেষ কথা মনে রাখা প্রয়োজন যে, সমস্ত ব্রহ্মবিছা সংক্ষেপে গায়ত্রীতেই অমুস্যুত। এ সম্বন্ধে বিস্তৃত আলোচনা মৎকৃত পায়ত্রী-রহস্থ নামক প্রন্থে প্রষ্ঠিয়। যেমন স্ত্রে মণিগণ প্রথিত হইয়া স্থলর মালারূপ ধারণ করে, সেইরূপ ব্রহ্মবিছা প্রতিপাদক সম্দায় শাস্ত্রই গায়ত্রীতে গ্রথিত। ইহা প্রতিপন্ন করিবার জন্ম ব্রহ্মবিছা প্রতিপাদক শ্রীমদ্ভাগবত, উপক্রম ও উপসংহারে, গায়ত্রার্থ প্রকাশক ছইটি শ্লোক রচনা করিয়া, প্রকাশ করিয়াছেন, যে শ্রীমদ্ভাগবত পুরাণ "গায়ত্র্যাথ্য ব্রহ্মবিছারপ" ইহার আদিতে, মধ্যে এবং অন্তে ব্রন্ধবিছার উপদেশ দেওয়া হইয়াছে। অতএব গায়ত্রী ছন্দমাত্র নহে। পরব্রেকার ছন্দোময় রূপ।

যথোর্ণনাভিন্ত দয়াৎ উর্ণামূদ্বমতে মুখ্যাৎ। আকাশাৎ ঘোষবান্ প্রাণো মনসা স্পর্শক্রপিণা।। ছন্দোময়োহমৃতময়ঃ সহস্রপদবীং প্রভঃ। ভূকারাদ্যঞ্জিতস্পর্শস্ততোত্মস্তস্ভূষিতাম্।। বিচিত্রভাষাবিততাং ছন্দোভিশ্চতুরুত্তরৈঃ। অনন্তপারাং বৃহতীং স্ফ্রজ্যাক্ষিপতে স্বয়ম্। গায়ক্র্যঞ্চিগ্থানুষ্টুব বৃহতী পংক্তিরেব চ। ব্রিষ্টুব্ জগত্যতিচ্ছন্দো হাতাষ্ট্যতি জ্বগৎ বিরাট্।।

ভাগঃ ১১।২১।৩৮-৩৯

যেমন উর্ণনাভি হাদয় হইতে মৃথ দারা উর্ণাতন্ত প্রকটন ও উপসংহার করে, তদ্রপ বেদম্র্তি, অমৃতময় ও নাদোপাদান বিশিষ্ট প্রভূ হিরণাগর্জ, মনের সাহায্যে স্পর্শাদি বর্ণদারা বহুভাগ বিশিষ্ট অনস্তপার ওঁকারাস্তর্গত স্পর্শ, ম্বর, উন্ম, অস্তম্ব বর্ণে ভূষিত, লৌকিকাদি ভাষায় বিস্তৃত, চতুরক্ষরাদি উত্তরোত্তরাধিক গায়ত্রী, উঞ্চিক, অন্ত্র্তুপ, বৃহতী, পংক্তি, ত্রিষ্টুপ্,জগতী, অভিজগতী, অতিবিরাট্ ইত্যাদি ছন্দোবিশিষ্ট, বৃহৎ বাকাময় বেদরাশিকে, হৃদয়াকাশ হইতে প্রকটন ও উপসংহার করেন। তাগঃ ১১।২১।৩৮-৩৯

বেদ ব্রন্ধের শব্দস্তরে অভিব্যক্তি, ইহা আমরা ১।১।৩ স্থত্তের আলোচনায় বুঝিয়াছি। গায়ত্রী বেদমাতা। স্বতরাং গায়ত্রী ছন্দোমাত্র নহে। উহা ব্রন্ধবিদ্যা এবং ব্রন্ধবিদ্যা—ব্রন্ধ হইতে অভিন্ন বিধায় গায়ত্রী ব্রন্ধকেই বুঝাইভেছে। ভিত্তি:--

"গায়ত্রী বা ইদং সর্বাং ভূতং যদিদং কিঞ্চ, বাথৈ গায়ত্ত্রী…" ইত্যাদি। (ছান্দোগ্য ৩।১২।১)।

ज्ब :-- ১। ১। ২ ৭

ভূতাদিপাদবাপদেশোপপত্তেশ্চৈবম্ ৷ ১।১।২৭

ভূতাদি + পাদ + ব্যপদেশ + উপপত্তে: + চ + এবম্।

ভূতাদি:—ভূত প্রভৃতি, অর্ধাৎ ভূত, পৃথিবী, শরীর, হাদয়রূপী চতুপ্পাদ, অথবা, ভূত, বাক্, পৃথিবী, শরীর, হাদয়, প্রাণরূপী ষড়্বিধ। (ছান্দোগ্য শ্রুতি: ৩।১২।৫)

পাদ: — চরণ অথবা অংশ। ব্যপদেশ: — নির্দেশ, কথন। উপপত্তে: :

—সঙ্গতি হেতু। চ: —ও। এবম্: —এইরপ অর্থাৎ গায়ত্রীর ব্রন্ধার্থতা।

ছালোগা শ্রুতি ৩।১২।১ হইতে ৩।১২।৪ মন্ত্র পর্যন্ত, ভূত, পৃথিবী, শরীর, হদর, বাক্ ও প্রাণ, ইহারা গায়ত্রীই, এইরূপ কথিত হইয়াছে। যদি গায়ত্রী ছলোমাত্র হইত, তাহা হইলে এরূপ নির্দেশ কিছুতেই সঙ্গত হইত না। স্থতরাং গায়ত্রী ছলোমাত্র নহে। গায়ত্রীর ব্রহ্মার্থতা প্রতিপাদন করাই শ্রুতির উদ্দেশ, এক্ষন্ত ঐ প্রকার কাথত হইয়াছে।

শব্দব্রশাত্মনস্তস্ত ব্যক্তাব্যক্তাত্মনঃ পরঃ।

ব্রন্মাবভাতি বিততো নানা শক্ত্যুপর্ংহিতঃ ॥ ভাগঃ ৩।১২।৩১

ব্যক্ত অর্থাৎ বৈধরী নামিকা বাক্যরূপা ও প্রণব (অব্যক্ত), এই উভয়রূপ শব্দ ব্রহ্মাত্মা বেদ হইতে, পরব্রহ্মই নানা শক্তি বিকাশে ইন্দ্রাদি দেবতারূপে আর্বিভূত হয়েন। ভাগঃ ৩।১২।৩১

১।১।৩ প্রের আলোচনায় আমরা প্রতিপাদন করিয়াছি ষে, ব্রন্ধই শবস্তরে অবতরণ করিয়া বেদরপে প্রকাশিত হন। পূর্ব্ব প্রেরে (১।১।২৬ প্রেরে) আলোচনায় আমরা বৃথিতে পারিয়াছি যে, সমৃদায় ব্রন্ধবিতা, গয়ত্রীতেই অফুপ্যত। বেদসকল ব্রন্ধবিতাই প্রতিগাদন করে। অতএব গায়ত্রী বেদসকলের কেন্দ্রীভৃত ছন্দোর্যন্তি। বেদ সকল বিস্তারে যাহা উপদেশ দিয়াছেন, এক গায়ত্রীই সংক্ষেপে একটি ক্ষুদ্র মন্ত্রে তাহাই উপদেশ দিয়াছেন। ওঁকারকে বেদের বীন্ধ বলিয়া বেদাস্তবিদ্গণ বর্ণনা করেন। গায়ত্রী উক্ত বীজ হইতে উদগত অক্ষ্র এবং উহা ব্রন্ধের ছন্দোময় মূর্ত্তি। ছান্দোগ্য শ্রুতিতে ভূতাদিপাদ নির্দ্ধেশে তাহাই প্রতিপাদিত হয়।

ভিভি:--

১৷১৷২৫ স্থত্তে উদ্ধৃত ছান্দোগ্য ৩৷১৬৷১৭ মন্ত্ৰ এবং "তাবানস্থ মহিমা ততো জ্যায়াংশ্চ পুরুষঃ। পাদোহস্ত সর্কা ভূতানি ত্রিপাদস্তামৃতং দিবি।।"

(ছান্দোগ্য ৩।১২।৬)

পূর্বের সবিকার যে সমস্ত বস্তু জাতের বিষয় কথিত হইয়াছে, সেই সমস্তই পায়ত্রাথ্য ব্রহ্মের মহিমা বা বিভৃতি। "পুরুষ" তদপেক্ষাও অতিশয় মহান। সমস্ত ভৃতবর্গ—তাঁহার একপাদ মাত্র এবং অপর তিন অংশ নির্বিকার স্বস্বরূপে প্রভিষ্টিত।

অথ যদতঃ পরো দিবো জ্যোতির্দীপ্যতে। ছান্দোগ্য ৩।১৩।৭ দিবের উপরে ও ভাহার বাহিরে যে জ্যোতি দীপ্যমান আছে। (ছাঃ 910019)

সংখয় ঃ—

ছান্দোগ্য ৩।১২।৬ মন্ত্রে—দিবি সপ্তমী বিভক্তি হওয়ায় দিব আধার স্বরূপ, কিন্তু ছাল্দোগ্য ৩১৩।৭ মন্ত্রে 'দিবঃ' পঞ্চমী বিভক্তি থাকায়—সীমা নির্দেশ করিতেছে। এপ্রকার উপদেশের ভিন্নতা হেতু শ্রুতি প্রমাণ কি করিয়া গ্রাহ করি ? এবং 'জ্যোতিঃ' যে পরত্রন্ধ তাহা কি প্রকারে অঙ্গীকার করি। ইহার উত্তরে স্ত্র। স্ত্রটির প্রথমাংশে আপত্তি ও শেষাংদে দিদ্ধান্ত কবিত হইয়াছে।

সূত্র :--১৷১৷২৮

উপদেশভেদান্নেতি চেন্নোভয়ন্মিন্নপাবিরোধাৎ॥ ১৷১৷২৮ উপদেশভেদাং + ন + ইতি + চেং + ন + উভয়স্মিন্ + অপি + অবিরোধাৎ

উপদেশভেদাৎ :—উপদেশ প্রভেদ হেতু। ब :— না, বন্ধ হইতে পারে ना। देखि:--रेश। ८०९:--यिन वन। म:--ना। छेख्यान्यम्:--উভয় পক্ষেই। **অবিরোধাৎ :**—বিরোধের অভাব হেণু।

ছান্দোগ্য শ্রুতিতে ৩।১২।৬ মন্ত্রে উক্ত হইয়াছে। "পাদোহত সংবাস্ত্রানি বিশাদস্তামৃতং দিবি ইভি"—এবং উক্ত ঐতিতে ৩।১৩।৭ মত্রে উক্ত হইরাছে। "অথ যদতঃ পরো দিবো জ্যোতির্দীপ্যতে"। অতএব একয়ানে দিব্ শব্দের সপ্তমী বিভক্তি ও অন্ত স্থানে পঞ্চমী বিভক্তি গৃহীত হইয়াছে। সপ্তমী বিভক্তি দিব্কে আধার বলিতেছে, আবার পঞ্চমী বিভক্তি দিব্কে দীমা বলিতেছে, এই উপদেশের প্রভেদ হেতু জ্যোতিঃ শব্দার্থ ব্রহ্ম নহে। ইহার উত্তরে স্ত্রকার বলিতেছেন যে, না, উভয় পক্ষেই বিরোধের সম্ভাবনা নাই। "বৃক্ষাগ্রে পক্ষী" এবং "বৃক্ষাগ্র হইজে উপরে পক্ষী" বলিলে এক অর্থই প্রকাশ করে।

স্বধিষ্ণ্যং প্রতপন্ প্রাণো বহিষ্ট প্রতপত্যসৌ।

এবং বিরাজ্বং প্রতপংস্তপত্যস্তর্বহিঃ পুমান্ । ভাগঃ ২।৬।১৬
প্রাণ—আদিত্য: প্রাণো বা এষ আদিত্য ইতি শ্রুতে:। শ্রীধর।

স্থ্য যেমন আকাশ মণ্ডল প্রকাশ করতঃ অন্তরে ও বাহিরে সকল বন্ধ
প্রকাশ করেন, তত্রপ সেই পুরুষ বিরাট্ দেহ প্রকাশ করিয়া থাকেন।
ভাগঃ ২।৬)১৬

সে জ্যোতির স্থান কোথায়, তাহা ব্রহ্মা, বিষ্ণু, অথিল লোকপালগণেরও গম্য নহে। সে জ্যোতিঃ প্রপঞ্চ জগতের অন্তরে-বাহিরে দীপ্তিমান্ হইয়া, এবং ব্রহ্মা, বিষ্ণু ও লোকপালগণের লোক সকল জ্যোতিমান্ করিয়া, তাহার উপরে অর্থাৎ প্রকৃতির পারে, প্রপঞ্চের বাহিরে বর্তমান আছেন। এই পরম জ্যোতিঃ সকল ভেদ রহিত ব্রহ্ম স্বর্রণ। ইহাতে স্বন্ধ, রজঃ, তমঃ গুণের সংস্পর্শ মাত্র নাই। স্থতরাং ভেদ কোথা হইতে থাকিবে ? ভাগঃ ৮।৭।২৪

ন তে গিরিত্রাখিললোকপাল, বিরিঞ্চি বৈকৃষ্ঠ স্থরেন্দ্রগমাম্। জ্যোতিঃ পরং যত্র রজন্তমশ্চ, সত্ত্বং ন যদ্ধু ন্দ্র নিরস্তভেদম্।

ভাগঃ ৮।৭।২৪

বেন্ধ সেই পরম জ্যোডি: ইহা সিদ্ধ হইল।

১১। ইল্রপ্রাণাধিকরণ।

ভিন্তি:--

"সহোবাচ, প্রাণোহস্মি প্রজ্ঞাত্মা তং মামায়ুরমূতমিত্যুপাসস্ব।" (কৌষীঃ ৩২) "প্রাণ এব প্রজ্ঞাত্মানন্দোহজরোহমূতো……" (কৌষীঃ ৩১)

কৌষীতকি উপনিষদে প্রতর্জন বিহায় (কৌষীতকি ৩) প্রতর্জন ইন্দ্রকে সন্তুষ্ট করিলে, ইন্দ্র বর প্রার্থনা করিতে বলায়, প্রতর্জন বলিলেন, মন্তুন্তর মধ্যে যাহা হিতকর, এরূপ একটি বর প্রদান করন। তাহাতে ইন্দ্র বলিলেন, যে আমি প্রজ্ঞাত্মা প্রাণ ও অমৃত। অতএব আমার উপাদনা কর। (কৌষী: ৩২) প্রাণই প্রজ্ঞাত্মা, আনন্দ, অজ্বর, অমৃত। (কৌষী: ৩২)

এথানে সংশয় হইতেছে যে, তাহা হইলে প্রাণ বন্ধ নহে, জীব 'ইহার
সমাধানের জন্ম প্র করিলেন :—

সূত্র :—১৷১৷২৯

প্রাণস্তথান্তুগমাৎ॥ ১।১।২৯ প্রাণঃ + তথা + অনুগমাৎ।

প্রাণঃ :-প্রাণ শব্দের অর্থ ব্রন্ধ। তথা :--সেই প্রকার। অনুগ্রমাৎ :-অবরোধের জন্ম।

প্রাণ ব্রহ্মই, এবং ইন্দ্র আপনাকে প্রাণরূপে উপাশু বলায়, ওধানে ইন্দ্র ও প্রাণ ব্রহ্মার্থেই বুঝিতে হইবে। কারণ এ প্রকরণে এই প্রাণই প্রক্রাত্মা, আনন্দ, অজর, অমৃত ইত্যাদি বিশেষণ ধারা নির্দিষ্ট হইয়াছেন। (কোষী: এ৯)

ত্বং বায়্রগ্লিরবনিবিয়দমূমাত্রাঃ প্রাণেচ্ছিয়াণি হৃদয়ং চিদরুগ্রহশ্চ।
ভাগঃ ৭।১।৪৭

গাগাং ক্তের আলোচনার ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
নমো হিরণাগর্ভায় প্রাণায় জগদাঝনে। ভাগঃ ৮।১৬।২৬
১।১।২৪ ক্তের আলোচনায় ইহার অর্থ দেওয়া হইয়াছে।
অতএব সিদ্ধান্ত হহল যে—প্রাণ মাত্র বায়ুরুপী নছে। ইহা বেজাই।

ভিন্তি:--

১।১।২৯ স্থত্তে উদ্ধৃত, কৌষী: এ২ এবং ৩।৯ মন্ত্র।

সংশয়:---

১।১।১৭ স্ত্রের আলোচনায়—তুমি ত বলিয়াছ যে, "ব্রহ্মা পর্য্যন্ত প্রপঞ্চ জগতের সকল জীব পর্যায়ভুক্ত" এবং তোমার এ উক্তির পোষকে ভাগবতের ১১।২।১৫ শ্লোক উদ্ধৃত করিয়াছ। যদি উহা সত্য হয়, তাহা হইলে পূর্ব্ব স্ত্রের শিরোদেশে উদ্ধৃত কৌষীতকি শ্রুতির ৩।২ মন্ত্রের বক্তা ইল্র ত জীব বিশেষ মাত্র। তিনি নিজের উপাসনার—উপদেশ দিতেছেন। উহার সহজ অর্থ গ্রহণ না করিয়া,—প্রাণ অর্থে ব্রহ্মা এবং ইল্র ও ব্রহ্ম এরপ অর্থ করিবার কারণ কি ?

এই প্রকার আপত্তি আশঙ্কা করিয়া স্থ্রকার—তাহার সমাধানের জন্ম স্ত্র করিলেন, ইহার প্রথমাংশে আপত্তি ও শেষাংশে সিদ্ধান্ত।

সূত্র :-- ১৷১৷৩০

ন বক্ত্র রাত্মোপদেশাদিতি চেৎ, অধ্যাত্ম সম্বন্ধভূমা হাস্মিন্॥ ১০১০০ ন + বক্ত্রঃ + আত্মোপদেশাৎ + ইতি + চেৎ + অধ্যাত্মসম্বন্ধভূমা + হি + অস্মিন্

ন:—না। বস্তু::—বক্তার অর্থাৎ ইন্দ্রের। আত্মোপদেশাৎ:—
আপনাকে উপাসনা করিবার উপদেশ করায়। ইতি:—ইহা। দেশ - মদি
বল। অধ্যাত্মসন্থন্ধভূমা:—আত্ম অর্থাৎ পরমেশ্বর সম্বন্ধীয় উপদেশ বাহলা।
হি:—নিশ্চয়ই, যেহেতু। অন্মিন্:—এথানে, এই প্রকরণে।

যদি বল, প্রাণাদি শব্দের ব্রহ্ম অর্থ সঙ্গত হইতে পারে না, কারণ এথানে বক্তা ইন্দ্র আপনাকে উপাস্থ করিয়া উপদেশ দিয়াছেন, ইন্দ্র এথন শক্তিশালী জীব ইহাই প্রসিদ্ধ আছে, অতএব এই প্রকরণের বাক্যগুলি যাহাতে ইন্দ্রের হ্যায় শক্তিশালী জীবের উপাসনাপর হয়, সেইন্ধপ অর্থ করিতে হইবে, এই সংশয় উত্থাপন করিয়া উত্তর দিলেন, না, ইহা হইতে পারে না, থেহেতু এই প্রকরণে পরমাত্ম সম্বন্ধের বাহুলা পরিলক্ষিত হয়। (দেখ কৌষী: ৩১৯)।

শ্রীমদ্ ভাগবতে গোবর্দ্ধন ধারণ লীলায় ইহা স্থন্দর ভাবে বর্ণিত আছে যে, ইন্দ্র পরমাত্মরূপী শ্রীকৃষ্ণের তত্ত্ব বৃঝিতে না পারিয়া, প্রথমে তাঁহার নিন্দা করেন, এবং তৎপরে তাঁহার ইন্দ্রমথ ভঙ্গ করিবার জন্ম শান্তিদান করিতে বৃন্দাবনে বৃষ্টিজল প্রাবন উৎপাদন করেন। কিন্তু তাহাতে শ্রীকৃষ্ণ সপ্তাহ ব্যাপী গোবর্দ্ধন ধারণ করিয়া, গোপ, গোপী এবং গোগণের রক্ষা বিধান করিলে, তিনি তাঁহার অতিমান্থবিক কার্য্য দেখিয়া, তাঁহাকে পরমাত্মা জ্ঞানে স্তব-প্ততি করেন। অতএব ইন্দ্র উপাস্থা নহেন। পরমাত্মাই উপাস্থা। ইন্দ্র কোষীতিকি উপনিষদে নিজের নাম করিয়া পরমাত্ম উপাসনারই উপদেশ দিয়াছেন। ভক্ত ভাবে বিভোর হইয়া ক্ষবনও কথনও আপনাকেই ভগবান্ মনে করেন।

ইন্দ্ৰ উবাচ :---

বাচালং বালিশং স্তব্ধমজ্ঞং পণ্ডিতমানিনম্। কৃষ্ণং মর্ত্তামুপাশ্রিত্য গোপা মে চক্রুরপ্রিয়ম্।। ভাগঃ ১০।২৫।৫

গোপ সকল, বাচাল, শিশু, অবিনীত, পণ্ডিতমন্ত ক্ষুদ্র মামুষ কৃষ্ণকে আশ্রয় করিয়া, আমায় অপ্রিয় আচরণ করিল। ভাগঃ ১০।২৫।৫

তারপর ইন্দ্র স্তব করিলেন :---

বিশুদ্ধসত্তং তব ধাম শান্তং, তপোময়ং ধ্বস্তরজ্ঞসক্ষম্।
মায়াময়োহয়ং গুণসংপ্রবাহো, ন বিভাতে তেহগ্রহণান্ত্বন্ধঃ।।
ভাগঃ ১০।২৭।৪

পিতা গুরুস্থ জগতামধীশো, তুরতায়: কাল উপাত্তদণ্ড:।
হিতায় স্বেচ্ছাতনুভিঃ সমীহসে, মানং বিধুন্বন্ জগদীশমানিনাম্॥
ভাগঃ ১০।২৭।৬

নমস্তভ্যং ভগবতে পুরুষায় মহাত্মনে।
বাস্ত্দেবায় কৃষ্ণায় সাত্মভাং পত্য়ে নমঃ।। ভাগঃ্১০।২৭।১০
স্বচ্ছন্দোপাত্তদেহায় বিশুদ্ধজ্ঞানমূর্ত্ত্যে।
সর্ববিশ্বা সর্ববিজায় সর্বভূতাত্মনে নমঃ।। ভাগঃ ১০।২৭।১১

ঈশ্বরং গুরুমাত্মানং ত্বামহং শ্বরণং গতঃ। ভাগঃ ১০।২৭।১৩

আপনার স্বরূপ শাস্ত একরপ, তপোমর অর্থাৎ বিশুদ্ধ জ্ঞান প্রাচ্র্য্য হেতৃ সর্বজ্ঞ, রজো ও তমোগুণ ধ্বস্ত হওয়ায় বিশুদ্ধ সত্ত ; অতএব আমাদিগের ইন্দ্রিয়গ্রাহ্ দৃশুমান অজ্ঞানে অন্তবন্ধ এই মায়াময় সংসারে, আপনার দৃষ্টিতে নাই।

আপনি জগতের পিতা, গুরু, অধিখর, আপনি তুর্স্ত কাল স্বরূপ, সকলের

নিয়ন্তা রূপে দওধারী হইয়া, আমার ন্যায় জাগদী বরমানী অজ্ঞানান্ধ ব্যক্তিগণের অভিমান নাশ করেন। ভাগঃ ১০।২৭।৬

আপনি ভগবান্, অন্তর্যামী পুরুষ হইয়াও অপরিচ্ছিন্ন সর্বব্যাপী বাস্থদেব, সর্বভৃতাবাদ, দাত্ততগণের পতি, হে রুষ্ণ! আপনাকে নমস্কার। ভাগঃ ১০।২৭।১০

আপনি বিশুদ্ধ জ্ঞানমূতি, সর্বরূপ, সর্বকারণ, সর্বভূতাত্মা, আপনি নিজ্ ইচ্ছাবশতঃ দৃশ্যমান দেহধারণ করিয়াছেন। আপনাকে নমস্কার করি। ভাগঃ ১০া২৭।১১

আপনি ঈশ্বর, গুরু, আত্মা, আমি আপনার শরণাপন হইলাম।

ভাগ: ১০।২৭।১

অভএব ইন্দ্র উপাস্ত নহেন, পর্মাত্মাই উপাস্ত—ইহা সিদ্ধ হইল।

ভিত্তি:--

"ত দৈরতং পশ্যন্ ঋষির্বামদেবঃ প্রতিপেদেইহং মনুরভবং স্থ্যশ্চেতি" (বৃহদারণ্যকঃ ১।৪।১০)

বামদেব ঋষি এই ব্রহ্মতত্ত্ব অবগত হইয়া বুঝিয়াছিলেন যে "আমিই মন্ত্র ও স্থ্য হইয়াছিলাম।" (বৃহঃ ১।৪।১০)

সংশার :— তাহা হইলে যাহার জীবভাব প্রসিদ্ধই আছে, সেই ইন্দ্রের পক্ষে আপনাকে উপাশু বলিয়া উপদেশ করা সঙ্গত হয় কিরুপে? ইহার উত্তরে স্ত্রকার স্ত্র করিলেন :—

সূত্র ঃ—:।১।৩১

শাস্ত্রদৃষ্ট্যাত_্পদেশো বামদেববৎ। ১।১।৩১ শাস্ত্রদৃষ্ট্যাৎ + তু + উপদেশঃ + বামদেববৎ।

শান্ত্রদৃষ্টা :—শান্তের উপদেশ দর্শনে। তু :—কিন্তু, পরন্ত । উপদেশঃ :— উপদেশ, নিজেকে উপাস্থরণে উপাসনার উপদেশ। বামদেববৎ :— বামদেব ঋষির মত। (বৃহদারণ্যক ১৪৪১১০)

শাস্ত্রে উপদেশ দেখিতে পাওয়া যায় যে, পরমাত্মাই জগদ্রেপে প্রকাশিত হন।

এ সম্বন্ধে ১।১।২ স্থ্রের আলোচনায় উদ্ধৃত শ্রীমদ্ ভাগবতের ৭।১।৪৭, ৭।৬।২০

হইতে ৭।৬।২০ প্রভৃতি শ্লোক দ্রষ্টবা। তিনিই যথন প্রপঞ্চ জগতের যা কিছু,
তথন ইন্দ্রও তিনি, অতএব ইন্দ্র যদি তাঁহার ভাবে বিভোর হইয়া, শ্রীভগবানে
তন্ময়ত্ব লাভ করিয়া, আপনাকে উপাসনা করিবার উপদেশ দিয়া থাকেন,
তাহাতে দোষ হয় নাই। বৃহদারণাক উপনিষদে ১।৪।১০ মন্ত্রেও উক্ত

হইয়াছে যে, বামদেব ঋষিও "আমি মহু ও স্ব্যা হইয়াছিলাম" বলিয়াছিলেন।

পরমহংস চূড়ামণি শুকদেব গোস্বামী মহারাজ পরীক্ষিতকেও শ্রীমদ্ভাগবত শ্রবণ করাইয়া, শ্রীভগবানের ভাবে বিভোর হইয়া, তর্ময়ত্ব লাভ করিবার জন্ম বিলিয়াছিলেন:—

অহং ব্রহ্ম পরং ধাম ব্রহ্মাহং পরমং পদং।

এবং সমীক্ষ্যচাত্মানমাত্মগুধায় নিদ্ধলে।। ভাগঃ ১২।৫।১২

দশন্তং তক্ষকং পাদে লেলিহানং বিষানলৈঃ।

ন দেক্ষ্যসি শরীরঞ্চ বিশ্বঞ্চ পৃথগাত্মনঃ।। ভাগঃ ১২।৫।১৩

আমিই ব্রহ্ম পরম ধাম, ব্রহ্মই আমি পরম পদ, এই অভেদ চিস্তায়, নিরুপাধি পরমাত্মায় জীবাত্মায় যোগ কর। তাহা হইলে পদতলে লেলিহান দংশনকারী তক্ষককে ও শরীর এবং বিশ্বকে আত্মা হইতে আর পৃথক্ দেখিবে না। ভাগঃ ১২।৫।১২-১৩

ব্রজগোপীদিগেরও ঐ প্রকার তন্ময়ত্ব, ভাগবতে ১০০০ অধ্যায়ে বর্ণিত আছে, যথা—

অসাবহং ন্বিতাবলা স্তদাত্মিকা স্তবেদিযু কৃষ্ণবিহারবিভ্রমাঃ।। ভাগঃ ১০।৩০।৩

কৃষ্ণের ন্যায় তাহাদিগের ক্রীড়া ও বিলাস হইল, স্বতরাং সেই সকল অবলাগণ রুফাত্মিকা হইয়া, পরম্পার "আমিই সেই রুষ্ণ" এই প্রকার কহিতে লাগিলেন। ভাগঃ ১০।৩০।৩

উক্ত অধ্যায়ে অনেক শ্লোক, উক্ত অর্থ প্রকাশ করে। বাহুল্যভয়ে উদ্ধৃত হইল না।

অভএব ইন্দ্র ভগবদ্ভাবে তন্ময়ত্ব লাভ করিয়া—যদি নিজের উপাসনার উপলক্ষ্য করিয়া উপদেশ দিয়া থাকেন, ভাহা ভগবস্থপাসনারই উপদেশ, বুঝিতে হইবে। ভিন্তি:--

সাসাহত স্থকে উদ্ধৃত কোষী: তাহ এবং এ৫ মন্ত্র।

সংশয় :— তোমার সিদ্ধান্ত ঠিক ধারণা করিতে পারিলাম না। ইন্দ্র ও জীব পর্য্যায়ভুক্ত। তিনি নিজের উপাসনা উপদেশ দিতেছেন। আবার তিনি মৃথ্য প্রাণরূপী, তাহাও নির্দ্দেশ করিতেছেন। এরপ করিবার কারণ কি? যদি ব্রেল্ফোপাসনার—উপদেশ দেওয়া উদ্দেশ্য হইত, তাহা হইলে ত স্পষ্টভাবে বলিলেই হইত। স্ত্রের প্রথমাংশে এই আপত্তির উল্লেখ করিয়া শেষাংশে তাহার সমাধান করিতেছেন।

সূত্র :-- ১৷১৷৩২

জীবমুখ্যপ্রাণলিঙ্গান্নতি চেৎ, ন উপাসনাত্রৈবিধ্যাদাশ্রিভ**ন্বাদিহ**-তল্যোগাৎ ॥ ১।১।৩২

জীব-মূখ্য-প্রাণ-লিঙ্গাৎ + ন + ইতি + চেৎ + ন + উপাসনা ত্রৈবিধ্যাৎ + আশ্রিতহাৎ + ইহ + তত্তোগাৎ ॥

জীব-মুখ্য-প্রাণ-লিঙ্গাৎ:—জীব লিঙ্গ ও ম্থ্য প্রাণ লিঙ্গ থাকায়।

লঃ—না,—প্রাণ অর্থ ব্রন্ধ নহে। ইভি:—ইহা। চেহ:—यদি বল।

লঃ—না, বলিতে পার না। উপাসা ত্রৈবিধ্যাৎ:—যেহেতু উপাসনা

তিন প্রকার। আব্রিভত্বাৎ:—গ্রহণ করা হেতু, অপর অপর স্থানে আছে

বলিয়া। ইহ:—এখানে, এই প্রকরণে। ভত্তোগাৎ:—যে হেতু ভাহারই
সম্বদ্ধ আছে।

কৌষীতকি উপনিষদে প্রতর্জন বিছায় ইন্দ্রের উপদেশে জীবলিক ও মৃথ্য প্রাণ লিক্ষ শব্দ সমূহ দ্বারা উপাস্থা ব্রহ্মই কথিত হইয়াছেন। যদি বল, না, উপাস্থা জীব ও মৃথ্য প্রাণই; তাহা বলিতে পার না, কারণ পরমাত্মার উপাসনা ত্রিবিধ—অর্থাৎ পরমাত্মভাবে, জীবভাবে, এবং প্রাণাধিষ্ঠাত্ভাবে বিহিত আছে, এবং অন্তত্ত্রও এই ত্রিবিধ উপাসনা স্বীকৃত হইয়াছে। এথানেও তাহাই সম্ভবপর।

ইন্দ্র নিজে জীব, তিনি আপনাকে উপাশ্ত বলিয়া উপদেশ দিয়াছেন ইহাতে জীবলিঙ্গ হইল। আমি প্রজ্ঞাত্মা প্রাণ (কোষী: ৩২), ষতদিন শরীরে প্রাণ থাকে, ততদিনই আয়ু, এই প্রাণই প্রজ্ঞাত্মা, এবং বে প্রজ্ঞাত্মা সেই প্রাণ, ভাহাকে উপাসনা কর (কোষী: ৩।২), ইহাতে মুখ্য প্রাণলিক বুঝা গেল। আবার ইহাই অজর, অমৃত, আনন্দ, বলায় ব্রহ্মলিক ও কথিত হইল, (কোষী: ৩।৯)। ইন্দ্র কখনও ভিনের পৃথক পৃথক উপাসনার উপদেশ দেন নাই। একের উপাসনার উপদেশ দিয়াছিলেন, সেই এক কি? ব্রহ্মনা জীব, না মুখ্যপ্রাণ? স্ত্রকার বলিভেছেন, ইন্দ্রের উপদিষ্ট উপাস্থা, ব্রহ্মই বটে, কারণ অক্যান্থ স্থানে ত্রিবিধ উপাসনার কথা বিহিত আছে, এখানে সেই এক পরম তত্ত্বের তিন প্রকার উপাসনারই উল্লেখ করা হইয়াছে মাত্র। যে প্রকারেই উপাসনা হউক না কেন, সেই এক স্থান অর্থাৎ পরমতত্তই উহার লক্ষ্য।

এই সম্পর্কে আমরা ১।১।১ স্থত্তের আলোচনায় উদ্ধৃত ভাগবতের ১২।১১ স্লোকে দৃষ্টি আকর্ষণ করিব।

> বদস্তি ওত্তত্ববিদন্তত্ত্বং যজ,জ্ঞানমদ্বয়ম্। ব্ৰহ্মেতি প্ৰমাখ্যেতি ভগবানিতি শব্দ্যতে।। ভাগঃ ১।২।১১

এক অন্বয় পরতত্ত্বই ভন্ধবিদ্গণ কেহ ব্রহ্ম, কেহ পরমাত্মা এবং কেহ ভগবান্ নামে অভিহিত করিয়া থাকেন। ভাগঃ ১।২।১১

বলা বাহুল্য যে, উপাসক সম্প্রদায় ভেদে এই বিভিন্নতা। জ্ঞানিগণ সেই এক অন্বয় জ্ঞানভন্তকে, নিগুল নিরাকার ব্রহ্ম বলিয়া উপাসনা করেন। যোগিগণ, প্রাণবৃত্তি বা ইন্দ্রিয়বৃত্তি নিরোধ করিয়া, প্রাণের অধিষ্ঠাতা, ইন্দ্রিয়গণের নিয়স্তা, পরমাত্মা বলিয়া সেই অন্বয় জ্ঞানভন্তকেই ধ্যান করেন এবং ভক্তগণ, সম্দায় কর্ম—তাঁহাতে সমর্পণ করিয়া, ভদ্গভচিত্তে, সম্দায় কল্যাণগুণের আকর, সর্বাঞ্জ, সর্বশক্তিমান, ভক্তামুগ্রহের জন্য ভক্তেচ্ছামুখায়ী শরীরধারী ভগবান্ বিদিয়া, সেই এক অন্বয় জ্ঞানভন্তেরই উপাসনা করেন। সকলের গতি ও লক্ষ্য সেই একই। সগুণ-সাকার শ্রীভগবানে জীবলিক্ষ বর্ত্তমান; হৃদি স্থিত পরমাত্মায় মুখ্য প্রাণলিক্ষ বর্ত্তমান; নিগুণ নিরাকার ব্রহ্মে ব্রন্ধালিক্ষ বর্ত্তমান। কিন্তু উপাসনা সেই অন্বয় ভত্তের। অভএব ইন্দ্রের উপদেশে উক্ত ভিন লিক্ষ বর্ত্তমান থাকিলেও তাঁহার উপদিষ্ট—সেই এক অন্বয় জ্ঞানভন্ত, ইহা সিদ্ধ হইল।

আমরা ১০১২ ও ১০১৩ স্ত্রের আলোচনায় প্রতিপন্ন করিয়াছি যে, স্ষ্টি স্থিতি-প্রসারে, জ্বণৎকারণ ব্রন্ধে কোনও বিকার প্রসন্তি নাই। তিনি সর্বাদা স্বরূপেই বর্তমান থাকেন। এবং তিনি "ক্লাছাডোনাল্ডান্দ্র", স্বরূপ (দেখ ১০১১৬ স্ত্র)। আবার ১০১১ প্রের আলোচনায় উদ্ধৃত ১১০১১ স্লোকের, ১০১১ স্ত্রের আলোচনায় উদ্ধৃত ৪।১।৭, ১।১।১৮ স্ত্রের আলোচনায় উদ্ধৃত ৫।১১।১৪ প্রভৃতি শ্লোকের আলোচনায় আমরা পাইরাছি যে, তিনি স্প্টি করিয়া ভাহার প্রতি অণ্-পরমাণুতে "অনুপ্রবেশ" করিয়া আছেন। ১।১।১৭ স্ত্রের আলোচনায় আমরা পাইয়াছি যে, জীব ব্রদ্ধাংশ এবং ১।১।২ স্ত্রের আলোচনায় প্রদত্ত চিত্রে জীব ব্রদ্ধের ভটস্বা শক্তিরূপে প্রদর্শিত হইয়াছে। দেবতাগণও যে শক্তিশালী জীব, তাহাও প্রতিপন্ন হইয়াছে।

বেদও ত্রিবিধ:—কর্মকাণ্ড, দেবতাকাণ্ড এবং জ্ঞানকাণ্ড বা ব্রহ্মকাণ্ড। এই তিন প্রকার ভেদে উপাসনাও ত্রিবিধ। কর্ম্মিগণ অগ্নিতে হবি: বারা যজ্ঞ করিয়া থাকেন। তাঁহারা অচেতন অগ্নিতে অচেতন হবি: বারা উপাসনা করেন। কেহ কেহ প্রীভগবানের মনোময়ী প্রতিকৃতি হৃদয়ে ধারণা করিয়া ভাগবতী গতি লাভ করেন (দেখ ২০০০ সূত্রে উদ্ধৃত ভাগবতের ১০০০২০০৮ প্রোক)। কেহ কেহ দেবতারাধনা করিয়া তাঁহার উপাসনা করেন। আবার কেহ কেহ তাঁহার স্বন্ধপের চিন্তায় বিভার হইয়া থাকেন। সকলের লক্ষ্য কিন্তু সেই একই অহন্ত তত্ত্ব। এই সম্পর্কে ১০০০১০ স্থানে তাদ্ধিত ক্রিমদ্ভাগবতের ১০০৮, ১০০০ শ্লোক প্রত্রিয়। বাহল্য ভ্রেম এখানে উদ্ধৃত শ্রীমদ্ভাগবতের ১০০৮, ১০০০ শ্লোক প্রত্রিয়। বাহল্য ভ্রেম এখানে উদ্ধৃত শ্রীমদ্ভাগবতের ১০০৮, ১০০০

অতএব দিদ্ধান্ত হইল যে, ভৌতিক অগ্নিতে ভৌতিক হবিং দারা যজ্ঞ, ভৌতিক মনোম্য়ী প্রতিকৃতির ধারণার দারা উপাসনা, জীবরূপী দেবভার আরাধনা এবং নিশুণ শ্রীহরির উপাসনা,—সকলেরই লক্ষ্য এক। স্বভর্মাং ইন্দ্রের উপদেশে জীবলিঙ্গ, মৃথ্য প্রাণলিঙ্গ ও ব্রন্থলিঙ্গ থাকায়, কোনও দোষ হয় নাই।

উপরন্ত, কর্মযোগ, জ্ঞানযোগ ও ভক্তিযোগ, উপাসনার এই তিন পদ্বা প্রসিদ্ধই আছে। অধিকারী ভেদে উপাসনার এই প্রকার ভেদ মাত্র। কোন্ প্রকার অধিকারীর পক্ষে কোন্ পদ্বা হিতকর, তাহা প্রীমদ্ভাগবতে বিশদ্রূপে বর্ণিত আছে।

যোগান্ত্রয়ো ময়া প্রোক্তা ন_ূণাং শ্রেয়োবিধিংসয়া। জ্ঞানং কর্ম্ম চ ভক্তিশ্চ নোপায়োহন্তোহস্তি কুত্রচিং ॥ ভাগঃ ১১:২০।৬

যোগা—উপায়া:, ব্রহ্ম-কর্ম-দেবতাকাণ্ডৈ: প্রোক্তা:। (শ্রীধর) মানবদিগের মঙ্গল বিধান জন্ম, জ্ঞানযোগ, কর্মযোগ ও ভক্তিযোগ, এই ত্রিবিধ সাধনোপায় আমি বর্ণনা করিয়াছি। ইহা ভিন্ন কোথাও অক্স উপান্ধ নাই। ভাগঃ ১১।২০।৬

তন্মধ্যে কাহার পক্ষে কোন্ প্রকারের উপায় বিহিত, বলিতেছেন :---

নির্বিপ্পানাং জ্ঞানযোগো স্থাসিনমামিহ কর্ম্মস্ত । ভেম্বনির্বিপ্পচিন্তানাং কর্ম্মযোগশ্চ কামিনাম্॥

ভাগঃ ১১৷২০।৭

যদৃচ্ছয়া মংকথাদৌ জাতশ্রদ্ধস্ত যঃ পুমান্। ন নির্কিরো নাতিসক্তো ভক্তিযোগোহস্ত সিদ্ধিদঃ॥

ভাগঃ ১১।২০।৮

তন্মধ্যে কর্ম্মে ও কর্ম্মফলে বিরক্ত ব্যক্তিগণের পক্ষে জ্ঞানযোগই সিদ্ধিদান করে আর কর্ম্ম ও কর্মাফল বিষয়ে তৃঃথবুদ্ধিশৃত্য অতএব কামী ও অবিরক্ত ব্যক্তিদিণের কর্মযোগই সিদ্ধিদান করে। ভাগঃ ১১/২০।৭

কোনও রূপ ভাগ্যোদয় বশতঃ আমার প্রসঙ্গে বাঁহার নিতান্ত শ্রদ্ধা জন্ম এবং কর্ম ও তৎফলাদি বিষয়ে যিনি অতিবিরক্ত বা অত্যাসক্ত নহেন, ভক্তি-যোগই তাঁহার সিদ্ধিদান করে। ভাগঃ ১১২০।৮

এক প্রকার অধিকারীর পন্থা অন্ত প্রকার অধিকারীর পক্ষে হিতের হয় না। বেমন, যতদিন না পর্যান্ত বৈরাগ্যের উদয় হয়, অথবা ভগবদ্কথায় প্রদানা জ্বনে, ততদিন কর্ম করা কর্ত্তব্য। ভাগঃ ১১।২০।১

তাবং কর্মাণি কুবর্গীত ন নির্বিগ্রেত যাবতা। মংকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে।।

ভাগঃ ১১৷২০৷৯

অতএব বৈরাণ্যের উদয় হইলে জ্ঞানযোগ আশ্রয় করা, অথবা ভগবদ্কথায় শ্রদ্ধা জন্মিলে ভক্তি যোগ আশ্রয় করা বিহিত। কিন্তু প্রাপ্য সকলের এক। কর্মা, তপস্তা, জ্ঞান, বৈরাগ্য, যোগ, দান, ধর্মা প্রভৃতি দ্বারা যাহা. কিছু লাভ হয়, ভগবস্তুক্ত সেই সম্দায়ই প্রাপ্ত হন। ইচ্ছা করিলে স্বর্গ, মৃক্তি, এমন কি ভগবদ্ধাম পর্যান্ত, প্রাপ্ত হইতে পারেন। ভাগঃ ১১।২০।৩২-৩৩

যৎ কর্ম্মভির্যংত্তপসা জ্ঞানবৈরাগ্যতশ্চ যং। যোগেন দানধর্ম্মণ শ্রেয়োভিরিতবৈরপি॥ ভাগঃ ১১।২০।৩২ সর্ববং মন্তক্তিযোগেন মন্তক্তো লভতেইঞ্ছসা।
ব্দর্গাপবর্গং মদ্ধাম কথঞ্চিদযাদি বাঞ্ছতি ॥ ভাগঃ ১১।২০।৩৩

অতএব প্রতর্দন বিগায় ইন্দ্র যদি অধিকারী ভেদ মনে করিয়া, প্রতর্দনকে উপলক্ষ করতঃ, সর্ব্বসাধারণের হিতার্থ, জীবলিঙ্গ, মৃথ্যপ্রাণলিঙ্গ ও ব্রহ্মলিঙ্গ এই জিন বিষয়ক উপদেশ দিয়া থাকেন, তাহাতে কোনও দোষ হয় নাই। বিশেষতঃ, তিনিই উপাস্থ, উপাসক এবং উপাসনা এবং তত্বপকরণ। অভএব ইন্দ্রের ও প্রকার উপদেশে কোনও দোষ হয় নাই।

ত্বং ক্রতুংস্বং হবিস্তং হুতাশঃ স্বয়ং ত্বং হি মন্ত্রঃ সমিদ্দর্ভ-

পাত্রাণি চ।

ত্বং সদস্তর্ভিদ্ধো দম্পতী দেবতা অগ্নিহোত্রং স্বধা সোম আজ্ঞাং পশুঃ ৷ ভাগঃ ৪।৭।৪২

তৃমি ক্রত্, তৃমি হবি:, তৃমিই আর স্বয়ং, তৃমিই মন্ত্র, তৃমিই যজ্ঞাপকরণরূপ সমিৎ, কুশ ও যজ্ঞপাত্রসকল, তৃমিই সদস্ত, ঋত্বিক, তৃমিই যজ্ঞমান দম্পতি, তুমিই দেবতা,অগ্নিহোত্র, তৃমিই স্বধা, সোম, আজ্য ও যাবতীয় পশু।

ভাগঃ ৪।৭।৪২

প্রথম অধ্যায়। দ্বিতীয় পাদ।

অস্পষ্ট উপাস্য ব্রহ্মবোধক বাক্য বিচার।

প্রথম পাদের আলোচনায় আমরা ব্ঝিতে পারিয়াছি যে, সংসারে কর্মস্রোতে ভাসমান জীবের কর্মাবর্ত্তে উন্মজন নিমজন করিতে করিতে স্বতঃ ভগবদত্মগ্রহে অথবা শাস্তালোচনায়, জ্ঞান জন্মে যে নিত্য, নৈমিত্তিক, প্রবৃত্তিনিবৃত্তি মার্গ বিধায়ক সমৃদায় কর্মমাত্রই নশ্বর। উহাদের ফল নিত্য স্থায়ী নহে। এই জ্ঞান জন্মিলে কর্ম্মে স্পৃহা স্বতঃই কমিয়া যায় এবং ক্ষেজিজ্ঞাসার ইচ্ছা মনে উদয় হয়। ব্রহ্ম, বাক্য মনের অগোচর। স্থতরাং প্রত্যক্ষ, অনুমান ও ঐতিহ্য এই তিন প্রমাণের দ্বারা তিনি গ্রাহ্ম নহেন। একমাত্র বেদ ও ভদম্পারী শাস্তই তাঁহাকে প্রতিপাদন করে। স্থতরাং শাস্ত চর্চার অভিলাষ ব্রহ্মজিজ্ঞাসার সহিত দ্বনিষ্ট সম্বন্ধে সম্বন্ধ।

শান্তালোচনা করিতে করিতে মনে নানারপ সংশয় উদয় হয়। শান্ত সম্দার সকল প্রকার উচ্চ নীচ অধিকারী সম্বন্ধেই উপদেশ দিয়াছেন, এজন্ত উপদেশগুলি পরোক্ষভাবেই দেওয়া হইয়াছে, দৃষ্ট হয়। বিশেষতঃ, সাক্ষাৎভাবে ভাষার ঘারায়, বাক্য মনের অগোচর, সম্দায় ইক্রিয় গ্রাহ্ম পদার্থের বহিভূ ত, বন্ধবন্ধকে প্রকাশ করা যায় না। স্থতরাং তাঁহাকে ভাষার সাহায্যে ব্যক্ত করিতে হইলে, উপমা বা সাদৃশ্যের ঘারা করিতে হয় এবং সেই উপমা বা সাদৃশ্য পরিদৃশ্যমান বিশ্ব হইতে সংগ্রহ করিতে হয়। কিন্তু তাহারা কিছুতেই সর্বাকীণ ভাবে ব্রন্ধে প্রযোজ্য হইতে পারে না। এই সকল কারণে, মনে নানারূপ সংশরের উদয় আপনিই হইয়া থাকে। প্রথম পাদে স্পষ্ট ব্রন্ধচিহ্ন যুক্ত বাক্য বিচার করিয়া, পৃদ্ধাপাদ ভগবান্ বাদরায়ণ সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন যে, যদিও ঐ সম্দায় বাক্যে প্রধান, আকাশ, প্রাণ ইত্যাদি প্রতিপাত্য বলিয়া সন্দেহের অবসর থাকে, কিন্তু প্রকৃতপক্ষে ভাহারা ব্রন্ধকেই প্রতিপাদন করিয়া থাকে।

যে সমস্ত বাক্যে স্পষ্টাক্ষরে ব্রন্ধের উল্লেখ না থাকার, গোণভাবে জীব প্রভৃতিও ব্ঝাইবার সন্তাবনা থাকে, অথচ প্রকৃতপক্ষে ব্রন্ধপ্রতিপাদনই তাহাদের উদ্দেশ্ত, সেই সমস্ত বাক্য দিতীয় পাদে বিচারিত হইতেছে।

১। সর্বত্র প্রসিদ্ধ্যধিকরণ।

ভিত্তি:--

(১) "সর্বাং খলিদং ব্রহ্ম তজ্জলানিতি শান্ত উপসীতা অথ খলু ক্রতুময়ঃ পুরুষো যথা ক্রতুরস্মিন্ লোকে পুরুষো ভবতি তথেতঃ প্রেত্য ভবতি স ক্রতুং কুর্বীত।" ছান্দোগ্যঃ ৩।১৪।১

"মনোময়ঃ প্রাণশরীরো ভারূপঃ সত্যসংক্র আকাশাত্মা সর্ব্বকর্মা সর্ব্বকামঃ সর্ববন্ধঃ সর্ব্বরসঃ সর্ব্বমিদমভ্যাত্তোহ্বাক্যনাদরঃ"॥

(ছান্দোগ্যঃ ৩।১৪।২)

উপরে উদ্ধৃত ছান্দোণ্য শ্রুতির মন্ত্রের সরলার্থ হইতে আমরা পাইতেছি যে, পরিদৃশ্যমান সমস্তই ব্রন্ধ। তাহা হইতে উৎপন্ন, তাহাতে স্থিত এবং তাহাতেই লয়নীল। শাস্তভাবে তাঁহার উপাসনা কর্ত্তবা। পুরুষ নিশ্চরই ক্রতুময় (সংকল্প প্রধান)। পুরুষ ইহলোকে যাদৃশ সংকল্পশালী হয়, মৃত্যুর পর সেইরূপই হইয়া থাকে। অতএব পুরুষ, মনোময়, প্রাণশরীর বিশিষ্ট, জ্যোতিরূপ, সত্যসংকল্প, আকাশাল্মা, সর্ব্বকর্মা, সর্ব্বকাম, সর্ব্বকৃষ, সর্ব্বিশ্বব্যাপী, বাক্যের অগোচর, অসঙ্গ ইত্যাদি গুণবিশিষ্ট্র বস্তু উপাসনা করিবে। (ছাঃ ৩১৯৪১-২)

সংশয়:--

ইহাতে সংশয় হইতে পারে যে, মনোময়ত্বাদি গুণবিশিষ্ট বস্তু ক্লেত্রজ—জীব বা প্রমাত্মা। এই সংশয় নিরাসের জন্ম স্তুকার স্তু করিলেন:—

সূত্র ঃ---১৷২৷১

সর্বত্ত প্রসিদ্ধোপদেশাং।। ১।২।১ সর্বত্ত + প্রসিদ্ধ + উপদেশাং।

সর্ববত্ত : — দকল স্থানে। প্রাসিদ্ধ : — প্রকৃষ্টরূপে জ্ঞাত। উপদেশাৎ : — উপদেশ হেতু।

উদ্ধৃত ৩।১৪।১ ছান্দোণ্য মন্ত্রে "ভজুলান্" পদে সৃষ্টি স্থিতি লয়ের একমাত্র কারণ ব্রহ্মকেই উপাদনার উপদেশ দেওয়া হইয়াছে। ব্রহ্ম যে সৃষ্টি স্থিতি লয়ের একমাত্র কারণ, ইহা সর্বত্র প্রদিদ্ধ। অভএব উপাশু "মনোময় প্রাণ শরীর" ইত্যাদি গুণবিশিষ্ট বস্তু, ব্রহ্মই। অন্ত কিছু নহে। জীব কথনও সৃষ্টি স্থিতি লয়ের কারণ হইতে পারে না। শ্রীমদ্ ভাগবতে স্পষ্ট জীবও ক্ষেত্রজ্ঞ শব্দ শ্রীভগবান্কেই প্রতিপাদন করে, ইহা নিম্নোদ্ধত শ্লোক কয়টিতে বিষদ ভাবে ব্যক্ত হইয়াছে।

স এষ জীবো বিবরপ্রস্তিঃ, প্রাণেন ঘোষেণ গুহাং প্রবিষ্ঠঃ।
মনোময়ং স্ক্রমূপেত্য রূপং, মাত্রা স্বরো বর্ণ ইতি স্থবিষ্ঠঃ।।
ভাগঃ ১১।১২।১৫

ইহার সরলার্থ ১৷১৷৩ স্থত্রের আলোচনায় দেওয়া হইয়াছে।
অহং হি জীবস্ত্রিবিদজ্ঞযোনিরবক্ত একো বয়সা স আগ্যঃ।
বিশ্লিষ্ঠশক্তির্বহুধেব ভাতি, বীজানি যোনিং প্রতিপত্য যদ্বৎ।।
ভাগঃ ১১৷১২৷১৮

যশ্মিরিদং প্রোতমশেষমোতং, পটো যথা তন্তবিতানসংস্থঃ।। ভাগঃ ১১।১২।১৯

গুণাশ্রম, লোক পদ্মের উত্তম স্থান, আদিতে অব্যক্ত, কালে বহুধা বিভক্ত শক্তি, আন্ধ্য পুরুষ, পরমেশ্বর, ক্ষেত্র পতিত জীবের বহু আকারে পরিণামের ন্যায়, শ্বরূপতঃ একই বহু প্রকারে প্রতিভাত হয়েন। ভাগঃ ১১।১২।১৮

উপাদান কারণ স্বরূপ তন্তু, যেরূপ দীর্ঘ ও হ্রম্ম ভাবে বিশুন্ত হইয়া, বস্ত্র নাম ও রূপে অভিব্যক্ত করে, সেইরূপ এই অশেষ বিশ্ব ঈশ্বরেতে ওতপ্রোত ভাবে ব্যক্ত রহিয়াছে। ভাগঃ ১১।১২।১৯

নারায়ণো ভগবান্ বাস্কুদেবঃ স্বমায়য়াত্মগুবধীয়মানঃ ।। ভাগঃ ৫।১১।১৩ ১)১।২৫ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে । যথানিলঃ স্থাবরজঙ্গমানামাত্ম স্বরূপেণ নিবিষ্ট সিশেৎ । এবং পরো ভগবান্ বাস্কুদেবঃ ক্ষেত্রজ্ঞ আত্মেদমনুপ্রবিষ্টঃ ॥

ভাগ: ৫।১১।১৪

বেমন একই বায়, স্থাবর জঙ্গমাদি ভৃত সকলের শরীরে প্রবেশ করিয়া, তাহাদিগকে পরিচালিত করে, সেইরূপ ক্ষেত্রজ্ঞ, আত্মা, পরমপুরুষ, ভগবান বাস্থদেব, প্রপঞ্চ জগতে অনুপ্রবিষ্ট হইয়া সকলকে পরিচালিত করিতেছেন ॥ ভাগঃ ৫।১১।১৪

চলাচলেতি দ্বিবিধা প্রতিষ্ঠা জীব মন্দিরম্ । ভাগঃ ১১।২৭।১৩
জীবস্তা ভগবতো মন্দিরম্। শ্রীধর।

চল ও অচল হই প্রকার প্রতিমাতে ভগবান্ প্রতিষ্ঠিত হয়েন। ভাগঃ ১১/২৭/১৩

বর্ষপূগসহস্রান্তে তদগুমুদকেশয়ম্।
কাল কর্ম্ম স্বভাবস্থো জীবোহজীবমজীবয়ং।। ভাগঃ ২।৫।৩৪
জীবয়তীতি জীবঃ পরমাত্মা। (গ্রীধর)

বহু সহস্র বর্ষ অন্তে জলে শয়ান সেই ব্রহ্মাণ্ডকে, পরমাত্মা, কাল, জীবাদৃষ্ট ও স্বভাবে অধিষ্ঠান করিয়া, সচেতন করিলেন। ভাগঃ ২।৫।৩৪

উপরে উদ্ধৃত কয়েকটি শ্লোকের অর্থ বিচার করিলে, আমরা ব্রিতে পারি যে, জীব কথনই সত্ত রজঃ তমো গুণের আশ্রা, লোক পদ্মের কারণ, পরেশ, ভগবান্, বাস্থদেব, সর্বনিয়ন্তা, স্থাবর জসমের আত্মা বরূপে অম্প্রবিষ্ট হইতে পারে না। অতএব এই শ্লোক সকলের প্রতিপান্ত পরমাত্মাই, ইহা সিদ্ধ হইল। যদিও ১১।১২।১৫, ১১।১২।১৮, ১১।২৭।১৩, ২।৫।৩৪ শ্লোকে স্পষ্টতঃ "জীব" শব্দ এবং ৫।১১।১৪ শ্লোকে জীব পর্যায় ভুক্ত "ক্ষেত্রক্ত" শব্দ ব্যবহৃত হইয়াছে, উহারা পরমতত্ত্বর প্রতিপাদক ব্রিতে হইবে।

দিভীয় সূত্রের ভিত্তি:— প্রথম স্থত্রে উদ্ধত ছান্দোগ্য ৩।১৪।২ মন্ত্র সূত্র:—১।২।২

বিবক্ষিতগুণোপপত্তে*চ॥ ১/২/২ বিবক্ষিত + গুণ + উপপত্তেঃ + চ।

বিবক্ষিত: — অভিপ্রেত, বর্ণিত। গুণ: —পরমাত্ম সম্বনীর গুণ। উপপত্তে: : — উপপত্তি বা সঙ্গতি হেতু। চ : —ও

উদ্ধৃত ছান্দোগ্য ৩1>৪1২ শ্রুতিতে যে সমৃদায় গুণ বর্ণিত হইয়াছে, সে সকল ব্রন্মেই প্রযোজ্য; জীবে নহে। অতএব উক্ত শ্রুতির প্রতিপান্ত, ব্রন্মই।

অবিক্রিয়ং সত্যমনন্তমাতাং গুহাশয়ং নিজলমপ্রতর্কাম্।
মনোহগ্রযানং বচসা নিরুক্তং নমামহে দেব বরং বরেণ্যম্॥
ভাগঃ ৮।৫।১৫

বিপশ্চিতং প্রাণ মনোধিয়াত্মনামর্থেন্দ্রিয়াভাসমনিজমবণম্।
ছায়াতপৌ যত্র ন গৃগ্রপক্ষৌ, তমক্ষরং খং ত্রিযুগং ব্রজামহে।।
ভাগঃ ৮া৫।১৬

ব্রহ্মা কহিলেন, হে দেব! আপনি সর্বশ্রেষ্ঠ, আপনার বিকার নাই, আপনি সত্য, অনস্ত, অনাদি, সর্বান্তর্য্যামী, নিরুপাধি এবং অপ্রতর্ক্য, আপনি মনেরও অগ্রে গমন করেন, বাক্য দ্বারা আপনাকে নির্ব্বাচিত করিতে পারা যায় না; আপনাকে নমস্কার। ভাগঃ ৮।৫।১৫

যিনি প্রাণ, মনঃ, বৃদ্ধি ও আত্মাকে জানেন, এবং বিষয় ও ইন্দ্রির ও তত্ত্বভাররপে প্রকাশিত হন, অথচ অজ্ঞান রহিত, যাঁহার দেহ নাই, যিনি অক্ষর, আকাশবং সর্বব্যাপী, এবং যাঁহাতে জীব পক্ষপাতিনী অবিভা, অথবা, তনিবর্তিকা বিভা কিছুই নাই, তিনি তিন যুগেই আবিভূতি হয়েন। আমরা তাঁহার শরণ গ্রহণ করি। ভাগঃ ৮।৫।১৬

উপরে উদ্ধৃত হুইটি শ্লোকে "গুহাশয়" শব্দ এবং "প্রালমনোধিয়াত্মনাম্" শব্দে জীব বুঝাইতে পারে, এ প্রকার সংশয় যদি সম্ভব হয়, তাহার নিরাসের জন্ম না, জীব বুঝাইতে পারে না, কেননা অন্যান্ত বিশেষণগুলিতে পরমাত্মার গুণ সকলই ব্যক্ত হইয়াছে। উহারা জীবে প্রযোজ্য নহে। পরমাত্মাতেই তাহাদের উপপত্তি বা সঙ্গতি।

পূর্ব্বের ১/২/১ স্থত্তের আলোচনায়, ১১/১২/১৫, ১১/১২/১৮, ১১/১২/১৯, ৫/১১/১৩ ও ৫/১১/১৪ উদ্ধত ভাগবতের শ্লোকেও পরমাত্মায় বিবক্ষিত গুণ সকলই বর্ণিত হইয়াছে। অতএব উক্ত শ্লোক সকলের প্রতিপান্ত, জীব নহে, পরমাত্মাই। যদিও উদ্ধত কয়েকটি শ্লোকে "জীব" পদ স্পষ্টতঃ ব্যবহৃত হইয়াছে।

ভিত্তি:--

তৃতীয় স্বত্তের ভিত্তি ও প্রথম সূত্রে উদ্ধৃত ছান্দোগ্য ৩।১৪।২ মন্ত্র।

সূত্র :—১।২।৩

অনুপপত্তেপ্ত ন শারীরঃ ॥ ১।২।৩ অনুপপত্তেঃ + তু + ন + শারীরঃ।

ভারুপপত্তে: :—অন্নপপত্তি—অসম্বৃতি হেতু। তু: -- কিন্তু। ন: -- না।
শারীর: : -- জীব।

হান্দোগ্য ৩।১৪।২ মন্ত্রে সভ্যাসংকল্পত্ব প্রভৃতি যে সম্দায় গুণ বর্ণিত আছে, জীব চিৎকণ এবং পরমাত্মার অণুপ্রমাণ অংশ হইলেও মায়াবশ হওয়ার তাহাতে এ সকল গুণের সঙ্গতি হয় না। অতএব জীব প্রতিপান্ত নহে।

যদি বল, জীবের স্বরূপ অভিবাক্তিতে সত্যসম্বল্পবাদি গুণপ্রাপ্তি হইয়া থাকে, অতএব উক্ত ছান্দোগ্য শ্রুতির মন্ত্রস্বরূপ প্রাপ্ত জীবে প্রযোজ্য হইবে না কেন? ইহার উত্তরে বলিব যে, স্বরূপাভিব্যক্তিতে জীব ব্রহ্মভাব প্রাপ্ত হয় বলিয়া উক্ত গুণসকল তখন জীবে প্রকাশ পায়। জীবে উক্ত গুণ সকল সাধনসিদ্ধ, কিন্তু পরব্রেন্ধে উহারা নিত্য সিদ্ধ। জীব-অংশী—পরব্রেন্ধের অংশ বলিয়া স্বরূপপ্রাপ্তিতে ব্রহ্মভাব প্রাপ্ত হইবে, ইহাতে বিচিত্রতা কি? পরব্রেন্ধে উহাদের উৎপত্তি নিত্য। স্প্তরাং উহারা ম্থ্যভাবে পরব্রেন্ধেই প্রযোজ্য বুঝা গেল।

খতোতিগণ আলোক দ্বারা রবির কাছে—কি প্রকাশ করিবে? সেই প্রকার অল্পজ্ঞ জীব সর্বজ্ঞ ভগবানের নিকট কি বর্ণনা করিবে?

বিদিতমনন্ত সমস্তং, তব জগদাত্মনো জনৈরিহাচরিতং। বিজ্ঞাপ্যং পরমগুরোঃ, কিয়দিব সবিত্রিব খলোতৈঃ । ভাগঃ ৬১৬।১২

ভূতেন্দ্রিয়ান্তঃকরণাৎ প্রধানাজ্জীবসংজ্ঞিতাং। আত্মা তথা পৃথগদ্রষ্টা ভগবান্ ব্রহ্মসংজ্ঞিতঃ॥

ভাগঃ ৩া২৮।৪১

ব্ৰহ্মা বলিভেছেন :--

কাহং তমোমহদহং খচরাগ্নি বার্ভূ সম্বেষ্টিতাগুঘট সপ্ত বিভস্তি কায়ঃ।

কেদ্থিধাঽবিগণিতাগুপরাণ্চর্যাবাতাধ্বরোমবিবরস্থা চ তে মহিত্বম্ ॥ ভাগঃ ১০।১৪।১১

তাপত্রয়েণাভিহতস্ত ঘোরে, সংতপ্যমানস্ত ভবাধ্বনীশ। পশ্যামি নাক্তছরণং তবাজিবু দন্দ্বাতপত্তাদমূতাভিবর্ধাৎ॥ ভাগঃ ১১।১৯।৯

হে অনস্ত! আপনি জগদাত্মা, দর্বাস্তর্যামী, সকলের আচরিত আপনার বিদিত। থতোত স্বীয় সামান্ত জ্যোতিঃ দ্বারা জ্যোতির আধার দিবাকরের নিকট কি প্রকাশ করিবে? সেইরূপ পরম শ[—] আপনি, আপনার নিকট আমরা কি প্রকাশ করিব? ভাগঃ ৬১১৬।৪২

ভূত, ইন্দ্রিয়, অস্তঃকরণ, প্রধান ও জীব হইতে দ্রপ্তা আত্মা পৃথক্ । আবার জীব সংক্ষিত আত্মা হইতে ব্রহ্ম সংক্ষিত আত্মাও পৃথক্ । ভাগঃ ৩।২৮।৪১

হে ভগবন্! প্রকৃতি, মহৎ, অহস্কার, আকাশ, বায়্, তেজঃ, জল, পৃথিবী এই সকল পরিবেটিত যে অন্তঘ্ট তাহাতে আত্মপরিমাণে সপ্তবিতন্তিমাত্র পরিমিত আমার শরীর। আমি কোথায়, আর তোমার মহিমাই বা কোথায়? বক্ষাও আমার শরীর বটে, কিন্তু এতাদৃশ অসংখ্য ব্রহ্মাও পরমাণু সকলের পরিভ্রমণার্থ গবাক্ষ থারে অগণ্য ধূলিকণার বিচরণের ন্যায় তোমার শরীরের প্রত্তিত্বক রোম বিবরে পরিভ্রমণ করিতেছে। অতএব আমি অতি তুচ্ছ। আমাকে অন্তক্ষপা কর। ভাগঃ ১০।১৪।১১

ব্রহ্মা ও ভগবানে যথন এত প্রভেদ, তথন সাধারণ জীবের কথা কি ? হে ঈশ! এই ঘোর সংসার পথে তাপত্রয়ে সংতপ্যমান হইয়া, আমি আপনার অমৃতাভিবর্ষী পাদপদ্মরপ আতপত্র ব্যতীত আর অন্ত আশ্রয় দেখিতে পাইতেছি না। ভাগঃ ১১১১১১১

অতএব জীবের কর্ত্তব্য, তাঁহার জ্রীচরণেরই উপাদনা করা। ইহা ১।২।> স্থত্তে উদ্ধৃত ৩।১৪।১ ছান্দোগ্য শ্রুতিতে উপদিষ্ট হইয়াছে।

ভাগবত ও ১১।১৯।৯ শ্লোকে তাহাই বলিলেন। **অতএব ব্রহ্মই প্রতি**-

ভিন্তি:--

"সর্বা কর্মা সর্বাসঃ সর্বাসন্ধঃ সর্বাসন সর্বাসন্ধিদমভ্যাত্তোহবাক্যনাদর এষ ম আত্মাহন্তক্ষ দিয় এতদু শৈষতমিত: প্রেত্যাভিসংভবিতান্মি।" ছান্দোগ্যঃ ৩।১৪।৪

সর্ব্ব কর্মা, সর্ব্বকাম, সর্ব্বগদ্ধ, সর্ব্বরুষ, সর্ব্ব বিশ্বব্যাপী, বাক্যের অগোচর, অসঙ্গ, আমার অন্তর্গুদয়ন্থ আত্মা, ইনিই ব্রহ্ম; মৃত্যুর পর ইনিই গতি। ছা: ৩১১৪।৪

मृज :-- >।२।৪

কর্ম্মকর্ত্ব্যপদেশাচ্চ ॥ ১।২।৪ কর্ম্মকর্ত্ব্যপদেশাৎ + চ।

কর্মাকর্তৃব্যপদেশাৎ: — কর্ম ও কর্তার—উপাশ্ত ও উপাসকের নির্দেশ হেতু। চঃ—ও।

উপরে উদ্ধৃত ছান্দোগ্য শ্রুতির ৩/১৪।৪ মন্ত্রে, কর্ম—প্রাপ্য বা উপাশু ব্রহ্ম এবং কর্ত্তা—প্রাপ্তা বা উপাসক জীব, নির্দ্দেশের কারণ, পরব্রহ্মই মনোময়ত্বাদি গুণ বিশিষ্ট ; জীব নহে। কারণ, এক বস্তু উপাশু ও উপাসক হইতে পারে না। ততো ভজেত মাং প্রীত: শ্রুদ্ধালু দু চুনিশ্চয়ঃ।

জুষমাণশ্চ তান্ কামান্ ছঃখোদকাংশ্চ গর্ষন্ ॥ ভাগঃ ১১।২০।২৮ অতএব শ্রনালু বাক্তি ঐ সকল কামনা উপভোগ করিয়াও ছঃখজনকত্বরূপে ভাহাদের নিন্দা করতঃ প্রীতমনে আমাকে ভজনা করিবে। ভাগঃ ১১।২০।২৮

ইতাচ্যুতাজ্যিং ভজতোহনুবৃত্ত্যা, ভক্তিবির্ক্তি র্ভগবংপ্রবোধঃ ॥ ভবন্তি বৈ ভাগবতস্থ রাজন্, ততঃ পরাং শান্তিমুপৈতি সাক্ষাৎ ॥ ভাগঃ ১১৷২।৪১

১।১।৭ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
জ্ঞানং যদেতদদধাৎ কতমঃ স দেবস্ত্রৈকালিকং স্থিরচরেমনুবর্ত্তিতাং শং।
তং জীবকর্ম্মপদবীমনুবর্ত্তমানা স্তাপত্রয়োপশমনায়

ব্য়ং ভক্ষেম ॥ ভাগঃ ৩।৩১।১৬

মর্ত্যো যদা ত্যক্তসমস্তকর্মা, নিবেদিতাত্মা বিচিকীর্ষিতো মে। তদামৃতত্বং প্রতিপত্তমানো, ময়াত্মভূয়ায় চ কল্পতে বৈ॥ ভাগঃ ১১৷২৯৷৩২ জীব বলিতেছেন, এই যে ত্রৈকালিক জ্ঞান আমি প্রাপ্ত হইয়াছি, ইহা সেই পরমেশ্বর ভিন্ন আর কে বিধান করিতে সমর্থ হন? আমি কর্মপদবী অনুবর্ত্তনকারী জীব; আমাতে স্বভঃ এ জ্ঞান হওয়া সম্ভব নহে। অতএব, যিনি আমার এইরূপ জ্ঞানপ্রদ এবং স্থাবর জঙ্গমে ঘাঁহার অংশ অনুবর্ত্তমান, আধাাত্মিকাদি তাপত্রয় উপশমনার্থ তাঁহারই ভজনা করি। ভাগঃ ৩৩১।১৬

মনুষ্য যথন সকল কর্ম পরিত্যাগ পূর্ব্বক আমাতে আত্মনিবেদন করত:
নিশ্চিন্ত হয়েন, তথন তিনি অমৃতত্ব প্রাপ্ত হওত: আমার সাম্য লাভ করেন।
ভাগঃ ১১।২৯।৩২

নারায়ণো ভগবান্ বাস্তদেবঃ স্বমায়য়াত্মগুবধীয়মানঃ।। ভাগঃ ৫।১১।১৩

আত্মনি—জীবে, অবধীয়মানঃ অবস্থাপ্যমানঃ কর্ম্মকর্তৃপ্রয়োগঃ তরিয়ন্ত,তেন বর্ত্তমান। শ্রীধর।

১।১।১৮ স্ত্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

এই কয়েকটি শ্লোক এবং ১।১।২ স্থাের আলোচনায় উদ্ধৃত ৮।৫।১৫, ৮।৫।১৬ শ্লোক পর্যাালোচনা করিলে স্পষ্টরূপে প্রতীয়মান হইবে যে, জীব উপাসক ও ব্রহ্ম উপাস্থা। অতএব, উভয়ে এক বস্তু হইতে পারে না। অতএব মনোময়তাদি গুণ সম্পন্ন বস্তু ব্রহ্ম, জীব নহে। ভিন্তি:--

১া২।৪ স্থত্তে উদ্ধন্ত ছান্দোগ্য শ্রুতির ৩১৪।৪ মন্ত্র। সূত্র :—১া২।৫

> শব্দবিশেষাৎ ॥ ১৷২৷৫ শব্দবিশেষাৎ ঃ—শব্দ গত বিশেষ হেতু ৷

ছান্দোগ্য শ্রুতির ৩।১৪।৪ মন্ত্রাংশে আছে, "এম ম আত্মান্তহ্র দয়"—এই আত্মা আমার হৃদয় মধ্যে আছেন—এই স্থলে উপাসক জীব ষটা বিভক্তি দারা, এবং উপাস্ত প্রথমা বিভক্তি দারা নির্দিষ্ট হইয়াছেন, এবং উহার পরেই "এড দৈরক্র" এরপ উক্ত আছে, অতএব, এ কারণেও মনোময়ত্বাদি গুণ বিশিষ্ট, জীব নহে; ব্রন্ধই।

শ্রীমদ্ ভাগবতে বিশেষভাবে উক্ত হইয়াছে যে, ভগবান্ ব্রহ্মা তিনবার সমগ্র বেদ পর্যালেচনা করিয়া স্থির সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, ভগবান্ হরিই সর্বভৃতে বিরাজ করিতেছেন, এবং সর্ববাত্মা দারা তাঁহার শ্রবণ কীর্তন ও স্মরণ করা সর্ব্ব জীবের কর্ত্ব্য।

ভগবান্ ব্রহ্ম কাইম্বে নি ত্রির বিক্ষা মনীবয়া।
তদধ্যবস্তুৎ কৃটস্থো রতিরাত্মন্ যতোভবেৎ।। ভাগঃ ২।২।৩৪
ভগবান্ সর্বভৃতেষু লক্ষিতঃ স্বাত্মনা হরিঃ।
দৃশ্যৈবু দ্বাাদিভির্দ্ধী লক্ষণৈরমুমাপকৈঃ॥ ভাগঃ ২।২।৩৫

ভগবান্ ব্রহ্মা নিজের ক্ষম বৃদ্ধি দারা একাগ্রচিত্তে সমগ্র বেদ তিনবার বিচার করিয়া নির্ণয় করিয়াছেন যে, ভক্তি যোগই সর্বশ্রেষ্ঠ কেন না তাহা হইতে ভগবান্ শ্রীহরিতে রতি সঞ্জাত হয়। ভাগঃ ২।২।৩৫

ভগবান্ হরি ক্ষেত্রজ্ঞ ও অন্তর্য্যামীরূপে সকল প্রাণীতেই বিরাজমান।
বৃদ্ধি আদির দর্শন দ্রষ্টা ব্যতিরেকে হইতে পারে না, এবং বৃদ্ধি আদি করণগ্রাম
কর্তার অধীন, এই প্রকার উৎপত্তি ও অমুমাপক প্রমাণ দারা ঈশর স্বভন্ত্র
কর্ত্তা আছেন, ইহা অনুভব সিদ্ধ হয়। ভাগঃ ২।২।৩৫

'হরি' শব্দ বিশেষভাবে পরমাত্মাকে নির্দেশ করে। কর্ম ও কর্মজনিত সংস্কার, বাসনা, যাহারা ভবিষ্যৎ কর্মের বীজস্বরূপ, সম্দার হরণ বা নাশ করেন বিলিয়া—'হরি' নামের সার্থকতা।

ভিত্তি:--

গীতা—সর্বস্থ চাহং হৃদি সন্নিবিষ্টো, মত্তঃ শ্বতিজ্ঞ নমপোহনঞ। বেদৈশ্চ সর্বৈবিরহমেব বেজো, বেদান্তকুদ্ বেদবিদেব চাহম্।। (গীতা ১৫।১৫)

ক্ষেত্রজ্ঞঞাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষ্ ভারত। (গীতা ১৩।২) ঈশ্বরঃ সর্ব্বভূতানাং ক্রদেশেহর্জুন তিষ্ঠতি। (গীতা ১৮।৬১)

আমি সকলের হানয়ে অধিষ্ঠিত আছি, শ্বৃতি, জ্ঞান এবং অপোহন অর্থাৎ উহাদের অপলাপ ও আমা হইতে হইয়া থাকে। আমি সমৃদায় বেদ দারা বেদিতব্য। বেদান্তের কর্তা ও বেদবেত্তা আমিই। গীঃ ১৫।১৫

হে অর্জুন! সম্দায় ক্ষেত্রে আমাকেই ক্ষেত্রজ্ঞ বলিয়া জানিও। গী: ১৩।১২ হে অর্জুন! ঈশ্বর সকলের হৃদ্দেশে অবস্থান করেন। গী: ১৮।৬১

সূত্র :-- ১৷২৷৬

শ্বতে*চ ।। ১৷২৷৬ শ্বতেঃ + চ ।

শৃতে: :—শ্বতি শাস্ত্রে থাকা হেতৃ। চ: —ও। শ্বতি শাস্ত্রেও কথিত আছে, জীব উপাসক এবং ব্রহ্ম উপাশু।

ত্বং ব্রহ্ম পরমং সাক্ষাদনাগ্রস্তমপার্তম্।
সর্বেবামপি ভাবানাং ত্রাণস্থিত্যপ্যয়োদ্ভবঃ ॥ ভাগঃ ১১।১৬।১
উচ্চাবচের্ ভূতের্ তুজ্রে য় মকৃতাত্মভিঃ ।
উপাসতে ত্বাং ভগবন্ যাথাতথ্যেন ব্রাহ্মণাঃ ॥ ভাগঃ ১১।১৬।২
অহমাত্মান্তরো বাহ্যোহনারতঃ সর্বদেহীনাম্ ।
যথা ভূতানি ভূতের্ বহিরন্তঃ স্বয়ং তথা ॥ ভাগঃ ১১।১৫।৩৬
এষা বৃদ্ধিমনীষা চ মনীষিণাম্ ।
যথ সত্যমন্তেনেহ মর্ত্তনাপ্রোতি মামৃতম্ ॥ ভাগঃ ১১।২৯।২২
কৃটস্থ আত্মা পরমেষ্ঠ্যজো মহাংস্কং জীবলোকস্য চ জীব আত্মা ॥
ভাগঃ ৭।৩।২৭

জীবঃ জীবনহেতুঃ যত স্তম্যাত্মা নিয়ন্তা। (শ্রীধর)
সর্বেবামপি ভূতানাং হরিরাত্মেশ্বরঃ প্রিয়ঃ।
ভূতৈর্মহন্তিঃ স্বকৃতিঃ কৃতানাং জীবসংজ্ঞিতঃ॥ ভাগঃ ৭।৭।৪২
ভূতানাং প্রাণিনাং জীবসংজ্ঞিতোহন্তর্য্যামী। (শ্রীধর)।
অহমাত্মাত্মনাং ধাতঃ প্রেষ্ঠঃ সন্ প্রেয়সামপি।
ভ্রতো ময়ি রতিং কুর্য্যাদেহাদির্যং কৃতেঃ প্রিয়ঃ॥ ভাগঃ গ্রহা৪১

ভোমার আদি, অস্ত, আবরণ নাই, তুমি সাক্ষাৎ পরম ব্রহ্ম, এবং সকল জীবের স্থাষ্ট, স্থিতি ও বিনাশের হেতু। উৎকৃষ্ট নিকৃষ্ট ভূত মধ্যে, অকৃতপূণ্য লোকের তুমি হজ্জের। ব্রাহ্মণেরা (ব্রহ্মবিদ্গণ) তোমাকে যথার্থরূপে উপাসনা করিয়া থাকেন। ভাগঃ ১১।১৬।১-২

আমি সর্বাদেহির অন্তর্বাহ্য অনাবৃত আত্মা। যেমন ভৃত সকল ভৌতিক বস্তু সকলের বাহিরেও অস্তরে থাকে, তদ্রপ আমিও সকলের বাহিরেও অস্তরে বিশ্বমান। ভাগঃ ১১।১৫।৩৬

ইহাই বুদ্ধিমান্দিণের বৃদ্ধি ও মনীষিগণের মনীষা, যে অনৃত, মর্ত্ত্য মতুয়দেহ দ্বারা সত্য ও অমৃত প্রাপ্তি ঘটে। ভাগঃ ১১।২৯।২২

তুমি কৃটস্থ—নির্ফিকার, আত্মা—জ্ঞানস্বরূপ, পরমেগ্রী—পরমেশ্বর, অজ্ঞ—
জন্মশৃণ্য, মহান্—অপরিচ্ছির, তুমিই জীবগণের জীবন ও নিয়স্তা। ভাগঃ ৭।তা২৭
ভগবান্ হরি সর্বভ্তের আত্মা, প্রিয়, ঈশ্বর, এবং সকল প্রাণী তাঁহারই
স্বরুত ভূত সকল দ্বারা হাই হইয়াছে। তিনি সকলেরই অন্তর্যামী।
ভাগঃ ৭)৭।৪২

হে বিধাত:। আমি অহ্নারোপাধি জীবগণের আত্মা, অতএব আমি অতি প্রিয় বস্তুর মধ্যেও প্রিয়তম ও নিরবছ। এই নিমিত্ত আমার প্রতিলোক সকলেরই রতি করা কর্ত্ব্য। যেহেতু, আমার নিমিত্তই তাহাদের দেহাদিতে প্রীতি হইয়া থাকে। ভাগঃ ৩৯।৪১

অতএব ব্রহ্ম উপাস্থা, জীব উপাসক; ব্রহ্ম নিয়স্তা, জীব নিয়ম্য। ব্রহ্মই জীবের অন্তর্য্যামী আত্মা ঈশ্বর, প্রিয়। স্বতরাং মনোময়ত্বাদি গুণ বিশিষ্ট বস্তু জীব নহে, ব্রহ্মই বটে।

ভিত্তি:--

"এষ ম আআহন্তর্নারেহণীয়ান্ ব্রীহের্বা যবাদ্বা সর্যপাদ্বা শ্রামাকাদ্বা শ্রামাকতভূলাদ্বা এষ ম আআহন্তর্নারে জ্যায়ান্ পৃথিব্যা জ্যায়ানন্তরীক্ষাৎ, জ্যায়ান্দিবো জ্যায়ানেভ্যে লোকেভ্যঃ।" (ছান্দোগ্যঃ ৩১১৪৩)

আমার—হৃদরের অন্তরম্ব আয়া ব্রীহি অপেক্ষা, যব অপেক্ষা, শ্রামা অপেক্ষা, শ্রামা ততুল অপেক্ষা স্ক্রতর, এই হৃদরম্ব আয়াই পৃথিবী অপেক্ষা, অন্তরিক্ষ অপেক্ষা, দিব অপেক্ষা সমৃদায় লোক (ভৃবন) অপেক্ষা বৃহত্তর। ছান্দোগ্য ৩১৪৩

ज्मग्रः:--

উপরে উদ্ধৃত ছান্দোগ্যে শ্রুতিতে "আমার হৃদয়স্থ আত্মা ব্রীহি অপেক্ষা, যব অপেক্ষা, খ্যামা অপেক্ষা, খ্যামাত গুল অপেক্ষা স্ক্রতম, বলিয়া উক্ত হইয়াছে। অতএব, আত্মা যথন হৃদয়স্থ এবং স্ক্র, অতএব উহা ব্রহ্ম নহে, জীবই। এই সংশয় নিরসনের জন্ম স্ক্রঃ—প্রথমাংশে আপত্তি উত্থাপন করিয়া শেষাংশে সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন।

সূত্র ঃ—: ৷২ ৷৭

অর্ভকৌকস্থাৎ তদ্ব্যপদেশাচ্চ নেতি চেন্ন নিচায্যত্বাদেবং ব্যোমবচ্চ।

অর্ভক + ওকস্থাৎ + তৎ + ব্যপদেশাৎ + চ + ন + ইতি + চেৎ + ন + নিচায্যবস্থাৎ + এবং + ব্যোমবৎ + চ।

অর্জ :— অল্ল। ওকস্থাৎ :— বাসস্থান হেতু। তৎ :— সেইরপ, অল্পরিমাণ রূপ। ব্যপদেশাৎ :— নির্দেশ হেতু। ন :— না। ইতি :— ইহা। চেহে :— যদি বল। ন :— না। নিচায্যবস্থাহ :— উপাশুত হেতু। এবং :— এই প্রকার, অল্ল পরিমাণ বলিয়া নির্দেশ। ব্যোমবহ :— আকাশের গ্রায়। চ :— ও, বটে।

অল্লায়তনত্ব হেতু "আমার হাদ্যস্থ আত্মা ত্রীহি অপেক্ষাও কৃষ্মতম," ইত্যাদি শ্রুতিতে অল্ল পরিমাণ নির্দ্দেশ হেতু, ইহা যে পরমেশ্বর হইতে পারে না, তাহা বলিতে পার না, কারণ, উপাসনার জন্মই ঐরপ বিধান হইয়াছে। পরস্ত ঐ শ্রুতিমন্ত্রেই উহা আকাশাত্মা (ছা: ৩১৪।২) বলিয়াও উল্লিখিত হইয়াছে। অতএব মনোময়ত্মাদি গুণ বিশিষ্ট বস্তু ব্রহ্মই বটে, জীব নহেন। নিম্বার্ক স্বামী "ব্যোমবং" পদের অর্থ করিয়াছেন "বৃহতোহল্লত্বন্ত গবাক্ষ—ব্যোমবং সংগচ্ছত"। "আকাশ অনন্ত হইলেও গবাক্ষ ব্যোম—স্থলে যেমন বৃহত্বের অল্লত্ব বিবক্ষা হয়, তদ্রুপ বিভু আত্মায়ও ঐ প্রকার ক্ষুদ্রত্ব উপদেশ অসম্বত নহে।"

তিনি দাকতে অগ্নির ন্যায় গৃঢ়ভাবে সর্প্রভূতে বিরাজ করেন।

যদা তু সর্বভূতেষু দারুষগ্নিমিব স্থিতন্।

প্রতিচন্দীত মাং লোকো জহাত্তেহে ব কশালম্ ।৷ ভাগঃ তা৯াত১

হে ব্রহ্মণ্! আমি যে সর্বত্র বিগুমান আছি ইহা জানিলেই, সম্দায় অজ্ঞান জনিত মোহ নিবৃত্তি হয়, অগ্নি যেমন সকল কাষ্টের অভ্যস্তরে অবস্থিত, আমি সেইরপ সর্বভূতে অধিষ্ঠিত আছি i ভাগঃ এমতঃ

এই প্রকার গৃঢ়ভাবে বর্ত্তমান তাঁহাকে যে ব্যক্তি অন্তভব দারা দর্শন করিতে পারে, তাহারই সম্পায় তুঃখ দূর হয়।

এই প্রকার ক্ষুত্র হইয়াও তিনি দম্দার ভৃতের অন্তরে বাহিরে বর্ত্তমান আছেন।

যথা মহান্তি ভূতানি ভূতেষূচ্চাবচেম্বর । প্রবিষ্টাক্সপ্রবিষ্টানি তথা তেমু ন তেম্বহম্ ।। ভাগঃ ২।৯।৩৪

যেমন মহাভৃত সকল ভৌতিক পদার্থ সকলের ভিতরে প্রবিষ্ট ও বাহিরে অপ্রবিষ্ট বটে, সেইরূপ আমি ভৃত ভৌতিক সম্দায় পদার্থের অস্তরে ও বাহিরে প্রবিষ্ট ও অপ্রবিষ্ট আছি। ভাগঃ ২।১।৩৪

পদার্থ বিজ্ঞাবিৎ ইহা বিশেষ রূপে জানেন। এক খণ্ড প্রস্তর দেখিতে সম্পূর্ণ নিরবকাশ (নিরেট) হইলেও উহার পরমাণুগণের মধ্যে অবকাশ বা ছিদ্র আছে। উক্ত ছিদ্রে আকাশ, বায়ু প্রভৃতি ভৃতগণ বিরাজ করে। ইহা ভূতগণের অন্তরে অবস্থিত। বাহিরে ত তাহারা প্রচুর পরিমাণে বর্তমান রহিয়াছে।

তিনি জীবের অন্তরে বাহিরে বর্ত্তমান আছেন বটে, এবং মহৎ হইতেও
মহীয়ান্ বটে। তাঁহার প্রতি লোমকৃপে অনন্ত ব্রহ্মাও স্বচ্ছন্দে বিচরণ করিয়া
থাকে (ভাগ: ১০।১৪।১১)। তথাপি তিনি জীবের উপাসনার জন্ম সংস্করণে
তাহার অন্তরে বিরাজ করেন, ষাহাতে জীব তাঁহাকে আত্মরূপে জানিয়া সংসার
হইতে মুক্ত হইতে পারে। ভাগ: ১০।৮৮।৭

কেদৃথিধাহবিগণিতাগুপরাণুচ্ব্যা-বাতাধ্বরোমবিবরস্থ চ তে মহিত্ম ॥ ভাগঃ ১০।১৪।১১ ১।২।৩ **স্ত্রের আলো**চনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

তদ্ব স্থা পরমং সৃক্ষাং চিন্মাত্রং সদনন্তকম্। বিজ্ঞায়াত্মতায়া ধীরঃ সংসারাৎ পরিমূচ্যতে।। ভাগঃ ১০৮৮।৭

১।১।১ স্থত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

কিন্তু যে সময়ে তিনি অণুক্সপে অন্তরে বিরাজ করেন, সেই এক কালেই, তিনি সর্বাভৃতের, সর্বাজীবের অন্তরে বাহিরেও বিরাজ করিতেছেন, ইহাই তাঁহার অচিন্তা শক্তির মহিমা।

এই ভাবটি শ্রীমদ্ ভাগবতে শ্রীক্ষের দামবন্ধন লীলায় বড়ই ফ্রন্দর ভাবে ব্যক্ত
হইয়াছে। সেই শ্লোক ঘূটি উদ্ধৃত করিবার প্রলোভন ত্যাগ করিতে পারিলাম
না। শ্রীকৃষ্ণ দৃশ্যতঃ প্রাকৃত শিশু বটে, কিন্তু তাঁহাকে বন্ধন করিবার জন্ম যথন
শ্রীমতী মাতা যশোদার গৃহের রজ্পুনকল প্রচুর হইল না, তথন তিনি নিকট ও
দূরস্থ প্রতিবেশীগণের রজ্জ্ চাহিয়া আনিলেন। এইরূপে গোকুলের সম্দায় রজ্জ্ও
বন্ধন করিতে সমর্থ হইল না। এখানে মনে রাখা কর্ত্বা যে নন্দরাজ ও
তাঁহার প্রতিবেশীগণ সকলেই গোপ জাতীয় ছিলেন, এবং তাঁহাদের প্রত্যেকের
অসংখ্য গো, রুষ, বংসাদি ছিল, এবং তাঁহাদের বন্ধন করিবার রজ্জ্ও যথেট
ছিল। এই পর্ব্বতপ্রমাণ রজ্ব্রাশি যথন বন্ধনে অসমর্থ হইল, তথন শ্রীমৎ
ভকদেব গোস্বামী বলিতেছেন:—

ন চান্তর্ন বহির্যস্ত ন পূর্ববং নাপি চাপরম্।
পূর্ববাপরং বহিশ্চান্তর্জগতো যো জগচ্চ যঃ ॥ ভাগঃ ১০।৯।১৩
তং মন্বাত্মজ্জমন্তাক্তং মন্ত্রালিক্ষমধাক্ষজম্।
গোপিকোল্খলে দামা ববন্ধ প্রাকৃতং যথা॥ ভাগঃ ১০।৯।১৪

খাঁহার অন্তর, বাহির, সমুথ, পশ্চাৎ নাই, থিনি জগতের সমুথ, পশ্চাৎ, অন্তর ও বাহির, এবং থিনি জগন্ময়, মানবলীলাকারী সেই অব্যক্ত অধোক্ষজকে, আত্মজ্ঞ জ্ঞান করিয়া গোপী প্রাকৃত বালকের ন্যায়, রজ্জুবারা উদ্থলে বন্ধন করিলেন। ভাগঃ ১০।৯১১১-১২।

তিনি তথন দেখিতে ক্ষুম্ব বালক বটে, কিন্তু সেই এক কালেই, এবং সেই বালক—মূর্ত্তিতেই তিনি জগতের অন্তরে, বাহিরে, জগৎরূপে এবং অব্যক্ত ভাবে, নিজম্বরূপে, ইন্দ্রিয়জ্ঞানের অতীত রূপে বর্ত্তমান, স্বতরাং তাঁহাকে বাঁধিবার চেটা ক্বতকার্য্য হইবার সম্ভবনা কি? তিনি নিজে রূপা করিয়া বন্ধন অঙ্গীকার না

করিলে, তাঁহাকে কি চেষ্টা দ্বারা বাঁধা যায়? বাস্তবিক বাৎসল্যময়ী মাতার আগ্রহ ও কষ্ট দেখিয়া, তিনি তাঁহার অপার রুপায়, বন্ধন অসীকার করিলেন। এই প্রকারেই তিনি ভক্তগণের কাছে ধরা পড়েন, এবং এইজন্ম উপাসনার সার্থিকতা।

স্বমাতুঃ স্বিশ্বগাত্রায়া বিস্রস্তকবরস্রজঃ। দৃষ্ট্বা পরিশ্রমং কৃষ্ণ কুপয়াহসীৎ স্ববন্ধনে॥ ভাগঃ ১০।৯।১৮

নিজ মাতা যশোদাকে ঘর্মাক্ত কলেবর ও কেশপাশ হইতে বিশ্লিষ্ট পূষ্প-মাল্যবতী দেথিয়া, শ্রীকৃষ্ণ কুপাপরবশ হইয়া, বন্ধন স্বীকার করিলেন। ভাগঃ ১০া৯১৩

আমরা পূর্বে প্রতিপাদন করিবার চেষ্টা করিয়াছি যে, সম্দায় বিরোধ— তাঁহাতে সমাধান, এথানেও তাহাই পাইলাম। ইহাই তাঁহার অচিন্তা শক্তির বা যোগমায়ার প্রভাব।

পর্রমতত্ত্ব দেশকাল বস্তু পরিচ্ছেদ নাই। স্থতরাং কেবল ক্ষু, বৃহৎ, অণ্, মহৎ, যে অনেক, সন্মৃথ পশ্চাৎ পার্য—প্রভৃতি বর্তমান নাই। দেশ কালের প্রভাবে প্রভাবিত আমাদের মনে ইহা ধারণা করা যায় না।

ভিন্তি:--

পূর্বাস্থতোদ্ধত ছান্দোগ্য শ্রুতির ৩।১৪।৩ মন্ত্র।

সংশয়ঃ—জীবের ন্থায় যদি পরব্রন্মেরও শরীর মধ্যে অবস্থিতি স্বীকার করা যায়, তাহা হইলে ত শরীর সম্বন্ধ থাকায়, জীবের ন্থায় তাঁহারও স্থ্য স্থা দুঃগ ভোগের সম্ভাবনা হইতে পারে। এই সংশয়ের সমাধানের জন্ম স্ত্র ঃ—

স্ত্রের প্রথমাংশে সংশয় উত্থাপন করিয়া, শেষাংশে তাহার সমাধান করিয়াছেন।

সূত্র :— ১া২া৮

সম্ভোগপ্রাপ্তিরিতি চেৎ, ন, বৈশেষ্যাৎ॥ ১।২।৮ সম্ভোগপ্রাপ্তিঃ + ইতি + চেৎ + ন + বৈশেষ্যাৎ।।

সভোগপ্রাপ্তি: : স্থত্বং ভোগের সম্ভাবনা। ইতি: স্ইহা। চেৎ:

— যদি বল। ন: — না। বৈশেষ্যাৎ: — যে হেতু প্রভেদ আছে।

জীব হইতে প্রভেদ হেতৃ পরমাত্মার স্থগত্যথ ভোগের সন্থাবন। নাই।
কারণ ১া২।৪ স্ত্রের শিরোদেশে উদ্ধৃত ছান্দোগ্য শ্রুতিতেই ৩০১৪।৪ মস্ত্রে
তাঁহাকে সর্ব্বকাম, সর্ব্বর্বস, অবাকী, অনাদর প্রভৃতি বিশেষণ দারা তাঁহার প্রভেদ দেখান হইয়াছে। তিনি আপ্তকাম, তাঁহার কামনার বিষয় নাই।
তিনি য্তিমান্ রস বা আনন্দ, স্থতরাং প্রাকৃত জৈবিক স্থগত্যথ তাঁহাতে
নাই। তিনি অনাদর অর্থাৎ নিত্যতৃপ্ত একারণ অসঙ্গ, স্থতরাং তাঁহার
কিছুতেই আগ্রহ বা আদর নাই। অতএব জীবের ক্রায় স্থগত্যথ ভোগ
তাঁহাতে সম্ভব নহে।

তিনি আকাশের ন্যায় নিঃদঙ্গ; আকাশ যেমন ঋতুগুণের দ্বারা গুণাবিত হয় না। পরমাত্মা সেইরূপ প্রাকৃত গুণের দ্বারায় স্পৃষ্ট হন না।

যথা নভোবায্বনলামূভ্গু বৈ র্গতাগতৈকে বি গুটেশর্ন সজ্জতে।
তথাক্ষরং সত্বজন্তমোমলৈরহম্মতেঃ সংস্তি হেতুভিঃ পরম্॥
ভাগঃ ১১।২৮।২৭

যেমন বায়, অগ্নি, জল ও পৃথিবীর উৎপত্তি ও বিনাশশীল গুণ দ্বারা বা ঋতৃগুণ দ্বারা, আকাশ আসক্ত হয় না, তদ্রুপ সত্ত্ব, রজঃ ও ত্যো 'গুণ দ্বারা বা সংসার হেতৃ ভূত গুণ দ্বারা, সংসার পারে অবস্থিত পরমাত্মা আসক্ত হন না।

ভাগ: ১১৷২৮৷২৭

রঞ্জঃ সত্ততমোবৃত্ত্যা জায়তে বোত নশাতি।

ন তত্ত্রাত্মা স্বয়ং জ্যোতি হোঁ ব্যক্তাব্যক্তয়োঃ পরঃ।। ভাগঃ ১২।৫।৮
সত্ত, রজঃ ও তমো বৃত্তি ছারা, শরীর উৎপর বা বিনষ্ট হয়, কিন্তু স্বয়ং
জ্যোতিঃস্বরূপ আত্মার উৎপত্তি ও বিনাশ নাই, যেহেতৃ তিনি স্থল, স্ক্র দেহ
হুইতে ভিন্ন। ভাগঃ ১২।৫।৮

আকাশ ইব চাধারো ধ্রুবোহনস্তোপমস্ততঃ।। ভাগঃ ১২।৫।৯ ১।১।২৩ স্থুত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

তিনি ত্রিগুণময়ী মায়া দারায় স্বাষ্ট, স্থিতি, লয় সাধন করেন, কিন্তু মায়াগুণে আসক্ত হন না।

ত্বং মায়য়া ত্রিগুণয়াত্মনি ছর্বিবভাব্যং, ব্যক্তং স্কল্পবসি লুম্পসি তদ্গুণস্থ:। নেতৈ র্ভবানব্বিতকর্মাভিরক্ষ্যতে বৈ যঃ স্বে স্থংখহব্যবহিতেহভিরতোহনবল্প:॥ ভাগঃ ১১।৬।৬

হে অজিত! আপনি মায়া গুণে বর্ত্তমান হইয়া, ত্রিগুণময়ী মায়া ছারা, এই দুর্বিবভাব্য প্রপঞ্চ বিশ্ব আপনাতে স্কলন, পালন ও সংহার করিতেছেন; অথচ আপনি সকল কর্ম্মে লিগু হন না, যে হেতু, আপনি অনব্যা—রাগ্য ছেষাদি শৃণা, এবং আপনি সর্বাদা আপনার স্বরূপ স্থথে অভিরত। ভাগঃ ১১।৬।৬

স বা ইদং বিশ্বমমোঘলীলঃ স্ফ্রত্যবত্যত্তি ন সজ্জতেহস্মিন্॥ ভাগঃ ১।৩।৩৬

আত্মানমন্ত্রঞ্চ স বেদ বিদ্বানপিপ্পলাদো নতু পিপ্পলাদঃ। যোহবিগুয়া যুক্ সতু নিত্যবদ্ধো, বিগ্তাময়ো যঃ সতু নিত্যমুক্তঃ॥ ভাগঃ ১১।১১।৭

১১১১৮ স্থরের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। অর্থান্ জুষন্নপি স্থাকপতে ন লিপ্তো, যেহন্মে স্বতঃ পরিদ্রতাদপি বিভাতি স্ম॥ ভাগঃ ১১।৬১৫

হে ঋষিকেশ ! তুমি বিষয়ভোগ করিলেও, তাহাতে লিগু নহ। যে বিষয়ভোগ, তোমা ভিন্ন অন্ত দেবতাগণ পরিত্যাগ করিয়াও, তাহা হইতে ভীত হন। ভাগঃ ১১।৬।১৫

অতএব সিদ্ধান্ত হইল যে, পরমাত্মা সাক্ষী ও নিয়ন্তা রূপে জীবদেহে বর্ত্তমান থাকিলেও তিনি জীবের শ্রায় মুখ তুঃখে, পুণ্য পাণে লিগু হন না। ২। অত্র ধিকরণ।

ভিভি:--

"যস্য ব্রহ্ম চ ক্ষত্রং চোভে ভবত ওদনঃ।

মৃত্যুর্ঘস্যাপদেচনং ক ইত্থা বেদ যত্র সঃ।।" (কঠ: ১।২।২৫)

বান্ধণ ও ক্ষত্রিয় এই উভয় (অর্থাৎ সমস্ত জগৎ) যাঁহার অন্ন, এবং মৃত্যু বাহার অনের উপকরণ, ব্যঙ্গন দধি প্রভৃতির স্বরূপ, তিনি যেখানে থাকেন, তাহা কে জানে ? (কঠঃ : ১২১২৪)

সংশয় ঃ—

পূর্ব্ব স্থতে প্রতিপাদিত হইয়াছে যে পরমাত্মা ভোক্তা নহে, জীবই ভোক্তা, পরমাত্মা উদাসীন সাক্ষী মাত্র। তাহা যদি হয়, তবে উপরি উদ্ধৃত কঠ-শ্রুতিতে যিনি অতা বলিয়া কথিত হইয়াছেন, তিনি কি জীব, অথবা, অগ্নি? পরমাত্মানহে। এই সংশয় সমাধানের জন্ম স্ত্রে করিলেন:—

সূত্র ঃ—১৷২৷৯

অত্তা চরাচরগ্রহণাৎ। ১।২।৯ অতা + চরাচরগ্রহণাৎ।

অন্তা :—ভোক্তা ব্রদ্ধই বটে। চরাচর প্রহাহণাৎ :—চরাচর সম্দার জগৎকে ভোজারূপে গ্রহণ করিবার কারণ। কিন্তু পূর্ব্ব স্ত্রে ''সন্তোগপ্রাপ্তি'' যে অর্থে বাবহৃত হইয়াছে, ভাহা 'অন্তা' পদের স্পষ্ট অর্থ হইতে সম্পূর্ণ বিভিন্ন।

যে হেতৃ উপরে উদ্ধত কঠশ্রুতি ব্রাহ্মণ ক্ষত্রিয় প্রভৃতি চরাচর সম্দায় জগৎ যথন ভোজ্যরূপে, এবং মৃত্যুকে ভোজ্যের উপকরণ রূপে, গ্রহণ করা হইয়াছে, তথন 'অস্তা' ব্রহুই বটেন।

শ্রীমদ্ ভাগবতের বহুশ্লোক এই তত্ত্ব প্রতিপাদন করে।

স বা ইদং বিশ্বমমোঘলীলঃ স্বন্ধত্যবত্যত্তি ন সজ্জতেহস্মিন্॥

ভাগঃ ১।৩।৩৬

য এক ঈশো জগদাত্মলীলয়া, সৃজ্ঞতাবত্যত্তি ন তত্ৰ সজ্জতে।।

ভাগঃ ১৷১০৷২৪

পরাবরেশো মনসৈব বিশ্বং, স্বজত্যবত্যত্তি গুণৈরসঙ্গঃ॥

ভাগঃ ১াথা৬

যথোর্ণনাভিন্ত দ্য়াদূর্ণাং সংতত্য বক্তৃ তঃ।
তয়া বিহ্বতা ভূয়স্তাং প্রসত্যেবং মহেশ্বর ঃ॥ ভাগঃ ১১।৯।২১
...স্ট্রা পুনগ্র সিস সর্বমিবোর্ণনাভিঃ॥ ভাগঃ ১২।৮।০৫

हेहारनत मत्रनार्थ পृर्त्ति रमख्या हहेबारह ।

উপরে উদ্ধৃত অধিকাংশ শ্লোকে "অন্তি" শব্দেরই প্রয়োগ আছে, ছইটি শ্লোকে "প্রসন্তি" ও "প্রসন্তি" অর্থাৎ "আদনের" পর্যায় ভুক্ত শব্দ আছে। এই শব্দ সকলের লক্ষ্য যে পরমাত্মা—তাহাতে সন্দেহ মাত্র নাই। অতএব সিদ্ধান্ত হইল যে পরমাত্মাই অতা বটে।

ভগবান অশেষ কল্যাণ গুণের—একমাত্র আশ্রয়, তিনি "আন্তা" বলিয়া উল্লিখিত হইলেন কেন? চরাচরের অদন—ভক্ষণ বা ধ্বংস কি তাঁহার কল্যাণ গুণবত্তার বিরোধী নহে? ইহা বুঝিবার চেষ্টা করা যাউক্।

জগদ ব্যাপার পর্যালোচনা করিলে অতি সাধারণ দর্শকের গোচরীভূত হয় যে, জগতের সর্বত্র ধ্বংসলীলা বর্ত্তমান। বৃহৎ কুদ্র সকলেই প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে পরস্পর-পরস্পরের জীবন সংহার করিয়া আপন আপন পুষ্টি বিধান করে। ইহার দৃষ্টান্ত আমাদিণের চতুর্দিকে এত প্রচুর যে তাহাদের উল্লেখ করিয়া গ্রন্থের কলেবর বৃদ্ধির প্রয়োজন নাই। পাশ্চাত্য জড় বিজ্ঞানবিৎ এই সমৃদায় দৃষ্টান্তের উপর ভিত্তি করিয়া, প্রকৃতিতে ''যোগ্যতমের জয়'' (survival of the fittest) মতবাদ প্রচার করিয়াছেন। আমাদের প্রাচীন ঋষিগণের সর্বভেদী অন্তর্দ্ষির—নিকট ইহা অবিদিত ছিল না। তাঁহারা বিশেষ রূপে পরিজ্ঞাত ছিলেন যে, যে মহাশক্তির স্পন্দনে সৃষ্টির অভিব্যক্তি, তাহার প্রতি স্পন্দনে তিনটি শক্তি প্রবাহ উৎপন্ন হইয়া জগৎ অভিব্যক্ত করে—এবং জগতের স্থূল-স্ক্ষ্ম প্রতি পদার্থের প্রতি অণু-পরমাণুতে আপন আপন সমজাতীয় স্পন্দন উৎপাদন করে। এই তিন শক্তি প্রবাহের—শাস্ত্রীয় নাম ''অ,'' ''উ'' ও ''ম''—উহাদের সমবায়ে উৎপন্ন—"ওঁ"ই বিশ্বের প্রতিক। এই তিন শব্জির ক্রিয়া যথাক্রমে স্বষ্টি, স্থিতি ও লয়। যে বিশিষ্ট চৈতন্ম ইহাদের-উপর অধিষ্ঠিত হইয়া উক্ত ত্রিবিধ ব্যাপার— পরিচালনা করেন, তাঁহাদের নাম—এক্সা, বিষ্ণু ও কৃত্র। এই ত্রিবিধ ক্রিয়। জগতে সমষ্টি ভাবে এবং জগতের প্রতি পদার্থে ব্যষ্টি ভাবে ও উহাদের প্রতি অণু-পরমাণুতে স্ক্ষ ভাবে যুগপৎ সংঘটিত হইয়া উহাদের অভিব্যক্তি সম্পাদন করতঃ উহাদিগের বৃদ্ধি—স্থিতি—হ্রাস—পরিণামের মধ্য দিয়া

ধ্বংসের দিকে অগ্রসর করিতেছে। মৎপ্রণীত ''গায়ত্রী রহস্রে'' এ তত্ত্ব সম্বন্ধে আলোচনা করা হইয়াছে।

ধ্বংস ক্রিয়ার অধিষ্ঠাতা রুদ্র ইহা উপরে বলা হইয়াছে। ইহার নাম শিব বা মৃত্তি মঙ্গল। তিনি জ্ঞানময়,—এ কারণ তাঁহার বর্ণ খেত। ইহা হইতে শাস্তকারণণ ব্ঝাইতেছেন, যে ধ্বংসের মূলে অনস্ত জ্ঞান এবং পরম মঙ্গল বর্ত্তমান। ক্রমোরতি ইহার উদ্দেশ্য। আত্মগংবেদন লাভ ইহার লক্ষ্য। নিজ হরপে অবস্থিতিতে ইহার পরিণতি। আমাদের বোধ সৌক্যার্থ—একই শক্তির ব্রিবিধ ক্রিয়া তিন নামে কথিত হইয়া থাকে এবং উহাদের অধিষ্ঠাতা তিন দেখতার বিধান শাল্পে দেওয়া হইয়াছে মাত্র। ফলতঃ মহাশক্তি একই, এবং এক পরমাত্মাই স্কৃষ্টি, স্থিতি ও ধ্বংসের মূলে। তিনি এক পক্ষে যেমন শ্রষ্টা ও পাতা, অন্তপক্ষে তেমনি ''অভা'' ও বটে। কিন্তু অতা বলিয়া তাঁহার —অনস্ত কল্যাণ গুণবত্তার বিরোধ নাই। তিনি যে সময়ে ''অভা'', দে সময় প্রম মঙ্গল রূপী শিব এবং পরম জ্ঞানময়ও বটে।

ভিত্তি:--

"মহান্তং বিভূমাত্মানং মতা ধীরো ন শোচতি"। (কঠঃ ১।২।২২)
ধীর ব্যক্তি মহৎ বিভূ পরমাত্মাকে জানিয়া আর হংথান্তভব করে না।
কঠঃ ১।২।২২

"নায়মাত্মা প্রবচনেন লভ্যো ন মেধ্য়া ন বছনা শ্রুতেন। যমেবৈষ রণুত্তে তেন লভ্য-স্তব্যিষ আত্মা বির্ণুতে তমুং স্বাম্ ॥"। (কঠঃ ১১২২৩)

বিবিধ শান্ত পাঠ, তীক্ষ বৃদ্ধি বা শান্ত শ্রবণ দ্বারা, আত্মাকে জানা যায় না, তিনি যাঁহাকে আপনজন বলিয়া বরণ করেন, তাঁহার নিকটই আত্মপ্রকাশ করেন। (কঠঃ ১।২।২৩)

সূত্র :-- ১৷২৷১০

व्यक्रवाकि । ।२।२०

প্রকরণাৎ + চ।

প্রকরণাৎ:--পর্মাত্মা প্রকরণ হেতৃ। **চ:**--ও।

পূর্বাপতে উক্ত ভোকৃত্ব, পরমাত্মা প্রকরণে কথিত হইয়ছে, তাহা উপরে উদ্ধৃত কঠশ্রতির অতি নিকটবর্তী ১।২।২১ এবং ১।২।২২ মন্ত্র হইতে প্রতিপাদিত হইবে। অতএব, "অত্যা" পরব্রদ্ধই ।

পূর্ব্ব পূত্র সম্পর্কে যে কয়েকটি ভাগবতের শ্লোক উদ্ধৃত হইয়াছে, সেই শ্লোক গুলি হইতে স্পষ্ট প্রতীয়মান হইবে যে জগৎকারণ পরমেশ্বর সম্বন্ধেই "অতি" "প্রস্তি", "প্রস্তি" শব্দ ব্যবহৃত হইয়াছে। স্বতরাং সন্দেহ মাত্রই নাই, যে প্রমান্তাই "অতা"।

ভিত্তি:--

''ঋতং পিবস্তৌ স্তুকৃতস্তা লোকে, গুহাং প্রবিষ্টৌ পরমে পরার্দ্ধে। ছায়াতপৌ ব্রহ্মবিদো বদস্তি, পঞ্চাগ্নয়ো যে চ ত্রিনাচিকেতাঃ।।'' (কঠঃ ১।৩)১)

ব্রহ্মবিদ্গণ, পঞ্চাগ্নিগণ এবং ঘাঁহারা তিনবার নাচিকেত অগ্নি চয়ণ বা আরাধনা করিয়াছেন, তাঁহারা বলিয়া থাকেন, যে জগতে উত্তমক্সপে অনুষ্ঠিত ভভান্তভ কর্মের ফল ভোক্তা (ঋত পান কারী), এবং অত্যুৎকুট মহনীয় গুহায় (বৃদ্ধিতে) প্রবিষ্ট উভয়েই, ছায়া ও আলোকের ন্যায় (পরম্পর বিরুদ্ধ ধর্ম সম্পন্ধ)। (কঠঃ ১৷৩৷১)

সংশয় ঃ---

এখানে আর একটি মাপতি টুখিত হইতে পারে। কঠা তির দ্বিতীয় বলীর শেষ মন্ত্রই ১ ২০০ করের ভিতি। তাহার পর তৃতীয় বলী আরম্ভ হইয়াছে। এবং ইহার প্রথম মন্ত্রই উপরে উদ্ধৃত হইয়াছে। এই মন্ত্রে কর্মফল ভোক্তার স্বিতীয়ন্ত্র ক্ষিত হইয়াছে। জীব কর্মফল ভোক্তা, ইহা প্রসিদ্ধিই আছে, তবে তাহার দ্বিতীয়টি কে? পরমাত্মা হইতে পারে না, কারণ কর্মফল ভোগা, পরমাত্মার সম্ভব হইতে পারে না, অতএব ইহা বৃদ্ধি বা প্রাণ হইতে পারে। কারণ, বৃদ্ধি ও প্রাণ উভয়েই জীবের ভোগ সাধন—ভোগের উপকরণ। অতএব কর্মফল ভোগে তাহাদের ক্ষঞ্জিৎ সম্বন্ধ হইতে পারে। অতএব উহাদের একটিকে লইয়া জীবের স্বিতীয়তা বলা হইয়াছে। উভয় মন্ত্র অব্যবহিত নিক্টবর্ত্তী থাকায় "অত্যুত্ত জীব হওয়াই উচিত, পরমাত্মা নহে। এই আপত্তির নিরাকরণের জন্ত স্ত্রকার স্ত্র করিলেন:—

সূত্ৰ :--

खहाः श्विविष्ठी वाष्प्रात्ने हि जन्नर्भना ।। ।।।।।।।
खहाः + श्विविष्ठी + बाष्प्रात्ने + हि + जन्नर्भना ।।

শুহাং : — বৃদ্ধিতে। প্রাবিষ্টো : — প্রবিষ্ট তুইটি। আগ্মানো : — তুইটি আগ্মা। হি: — নিশ্চয়ই। ওদার্শনাৎ : — যেহেতু সেইরূপ দৃষ্ট হয়।

"গুহাং প্রবিষ্টো" (কঠ: ১০০০) বাক্যে পরমাত্মা ও জীবাত্মা সম্বন্ধেই "গুহাহিজং গহররেষ্ঠং পুরাণম্" উক্ত হইয়াছে। পরমাত্মা ত কর্মফল ভোক্তা নহে, তবে "শ্বঙং পিবস্তো" বলা হয় কেন ? এই আপত্তির উত্তরে "ছত্রি— ন্থায়" অমুসারে ঐ-প্রকার উক্ত হইয়াছে, বুঝিতে হইবে। এক স্থানে বহুলোক একসঙ্গে ঘাইবার কালে, কাহারও মাথায় ছত্র আছে, কাহারও নাই; কিন্তু সাধারণভাবে বলা হইয়া থাকে, "ছত্তিণো গচ্ছন্তি"; এথানে দ্বিচন প্রয়োগ এই প্রকারই। অপরন্ত, প্রয়োজ্য—প্রয়োজক ক্লপে জীব ও প্রমাত্মার উভয়ের কর্মকল ভোগের কর্তৃত্বও সিদ্ধ হয়।

শ্রীমদ্ ভাগবত এ সম্বন্ধে কি বলেন, দেখা যাউক। সপ্তত্বগন্তবিটপো নবাক্ষো দশচ্ছদী দ্বিখগশ্চাদিবৃক্ষঃ॥

ভাগঃ ১০।২।২৭

ত্বন্, কৃধির, মাংস, মেদ, অন্থি, মজ্জা ও শুক্র এই সপ্ত ইহার ত্বন্, পঞ্চত্ত ও মন, বুদ্ধি, অহঙার এই অন্ত, ইহার শাথা বিস্তার, নব ইন্দ্রিয় ছিন্ত, ইহার ত্বার এবং প্রাণ, অপান, সমান, উদান, বাান, নাগ, কৃন্ম, কৃকর, দেবদন্ত ও ধনঞ্জয়, এই দশ প্রাণ, ইহার পত্র। এবং জীবাত্মা ও পরমাত্মা ইহাতে তুই পক্ষী। ভাগঃ ১০।২।২১

এই সমষ্টি ব্যষ্টি দেহরূপ বৃক্ষে, পরমাত্মা ও জীবাত্মারূপ ত্ইটি পক্ষী বাস করে।

স্থপর্ণাবেতে সদৃশো সখায়ো, যদৃচ্ছয়ৈতো কৃতনীড়ো চ বৃক্ষে।
একস্তয়োঃ খাদতি পিপ্পলান্নমন্তো নিরন্ধোইপি বলেন ভূয়ান্।।
ভাগঃ ১১।১১।৬

১।১।১৮ পত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
দেহরূপ বৃক্ষে তুই পক্ষী দথা রূপে বাস করে, উহাদের মধ্যে একজন
পিপ্পলার ভক্ষণ করে, অপরটি কিছু ভক্ষণ না করিলেও অত্যধিক শক্তিশালী।
দিশৈকশাখো দ্বিস্থপর্ণনীড় স্তিবদ্ধলো দ্বিফলোহর্কং প্রবিষ্টঃ।

ভাগঃ ১১।১২।२०

একাদশ ইন্দ্রিয় ইহার শাখা; বাত, পিত্ত, শ্লেমারূপ তিন বন্ধল; স্থা, তৃঃখ তৃইটি ফল; জীব ও পরমান্মারূপ তৃইটি পক্ষীর নীড় ইহাতে বর্ত্তমান; এবং এই দেহরূপ বৃহৎ স্থামগুল পর্যান্ত বিস্তৃত রহিয়াছে (কারণ, স্থামগুলের উপরে সংসার নাই এবং দেহীর গতাগতি সংসারের মধ্যে)। ভাগঃ ১১।১২।২০

স্ট্রং স্বশক্ত্যেদমনুপ্রবিষ্টশ্চতুর্বিধং পুরমাত্মাংশকেন। অথো বিষ্ঠতং পুরুষং সন্তমন্ত ভূ'ঙ্ক্তে হৃষীকৈর্মধুসারঘং যঃ॥ ভাগঃ ৪।২৪।৬১ ১। ১। ১২ প্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। ভগবান্ সর্বভূতানামধ্যক্ষোহ্বস্থিতো গুহাম্। বেদ হাপ্রতিরুদ্ধেন প্রজ্ঞানেন চিকীর্ষিত্য্।। ভাগঃ ২।৯।২৫

ব্রন্ধা কহিলেন—হে ভগবন্! আগনি সমস্ত প্রাণীর অধিষ্ঠাতা ও সকলের বুদ্ধিতে অবস্থিত। অতএব আপনি আপনার নির্মাল জ্ঞানের দ্বারা সকলের অন্তরের অভিপ্রেত অবগত আছেন। ভাগঃ ২০০১৫

অতএব সিদ্ধ হইল যে, জীব ও প্রমান্তা ওহাপ্রশিষ্ট বটে, স্বভ্রাং ''অন্তা' শ্বতক্ষই,—জীব নহে। ভিত্তিঃ---

''তং ছর্দ্দর্শং গৃঢ়মন্ত্রপ্রবিষ্টং, গুহাহিতং গহ্বরেষ্ঠং পুরাণম্। অধ্যাত্মযোগাধিগমেন দেবং, মত্না ধীরো হর্ষশোকৌ জহাতি॥" (কঠঃ ১।২।১২)

তুর্নিজেয়, অব্যক্ত স্বরূপ, সর্বভ্তের অন্তরে প্রবিষ্ট, বৃদ্ধিরূপ গুহায় অবস্থিত, বিষম, অনেক অপর্থ সমাকুল দেহরূপ গহ্নরে অধিষ্ঠিত, নিতা, দ্যোতনশীল, প্রমাজাকে সমাধিযোগ দারা অবগত হইয়া, ধীর ব্যক্তি সংসারের ছদিনের হৃদিনের প্রিত্যাগ করিয়া, মৃক্তিলাভ করে। (কঠঃ ১।২।১২)

সূত্র ঃ— গ্রহা১১

বিশেষণাচ্চ॥ ১৮২।১২ বিশেষণাৎ + চ।

বিশেষণাৎ ঃ—বিশেষরূপে কথন হেতু। চঃ—ও।

শিরোদেশে উদ্ধৃত কঠশ্রুতিতে ১।২।১২ এবং ১।২।১০, ১।২।১১ স্থত্তের শিরোদিশে উদ্ধৃত কঠশ্রুতির ১।২।২১ মন্ত্রে পরমাত্মাই বিশেষরূপে কথিত হট্যাছেন; অতএব "অস্ত্রা" পরমাত্মাই।

শ্রীমদ্ ভাগবত কয়েকটি বিশেষণ দ্বারা প্রমাত্মাই যে গুহাশর ও "হাত্ত।" তাহা প্রতিপাদন করিয়াছেন।

অবিক্রিয়ং স্তামনন্তমান্তং গুহাশয়ং নিক্ষলমপ্রতর্কাম্। ভাগঃ ৮।৫।১৫

১া২।২ স্থত্তের আলোচনায় ইহার অর্থ দেওয়া হইয়াছে।
বোহন্তঃপ্রবিশ্য মম বাচমিমাং প্রস্থপ্রাং, সংজীবয়ত্যখিলশক্তিধরঃ
স্বধায়া।

অক্তাং*চ হন্তচরণশ্রবণত্বগাদীন্, প্রাণারমো ভববতে পুরুষায়
তুভাম্॥ ভাগঃ ৪।৯।৬

ধ্ব কহিলেন, হে ভগবন্! ঘিনি সম্দায় চক্ষুরাদি জ্ঞান ও ক্রিয়াশক্তি ধারণ করেন, এবং আমার অন্তঃকরণ মধ্যে প্রবেশ করিয়া স্বীয় চিংশক্তি খারা প্রস্থ বাক্য, এবং কর, চরণ, কর্ণ, ওক প্রভৃতি অন্যান্ত ইন্দ্রির সকলকে জীবিত করিতেছেন, সেই পরম পুরুষ আপনাকে প্রণাম করি। ভাগঃ ৪।১।৬

মল্লকণমিমং কায়ং লক্ষ্য মদ্ধর্ম আস্থিতঃ। আনন্দং পরমাত্মানমাত্মস্থং সমূপৈতি মাম্।। ভাগঃ ১১।২৬।১

ভগবান্ কহিলেন, আমার স্বরূপ অবগতির সাধনভূত নরদেহ প্রাপ্ত হইয়া, আমার ধর্মে বিশাস করতঃ, আপনার অন্তরে নিয়ন্ত,রূপে স্থিত, আনন্দ প্রমাত্মারূপ আমাকে প্রাপ্ত হয়। ভাগঃ ১১।২৬।১

অতএব সাক্ষী ও নিয়ন্ত, রূপে হৃদয় গুহায় অবস্থিত পরমাত্মাই বটে।

৩। অন্তরাধিকরণ।

ভিন্তি:--

"য এষোহক্ষিণি পুরুষো দৃশ্যত এষ আত্মেতি হোবাচ এতদমূত-মভয়মেতদ্ব হ্ম"। (ছান্দোগাঃ ৪।১৫।১)

এই বে চক্ষুর মধ্যে যে পুরুষ দৃষ্ট হইতেছেন, ইনি আত্মা, ইনি আমৃত ও অভয়, এবং ইনিই ব্রদ্ধ। ছাঃ ৪।১৫।১

সংশার:—চক্ষর মধ্যে যে পুরুষ দৃষ্ট হয়, তাহা প্রতিবিদ্ধ হইতে পারে, চক্ষুর অধিষ্ঠাতা কোনও দেবতা হইতে পারেন, অথবা, জীবাত্মা বা পরমাত্মা। এই সংশয় নিরাসের জন্ম স্বতঃ—

সূত্র : — ১৷২৷১৩

অন্তর উপপত্তে: ॥ ১:২।১৩ অন্তর: + উপপত্তে: ॥

অন্তর: :—অভ্যন্তরে অবস্থিত—পরমাত্মাই। **উপপত্তে: :**—যে হেতু উপপত্তি হয়।

উপরে উদ্ধৃত ছান্দোগ্য শ্রুতির ৪।১৫।১ মন্ত্রে অক্ষিমধ্যে যে পুরুষের কণা বলা হইয়াছে, তিনি পরমাত্মাই, কারণ, তিনি অমৃত, অভয়ম্বরূপ এবং তিনিই ব্রহ্ম, ইহা কথিত হইয়াছে। ইহা প্রতিবিধে, অধিষ্ঠাতা দেবতায় বা জীবে সঙ্গতি হয় না। অধিষ্ঠাতা দেবতা যে শক্তিশালী জীব মাত্র, তাহা পূর্বের প্রতিপাদিত হইয়াছে, অত এব সে দেবতা হইতে শাশ্বত অমৃত বা অভয় লাভ হয় না, জীবের ও প্রতিবিধের ত কথাই নাই। অত এব সেই পুরুষ, পরমাত্মাই। "চক্ষুর মধ্যে যে পুরুষ দৃষ্ট হয়" ইহার অর্থ কেনোপনিষদের ১।৬ মন্ত্রে স্ক্র্পষ্ট ভাবে কথিত আছে। মন্ত্রিটি এই—

''যচ্চকুষা ন পশাতি যেন চক্ষুংষি পশাস্তি।'' তদেব ব্ৰহ্ম হং বিদ্ধি নেদং যদিদমুপাসতে॥ কেঃ ১।৭

"চক্ষু বাঁহাকে দেখিতে পায় না, বাঁহার শক্তিতে চক্ষ্বর দর্শন ক্রিয়ায় সমর্থ হয়, তাঁহাকে ব্রহ্ম বলিয়া জানিবে'। স্থতরাং চক্ষ্র মধ্যে দৃষ্ট পুক্ষ অর্থাৎ যিনি চক্ষ্র দর্শন শক্তির প্রবর্ত্তক ও পরিচালক। চক্ষুস্তপ্তিরি সংযোজ্য স্বস্তারমপি চক্ষুষি। মাং তত্ত্র মনসা ধ্যায়ন্ বিশ্বং পশ্যতি দূরতঃ।। ভাগঃ ১১।১৫।২০

চক্ষুকে স্থা্তে এবং স্থাকে চক্ষুতে সংযোগ করিয়া যিনি তাহার মধ্যে আমাকে ধ্যান করেন, তিনি দূর হইতে বিশ্বদর্শন করেন। ভাগঃ ১১।১৫।২০

তমিমমহমজং শরীরভাজাং হৃদি হৃদিধিষ্ঠিতমাত্মকল্পিতানাম্। প্রতিদৃশমিব নৈকধার্কমেকং সমধিগতোহস্মি বিধৃতভেদমোহঃ।। ভাগঃ ১।৯।৩৯

১।১।১২ স্বত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
দান, কর্ম, তপঃ, যোগ, মন্ত্র প্রভৃতি যত কিছু সাধনোপায় আছে, তাহারা
তাঁহাতে সমর্পিত না হইলে, খাশত ক্ষেম প্রাপ্ত হয় না।

তপস্বিনো দানপরা যশস্বিনো, মনস্বিনো মন্ত্রবিদঃ স্থমঙ্গলাঃ। ক্ষেমং ন বিদন্তি বিনা যদর্পণং, তস্মৈ স্কৃভত্তপ্রবেসে নমোনমঃ॥ ভাগঃ ২।৪।১৬

তপন্ধী, দানশীল, যোগী, যশঃ প্রত্যাশায় অশ্বমেধাদি কর্মকর্ত্তা, জপশীল কি মম্ববিদ্ অথবা সদাচার সম্পন্ন ব্যক্তিগণ, যাহাকে অর্পণ ব্যতীত মঙ্গল প্রাপ্ত হয়েন না, সেই স্থমঙ্গল যশঃশালী ভগবান্কে নমস্কার। ভাগঃ ২।৪।১৬

তাঁহারই কীর্ত্তন, তাঁহারই স্মরণ ইত্যাদি সম্মই সকলের সর্ববিধ পাপরাশি ধ্বংশ করে।

যৎকীর্ত্তনং যৎস্মরণং যদীক্ষণং যদ্ধনদনং যচ্ছুবণং হদর্হণম্। লোকস্য সন্তো বিধ্নোতি কল্ময়ং তম্মৈ স্বভদ্রশ্রবদে নমোনমঃ।।

ভাগঃ ২।৪।১৪

বাঁহার কীর্ত্তন, বাঁহার স্মরণ, বাঁহার দর্শন, বাঁহার বন্দন, বাঁহার গুণ প্রবণ, বাঁহার অর্চ্চন, সন্তই লোক সকলের পাপ সমূহ বিনাশ করে, সেই স্থমঙ্গল যশঃশালী ভগবান্কে নমস্কার। ভাগঃ ২।৪।১৪

এই পুরুষ কে? না—ভিনি সকলের অস্তরে অবস্থিত।

নমঃ পরশ্যৈ পুরুষায় ভূয়সে, সত্ত্তবস্থাননিরোধলীলয়া। গৃহীতশক্তিতিত্য়ায় দেহিনামন্তর্ভবায়ানুপলক্ষবত্ম'নে॥ ভাগঃ ২।৪।১১ দেই পুরুষকে নমস্কার, তাঁহার মহিমার ইয়ন্তা নাই। এই প্রপঞ্জপ বিশ্বের স্প্রতি ও লয় তাঁহার লীলা এবং তজ্জন্ম ত্রিবিধ শক্তি ধারণ করেন। তিনি সকল দেহীর অন্তর্য্যামী, অথচ তাঁহার বল্প লক্ষ্য হয় না। ভাগঃ ২।৪।১১

এই স্তুত্রে উদ্ধৃত শ্রুতি মন্ত্রে "চক্ষ্ণ" উপলক্ষণে গৃহীত হইরাছে মাত্র। যেমন
চক্ষ্র অন্তরে অবস্থিত পুরুষ—পরমাত্মা, সেইরূপ অন্তান্ত ইন্দ্রিরের বৃদ্ধি, চিন্ত,
অহন্ধার প্রভৃতি জীব দেহের সম্দায় অন্তঃকরণ এবং বহিঃকরণ বৃত্তির অন্তরে
অন্তর্য্যামীরূপে অবস্থিত পুরুষ—পরমাত্মাই বটে ইহা প্রকাশ করা ঐ শ্রুতিমন্ত্রের উদ্দেশ্য। এবং স্ত্রেকার স্ত্রে তাহাই দিদ্ধান্ত স্থাপন করিয়াছেন।
শ্রীমদ্ ভাগবতের উদ্ধৃত শ্লোকগুলি উক্ত দিদ্ধান্তই সমর্থন করে।

ভিত্তি :--

- (১) পূর্ব্ব সূত্রে উদ্ধৃত ছান্দোগ্য ৪।৫।১ মন্ত্র।
- (২) "য চক্ষুষি তিষ্ঠং শ্চক্ষুষোহস্তরো যং চক্ষুন বৈদ, যস্য চক্ষুঃ শরীরং, যশ্চক্ষুরস্তরো যময়তি এঘ ত আত্মাস্তর্য্যাম্যমূতঃ।" বৃহদারণ্যক, ৩।৭।১৮

যিনি চক্ষতে আছেন, চক্ষু হইতে পৃথক, চক্ষু যাহাকে জানে না, চক্ষু যাহার শরীর, এবং যিনি চক্ষুর অন্তরে চক্ষুর নিয়ন্তারূপে বর্ত্তমান, তিনি তোমার অন্তর্যামী অমৃত শ্বরূপ আত্মা। বৃহঃ ৩।৭।১৮

मृद्धः -- ১।२।১৪

স্থানাদিব্যপদেশাচ্চ।! ১।২।১৪ স্থানাদি + ব্যপদেশাৎ + চ।

ছানাদিঃ—স্থান প্রভৃতি, পরমান্ধার অবস্থান প্রভৃতির। ব্যূপদেশাৎঃ— উল্লেখ হেতু। চঃ—ও।

যেহেতু বৃহদারণ্যক শুতির অন্তর্য্যামী ব্রাহ্মণে অর্থাৎ ৩।৭ খণ্ডে পরমাত্মার ববস্থানের বিষয় উল্লেখ আছে, এ কারণ চক্ষ্র অন্তরে বিভাষান পুরুষ প্রমাত্মাই বটে।

শ্রীমদ্ ভাগবতে এই তত্ত্ব বড়ই স্থন্দরভাবে ব্যক্ত হইয়াছে।

যিনি চক্ষ্যাদি করণাভিমানী দ্রষ্টা জীব স্বরূপ আধ্যাত্মিক পুরুষ, তিনিই আধিদৈবিক, অর্থাৎ, চক্ষ্যাদি ইন্দ্রিয়গণের ক্র্য্যাদিরূপ অধিষ্ঠাতা। এবং উভয় ভিন্ন চক্ষ্ গোলকাদি বিশিষ্ট যে দৃশ্য দেহ, তাহাকে পুরুষ্র্রূপ জীবের উপাধি বিলিয়া জানিবে। ভাগঃ ২০১০৮

যোহধ্যাত্মিকোহয়ং পুরুষঃ সোহসাবেবাধিদৈবিকঃ। যন্তত্যোভয়বিচ্ছেদঃ পুরুষে। হ্যাধিভৌতিকঃ।। ভাগঃ ২।১০৮

এথানে চক্ষ্ণ মাত্র উপলক্ষণে গৃহীত হইয়াছে, অন্যান্ত ইন্দ্রিয়গণ সম্বন্ধেও এইরূপ। এবং পরমাত্মাই আধ্যান্ত্রিক, আধিদৈবিক ও আধিভৌতিক সকলের একমাত্র কারণ, এবং তাহাদের হইদে ভিন্ন, এবং তিনিই ব্রহ্ম। দৃগ্ পমার্কং বপুরত্র রক্ত্রে পরস্পরং সিদ্ধাতি যঃ স্বতঃ খে। আত্মা যদেষামপরো য আত্মঃ স্বয়াহনুভূত্যাহখিল সিদ্ধ সিদ্ধিঃ। ভাগঃ ১১।২২।৩০

এবং ত্বগাদি শ্রবণাদি চক্ষুজিহ্বাদি নাসাদি চ চিত্তযুক্তম্ । ভাগঃ ১১।২২।৩১

যদ্ যম্মাদাত্ম। এষামধ্যাত্মাদীনামাত্তঃ কারণং এত একরপঃ অভিন্নম্চ, তম্মাদেভাহিপরে। ভিন্নঃ, স্বপ্রকাশত্বাদপীত্যাহ, স্বয়ার্ভুত্যা-স্বতসিদ্ধপ্রকাশেন, অখিলানাং সিদ্ধানাং পরস্পরং প্রকাশকানামপি প্রকাশকঃ। শ্রীধর।

আকাশে বিভয়ান স্বয়ং প্রকাশ পূর্য্যযণ্ডল স্বতঃসিদ্ধ; কিন্তু আধ্যাত্মিক চক্ষুদর্শনেন্দ্রিয়; আধিভৌতিক-রূপ দৃশু এবং চক্ষু পোলকে প্রবিষ্ট আধিদৈবিক পূর্য্যাংশ, যেমন পরপার পরপারকে অপেক্ষা করিয়া সিদ্ধ হয়, অর্থাৎ দৃশু না থাকিলে অথবা দ্রষ্টা না থাকিলে, চক্ষুর সার্থকতা নাই; প্ররূপ দ্রষ্টা এবং দর্শনশক্তি রূপ চক্ষু না থাকিলে, দৃশ্যের সার্থকতা নাই; আবার চক্ষ্যং এবং দৃশ্য থাকিলেও, দ্রষ্টার অভাবে উহারা নিরর্থক। কিন্তু আকাশস্থ সূর্য্য উহাদের কাহারও অপেক্ষা না করিয়া স্বতঃসিদ্ধ এবং উহাদের হইতে ভিন্ন। সেইরূপ আত্মা সকল হইতে ভিন্ন ও নিজের স্বতঃসিদ্ধ প্রকাশ দ্বারা অথিল প্রকাশকদিগেরও প্রকাশক; স্থতরাং তাঁহার প্রকাশ স্বতঃসিদ্ধ। ভাগঃ ১১।২২।৩০

চক্ষ্ণর ন্যায় অক্, স্পর্শ ও বায়, শ্রোত্র, শব্দ ও দিক, জিহ্বা, রস ও বক্ষণ, নাসিকা, গন্ধ ও অধিনীকুমার, চিত্ত, চেতয়িতব্য ও বাহ্মদেব, মন, মন্তব্য ও চন্দ্র, ইত্যাদি আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক পরস্পর সাপেক্ষ জানিবে। ভাগঃ ১১।২২।৩১

নির্ভিন্নে অক্ষিণী তৃষ্টা লোকপালো বিশ্বিভো:।
চক্ষুষাংশেন রূপাণাং প্রতিপত্তির্যতো ভবেং।। ভাগঃ এ৬।১৪
১।১।২১ স্ত্রের আলোচনার ইহার সরলার্থ দেওরা হইরাছে।
অতএব আত্মা হইতে পৃথক অন্য ভাব নাই। যাহা পৃথকরূপে প্রতীয়মান
হয়, তাহা নির্ম্মূল।

তস্মান্ন হ্যাত্মনোহন্তস্মাদন্তোভাবে। নিরূপিতঃ। নিরূপিতেয়ং ত্রিবিধা নির্ম্মূলা ভাতিরাত্মনি॥ ভাগঃ ১১।২৮।৭ ১।১।২০ স্থত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

অত্তএর প্রতিপাদিত হইল যে, পরমাত্মা বা ব্রহ্মই নিয়ন্ত্রপে বা অন্তর্য্যামী রূপে—বর্ত্তমান এবং তাঁহার শক্তিতেই দ্রষ্টা, দৃষ্ঠ ও দর্শন,—শ্রোতা, শ্রোতব্য, শ্রবণ প্রভৃতি সম্দায় ব্যাবহারিক ব্যাপার নিশার হয়।

উপরে ভাগবতের ১১।২২।৩০ শ্লোক উদ্ধৃত হইয়াছে, উহাতে দৃষ্টি আকর্বণ করিতেছি। ভাগবত একটি দৃষ্টান্ত ঘারা অতি অর কথায় স্থলর ভাবে আত্মার স্বত:সিন্ধি ও নিরপেক্ষতা এবং অন্য সম্দায়ের আপেক্ষিকতা এবং পরস্পরের প্রতি নির্ভরতা প্রকাশ করিলেন। আত্মার স্থত: সিন্ধির উপর অন্য সম্দায়ের অন্তিত্ব ও সার্থকতা বুঝা গেল। ভাগবতের ১।৪।১ শ্লোকে "সঙং পরং শীমহি" বলিয়া পরমাত্মা স্বরূপের বন্দনা, ভাগবতকার করিয়াছেন কেন এবং অপর সকলের আপেক্ষিক সত্যতা যে এই পরম সত্যের উপর প্রতিষ্ঠিত বলিয়াছেন কেন তাহাও বুঝিতে পারিলাম। আপেক্ষিক সত্যতার অম্বর্ত্তন করিতে করিতে, আমরা বুঝিতে পারি যে জাগতিক বস্তু মাত্রের স্থত: সিদ্ধ সত্য নিরপেক্ষ সত্যতা নাই। "প্রন্ববন্ধা" দোষ পরিহারের জন্ম এই অম্পন্ধান একদ্বানে শেষ করিতেই হয়—আত্মা সেই পরম পরিসমান্তি—ইহাই সেই পরম নিরপেক্ষ স্বত: সিদ্ধ সত্য। ইহা যে কেবল, মানসিক করনা মাত্র তাহা নহে। ঋষিগণের অপরোক্ষাম্বভৃতি ও তাহাই প্রমাণ করে। বর্তমান বিজ্ঞানের "প্রাপ্তিক্রিকান্ধ" ভাগবতের এই শ্লোকের জড় বিজ্ঞান সম্মত বিবৃত্তি।

ভিত্তিঃ-

প্রাণো ব্রহ্ম কং ব্রহ্ম খং ব্রহ্ম····· (ছান্দোগ্য) ৪।১০।৫ যদ্বাব কং তদেব খং, যদেব খং তদেব কং।

ব্রহ্ম প্রাণ স্বরূপ, ব্রহ্ম স্থ্য স্বরূপ, ব্রহ্ম আকাশ স্বরূপ। যাহা স্থ্যস্বরূপ তাহাই আকাশ, এবং যাহা আকাশ তাহাই স্থু।

সূত্র :—১৷২৷১৫

স্থাবিশিষ্টাভিধানাদেব চ।। ১।২।১৫ স্থাবিশিষ্টাভিধানাৎ + এব + চ।

স্থাবিশিষ্টাভিধানাৎ ঃ—স্থা বিশিষ্ট বা স্থাব বলিয়া কথন হেতু। এব ঃ— অবধারণে। চঃ—ও।

ছান্দোগ্য শ্রুতির ৪।১০।৫ মন্ত্রে ব্রহ্ম স্থা বলিয়া কথিত হইরাছে। এবং সেই প্রকরণেই ১।২।১৩ স্ত্রের শিরোদেশে উদ্ধৃত উক্ত শ্রুতির ৪।১৫।১ মত্রে অক্সিন্থিত পুরুষ সম্বন্ধে উক্ত হইয়াছে, যে তিনিই ব্রহ্ম। ইহা হইতে প্রতিপাদিত হইতেছে যে চক্ষৃন্থিত পুরুষই স্থা স্বরূপ ব্রহ্ম। স্থা স্বরূপ এবং আকাশ স্বরূপ ব্রহ্মকে উপাদকের উপাদনার উপযুক্ত করিবার জন্ম, উপাদনামুকুল গুণ বিধানার্থ, নিজের "অক্সি মধ্যে এই যে পুরুষ, তিনিই আত্মা" ক্থিত হইয়াছে।

তিনি স্বত:সিদ্ধ, তিনি প্রিয়, অতএব তাঁহার সেবা স্বথরূপ, এবং তাঁহার সেবার দ্বারাই পরম পুরুষার্থ সিদ্ধ হইয়া থাকে।

এবং স্বচিত্তে স্বতএব সিদ্ধ, আত্মা প্রিয়োহর্থো ভগবাননন্তঃ।
তং নিরু তঃ সন্নিয়তার্থো ভজেত, সংসার হেতৃপরম*চ যত্র॥

ভাগঃ ২।২।৬

তিনি স্বত: সিদ্ধ আত্মা, প্রিয়, একমাত্র উপভোগের বিষয়, ভগবান্তিনি অনস্ত — অনস্ত গুণ, অনস্ত শক্তি, অনস্ত ভাব, অনস্ত রূপ তাঁহাতে বিজ্ঞমান— এই প্রকার সিদ্ধান্ত করিয়া নিজ চিত্তে নিশ্চিতরূপে ধারণা করিলে, তদত্মভবানন্দে পরম স্থথে নিবৃতি হওয়া যায় এবং সংসারের হেতুভূতা অবিভারও উপরতি হয়। ভাগঃ ২।২।৬

যদিও তিনি অনস্ত, তথাপি উপাসনার জন্ম তিনি ভক্ত হৃদয়ে প্রাদেশ মাত্র রূপ পরিগ্রহ করিয়া প্রকাশিত হয়েন। কেচিৎ স্বদেহান্তর্ফ দয়াবকাশে, প্রাদেশমাত্রং পুরুবং বসন্তম্। চতুভু জং কঞ্চরধাঙ্গশভাগলাধরং ধারণয়া স্মরন্তি ॥ ভাগঃ ২।২।৮

কেহ কেহ আপনার অন্তর্জ দয়াকাশে অধিষ্ঠিত, চতুভুজ, শল্প চক্র গদা পদ্দ-ধারী, প্রাদেশ মাত্র পরিমিত, পুরুষকে ধারণা ঘারা অনুস্মরণ করেন।

ভাগঃ হাহাচ

এ প্রকার উপাসনার ফল কি? সাধক নিজে আনন্দময় হইয়া আনন্দ স্বরূপ প্রমাত্মাকে প্রাপ্ত হয়েন এবং তাহার পর আর সংসারে পুনরাবৃত্তি হয় না।

তেনাঅনাআনমূপৈতি শাস্তমানন্দমানন্দময়োহ্বসানে। এতাং গতিং ভাগবতীং গতে৷ যঃ স বৈ পুনর্নেষ্ঠ বিসজ্জতেইঙ্গ ।৷

ভাগঃ ২।২।৩১

তাহার পর প্রকৃতি স্করণে আনন্দময় হইয়া, উপাধি সকলের অবদ্য হওয়াতে, পরম আনন্দ স্থরূপ অবিকৃত আত্মাকে প্রাপ্ত হয়েন। হে রাজন্। যে যোগী এই প্রকার ভাগবতী গতি গ্রাপ্ত হয়, তাহার আর এ সংসারে পুনরাবৃত্তি হয় না। ভাগঃ ২।২।৩১

শ্রীমদ্ ভাগবতের ২ স্কলের প্রথম অধ্যায়ের শেষ শ্লোকেই কথিত হইয়াছে যে তিনি আনন্দনিধি; একমাত্র তাঁহার উপাদনা করা একান্ত কর্ত্ব্য। তিনি ভিন্ন অন্তত্ত আসক্ত হইলে আত্মপাত হইলা থাকে। ইহা বলিলা প্র অধ্যায়ে উপাসনার প্রণালী বিস্তারিতভাবে উক্ত হইয়াছে এবং তাহার ফল ও শেষে কথিত হইয়াছে। এই উপাসনা প্রণালী অভি সংক্ষেপে ২।২।৬ এবং হাহাচ উদ্ধৃত শ্লোকে এবং ফল হাহাতঃ শ্লোকে দেখান হইয়াছে। ২া১া৩৯ শ্লোকের শেষার্দ্ধ উদ্ধৃত করিয়া এই স্থত্রের উপদংস্থার করিব।

তং সত্য মানন্দনিধিং ভজেত, নাগত্ত সজ্জেৎ যত আত্মপাতঃ ম ভাগঃ ২।১।৩৯

সেই সভাস্তরপ আনন্দনিধি একমাত্র ভজনীয়। অন্তত্র আসক্ত হইবে না। কারণ, তাহা হইলে আত্মপাত হয়, অর্থাৎ সংসারে গতাগতি নিবৃত্ত হয় না।

ভাগ: ২।১।৩৯

একটু প্রণিধান করিলে বুঝ। যাইবে যে, শ্রীমদ্ ভাগবত ঠিক ছান্দোগ্য শ্রুতির অনুসরণ করিয়াছেন।

ভিত্তি:-

ছান্দোগ্য শ্রুতির পূর্বক্যতে উদ্ধৃত ৫।১০।৫ মন্ত্র।

সূত্র :-- ১৷২৷১৬

অতএব চ স বহা। ১।২।১৬ অতঃ + এব + চ + সঃ + বহা।

অতঃ:--এই হেতু। এব:-নিশ্চয়ই। চ:-ও। সঃ:-ভাহা, অর্থাৎ অক্ষিপুরুষ। ব্রহ্ম:-পরমাত্মা।

যে হেতু জন্মমরণভীত উপকোশলরপী জীবকে, স্থথ ব্রহ্ম, আকাশ ব্রহ্ম, যাহা স্থথ তাহাই আকাশ এবং যাহা আকাশ তাহাই স্থ্থ, এই প্রকার উপদেশ দিয়া তাঁহার উপাসনা করিবার জন্ত অক্ষিপুরুষের উপদেশ দিয়াছেন, অতত্রব অক্ষিপুরুষ ব্রহ্মই বটেন।

পূর্ব্ব পূর্ব্ব স্থতে যে সমৃদায় ভাগবতের শ্লোক উদ্ধৃত হইয়াছে, তাহাতে স্বষ্ট্ প্রতিপাদিত হইয়াছে যে, পরমাত্মাই উপাসনার জন্ম অক্ষিপুরুষরূপে শ্রুতিতে কথিত হইয়াছেন। এই সম্পর্কে ১৷২৷১৩ স্থত্র ব্যখ্যায় উদ্ধৃত ভাগবতের ২৷৪৷১১, ২৷৪৷১৪, ২৷৪৷১৬ শ্লোক, ১৷২৷১৪ স্থত্র ব্যাখ্যায় উদ্ধৃত ১১৷২২৷৩০, ১১৷২২৷৩১, ১১৷২৮৷৭ শ্লোক, ১৷২৷১৫ স্থত্র ব্যাখ্যায় উদ্ধৃত ২৷২৷৬, ২৷২৷৮, ২৷২৷৩১, ২৷১৷৩৯ শ্লোক দ্রস্টব্য ৷

উপাসনার্থ তিনি যোগমায়া দারা ক্লপধারণ করেন যাত।

স বাচ্যবাচকতয়া ভগবান্ ব্রহ্মরূপধৃক্।
নামরূপক্রিয়া ধত্তে সকর্মাকর্ম্মকঃ পরঃ । ভাগ: ২।১০।৩৫

সেই ভগবান্ ব্রহ্মদ্ধপ ধারণ করিয়া বাচকত্বরূপে নাম ও বাচ্যত্ব রূপে রূপ ও ক্রিয়া সৃষ্টি করেন। যদিও বাস্তবিক তাঁহার কোনও কর্ম নাই, তথাচ মায়ার দারা সকর্মা ন্যায়, অর্থাৎ বহুব্যাপার বিশিষ্টের ন্যায়, হইয়া থাকেন। ভাগ: ২।১০।৩৫

উপাসণার্থ ই তিনি অক্ষিপুরুষাদি নাম ও রূপ ধারণ করেন মাত্র। কিন্তু বস্তুতঃ তিনি নামরূপের অতীত, উপলব্ধি শ্বরূপ মানে। যত্তং বিশুদ্ধামূভবমাত্রমেকং, স্বতেজসাধ্বস্ত গুণ ব্যবস্থম্। প্রত্যক্ প্রশান্তং স্থৃধিয়োপলস্তনং, হ্যনামরূপং নিরহং প্রপত্তে। ভাগঃ ৫।১৯৩

আমরা সেই পরমাত্মা স্বরূপ রামচন্দ্রের শরণাপর হইলাম। তিনি সঙ্গাতীয় বিদ্ধাতীয় ভেদ রহিত, এক অদ্বিতীয়, বিশুদ্ধ অফুভব তাঁহার স্বরূপ, তিনি প্রশান্ত, তাঁহার স্বতঃসিদ্ধ জ্ঞানের দ্বারা জাগ্রাদাদি বিবিধ অবস্থা তাঁহাতে বিনম্ভ হইয়াছে, তিনি দৃশ্য হইতে ভিন্ন। এজন্য প্রত্যক্ষরূপ, নাম ও রূপ বৃহ্লিত, নিরহন্বার, কেবল শুদ্ধ চিত্ত দ্বারা উপলত্য। ভাগঃ ৫।১৯।৩

শিষর ভাষে মধ্বভাষে ও বল্লভাচার্যা কৃত অণুভাষে ও শ্রীমদ্ বলদেব বিভাস্থন কৃত গোবিন্দভাষে এই স্ত্রটি গৃহীত হয় নাই। মাত্র রামানুজাচার্য্য এই স্ত্রটি গ্রহণ করিয়াছেন।

ভিভি:

"অথ যতু চৈবাস্মিন্ শবাং কুর্বন্তি যদি চ নাচিষমেবাভিসংভবন্তি, অচিবো অহরহঃ আপ্র্যামাণ পক্ষংচন্দ্রমসো বিষ্ঠাতং তৎ পুরুষোহ-মানবঃ স এনান্ ব্রহ্ম গময়তি।" (ছান্দোগ্যঃ ৪।১৫।৫)

মৃত্যুর পর যদি উহার দাহাদি ক্রিয়া কৃত হয়, অথবা নাও হয়, তথাপি তিনি অচি প্রাপ্ত হন। অচি হইতে অহ:, অহ: হইতে শুকু পক্ষ · · · চন্দ্র হইতে বিতাৎকে প্রাপ্ত হন। তারপর প্রসিদ্ধ অমানব পুরুষ আসিয়া তাঁহাকে ব্রন্ধলোকে লইয়া যান।

সূত্র :—১।২।১৭

শ্রুতাপনিষৎক—গত্যভিধানাচ্চ।। ১।২।১৭ শ্রুতোপনিষৎক + গতি + অভিধানাৎ + চ।

শ্রুতাপনিষৎক :—যে লোক উপনিষদের তত্ত্ব অবগত আছে, তাহার।
গতি:—লোক প্রাপ্তি। অভিধানাৎ:—কথন হেতু। চ:—ও।

উপনিষৎ অর্থাৎ ব্রহ্মত থবিদ্গণের গতি বিহিত আছে ষে, অক্ষি পুরুষাভিজ্ঞ-দিগের পক্ষে সেই গতিই উক্ত হওয়ায়, অক্ষি পুরুষ ব্রহ্মই।

শ্রীমদ্ ভাগবতে ক্রমমৃত্তি, অর্চিরাদি পথে ব্রন্ধলোক পর্যন্ত গতি, ২।২।২২ শ্লোক হইতে ২।২।২৭ শ্লোক পর্যান্ত কথিত হইয়াছে।

যদি প্রযান্তন্ নূপ পারমেষ্ঠাং, বৈহায়সানামূত যদিহারম্।
অষ্টাধিপত্যং গুণসন্নিবায়ে, সহৈব গচ্ছন্দ্রনেমন্দ্রিয়েশ্চ।।

ভাগঃ ২৷২৷২২

বৈশ্বানরং যাতি বিহায়সা গতঃ, স্থ্যুমুয়া ব্রহ্মপথেন শোচিষা। ভাগঃ ২।২।২৪

ক্রমশঃ তিনি ব্রন্ধলোকে গমন করেন।
নির্যাতি সিদ্ধেশ্বরজুষ্টবিষ্ণ্যং, যদৈবপরার্দ্ধ্যং তত্তপারমেষ্ঠ্যম্।।
ভাগঃ ২।২।২৬

হে নৃপ । যদি সভোম্কি লাভের অভিলাষ না থাকে, অর্থাৎ যদি ব্রহ্মপদ
বা সিদ্ধগণের বিহার স্থান, অণিমাদি অত্তৈশ্র্য্য কিম্বা সর্ব্বত্তাধিপভ্যলাভের

আকাজ্ঞা হয়, তাহা হইলে, দেহত্যাগ সময়ে, মনঃ এবং ইন্দ্রিয় সকল পরিত্যাগ না করিয়া তত্তনোক লাভার্থ ঐ সকলের সহিত প্রাণবায়্র নির্গম করিতে হইবে। ভাগঃ ২।২।২২

দেহান্তে আকাশ পথে গমন করতঃ ব্রহ্মলোকপথস্বরূপা জ্যোতির্ময়ী স্ব্যুম্বা-নাড়ী যোগে, অগ্যভিমানিনী দেবতার নিকট যান। ভাগঃ ২।২।২৪

অনস্তর তিনি ব্রন্ধলোকে গমন কল্পেন, উহা দিপরান্ধস্থায়ী, এবং সেথানে দিদ্ধেশ্বদিগের সেবিত ভূরি ভূরি বিমান আছে। ভাগঃ ২।২।২৬

ভাগবতে অক্ষিপুরুষ ও প্রমপুরুষ—পরমাত্মা বা ভগবান্—ইহাদের উপাসনায় কোনও প্রকার ভেদ কথিত হয় নাই। অক্ষিপুরুষই ভগবান্। উপাসনা সৌকর্যার্থ নামরূপহীন পরমত্ত্ব নামরূপ অস্বীকার করেন মাত্র, তাহা ভক্তের কল্যাণ বিধানের জন্ম। স্কৃত্রাং গ্রিড দর্ব্বাবিধ ভগবহুপাসনায় একই প্রকার, ইহা বুঝাইবার জন্ম—উপরে ভাগবতের শ্লোক কয়টি উদ্ধৃত হইয়াছে।

সংশয় ঃ---

যে অক্ষিপুরুষ চক্ষতে দৃষ্ট হয়; তাহা ত জীব হইতে পারে,—অথবা চক্ষুতে প্তিত ছায়া বা প্রতিবিশ্ব হইতে পারে, কিংবা স্থ্যদেব বা তৎপ্রতিবিশ্বও হইতে পারে। অক্ষিপুরুষ যে ব্রহ্মই হইবেন, তাহা ত মনে হয় না। এই সংশ্যের —উত্তরে স্ত্র।

সূত্র ঃ—১।২।১৮

অনবস্থিতেরসম্ভবাচ্চ নেতর: ।। ১।২।১৮ অনবস্থিতে 🕂 অসম্ভবাৎ 🕂 চ 🕂 ন 🕂 ইতর

অনবস্থিতে: — ছায়া প্রভৃতির চক্ষ্তে অবস্থানের নিয়ম না থাকায়। অসম্ভবাৎ: —সম্ভবনার ও অভাব হেতৃ। চঃ—ও। নঃ—না। ইভরঃ: — অপর, জীব বা ছায়া বা সূর্যা।

বিধ না থাকিলে প্রতিবিধ হয় না, অতএব বিধ ব্যতিরেকে শুধু ছায়ার সর্বসময় চক্ষতে অবস্থান সম্ভব নহে। জীব, চক্ষর ন্যায় অন্যান্য ইন্দ্রিরগণেরও ভোক্তা, স্থতরাং অন্য ইন্দ্রিয় পরিত্যাণ করিয়া, সর্বানা চক্ষতে অবস্থান, তাহার পক্ষে সম্ভব হয় না। স্থাদেব রশ্মি দ্বারা চক্ষ্রত আছেন, এই শ্রুতিতে ব্রিতে হইবে যে, স্থাদেব রশ্মি দ্বারা চক্ষ্র পরিচালনা করেন, তাহার পক্ষে চক্ষ্যতে সর্বানা অবস্থান সম্ভব নহে। বিশেষত ইহাদের কাহারও নিরুপাধিক অমৃতত্ব, অভয়ত্ব—সম্ভবপর হয় না; অতএব ব্রহ্মই অক্ষিপুরুষ।

ছায়া প্রত্যাহ্বয়াভাসা হৃসস্থেতিপার্থ কারিণঃ।

এবং দেহাদয়োভাবা যচ্ছন্ত্যামৃত্যুতো ভয়ম্।। ভাগঃ ১১:২৮।৫

আয়ৈব তদিদং বিশ্বং স্পজ্যতে স্জতি প্রভূঃ।

ত্রায়তে ত্রাতি বিশ্বাত্মা হিয়তে হরতীশ্বরঃ।। ভাগঃ ১১।২৮।৬

তত্মান্ন হ্যাত্মনোহক্তস্মাদক্যোভাবো নিরূপিতঃ।

নিরূপিতেয়ং ত্রিবিধা নির্মালা ভাতিরাত্মনি।। ভাগঃ ১১।২৮।৭

১।১।২০ স্ত্রের আলোচনায় ইহাদের সরলার্থ দেওয়া হইয়াছে।

উপরে উদ্ধৃত ১১।২৮।৫ শ্লেকে, 'ছায়া' অসৎ বলা হইয়াছে। স্বতরাং

ছায়া ত অক্ষিপ্রুষ নহেই।

জীব, হৃদয়ে অবস্থিত, তাহা স্ত্রকার ২।৩।২৫ স্ত্রে প্রতিপাদন করিবে না। দেই স্ত্র আলোচনার সময় উহা আলোচনা করা হইবে। জীব যে অক্ষিপুরুষ, ইহার পোষক শ্রুতি প্রমান নাই। অতএব জীব, অক্ষিপুরুষ নহেন।

অধিষ্ঠাতা দেবতাও অক্ষিপুরুষ নহেন। শ্রীমদ্ ভাগবতের তাইভাৎণ শ্লোকে ইহা বিশদরূপে প্রতিপাদিত হইয়াছে, যে অধিষ্ঠাতা দেবতাগণ স্ব স্থ বিশ্লয়গণে অধিষ্ঠান করিলেও, বিরাট বা সমষ্টি জীবের বাহ্ডজান হইল না, সর্বদেষে, যথন প্রমাত্মা ক্ষেত্রজ্ঞ রূপে তাহাতে অফুপ্রবেশ করিলেন, তথনই বিরাটের বাহ্ডজান হইল। অত এব অধিষ্ঠাতা দেবতাগণ, ক্ষেত্রজ্ঞের নিয়স্ত্র্ট্টে নিম্নে উদ্ধৃত হইল। ইন্দ্রিয়গণকে চালনা করিতে সমর্থ হন। শ্লোকটি নিম্নে উদ্ধৃত হইল।

এতেহ্নভূত্তিত। দেবা নৈবাস্যোত্থাপনেহশকন্।
পুনরাবিবিশুঃ খানি তমুত্থাপয়িতৃং ক্রমাৎ।
বিচ্নবাঁচা মুখাং ভেজে নোদতিষ্ঠত্তদা বিরাট্।
আন্দেন নাসিকে বায়ু নোদতিষ্ঠত্তদা বিরাট্।
অক্রিণী চমুষাদিত্যো নোদতিষ্ঠত্তদা বিরাট্।
আাত্রেণ কর্ণে চি দিশো নোদতিষ্ঠত্তদা বিরাট্।
হচং রোমভিরোষধ্যো নোদতিষ্ঠত্ততো বিরাট্।
রেতসা শিশ্মমাপস্ত নোদতিষ্ঠত্ততো বিরাট্।
গুদং মৃত্যুরপানেন নোদতিষ্ঠত্তদা বিরাট্।
হস্তাবিজ্ঞো বলেনৈব নোদতিষ্ঠত্তদা বিরাট্।

বিষ্ণুর্গতাৈব চরণো নোদভিষ্ঠত্তদা বিরাট্।
নারীর্নতাে লহিতেন নোদভিষ্ঠত্তদা বিরাট্।
ক্ষুত্ত্ভামুদরং সিম্ধুর্নোদভিষ্ঠত্তদা বিরাট্।
ক্ষাের মনসা চন্দ্রো নোদভিষ্ঠত্তদা বিরাট্।
বৃদ্ধাা ব্রন্ধাপি হৃদয়ং নোদভিষ্ঠত্তদা বিরাট্।
ক্রোেহভিমতা৷ হৃদয়ং নোদভিষ্ঠত্তদা বিরাট্।
চিত্তেন হৃদয়ং চৈতাঃ ক্ষেত্রজ্ঞঃ প্রাবিশদ্ যদা।
বিরাট্ তদৈব পুরুষঃ সলিলাহদভিষ্ঠত। ভাগঃ ৩।২৬।৫৭

এই সকল দেবতা আবিভূ ত হইয়াও বিরাট পুরুষকে উত্থাপন করিতে, অর্থাৎ সচেতন ক্রিয়াশীল করিতে, সমর্থ হইল না। তথন তাঁহারা পুনর্বার স্ব স্ব ইন্দ্রিয় রেন্দ্রে প্রবিষ্ট হইলেন। বহি বাগিন্দ্রিয় বারা মৃথে, বায়ু দ্রাণ বারা নাসিকায়, আদিত্য দর্শনেন্দ্রিয় বারা চক্ষুগোলকে, দিক্ সকল শ্রবণেন্দ্রিয় বারা কর্ণে, ওম্বিরা বারা ত্বেক, জল শিশ্ব বারা রেতঃতে, মৃত্যু অপান বারা পায়ুতে, ইন্দ্র বলসহ হস্তে, বিষ্ণু গতিসহ চরণে, নদীসকল রক্তবারা নাড়ীতে, সমৃদ্র ক্ষুধাতৃষ্ণা বারা উদরে, চন্দ্র মন বারা হদয়ে, ত্রন্মা বৃদ্ধি বারা হদয়ে, রুদ্র অহন্ধার বারা হদয়ে প্রবেশ করিলেও, বিরাট উথিত হইলেন না। বথন শেষে ক্ষেত্রক্ত বাস্থদেব চিত্ত বারা হদয়ে প্রবেশ করিলেন, তথনই বিরাট পুরুষ সলিল হইতে উথিত হইলেন, অর্থাৎ ক্রিয়াশীল হইলেন। ভাগঃ ৩২৬।৫৭

যদি স্থা, অর্থাৎ অধিষ্ঠাতা দেবতা, অক্ষিপুরুষ হইতেন, তাহা হইলে উপরে উদ্ধৃত এ২৬।৫৭ শ্লোক অনুসারে তিনি যথন চক্ষুতে প্রবেশ করিলেন, তথনই ত দর্শন ক্রিয়া হইতে পারিত। কিন্তু যতক্ষন না পরমাত্মা ক্ষেত্রজ্ঞ রূপে অন্তরে প্রবেশ করিলেন, ততক্ষণ বিরাটের বাহ্যজ্ঞান, অর্থাৎ দর্শন জ্ঞান হইল না। অন্তান্ত ইন্দ্রিয় সম্বন্ধেও তাই। অতএব পরমাত্মাই অক্ষিপুরুষ। তিনি আধ্যাত্মিক, আধিদৈবিক, আধিভৌতিক সকলের নিয়ন্তা। ইহা বিশেষ ভাবে প্রতিপাদন করিবার জন্ত পরের স্ত্র, পৃজ্ঞাপাদ ভগবান্ বাদরায়ণ সন্নিবেশ করিয়াছেন। শ্রীমদ্ ভাগবতে বহু শ্লোক সাক্ষাৎভাবে প্রতিপাদন করিয়াছে যে, ইন্দ্রিয়ণণ, প্রাণ, মন, হৃদয় প্রভৃতি জীবের সমৃদায় করণগ্রাম পরমাত্মার আরাই নিয়্মিত্রও ও স্ব স্ব কার্য্যে চালিত হয়। কয়েকটি শ্লোক নিম্নে উদ্ধৃত হইল।

স্থিত্যন্তবপ্রান্তত্রহেত্রস্ত, যং স্বপ্ন জাগরস্ত্য্প্রিষু সদ্বহিশ্চ। দেহেন্দ্রিয়াস্ত্রদয়ানি চরন্তি যেন, সংজীবিতানি তদবেহি পরং

নরেন্দ্র।। ভাগঃ ১১।৩।৩৬

১।১।২ স্থত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। এষ স্বয়ং জ্যোতিরজোহপ্রমেয়ো, মহামুভূতি: সকলানুভূতি:। একোহদ্বিতীয়ো বচসাং বিরামে, যেনেষিতা বাগসব*চরস্থি।।

ভাগঃ ১১।২৮।৩৬

১।১।১ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। ভূতমাত্রেন্দ্রিয়প্রাণমনোবৃদ্ধ্যাশয়াত্মনে। ভাগঃ ১০।১৬।৩৮ ত্বমকরণঃ স্বরাড়বিলকারকশক্তিধরঃ ···· ভাগঃ ১০।৮৭।২৪

করণ-সম্বন্ধ-রহিত এব অথিল-কারক-শক্তিধর:। অথিলানাং যানি কারকানি ইন্দ্রিয়ানি তেষাং শক্তিং ধারয়তি প্রবর্ত্তয়তীতি। (শ্রীধর)।

আপনি ভূত, পঞ্চ তন্মাত্র, ইন্দ্রিয়, প্রাণ, মন, বৃদ্ধি, চিত্ত সম্দায় স্বরূপ।
ভাগঃ ১০১৬।৩৮

আপনি নিজে ইন্দ্রিয় রহিত হইয়াও, অথিলম্ব প্রাণিগণের ইন্দ্রিয়গণের নিয়ন্তা ও প্রবর্ত্তক। ভাগঃ ১০৮৭।২৪

আর অধিক শ্লোক উদ্ধার করিবার প্রয়োজন নাই। অতএব, সিদ্ধ হুইল যে, অক্ষিপুরুষ পরমাত্মাই।

৪। অন্তর্য্যাম্যধিকরণ।।

ভিত্তি:--

'যঃ পৃথিব্যাং তিষ্ঠন্ পৃথিব্যা অন্তরো যং পৃথিবী ন বেদ, যস্ত পৃথিবী শরীরং, যঃ পৃথিবীমন্তরো যময়তোষ ত

আত্মাহন্তর্যাম্যমূতঃ॥" বৃহঃ ৩।৭।৩

এই প্রকারে পৃথিবী হইতে আরম্ভ করিয়া, অপ,, অগ্নি, অন্তরীক্ষ, বায়্, দৌঃ, আদিতা, দিক্, চন্দ্র, তারকা, তমঃ, তেজঃ, সর্বভৃত, প্রাণ, বাক্, চন্দু, শ্রোত্র, মন, ত্বক্, বিজ্ঞান ও শুক্রের উল্লেখ করিয়া, যিনি ইহাদের সকলের অন্তরে অবস্থিত, অথচ উহাদের হইতে পৃথক্, অথচ, ইহারা কেহই যাহাকে জানে না, এবং ইহারাই যাহার শরীর, তিনি তোমার অন্তর্য্যামী অমৃত স্বরূপ আত্মা, এই প্রকার উপদেশ উল্লিখিত আছে। বৃহদারণ্যক ৩।৭।৩-২৩

সংশয় ঃ—

এখানে সন্দেহ হইতে পারে যে, এই যে অন্তর্য্যামী আত্মার কথা বলা হইল, তিনি জীব না পরমাত্মা। এই সংশয় নিরাকরণের জন্ম স্ত্রকার পর স্ত্র সন্নিবেশ করিলেন।

সূত্র ঃ—১।২।১৯

অন্তর্য্যাম্যধিদৈবাধিলোকাদিয়ু তদ্ধর্মব্যপদেশা ।। ভাগঃ ১।২।১৯ অন্তর্য্যামী + অধিদৈবাধিলোকাদিয়ু + তদ্ধর্ম + ব্যপদেশা ।

অন্তর্য্যামী:—অন্তর্গ্যামী শব্দের অর্থ পরমাত্মা। অধিদৈবাধিলোকাদিযু:
—অধিদৈব ও আধলোক প্রভৃতিতে। ভদ্ধমা:—তাহার অর্থাৎ পরমাত্মার ধর্ম্মের । ব্যপদেশাৎ:—নির্দ্দেশ হেতৃ।

বৃহদারণ্যক অন্তর্য্যামী রান্ধণে (৩)৭) উদ্দালক প্রশ্নে (৩)৭।১) জিজ্ঞাসা করা হইয়াছে:—"ভমন্তর্য্যামিনং য ইমং চ লোকং পরং চ লোকং সর্ব্যামি ভূতানি যোহন্তরো সময়ভীতি।" (বৃহ: ৩)৭।১)। যিনি অন্তরে থাকিয়া ইহলোক, পরলোক ও সমস্ত ভূতকে নিয়ন্ত্রিত করেন, তাঁহার বিষয় বলুন। ইহার উত্তরে যাজ্ঞাবন্ধ বৃহদারণাকের ৩)৭।০ হইতে ৩)৭।২০ মন্ত্র পয়স্ত অন্তর্মামী বিষয় বলিয়াছেন, এবং প্রত্যেক মস্ত্রেই তিনি তোমার অমৃত স্বরূপ আত্মা বলিয়া নির্দেশ করিয়াছেন। এই প্রকার সর্ব্যনিয়ন্তর্ত্ত, পরমাত্মা ভিন্ন আর কাহারও পক্ষে সম্ভব হয় না। বিশেষতঃ উক্ত শ্রুতির এক শাধায় যিনি "আত্মায়

আছেন, আত্মা থাঁহাকে জানে না, আত্মা থাঁহার শরীর" ইত্যাদি পাঠও আছে। অতএব অন্তর্থ্যামী পরমাত্মাই।

যাজবন্ধার উত্তরে পর্যাক্রমে, সমস্ত লোককে, সমস্ত ভূতকে, সমস্ত দেবতাকে নিয়মন করিবার কথা বলা হইয়াছে। ইহা জীবের পক্ষে সম্ভব নহে। অতএব অন্তর্যামী পরমাত্মাই। এক প্রমাত্মাই অধিদৈব রূপে, অন্তর্যামী বা অধিযক্ত রূপে (গীঃ ৮।৪) এবং অধিলোক বা অধিভূত রূপে, (গীঃ ৮।৪) জগদ্বৈচিত্র্যা বিধান করিতেছেন। ইহা আমরা প্রতিদিন আমাদের দৈনিক জীবনে অন্থধাবন করিতে পারি। স্থ্যমণ্ডল হইতে বিচ্ছুরিত কিরণ প্রবাহ, যাহা পৃথিবীর জীব উদ্ভিদের জন্ম, স্থিতি, বৃদ্ধি, প্রাণন ব্যাপারাদির মূলে তাহাই সবিতৃ—মণ্ডল মধ্যবর্তী অধিদৈব ভর্গ বা নারায়ণাথ্য পুরুষ—তাহারই অধিভূতাভিব্যক্তি ভূল প্রপঞ্চ জগৎ এবং উক্ত পুরুষেরই অধিযক্তাভিব্যক্তি প্রত্যেক ব্যস্তি জীবাত্মা। এ প্রসঙ্গে উশোপনিষদের ১৬ মন্ত্রে দৃষ্টি আবর্ষণ করিতেছি। উক্ত মন্ত্র মং-প্রণীত "গায়ন্ত্রী রহস্তু" পুস্তকে ১৭৬ পৃষ্ঠায় উদ্ধৃত হইয়াছে। উক্ত মন্ত্র হইতে স্পষ্ট উপলব্ধ হইবে যে, সবিতৃমণ্ডলমধ্যবর্তী ভর্গাথ্য পুরুষ ও উপাসকের আত্মা অভেদ।

তিনিই অন্তর্গ্যামী রূপে শরীরধারিগণের প্রতি হৃদয়ে প্রবেশ করিয়া, বহুরূপে প্রতীয়মান হন। ভাগঃ ১।১।৩৯

তমিমমহমজং শরীরভাজাং, হৃদি হৃদি ধিষ্টিতমাত্মকল্লিতানাম্। প্রতিদৃশমিব নৈকধার্কমেকং, সমধিগতোহস্মি বিধূতভেদমোহঃ॥ ভাগঃ ১৷৯৷৩৯

১০০০ করের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়ছে।
ভগবন্ সর্ববভূতানামধ্যক্ষোহবস্থিতো গুহাম্।
বেদ গুপ্রতিরুদ্ধেন প্রজ্ঞানেন চিকীষির্তম্।। ভাগঃ ২০০০ হে
১০০০ প্রতের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়ছে।
বোহধ্যাত্মিকোহয়ং পুরুষঃ সোহসাবেবাধিদৈবিকঃ।
বস্তব্যোভয়বিচেছুদঃ পুরুষো গ্রাধিভৌতিকঃ।। ভাগঃ ২০০০ ১০০৮
১০০০ ইহার অর্থ দেওয়া হইয়ছে।
একো নানাত্মমিছিন্ন যোগতল্পাৎ সমুখিতঃ।
বীধ্যঃ হিরয়য়ং দেবো মায়য়া ব্যস্জ্বলিধা।
অধিদৈবম্পাধ্যাত্মমিপ্তৃতমিতি প্রভূঃ।
অধিকং পৌরুষং বীধ্যঃ ত্রিধা ভিত্তত তচ্চ্বূ।। ভাগঃ ২০০০ ১০০০

যিনি চক্ষাদি করণাভিমানী দ্রষ্টা জীব স্বরূপ আধ্যাত্মিক পুরুষ, তিনিই আধিদৈবিক, অর্থাৎ চক্ষ্যাদি ইন্দ্রিয়গণের স্থ্যাদিরূপ অধিষ্ঠাতা। আর ঐ উভয় ভিন্ন চক্ষ্য গোলকাদি বিশিষ্ট যে দৃষ্ঠা, তাহাকে পুরুষের অর্থাৎ পুরুষরূপ জীবের উপাধি জানিবে। ভাগা ২০০৮

এক অদ্বিতীয় পরমেশ্বর যোগরূপ শ্যা। হইতে উত্থানের পর বহু হইতে ইচ্ছা করিয়া, মায়া দারা হিরন্ময় অর্থাৎ প্রকাশবহুল চিদাভাসরূপ ভোক্তৃত্ব শক্তিকে আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক ভেদে তিন ভাগ করিলেন। ভাগঃ ২১১০১৩

কালসংজ্ঞাং তদা দেবীং বিজ্ঞচ্ছক্তিমুক্তক্রমঃ।

ত্রয়োবিংশতি তত্ত্বানাং গণং যুগপদাবিশং॥ ভাগঃ এ৬।২

অন্তর্যামিতয়া প্রাবিশং। শ্রীধর।

১৷১৷২ স্ত্রের আলোচনায় ইহার অর্থ দেওয়া হইয়াছে :

স বৈ বিশ্বস্থজাং গৰ্ট্ডো দৈবকর্মাত্মশক্তিমান্। বিবভাজাত্মনাত্মানমেকধা দশধা ত্রিধা ॥ ভাগঃ ৩।৬।৭ সাধাত্ম সাধিদৈবশ্চ সাধিভূত ইতি ব্রিধা ॥ ভাগঃ ৩।৬।৯

সেই মহদাদি বিশ্ব কৃষ্টিকারী তত্ত্ব সকলের কার্য স্বরূপ গর্ভ অর্থাৎ বিরাট্, জ্ঞান শক্তি, ক্রিয়াশক্তি ও আত্মশক্তি বিশিষ্ট হইয়া, এক, দশ ও তিন প্রকারে বিভক্ত হইল অর্থাৎ, জ্ঞানশক্তি দ্বারা হৃদয়াবচ্ছিন্ন চৈতন্যরূপে একপ্রকার, ক্রিয়াশক্তি দ্বারা প্রাণরূপে দশ প্রকার, এবং আত্মশক্তি বা ভোকৃত্ব-শক্তিরূপে, অধ্যাত্ম, অধিদৈব ও অধিভৃত ভেদে তিন প্রকারে, বিভক্ত হইল। ভাগঃ ৩৬।৭ ও ৩।৬)১।

স এব হি পুনঃ সর্ববস্তুনি বস্তুষরূপঃ সর্বেশ্বরঃ। সকলজগৎকারণ কারণভূতঃ সর্ব্বপ্রত্যাগ্নাত্মভাৎ····· ভাগঃ ৬।১।৩৫

সর্ববপ্রতাগাত্মতাৎ—সর্বজীবান্তর্য্যামিতাং। (এ) ধর)

তিনিই সম্দায় বস্তুতে বস্তুষরুপ, তিনি সর্বেশ্বর, সকল জগতের কারণ—
সম্হের মূল কারণ এবং সম্দার জীবের অন্তর্ধ্যামী।

ষাং যোগিনো যজস্তাদ্ধা মহাপুরুষমীশ্বরম্। সাধ্যাত্মং সাধিভূতক সাধিদৈবক সাধবঃ॥ ভাগঃ ১০।৪০।৪ সাধুগণ ও যোগিগণ মহাপুরুষ ঈশ্বর স্বরূপ ভোমাকেই সাধ্যাত্ম, সাধিভৃত ও সাধিদৈব বলিয়া সর্বাদা উপাসনা করেন। ভাগঃ ১০1৪০1৪

> বিজ্ঞানমেত জ্রিয়বস্থমঙ্গ, গুণত্ত্বয়ং কারণকার্য্যকর্ত্ত্ব। সমন্বরেন ব্যতিরেকতশ্চ থেনৈব তুর্যোণ তদেব সত্যম্॥

> > ভাগঃ ১১।২৮।২১

কারণকার্য্যকর্ত্ত্ কারণমধ্যাত্মং, কার্য্যেমধিভূতং কর্ত্ত্ অধিদৈবং।
(শ্রীধর)

বিজ্ঞান (বা জীব চৈতন্ত) ও জাগ্রদাদি অবস্থাত্রয় এবং তাহাদের কারণভূত গুণত্রয় এবং কার্যা, কারণ ও কর্তা, অর্থাৎ, অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈব এই সমৃদায় যে ভূরীয় চৈতন্তের অন্বয় ও ব্যতিরেক মৃথে সিদ্ধ হয়, তাহাই সত্য পদার্থ। ভাগঃ ১১।২৮।২১

পূর্ব্ববর্তী দূত্র (১।২।১৮) আলোচনায় প্রতিপাদিত হইয়াছে যে, পরমাত্মা অন্তর্য্যামী ক্ষেত্রজ্ঞ রূপে হৃদয়ে প্রবেশ করিলে, তবেই বিরাটের বাহজ্ঞান হইল। অতএব অন্তর্যামী, অধিদৈব ও অধিলোক সম্দায়ই পরমাত্মা।

হিত্তি:-

- ১। অপ্রতর্কামবিজ্ঞেয়ং প্রস্থৃস্থামিব সর্ববতঃ। মনু। অতর্কনীয়, অজ্ঞেয় ও সর্বত্ত প্রস্থপ্রের ভায়।
- ২। অদৃষ্টো দ্রষ্টা, অশ্রুত: শ্রোতা, অমতো মন্ত্রণ অবিজ্ঞাতো বিজ্ঞাতা, নান্সোহতোহস্তি দ্রষ্টা, নান্সোহতোহস্তি শ্রোতা, নান্সোহতোহস্তি মন্তা, নান্সোহতোহস্তি বিজ্ঞাতা, এষ ত আত্মাহন্তর্য্যামামৃত।

বৃহদারণ্যকঃ ৩।৭।২৩

তাঁহাকে কেহ দেখিতে পায় না, কিন্তু তিনি সকলকে দেখিয়া থাকেন, তাঁহাকে কেহ শুনিতে পায় না, কিন্তু তিনি সকলকে শুনিতে পান, তাঁহাকে কেহ মনে চিন্তা করিতে পারে না, কিন্তু তিনি সকলকে চিন্তা করেন, তাঁহাকে কেহ জানে না, কিন্তু তিনি সকলকে জানেন। তিনি ভিন্ন আর কেহ দ্রুটা নাই, তিনি ভিন্ন আর কেহ শ্রোতা নাই, তিনি ভিন্ন আর কেহ মন্তা নাই, তিনি ভিন্ন আর কেহ বিজ্ঞাতা নাই। তিনিই তোমার অন্তর্থ্যামী অমৃত স্বরূপ আআ। বৃহ: ৩৭।২০

সংশয়:—শিরোদেশে মরু শ্বতি হইতে যে শ্লোকার্দ্ধ উদ্ধৃত হইয়াছে, তাহাতে স্পষ্ট বুঝা যায় যে, প্রকৃতিই অতর্কনীয়; অজ্ঞেয় তত্ত্ব। সেই প্রকৃতিই অন্তর্গামী হউক না। এই সংশয় নিরসনের জন্ম সূত্র।

मृत ३-)।२।२०

ন চ স্মান্ত মতদ্বর্মাভিলাপাচ্ছারীর হ ।। ১।২।২০ ন + চ + স্মান্ত ং + অতদ্বর্ম + অভিলাপাৎ + শারীরঃ + চ।

ন:—না। চ:—ও। স্মার্ত্তং:—প্রকতি। অভদ্ধর্মঃ—যে সমস্ত ধর্ম—তাহাদের নয়, সেই সম্দায় ধর্মের। অভিলাপাৎ:—উল্লেখ হেতু। শারীরঃ:—জীব। চ:—ও।

শ্রুতিতে অন্বক্ত এবং শ্বৃতিতে কথিত প্রকৃতি, বা জীব অন্তর্য্যামী নহে, কেননা সর্বজ্ঞত্ব সর্ব্বেশ্বরত্ব যে সম্দায় ধর্মে উল্লেখ আছে, তাহা পরমাত্মারই সম্ভব, জীবে বা প্রকৃতিতে সম্ভব নয়। পূর্ববর্তী স্তবে উদ্ধৃত বৃহদারণ্যক শ্রুতির অন্তর্য্যামী ব্রাহ্মণের প্রতি সক্ষ্য রাখিয়া এই স্ত্রে রচিত হইয়াছে। (বিশেষত) শিরোদ্ধত বৃহদারণ্যক শ্রুতির ৩।৭।২০ মন্ত্রে অন্তর্য্যামী আত্মার যে সম্দায় ধর্ম কথিত হইয়াছে, তাহা প্রকৃতিতে প্রযোজ্য নহে।

শ্রুতিতে, বেদান্তে এবং দেই কারণে শ্রীমদ্ভাগবতে (যাহা সর্বতোভাবে শ্রুতির অনুসরণ করেন) প্রকৃতি বা মায়া ব্রহ্মশক্তি বলিয়া দিদ্ধান্ত। প্রকৃতি ভগবানের সংকল্প বশতঃ জড়া চৈতন্তের ঈক্ষণেই কার্য্যশীলা হইয়া থাকেন, ইহা পূর্বপাদে বিশদ্রূপে প্রতিপাদিত হইয়াছে। স্থতরাং প্রকৃতি অন্তর্যামী হইতে পারে না। জীব ও পরমাত্মা ধারা নিয়ন্ত্রিত। স্থতরাং জীব ও স্বতন্ত্রভাবে অন্তর্যামী হইতে পারে না।

পরমাত্মার অন্তগ্রহে, জীব, প্রকৃতি প্রভৃতির অস্তিত্ব; এবং তাঁহার উপেক্ষায় উহাদের কার্য্যক্ষমত্ব থাকে না, অপদার্থের ন্যায় থাকে।

দ্রবং কর্ম্ম চ কাল*চ স্বভাবো জীব এবচ।

যদনুগ্রহতঃ সন্তি ন সন্তি যতুপেক্ষয়া।। ভাগঃ ২।১০।১২

দ্রব্য অর্থাৎ পৃথিব্যাদি উপাদান, কর্ম (জীবাদৃষ্ট), কাল, স্বভাব—ইভ্যাদি নিমিত্ত সকল, এবং জীব—(ভোক্তা) ঘাঁহার অন্তগ্রহে কার্য্যক্ষম হয়, এবং ঘাঁহার উপেক্ষায় উহারা অপদার্থ, অক্ষম বা অজ্ঞানের ন্যায় থাকে।

ভাগঃ ২।১০।১২

জ্বং কর্ম্ম চ কাল**শ্চ স্বভাবো** জীব **এ**ব চ।

বাস্তুদেবাৎপরো ব্রহ্মণ, ন চান্ডোর্থোইস্তি তত্ত্বতঃ।। ভাগঃ ২।৫।১৪

হে ব্রহ্মণ! দ্রব্য—পৃথিব্যাদি উপাদান, কর্ম (জীবাদৃষ্ট), ক্ষোভক কাল, পরিণাম হেতুভূত স্বভাব, এবং ভোক্তা জীব, ইহাদের মধ্যে কেহই বাস্থদেব হইতে ভিন্ন নহে, কেননা, ইহারা কার্যরূপী এবং বাস্থদেব কারণ, কার্য্য কথনও কারণ হইতে ভিন্ন নহে। ভাগঃ ২।৫।১৪

মায়া বা প্রকৃতি তাঁহার সদাসদাত্মিকা শক্তি, এই শক্তি দারা তিমি স্পৃষ্টি করেন।

সা বা এতস্ত সংজ্ঞ গৈ সিদসদাত্মিকা।
মায়া নাম নহাভাগ যয়েদং নির্দ্মমে বিভু: ।। ভাঙ্গঃ এল।২৫
ায়া ক্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
কালং কর্ম্ম স্বভাবঞ্চ মায়েশো মায়য়া স্বয়া।
আত্মন্ যদৃচভ্যা প্রাপ্তং বিবৃত্যুক্সাদদে ।। ভাগঃ ২াল।২১

১।১।১৯ স্থত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইরাছে।

তিনি কুহকিনী মায়ার সমৃদায় কুহক অবগত আছেন, এজত কুহকিনী স্ত্রীর কুহক ধরা পড়িয়া গেলে, সে যেমন পুরুষের সম্ম্থে থাকিতে লজ্জা বোধ করে, মায়া ও তাঁহার সম্মূথে থাকিতে লজা পাইয়া থাকে। মন্দবৃদ্ধি ব্যক্তিগণ ইহা দারা বিমোহিত হইয়া, "আমি, আমার" ইত্যাকার বলিয়া থাকে ও বিবাদ করিয়া থাকে। ভাগঃ ২০০১৫

বিলজ্জমানয়া যস্ত স্থাতৃমীক্ষাপথেহমুয়া।
বিমোহিতা বিকখন্তে মমাহমিতি তুর্ষিয়ঃ ॥ ভাগঃ ২।৫।১৩
শব্দো ন যত্র পুরুকারকবান্ ক্রিয়ার্থো, মায়া পরৈত্যভিমুখে
বিলজ্জমানা। ভাগঃ ২।৭।৪৬

১৷১৷১ হুত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
মায়ার সাহচর্য্যে স্বস্টি করিলেও, তিনি স্বরূপে অপ্রচ্যুত থাকেন।
তং নঃ স্থ্রাণামসি সাম্বয়ানাং, কৃটস্ত আগুঃ পুরুষঃ পুরাণঃ ।
তং দেব শক্ত্যাং গুণকর্ম্মযোনৌ, রেতস্তজায়াং কবিমাদধেহজঃ॥
ভাগঃ এধা৪৮

মহদাদি স্তব করিতেছেন:—হে দেব! তুমি আমাদিগের ও আমাদিগের কার্যারদিগের কারণরূপ জনক, তুমি আছা, নির্বিকার, অধিষ্ঠাতা এবং পুরাতন পুরুষ। তুমিই সন্থাদি গুণের ও জন্মাদি নিমিত্ত কর্ম্মের কারণ স্বরূপা মায়াতে মহত্তত্ত্বরূপ বীর্যা আধান কর। ভাগঃ ৩/৫।৪৮

একঃ স্বয়ং সন্ জগভঃ সিম্পার্যা দ্বিতীয়য়াত্মপ্রথোগমামোয়য়ারা। স্বজ্ঞানঃ পাসি পুনগ্র'সিয়াসে, যথোর্ণনাভির্ভগবান্ স্বশক্তিভিঃ॥
ভাগঃ ৩।২১।১৮

১০১১৯ পত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। বিশ্বের স্থাট, স্থিতি, লয়, তাঁহার মায়া বিলাস মাত্র। শশ্বং স্বরূপমহসৈব নিপীতভেদমোহায় বোধধিষণায় নমঃ প্রস্মৈ। বিশ্বোদ্ভব স্থিতিলয়েষ্ নিমিত্তলীলারাসায় তে নম ইদং চকুম

ঈশ্বরায়।। ভাগঃ তা৯।১৪

হে ভগবন্ তোমার আত্মহৈতক্ত দারা নিরস্তর ভেদ মোহ নিরস্ত হয়।
জ্ঞানই তোমার স্বরূপ, তুমিই পরাৎপর। এই বিশের উৎপত্তি, স্থিতি ও লয়ের
নিমিত্ত যে মায়া, তাহাতে তুমি রাসবিলাস করিয়া থাক, তুমি সর্কেশ্বর,
তোমাকে নমস্বার করি। ভাগঃ ৩১১১৪

অভএব মায়া বা জীব অন্তৰ্য্যামী নহে, পরমাত্মাই অন্তর্য্যামী।

ভিভি:-

"যো বিজ্ঞানে তিষ্ঠন্ বিজ্ঞানাদন্তরো, যং বিজ্ঞানং ন বেদ। যস্য বিজ্ঞানং শরীরং, যো বিজ্ঞানমন্তরো যময়ভায়ে ত

আত্মাহতর্ঘাম্যমৃতঃ ॥" বৃহঃ ৩।৭।২২ (কার শারী) । "য আত্মনি তিষ্ঠন্ আত্মনোহস্তরঃ, যমাত্মা ন বেদ, যস্যাত্মা শরীরং। য আত্মানমস্তরো যময়তি, স ত আত্মান্তর্ঘাম্যমৃতঃ ॥"

(মাধ্যন্দিন শাখী)।

সূত্র ঃ—১া২া২১

উভয়েহপি হি ভেদেনৈনমধীয়তে।। ১৷২৷২১ উভয়ে + অপি + হি + ভেদেন + এনং + অধীয়তে।

উভয়ে:—কাথ ও মাধ্যন্দিন উভয় সম্প্রদায় । অপি:—সম্চয়ে। হি:—
নিশ্চয়ে। তেদেন :—ভিন্নরূপে। এনং:—ইহাকে, জীবকে। অধীয়তে:—
পাঠ করিয়া থাকেন।

শিরোদেশে উদ্ধৃত কাথ ও মাধ্যন্দিন সমত পাঠপ্বয় হইতে প্রতীয়মান হইবে, যে প্রমাত্মা জীবের নিয়ন্তা রূপে কথিত হইয়াছেন। অতএব জীব তাঁহা হইতে পৃথক্। প্রমাত্মাই অন্তর্যামী।

সংযাক স্থানের আলোচনায় উদ্ধৃত শ্রীমদ্ ভাগবতের সামাক প্রের প্রাক্তির ক্রিয়া পরমাজাই শরীরধারী জীবগণে বিভিন্ন হৃদয়ে অন্তর্য্যামীরূপে প্রবিষ্ট হইয়া, বিভিন্নরূপে প্রতীয়মান হন।

তিনি সর্বভৃতে দয়া করিবার জন্ম প্রত্যেকের হৃদয়ে স্থহদ ও অন্তরাত্মারূপে অধিষ্ঠান করিয়া থাকেন।

যৎ সৰ্ব্বভূতদয়য়াসদলভায়ৈকো, নানাজনেম্বহিতঃ

স্থূজদন্তরাত্মা।। ভাগঃ ৩।৯।১২

তুমি সর্ববিপ্রাণীতেই দ্য়া বিস্তার করিয়া, প্রত্যেক জীবের হৃদয় মধ্যে স্থহদ্ ও অন্তরাজ্মা রূপে অধিষ্ঠান করিয়া থাক। তাহা হইলেও তোমার সাক্ষাৎ দয়া অভক্ত জনের অনায়াস লভ্য নহে। ভাগঃ থান।১২

সোহয়ং সমস্তব্ধগতাং সূক্রদেক আত্মা ···· ভাগঃ তানাইই এই ইনিই সমস্ত জগতের একমাত্র স্থকা ও আত্মা ··· । ভাগঃ তানাইহ তিনিই প্রমাত্মা, তিনি বাক্য মনের অতীত, তাঁহাকে প্রণতি ভিন্ন গতি নাই।

যতোহপ্রাপ্য অবত্তি বাচশ্চ মনদা সহ।
ভাইঞ্চান্ত ইমে দেবা স্তব্যৈ ভগবতে নমঃ।। ভাগঃ ৩।৬।৩৬

কদু বলিতেছেন, বাকা ও মন বাঁহাকে অবেশণ করিয়া প্রাপ্ত না হইয়া, নিবৃত্ত হইয়াছে, অধিক কি, অহংকারাধিছাতা কদু ও ইন্দ্রিয়াধিছাতা এই সকল দেবগণ এবং অপরেও, তাঁহার তত্ত্ব অবগত হইতে সমর্থ হন নাই। তাঁহাকে কেবল নমস্বার করি। ভাগঃ থাঙাওঙ

পূর্ব পত্রে ও এই পূর্বে শ্রীমন্ রামান্মজাচার্যোর শ্রীভাগ্য সম্মত পাঠ দেওয়া হইল। শ্রীমঙ্করাচার্য্য, শ্রীমঙ্করাচার্য্য, বল্লভার্য্য ও শ্রীবলদেব বিভাভ্ষণ সম্মত পাঠ:—"ন চ স্মার্ত্তমন্ধ্যাভিলাপাৎ" ১।২।২০ ও "শারীরশ্চোভয়েঠিপ হি ভেদেনেনমধীয়তে।"—১।২।২১। অর্থের বৈলক্ষণ্য নাই।

৫। অভূশ্বাহাধিকরণ।।

ভিত্তি:-

"অথ পরা, যশ্না তদক্ষরমধিগম্যতে"। মৃশুঃ ১।১।৫

"যৎ তদদ্বেশ্যমগ্রাহ্যমগোত্রমবর্ণমচক্ষুঃশ্রোত্তা তদপাণিপাদম্।

নিত্যং বিভূং সর্ববগতং স্তুস্ক্ষাং তদবায়ং যৎ ভূতযোনিং পরিপশ্যন্তি ধীরাঃ॥

মৃশুঃ ১।১।৬

"দিব্যো হাম্র্তঃ পুরুষ: স বাহাাভান্তরো হাজঃ। অপ্রাণো হামনাঃ শুলো হাক্ষরাৎ পরতঃ পরঃ॥" মুগুঃ ২।১।২

অনস্তর পরা বিচ্চা কথিত হইতেছে, যাহা দ্বারা অক্ষর পুরুষ পরিজ্ঞাত হন। তিনি অদৃষ্ঠ, অগ্রাহ্ন, ব্রাহ্মণাদি জাতির গোত্ত ও বর্ণহীন, চক্ষ্কর্ণ শৃণ্য, হস্তপদ রহিত, নিত্য, ব্যাপক, সর্ব্বগত, অতিস্ক্ষ এবং অব্যয়, তিনি ভূতযোনি। ধীরগণ তাঁহাকে দর্শন করিয়া থাকেন। (মৃতঃ ১।১।৫-৬)

তিনি ভোতনশীল, অমূর্ত্ত, পুরুষ, সকলের বহি: ও অস্তারে অবস্থিত, অজ, অপ্রাণ, অমনাঃ, বিশুদ্ধ এবং অক্ষর হইতে পর এবং তাহা হইতেও পর।

(मुखः २। ऽ।२)।

সংশ্ব: — উপরে উদ্ধৃত হুইটি শ্রুতিতে তিনি অদৃশ্ব, অগ্রাহ্ প্রভৃতি বলা হইয়াছে এবং পর অক্ষর হইতে পর বলা হইয়াছে। তাহাতে সন্দেহ হইতে পারে যে, প্রকৃতি ও পুরুষ ত উক্ত গুণাবশিষ্ট, এবং প্রকৃতিকে পর অক্ষর বলা যাইতে পারে, এবং তাহা হইলে পুরুষকে, সে পর অক্ষর হইতেও পর বলা যাইতে পারে। অতএব এই উভয় শ্রুতির প্রতিপাদ্ধ বস্তু সাংখ্যাক্ত প্রকৃতি ও পুরুষ—বা, পরমাত্মা। এই সন্দেহ নিরসনের জন্ম হত্ত :—

मृद्ध :-->।२।२२

অদৃশ্যত্বাদিগুণকো ধর্ম্মোক্তেঃ।। ১।২।২২ অদৃশ্যত্বাদিগুণকঃ + ধর্ম্মোক্তেঃ।

অদৃশ্যত্বাদিগুণকঃ:—অদৃশ্যত্ব প্রভৃতি গুণ যুক্ত পদার্থটি পরমাত্মা।

বর্মোক্তে::

অধ্যাতি বিষ্ণাতি বিষ্ণাতি বিষ্ণাতি ।

উক্ত (মৃতঃ) শ্রুতির ১।১। মান্ত্রে "যঃ সর্ববজ্ঞঃ সর্ববিদ্ যস্ত জ্ঞানমরংভপঃ" উক্ত হইয়াছে, অতএব অনৃশ্রত্বাদি গুণযুক্ত বস্তুটি পরমাত্মাই, প্রকৃতি পুরুষ নহে। নমস্তে পুরুষং থাত্তমীশ্বরং প্রকৃতেঃ প্রম্। অলক্ষ্যং দর্ববভূতানামন্ত্বহিরবস্থিতম্ ॥ ভাগঃ ১৮৮১ ৭ মায়াজবনিকাচ্ছন্নমজ্ঞাধোকজমব্যয়ম্। ন লক্ষ্যদে মূঢ়দৃশা নটো নাট্যধরো যথা।। ভাগঃ ১৮৮১৮

কৃষ্টী স্তব করিতেছেন:—তৃমি আদি পুরুষ, প্রকৃতির পর ঈশ্বর, তৃমি সকল প্রাণীর অন্তরে ও বাহিরে অবস্থিত আছ, কিন্তু কেহ তোমাকে দেখিতে পায়না। ভাগঃ ১৮৮১৭

তুমি মায়া রূপ যবনিকা দ্বারা আচ্ছন্ন আছ, ইন্দ্রিয় জন্ম জ্ঞান দ্বারা তোমাকে জ্ঞানা যায় না, তুমি অপরিচ্ছির। আমি ভক্তিযোগানভিজ্ঞ, অতএব কেবল তোমাকে প্রণাম করি। যুঢ়দৃষ্টি মহন্ত যেমন অভিনয় কালে নাট্যধর নটকে চিনিতে পারে না, দেইরূপ দেহাভিমানী পুরুষ তোমাকে জ্ঞানিতে পারে না। ভাগঃ ১।৮।১৮

বন্ন স্পৃশস্তি ন বিত্র্মনোবৃদ্ধীন্দ্রিয়াসবঃ।
অন্তর্কহিশ্চ বিততং ব্যোমবত্তনতোহস্মাহম্।। ভাগঃ ৬।১৬।১৯
মন, বৃদ্ধি, ইন্দ্রিয় ও প্রাণ থাহাকে স্পর্ল করিতে বা জানিতে পারে না,
যিনি আকাশের স্থায় অন্তরে ও বাহিরে বিতত আছেন, তাঁহাকে প্রণাম করি।
ভাগঃ ৬।১৬।১৯

যং বৈ ন গোভির্মনসাহস্থভির্বা, দ্বদা গিরা বাহস্তভৃতো বিচক্ষতে। আত্মানমস্তক্র দি সন্তমাত্মনাং, চক্ষুর্যথৈবাকৃতয়স্ততঃ পরম্॥

ভাগঃ ৬ ৩ ১ ৬

ইন্দ্রিয়, মন, প্রাণ, চিন্ত, বাক্য ইত্যাদি কোনও উপায় দ্বারাই প্রাণিগণ থাঁহাকে জ্বানিতে পারে না, অথচ যিনি সকলের হৃদয়াভ্যস্তরে দ্রষ্টা রূপে বর্ত্তমান আছেন। রূপাদি যেমন চক্ষ্কে প্রকাশ করিতে পারে না, সেইরূপ ইন্দ্রিয়াদি তাঁহাকে প্রকাশ করিতে সর্ক্ষথা অসমর্থ। ভাগঃ ৬।৩১৬

তিনি জীব ও মায়া তুই এরই নিয়ামক।

নমঃ পরায়াবিতথানুভূতয়ে, গুণত্তয়াভাসনিমিত্তবদ্ধবে।
অদৃষ্টধায়ে গুণতত্ত্ববৃদ্ধিভির্নিবৃত্তমানাবধয়ে স্বয়্নভূবে।।

ভাগঃ ৬।৪।১৮ গুণত্রয়াভাসশ্চ জীবঃ, নিমিত্তঞ্চ মায়া, তয়োব্বন্ধবে নিয়স্ত্রে। (শ্রীধর) আমি সর্বোত্তম সেই পরমাত্মাকে নমস্কার করি। তাঁহার চিংলক্তি অবিতথ।
তিনি জীব ও মায়া এতত্ত্যের নিয়ন্তা। যে সমস্ত জীবের গুণে বা গুণকার্য্যে
তত্ত্বৃদ্ধি, তাহারা তাঁহার স্বরূপ অবগত হইতে পারে না। কারণ, তাঁহার
পরিমাণ ও সীমা নাই, তিনি স্বয়ং প্রকাশ এবং স্বতঃসিদ্ধ ব্সত্ত। ভাগঃ ৬।৪।১৮

দেহ, প্রাণ, ইন্দ্রিয়, অস্ত:করণ, পঞ্চভূত, পঞ্চন্মাত্র ইহার। আত্মাকে অর্থাৎ স্ব স্বরূপকে, অন্য ইন্দ্রিয়বর্গকে এবং এতত্বভয়ের শ্রেষ্ঠ অধিষ্ঠাতা দেবতাবর্গকে, জানিতে পারে না, যদিও জীব এ সকলকে জানেন, তথাপি তিনি সর্বজ্ঞ ভগবান্কে জানিতে পারেন না। ভাগঃ ৬।৪।২০

দেহো হ সবো হক্ষা মনবো ভূতমাত্রা, নাত্মানম স্থাঞ্চ বিহুঃ পরং যং।
সব্বিং পুমান্বেদ গুণাং *চ ভজ্জো, ন বেদ সব্বজ্ঞ মনস্ত মীড়ে॥
ভাগঃ ৬।৪।২০

যদ্ যদ্মিকৃক্তং বচসা নিরূপিতং, ধিয়াক্ষভির্বা মনসোত যস্ত।
মাভূৎ স্বরূপং গুণবৃংহিতং হি তৎ, স বৈ গুণাপায়বিসর্গলকণঃ॥

ভাগঃ ৬।৪।২৪

তিনি স্থপ্রকাশ। বাক্য দ্বারা যাহা অভিহিত হয়, বৃদ্ধি দ্বারা যাহা ব্যবসিত হয়, ইন্দ্রিয় সেল দ্বারা যাহা নিরূপিত হয়, বা মনের দ্বারা যাহা সংকল্পিত হয়, এ সমুদায়ই তাঁহার স্বরূপ হইতে পারে না, কারণ, এ সকল পদার্থ গুণ দ্বারা বর্দ্ধিত হইয়া থাকে। পরমাত্মা এ সকল হইতে ভিন্ন। তিনি গুণ সকলের উৎপত্তি এবং প্রালয় দ্বারায় লক্ষ্য হয়েন। কারণ, চেতনাধিষ্ঠান ভিন্ন উহা সম্ভব হয় না। ভাগঃ ৬।৪।২৪

যশ্মিরিদং যতশেচদং যেনেদং য ইদং স্বয়ম্।
যোহস্মাৎ পরস্মাচ্চ পরস্তং প্রপত্তে স্বয়ন্ত্রুবম্।। ভাগঃ ৮।৩।৩
ইহার সরলার্থ ১।১।২ স্থত্তের আলোচনায় দেওয়া হইয়াছে।

ক্ষেত্রজ্ঞায় নমস্তভ্যং সর্বোধ্যক্ষায় সাক্ষিণে।

পুরুষায়াত্মমূলায় মূলপ্রকৃতয়ে নমঃ ॥ ভাগঃ ৮।৩।১৩

আপনি ক্ষেত্রজ্ঞ, সর্ববাধ্যক্ষ, সর্ববসাক্ষী, আপনি ক্ষেত্রজ্ঞ সকলের মূল, এবং মূলের অর্থাৎ প্রধানের ও উদ্ভবের হেতু, আপনিই পূর্ণ স্বরূপ, আপনাকে নমস্বার। ৮।৩।১৩

অতএব শ্রুত্তুক্ত অদৃশ্যত্বদিগুণ বিশিষ্ট বস্তু, পরমাত্মাই।

ভিত্তি:--

"কস্মিন্ন_{ন্} ভগবো বিজ্ঞাতে সৰ্ব্বমিদং বিজ্ঞা**ত**ং ভবতি।"

मुखः ४।४।०

মৃওক উপনিষদে ১।১।৩ মন্ত্রে কথিত হইয়াছে বে, শৌনক অপিরার নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাদা করিলেন, ভগবন্! কোন্ একটি বস্ত জানিলে, এই সমস্ত জগৎ বিজ্ঞাত হইয়া থাকে? এই প্রকার উপক্রম করিয়া পরমাত্মতত্ত্ব বা ব্রহ্মবিভার উপদেশ দেওয়া হইয়াছে।

-----অক্ষরাৎ পরতঃ পরঃ। (মুণ্ডঃ ২।১।২)

অক্ষর যে প্রকৃতি—ভাহা হইতে পর জীব, তাহা হইতেও পর। মৃতঃ ২।১।২
স্তঃ —১।২।২৩

বিশেষণ-ভেদব্যপদেশাভ্যাঞ্চ নেতরে ॥ ১।২।২৩ বিশেষণ-ভেদব্যপদেশাভ্যাং + চ + ন + ইতরে ।

বিশেষণ-ভেদব্যপদেশাভ্যাংঃ—বিশেষণ ও ভেদ নির্দেশ হেতু। চ:— ও। ন:—না। ইওরো:—প্রকৃতি ও পুরুষ।

শিরোদেশে উদ্ধৃত শ্রুতিমন্ত্র দ্বারা, এক বিজ্ঞানে সর্কবিজ্ঞান হয়, এই প্রতিজ্ঞা দ্বারা বিশেষিত করায়, এবং "অক্ষরাৎ পরতঃ পরঃ" (মৃতঃ ২।১।২) শ্রুতি দ্বারা অক্ষর পদ বাচা প্রকৃতি হইতে পর যে জীব তাহা হইতে ভেদ, নির্দেশ করায়, অদৃশুত্বাদিগুণ বিশিষ্ট বস্তু, প্রকৃতি ও পুরুষ নহে, পরমাত্মাই।

ভিনি প্রধান ও পুরুষের ঈশর।

তস্মা এব জগৎস্রট্রে প্রধানপুরুষেশ্বরঃ। ভাগঃ ৩।৯।৪৩ প্রধান পুরুষেশ্বর ভগবান্ জগৎস্রগ্না ব্রন্ধার নিকট এই প্রকারে৩।৯।৪৩ যঃ পঞ্চভূতরচিতে রহিতঃ শ্রীরে, চ্ছনো যথে ন্রিয়গুণার্থ-

চিদাত্মকোঽহম্।

তেনাবিকুণ্ঠমহিমানমৃষিং তমেবং, বন্দে পরং প্রকৃতিপুরুষয়োঃ

পুমাংসম্॥ ভাগঃ ৩।৩১।১৪

জীব বলিতেছেন: — যদিও পরমার্থতঃ আমি শরীরহীন ও অসঙ্গ হওয়াতে এই পঞ্চত্ত নির্মিত দেহে অযথা আচ্ছন, সতরাং যদিও আমার ইন্দ্রিয়, বিষয়, চিদাভাস স্বরূপ অহংকার এ সম্দায় মিথা৷ বটে, কিন্তু আমার আরাধ্য পুরুষের

মহিমা এই শরীরের ধারাও কৃষ্টিত হয় না। তিনি সর্বজ্ঞ ও প্রকৃতি পুক্ষের নিয়স্তা। আমি তাঁহাকে বন্দনা করি। ভাগঃ ৩।৩১।১৪

নৈতদ বিজ্ঞায় জিজ্ঞাদোজ্ঞ তিব্যমবশিশ্বতে। ভাগঃ ১১৷২৯৷৩০
ইহার অর্থ ১৷৩৷৯ স্বত্রে দেওয়া হইয়াছে।
মামেব সর্বভ্তেষ্ বহিরস্তরপাবৃতম্।
ঈক্ষেতাত্মনি চাআনং যথা খমমলাশয়ঃ ॥ ভাগঃ ১১৷২৯৷১২
ইহার অর্থ ১৷১৷২৩ স্ত্রে দেওয়া হইয়াছে।
সর্ববং ব্রহ্মাত্মকং ভস্ম বিভয়াত্মমনীয়য়া।
পরিপশ্ভান্পরমেৎ সর্ববিতো মুক্তসংশয়ঃ ॥ ভাগঃ ১১৷২৯৷১৮
নমো নমস্তেহখিলকারণায়, নিষ্কারণায়াদ্ভৃতকারণায়।
সর্ববাগমায়ায় মহার্লবায়, নমোহপবর্গায় পরায়ণায়॥ ভাগঃ ৮:৩৷১৫
এইরপে উপাসক পুরুষের আত্মবুদ্ধিস্থ ব্রদ্মবিতা ছারা, সকল বস্তু ব্রদ্মাত্মক হয়,

এইরপে উপাদক পুরুষের আত্মবুদ্ধিষ্ব ব্রহ্মবিছা দারা, দকল বস্তু ব্রহ্মাত্মক হয়, পরে তিনি দেই দর্ববাত্মকত্ম দেথিয়া, ম্ক্রদংশয় হইয়া, দম্দায় হইতে উপরত হয়েন। ভাগঃ ১১।২৯।১৮

আপনি সর্ব্বনারণরপী, কিন্তু স্বয়ং নিছারণ, সর্ব্বকারণ হইলেও আপনি অভুক্ কারণ, কারণ, দৃশ্যমান কারণ বর্গের স্থার আপনার বিকার নাই। আপনি পঞ্চরাত্রাদি, আগম, বেদ, এ সকলের মহাসাগর, অর্থাৎ ভাহাদের প্র্যাবসান স্থান, এবং মোক্ষরপী, এবং সাধুগণের পরম আশ্রয়। আপনাকে নমস্কার, নমস্কার। ভাগঃ ৮।৩।১৫

উপরে উদ্ধৃত শ্লোক সকলে যে সকল বিশেষণ প্রদত্ত হইয়াছে তবং প্রধান ও পুরুষ উভয়ের নিয়ন্তা বলিয়া উহাদের উভয় হইতে যে ভেদের উল্লেখ করা হইয়াছে, সেই সকল কারণে অদৃশ্যন্তাদি গুণ বিশিপ্ত বস্তু প্রধান বা পুরুষ নহে। পরমাত্মাই বটে।

ভিত্তি:--

"অগ্নিমূর্দ্ধা চক্ষুষী চক্রস্থাে), দিশঃ শ্রোত্রে বাগিরতাশ্চ বেদাঃ। বায়ুং প্রাণো হৃদয়ং বিশ্বমস্ত পদ্তাাং পৃথিবী হেম সর্ববভূতান্তরাত্মা॥" মুণ্ডঃ ২।১।৪

অগ্নি ইহার মন্তক, স্থাচন্দ্র ছই চক্ষ্, দিক্ সমূহ শ্রোত্র, বেদ সমূহ বাগ্ব্যাপার (শব্দ), বায়্প্রাণ, সমস্ত জগৎ হৃদয়, পৃথিবী ইহার পদ, এবং ইনিই সর্বভৃতের অন্তরাত্মা।

সূত্র ঃ—১৷২৷২৪

রূপোপত্যাসাচচ। ১।২।২৪ রূপ + উপত্যাসাৎ + চ।

রূপ: — মৃতি। উপন্যাসাৎ: — উলেখ হেতু। চ: — ও।
মৃতক শ্রুতির ২।১।৪ মন্তে ব্রন্দের মৃতি উলেখ আছে। অগ্নি তাঁহার শির,
ইত্যাদি। ইহা জীব ও প্রধানে সম্ভব হয় না। অতএব অদৃশ্রতাদি গুণ বিশিষ্ট
বস্তু পরমাত্যাই।

তিশ্ম নমঃ পরেশায় ব্রহ্মণেহনন্তশক্তপ্পে।

অরূপায়োরুরূপায় নম আশ্চর্য্য কর্মণে। ভাগঃ ৮।৩।৯
১।১।৩ স্বত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া।হইয়াছে।

নমঃ শান্তায় ঘোরায় মৃঢ়ায় গুণধর্ম্মিণে।
নির্বিশেষায় সাম্যায় নমো জ্ঞানঘনায় চ॥ ভাগঃ ৮।৩।১২
হিরম্মাদণ্ডকোষাত্থায় সলিলেশয়াৎ।
তমাবিশ্য মহাদেবো বহুধা নির্বিভেদ খম্॥ ভাগঃ ৩।২৬।৫০
নিরভিন্ততাস্য প্রথমং মুখং বাণী ততোহভবৎ।
বাণ্যা বহুরথোনাসে প্রাণোতো ঘ্রাণ এতয়োঃ।।

ভাগঃ তাহডা৫১

স্থাণাদ্বায়ুরভিত্যেতামক্ষিণী চক্ষুরেতয়োঃ।
তত্মাৎ স্র্যোক্সভিত্যেতাং কণীে শ্রোব্রং ভতো দিশঃ।।

ভাগঃ ৩৷২৬৷৫২

ইহার অর্থ ১।২।২১ স্বত্রে দেওয়া হইয়াছে।

অন্তর্বহিশ্চামলমজনেত্রং স্বপুরুষেচ্ছামুগৃহীতরূপম্। ভাগঃ ৩।১৪।৪৮

.....তব শীর্ষকং ক্রেডোঃ সত্যাবসধ্যং....। ভাগঃ ৩।১৩।৩৭
অগ্নিমূ থং যস্তভাগঃ ৮।৫।২৪
যচ্চক্ষুরাসীত্তরনি....ভাগঃ ৮।৫।২৫
প্রাণোদভূদ্যস্ত চারচারণাং প্রাণঃ সহোবলমোজশ্চ বায়ুঃ।
ভাগঃ ৮।৫।২৬

১।১।২৪ স্থত্তের আলোচনায় ৮।৫।২৬ শ্লোকের অর্থ দেওয়া হইয়াছে। শ্রোক্রান্দিশো যস্তা হৃদশ্চ খানি----ভাগঃ ৮।৫।২৭

অপর, তিনি শাস্ত, ঘোর, মৃঢ়, গুণ ধর্মানুসারী, তাঁহার বিশেষ নাই, তিনি সমত্বরূপী ও জ্ঞানঘন। তাঁহাকে নমস্কার। ভাগঃ ৮।৩।১২

সেই সলীলম্বায়ী, প্রকাশ বহুল ব্রহ্মাণ্ড হইতে উথিত হইয়া, অর্থাৎ প্রদাসীয়া ভাব পরিত্যাগ করিয়া, ঐ খণ্ডে অধিষ্ঠান পূর্বক, বহুপ্রকার আকাশ বা ছিন্দ্র বিভিন্ন করিয়া দিলেন। প্রথমতঃ, তাঁহার মৃথ নির্ভিন্ন হইল, তাহা হইতে বাক্য হইল, তদনন্তর বাক্য সহ অগ্নি হইল। তৎপরে, নাসাদ্বয় নির্ভিন্ন হইলে. তাহা হইতে প্রাণবায় বিশিষ্ট প্রাণেক্রিয় হইল। দ্রাণের পর, বায় প্রাণযুক্ত হইয়া উৎপন্ন হইল। তারপর, তই চক্ষুগোলক ও দর্শনেক্রিয় নির্ভিন্ন হইল, তাহা হইতে স্বর্থ্য নির্ভিন্ন হইলেন। অতঃপর, কর্ণ ও প্রবণেক্রিয় প্রকটিত হইল। পরেঃ কর্ণেক্রিয় হইতে দিক্সকল আবিভূ ত হইল। ভাগঃ গ্রহাণ্ডাহাণ্ড

যে ভগবান্ অন্তরে বাহিরে বর্তমান, নির্মাল পদ্ম সদৃশ থাঁহার চকু, যিনি ভক্তগণের বাসনারূপ রূপ ধারণ করেন। ভাগ ৩।১৪।৪৮

> তোমার শিরোদেশ ক্রতুর সত্য (হোম রহিত অগ্নি) ও আবসধ্য (ঔপসনাগ্নি) ·····ভাগঃ ৩।১৩।৩৭

অগ্নি যাঁহার মূখ ---- ভাগঃ ৮।৪৩।২৪
পূর্য্য যাঁহার চক্ষু ----- ভাগঃ ৮।৪৩।২৫
যাঁহার শ্রোত্ত হইতে দিকসকল, ও স্থদন্ত হইতে দেহগত
ছিদ্র বা ইন্দ্রিয়দ্বার সকল ---- ভাগঃ ৮।৫।২৭

উপরে উদ্ধৃত শ্লোকসকলে যে মৃর্ত্তির উল্লেখ করা হইল, তাহা জীব বা প্রধানে সম্ভব নহে। স্থতরাং পরমাত্মা সম্বন্ধেই উহার উল্লেখ করা হইয়াছে।

७। दियानदाधिकद्रग।

ভিত্তি —

"আত্মানমেবেমং বৈশ্বানরং সম্প্রত্যধেষি, তমেব নো ব্রেছি।" ছান্দোগ্যঃ ৫।১১।৬

''যন্তেতমেবং প্রাদেশমাত্রমভিবিমানং আত্মানং বৈশ্বানরমুপান্তে। স সর্কেষু লোকেষু সর্কেষু ভূতেষু সর্কেষাত্মস্বন্নমত্তি॥"

(ছান্দোগ্যঃ ৫।১৮।১)

ছান্দোগ্য উপনিষদে উক্ত আছে যে, প্রাচীন পাল, সত্য যজ্ঞ, ইন্দ্র্যুয়, জন, বৃড়িল, ও উদালক, রাজা অশ্বপতির নিকট উপস্থিত হইয়া বৈশ্বানর আত্মার বিষয় অবগত হইবার জন্ম বলিলেন যে, "আপনিই বর্ত্তমানে বৈশ্বানর আত্মতত্ত্ব অবগত আছেন, তাহাই আমাদিগকে বলুন", এইরপ আরম্ভ করিয়া শেষে রাজা বলিলেন "যে লোক প্রাদেশ পরিমিত স্থানে অবস্থিত এই ব্যাপক বৈশ্বানর আত্মাকে উপাসনা করেন, তিনি সমস্ত লোকে, সমস্ত ভূতে ও সমস্ত আত্মাতে অন্নভোগ করিয়া থাকেন।"

সংশয়:—ছান্দোগ্য শ্রুতির ৫।১৮।১ মন্ত্র আলোচনা করিলে সন্দেহ হইতে পারে, যে বৈশ্বানর অর্থে (১) জাঠর অগ্নি, (২) পঞ্চ মহাভূতের তৃতীয় মহাভূত অগ্নি, (৩) অধিষ্ঠাতা দেবতা বিশেষ, (৪) পরমাত্মা, বুঝাইতে পারে। উক্ত শ্রুতিতে উহা কোন্ অর্থে ব্যবহৃত হইয়াছে? এই সন্দেহের নিরসনের জন্ম পর পর কয়েকটি স্ত্র সন্নিবেশিত হইয়াছে। প্রথম, "বৈশ্বানর"—পরমাত্মাই, ইহা প্রতিপাদন করিবার জন্ম স্ত্র:—

मृत्र :-->।२।२०

বৈশ্বানরঃ সাধারণশব্দবিশেষাৎ ॥ ১।২।২৫ বৈশ্বানরঃ - সাধারণশব্দবিশেষাৎ।

বৈশ্বানরঃ: —উক্ত জ্বাভিতে "বৈশ্বানর" শব্দের অর্থ পরব্রহ্ম। সাধারণ শব্দ বিশেষাৎ: — সাধারণ বোধক শব্দাপেক্ষা বিশেষ হেতু।

শ্রুতিতে 'বৈশ্বানর' শব্দ সাধারণ বৈশ্বানর শব্দাপেক্ষা বিশেষভাবে ব্যবহৃত হইয়ছে। কেননা, প্রশ্নে আমাদের আত্মা স্বরূপ বৈশ্বানর সম্বন্ধে বল, এইরপ জিজ্ঞাসা আছে, শুধু বৈশ্বানর সম্বন্ধে বল, এরপ প্রশ্ন নাই, অভএব 'বৈশ্বানর' পরমাত্মাই।

শ্রীমদ্ ভাগবতে উক্ত হইয়াছে, প্রমাত্মাই বক্তমৃত্তি, **তাঁহার শিরোদেশ** স্বাস-হোম রহিত অগ্নি, এবং আবস্থা—উপাসনাগ্নি।

জিহ্বা প্রবর্গ্যস্তব শীর্ষকং ক্রতোঃ সত্যাবস্থ্যং চিত্তয়োহসবো হি তে **।**ভাগঃ ৩।১৩।৩৭

তোমার জিহনাই প্রবর্গা, তোমার শিরোদেশ ক্রতুর সত্য ও আবস্বা অগ্নি, তোমার পঞ্চ প্রাণই চিতি (যক্তার্থ ইষ্টকাচন্ত্রণ)। তাগঃ তা১তাত্ব যক্তরূপ প্রমাত্মার অগ্নি জিহনা স্বরূপ।

ইষ্ট্রাগ্নিজিহ্বং পর্মা পুরুষং যজুষাং পতিং। ভাগঃ ৩।১৪।৮
যজ্ঞরূপী পরম পুরুষের জিহ্বারূপ অগ্নিতে তাঁহারই উদ্দেশ্যে হোম করিয়া…
ভাগঃ ৩।১৪।৮

তিনিই ক্রতু, তিনিই হবিঃ, তিনিই অগ্নি, তিনিই মন্ত্র, ইত্যাদি।
ত্বং ক্রতুস্বং হবিস্থং হুতাশঃ স্বয়ং ত্বং হি মন্ত্রঃ সমিদ্দর্ভপাত্রাণি চ।
ত্বং সদস্তর্ত্বিজ্ঞা দম্পতী দেবতা, অগ্নিহোত্রং স্বধা সোম আজ্ঞাং পশুঃ॥
ভাগঃ ৪।৭।৪২

১।১।৩২ স্ত্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
তিনি যথন সর্ব্বময়, তথন তাঁহার চরণে সর্ব্বান্তঃকরণে প্রণাত করাই
জীবের পরম পুরুষার্থ।

নমো নমন্তেইখিল্মন্ত্রদেবতা, দ্রব্যায় সর্বক্রতবে ক্রিয়াত্মনে। বৈরাগ্যভক্ত্যাত্মজয়ানুভাবিতজ্ঞানায় বিছাগুরুবে নমোনমঃ॥

ভাগঃ ৩।১৩।৩৯

হে ভগবন্! তুমিই অথিল মন্ত্ৰ, অথিল দেবতা, এবং অথিল দ্ৰব্য স্বরূপ।
তুমিই অধিল ক্রতু ও অথিল ক্রিয়া স্বরূপ, তোমাকে নমস্বার। বৈরাগ্য,
অর্থাৎ দৃষ্টাদৃষ্ট কর্মফল স্পৃহা রাহিত্য হইতে উৎপন্ন যে ভক্তি, তদ্বারা মনের
নির্মালতা প্রাপ্তি হইলে, যে জ্ঞান সাক্ষাৎকার হয়, তুমিই সেই জ্ঞান স্বরূপ.
এবং তুমিই সেই জ্ঞান প্রদানের গুরু, তোমাকে নমস্বার। ভাগঃ ৩১৩৩৯

অতএব প্রতিপাদিত হইল যে শ্রুতিতে "বৈশ্বানর" এবং শ্বৃতিতে তৎ পর্য্যায়ভুক্ত "অগ্নি" শব্দ পরমাত্মারই বোধক।

ভিন্তি:--

১।১।২৪ স্ত্ত্রের শিরোদেশে উদ্ধৃত মৃত্তক শ্রুতির ২।১।৪ মন্ত্রে ''অগ্রিম্র্রা · · · · '' ইত্যাদি। (মৃত্তক ২।১।৪)

সূত্র ঃ—১।২।২৬

স্মর্ধ্যমাণমনুমানং স্যাদিতি।। ১।২।২৬ স্মর্ধ্যমানং + অনুমানং + স্যাৎ + হাত।

স্মর্য্যমাণং:—শ্বরণের বিষয়ীভৃত—যাহার প্রত্যভিজ্ঞা হইতেছে, তাহা।
অসুমানং:—লিঙ্গ, জ্ঞাপক। স্তাৎ:—হইতে পারে। ইতি:—এই
প্রকারে।

"অগ্নি থাহার মন্তক" ইত্যাদি প্রকারে বৈশ্বানর আত্মার যে রূপ নির্দিষ্ট হইয়াছে, তাহাই বৈশ্বানরের প্রমাত্মত্ব নিশ্চয়ের অন্ত্যাপক হইবে, কারণ, ঐ প্রকার রূপ প্রমাত্ম ভিন্ন আর কাহারও পক্ষে সম্ভব নহে।

ইহা শ্রীমন্ শকরা চার্য্য ও শ্রীমন্ রামান্ত কার্চার্য্য সম্মত অর্থ।

অপর,

শার্য্যমানং ঃ—শৃতিতে কথিত। অনুমানং ঃ—নিঙ্গ, জ্ঞাপক। স্থাৎ ঃ— হইতে পারে। ইতি ঃ—এই প্রকারে।

স্থৃতিতে কথিত "বৈশ্বনার" পরমাত্মা জ্ঞাপক। যেমন গীতার ১৫।১৪ শ্লোকে

"অহং বৈশ্বানরো ভূষা প্রাণিণাং দেহমান্ত্রিতঃ।।"
ইহা শ্রীমদ্ মধ্বাচার্যা ও বলদেব বিভাভ্ষণের সম্মত অর্থ।
অগ্নিমূ থং যদ্য তু জাতবেদা, জাতঃ ক্রিয়াকাগুনিমিত্রজন্ম।
অন্তঃ স্মুদ্রেইমুপচন্ স্বধাতূন্, প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ।।

ভাগঃ ৮া৫।২৪

অন্তঃ সম্দ্রে—উদরমধ্যে, স্বধাতূন্—পাকার্হানেবান্নাদীন্। (শ্রীধর)।

জাতবেদা অগ্নি, বেদের ক্রিয়াকাও ও কর্মের নিমিন্ত যাহার জন্ম, যিনি উদর

মধ্যে পাকার্হ অন্নাদি পাক করিয়া থাকেন, সেই অগ্নি যাহার মুথ, সেই

মহাবিভৃতিশালী পরমেশ্বর প্রসন্ন হউন। ভাগঃ ৮।৫।২৪

অতএব বৈশ্বানর পরমাত্মাই।

ভিত্তি:-

''ক্র দয়ং গার্হপত্যো মনোহম্বাহার্যাপচন আস্যমাহবনীয়ঃ" (ছান্দোগ্যঃ ৫০১৮)২)

স্থান ক্রম ক্রাহার্য্যপ্তন (দক্ষিণাগ্নি) এবং মুখই আহবনীয়।

"স এবোহগ্নি বৈশ্বানরো যৎ পুরুষঃ"। সেই এই অগ্নি বৈশ্বানর—যাহা পুরুষরূপী।

"স যো হৈতমেবমগ্নিং বৈশ্বানরং পুরুষং পুরুষবিধং পুরুষোহন্তঃ প্রতিষ্ঠিতং বেদ"—শতপথ ব্রাহ্মণ

দেই যে লোকপুরুষের (জীবদেহের) অভ্যস্তরে অবস্থিত—পুরুষাক্বতি, ও পুরুষ এই বৈশ্বানর অগ্নিকে এই প্রকারে অবগত হয়।

"সহস্রশীর্ষাঃ পুরুষঃ · · "(পুরুষ স্কুত্ত)
পুরুষ অসংখ্য মন্তক বিশিষ্ট · · · · ।

"পুরুষ এবেদং সর্ববম্ (পুরুষ স্কু)। পুরুষই এই জগৎ স্বরূপ।

সংশয় :— বৈশ্বানর পুরুষের অন্তরে অধিষ্ঠিত, ইহা উপরে উদ্ধৃত ছান্দোগ্য শ্রুতি ৫।১৮।২ মন্ত্র হইতে প্রতীয়মান হইবে, অতএব বৈশ্বানর জার্চরাগ্রি হইতে পারে, এবং তাহারই উপাদনা কবিত হইয়াছে, ইহার দমাধানের জন্ম হতঃ — ইহার প্রথমাংশে আপত্তির উল্লেখ করিয়া শেষাংশে সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন।

সূত্র ঃ—১৷২৷২৭

শব্দাদিভ্যোহন্ত:প্রতিষ্ঠানাচ্চ নেতি চেৎ, ন তথা দৃষ্ট্যুপদেশাদসম্ভবাৎ পুরুষমপি চৈনমধীয়তে ॥ ১৷২৷২৭

শব্দাদিভাঃ + অন্তঃপ্রতিষ্ঠানাৎ + চ + ন + ইতি + চেৎ + ন + তথা + দৃষ্ট্যুপদেশাৎ + অসম্ভবাৎ + পুরুষং + অপি + চ + এনম্ + অধীয়তে।।

শবাদিভাঃ:—শব প্রভৃতি কারণে, অর্থাৎ শ্রুতিতে উল্লেখ হেতু। অন্তঃ-প্রতিষ্ঠানাৎ:—অভ্যন্তরে অবস্থিতি হেতু। চঃ—ও। म:—না। ইতিঃ —ইহা। চেং—যদি বল। নঃ—না, বলিতে পার না। তথাঃ—সেই প্রকার। দৃষ্ট্যুপদেশাৎ: —দৃষ্টি অর্থাৎ উপাসনার উপদেশ হেতু। অসম্ভবাৎ:
--অন্তের পক্ষে অসম্ভব হেতু। পুরুষং: --পুরুষ রূপে, পুরুষ বলিয়া। অপি:
--ও। চ:--এবং। এনম্:--ইহাকে। অধীয়তে:--বলিয়া থাকেন।

ছালোগ্য শ্রুতিতে বৈশ্বানর অন্তরে প্রতিষ্ঠিত বলিয়া উক্ত হওয়ায় যদি আপত্তি কর যে, উহা পরমাত্মা নহে, তাহা বলিতে পার না, কেননা, উপাসনার জন্তই ঐ প্রকার উপদেশ দেওয়া হইয়াছে, কারণ ঐ শ্রুতিতেই (ছাঃ ৫।১৮।২) বৈশানরের "মুর্দ্ধের স্থভেজাশ্চক্ষুর্বিশ্বরূপঃ প্রাণঃ পৃথগ্রত্মাত্মা সন্দেছো বছলো, বস্তিরের রিয়ঃ পৃথিব্যের পাদে।, উর এব বেদিলোমানি বহিছাদয়ং গার্হপত্যা মনোহয়াহার্য্যপচন আশ্রুমাহবনীয়ঃ ॥"—উক্ত হইয়াছে, শিরঃ হল্যোক, চক্ষুং আদিত্য, প্রাণ বায়ু, আকাশ দেহের মধ্যভাগ, জল বন্তি স্বরূপ, পৃথিবী পাদ্বয়, বক্ষস্থল বেদি, লোম সকল বর্হি ইত্যাদি উপাসনার জন্ম বলা হইয়াছে। পরমাত্মা ভিন্ন অন্তে ইহা সন্তর হয় না। বিশেষতঃ বাজসনের শাধীরা এই বৈশ্বানরকে পুরুষ বলিয়া নির্দ্দেশ করেন। এই পুরুষ পরমাত্মা ভিন্ন অন্ত কিছু নহেন। ইহা পুরুষস্থক হইতে স্পষ্ট প্রতীর্মান হয়। অভ্রেব, বৈশ্বানর পরমাত্মাই।

অগ্নিমু'ৰং যস্তা তু জাতবেদা, জাতঃ ক্রিয়াকাণ্ডনিমিত্তজনা। অন্তঃ সমুদ্রেহনুপচন্ স্বধাতূন্,প্রদীদতাং নঃ স মহাবিভূতি: ॥ ভাগঃ ৮:৫।২৪-

১।২।২৬ স্বত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। যচক্ষুরাসীত্তরনিদেবযানং, ত্রয়ীময়ো ব্রহ্মণ এষ ধিফার্। দ্বারঞ্চ মুক্তেরমতঞ্চ মুত্যুঃ, প্রসীদতাং নঃ সু মহাবিভূতিঃ॥

ভাগঃ ৮া৫।২৫

যে পর্যা দেবযান—অর্চিরাদি মার্গের দেবতা, ত্রয়ীময়, ত্রন্ধের উপাসনা স্থান, এবং দেবযানত্ব হেতু মুক্তির দার ও পুণালোকত্ব হেতু অমৃত স্বরূপ, আর কালরপত্ব প্রযুক্ত মৃত্যুরূপী, দেই স্থ্য যাহার চক্ষু, সেই মহাবিভৃতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন। ভাগঃ চারাহে

প্রাণাদভূদ্ যম্ম চরাচরাণাং, প্রাণঃ সহো বলমোঞ্চল বায়ুঃ।

ভাগঃ ৮৮৫।২৬

শ্রোত্রাদ্দিশো যস্ত হৃদশ্চ খানি, প্রজ্ঞিরে খং পুরুষস্ত নাভ্যাঃ। প্রাণেন্দ্রিয়াত্মান্ত্র শরীরকেতঃ, প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ॥ ভাগঃ ৮।৫।২৭

বলানহেন্দ্রন্ত্রিদশাঃ প্রসাদান্মক্যোগিরীশো ধিষণাদিরিঞ্চিঃ। থেভাস্ত ছন্দাংস্থাষয়ো মেট্রভঃ কঃ, প্রসীদতাং নঃ স্মহাবিভৃতিঃ।। ভাগঃ ৮।৫।২৮

শ্রীর্বক্ষসঃ পিতরশ্চায়য়া সন্ ধর্মঃ স্তনাদিতরঃ পৃষ্ঠতোহভূৎ। তৌর্য শীষ্ণে বিহারাৎ প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ। ভাগঃ ৮০৫।২৯

ইত্যাদি।

যাঁহার শ্রোত্র হইতে দিক্, হ্বদয় হইতে দেহগজ ছিদ্র সকল, নাভি হইতে আকাশ উৎপন্ন হইয়াছে এবং যিনি পঞ্প্রাণ, ইন্দ্রিয়, মন, নাগকৃর্মাদি বায়ু এবং শরীরের আশ্রয়, সেই মহাবিভৃতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন।
ভাগঃ ৮।৫।২৭

যাঁছার বল হইতে মহেন্দ্র, প্রদর্মতা হইতে স্থরগণ, ক্রোধ হইতে গিরীশ, বৃদ্ধি হইতে ব্রহ্মা, দেহছিন্দ্র হইতে বেদ সকল, মেতু হইতে শ্লুষি ও প্রজাপতিগণ উৎপন্ন হইয়াছেন, দেই মহাবিভ্তিশালী প্রমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন। ভাগঃ ৮।৫।২৮

যাঁহার বক্ষঃস্থল হইতে জী, ছায়া হইতে পিতৃগণ, স্তন হইতে ধর্ম, পৃষ্ঠ হইতে অধর্ম, মস্তক হইতে স্থর্গ এবং বিহার হইতে অপ্সরাগণ উৎপন্ন হয়, সেই মহাবিভৃতিশালী প্রমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন।
ভাগঃ ৮।৫।২৯

উদ্ধৃত শ্লোক সকল প্রমাত্মা সম্বন্ধে, তাহাতে সন্দেহ নাই। ঐ সকল শ্লোকে প্রমাত্মা পুরুষক্রপে বর্ণিত হইয়ছেন। উপাসনার জন্তই উহার বিধান। পরমাত্মার বা ভগবানের দেহ-দেহী—ভেদ নাই ইহা পূর্ব্বে বলা হইয়ছে। স্ব্রকারও ইহা পরে ৩২।১৪ স্ত্রে ইহা প্রতিপাদন করিবেন। স্থতরাং উপরে উদ্ধৃত ৮।৫।২৪ শ্লোকে "অগ্নির্ম্বং যস্ত্র" বলা হইয়ছে, ইহাতে অগ্নির সহিত তাঁহার সমানাধিকরণ ব্বিতে হইবে। তিনি যাহা, অগ্নিও তাহাই।

পরমান্তা পুক্ষ রূপেও ঋরোদের পুক্ষস্কে বর্ণিত আছেন, তাহা উপাদনার জন্মই। পরস্ক, তিনি পুক্ষরপী হইলেও সর্বময়।

সহস্রোবর্বজ্যি বাহ্বক্ষঃ সহস্রাননশীর্ববান্ ॥ ভাগঃ ২।৫।৩৫
সর্ববং পুরুষ এবেদং ভূতং ভব্যং ভবচ্চ যং। ভাগঃ ২।৬।১৫
সোহমৃতস্থাভয়স্যোশো মর্ত্তামন্নং যদত্যগাং। ভাগঃ ২।৬।১৭
তাহার সহস্র সহস্র উরু, অজ্বি, পদ, বাহু, অক্ষি, আনন ও শীর্ষ।
ভাগঃ ২।৫।৩৫

ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান, যতকিছু সবই পুরুষ। ২।৬।১৫
সেই পুরুষ মরণধর্মক কর্মফল অতিক্রম করিয়াছেন, তিনি নিজানন্দ ও
অভয়ের ঈশার। ২।৬।১৭

অভ এব, বৈশ্বানর পরমাত্মাই।

ভিত্তি:--

भृत ঃ-- ১।২।২৮

অতএব ন দেবতা ভূতঞ্চ।। ১।২।২৮ অতএব + ন + দেবতা + ভূতং + চ।

অভএবঃ—এই হেতৃই। নঃ—না। দেনতাঃ—অগ্নি দেবতা। ভূতংঃ—পঞ্চ মহাভূতের তৃতীয় মহাভূত অগ্নি। চঃ—ও।

উক্ত হেতৃতেই বৈশ্বানর অগ্নিদেবতা, বা ভূতাগ্নি নহে, প্রমালাই।
অগ্নি দেবতা যজ্ঞস্বরূপ ভূগবানকে প্রণাম করিয়া বলিলেন:—

যত্তেজসাহং স্থসমিদ্ধতেজা, হব্যং বহে স্বধ্বর আজ্ঞাসিক্তম্ তং যজ্ঞিয়ং পঞ্চবিধঞ্চ পঞ্চভিঃ, স্বিটি যযুক্তিঃ প্রণতোচন্মি যজ্ঞম্।। ভাগঃ ৪।৭।৩৮

যাঁহার তেজ দারা আমার তেজ স্টুরপে প্রদীপ হইরা থাকে, থাঁহার প্রশস্ত যজ্ঞ সকলে মৃতাক্ত হবা (হোমীর দ্রবা) আমি বহন করি. সেই যজ্ঞ-পালক যজ্ঞমৃত্তি ভগবান্কে আফি প্রণাম করি। তিনিই অগ্নিহোত্র, দশ, পোর্নমাস, চতুর্মাস্ত ও পশুদোন এই পঞ্চবিধ মজ্ঞেরই স্বরূপ, এবং ঐ পঞ্চ প্রকার বিজ্ঞমন্ত্র দ্বারাই স্থাক্ররূপে পৃজিত হন। ভাগঃ ৪।৭।৬৮

ত্বং ক্রতুস্তং হবিস্তং হুতাশঃ স্বয়ং · · · · · ৷ ভাগঃ ৪।৭।৪২ ১১১০২ সুত্রের আলোচনায় ইহার অর্থ দেওয়া ইইয়াছে।

পরসা ব্রহ্মণঃ সাক্ষাৎ জাতবেদোহসি হব্যবার্ট। দেবানাং পুরুষাঙ্গানাং যজ্ঞেন পুরুষং যজেতি ॥ ভাগঃ ৫২০।১২

হে জাতবেদা! তুমি সাক্ষাৎ পরপ্রজ্যের হব্য বহন কর। প্রম পুরুষের অঙ্গ স্বরূপ দেবতাগণের যজ্ঞদারা তুমি দেই অঙ্গী স্বরূপ পরপ্রক্ষাকেই যজন করিয়া থাক। ভাগঃ ধাহতাহ

ত্বং বায়ুরগ্নিরবনিবিয়দমুমাত্রাঃ প্রাণেন্দ্রিয়াণি স্থদয়ং চিদর্ত্রহশ্চ।
সর্ববং ত্বমেব সগুণো বিগুণশ্চ ভূমন্, নাক্সত্ত্বদস্তাপি মনো বচসা
নিরুক্তম্।। ভাগঃ ৭।৯।৪৭

খং বায়ুমগ্নিং সলিলং মহীঞ্চ জ্যোতীংয়ি সত্থানি দিশো ক্রমাদীন্।
সরিৎ সমুদ্রোংশ্চ হত্তেঃ শরীরং, যৎ কিঞ্চ ভূতং প্রণমেদনন্তঃ।।
ভাগঃ ১১২।৩৯

৭।১।৪৭ ও ১১।২।৩৯ শ্লোকের সরলার্থ ১।১।২ স্থত্তের আলোচনায় দেওয়া হইয়াছে।

যখন ভগবান্ই সর্বময়, তাঁহা ভিন্ন অন্ত কিঞ্চিৎ নাই, ওখন 'বৈশানর' পরমাত্মা, ভগবানই। অগ্নিদেবভা বা ভূতাগ্নি নহে। ভিত্তি:--

সূত্র ঃ—১।২।২৯

সাক্ষাদপ্যবিরোধং জৈমিনিঃ।। ১।২।২৯
সাক্ষাৎ + অপি + অবিরোধং + জৈমিনিঃ।

সাক্ষাৎ: — সাক্ষাৎ সম্বন্ধে। অপি: — ও। অবিরোধং: — বিরোধা-ভাব। জৈমিনি: — জৈমিনি আচার্য্য বলেন।

জৈমিনি আচার্য্য বলেন, যে বৈশ্বানর শব্দ ও অগ্নি শব্দ, উহাদের ধাতৃ
প্রত্যায় গত অর্থান্তুসারে সাক্ষাৎ সম্বন্ধে প্রমাত্মারই বাচক। বৈশ্বানর = বিশ্ব+
নর +ফ = বিশ্বেষাং নরাণাং নেতৃত্বাৎ ব্রহ্ম। অগ্নি = অগ + অন্স + নি + থে =
অগ্রনম্বন বা উৎকর্ষ সম্পাদন গুল থাকায় অথবা — উচ্চনীচ সমৃদায় কর্মফলের
প্রাপক হওয়ায়, অগ্নিও ব্রহ্মবাধক।

উভয়ের বাৎপত্তি লভ্য অর্থ যথন সাক্ষাৎ সম্বন্ধে পরমাত্মার বোধক, তথন শতিতে উহাদের পুরুষের অন্তরে অধিষ্ঠিত বলিয়া ব্যবহারে কোন বিরোধ নাই। ইহা জৈমিনি আচার্য্যের মত। গার্হপত্যাদি কল্পনা ও পরমাত্মায় সঙ্গত হয়। কেননা পরমাত্মা যথন সর্ব্বাত্মক, তথন সম্দায় কল্পনা তাঁহাতে পরিণতি লাভ করে। অভএব কর্মা মিমাংসক জৈমিনি আচার্য্যের মতে ও "বৈশ্বানর" শব্দ প্রমাত্মাকেই বুঝায়।

ভিত্তি:--

১া২া২৫ স্থত্তের শিরোদেশে উদ্ধত ছান্দোগ্য শ্রুতির ৫।১৮।১ মন্ত্র।

"মুর্টৈদ্ধৰ স্থতেজাশ্চক্ষুর্বিশ্বরূপঃ পাণঃ পৃথক্বঅর্থাআ সন্দেহো বহুলো••••••" ইত্যাদি। ছান্দোগ্য ৫।১৮।২

১।২।২৭ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

সংশয় :—ছান্দোগ্য শ্রুতির ৫।১৮।১ মন্ত্রে, যে লোক প্রাদেশমাত্র অপচ অপরিমিত আত্মাশ্বরূপ বৈখানরের উপাসনা করেন, আবার ৫।১৮।২ মন্ত্রে, এই অপরিচ্ছিন্ন ত্রন্ধের ত্যুলোকাদি পৃথিবী পর্যাস্ত প্রদেশ, বিশেষগত মাত্রা বা পরিমাণ দ্বারা পরিচ্ছিন্নতাও সিদ্ধ হয় কি প্রকারে? এই সংশয় নিরাকরণের জন্ম আচার্য্য আশারখ্যের মত উল্লিখিত হইয়াছে।

সূত্র ঃ—১৷২৷৩০

অভিব্যক্তেরিত্যাশারপ্যঃ।। ১।২।৩০ অভিব্যক্তেঃ + ইতি + আশারথাঃ।

অভিব্যক্তেঃ:—অভিব্যক্তি হেতু। ইভি:—ইহা। আশার্প্যঃ:—
অশোর্থা নামক আচার্য্য মনে করেন।

পরমাত্মা স্বরূপতঃ অপরিচ্ছির (অপরিনিত) হইলেও, উপাসকগণের হাদ্য-প্রদেশে অভিব্যক্ত হন। হাদ্য-প্রদেশের পরিমাণ প্রাদেশ প্রমাণ, স্থভরাং শ্রুতিতে অপরিমিত পরমাত্মাকে প্রদেশমাত্র বলিয়। নিদ্দেশ করা হইয়াছে, ইহা আশ্বরণ্য আচার্য্যের মৃত্।

> কেচিৎ স্বদেহান্তন্ত্র দয়াবকাশে, প্রাদেশমাত্রং পুরুষং বসন্তুর্। চতুর্ভুজং কঞ্জরপাঙ্গশঙ্খগদাধরং ধারণয়া স্মরন্তি ॥

> > ভাগঃ ২।২।৮

১।২।১৫ স্ত্তের আলোচনায় হহার সরলাথ দেওয়া হইয়াছে।

স্বয়ং তদন্তদ্র দয়ে হবভাতমপশ্যতা ২ পশ্যত যন্ত্র পূর্ববিম্।

ভাগঃ ৩,৮;২৩

তং ভক্তিযোগপরিভাবিতহৃদ্সরোজ, আস্সে শ্রুতেক্ষিতপথা নরু নাথ পুংসাং।

যদ্যদ্বিয়া ত উরুগায় বিভাবয়ন্তি, তত্ত্বপুঃ প্রণয়সে সদর্গ্রহায় । ভাগঃ ৩।১।১১

ষাহা পূর্ব্বে হৃদয়ে দর্শন করিতে পারেন নাই, অন্তহ্নদয়ে সাক্ষাৎ প্রকাশবান্ দেইরূপ দর্শন করিলেন। ভাগঃ অচা২৩

হে নাথ! পুক্ষদিগের হাদ্পদা ভক্তিযোগ দ্বারা শোধিত হইলে, দ্বদীয় হথা প্রবণে—সাধন পথ তাহাদের দৃষ্ট হয়। এবং সেইরূপ হইলেই, হে উরুগায়! তুমি তাহাদের হৃদয়পদ্মে অধিষ্ঠান কর। তোমার রূপার কথা কি বলিব? তোমার ভক্তগণ প্রবণ বাতিরেকেও স্বেচ্ছাক্রমে মনঃ দ্বারা তোমার যে যে যৃত্তি কল্পনা করিয়া ধ্যান করেন, তুমি তাহাদের অন্ত্রাহের জন্ম সেই সেই রূপেই প্রকটিত হও। ভাগঃ থানা১১

ভগবান্ যখন উপাদকের ভাবনামুসারে সেই দেই বপু: ধারণ করেন, ভখন ভাহার 'বৈখানর' রূপে অভিব্যক্তির আশ্চর্য্য কি ? ভিন্তি:--

১।২।২৭ স্ত্রের উদ্ধত ছান্দোগ্য শ্রুতির ৫।১৮।১ ও ৫।১৮।২ মন্ত্র।

সংশয়: — যদি বল তিনি অপরিচ্ছিন্ন ও দেকারণ অরূপ, তাহা হইলে শির: প্রভৃতি বিশেষ বিশেষ অবয়ব যোগে পরব্রন্ধকে পুরুষাকারে কল্পনা করার প্রয়েজন কি? ইহার উত্তরে সূত্র:—

সূত্র:-- ১৷২৷৩১

অনুস্মতের্বাদরি।। ১।২।৩১ অনুস্মতেঃ + বাদরিঃ।

অসুস্তেঃ :— অহুস্থতি বা ধ্যানের হেতু। বাদরি :— বাদার আচার্য্য— মনে করেন।

বাদরি আচার্য্য বলেন, যে পরমাত্রা অপরিমিত বটে, কিন্তু উপাদকের হৃদর প্রাদেশ প্রমাণ, হৃদরই ধ্যানের আলম্বন, তদমুদারে পরমাত্মাকে প্রাদেশ প্রমাণ বলা হইয়াছে। ইহা ধ্যানের স্থবিধার জন্ম।

এ সম্বন্ধে পূর্ব্ব হুত্তে উদ্ধৃত ভাগবতের তান।১১ শ্লোক দ্রষ্টব্য।

ভিত্তি :--

১াহাহণ স্থত্রে উদ্ধত ছান্দোগ্য শ্রুতির ৫।১৮।১ ও ৫।১৮।২ মন্ত্র।

সংশয়: — যদি বৈশ্বনের পরমাত্মা, তাহা হইলে উর: প্রভৃতি অবয়বের বেদি প্রভৃতি রূপে উপদেশ কেন? ইহার উত্তরে সূত্র:—

সূত্র ঃ—১।২।৩২

সম্পত্তেরিতি জৈমিনিস্তথাহি দর্শয়তি ।। ১।২।৩২ সম্পত্তেঃ + ইতি + জৈমিনিঃ + ৩থা + হি + দর্শয়তি ।। ১২।৩২

সম্পত্তঃ ঃ—সম্পৎ উপাসনার জন্ত। ইতিঃ—ইহা। জৈমিনিঃ— জৈমিনি আচার্যা। তথাঃ—দেই প্রকার। হিঃ—নিশ্চয়ই। দর্শয়িতঃ— দেখা যায়।

সম্পত্তি = সম্ + পদ্ + ত = সম্যুক রূপে প্রাপ্তি অর্থাৎ — ধ্যানের দ্বারা অভেদ নিপতি। কোনও স্বভঃসিদ্ধ স্কুদ্র পদার্থের সহিত, কুদ্র নিরোধে পৃথক মহৎ প্রদার্থের অভেদ জ্ঞান যত্ত্ব দ্বারা নিপ্পাদিত হইলে, তাহাকে "সম্পত্তি" বলে। জৈমিনি আচার্য্য মনে করেন যে, সম্পৎ উপাসনার জন্ত পরমাত্মার মস্তক, চক্ষুঃ, উরঃ, বন্তি, পাদ প্রভৃতি অবয়বের উল্লেখ শ্রুতি করিয়াছেন। বাজসনেয়ি বাহ্মণেও এই প্রকার উপদেশ আছে। সাধক উপাসনার দ্বারা নিজের হৃদয়ে, নিজের সহিত পরমাত্মার অভেদ উপলব্ধি করিবার জন্তুই, পর্মাত্মার অবয়ব কল্পনা।

তদ্ব হ্বা প্রমং স্ক্রাং চিন্মাত্রং সদনস্তকম্। বিজ্ঞায়াত্মত্যা ধীরঃ সংসারাৎ পরিমূচ্যতে ॥ ভাগঃ ১০৮৮।৭

১।১।১ স্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। আত্মাতয়া বিজ্ঞায়—পরব্রহ্মকে আত্মরূপে জানিয়া—ইহাই সম্পৎ উপাসনা, এবং এজকুই তাঁহার অবয়ব কল্পনা ও অবয়ব ধারণ।

তিনি সর্বভৃতেক সংসার মোচনার্থই রূপ ধারণ করেন।

নমস্তশ্মৈ ভগৰতে কৃষ্ণায়ামলকীর্ত্তয়ে। যো ধত্তে সর্ব্বভূতানামভবায়োশতীঃ কলাঃ॥

ভাগঃ ১০৮৭।৪০

অনুগ্রহায় ভূতানাং মানুষং দেহমাগ্রিতঃ। ভদ্ধতে তাদুশীঃ ক্রীড়াঃ যাঃ শ্রুত্বা তৎপরো ভবেং॥

ভাগঃ ১০:৩৩।৩৬

সেই অমলকীত্তি ভগবান্ শ্রীকৃষ্ণকে প্রণাম করি। সর্বভূত্তের সংসার মোচনার্থ তিনি অতি কমনীয় অংশকলা ধারণ করিয়াছেন। ভাগঃ ১০৮৭।৪০

ভক্তদিগের অনুগ্রহের জন্ম মানুষ দেহ ধারণ করিয়া সেই প্রকার লীলাদি করেন, যাহা শ্রবণাদি করিয়া, মানব তৎপর (ভগবদ্ পর) হইতে পারে। ভাগঃ ১০।৩৩।৩৬

যোহনুগ্রহার্থং ভদ্ধতাং পাদমূলং, অনামরূপো ভগবাননন্তঃ । নামানি রূপাণি চ জন্ম কর্মাভিভে জে স মহাং পরমঃ প্রসীদতু॥ ভাগঃ ৬।৪।২৮

তশ্মৈ নমঃ পরেশায় ব্রহ্মণেহনন্তশক্তরে। অরূপায়োরুপায় নম আশ্চয়াকর্মণে । ভাগঃ ৮।৩।৯

ভাষা২৮ ও ৮।৩ান শ্লোকের সরলার্থ ১।১।৩ স্তব্তের আলোচনায় দেওয়া হইয়াছে।

> যজ্যেষোপরতা দেবী, মায়া বৈশারদী মতিঃ। সম্পন্ন এবেতি বিহুর্মহিন্নিম্বে মহীয়তে ॥ ভাগঃ ১।৩।৩৪

সংসার চক্রে ক্রীড়া কারিণী—ঐশ্বরী মায়া দেবী, বিভারণে পরিণতা হইয়া, স্থল ও স্ক্ররণ জীবোপাধি দগ্ধ করতঃ, স্বয়ং যদি নিরন্ধন অগ্নির ভাষ উপশম প্রাপ্ত হন, তাহা হইলে ব্রহ্মস্বরূপ প্রাপ্তি হয়, তত্তজ্ঞেরা এইরূপ বোধ কয়েন। এবং তাহা হইলেই জীব পরমানন্দ স্বরূপ স্বীয় মহিমায় বিরাজমান হন। ভাগঃ ১০০৪

সম্পন্ন এব—ব্রহ্মম্বরূপং প্রাপ্ত এব। (প্রীধর)। ইহাই সম্পৎ উপাসনা.

শ্রীগীতায় এই অবস্থার প্রতি লক্ষ্য করিয়া বলিয়াছেন : — "ব্রহ্মভূত প্রসন্ধাত্মা ন শোচতি ন কাজ্ফতি। সমঃ সর্বেব্যু ভূতেযু মদ্ভক্তিং লভতে পরাম্ ॥ গীঃ ১৮।৫৪। ব্রহ্ম স্বরূপ হইয়া, — ব্রহ্ম ইইয়া নয়, কারণ তথনও অহং বিল্লমান। তথনও ভগবানের ভক্তি লাভের অবসর আছে। তৈল ও বর্ত্তিকা বিরহিত-দীপশিখা যেমন নির্ব্বাণ হইয়া যায়, চিত্তও সে সময় লয় প্রাপ্ত হয়, এবং সাধকের সে সময় দেহাদি উপাধি অপগত হয়, এবং তিনি তথন ধ্যাতব্যের বিভাগ শূল্য

অথও আত্মাকেই অমুগত দেখিতে পান। ইহা অমুভৃতির ব্যাপার। আমাদের ন্থায় দেহাত্মবৃদ্ধি—বহির্মুথ পাষওের জানিবার উপায় নাই।

মুক্তাশ্রয়ং যহি নির্কিষয়ং বিষক্তং, নির্কাণমূচ্ছতি মনঃ সহস। যথার্চিঃ।

আত্মানমত্র পুরুষোধ্বাবধানমেকমন্বীক্ষতে প্রতিনিবৃত্তগুণপ্রবাহঃ॥ ভাগঃ ৩৷২৮৷৩৫

এই প্রকারে চিত্ত যথন নির্বিষয় হয়, কেননা ধ্যেয় সম্বন্ধ না থাকায় ধ্যাতাও ধাকিতে পারে না, তথন পরমানন্দান্মভব হওয়াতে, চিত্র অন্ত বিষয় হইতে বিরক্ত হয়, স্থতরাং যেমন দীপশিখা তৈল ও বর্ত্তিকা বিরহিত হইয়া নির্বাণ হইয়া যায়, তাহার আয়ে চিত্ত সহসা লয় প্রাপ্ত হয়, তাহাতে, যোগরত পুরুষ ঐ অবস্থায় দেহাদি উপাধি বিবজ্জিত হইয়া, ধ্যাতৃব্যের বিভাগ শ্রু অথও আত্মাকেই অনুগত দেখিতে পান। ভাগঃ তাহলত

এই অভেদ দর্শনই সম্পৎ উপাসনা।

এই প্রকার অনেক শ্লোক উদ্ধার করা যাইতে পারে, কিন্তু আর বিস্তারের প্রয়োজন নাই। বুঝা গেল যে উপাসকের মঙ্গলের জন্মই অপরিমিত, অনন্ত, অপরিচ্ছিন্ন প্রমাত্মার রূপ কল্পনার উপদেশ। রূপ ধারণ করিলেও তিনি স্বরূপ হইতে বিচ্নত হন না, ইহা বুঝাইবার জন্ম, সঙ্গে সঙ্গে অনন্ত, অরূপ, অনামরূপ ইত্যাদি বিশেষণ ব্যবহৃত হইয়াছে। ভিত্তি:-

প্রান্ধত ছান্দোগ্য শ্রুতির বাস্চাই মন্ত্র।

সূত্র ঃ—১াহা৩৩

আমনন্তি চ এনমস্মিন্।। ১।২।৩৩ আমনন্তি + চ + এনম্ + অস্মিন্।

আমনন্তি:—বলিয়া থাকেন। চঃ—ও। এনম্ঃ—ইহাকৈ, আত্মাকে (রামান্তজ, শহর, মধ্ব), অচিন্তা অনন্ত শক্তিকে (বল্লভ ও বলদেব)। আশ্মিন্তঃ
—উপাসকের শরীর মধ্যে (রামন্তজ, শহর), অগ্লিতে (মধ্ব), পরমাত্মাতে (বলদেব)।

৫।১৮।২ ছান্দোগ্য শ্রুতি এবং অন্য শ্রুতিও পরমাত্মাকে উপাসকের দেহ মধ্যে অবস্থিত বলিয়া নির্দেশ করিয়াছেন। (রামান্তুজ, শঙ্কর)।

বৃহদারণ্যক ৩।৭।৫ শুভি (যো অগ্নে ভিষ্ঠন্ · · · ·) অগ্নিতে পরমাত্মার অবস্থিতি নির্দ্দেশ করিয়াছেন। (মধ্বাচার্যা)।

"আপাণিপাদোহহম6িন্ত্যশক্তিঃ"। কৈবল্যোপনিষৎ ২১। প্রমাত্মার অচিন্তাশক্তি অবস্থিত নির্দেশ করিয়াছেন। (বলদেব)

তদ্বা ইদং ভ্বনমঙ্গল মঙ্গলায়, ধ্যানে স্ম নো দৰ্শিতং ত উপাসকানাম্। তশ্মে নমো ভগবতেহন্থবিধেম তৃভ্যং, যোনাদৃতো নরকভাগ্ ভি-

রসংপ্রসক্ষে:।। ভাগঃ তা৯।৪

ব্রন্ধা বলিতেছেন—হে ভ্বন মঙ্গল! আমরা তোমার উপাদক, আমাদের ধ্যানকালে তুমি আমাদের এই রূপে দর্শন দিলে, ইহাই তোমার শ্বরূপ। কারণ, তুমি তোমার একাস্ত ভক্তদিগেকে কথনই মায়াময়রূপ দেথাইয়া ভূলাইতে পার না। হে ভগবন্! তোমাকে পুনঃ পুনঃ প্রণতি করি। কুতর্কনিষ্ঠ, নরকভাগিগণই তোমার উপাদনা করিতে বিরত হয়।

ব্রহ্ম বা পরমাত্মা বা ভগবান্ অনস্ত, সর্ববাাপী, বাাপক। তিনি যথন হৃদয়ে প্রাদেশমাত্র স্থানে তদ্পরিমিত মৃর্ত্তিতে অভিবাক্ত হন তথনও তাঁহার সর্ববাাপিত্রের, অনস্তত্যের, বাাপকত্যের হানি হয় না। তিনি তথনও স্বর্গ হইতে 'অপ্রচ্যুত' থাকেন, এজন্য তাঁহার—একটি নাম 'অচ্যুত'। ব্রহ্মা তাঁহার (ভাগঃ তামার প্রোকক্ত) স্তবে তাহাই স্পষ্ট করিয়া বিশিশেন যে, হে ভগবন্! যে তোমার

দৃশ্যমান পরিচ্ছিন্ন রূপে প্রতীয়মানরপ মায়াময় নহে। ইহাই তোমার স্বরূপ। অর্থাৎ ভগবানের যথন দেহ-দেহী-ভেদ নাই তথন দেহধারণে অথবা—কোনও বিশেষ রূপে অভিবাক্তিতে—স্বরূপবিচ্যুতির প্রসঙ্গ উপস্থিত হইতে পারে না। তাঁহার—দেহ ও দেহী অভেদন্ত স্ব্রুকার— তাহাহ৪ স্ত্রে প্রতিপাদন করিবেন। এই জন্মই মাতা যশোদা রজের যাবতীয় গোবন্ধন রজ্জ্ লইয়াও বালকরূপী প্রীক্ষেত্র বন্ধন করিতে পারেন নাই। সবশেষে মাতার কন্ত ও পরিশ্রম দেখিয়া প্রাকৃষ্ণ ত দয়া করিয়া বন্ধন স্বীকার করিলেন। এ সম্পর্কে হাহাণ স্ব্রের আলোচনায় উদ্ধত ভাগবতের ১০ানা১১-১২-১৩ শ্লোক দ্রেইব্য। এবং এই জন্মই ভগবান্ প্রীক্ষেত্র ক্ষুত্র মুগু মুথ বিবরের মধ্যে মাতা যশোদা এই সচরাচর সমগ্র বিশ্ব দর্শন করিয়া স্তন্তিত হইয়া গিয়াছিলেন।

অগ্নি যে তাঁহার শরীর, এবং 'ভিনিই অগ্নি' বলিলে বিরোধ হয় না, এ সম্বন্ধে মাহাহচ স্থাত্তের আলোচনায় উদ্ধৃত পাহা৪৭ এবং ১মাহাত্ত শ্লোক দ্রস্তা।

তাঁহার আটন্তা শক্তিমন্তা। সহন্ধে আলোচনা, ১।১।২ স্থতের আলোচনায় করা হইয়াছে, এবানে আর প্রয়োজন নাই। বিস্তার ভয়ে ফাস্ত থাকা গেল।

্ ১ম অধ্যায়ের দ্বিতীয় পাদ সমাপ্ত হইল।)

প্রথম অধ্যায়। তৃতীয় পাদ।

জেয় ব্রহ্মবোধক অস্পষ্ট বাক্য বিচার

ষে সমস্ত বাক্যে স্পষ্টাক্ষরে জীবাদি ধর্মের উল্লেখ আছে, অথচ প্রকৃত পক্ষেপরব্রহ্মই প্রতিপাদ্য, দেই সম্দায় জ্ঞের ব্রহ্মবোধক অস্পষ্ট—বাক্য বিচারের জন্ম, ভগবান্ বাদরায়ণ তৃতীর পাদ সন্নিবেশ করিয়াছেন। পূর্বের উক্ত হইয়াছে, যে মামাদের বাক্য মনের অগোচর, ইন্দ্রিয় জ্ঞানের অতীত বস্তু, মানুষের ভাষায় ব্যক্ত করিতে হইলে, পরিদৃশ্যমান জগৎ হইতে অথবা মনোজগৎ হইতে, সাদৃশ্য সংগ্রহ করিয়া প্রকাশ করা ভিন্ন উপায় নাই। এই কারণেই সংশয়ের স্বাদৃশ্য সংগ্রহ করিয়া প্রকাশ করা ভিন্ন উপায় নাই। এই কারণেই সংশয়ের স্বাদৃশ্য সংগ্রহ করিয়া প্রকাশ করা ভিন্ন উপায় নাই। এই কারণেই সংশয়ের স্বাদৃশ্য করিরাকরণের জন্ম বিচার প্রয়োজন। বেদান্তালোচনা করিতে করিতে এমন কতকগুলি মন্ত্র দৃষ্ট হয়, যাহাতে জীবলিঙ্গ স্পষ্ট বিহ্নমান, ব্রহ্মলিঙ্গ অস্পষ্ট, অথচ ভাহারা প্রকৃত পক্ষে পরব্রহ্মকে প্রতিপাদন করে। ভগবান্ বাদরায়ণ এই সকল বাক্য যথাসম্ভব সংগ্রহ করিয়া, তৃতীয় পাদে সন্নিবেশ করতঃ বিচারের দ্বারায় প্রতিপন্ন করিয়াছেন যে, ব্রহ্মই ভাহাদের একমাত্র প্রতিপাত্য।

১। প্রান্ত্রান্তবিকরণ।।

ভিন্তি :—

"যিত্মিন্ ছোঁঃ পৃথিবী চান্তরীক্ষমোতং মনঃ সহ প্রাণেশ্চ সর্বৈরঃ। তমেবিকং জানথাত্মানমন্তা বাচো বিমুঞ্জ, অমৃতলৈয়ের সেতৃঃ।"

(মুন্তঃ ২।২।৫)

''অরা ইব রথমাভৌ সংহতা যত্র নাডাঃ, স এফোঅন্ত*চরতে বহুধা জায়মানঃ" (মুণ্ডঃ ২।২।৬)

ছালোক, পৃথিবী অন্তরীক এবং সমস্ত প্রাণের সহিত মন যাহাতে আশ্রিত রহিয়াছে, একমাত্র সেই আত্মাকে অবগত হও, অপর বাক্য ত্যাগ কর, কারণ, তিনিই অমৃত বা মোক্ষপ্রাপ্তির সেতু স্বরূপ। মৃতঃ ২।২।৫

রথনাভিতে অরসমূহ যেরপ সংহত থাকে, সেইরূপ সমস্ত নাড়ী যাহাতে সংহত আছে, তাহাই বহুরূপে জাত হইয়া, অভ্যস্তরে অবস্থান করে। (মৃতঃ ২।২।৬)

সংশয়:—উপরে উদ্ধৃত মৃত্তক শ্রুতির হাহাও মন্ত্রে দেখা যায়, যে নাড়ী সকল যাহাতে (যে বস্তুতে) সংহত আছে সেই বস্তুই দেব-মানব-তির্যাক্ প্রভৃতি ভেদে জাত হয়, এবং তাহাদের অভান্তরে অবস্থান করে, সেই বস্তুকেই হাহার মন্ত্রে আত্মা বলিয়া ব্যক্ত করতঃ, তাঁহাকে অবগত ইইবার উপদেশ দিয়াছেন। অতএব উহা জীবাত্মাই বা প্রধান, যাহা হইতে দেহ জাত হয়। কারণ, পরমাত্মায় নাড়ীসমূহ অবস্থান করিতে পারে না। এই সংশয় নিরাকরণের জন্ত স্ত্র:—

সূত্র ঃ—১৷৩৷১

পরব্রক্ষেরই বোধক।

ত্যুভ্ৰান্তায়তনং স্বশব্দাৎ॥ ১।৩।১ ত্যু + ভূ + আদি + আয়তনং + স্ব + শব্দাৎ।

ত্যুঃ ঃ—গুলোক। ভুঃ ঃ—ভ্লোক, পৃথিবী। আদিঃ—অন্তরীক, মহ, জন, তপ, সত্যলোক প্রভৃতি। আয়তনংঃ—আশ্রয়। স্বঃ—নিজ, আত্মা। শব্দাৎঃ—তদ্বোধক শব্দ থাকার কারণ।

"গুলোক, ভ্লোক, অন্তরীক্ষ যাহাতে অবস্থিত" ইত্যাদি বাক্যে উহাদের আশ্রয় স্বরূপ বস্তু পরমাত্মাই, কারণ মৃত্তক শ্রুতির হাহাত্ত মন্ত্রে উহাদের পরেই আত্মা শব্দের প্রয়োগ আছে, উহা মৃ্থ্যতং পরমাত্মাকেই প্রতিপাদন করে। অতএব পরমাত্মাই প্রতিপান্ত। বিশেষতঃ, তিনিই অমৃতের সেতৃ স্বরূপ, ইহা

যশ্মিন্নিদং প্রোতমশেষমোতং, পটো যথা তন্তবিতানসংস্থঃ॥ ভাগঃ ১১।১২।১৯

১া২।: প্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

এক এবাদিতীয়োহভূদাআধারোহস্থিলাশ্রয়ঃ॥ ভাগঃ ১১।৯।১৬
১া১১০ প্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

যন্মিনিদং যতশেচদং যেনেদং য হদং স্বয়্ম্।

যোহস্মাৎ পরস্মাচ্চ পরস্তং প্রপতে স্বয়্যুবম্॥ ভাগঃ ৮।১।১

১।১।২ পতের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

যসোহাবয়বৈলে কিন্ কল্লয়ন্তি মনীষিণঃ। ভাগঃ ২।৫।৩৬
ভূল্লে কিলতঃ পদ্যাম্ ভূবলে কিনহস্য নাভিতঃ!
হাদা স্বলে কি উরসা মহল্লে কা মহাত্মনঃ॥ ভাগঃ ২।৫।৩৮
গ্রীবায়াং জনলাকোহস্য তপোলোকঃ স্তনদ্বয়াৎ।
মূর্দ্ধভিঃ সত্যলোকস্ত ব্রহ্মলোক সনাতনঃ॥ ভাগঃ ২।৫:৩৯
ভংকট্যাং চাতলং ক্রপ্তমূকভাং বিতলং বিভোঃ।
জামুভাং স্তলং শুদ্ধং জজ্বাভান্তি তলাতলম্॥ ভাগঃ ২।৫।৪০
মহাতলং তু গুল্ফাভাং প্রপদাভাাং রসাতলম্। ভাগঃ ২।৫।৪০
সহাতলং তু গুল্ফাভাং প্রপদাভাাং রসাতলম্।

পণ্ডিতগণ ঐ পৃক্ষের অবয়ব দারাই চতুদিশ ভুবন কল্পনা করেন। পদে ভূলে কি, নাভিতে ভূব, হৃদয়ে স্বলে কি, বক্ষে মহল্পোক, গ্রীবায় জনলোক, স্তন্দ্রের তপোলোক, মস্তকে সনাতন সভ্যলোক, কটিতে অভল, উরুদ্ধয়ে বিভল, জামুদ্রয়ে স্কল, জঙ্খাদ্বয়ে ভলাতল, গুল্ফদ্বয়ে মহাতল, তুই পদের অগ্রভাগে রসাতল ও পদতলে পাতাল; এই প্রকারে পুক্ষই লোকময়। ভাগঃ হালাত৬, ৩৮, ৩৯, ৪০, ৪১।

সর্ববং পুরুষ এবেদং ভূতং ভব্যং ভবচ্চ যং।
তেনেদমার্তং বিশ্বং বিতস্তিমধিতিষ্ঠতি ॥ ভাগঃ ২।৬।১৫
স্বধিষ্যাং প্রতপন্ প্রাণো বহিশ্চ প্রতপতাসৌ।
এবং বিরাজ্ঞং প্রতপংস্কপতাম্মর্বহিঃ পুমান্ ॥ ভাগঃ ২।৬।১৬
সোহমৃতস্থাভরসোশো মর্ত্তামন্নং যদতাগাং। ভাগঃ ২।৬।১৬

ভূত, ভবিয়াৎ, বর্ত্তমান, যতকিছু সবই পুরুষ। তিনি সম্দায় বিশ্বকে আবরণ করিয়া, বাহিরে বিভস্তি পরিমাণ ব্যাপিয়া আছেন। ভাগঃ ২।৬।১৫

২া৬।১৬ শ্লোকের অর্থ ১৷১৷২৮ স্থত্তে দেওয়া হইয়াছে।

তাঁহার মহিমা অপার। তিনি মরণধর্মশীল কর্মফল অতিক্রম করিয়া, অমৃত ও অভয় এর ঈশ্বররূপ আপনার স্বরূপে বিরাজ্যান আছেন। ভাগঃ ২া৬।১৭

উপরে উদ্ধত কয়েকটি ভাগবত শ্লোক হইতে ইহা বিশদ্রূপে স্থান্ত্রসম হইবে যে, প্রমাত্মাতে বিশ্ব ওতপ্রোতভাবে আছে। তিনি একাধারে এককালে কর্ত্তা, কর্মা, কর্মা, অপাদান, অধিকরণ, তাঁহার অবয়বেই চতুর্ক্শ ভুবনের স্থিতি। তিনি ভূত, ভবিগ্রং, বর্তমান—যত কিছু সবই। স্থা যেমন নিজের মণ্ডল আলোকিত করিয়া অন্তরে বাহিরে সম্দায় আলোকিত করেন, দেইরূপ স্বপ্রকাশ তিনি চরাচর সমস্তের অন্তর বাহির প্রকাশ করিতেছেন এবং তিনি অমৃত ও অভয়ের ঈশ্বর, অর্থাৎ তাঁহাকেই আশ্রম করিলেই অমৃত (োকঃ ও অভয় লাভ হয়। তিনি পরমাত্মাই। পরমাত্মাই পুরুষ রূপে উক্ত ২ইয়াছেন। এ পুরুষ জীব নহে।

তিনি ম্ক্তির দ্বাহ, তিনি অমৃত স্বরূপ এবং কালরূপে তিনিই মৃত্যু। তিনিই বিরোধের সমাধান। ভাগঃ ৮।৫।२०

> দারঞ মৃত্তেরমৃতঞ মৃত্যুঃ প্রদানতাং নঃ স মহাবিভূতি॥ ভागः भाषार्

াবাব পুত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হই াছে ।।

ভিনিই সকলের আত্মা। যেনন ভক্তর মূলে জল সেচন করিলে ऋछ, শাখ; প্রভৃতি দকলে দজীব ও দতেজ থাকে, দেইরূপ তাঁহার আরাধনা করিলেই সম্দায় দেবভার ও আত্মার আরাধনা করা হয়। ভাগঃ ৮।৫।৩৮

যথা হি স্কন্ধশাখানাং ভরোমূ লাবসেচনম্। এবমারাধনং বিষ্ণোঃ সর্কেব্যামাত্মশ্চ হি।। ভাগঃ ৮.৫:৩৮

অত এব প্রতিপাদিত হইল যে, মৃত্তক শতির ২।২।৬ মন্ত্রোক্ত নাড়ী সকল যে বস্তুতে সংহত আছে, সে বস্তু পরমাত্মা বা ত্রন্ধ।

ভিন্তি:-

"ঘথা নতঃ সান্দমানাঃ সমুদ্রেইস্তং গচ্ছন্তি নামরূপে বিহায়।
তথা বিদ্বান্ নামরূপাদ্বিমূক্তঃ পরাৎপরং পুরুষমূপৈতি দিবাম্।"
মুণ্ডঃ ৩।২৮

প্রবাহমান নদীসমূহ ধেমন নাম ও রূপ পরিত্যাগ করিয়া সম্জে মিশিয়া থায়, সেইরূপ বিশ্বান্ নামরূপ হইতে বিনৃক্ত হইয়া, পরাৎপর দিব্য পুক্ষকে (ব্রহ্মকে)প্রাপ্ত হন। মৃঞ্জ অবাদ

সূত্র ঃ—১।৩৷২

মূক্তোপস্পা বাপদেশাচ্চ।। ১।৩।২ মূক্ত + উপস্পা + বাপদেশাৎ + চ।

মুক্ত ঃ—মৃক্ত পুরুষের । উপস্প্য ঃ—প্রাপ্য। ব্যপদেশাৎ ঃ—নিদ্দেশ হেত্। চঃ—ও।

শিরোদেশে উদ্ধৃত মৃত্তক শ্রুতির তাথাচ মন্ত্রে মৃক্ত পুরুষের প্রাপ্যরূপে নির্দেশ থাকায়, ত্যু-ভূ প্রভৃতির আশ্রয়কে পরব্রদ্ধ বলিয়াই জানিবে।

আত্মারামাশ্চ মুনয়ে। নিগ্র'ন্থা অপু)রুক্রমে।
কুর্বস্তাহৈতৃকীং ভক্তি মিখন্তৃতগুণো হরিঃ।। ভাগঃ ১।৭-১০

১।২।১০ প্রের আলোচনার ইহার অর্থ দেওরা হইয়াছে।

ত্বয়ি ত ইমে ততো বিবিধনামগুণৈঃ প্রমে স্বিত ইবার্ণবে মধুনি িল্যুরশেষরসাঃ।। ভাগঃ ১০৮৭।২৭

হে ভগবন্! বিভিন্ন কুন্থমের বিভিন্ন রস যেমন মধুচক্রের মধুতে লয়প্রাপ্ত হয়, সম্বায় নদী যেমন তাহাদের একমাত্র আশ্রয় সম্জে লয়প্রাপ্ত হয়, সেইরপ বিবিধ নামরূপ বিশিষ্ট যত কিছু পরম আশ্রয় স্বরূপ তোমাতেই বিলীন হয়।

ভাগঃ ১০৮৭।২৭

নিদ্ধিঞ্চনা যে মূনয় আত্মারামা যমূপাসতেইপবর্গায় ॥ ভাগঃ ৬।১৬।৩৬

মূক্তাত্মভিঃ স্বহৃদয়ে পরিভাবিতায়, জ্ঞানাত্মনে ভগবতে নমঃ ঈশ্বরায়।। ভাগঃ ৮০০ ১৮

আত্মারাম মৃনিগণ, যাঁহাদের কিছুই প্রার্থনার বিষয় নাই, তাঁহারা অপবর্গের জন্ম উপাদনা করিয়া থাকেন। ভাগঃ ৬।১৬।৩৬

মৃক্তাত্মাণণ ধাঁহাকে নিজ নিজ হৃদয়ে ভাবনা করেন, সেই জ্ঞানস্বরূপ ভগবান্ ঈশ্বরকে প্রণাম করি। ভাগঃ ৮।৩।১৮

অত এব মৃক্ত পুরুষগণের প্রাপ্য বস্তু পরমাত্মা বা ব্রহ্ম ভির অন্ততর হইতে পারে না।

ভিত্তি :— ১।৩।১ স্তত্তের শিরোদেশে উদ্ধত মৃগুক শ্রুতির ২।২।৫ ও ২।২।৬ মন্ত্র।

সূত্র ঃ—১।৩।৩ নামুমানম্ভচ্ছকাং ।। ১।৩।৩ ন + অনুমানম্ + অভচ্ছকাং ।

নঃ—না। অনুমানম্ঃ—অনুমান গদ্য সাংখ্যোক্ত প্রকৃতি। অভচ্ছবাৎঃ—তদ্বোধক শব্দের অভাব হেতু। চঃ—ও।

ত্যুলোক—ভূলোক প্রভৃতির আশ্রয় প্রধান নহে, কারণ মৃ্ওক শ্রুতির ২।২।৫ ও ২।২।৬ মন্ত্রে তদোধক কোনও শব্দই নাই।

১।৩।১ স্ত্রের ভিত্তি শ্বরূপ প্রতিমন্ত্রে বা আলোচনায় শ্রীমদ্ ভাগবতের যে শ্লোক সকল উদ্ধৃত হইয়াছে, এ সকল হইতে প্রতীয়মান হইবে, যে পুরুষরূপী পরমাত্মাই ছালোক প্রভৃতির আশ্রয়, প্রধান নহে। সেই পরমাত্মাই অমৃত ও অভয় শ্বরূপ, প্রধান বা প্রকৃতি তাহা হইতে পারে না। এ সকলে প্রধান বা প্রকৃতিবোধক কোনও শব্দ নাই। বিশেষতঃ প্রকৃতি পুরুষরূপী পরমাত্মার শক্তি ও তাঁহার অধীন; তিনি প্রকৃতির পর।

অনাদিরাত্মা পুরুষো নিগু'ণঃ প্রকৃতেঃ পরঃ।

প্রত্যগ্ধামা স্বয়ং জ্যোতির্বিশ্বং যেন সমন্বিত্তম্।। ভাগঃ তা২৬।ত ১।১।৬ স্থত্তের আলোচনায় অর্থ দেওয়া হইয়াছে।

পুরুষ স্পষ্টির জন্ম নিজ ইচ্ছাক্রমে প্রকৃতিতে উপগত হয়েন, ও তাহাতেই প্রকৃতি কার্য্যশীলা হইয়া থাকেন। ইহা তাঁহার লীলা—বিনোদ মাত্র।

স এষ প্রকৃতিং সৃক্ষাং দৈবীং গুণময়ীং বিভূঃ।

যদৃচ্ছয়ৈবোপগতামভাপতত লীলয়া।। ভাগঃ ৩।২৬।৪

দৈবাৎ ক্ষুভিত ধর্ম্মিণ্যাং স্বস্যাং যোনৌ পরঃ পুমান্।

আধন্ত বীর্যাং সাস্ত মহতন্ত্বং হিরণ্যয়ম্।। ভাগঃ ৩।২৬।১৮

সেই পুরুষের নিকট তাঁহার অব্যক্ত গুণময়ী প্রকৃতি উপগতা হইলে তিনি যদৃচ্ছাক্রমে তাঁহাকে গ্রহণ করিয়া থাকেন। ভাগঃ ৩২৬।৪

জীবাদৃষ্ট বশতঃ প্রকৃতির গুণক্ষোভ হইলে, পরম পুরুষ সেই প্রকৃতির অভিব্যক্তি স্থানে আপনার চিৎ স্বরূপ বীর্যা আধান করেন। তাহাতে এই প্রকৃতি হিরণায় অর্থাৎ প্রকাশবহুল মহতত্ত্ব প্রস্ব করে। ভাগঃ ৩২৬।১৮

স্থতরাং দেখা গেল যে, প্রধান বা প্রকৃতি স্বতস্ত্রা নহেন। তিনি পুরুষরূপী পরমাত্মার অধীনা। অতএব প্রাকৃতি স্থা—ভূ প্রভৃতির আশ্রেয় হইতে

ভিডি:--

াগত স্থ্রের শিরোদেশে উদ্ধৃত মৃত্তক শ্রুতির হাহাৎ ও হাহাড মন্ত্র—
যঃ সর্ব্বাজ্ঞঃ সর্ব্ববিদ্ যদাৈষ মহিমা ভূনি। মৃত্তক হাহাণ

থিনি সর্ব্বাজ্ঞ—সর্ব্ববিৎ এবং জগতে থাহার এই মহিমা (বিভৃতি) (অমুভৃত হুইতেছে)। মৃতঃ হাহাণ

সূত্র :-->।©।৪

প্রাণভূচ্চ।। ১।৩।৪

প্রাণভূৎ + চ।

थानपुर:-जीव। इ:-छ।

পূর্ব স্থা হইতে "ন" ও "অভচ্ছন্দাৎ" অমুবর্তন করিতেছে, বৃনিতে হইবে। জীব ও স্থা—জু আদির আশ্রয় নহে, কারণ, তদ্বোধক কোনও শব্দ উক্ত মৃত্তক শ্রুতির ২।২।৫ ও ২।২।৬ মন্ত্রে নাই। বিশেষতঃ, ২।২।৭ মন্ত্রে স্থান্থ্র স্বরূপ আত্মাকে সর্ব্বিজ্ঞ, সর্ব্ববিৎ বলা হইয়াছে। জীব সর্ব্বজ্ঞ বা সর্ব্ববিৎ হইতে পারে না, অতএব পরমাত্মা উক্ত হই মন্ত্রে প্রতিপাত্য। বিশেষতঃ, পরমাত্মা জীব হইতেও পর।

তেনাবিকুণ্ঠমহিমানম্বিং তমেবং, বন্দে পরং প্রকৃতিপু্রুষয়ো:
পুমাংসম্॥ ভাগঃ ৩,৩১/১৪

১।২।২৩ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

এই শ্লোকে **'প্রাক্ত প্রক্রময়োঃ''** পদের পুরুষ শব্দ জীবাত্মা বোধক। পুরুষরূপী পরমাত্মা তাঁহার অতীত, এবং তিনিই ভূ-ছা লোকাদির আ**শ্র**য়।

বন্ধাই বলিতেছেন, হে ভগবন্! অপরিমিত মহিমা তোমার; ভোমার সহিত আমার তুলনা কি? স্প্টিক্র্তা ব্রহ্মা যথন ইহা বলিয়া তাঁহার স্তব ক্রেন, তথন সাধারণ জীবের কথা কি?

কাহং তমোমহদহং খচরাগ্নিবার্ভূ যথেষ্টিতাগুঘটসপ্ত বিতস্তি কারঃ। কেদৃগ্নিধাবিগণিতাগুপরাশুচর্য্যা-বাতাধ্বরোমবিবরস্ত চ তে মহিত্বম্॥ ভাগঃ ১০।১৪।১১

সংগত স্বত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

শ্রীমদ্ রামান্মজাচার্য্য শ্রীভাষ্মে, ১০০৩ ও ১০০৪ উভয় স্ত্র মিলিত করিয়া একটি স্ত্র করিয়াছেন। অক্সান্ত আচার্য্যগণ ছইটি পূথক্ স্ত্র করায়, আমরাও ছইটি পূথক্ভাবে আলোচনা করিলাম। ভিন্তি:--

"সমানে বৃক্ষে পুরুষো নিমগ্নোহনীশয়া শোচতি মুগুমানঃ। জুষ্টং যদা পশ্যত্যশুমীশম্ অস্ত মহিমানমিতি বীতশোকঃ॥"

मुखः ७। ১। २

একই দেহরপ বৃক্ষে অবস্থিত জীবান্ধা অনীশা হেতু—ঈশ্বরত্ব অভাবে, বা অবিষ্ঠা প্রভাবে মৃত্যান হইয়া হংগভোগ করিয়া থাকে। কিন্তু যথন প্রীতিসম্পন্ন অপর আ্মা—ঈশ্বরকে দর্শন করে ও তাঁহার মহিমা সাক্ষাৎকার করে, তথন জ্বীব শোকাতীত হয়। মৃতঃ ৩।১।২

সূত্র :-- ১।৩।৫

ভেদবাপদেশাৎ ॥ ১।৩।৫

ভেদব্যপদ্দেশাৎ ঃ—ভেদের উল্লেখ হেতু।

শিরোদেশে উদ্ধৃত মৃতক শ্রুতি হইতে উপলব্ধি হইবে, জীব ও পরমাত্মায়, স্পষ্ট ভেদের উল্লেখ রহিয়াছে। অতএব, জীব স্থ্যু-ভূ প্রকৃতির আশ্রয় নহে। পরমাত্মাই আশ্রয়।

ভূতেন্দ্রিয়ান্তঃকরণাৎ প্রধানাজ্জীবদংজ্ঞিতাৎ। আত্মা তথা পূর্বগ্রন্তী ভগবান্ ব্রহ্মসংজ্ঞিতঃ ॥

ভাগঃ ৩া২৮া৪১

ইহার অর্থ ১।২।৩ স্ত্রে দেওয়া হইয়াছে।

এখানে জীবের শ্বরূপ এবং পরম ব্রম্বের সহিত জীবের সম্বন্ধ কি, এ সম্বন্ধে একটু সংক্ষেপ আলোচনা প্রয়োজন মনে করি। ইহাতেই আচার্য্যগণের যত মতভেদ। অবৈতবাদ, বিশিষ্টাবৈতবাদ, দৈতবাদ, অচিস্ত্য ভেদাভেদবাদ প্রভৃতি সম্দারই ইহার উপর নির্ভর করে। আমরা আচার্য্যগণের সে দার্শনিক বাদাম্বাদের দিকে যাইব না। শ্রীমদ্ভাগবত—বেদাস্ত দর্শনের ভাষ্য,— এইভাবে আমাদের আলোচনা আরম্ভ হইয়াছে। অতএব,—এ সম্বন্ধে শ্রীমদ্ ভাগবতের কি মত, তাহাই আমরা সংক্ষেপে দেখাইবার চেষ্টা করিব।

জীব ব্রহ্মাংশ, ইহা আমরা ১।১।১৭ স্ত্রের আলোচনায় ব্রিতে পারিয়াছি। অর্থাৎ, জীব চিৎকণ, ব্রহ্ম চিদ্বন চৈতন্ত নিধি। উভয়েই চৈতন্ত বিভামান, এজন্ত চৈতন্ত হিসাবে উভরের ভেদ নাই, যেমন পূর্বেই বলিয়াছি, একটি বালুকা কণা হিমালয় হইতে উদ্ভুত এবং উহার উপাদান যাহা হিমালরের

উপাদান ও তাহাই, এ হিসাবে উভয়ের ঐক্য আছে, কিন্তু বালুকণা হিমালয় নহে, প্রচুর ভেদও আছে। জীবে ও ব্রহ্মে তাই। এই ভেদাভেদ অচিন্তা। মানবের জ্ঞানে তাহার উপলব্ধি হয় না। তবে যদি ভগবান্ দয়া করেন, তবেই ভাগ্যবান পুরুষ তাহা ধারণা করিতে পারে। সম্দায় উপাসনার লক্ষ্যই তাই।

আমরা ১৷১৷৩ স্থত্তের আলোচনায় বুঝিতে পারিয়াছি যে, বেতার-তড়িৎ যোগে চালিত সংবাদ সমকালে পৃথিবীর উপব্লিস্থ সকল স্থানে এবং পৃথিবীর বাহিরে মানবের গতাগতির উপরেও ব্যাপ্ত হইয়া থাকে; উক্ত সংবাদ গ্রহণ করিবার যন্ত্র যেখানে বর্ত্তমান, সেইখানেই উহার অস্তিত্ব জানা যায়। ভগবানের দয়া বা অন্য কথায় ভগবদভাব ও অজমভাবে স্বর্যোর কিরণপথে, সমীর হিল্লোলে. মেধের বর্ধণে সর্বাত্র ছড়াইয়া পড়িতেছে। যদি উপাসনার স্থারা আমাদের হৃদয় উক্ত দয়া উপলব্ধি করিবার উপযুক্ত শক্তিশালী করিতে পারি, তবে আমরা উহা জানিতে পারিব। সেই শক্তি সঞ্য় করিবার জন্ম বা অধিকারী হইবার জন্ত, সমুদায় উপাসনার উপদেশ। এবং ঐ শক্তিলাভ করিলেই উপাসনার দার্থকতা। এখন উপাসনার মূলতত্ত্ব কোখায়, বুঝিতে পারিলেই আমর। জীব স্বরূপ কতক হৃদয়দম করিতে পারিব। জাগতিক ব্যাপার পর্যালোচনায় আমরা প্রতিদিন দেখিতে পাই যে, একজাতীয় দ্রব্য, সেই জাতীয় অপর ম্রব্যের সহিত মিলিত হয়, তাহারা বিজাতীয় ম্রব্যের সহিত মিলিত হইতে পারে না, বিজাতীয় হইলেও, তাহাকে সমজাতীয়ত্বে পরিণত করিয়া, তবে তাহাতে মিলিত হয়। জলের সহিত জল, হুগ্ধ জলের সহিত মিলিত হয়, কারণ, উভয়েই একজাভীয়—তরল পদার্থ। পারদ যদিও তরল পদার্থ, কিন্তু উহার সহিত জল মিলিত হইতে পারে না, কেননা, আপেক্ষিক গুরুত্ব হিসাবে উহা জলের বিজাতীয়, যদি পারদকে জলের সজাতীয় অর্থাৎ জলের সমপরিমাণ আপেক্ষিক গুরুত্ব বিশিষ্টক্সপে, কোনও উপায়ে পরিণত করা যায়, তবেই উহা জলের সহিত মিশিতে পারে। অপর পক্ষে, মিছরি একটি কঠিন পদার্থ, ইহা জলের বিজাতীয়, কিন্তু উহা জলে গলিয়া যায়, কারণ, জল উহাকে নিজের সজাতীয় তরল পদার্থে পরিণত করিয়া, তবে নিজের সহিত মিলাইয়া ফেলে। কিন্তু তাহা হইলেও. জলের প্রতি অণু-পরমাণুতে মিছরির প্রতি অণ্-পরমাণ্ বিভ্যমান থাকে, এবং যদি কোনও উপায়ে অবের তিরোধান সাধন করা যায়, তবে আবার মিছরি পাওয়া যাইতে পারে। জলের সহিত হয় মিশ্রিত করিলেও, জলের প্রতি জগু-পরমাণুর সহিত ছথের

প্রতি অন্-পরমাণ বিশ্বমান থাকে। এই প্রকার একান্ত সন্নিকটে অবস্থান করার নাম শাস্ত্রকারের ভাষায় "ভট্ন অবস্থান। আমরা ১।১।২ স্থ্রের আলোচনায় যে চিত্রে বিশ্বপ্রপঞ্চ প্রদর্শন করিয়াছি, উহাতে জীব, ভগবানের ভটস্থা শক্তিরূপে দেখান হইয়াছে। অর্থাৎ জীব ভগবানের অভি সন্নিকটে অবস্থান করে, কিন্তু তাহা বলিয়া জীব ব্রহ্ম নহে। শক্তি হিদাবে অভেদ বটে, কিন্তু শক্তিই সমগ্র শক্তিমান্ নহে বলিয়া ভেদ বটে। এই ভেদাভেদ অচিন্তা।

আমরা তটস্থা শক্তি একটু অক্তভাবে বুঝিবার চেষ্টা করিব। আমি একজন সাধারণ মানুষ। আমি যথন আমার বৈঠকখানায়, আমার প্রতিবেশী, চেনা, অচেনা লোকের সহিত কথাবার্তা কই, যে সকল ব্যবসায়ীদের নিকট হইতে সামার দৈনিক ব্যবহারের দ্রবাদি আদে, তাহাদের সহিত হিসাব নিকাশ করি, যে সৰল প্রজা আমার জমি জোত আবাদ করে, তাহাদের সহিত দেনা পাওনার আলোচনা করি, জমির খাজনা আদান প্রদানের জন্ম জমিদারের বা তাহার কর্মচারির সহিত বচসা করি, তখন আমি আমার বহিরদ্বা শক্তি সাহচর্য্যে— কার্য্য করিয়া থাকি। যথন সে সম্পায় কার্য্য শেষ করিয়া অন্তর্বাটীতে আমার স্ত্রী পুত্রের দহিত আনন্দ উপভোগ করি, তথন আমি আমার শক্তিতে অবস্থান করিয়া থাকি। বহিরঙ্গা শক্তিতে অবস্থান বাহিরের ব্যক্তিগণ আমাকে যে ভাবে দেখিয়াছিল, তটস্থা শক্তিতে অবস্থানের সময়, আমার তদপেক্ষা আত্মীয়গণ, আমার আপনার জন সকল, ভদপেক্ষা অনেক ঘনিষ্ঠ ভাবে আমার পরিচয় পায়, আমার দোষগুণ স্কল তাহাদের নিকট অনেক অধিক প্রকাশিত হয়। কিন্তু তথনও আমি আমার বন্ধপ শক্তিতে অবস্থিত নহি। যথন আমি একাকী আমাতে নিবিষ্ট থাকি, তথনই আমি আমার স্বরূপ শক্তি সাহচর্ষো অবস্থান করি। আমার এমন কোনও গুপ্ত বিষয় থাকিতে পারে, যাহা আমি আমার অতি প্রিয়া স্ত্রীর নিকটও প্রকাশ করিতে পারি না, কিন্তু আমার নিজের কাছে উহা অজ্ঞাত নহে।

ভগবান্ ও ঐরপ বহিরদা শক্তির দাহচর্য্যে জগতের ভোগ্যবিষয় স্থি করেন, তটস্থা শক্তির আশ্রের ভোক্তার ব্যবস্থা করিয়া, ভোগ্যের সার্থকতা সম্পাদন করেন, এবং তটস্থা শক্তির সাহচর্য্যে অবস্থানের সময়, তিনি ভোক্তা জীবের নিকট অধিক ঘনিষ্ঠভাবে পরিচিত হইয়া পড়েন, এবং ভোক্তা জীব, তিনিই একমাত্র পরমা গতি, পরম আশ্রেয়, তাঁহাকে পাইলেই ভোক্তাভোগ্যের পরম্পর সম্বন্ধ স্থাপন করিবার উদ্দেশ্য সর্ব্বেভোতাবে দিদ্ধ হয়, অর্থাৎ, স্কৃত্তির উদ্দেশ্য সম্পূর্ণ দিদ্ধ হয়, ইহা বৃঝিয়া তাঁহার দর্শনলাভের উদ্দেশ্যে উপাসনা মার্গে

অগ্রদর হয়। বহিরদা ও ভটয়া শক্তি লইয়াই জগৎপ্রপঞ্চ। অন্তরদা বা ম্বরূপ শক্তির ক্রিয়া প্রপঞ্চের বাহিরে। ১০০০ থেরের আলোচনায় ছালোগ্য প্রুতির ৩০০০ মন্ত্রার্থ উদ্ধৃত হইয়াছে—"পালোহস্ত সর্ববস্তৃতালি ক্রিপাদস্তামৃতং দিবি"—ইহার পাদ অর্থ ঠিক চতুর্থাংশ নহে, অরাংশ মাত্র। উপলক্ষণে 'পাদ' শব্দের প্রয়োগ হইয়াছে। অর্থাৎ পূর্ণ ব্রদায়রপের অতি অল্লাংশেই প্রপঞ্চ বিশ্ব। ইহা আমরা প্রপঞ্চ জগতের প্রতি দৃষ্টিপাত করিলেই ব্রিতে পারি।—পঞ্চীরত পঞ্চত্ত দকল—ক্রিতে, অপ্, তেজ, মঞ্ছৎ, ব্যোম—কি অনন্ত পরিমাণে চতুর্দ্দিকে বিস্তীর্গ রহিয়াছে, এবং তাহার কত অল্লতম অংশ, জীব বা উদ্ভিদের উপাদান রূপে ব্যবস্থাপিত হইয়াছে, ইহা পর্যালোচনা করিলে বিশ্বিত হইতে হয়। বর্ধাকালে মেঘ হইতে কত অধিক পরিমাণে বারিবর্ধণ হয়, এবং তাহার কত অল্লাংশ জীব বা উদ্ভিদের প্রয়োজনে ব্যবহৃত হয়। দেইরূপ অনন্তদেবের অতি ক্ষুত্রতম অংশেই বিশ্বপ্রপঞ্চ। বলা বাহুলা, যে মানবের ভাষায় ব্যক্ত করিবার জন্ত অংশ বা পাদ শব্দ ব্যবহার করা হইয়াছে মাত্র। প্রকৃত পক্ষে, অনন্ত, অথও, চৈতন্তন, পূর্ণম্বরূপের অংশ, পাদ প্রভৃতি সন্তব হয় না।

১০০০ সংগ্রের আলোচনায় প্রদন্ত চিত্রে দৃষ্ট হইবে, যে বহিরঙ্গা শক্তির সাহচর্য্যে অহন্ধার তত্ত্বের উৎপত্তি। এই অহন্ধার তত্ত্বের উপর তটন্থা শক্তির আভাস পতিত হইলেই ভোক্তা জীবের উৎপত্তি। মনে রাথা প্রয়োজন যে, বহিরঙ্গা শক্তিও চৈতন্ত শক্তি। স্থতরাং রহিরঙ্গা শক্তি হইতে উৎপন্ন জাগতিক উপাদানে অল্লাধিক পরিমাণে চৈতন্তের বহিরঙ্গা শক্তাংশ বিভ্যমান। অহন্ধার তত্ত্বেও বহিরঙ্গা হৈতন্তাংশ বিভ্যমান, কিন্তু তটন্থা শক্তির চৈতন্তের ঘনিষ্ঠতাভাব তাহাতে নাই। যথন তটন্থা শক্তি অহন্ধারে প্রতিবিন্ধিত হইল, তথনই চৈতন্তের ঘনিষ্ঠতা ভাব উৎপন্ন হইল, এবং তাহাই ভোক্তা জীব, তাহারই সংসার, তাহারই শোক, হর্ম, লোভ, মোহ ইত্যাদি।

শোক হর্ষ ভয় ক্রোধ লোভ মোহ স্পৃহাদয়ঃ। অহস্কারস্ত দৃশুন্তে জন্ম মৃত্যুর্ন চাত্মনঃ।। ভাগঃ ১১।২৮।১৬

শোক, হর্ষ, ভয়, ক্রোধ, লোভ, মোহ, স্পৃহাদি, জন্ম, মৃত্যু এ সম্দায়
অহলারের জানিবে, আত্মার নহে। ১১/২৮/১৬

জীব তাহাতে অভিমানী হইয়া, বন্ধ, মোক্ষ ভোগ করিয়া থাকে, অভিমান না থাকিলে বন্ধ ও নাই, মোক্ষ ও নাই। দেহেন্দ্রিয়প্রাণ মনোহভিমানো, জীবোহন্তরাত্মা গুণকর্ম্মর্টিঃ। স্থানে মহানিত্যুরুধিব গীতঃ, সংসার আধাবতি কালতন্ত্রঃ।

ভাগঃ ১১।২৮।১৭

গুণাঃ স্জন্তি কর্মাণি গুণোহনুস্ত্বতে গুণান্। জীবস্ত গুণসংযুক্তো ভূঙ্কে কর্মফলাক্সসৌ।।

ভাগঃ ১১।১০।৩০

যাবৎ স্যাৎ গুণবৈষম্যং তাবনানাত্বমাত্মনঃ। নানাত্বমাত্মনো যাবৎ পারতন্ত্রাং তদৈব হি। যাবদস্যাস্বতন্ত্রত্বং তাবদীশ্বরতো ভয়ম্।। ভাগঃ ১১।১০।৩১

দেহ, ইন্দ্রিয়, প্রাণ ও মনাদিতে অভিমানী এবং উহাদিগের অন্তরন্থ, গুণ কর্মমূর্ত্তি, জীব, স্ক্র উপাধি সকলের দ্বারা, স্ত্র, মহান্ ইত্যাদি বহুপ্রকারে কথিত হইয়া, কাল মূর্ত্তি পরমেশ্বের অধীনে সংসারে সর্ক্তি ধাবমান হয়। ভাগঃ ১১।২৮।১৭

১১।১০।৩০ ও ১১।১০।৩১ শ্লোকের অর্থ ১।১।১৮ স্থতের আলোচনায় দেওয়া হইয়াছে।

অতএব, ভগবানের তটন্থা শক্তাংশ, তাঁহার বহিরঙ্গা শক্তাংশ রূপ উপাধিতে অভিমানী হইলেই বন্ধ, এবং অভিমান শৃত্য হইলেই মোক্ষ। এই বন্ধ অবিভা দারা হয়, এবং মোক্ষ বিভা দারা হইয়া থাকে। এই অবিভা ও বিভা, ইহারা ভগবানের শক্তি। তাঁহার ইচ্ছান্ম্পারেই অবিভা দারা বন্ধ, এবং তাঁহার ইচ্ছান্ম্পারেই বিভা দারা মৃক্তি।

বিন্তাবিন্তে মমতন্ বিন্ধ্যাদ্ব শরীরিণাম্। মোক্ষবন্ধকরী আতে মায়য়া মে বিনির্দ্মিতে।। ভাগঃ ১১।১১।৩

হে উদ্ধব! বিতা ও অবিতা উভয়ই আমার শক্তি। উভয়ই অনাদি। উহাদিগের মধ্যে অবিতা জীবের বন্ধকরী ও বিতা জীবের মোক্ষকরী। ভাগঃ ১১১১১৩

অহকার আবার তিন প্রকার:--

অহং সর্বামিদং বিশ্বং পরমাত্মাহমচ্যুতঃ। নাস্মদস্তীতি সংবিদ্যা পরমা সা হাহংকৃতিঃ॥ মহোপনিষং ৫।৮৯ সর্বস্মাদ্যতিরিক্তোইহং বালাগ্রাদ্প্যহং তন্তু:। ইতি যা সংবিদোব্রস্থান্ দ্বিতীয়াহংকৃতি: শুভা॥ মহোপনিষ্ৎ

\$120

মোক্ষায়ৈষা ন বন্ধায় জীবনুক্তস্তা বিভাতে। মহোপনিষৎ ৫।৯১
পাণি পাদাদিমাত্ত্রোইহমহমিত্যেষ নিশ্চয়ঃ।
অহংকার স্থাতীয়োইসৌ লৌকিকস্তুচ্ছ এবচ।। মহোপনিষৎ ৫।৯২
প্রথমৌ দ্বাবহংকারা বঙ্গীকৃত্যন্থলৌকিকৌ।
ভূতীয়াহংকৃতি স্তাজ্যা লৌকিকী হঃখদায়িনী।। মহোপনিষৎ ৫।৯৫
অথ তে অপি সংত্যজ্য সর্ব্বাহংকৃতিবর্জ্জিতঃ।
স তিষ্ঠতি তথাত্যুক্তঃ পরমে বাধিরোহতি।। মহোপনিষৎ ৫।৯৬

আমিই এই পরিদৃশ্যমান নিখিল বিশ্ব, আমিই অচ্যুত—অপ্রচ্যুত শ্বরূপ পরমাত্মা, আমি ভিন্ন অন্ত কিছুই নাই। এই প্রকার জ্ঞান পরম অহঙ্কার। (মহোপনিষৎ, ৫৮১)।

আমি সম্দায় হঁইতে পৃথক, কেশাগ্রভাগ হইতেও স্ক্র, এই প্রকার যে জ্ঞান, হে ব্রহ্মণ! তাহা দ্বিতীয় প্রকারের অহস্কার। (মহোপনিষৎ, এ৯০)

এই প্রকার অহন্ধার মোন্দের নিমিন্ত, জীবমুক্ত পুরুষেরই এ প্রকার অহন্ধার হইয়া থাকে। (মহোপনিষৎ, ৫।১১)

আমি হস্তপদাদি মাত্র, এই প্রকার যে অহন্ধার, তাহা তৃতীয় প্রকারের। তাহা লৌকিক ও তুচ্ছ। (মহোপনিষৎ, ৫।১২)

প্রথম তুই প্রকার অলোকিক অহন্ধার অঙ্গীকার করিয়া, তুংখদায়িনী লোকিক তৃতীয় প্রকার অহন্ধার পরিত্যজ্ঞা। (মহোপনিষৎ, এ৯৫)

অনস্তর (সাধক) প্রথম ছই প্রকার অহন্ধারও পরিত্যাগ করিয়া, সর্বপ্রকার অহন্ধার বর্জ্জিত হওত, অত্যুক্ত পরমধামে অধিরোহণ করেন। (মহোপনিষৎ, ৫।৯৬)

পৃজ্যপাদ শ্রীমন্ পরমহংস দেবের ভাষার, প্রথম ছই প্রকারের অহন্ধারে উপহিত তটস্থ শক্তাংশ—জীব—"পাকা আমি", এবং তৃতীয় প্রকারের অহন্ধারে উপহিত চৈতন্ত—"কাঁচা আমি"।

প্রথম প্রকার অহন্ধার—শুদ্ধ জীব। প্রহলাদও এই কথা বলিয়াছিলেন, বিষ্ণু পুরাণে উক্ত আছে:— সর্ববগন্ধাদনন্তস্তা স এবাহমবন্থিতঃ।

মত্তঃ সর্ব্বমহং সর্ব্বং মশ্বি সর্ব্বং সনাতনে । বিষ্ণুপুরাণ ১৮১৯৮৫ অহমেবাক্ষয়ো নিত্যঃ পরমাত্মাত্মসংশ্রয়ঃ।

ব্রহ্মসংজ্ঞোইহমেবাতো তথান্তে চ পরঃ পুমান্।। বিফুপ্রাণ ১।১৯।৮৬ অনন্তের সর্বাগত হেতৃ, আমিই সেই অবস্থিত আছি। আমা হইতে অথিল বিশ্ব প্রপঞ্চ। আমিই অথিল বিশ্ব প্রপঞ্চ। এবং সনাতন আমাতেই অথিল বিশ্ব প্রপঞ্চ প্রতিষ্ঠিত আছে। (বিশ্বপুরাণ, ১।১৯।৮৫)

আমিই অক্ষয়, নিত্য, আত্মদংশ্রয়, ব্রহ্মগংজ্ঞ, প্রমাত্মা। আমিই প্রম পুরুষ।
স্প্রের আদিতে ও অন্তে আমিই বিগুমান। (বিষ্ণুপুরাণ, ১০১১৮৬)।

লক্ষ রাখিতে হইবে যে, এ অবস্থায়ও অহংজ্ঞান বর্ত্তমান। স্থতরাং অভেদে ভেদ বর্ত্তমান।

দ্বিতীয় প্রকার অহঙ্কার—জীবমুক্ত জীব, উহাতে বন্ধ নাই।

তৃতীয় প্রকার অহন্ধার—সাধারণতঃ আমাদের ন্যায় জীবের দেহাত্মবৃদ্ধি জ্ঞান। শ্রুতি বলিতেছেন যে, প্রথম ও দ্বিতীয় প্রকারের অহন্ধার দ্বারা ইহার নাশ সাধন করা প্রয়োজন। তারপর অন্য তৃই, অর্থাৎ প্রথম ও দ্বিতীয় প্রকার অহন্ধার, পরিত্যাগ করিয়া, কৈবলো অবস্থিত হইলে, প্রক্ষার্থ লাভ। ইহা নির্বিকল্প সমাধির অবস্থা, উপলদ্ধির ব্যাপার, ইহার সম্বন্ধে কিছু বলা যায় না। জীব ব্রন্ধ হইতে অভেদ থাকেন, বা কখনও ভেদ থাকেন, তাহা ভাষায় বলা যায় না। পরমহংসদেব এই অবস্থার প্রতি লক্ষ্য করিয়া বলিয়াছেন, যে হুনের পুতৃল সমুদ্র মাপিতে গিয়া নিজেই গলিয়া গেল, আর কে মাপিবে, আর কে বা আসিয়া বলিবে যে সমুদ্র কন্ত গভীর।

তবে শ্রীমদ্ ভাগবত আলোচনায় আমরা পাইলাম যে, যেমন বহিরঙ্গা শক্তির অভিব্যক্ত অবস্থা,—ব্যক্ত প্রপঞ্চ জগৎ, সেইরূপ তটন্থা শক্তির অভিব্যক্ত অবস্থা, তথাকা জীব প্রপঞ্চ। এবং বহিরঙ্গা শক্তির অনভিব্যক্ত অবস্থায়, যেমন জগৎ প্রপঞ্চ অভিব্যক্ত— স্ক্র বীজ বা ভাব রূপে বর্ত্তমান থাকে, একান্ত নাশ হয় না সেইরূপ তটন্থা শক্তির অনভিব্যক্ত অবস্থায়, জীব ও বীজ বা ভাবরূপে বর্ত্তমান থাকে, একান্ত অভেদ হয় না। বিভা দ্বারা অবিভার নাশ হইলে, জীব স্বীয় স্বরূপে অবস্থিত হয়, তথন ভাহার ব্রহ্ম দর্শন হয়, তিনি ব্রহ্মস্বরূপ প্রাপ্ত হন।

যতেমে সদসজপে প্রতিসিদ্ধে স্বসম্বিদা। অবিজয়াত্মনি কৃতে ইতি তর স্বাদর্শনম্।। ভাগঃ ১।৩।৩৩ যথন আত্মার অবিতা দারা কল্পিড স্থুল ও সৃদ্ধ উভয়রূপ উপাধি সম্যক জ্ঞান দারা প্রতিসিদ্ধ অর্থাৎ অসত্য বলিয়া অবধারিত হইবে, তথন জীব ব্রহ্ম স্বরূপই হইবেন। অর্থাৎ তথন জীব জ্ঞানমাত্র স্বরূপ্ন ব্রহ্মভাব প্রাপ্ত হইবেন। ভাগঃ ১।৩।৩৩

যন্ত্যেষোপরতা দেবী মান্না বৈশারদী মতিঃ। সম্পন্ন এবেতি বিতুর্মহিম্নি স্বে মহীয়তে॥ ভাগঃ ১।৩।৩৪

১।২।৩২ স্থত্তের আলোচনায় ইহার অর্থ প্রদত্ত হইয়াছে।

সম্পন্ন ব্রহ্মস্বরূপং প্রাপ্ত এব, (শ্রীধর)। ব্রহ্ম স্বরূপ প্রাপ্তের ভাষ। ব্রহ্ম হন না। ব্রহ্ম স্বরূপ প্রাপ্তের ভাষ হন। "এব" এখানে সাদৃশ্য অর্থে ব্যবহৃত হইয়াছে।

ইহাই "রম্প্র উপাসনার লক্ষ ও ফল (দেখ স্ত্র ১।২।৩২)। কিন্তু ব্ৰহ্মস্বরূপ প্রাপ্ত হইলেও, জীব ব্রহ্ম হন না। জলের সহিত চিনি বা মিছরি মিশ্রিত হইয়া জল স্বরূপ হইলেও, চিনি বা মিছরি জল হয় না।

স্ত্রকার চতুর্থ অধ্যায়ে **'জগদ্ব্যাপারবর্জন্**" ও।৪।১৭ স্ত্রে ভেদ থাকে, তাহাই প্রতিপন্ন করিবেন।

এক দেহরূপ বৃক্ষে স্থারূপে বাস করিলেও জীব তাঁহাকে জানিতে পারে না।

ন যস্তা সখ্যং পুরুষোহবৈতি সখ্যঃ, সথা বসন্ সংবসতঃ পুরেহত্মিন্। গুণোযথা গুণিনো ব্যক্তদৃষ্টেস্তবৈত্ম মহেশায় নমন্ধরোমি।

ভাগঃ ৬।৪।১৯

১।১।১৮ স্থতের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। স্বতরাং, ভেদ সিদ্ধ।

মুক্তি পাঁচ প্রকার — সালোক্য, সাষ্টি, সামীপ্য, সারপ্য এবং সাযুজ্য।
সালোক্য—ভগবানের সহিত একলোকে বাস। সামীপ্য—তাঁহার সমীপে
অবস্থান। সাষ্টি — উভয়ের ভূল্য ঐশ্বর্য। সারপ্য—উভয়ের একরূপ আকার,
ভূষণ প্রভৃতি। এবং সাযুজ্য—উভয়ের একত্ব, একই ইচ্ছা। ভক্তগণ ইহাদের
কোনটিই প্রার্থনা করেন না, ভগবান্ দিলেও চান না, সেবা প্রার্থনা করেন,
কারণ, সেবায় আনন্দ অনস্তগুণে অধিক। ভাগঃ ৩২২১১

সালোক্য সাষ্টি সামীপ্য সারূপ্যৈকত্বমপ্যুত। দীয়মানং ন গৃহুন্তি বিনা মৎসেবনং জনাঃ॥ ভাগঃ অ২না১১

মৃক্ত আবার ছই প্রকার, নিত্যমৃক্ত বা নিত্যসিদ্ধ, এবং সাধনমৃক্ত বা সাধনসিদ্ধ। নিত্যসিদ্ধণণ শ্রীভগবানের পরিকর, তাঁহারা তাঁহার অন্তরঙ্গা স্বরূপ শক্তির বিভৃতি; আর সাধনসিদ্ধণণও তাঁহার সেবা পরিকর বটেন, তাঁহার। তাঁহার তটয়া শক্তির বিভৃতি।

এ সমৃদায় বিষয়ে আলোচনা পরে বিস্তারিত ভাবে হইবে। এথানে সংক্ষেপে করা হইল মাত্র। ভিভি:-

''কস্মিন্ন_{ন্} ভগবো বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতি।"

(মুণ্ডঃ ১।১।৩)

হে ভগবন্! কাহাকে জানিলে এই প্রপঞ্জগৎ সর্ক্রভোভাবে বিজ্ঞান হয়।

সূত্র :—১া৩া৬

প্রকরণাচ্চ II ১ ৷ ১ ৷ প্রকরণাৎ + চ ৷

প্রকরণাৎ ঃ-প্রকরণ হেতু। চঃ-ও।

শিরোদেশে উদ্ধৃত প্রশ্নেই মৃণ্ডক শ্রুতির আরম্ভ। স্থতরাং এক বিজ্ঞানে দর্ববিজ্ঞান প্রতিজ্ঞার উপর ইহার ভিত্তি। অতএব, ইহা ত্রহ্ম প্রকরণ, এ কারণ স্থা-ভূ লোকাদির আশ্রেয় পরমাত্মাই। ভিন্তি:---

"দ্বা স্থূপনা সমৃদ্ধা সধায়া সমানং বৃক্ষং পরিষম্বজাতে। তম্মোরস্তঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্বরত্যো অভিচাকশীতি॥" (মুগুঃ ৩।১।১)

তুইটি পক্ষী সহচর ও সমান স্বভাব; উভয়ে একই দেহরূপ বৃক্ষে অবস্থান করে। তত্ত্তয়ের মধ্যে একটি প্রিয় কর্মফল ভোগ করে, অপরটি ভোগ না করিয়া কেবল দর্শন করে মাত্র। (মৃতঃ ৩।১।১)

সূত্র :-- ১৷৩৷৭

স্থিত্যদনাভ্যাং চ ॥ ১।৩।৭ স্থিতি + অদনাভ্যাং + চ।

ৰিভিঃ—উদাসীন ভাবে অবস্থান হেতু। আদনাভ্যাং—ভোগ হেতু। চ:—ও।

যিনি কর্মফল ভোগ না করিয়া উদাসীন ভাবে অবস্থান করেন, তিনি প্ল্যু-শ্রুপ্রভৃতি লোকের আশ্রম স্বরূপ হইবার উপযুক্ত। যিনি কর্মফল ভোগ করিয়া ভজ্জা স্বথহংখাদি ভোগে পতিত হন, তাঁহার পক্ষে উহা অসম্ভব। অতএব, পরমাত্মাই হ্যু-ভূ-লোকাদির আশ্রম।

স্থপর্ণাবেতে সদৃশো সধায়ৌ, যদৃচ্ছয়ৈতো কৃতনীড়ৌ চ বৃক্ষে।

একস্তয়োঃ ধাদতি পিপ্পলান্নমন্তো নিরন্নোহপি বলেন ভূয়ান্।।
ভাগঃ ১১।১১।৬

১০০০ সংত্রের আলোচনায় এই শ্লোকের সরলার্থ দেওয়া হইয়াছে।
অতএব যিনি নিরন্ধ, অথচ অনস্ত শক্তিশালী, তিনিই গ্যু-ভ্-লোকাদির
আশ্রয়। আশ্রয় যদি আশ্রিতের আগন্তক ব্যাপারে বিচলিত হয়, তবে
সে শাখত আশ্রয় কি প্রকারে হইতে পারে? এক আশ্রয়কে অবলম্বন
করিয়া—অনেক আশ্রিত বর্তমান থাকে। আশ্রয়ের নিত্যম্ব, শাখত ভাব অক্ষ্
রাথিবার জন্ম উহার সর্ব্বতোভাবে আশ্রিতের ব্যাপারে নির্লিপ্ত থাকা
প্রয়োজন; নতুবা প্রত্যেক আশ্রতের আগন্তক মুখ গ্রুথে বিচলিত হইলে
আশ্রয়ের আশ্রয়েরেরই ব্যভিচার উপস্থিত হয়। অতএব কর্মফলে উদাসীনভাবে
অবস্থিত পরমাত্যাই গ্যু-ভূ প্রভৃতি লোকের আশ্রয়ই বটে।

২। ভূখাধিকরণ॥

ভিত্তি:--

"যো বৈ ভূমা তং স্থখং, নাঙ্গে স্থখমন্তি, ভূমৈব স্থখং, ভূমা জ্বেব বিজিজ্ঞাসিতব্য ইতি।

(ছান্দোগ্যঃ ৭।২৩।১)।

যাহা ভূমা তাহাই স্থপ, অল্পে বা পরিচ্ছিন্ন বস্তুতে স্থপ নাই, পরস্ক ভূমাই স্থাস্থরপ, অতএব ভূমা সম্বন্ধে জিজ্ঞাসা করা উচিত। (ছান্দোগ্যঃ গা২৩১)।

সংশয় :—ছান্দোগ্য শ্রুতির উপরে উদ্ধৃত ৭৷২৩৷১ মন্ত্রে উপদিষ্ট "ভূমা" কি জীবাত্মা বা পরমাত্মা ?

এই অধিকরণের বিচার বিশদরূপে হাদারসম করিবার জন্ম প্রকরণটির সংক্ষেপ আলোচনার প্রয়োজন। নারদ ভগবান্ সনৎকুমারের নিকট উপস্থিত হইয়া বলিলেন, ভগবন্! আ্মাকে অধ্যয়ন করান। সনৎকুমার তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, তুমি কতদ্র অধ্যয়ন করিয়াছ? (ছাঃ ৭।১।১)। উত্তরে নারদ বলিলেন যে, তিনি সম্দায় বেদ, ইতিহাস, পুরাণ, ব্যাকরণ, জ্যোতিষ, তর্ক, বেদাস, ভ্তবিভা, ক্ষত্রবিভা প্রভৃতি তথনকার প্রচলিত সম্দায় বিভা অবগত আছেন। (ছাঃ ৭।১।২)।

নারদ বলিলেন, আমি এত জানিয়াও, শব্দার্থ মাত্রই জানিয়াছি, আত্মবিৎ হইতে পারি নাই। এজন্ম তৃঃখভোগ করিতেছি, আপনি আমার এই তৃঃখ-সাগর হইতে উত্তীর্ণ করুন। সনৎকুমার বলিলেন, তুমি যা কিছু পড়িয়াছ, তাহা অবিভাবিষয়ভূত বিকারাত্মক নাম মাত্র। (ছাঃ ৭।১।৩)।

প্রসিদ্ধ ঋথেদাদি শাস্ত সমস্তই নাম স্বরূপ; যেরূপ প্রতিমাকে বিষ্ণুবৃদ্ধিতে উপাসনা করা হয়, সেইরূপ নামকেই ত্রহ্মবৃদ্ধিতে উপাসনা কর।

(ছা: १।১।৪)।

যে লোক নামকে ব্রহ্ম বুদ্ধিতে উপাসনা করে, যে পর্যান্ত নামের অধিকার তাহার সেই পর্যান্ত যথেচ্ছ অধিকার হইয়া থাকে। ইহা শুনিয়া নারদ জিজ্ঞাসা করিলেন, যে নাম অপেক্ষা অধিক বা অতিরিক্ত আর কিছু আছে কি না? (ছাঃ ৭।১০০)।

এইরপ প্রশোত্তরে ক্রমশ নাম হইতে বাক্ শ্রেষ্ঠ, বাক্ হইত মনঃ, মনঃ হইতে শ্রহর, সংকল্প হইতে চিত্ত, চিত্ত হইতে ধ্যান, ধ্যান হইতে বিজ্ঞান, বিজ্ঞান

হইতে বল বা মনের প্রতিভা, বল হইতে অন্ন, অন্ন হইতে জ্বল, জল হইতে তেজ, তেজ হইতে আকাশ, আকাশ হইতে স্মরণ শক্তি, স্মরণ শক্তি হইতে আশা, আশা হইতে প্রাণ শ্রেষ্ঠ। (ছা: ৭।২।১—৭।১৫।১)।

যেমন রথচক্রের নাভিতে শলাকা সকল বদ্ধ থাকে, সেইরূপ প্রাণে অর্থাৎ প্রজ্ঞাত্মা জীবে পূর্ব্বোক্ত নামাদি সমস্তই অর্পিত রহিয়াছে। প্রাণই স্বীয় শক্তির সাহচর্য্যে গমন করে, প্রাণ প্রাণকে দান করে, এবং প্রাণের উদ্দেশ্যেই দান করে। প্রাণই পিতা, মাতা, ভ্রাতা, ভগিনী, আচার্য্য এবং প্রাণই ব্রাহ্মণ। (ছা: ৭।১৫।১)

এই উত্তর শুনিয়া নারদ মনে করিলেন যে, প্রাণ বা জীবই সর্বশ্রেষ্ঠ তত্ত্ব, ইহার উপর আর কিছু নাই। এজন্ত তিনি আর কোনও প্রশ্ন জিজ্ঞাসা করিলেন না। কিন্তু শুক্র সনৎকুমাব জানেন যে, ইহা অপেকা শ্রেষ্ঠতর তত্ত্ব আছে, তাহা না বলিলে শিয়্মের নিকট বিপ্রলিন্দা বা শিক্ষাদান কার্পণ্য-দোষে দুষ্ট হইতে হয়, এবং তাহাতে প্রত্যবায় হইতে পারে, এই আশব্রায় উপদেশ দিতে লাগিলেন। বলিলেন যে, প্রাণ হইতে সত্য শ্রেষ্ঠ। বিজ্ঞানবান, মননশীল, শ্রেষাসম্পন্ন, নিষ্ঠাবান্ কৃতী লোকই সত্যকে জানিতে পারে। লোকে স্থ্য কামনায় যতকিছু কার্য্য করিয়া থাকে, কিন্তু জাগতিক ব্যাপারে স্থ্য আপেক্ষিক মাত্র, কাহাতে বেশী এবং কাহাতে কম, স্থতরাং জাগতিক ব্যাপারে স্থের আকাজ্জার পরিসমাপ্তি হয় না, কোন প্রকার স্থকর বিষয় হস্তগত হইলেই তদপেকা অধিকতর স্থকর বিষয়ের প্রতি আকাজ্জার উল্লেক হয়, নিবৃত্তি হয় না। অতএব যেথানে স্থের আকাজ্জার পরিসমাপ্তি, যাহাকে জানিলে আর জানিবার, ব্রিবার, স্থ্য অন্নত্ব করিবার আকাজ্জা থাকে না, সেই সত্যম্বরূপ, স্থম্বরূপ ভ্যাই একমাত্র জানিবার বিষয়।

ছाः १।১৫!२--१।२७।১

এখন সন্দেহ হইতে পারে যে, যখন প্রাণ বা জীবাত্মা নামাদি হইতে শ্রেষ্ঠ
বলা হইল তখন নারদ ত আর প্রশ্ন করিলেন না, স্বতরাং ভগবান্ সনংকুমার
ভাহা হইতে শ্রেষ্ঠতর তবের উপদেশ দ্বিজ্ঞাসিত না হওয়ায় না দিতেও
পারেন এবং জীব তত্তকে আরও বিশদরূপে প্রকাশ করিবার জন্ম ছান্দোগ্য
শ্রুতির গা>৫।২ হইতে গা২৩।১ মন্ত্রের অবভারণা করিতে পারেন। অতএব
ভূমাও জীবাত্মা হইতে পারেন। এই সন্দেহের উত্তরে স্ক্রকার সমাধান
করিলেন:—

সত্র : — ১।৩।৮

ভূমা সম্প্রসাদাদধ্যপদেশাং ॥ ১।৩।৮ ভূমা + সম্প্রসাদাং + অধি + উপদেশাং ।

ভূমা: — ভূমা অথ পরমাত্মা। সম্প্রসাদাৎ: — জীব হইতে। অধি: — উপরে। উপদেশাৎ: —উপদেশ হেতু।

ভূমা পরমাত্মাই, কারণ সম্প্রদাদ (সমাক্ প্রসাদ তি অন্মিন্) জীব পরমাত্মাকে প্রাপ্ত হইয়া স্ব ম্বরূপে প্রতিষ্ঠিত হয়। "এম সম্প্রসাদেশ ইন্মান্তরীরাৎ সম্পায় পরং জ্যোতিরুপসম্পত্ত স্থেন রূপেণা ভিনিম্পত্তে।" (ছা: ৮।১২।২)

অতএব জীব ভূমা নহে, কারণ তাহার স্বরূপ প্রাপ্তির জন্ত পরমাত্মা লাভ প্রয়োজন, অতএব পরমাত্মা তাহা অপেক্ষা উপরে এবং অধিক, অতএব ভূমা পরমাত্মাই।

পুরেহ ভূমন্ । বহবোহপি যোগিনস্তদর্পিতেহা নিজকর্মলক্ষয়া। বিবৃধ্য ভক্তৈয়ব কথোপনীতয়া, প্রপেদিরেইঞ্জোইচ্যত । তে গতিং পরাম্॥ ভাগঃ ১০।১৪।৫

হে ভূমন্! পুরাকালে ইহলোকে বহু বহু যোগী তোমাতে অথিল চেষ্টা অর্পণ করতঃ দেই কর্মার্পণে লব্ধ এবং তোমার কথা প্রবণে উপজাত ভক্তি যোগে আত্মতত্ত্ব অবগত হইয়া, স্থথে তোমার প্রমা গতি প্রাপ্ত হইয়াছেন। ভাগঃ ১০।১৪।৫

যোগিগণ এই ভূমাকে জানিয়া পরা গতি লাভ করেন। ন ত্বাং বয়ং জড়ধিয়ো ন বিদাম ভূমন্, কৃটস্থমাদিপুক্ষং জগতামধীশম্ । ভাগঃ ৯।১০।১৩

হে ভূমন্। আমরা জড়মতি, আপনি নির্ফিকার, আদি পুরুষ, জগদীখর।
আমরা আপনাকে কি করিয়া জানিতে পারি? ভাগঃ ১০০০
সেই ভূমা কৃটস্থ, আদি পুরুষ এবং বিশের অধীখর। জড়ধীগণ তাঁহাকে
জানিতে পারে না। অভএব ভূমা পরমাত্মাই।

ভিত্তি:--

"যত নাতাং পশাতি নাতাচ্ছণোতি নাতাদ্বিজ্ঞানাতি স ভূমা২থ যত্রাতাং পশাত্যতাচ্ছ্ণোভাতাদ্বিজ্ঞানাতি তদঙ্গং, যো বৈ ভূমা তদমূতং, অথ যদঙ্গং তন্মৰ্ত্তাম্। স ভগবঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি স্বে মহিমি, যদি বা ন মহিমীতি।" ছান্দোগ্যঃ, ৭।২৪।১

যাহাতে অন্ত কিছু দর্শন করে না, অন্ত কিছু প্রবণ করে না, অন্ত কিছুই জানিতে পারে না, তাহাই ভূমা। আর যাহাতে অন্ত বস্ত দর্শন করে, অন্ত বস্ত প্রবণ করে, অন্ত বিষয় জানিতে পারে, তাহা অল্প—ভূমার বিপরীত। যাহা ভূমা. তাহা অমৃত, আর যাহা অল্প, তাহা মরণশীল—বিনাশী। (নারদ জিজ্ঞাসা করিলেন) সেই ভূমা কোথায় প্রতিষ্ঠিত আছেন? (সনৎকুমার বলিলেন) স্বীয় মহিমায় বা শক্তিতে, অথবা স্বীয় মহিমায়ও নহে—অর্থাৎ, তোমার প্রশ্নের উত্তরে "শ্বীয় মহিমায়" বলা হইল মাত্র, প্রকৃতপক্ষে তিনি কোথায়ও প্রতিষ্ঠিত নহেন। ভিনি সর্ব্বাধার স্ব্বাপ্রায়, কিন্তু তাঁহার কোন আধার বা আশ্রেয় নাই। (ছাঃ, গা২৪।১)

সর্বাধারের আধার কি, এ প্রশ্ন হইতে পারে না। অনবস্থা দোষ পরিহারের জন্ম ভ্যাই সর্বাধার স্বীকার করা হয়। তিনি ও তাঁহার মহিমা অভেদ বলিয়া এরপ উত্তর দেওয়া হইল মাত্র।

সূত্র :—১।৩।৯ ধর্ম্মোপপত্তেশ্চ ।। ১।৩৷৯ ধর্ম্মোপপত্তে: + চ ।

ধার্মাপপত্তে: ১— এ প্রকরণে উল্লিখিত পরমাত্ম-ধর্মা-সমূহের উপপত্তি হেতু। চ:—ও।

শিরোদেশে উদ্ধৃত ছান্দোগ্য শ্রুতির গাং ৪।১ মন্ত্র নারদ-সনৎকুমার প্রকরণে ভূমার স্বরূপ সম্বন্ধে বর্ণনা করিয়াছেন। উহা পাঠে স্পষ্টই প্রতীয়মান হয় যে, ভূমা পরমাত্মাই। অমৃতত্ব, স্বীয় মহিমায় অধিষ্ঠান, সর্বাধার হইয়া অনক্যাধারত্ব প্রভৃতি ধর্মা পরমাত্মা ভিন্ন অপর কাহাতেও সম্ভব হয় না। ছাঃ গাং ৫।১, গাং৬।১, গাং৬।২, মন্ত্র ভূমা যে পরমাত্মাই তাহা প্রতিপন্ন করে। আর বিস্তারের প্রয়োজন নাই।

সেই ভূমাই অগ্নি, বায়ু, জল-এককথায়, দৃখ্যমান ও জাদৃশ্য সমুদায়ই।

ত্বং বায়ুরগ্নিরবনিবিয়দস্থুমাত্রাঃ, প্রাণেন্দ্রিয়াণি হৃদয়ং চিদনুগ্রহশ্চ। সর্ববং অমেব সগুণো বিগুণশ্চ ভূমন্, নাক্সন্তুদস্তাপি মনো বচসা নিক্রক্তম্ !: ভাগঃ ৭।১:৪৭

১।১।২ স্থত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। সেই ভূমা পুরুষই হরি, ভিনি বিশ্বের স্বষ্টি, স্থিভি, লয়ের কারণ, স্বীয় মহিমায় প্রতিষ্ঠিত। ভিনিই বিশ্বরূপ, স্বীয় ইচ্ছায় বহুশক্তি ও গুণ গ্রহণ করিয়া প্রকাশিত হন, কিন্তু তাঁহার স্বভ:দিদ্ধ পূর্ণজ্ঞান অক্সুর থাকে।

বিশ্বায় বিশ্বভবন-স্থিতি-সংঘমায়, স্বৈরংগৃহীতপুরুশক্তিগুণায় ভূমে। স্বস্থায় শাশ্বত্পবৃংহিত-পূর্ববোধ-ব্যাপাদিতাত্মসে হরয়ে নমস্তে।। ভাগঃ ৮।১৭।৫

হে ভূমন্! যদিও আপনি বিশ্বস্করপ, এবং এই বিশ্বের স্বাষ্টি, দ্বিভি ও লয়ের কারণ, স্বেচ্ছাক্রমে মায়ার দ্বারা অনন্ত শক্তি ও গুণ গ্রহণ করেন, তথাপি আপনি স্বস্থ—আপনার স্বরূপ অপ্রচ্যুত—নিত্য উর্জ্বিত যে পূর্ণবোধ, তদ্বারা আপনি মায়ারূপ তম: নিত্য নিরস্ত করিয়াছেন, আপনাকে নম্প্রার করি।

ভাগঃ ৮৷১৭৷৫

অহো ! ভূমার চরিত্র অবগত হওয়া মানব বৃদ্ধির অভীত, তিনি নিজে অনীহ হইয়া কেন যে আপনাকে বহুধা করিয়া জগতের স্কট্ট, খ্রিতি, নয় সাধন করিতেছেন, অথচ ভাহাতে নিগু হন না, ইহা বৃশ্বিবার সম্ভাবনা নাই।

অনীহ এতদ্বন্থকৈ আত্মনা, স্ঞ্জত্যবতাত্তি ন বধ্যতে বৰা। ভৌমৈহি ভূমিৰ্বন্থনামৰূপিনী, অহো বিভূমশ্চরিতং বিভূমনম্॥ ভাগঃ ১০৮৪।১২

ভৌম বিকার ঘট সরাবাদি ধারা ফ্রনামরাণনী ভূমির কার বরং একমাঞ্চ শ্বিক্রিয় হইরাও, নানা প্রকারে এই জগতের স্বান্ট শ্বিভি প্রনায় করিতেছেন, কিন্তু স্বায়ং বন্ধ নহেন। অহো! সেই সর্বব্যাপী পরমেশবের বে জনাদি চরিভ, ভাহা কেবল অনুকরণ মাত্র, তন্ত নহে। ভাগ: ১০৮৪।১২

তাবাহ ভূমা প্রমেষ্টিনাং প্রভূঃ····ভাগঃ ১০৮৯।৩১ ময়োপর্ংহিতং ভূমা ব্রহ্মণানস্তশক্তিনা····ভাগঃ ১১।২১।৩৭

সেই পরমেষ্টিদিগের প্রভু ভূমা পুরুষ তাঁহাদের ছুইজনকে কহিলেন · · · · ভাগঃ ১০৮৯।৩১

অনস্তশক্তিদম্পন ভূমা ব্রহ্মরপ আমা কর্তৃ ক উপবৃংহিত · · · · ভাগঃ ১১৷২১৷৩৭ তিনি ভূমা হইলেও, ভক্তের দৃষ্টিগোচর হন।

দৃষ্টঃ কিং নো দৃগ্ভিরসদ্ গ্রহৈস্তং, প্রতগ্রন্তা দৃশ্যতে যেন বিশ্বম্।
মায়াহেষা ভবদীয়া হি ভূমন্, যৎ জং ষষ্ঠঃ পঞ্চিভাসি ভূতৈঃ॥
ভাগঃ ৪।৭।০৪

হে ভূমন্। আপনি প্রত্যেক জীবের দ্রষ্টা, আপনি বিশ্ব সংসার দর্শন করিয়া থাকেন। আপনি কি অসং-প্রকাশক-রূপাদির প্রতীতির হেতৃভূত চক্ষ্ প্রভৃতি ইন্দ্রির দ্বারা দৃষ্ট হয়েন না? অবশ্রুই হন। তবে শুদ্ধচিত্ত ব্যক্তিদিগের নিকট আপনি শুদ্ধ সন্থ মৃত্তি রূপে প্রকাশিত হন। আমাদের গ্রায় বহির্মুথদিগের নিকট, আপনি পঞ্চত্তোপলক্ষিত জীব বিশেষের গ্রায় প্রতীত হন। আপনি পঞ্চত্তের অতীত ষষ্ঠ। পঞ্চতের দ্বারা আপনার প্রকাশ, আপনার মায়া মাত্র। বস্তুত্ত, আপনি আমাদের ইন্রিয় গোচর হন না। আমাদের জীবনে ধিকৃ! ভাগঃ ৪।৭।৩৪

ভগবানের ক্বপাই তাঁহার একান্ত ভক্তগণের নিকট তাঁহার রূপ প্রকটনের কারণ। তাঁহার ক্বপা না হইলে মানব সহস্র চেষ্টাতেও তাঁহার ধারণা করিতে পারে না। রূপ দর্শন ত দ্রের কথা।

অভএব, ভুমা পরমাত্মাই।

ত। অক্লরাধিকরণ।।

ভিভি:-

"কস্মিন খলাকাশ ওতশ্চ প্রোতশ্চেতি।" (বৃহদারণ্যক ৩৮।৭)
"স হোবাচ এতদৈ তদক্ষরং গার্গি ব্রাহ্মণা অভিবদন্তি, অস্থূল, অনণু,
অহুস্বম্, অদীর্ঘম্ অলোহিতম্, অস্নেহম্, অচ্ছায়ম্ · · · · ইত্যাদি।

বৃহদারণ্যক ৩৮৮৮

গার্গী যাজ্ঞবন্ধাকে জিজাসা করিলেন, আকাশ কিসে ওতপ্রোত আছে। তাহার উত্তরে যাজ্ঞবন্ধা বলিলেন, অক্ষরে, ব্রাহ্মণগণ বলেন যে এই অক্ষর অস্থূল, অন্যু, অহ্রম্ব, অদীর্ঘ, আলোহিত, ম্মেহ ও ছায়া রহিত ইত্যাদি।

সংশয় :— "অক্ষর" শব্দ সাধারণতঃ প্রধানকে লক্ষ্য করিয়া, ব্যবহৃত হয়,
যেমন মৃণ্ডক শ্রুতির ২।১।২ মন্ত্রাংশে "অক্ষরাৎ পরতঃ পরঃ"— অক্ষর অপেকা
শ্রেষ্ঠ পুরুষ—তদপেক্ষাও শ্রেষ্ঠ। অতএব অক্ষর শব্দের অর্থ প্রধান বটে।
স্বতরাং শিরোদেশে উদ্ধৃত বৃহদারণ্যক শ্রুতির তাদাদ মন্ত্রে কথিত "অক্ষর" প্রধান
না হইবার কারণ কি ? জীবও ত হইতে পারে। এই সংশয় নিরসনের জ্ঞা
স্তর:—

সূত্র ঃ—১।৩।১০

অক্ষরমন্থরান্তধৃতে: ।। ১।৫।১০ অক্ষরং 🕂 অন্থরান্তধৃতে: ।।

আক্ষরং ঃ—অক্ষর শব্দের অর্থ পরমাত্মা। অব্দরান্তর্গতেঃ : —যে হেতু আকাশ পর্যন্ত সর্ব্ব পদার্থের ধারণ উক্ত আছে।

বৃহদারণ্যক শ্রুতির ওাচাণ মন্ত্রে প্রথমে প্রশ্ন হইল যে, ছল্যোকের উপরে.
পৃথিবীর নীচে, তাবা পৃথিবীর মধ্যে, এবং ভৃত, ভবিশ্বত ও বর্ত্তমান সম্দায়,
কাহাকে আশ্রয় করিয়া আছে। ইহার উত্তরে যাজ্ঞবল্কা বলিলেন যে, আকাশকে
আশ্রয় করিয়া আছে। তারপর প্রশ্ন হইল, ঐ আকাশ কাহার আশ্রয়ে আছে।
তাহার উত্তরে বলিলেন যে, অক্ষরকে আশ্রয় করিয়া। যাজ্ঞবল্কোর উত্তরে ক্থিত
আকাশ, বায়্যুক্ত প্রসিদ্ধ আকাশ নহে, ইহা অব্যাক্বত প্রকৃতিই, ভৃতাকাশ নহে,
কেননা, ভৃতাকাশ বিকারজাত পদার্থ, সে কিরপে ভৃত-ভবিশ্বৎ-বর্ত্তমান এই
ত্রিকালের যাবতীয় বিকারজাত জন্ম পদার্থের আধার হইতে পারে? অতএব

যাক্সবন্ধ্যের কবিত আকাশ অব্যাহত প্রকৃতি, সে নিজে নিজের আধার হইতে পারে না। অতএব অক্ষর পরমান্ধাই। জীবও হইতে পারে না।

শ্রীমদ্ ভাগবতে অকর শব্দ পরমাত্মবাচক রূপে বহুস্থানে ব্যবহৃত হইয়াছে।

বিপশ্চিতং প্রাণমণোধিয়াত্মনামর্থেন্দ্রিয়াভাদমনিজমব্রণম্। ছায়াতপৌ যত্র ন গৃঙ্রপক্ষৌ, তমক্ষরং খং ত্রিযুগং ভজামহে।। ভাগঃ ৮।৫।১৬

১।২।২ স্বত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
কৃটম্বে তচ্চমহতি তদব্যক্তেহক্ষরে চ তং ॥ ভাগঃ ৭।১২।২৮
তমক্ষরং ব্রহ্ম পরং পরেশমব্যক্তমাধ্যাত্মিকযোগগম্যম্।
অতীক্রিয়ং স্ক্রমিবাতিদূরমনস্তমাগ্যং পরিপূর্ণমীড়ে ॥ ভাগঃ ৮।৩।২১

নভঃ (আকাশ) কুটন্থে (অহংতত্ত্ব), অহংতত্ত্ব মহন্তত্ত্বকে প্রধান এবং প্রধান অঞ্চরে (পরমান্মাতে) লয় করিবে । ভাগঃ ৭।১২।২৮।

সেই পরমেশ, অকর, অব্যক্ত, পরমত্রন্ধ, আধ্যাত্মিক বোগের গম্য অতীন্ত্রির, ত্বন্ধ, বাহ্ননৃষ্টিতে সকলের অভিদূর, অনস্ত, আদ্য ও পরিপূর্ণ স্বরূপ, আমি তাঁহার স্তব করি। (ভাগঃ ৮।৩২১।)

তথাক্ষরং সম্বরজ্জমোমলৈরহশ্যতে সংস্থতিহে তুভিঃ পরম্।। ভাগঃ ১১/২৮/২৭

সংখিদ ক্রের আলোচনার ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। একস্তমান্মা পুরুষঃ পুরাণঃ, সত্যঃ স্বয়ংজ্যোতিরনন্ত আতাঃ। নিত্যোহক্ষরোহজন্ত্রশ্বংশা নিরঞ্জনঃ, পূর্ণোহদ্বয়ো মুক্ত উপাধিতোহমৃতঃ।। ভাগঃ ১০।১৪।২৩

১।১।১৩ স্থ্রের আলোচনায় ইহার সরলার্থ দেওরা হইরাছে।
অভএব অক্ষর—প্রধান বা জীব নহে, পরমান্ধাই।

ভিভি:--

"এতন্ত বা অক্ষরদা প্রশাদনে গার্গি সূর্য্যাচন্দ্রমদৌ বিধৃতৌ তিষ্ঠত এতদ্য বা অক্ষরদা প্রশাদনে গার্গি ছাবাপৃথিবৌ বিধৃতে তিষ্ঠত, এতদ্য বা অক্ষরদ্য প্রশাদনে গার্গি নিমেষা মুহূর্ত্তা অহোরাত্রাণার্দ্ধমাদা মাদা ঋতবঃ দম্বংদরা ইতি বিধৃতা তিষ্ঠন্তি"। (বুহদারণাক্ ৩৮৯)।

যাজ্ঞবন্ধা বলিলেন, হে গার্গি! এই অক্ষরেরই শাসনে, পর্য ও চন্দ্র বিধৃত রহিয়াছে, ত্যালোক ও ভ্লোক নিজ নিজ স্থানে ধৃত রহিয়াছে, নিমেষ, মূহূর্ত, অহোরাত্রি, অর্দ্ধমাস, মাস, ঋতু, সংবৎসর, ইহারা বিশেষরূপে ধৃত রহিয়াছে। (বৃহদারণ্যক, ৩৮।১)

সংশয় :—প্রকৃতি বা জীব 'অক্ষর' বাচ্য নহে, ইহার অন্যতর হেতু আছে কি ? ইহার উত্তরে স্ত্র:—

সূত্র ঃ—১।৩।১১

সা চ প্রশাসনাং ॥ ১।৩।১১ সা + চ + প্রশাসনাং ।

সা ঃ—সেই ধৃতি—ধারণ। **চ**ঃ—ও। প্রশাসনাৎঃ—শাসন বা নিয়ন্ত্রিতকরণ হেতু।

ধারণ শুধু আধাররূপে নহে, নিয়স্তারূপেও বটে, এ কারণ, প্রধান বা জীব অক্তর শব্দ বাচ্য নহে।

পূর্ব্ব সূত্রে উদ্ধৃত ভাগবত শ্লোকগুলি অক্ষর যে পরমাত্মা, তাহা স্কুপষ্ট নির্দ্দেশ করে। পরমাত্মার প্রশাসনে জগদ্ব্যাপার পরিচালিত হইতেছে, তাহা নিমোদ্ধত ভাগবত শ্লোকগুলি হইতে প্রতিপাদিত হইবে।

> মদ্ভয়াদ্বাতি বাতোহয়ং স্থান্তপতি মদ্ভয়াৎ। বৰ্ষতীন্দ্রো দহতাগ্নি মৃত্যুশ্চরতি মদ্ভয়াৎ।। ভাগঃ ৩।২৫।৩৯

বায্ স্বরাগ্পাপ ক্ষিতয়ন্ত্রিলোকা, ব্রহ্মাদরের যে ব্যুমুন্থিজন্তঃ। হরাম যশ্মে বলিমন্তকোহসৌ বিভেতি যশ্মাদরনং ততোহন্ত নঃ॥ ভাগঃ অন্যঃ১৯

भा कक्षन एए । त्राक्षन् यमीश्वत्रवंभः कृतः । लाकाः मभाना यम्गारम वरुखि विमिन्नी मिणूः ॥ স সংযুনক্তি ভূতানি স এব বিযুনক্তি চ। যথা গাবো নসি প্রোতাস্তন্ত্র্যাং বদ্ধাশ্চ দামভিঃ। বাক্তন্ত্র্যাং নামভির্বদ্ধা বহস্তি বলিমীশিতৃঃ।। ভাগঃ ১।১৩।৩৭

নস্যোত গাব ইব যদ্য বশে ভবস্থি, ব্রহ্মাদয়স্তমুভ্তো মিথুরর্দ্যমানাঃ।

কালস্ত তে প্রকৃতি পুরুষয়োঃ পরস্যা, শং নৃস্তনোতু চরণঃ পুরুষোত্তমস্য ॥ ভাগঃ ১১।৬।১২

ত্বমকরণঃ স্বরাড়থিলকারকশক্তিধর — স্তব বলি মুদ্বহন্তি সমদন্ত্যঙ্গরাহনিমিষাঃ।

বর্যভূজোহখিলপতি পতেবিব বিশ্বস্থজো, বিদধতি যত্র যে ত্বধিকৃতা ভবত শ্চকিতাঃ।৷ ভাগঃ ১০৮৭।২৪

স্থামারই ভয়ে বায়ু বহমান হয়, স্থ্য দীপ্তিমান হয়, ইন্দ্র বারিবর্ধণ করে, স্থান্থ দহন করে এবং মতা বিচরণ করে। ভাগঃ ৩।২৫।৩৯

দেবতাগণ কহিলেন: —পবন, গগণ, অনল, জল, ক্ষিতি এই পঞ্চ মহাভূত, ইহাদের ঘারা নির্মিত ভুবনত্রয়, ঐ সকলের অধিপতি ব্রহ্মাদিদেব, ও তাঁহাদের অপেক্ষা অর্কাচীন অন্যান্ত দেবগণ সকলে সভয়ে যে কালকে বলি (প্জোপহার) প্রদান করে, সেই কাল যাঁহাকে ভয় করেন, সেই পরমেশ্বরই আমাদের শরণ হউন। ভাগঃ ৬া১।১১

হে রাজন্! কাহারও নিমিত্ত শোক করিবেন না। এই জগৎ ঈশ্বের অধীন। ইন্রাদি লোকপালগণের সহিত এই সমস্ত লোক সেই প্রমেশ্বের পূজোপহার বহন করিয়া থাকে। তিনি প্রাণি সকলের সংযোগ ও বিয়োগ সংঘটন করেন। যেমন নাসিকা-প্রোত গো সকল রজ্জ্বারা দীর্ঘ রজ্জ্তে বদ্ধ থাকে, তাহার স্থায় বেদরূপা রজ্জ্তে প্রাণি সকল, ব্রাহ্মণাদি নাম দ্বারা বদ্ধ হইয়া, প্রমেশ্বেরে বলি বহন করে। ভাগঃ ১১১৩৩৭

হে ভগবন্! প্রকৃতি পৃক্ষের পর পুক্ষোত্তম, কালরূপী আপনি। ব্রহ্মাদি স্তম্ভ পর্যাস্ত প্রাণিগণ, বিদ্ধনাসিক রজ্জ্বদ্ধ বলীবর্দের ন্যায়, আপনার বশতাপর হইয়া, যুদ্ধাদি দ্বারা পরপরকে প্রপীড়িত করিতেছে। আপনার পাদপদ্দই আমাদের ভরসা, উহাই আমাদের মঙ্গল বিধান করুন। ভাগঃ ১১।৬।১২

আপনি ইন্দ্রিয় সম্বন্ধ রহিত হইয়াও, সমস্ত প্রাণিবর্গের ইন্দ্রিয় শক্তি বিধান করিয়া থাকেন। আপনি স্বপ্রকাশ, স্বতঃসিদ্ধ জ্ঞানের আবার ইন্দ্রিয়াপেক্ষা কি ? ইন্দ্র, ব্রহ্মা—প্রভৃতি দেববৃন্দও অবিদ্যা পরবশ। ইহারা আপনার পূজার আহরণ করেন। যেমন খণ্ড মণ্ডলাধিপতি রাজারা অধীনস্থ প্রজাগণের নিকট হইতে কর সংগ্রহ করিয়া অথিল মণ্ডলাধিপতি মহারাজকে প্রদান করিয়া থাকেন, সেইরূপ দেবগণ, মন্মুগণের নিকট হইতে হব্যকব্যাদি গ্রহণ করিয়া, আপনাকেই করস্বরূপ প্রদান করিয়া থাকেন। এবং তাঁহারা, আপনা কর্তৃক যিনি যে কার্য্যে নিযুক্ত আছেন, তিনি সভয়ে আপনার সেই কর্ম্ম সাধন করিতেছেন। ভাগঃ ১০৮৭।২৪

অভএব ব্ৰহ্মাদি শুস্ত পৰ্য্যন্ত সকলের নিয়ন্তা ভগবান ভিন্ন অন্য কেহ নহে, ইহা প্রতিপাদিত হইল।

ভিডি:--

"তদ্বা এতদক্ষরং গার্গি অদৃষ্ঠং দ্রষ্ট্র, অশ্রুতং শ্রোত্, অমতং মন্ত্রু অবিজ্ঞাতং বিজ্ঞাত্, নাক্মদতোহস্তি দ্রষ্ট্র, নাক্মদতোহস্তি শ্রোত্, নাক্মদতোহস্তি মন্ত্রু, নাক্মদতোহস্তি বিজ্ঞাত্, এতস্মিন্ন্ খৰক্ষরে গার্গাাকাশ ওতশ্চ প্রোতশ্চ।" বৃহদারণাক, ৩৮০১১

হে গার্গি! সেই এই অক্ষর দৃষ্ট নহে—দ্রষ্টা, শ্রবণের বিষয় নহে শ্রোতা, মননের অবিষয়—মনন কর্ত্তা, অবিজ্ঞাত অথচ বিজ্ঞাতা। ইহা হইতে অপর দ্রষ্টা, অপর শ্রোতা, অপর মননকর্তা, অপর বিজ্ঞাতা নাই। এই অক্ষরেই আকাশ ওতপ্রোত রহিয়াছে। বৃহদারণাক ৩৮।১১

সূত্র : — ১৷৩৷১২

অক্সভাবব্যাবৃত্তে*চ॥ ১।৩।১২ অক্সভাব + ব্যাবৃত্তেঃ + চ

অগ্রভাব : —পরমাত্মা হইতে অগ্ন পৃথক্ ভাব, অর্থাৎ, প্রধান ভাব, বা জীবভাব। ব্যাবৃত্তেঃ : —নিষেধ হেতু। চ : —ও।

শিরোদেশে উদ্ধৃত শ্রুতিমন্ত্রে অক্ষরের নিজের অদৃষ্টব, অশুতব প্রভৃতি ভাব এবং শ্রষ্ট্র, শ্রোভৃত্ব, মস্কৃত্ব, বিজ্ঞাত্ত্ব প্রভৃতি ভাব কথিত থাকায়, জড় প্রধান হইতে এবং জীবভাব হইত্তেও অক্ষরের ভাব ব্যাবৃত্ত হইতেছে, অতএব অক্ষর পরমান্থাই।

১০০০ প্রত্তের আলোচনায় উদ্ধৃত শ্রীমদ্ ভাগবতের ৮০০০১, ৮০০০১, ১০০১৪০২, ১০০২৮২৭ শ্লোক সকল, এই ১০০০২ প্রত্তের অর্থ প্রতিপাদন করে। ভাগবতের ৮০০০৫, ৮০০০১৭, ৮০০১২ শ্লোকও অক্ষর পুরুষের স্বরূপ নির্দেশ করে। উক্ত শ্লোক সকল "অক্ষর" পুরুষের প্রকরণে দৃষ্ট হয়।

অবিক্রিয়ং সত্যমনস্তমান্তং, গুহাশয়ং নিক্ষলমপ্রতর্ক্যম্। মনোগ্রাযানং বচসা নিরুক্তং, নমামহে দেববরং বরেণাম্ ॥

ভাগঃ ৮।৫।১৫

১।২।২ স্থত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। সেই অক্ষর পুরুষই সংসার চত্ত্বের আধার এবং তিনি অমৃত শ্বরূপ।

সেই অক্ষরই পরেশ এবং তিনি মায়া ও মায়ার গুণের অতীত।

ন যস্ত্য কশ্চাতিতিতর্ত্তি মায়াং, যয়া জনোমুছাতি বেদ নার্থম্।
তং নির্জিক্কতাত্মাত্মগুণং পরেশং, নমাম ভূতেযু সমং চরস্তম্।।

ভাগঃ ৮:৫।১৯

খাঁহার মায়া কোনও ব্যক্তি অতিক্রম করিতে সমর্থ হয় না, এই মায়া সামাতা নহে। ইহাতে লোক মৃগ্ধ হইয়া আপনার অরপ অবগত হইতে পারে না, আমরা সেই পরেশকে প্রণাম করি। তিনি মায়াও মায়ার গুণ উভয়কে বশ করিয়াছেন ও সর্বভৃতে বর্ত্তমান আছেন। ভাগঃ ৮।৫।১৯

১০০১০ সূত্রে উদ্ধৃত ৮০০২১ শ্লোকে যে অক্ষর পূরুষের কথা আছে, তিনিই পরব্রন্ধ, পরেশ, ইহা উক্ত শ্লোকেই স্পষ্টই উক্ত আছে। তাঁহাকেই ধর্ম, অর্ধ, কাম ও মোক্ষাভিলাষী পূরুষণণ ভজনা করিয়া থাকেন, তাহাতে প্রার্থিত সম্দায় ত প্রাপ্ত হনই, তদ্ভিন্ন অক্যান্ত আশিষ এবং অব্যন্ত চিন্নায় দেহও দান করেন।

অভএব অক্ষর পরমাত্মাই, জীব বা প্রকৃতি নহে, ইহা সিত্ধ হইল।

৪। ইক্তি কর্ম্বাধিকরণ 🏾

ভিভি:--

"যঃ পুনরেতং ত্রিমাত্রেণ "ওঁম্" ইত্যেতেনৈবাক্ষরেণ পরং পুরুষমভিধ্যায়ীত, স তেজসি স্থা্যে সম্পন্ধঃ। ধথা পাদোদরস্থা্চা বিনিমূ চ্যত, এবং হ বৈ সঃ পাপাুনা বিনিমূ ক্তঃ, স সামভিরুদ্ধীয়তে ব্রহ্মালোকং, স এতস্মাজ্জীবঘনাৎ পরাৎ-পরং পুরিশয়ং পুরুষমীক্ষতে।"

প্রশোপনিষৎ ৫।৫

যিনি অ, উ, ম, এই ত্রিমাত্রাত্মক "উম্" এই অক্ষররূপে পরম পুরুষকে ধ্যান করেন, তিনি তেজাময় স্থ্যভাব লাভ করেন। সর্প যেমন খোলস ত্যাগ করে, সেইরূপ তিনিও পাপ বিনিম্ভি হন, তিনি সামগণ দ্বারা ব্রহ্মলোকে নীত হন, তিনি সমষ্টি জীব ঘনরূপ হিরণ্যগর্ভ হইতে শ্রেষ্ঠতর হৃদয়স্থ পুরুষকে দর্শন করেন। প্রশ্লোপনিষৎ, ৩।৫

তম্ ওঁকারেণৈবায়তনেনাশ্বেতি বিদ্বান্, যং তং শাশ্ভম্ অজরম্ অমৃতম্ অভয়ং পরং চেতি।। প্রশাঃ ৫।৭

ওঁকার রূপ আলম্বনের দারাই, বিদ্বান্ পুরুষ—সেই শান্ত, অজ্বর, অমৃত ও অভয় স্বরূপ পরকে (পরব্রহ্মকে) প্রাপ্ত হন। প্রশ্নঃ ৫।৭

সংশয় :—উপরে উদ্ধৃত শ্রুতি মন্ত্রে "পরং পুরুষং" উল্লেখ আছে। এই পরম পুরুষ, কি পরমাত্মা, অথবা সমষ্টি জীবরূপ চতুর্ম্থ ব্রহ্মা। কারণ, "ওঁম্" অক্ষরের উপাসকের ব্রহ্মলোক গমনের উল্লি, উক্ল উদ্ধৃত শ্রুতিতেই আছে, এবং "জীবঘন" অর্থে ইন্দ্রিয়াদি সহিত ঘনীভূত—বাষ্টিভূত জীব অপেক্ষা শ্রেষ্ঠত্ব নিবন্ধন, সমষ্টি জীবরূপী হিরণাগর্ভকে "পরাৎ পরং" বলিয়া, উল্লেখ দোষ হয় না। এই সংশয় নিরাকরণের জন্তা—

मृब :-।।।১०

ঈক্ষতি কর্ম্মব্যপদেশাৎ সং । ১।৩,১৩ ঈক্ষতি কর্ম + ব্যপদেশাৎ + সং ।

ক্ত্রকতি কর্ম ঃ—দর্শনের কর্ম—বিষয়। ব্যপদেশ। ৩ — উল্লেখ হেতু।

ঈক্ষণ, দর্শন, ধ্যান—একার্থ বোধক। উপরে উদ্ধৃত শ্রুতিতে "অভিধ্যায়ীত" ও "ঈক্ষতে" একই অর্থে প্রযুক্ত হইয়াছে। বিশেষতঃ ঈক্ষণ—দর্শন—ধ্যানের ফল। এবং ঈক্ষণের বিষয় উপাসকের প্রাপ্য হইয়া থাকে। এবং সেই প্রাপ্য বস্তু পরমাত্মাই। শিরোদেশে উদ্ধৃত প্রশ্ন উপনিষদের ৫।৭ মন্ত্র তাহাই প্রকাশ করে। ছান্দোগ্য শ্রুতির ৪।১৫।১ মন্ত্রে "এভদমৃত্যেভদভায়েত্মভদ্বেদ্দা" উল্লিখিত হইয়াছে। অভএব প্রশ্নোপনিষদের ৫।৭ মন্ত্রের প্রতিপাত্য ওঁরার আলম্বনে উপাস্থ বস্তু পরমাত্মাই, হিরণাগর্ভ বা ব্রহ্মা নহে।

ওঁন্ধার স্বপ্রকাশ ব্রন্ধেরই বাচক, সম্দায় বেদের ও সম্দায় স্প্রের বীজ, ইহার উপাসকেরা অপুনর্ভব লাভ করেন, যাহা পরব্রন্ধের উপাসনা দ্বারাই লভ্য।

ততোহভূৎ ত্রিবিদোক্ষারো যোহব্যক্তপ্রভবঃ স্বরাট্।
যত্তন্ত্রিঙ্গং ভগবতো ব্রহ্মণঃ পরমাত্মনঃ॥ ভাগঃ ১২।৬ ৩৪
স্বধায়ো ব্রহ্মণঃ সাক্ষাঘাচকঃ পরমাত্মনঃ।
স সর্ববিমন্ত্রোপনিষ্দ্রেদ বীব্রুং সনাতনম্।। ভাগ ১২।৬।৬৬
তক্ত ক্যাসংস্ত্রয়োবর্ণা অকারাতা ভৃগ্রহ।
ধার্যন্তে যৈ স্ত্রয়োভাবা গুণনামার্থবৃত্তমঃ।। ভাগঃ ১২।৬।৩৭

ইদানীং ততঃ সর্ব্বপ্রপঞ্চোৎপত্তিপ্রকারমাহ তবারোকারম-কার্বির্ধায়ান্তে তৎকারণভাং। গুণাঃ সন্থাদয়ঃ, নামানি ঋগ্যজুঃসামানি, অর্থা ভূভূবঃ স্বর্লোকাঃ, বৃত্তয়ো জাগ্রাদাডাঃ।(শ্রীধর)।

যতৃপাসনয়া ব্রহ্মণ্ যোগিনো মলমাত্মনঃ। দ্রব্যক্রিয়াকারকাখ্যং ধূ্ছা যান্ত্যপুনর্ভবম্।। ভাগঃ ১২।৬।৩৩ যতৃপাসনয়া—যন্ত নাদস্ত উপাসনয়া। (শ্রীধর)।

অনন্তর সেই নাদ হইতে অব্যক্ত প্রভব, স্বয়ং হৃদয়ে প্রকাশমান ত্রিমাত্র ওঁকার উৎপন্ন হইল, যাহা প্রমাত্মা ভগবান্ প্রব্রন্ধের বোধের দার স্বরূপ।

ভাগ: ১২।৬।৩৪।

তাহা স্বপ্রকাশ, আত্মাশ্রয়, পরমাত্মা, ব্রহ্মের দান্ধাৎ বাচক শব্দ, এবং দম্দার বৈদিক মন্ত্রোপনিষদের নিত্য স্ক্রম্ মূর্তি, এবং দম্দার বেদের নিত্য বীজ স্বরূপ। ভাগঃ ১২।৬।৩৬

হে ভার্গব! অনস্তর এই অব্যক্ত ফোটরূপ ওঁহারের অকার, উকার, ও

মকার, এই তিন বর্ণ প্রকাশ পাইল, এবং সেই বর্ণত্রয় ক্রমশঃ সম্বাদি গুণ, ঋগ্ যজুং, সাম নাম, ভ্রাদি অর্থ, এবং জাগ্রদাদি বৃত্তি, ধারণ করিল।

ভাগঃ ১২।৬।৩৭

হে ব্রহ্মন্! যোগিগণ যাহার উপাসনা করতঃ আত্মার আধ্যাত্মিক, আধিদৈবিক, দ্র আধিভৌতিক মালিক্ত হইতে মৃক্ত হইয়া, অপুনর্ভব মৃক্তি লাভ করেন। তাগঃ ১২।৬।৩৩

এই নাদই ওঁহার। অভএব ওঁহার পরমাত্মারই বাচক, এবং তাহার। উপাদক পরমাত্মারই উপাদক।

য একবর্ণং তমসঃ পরং তৎ, অলোকমব্যক্তমনস্তপারম্। আসাঞ্চকারোপ স্থপর্ণ মেনমুপাসতে যোগর্থেন ধীরাঃ।।

ভাগঃ ৮।৫।১৮

একবর্ণ জানৈক স্বরূপ: (শ্রীগর), প্রণবরূপ: (বিশ্বনাথ চক্রবর্তী)। উপস্থপর্ন:—জীব সমীপে ভরিমন্ত তেন আসাঞ্চকার আন্তে শ্ব। (শ্রীগর)।

মামেব সর্ব্বভূতেষু বহিরম্ভরপাবৃতম্। ইক্ষেতাত্মনি চাত্মানং যথা খমমলাশয়ঃ।। ভাগঃ ১১।২৯।১২

যিনি জ্ঞানৈক শ্বরূপ (প্রীধর), অথবা যিনি প্রণবরূপী (বিশ্বনাথ চক্রবর্তী), প্রকৃতির পর, যিনি অদৃশ্র, অব্যক্ত, দেশ ও কাল দ্বারা ঘাঁহার পরিচ্ছেদ হয় না, যিনি জীব সমীপে তরিরস্কৃত্ব হেতৃ বর্তমান, ধীরগণ যোগরূপ উপার দ্বারা ঘাঁহার ভজনা করিয়া থাকেন, সেই পরমেশ্বরকে প্রণাম করি।

ভাগঃ ৮াধা১৮

নির্মলাশর ব্যক্তি আকাশের স্থার, সকল ভূতের অন্তরে বাহিরে ও আত্মাতে অনার্ডরূপে আমাকে দর্শন করিবে। ভাগঃ ১১/২২/১২

ওঁহার তথ্য মৎকৃত "গায়ত্রী-রহস্ত" নামক গ্রন্থে বিস্তারিতভাবে আলোচিত হইয়াছে, এখানে গ্রন্থের কলেবর বৃদ্ধির ভয়ে সংক্ষেপে উল্লেখ মাত্র করিয়া নিরস্ত হইলাম।

এই স্ত্রের একটু বিভিন্ন অর্থ শ্রীমদ্ মধ্বাচাধ্য করিয়াছেন। ঈক্ষতিকর্ম—
দর্শনকর্ম। এই দর্শনকর্ম উপাসকের নহে, উপাস্তের—পরমাত্মার। ইহার
সাপকে ছান্দোগ্য শ্রুতির ভাষা মৃত্রু

করিয়াছেন। তাহা ১।১।৫ সূত্রের ভিত্তিরূপে প্রদর্শিত হইয়াছে। তাঁহার দর্শন বা জ্ঞান অব্যভিচারী। ইহা ভাগবতের নিম্নোদ্ধত শ্লোকার্দ্ধে স্থন্দর বণিত হইয়াছে।

মেনেহসন্ত মিবাত্মানং স্থপ্তশক্তিরস্থপূদ্ক। ভাগঃ এ৫।২৪
১): । থে সত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
অতএব প্রতিপাদিত হইল যে, ওঁয়ার উপাসকগণের গম্য—পরাৎপর
পুরুষ পরব্রহ্ম, হিরণ্যগর্ভ বা জীব নহে)

ে। দহরাখিকরণ ।

ভিন্তিঃ—

"অথ যদিদমস্মিন্ ব্রহ্মপুরে দহরং পুগুরীকং বেশ্ম, দহরোহস্মিনন্তর
আকাশঃ, তস্মিন্ যদস্তস্তদশ্বেষ্টব্যং. তদ্বাব বিজিজ্ঞাসিতব্যম্।"
(ছান্দোগ্যঃ ৮।১।১)

এই যে ব্রহ্মপুরে ক্ষুদ্র হৃদ্পদ্মরূপ গৃহ, ইহার মধ্যে ক্ষুদ্র একটি আকাশ আছে, ভাহা অশ্বেষণ করিবে, ভাহার বিষয় জিজ্ঞাসা করিবে। (ছাঃ ৮।১।১)

সংশয় :— এই যে শ্রুতিতে দহরাকাশের কথা লিখিত আছে, তাহা কি মহাভূত বিশেষ আকাশ, অথবা জীবাত্মা, কিম্বা পরমাত্মা ? এই সন্দেহ নিরাকরণের জন্ম স্ত্র—

সূত্র :-- ১৷৩৷১৪

দহর উত্তরেভাঃ।। ১।গ।১৪ দহর: + উত্তরেভাঃ।

দহরঃঃ—দহর শব্দের অর্থ পরব্রন্ধা। **উত্তরেভ্যঃঃ—**পরবর্ত্তী হেতু সমূহ হইতে।

ছান্দোগ্য শ্রুতির লাসাৎ মন্ত্রে, এই "দহর" সম্বন্ধেই উক্ত হইরাছে :—"এষ আত্মা অপহতপাপ্না বিজ্ঞানে বিমৃত্যুবিশোকো বিজিঘৎসোহপিপাসঃ সত্যকাম: সত্যসংকল্প: ভিত্যাদি"। ছান্দোগ্য: ৮।১।৫

ইহাই আত্মা, নিম্পাণ, জরারহিত, মৃত্যুশ্ন্ম, শোকরহিত, বুভুক্ষা ও পিপাসা বর্জিত, সত্যকাম, সত্যসংকল্প--ইত্যাদি। (ছান্দোগ্যঃ ৮।১।৫)

এই ময়েন্ত্রিক গুণগুলি ভূতাকাশে বা জীবে সম্ভব হয় না, এ সম্দাস পরমাত্মাতেই সম্ভব, **অভএব দহরাকাশ ত্রেমাই।**

উদরমুপাসতে য ঋষিবত্ম স্থু কূর্পদৃশঃ, পরিসরপদ্ধতিং ক্রদয়মারুণয়ো দহরম্। ভাগঃ ১০৮৭।১৪

এবং কশ্ববিশুদ্ধি বিশুদ্ধসত্বস্থান্তর্য দয়াকাশশরীরে ব্রহ্মণি ভগবতি বাস্ত্রদেবে মহাপুরুষরূপোপলক্ষণে ——উচ্চৈন্তরাং ভক্তিরসূদিন-মেধমানর্য়াহজান্বত। ভাগঃ ৫।৭।৭ কোহতিপ্রয়াসোহস্থরবালকা হরেরুপাসনে স্বে হৃদি ছিন্তবং সতঃ। ----ভাগঃ ৭।৭।৩১

হংসায় দহ্রনিলয়ায় নিরীক্ষকায়, রুঞ্চায় মৃষ্টর্নসে নিরুপক্রমায়। সংসংগ্রহায় ভবপান্থনিজাশ্রমাপ্তাবন্তে প্রীষ্ট্রগতয়ে হরয়ে নমস্তে।। ভাগঃ ৬।৯।৪২

ঋষিদিগের সম্প্রদায় মধ্যে স্থুলদর্শী ঋষিরা উদরমধ্যগত মণিপুরস্থ ব্রহ্মকে উপাদনা করেন, আর আরুণি ঋষিরা হৃদয়মধ্যস্থ নাড়ীমার্গে স্ক্রম্মপ্রস্থাকে উপাদনা করেন। ভাগঃ ১০।৮৭।১৪

এই দকল বিশুদ্ধ কর্মা করাতে তাঁহার দত্ব শুদ্ধি হইতে লাগিল, তাহাতে হাদয়ের অভ্যন্তরত্ব যে আকাশ, তাহাই যাহার শরীর বা অভিব্যাক্তি স্থান, এবং যিনি ব্রহ্ম, ভগবান্, বাস্থদেব, মহাপুরুষ, তাঁহাতে মহতী ভক্তি জ্মিল, ও দেই ভক্তির বেগ দিন দিন বৃদ্ধিশীল হইতে লাগিল। ভাগঃ ৫।৭।৭

হে অস্ত্র বালকগণ! ভগবান্ হরি হৃদয় মধ্যে আকাশের ন্যায় বর্তমান আছেন, তাঁহাকে উপাসনা করা এমন কি পরিশ্রমের কার্যাঃ 'ভাগঃ ৭।৭।৩১ দেই হৃদয়াকাশ নিবাসী, বৃদ্ধি প্রভৃতির সাক্ষী, সর্বাদা আনন্দময় অভএব ভদ্ধ, অনাদি, যাহার যশঃ ক্রচিকর, সংসার রূপ পথে সর্বাদা ও সর্বত্তি বর্তমান, সাধুগণের একমাত্র আশ্রয়, শরণাগতদিগের সংসার ভোগান্তে একমাত্র উত্তম গতি স্বরূপ, সেই সর্বাতিহারী ভগবান্ হরিকে প্রণাম করি। ভাগঃ। ভাগা৪২

অভএব দহর বা দহরাকাশে অবস্থানকারী পরব্রহ্মই।

ভিত্তি:-

"তদ্ যথা হিরণানিধিং নিহিতমক্ষেত্রজ্ঞা উপযু ্যপরি সঞ্চরন্তো ন বিন্দেয়ুঃ এবম্ এবেমাঃ সর্ববাঃ প্রজা অহরহর্গচ্ছন্তা এতং ব্রহ্মলোকং ন বিদন্তি অনুতেন হি প্রভাূঢ়াঃ"॥ ছান্দোগ্যঃ ৮।৩।২

যে সমস্ত লোক ক্ষেত্রের অস্তরের রহস্ত জানে না, তাহারা যেমন অহরহঃ ক্ষেত্রের উপযু্রগরি গমনাগমন করিয়াও, তাহার ভিতরে নিহিত হিরণানিধি লাভ করিতে পারে না, সেইরূপ জীবগণ অহরহঃ এই ব্রন্ধলোকে গমন করিয়াও, ইহা লাভ করিতে পারে না, কারণ, তাহারা অজ্ঞানে আবৃত।

ছান্দোগ্যঃ ৮।৩।২

সূত্র :--১৷৩৷১৫

গতি-শব্দাভাাং তথাহি দৃষ্টং লিঙ্গং চ।। ১।৩।১৫ গতি-শব্দাভাাং + তথা + হি + দৃষ্টং + লিঙ্গং + চ।

গঙি-শব্দান্তাং:—অহরহ: গমন ও ব্রহ্মলোক এই শব্দ ব্যবহার হেতু। ভথা:—সেইরপ। হি:—নিশ্চরই। দৃষ্টং:
—জ্ঞাপক চিহ্ন। চ:—ও।

উপরে উদ্ধৃত শ্রুতিতে ব্রন্ধলোকে অহরহ: গমন, শ্রুবণ, এবং "এডং"শবের সহিত "ব্রন্ধলোক" শব্দের সমানাধিকরণ রূপে ব্যবহার হেতু, এবং "ব্রেন্ধলোক" শব্দের অর্থ "ব্রন্ধলোক" বিধার, দহর, আকাশ পরব্রন্ধাই। বিশেষতঃ স্ব্যুপ্তি কালে জীব—প্রতিদিন পরব্রন্ধে মিলিত হইয়াও জানিতে পারে না যে, পরব্রন্ধে মিলিত হইয়াছে। ইহা ছান্দোগ্য শ্রুতির ৬।১।২ মন্ত্রে উক্ত হইয়াছে।

শৃথতাং গদতাং শশ্বদর্চতাং থাভিবন্দতাম্।
নৃণাং সংবদতামন্তর্ফ দি ভাস্তমলাজ্বনাম্।। ভাগঃ ১০৮৬।৩৩
ফাদিস্থোহপাতিদূরস্থঃ কর্মবিক্ষিপ্তচেতসাম্।
আত্মশক্তিভিরপ্রাহ্যোহপাস্ত্যপেতগুণাজ্বনাম্।। ভাগঃ ১০৮৬।৩৪
ধাায়েৎ স্বদন্তকুহরেহবসিতস্ত বিফোর্ভক্তান্ত শ্বাপিতমনা ন

পৃথি দিদ্দেশ ।। ভাগঃ তা২৮।৩৩

বে ব্যক্তি আপনার নাম শ্রবণ বা গান করে, অথবা, আপনাকে পূজা বা বন্দনা করে, কিম্বা, আপনার সহিত সংসর্গ করে, সেই অমলাত্মা মন্থয়ের হৃদয়ে আপনি প্রকাশিত হন। ভাগঃ ১০৮৬।৩৩ আর সাংসারিক কর্মে বিক্মিপ্তচিত্ত লোকের হাদিস্থ হইয়াও, আত্মশক্তি অহংকারাদি ঘার। অগ্রাহ্ম বশতঃ আ্পনি অভিদূরস্ব হয়েন, কিন্তু আপনার গুণ-কীর্ত্তনে অমলাত্মা ব্যক্তিদিগের সমীপেই আপনি বিশ্বমান আছেন। ভাগঃ ১০৮৬।৩৪

আপনার হৃদয়াকাশে ভগবান্ যখন জ্ঞাতরূপে প্রকাশ পাইবেন, তখন, প্রেমরসার্দ্রভক্তি দার। তাঁহার প্রতি মনঃ অর্পণ করিয়া, তদ্যতিরিক্ত কিছুই দেখিতে ইচ্ছা করিবে না, অর্থাৎ তাঁহাতে চিন্ত ঐপ্রকারে স্থিরতা প্রাপ্ত হইলে, আর তাহা বিচলিত করিবে না। ভাগঃ ৩২৮।৩৩

অভএব প্রতিপাদিত হইল যে দহর বা দহরাকাশ ব্রহ্মই।

ভিত্তি:

"অথ য আত্মা স সেতুর্বিধৃতিরেষাং লোকানামসন্তেদায় ॥"

ছান্দোগ্যঃ ৮।৪।১

যাহা আত্মা, তাহাই এই সমস্ত জগতের সার্হ্য্য পরিহারার্থ জগদ্বিধারক সেতৃ স্বরূপ। (ছা: ৮।৪।১)

সূত্র :-- ১৷৩৷১৬

ধৃতেশ্চ মহিমোহস্থাস্মিন্ন_্পলব্ধে: ।। ১।৩।১৬ ধৃতে: + চ + মহিম়: + অস্থ + অস্মিন্ + উপলব্ধে: ।

স্থাত : -- ধারণ হেতৃ, জগদিধারণ হেতৃ। চ :-- ও। মহিন্দঃ :-মহিমার, বিভৃতির। অস্ত :-- ইহার, পরমাত্মার। অন্দ্রিল্ :-- ইহাতে,
দহরাকাশে। উপলক্ষেঃ :-- প্রতীতি হেতৃ।

পরমাত্মার জগিছধারণরপ মহিমার প্রতীতি, এই দহরাকাশে হয়; অতএএ, **দহরাকাশ, পরমাত্মাই**।

তব পরি যে চরস্ক্যখিলসন্থনিকেততয়া, ত উত পদাক্রমন্তাবিগণযা শিরো নিখ'তে: । ভাগঃ ১০৮৭।২৩

অবিল জগদাধার বে তৃমি, যাহারা দহারাকাশে তোমার উপাসনা করে. তাহারা মৃত্যুকে অনাদর পূর্বক তাহার মস্তকে পদাঘাত করে। ভাগঃ ১০৮৭।২৩

ষদিও তৃমি সকলের অন্তর্যামী, চরাচর সকলের অথিল শক্তাববোধক, "আগজগণোকদামধিলশক্তাববোধক" (ভাগঃ ১০৮৭।১০), এবং নিজে ইন্দ্রির সমন্ধ রহিত হইরাও, সমন্ত প্রাণিবর্গের ইন্দ্রির শক্তি বিধান করিয়া থাকে, "হমকরণঃ অরাড়িখিলকারকশক্তিধরং" (ভাগঃ ১০৮৭।২৪), অতএব, ক্র্ম্র দহর আকাশে তোমার অবস্থান হইলেও, "শুহাশরং" (ভাগঃ ৮।৫।১৫), হে ভগবন, তৃমি অনন্ত, দেবতারাও ভোমার অন্ত পান না। আবরণ সহিত্ ক্রমাও সকল আকাশে রক্তঃ কণার স্থার, ভোমার অন্তরে ভ্রমণ করে, তৃমিই ভাহাদের আধার।

ছাপতয় এব তে ন বযুরস্তমনস্ততয়া ত্বমপি যদস্তরাহণ্ডনিচয়া নম্ব সাবরণাঃ।

খ ইব রাজাংসি বান্তি বয়সা সহ যচ্ছু তয়ন্তয়ি, হি ফলস্ত্যতন্নিরসনেন ভবন্নিধনাঃ॥ ভাগঃ ১০৮৭।৩৭

১।১।ও স্ত্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

মায়ার সহিত তাঁহার ক্রীড়াই অথিল জগতের স্থাই, স্থিতি, লয় ; তিনি সম্দায় চরাচর জীবের অন্তরে বাহিরে অবস্থান করিতেছেন, তিনিই প্রধান, দেশ, কাল, দেহ সকলের উপাদান এবং আশ্রয়, তিনিই উহাদিগকে ধারণ করিয়া আছেন, তাঁহার মহিমা অচিস্তা।

অথভগবংস্কবাস্মাভিরখিল-জগত্ৎপত্তি-ন্তিতি-লয়নিমিন্তায়মানদিবামায়াবিনোদস্য সকল-জীব-নিকায়ানামস্তর্জ দয়েষু বহিরপি চ ব্রহ্ম
প্রত্যগাত্মমানপেণ প্রধানরূপেণ যথা দেশকালদেহবস্থানবিশেষং
তত্ত্পাদানোপলস্তকতয়ানুভবতঃ সর্বপ্রত্যয়সাক্ষিণ আকাশশরীরস্থ
সাক্ষাৎ পরব্রহ্মণঃ পরমাত্মনঃ কিয়ানিহ বার্থবিশেষো বিজ্ঞাপনীয়ঃ স্থাদ্বিকুলিক্সাদিভিরিব হিরণ্যরেতসঃ। ভাগঃ ৬ ৯।৩৯

হে ভগবন্! আমাদিগের প্রার্থনীয় বিষয় আপনাকে কে জ্ঞাপন করিব? বেমন অগ্নি-ফুলিন্স অগ্নিরাশির অংশ হইলেও, অগ্নি রাশিকে প্রকাশ করিতে পারে না, সেইরূপ আপনি চৈতগ্রঘন; আমরা অণু চৈতণ্য, আমরা আপনার নিকট আমাদের অভিলমণীয় বিষয় প্রকাশ করিতে সমর্থ নহি। চৈতগ্রঘন আপনার নিকট সম্দায় স্থন্পন্ট ভাবে প্রকাশিত। আপনার দিব্যমায়া বিনোদই অথল জগতের উৎপত্তি—স্থিতি—সয়ের কারণ। আপনি সকল জীবের—অন্তর্থ কিয়ে ব্রহ্ম ও অন্তর্থ্যামী স্বরূপে, বর্হিভাগে—প্রধান স্বরূপে দেশ-কাল-দেহঅবস্থা বিশেষ আদী অঙ্গীকার করতঃ ঐ সকলের উপাদান ও উপলম্ভকত্বরূপে অমুভব করিয়া থাকেন; স্থভরাং আপনি স্বয়ং সকল প্রভায়ের অর্থাৎ বৃদ্ধি
ইত্যাদির সাক্ষী, সকলই জানিতেছেন। প্রভাঃ! এরূপ সাক্ষী ভাবে অবস্থান করিবার কারণ এই, আপনার স্বরূপ—আকাশের ন্তায়—কিছুতেই লিপ্ত নহে,
আপনি সাক্ষাৎ পরব্রহ্ম অর্থাৎ নিরুপাধি এবং পরমাত্মা অর্থাৎ বিশ্বদ্ধ সন্মৃতি।
ভাগঃ ৬৯১৩৯

তাঁহার এতাদৃশ মহিমা, যে উত্তরোত্তর দশগুণ অধিক ক্ষিত্যাদি সপ্তাবরণ

বেষ্টিত বিপুন ব্রহ্মাণ্ডের কোটি কোটি, তাঁহাতে অণুর ক্যায় প্রতিষ্ঠিত আছে। ভাগঃ ৬।১৬।৩৩

ক্ষিত্যাদিভিরেষ কিলাবৃতঃ, সপ্তভির্দশগুণোত্তরৈরগুকোষঃ। যত্ত্ব পতত্যণুক্রঃ, সহাগু-কোটি-কোটিভিস্তদনম্ভঃ॥

ভাগঃ ৬।১৬।৩৩

তাঁহার চেষ্টায় বিশ্বস্থা চেষ্টাবান্ হন, তাঁহার দর্শনে ইন্দ্রিগণ কার্যনীল হয়, ভ্মঙল তাঁহার শীর্ষে সর্ধাকণাভূলা, তাঁহার সহস্র সহস্র মস্তক, তিনি অনস্ত। ভাগ: ৬।১৬।৪৪

যং বৈ খসন্তমনুবিখস্ঞঃ খসন্তি, যং চেকিতানমনুচিত্তয়

উচ্চকন্তি।

ভূমগুলং সর্বপায়তি যস্য মৃদ্ধি, তামে নমো ভগবতেহন্ত সহস্রমূদ্ধি। ভাগঃ ৬।১৬।৪৪

যিনি অনস্ত, যাঁহার মহিমা পূর্ব্বোক্তরপ অচিন্তা, তাঁহাকেই দহরাকাশে— প্রাদেশমাত্র পুরুষ রূপে উপাসনা করিয়া, ভক্ত ক্বত ক্বতার্থ হয়।

কেচিৎ স্বদেহান্তফ্র দ্য়াবকাশে, প্রাদেশমাত্রং পুরুষং বসস্তম্। চতুত্ব জং কম্বরথাকশন্থগদাধরং ধারণয়া স্মরন্তি॥

ভাগঃ ২া২া৮

১।২।১৫ প্রের আলোচনার ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
ভগবান্ পূর্ব, নিত্য ও অপরিচ্ছিন্ন, তাঁহার ধামও পূর্ব, নিত্য এবং
অপরিচ্ছিন্ন। উভয়ে যদি পূর্বক্ হয়, তবে একে অপরকে পরিচ্ছিন্ন করিবার কারণ
হয়, কিন্তু তাহা সম্ভব নহে। উভয়ের মধ্যে পার্থক্য মাত্র নাই। ইহা পরে
পরিস্ফুট হইবে। অভএব, দহরাকাশ, পরমাত্রাই।

ভিত্তি:--

"কো হোবান্তাং কঃ প্রাণ্যাং । যদেষ আকাশ আনন্দো ন স্যাং"।।
(তৈত্তিরীয়, আনন্দবল্লী, ২।৭)

এই আকাশ যদি আনন্দস্বরূপ না হইত, তাহা হইলে কেইবা বাঁচিত, কেইবা চেষ্টা করিত। (তৈঃ আঃ ২।৭)

७। मृद्धः -- >। ।। ১৭

প্রসিদ্ধেশ্চ ॥ ১।৩।১৭ প্রসিদ্ধেঃ + চ।

প্রসিজে: ঃ-প্রসিদ্ধি হেতু। চ:-ও।

শিরোদেশে উদ্ধৃত শ্রুতিমন্ত্র হইতে স্পষ্ট প্রতীতি হইবে, যে আকাশ ব্রহ্ম অর্থেই ব্যবহৃত হইয়াছে, এবং ইহা প্রসিদ্ধিই আছে। ইহা স্বত্রকার "আকাশ-শুদ্ধিজাও" ১১১২৩ স্বত্রে প্রতিপাদন করিয়াছেন।

·····ভমক্ষরং **খং** ত্রিযুগং ভজামহে ।। ভাগঃ ৮া৫।১৬

·····খং বুহদাত্মলিঙ্গম্ ।। ভাগঃ ২।২।২৮

ছং ব্রহ্ম পরমং ব্যোম পুরুষঃ প্রকৃতেঃ পরঃ।। ভাগঃ ১১।১১।২৮

·····তন্মহদ্ভূতং নভোলিঙ্গমলিঙ্গমীশ্বর্ম্। ভাগঃ ১।৬।২৫

১।১।২৩ স্ত্ত্রের আলোচনায় ইহাদের সরলার্থ দেওয়া হইয়াছে।

আকাশ ও দহরাকাশ উভয়ে তত্বতঃ তেদ নাই। শিরোদেশে উদ্ধৃত শুতিতে আকাশ আনন্দস্বরূপ বলা হইয়াছে, ইহা যে ভূতাকাশ সম্বন্ধে নহে, তাহা বলা বাহুল্য। **ইহা ত্রেক্ষলিক আকাশ বা দহরাকাশ**। ভিত্তি:--

"অথ য এষ সম্প্রসাদোহস্মাচ্ছরীরাৎ সমূখায় পরং জ্যোতিরুপ-সংপদ্ধ স্বেন রূপেণাভিনিষ্পদ্ধতে, এষ আত্মেতি হোবাচ; এতদমূতমভ্য়-মেতদ্ ব্রহ্ম।" (ছান্দোগ্যঃ ৮।৩।৪)

তিনি বলিলেন, এই যে সম্প্রদাদ (জীব) এই শরীর হইতে সম্থিত হইয়া পরম জ্যোতিঃ পরমাত্মাকে) প্রাপ্ত হইয়া, স্ব স্বরূপে পরিনিপার হয় ইহাই আ্যা, ইহাই অমৃত ও অভয়, ইহাই ব্রহ্ম। (ছাঃ ৮।৩।৪)

সংশয় :- আচ্ছা, দহরাকাশ ভূতাকাশ না হউক, জীব ত হইতে পারে। এই সংশয় নিরাশের জন্ম হতা। প্রথমাংশ—আপত্তির উল্লেখ করিয়া শেষাংশে সমাধান করিয়াছেন।

সূত্র :—১৩১৮

ইতরপরামর্শাৎ স ইতি চেন্নাসম্ভবাৎ ॥ ১।৩।১৮ ইতর-পরামর্শাৎ + সঃ + ইতি + চেং + ন + অসম্ভবাৎ ।

ইঙর-পরামর্শাৎ: —উপরের উদ্ধৃত শ্রুতিতে ব্যবহৃত "সম্প্রসাদ" — শব্দে জীবের সম্বন্ধ হেতৃ। সঃ: — দেই, দহরাকাশ। ইতিঃ — ইহা। চেৎ: — যদি বল। ম: — না। অমৃসম্ভবাৎ: — অসম্ভব হেতৃ।

শিরোদেশে উদ্ধৃত শ্রুতিতে "সম্প্রদাদ" শব্দ "দহরাকাশ" প্রকরণে ব্যবহৃত্ত হওয়ায়, এবং "সম্প্রদাদ" শব্দের অর্থ জীব হওয়ায়, ''দহরাকাশ" জীবই যদি বল, তাহা হইতে পারে না, কারণ, তাহা অসম্ভব। উক্ত মন্ত্রেই "পরং ক্যোতিক্রপসংপত্তব্যেকরপেন ইত্যাদি" ''এতদমুতমভয়ং এতং ব্রহ্ম" স্পাষ্টভাবে উলিখিত হওয়ায় জীব হইতেই পারে না।

ভূতেন্দ্রিয়াস্তঃকরণাৎ প্রধানাজ্জীবসংজ্ঞিতাং। আত্মা তথা পৃথগ্যমন্তী, ভগবান্ ব্রহ্মসংজ্ঞিতঃ।।

ভাগঃ তাহ৮।৪১

১।২।৩ প্রত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

জীব মায়াবশ, শ্রী ভগবান্ ভকান্তগ্রহের জন্ম শরীর ধারণ করিলেও, তিনি আত্মতন্ত্র। মায়া তাঁহার অধীন। তিনি নিত্য শুদ্ধ; জীব সাধন বলে শুদ্ধ হইলেও, নিত্যশুদ্ধ নত্ত্ব। শুদ্ধং স্বধায়ন্যপরতাখিলবৃদ্ধ্যবস্থং, চিন্মাত্রমেকমভয়ং প্রতিষিধ্য মায়াম্।

তিষ্ঠংস্তরৈর পুরুষত্বমুপেত্য তস্তামান্তে ভবানপরিশুদ্ধ

ইবাত্মতন্ত্রঃ।। ভাগঃ ৪।৭।২৩

প্রভো! আপনি সীয় স্বরূপেই অবস্থান করিতেছেন, শুদ্ধ চৈতল্যঘনই আপনার স্বরূপ । আপনার সম্দায় বুরুবস্থাই নিবৃত্ত হইয়াছে। আপনি এক, অর্থাৎ ভেদশূল, এবং অভয় স্বরূপ। আপনি মায়াকে অভিভব করিয়া স্বতম্ব আছেন, অথচ তাহার দ্বারা পুরুষত্ব অর্থাৎ মন্ত্রন্থ নাট্য স্বীকার পূর্বক তাহাতেই আবার অবস্থিত আছেন। অতএব, অপরিশুদ্ধ অর্থাৎ রাগাদি বিশিষ্টের ল্যায় প্রতীয়মান হইয়া থাকেন। ভাগঃ ৪।৭।২৩

কিন্তু জীব আত্মতম্ত্র নহে, কালতম্ভ, মায়াবশ।

দেহেন্দ্রিয়প্রাণমনোহ ভিমানো, জীবোহন্তরাত্মা গুণকর্ম্মযুক্তিঃ। স্ত্রং মহানিত্যুক্তধৈব গীতঃ, সংসার আধাবতি কালতন্ত্রঃ॥ ভাগঃ ১১।২৮।১৭

১।৩।৫ স্ত্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। শ্রী ভগবানের আরাধনায় জীব অবিচ্যাগ্রন্থি ছেদন করিয়া মৃক্তিলাভ করিতে পারে।

ত্বং প্রত্যগাত্মনি তদা ভগবত্যনন্ত, আনন্দমাত্র উপপন্নসমস্তশক্তা। ভক্তিং বিধায় পরমাং শনকৈরবিত্যাগ্রন্থিং বিভেৎস্থসি মমাহমিতি প্রকৃচ্ম্॥ ভাগঃ ৪।১১।২৯

১।১।১৩ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। অতএব, দহরাকাশ জীব নতে; পরমাত্মাই বটে। ভিডি:--

"য আত্মাহপহতপাপ্যা বিজরো বিমৃত্যুর্বিশোকো বিজিঘৎসোহপিপাসঃ সভ্যকাম: সভাসংকল্প: সোহস্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ স সর্ববাংশ্চ লোকানাপ্নোতি সর্ববাংশ্চ কামান্ যস্তমাত্মানমন্থবিত বিজানাতি ॥"

(ছান্দোগ্য ঃ ৮।৭।১)।

অপহত পাপ, জরা—মৃত্যু—শোক—ক্ষ্ণা—পিপাসা-রহিত, সত্যকাম, সত্যসংকল্প যে আত্মা, তাহাই অন্বেগীয়, তাহাই জিজ্ঞাশু। যে লোক সাক্ষাৎ সম্বন্ধে সেই আত্মাকে অবগত হয়, সে লোক সমস্ত কাম ও সমস্ত লোক লাভ করিয়া থাকে। (ছাঃ ৮।৭।১)।

সংশয়:—প্রজাপতির উপদেশে ছান্দোগ্য শ্রুতির শিরোদেশে উদ্ধৃত ৮।৭।১ মন্ত্রে যে সকল গুণের উল্লেখ আছে, সে সকল জীব সম্বন্ধেই উক্ত হইয়াছে, অতএব জীব কেন দহরাকাশ হইবে না। ইহার উত্তরে স্থ্র,—স্থ্রের প্রথমাংশে আপত্তি ও শেষাংশে সমাধান:—

সূত্র ঃ—়াতা১৯

উত্তরাচ্চেদাবিভূ'তস্বরূপস্ত।। ১।৩।১৯ উত্তরাৎ + চেৎ + আবিভূ'তস্বরূপঃ + তু।

উত্তরাৎ: —পরবর্ত্তী বাক্য হইতে। চেৎ: — যদি বল। আবিভূতি স্বরূপ:: — তাহা হইলে, উত্তর এই যে, সাধনা দ্বারা জীবের স্বরূপ আবিভূতি হইলে, তবে। তু: — কিন্তু।

শিরোদেশে উদ্ধৃত ছান্দোগ্য শ্রুতির ৮।৭।১ মন্ত্র, দহরাকাশ প্রকরণের উত্তরাংশে দৃষ্ট হয়। উক্ত মন্ত্র যে সকল গুণের উল্লেখ করিয়াছেন, সে সকল জীবের সাধারণ গুণ নহে। সাধনা দ্বারা স্বরূপ প্রকাশিত হইলে, ঐ সমৃদায় গুণ জীব প্রাপ্ত হয়। সাধনা দ্বারা জীবের স্বরূপ প্রকাশ, অক্যকথায় ব্রহ্মভাব প্রাপ্তি। অভএব, জীব, উপাশ্র দহরাকাশ নহে।

শ্রী ভগবানের উপাসনায় সম্দায় পরমার্থ দিদ্ধ হইয়া থাকে, এমন কি ভগবান্ প্রসন্ন হইলে, তিনি নিজেকেও দান করিয়া থাকেন।

অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধী:। তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্॥ ভাগঃ ২া৩।১০ ১।১।৭ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
তিম্মিন্ প্রসন্নে সকলাশিষাং প্রভৌ, কিং তুল্ল'ভং তাভিরসং লবাত্মভিঃ।
অনক্মদৃষ্ট্যা ভজতাং গুহাশয়ঃ, স্বয়ং বিধত্তে স্বগতিং পরঃ পরাম্।।
ভাগঃ ৩।১৩।৪৮

স্মরতঃ পাদকমলমাত্মানমপি যচ্ছতি। কিং বর্থকামান্ ভজতো নাত্যভীষ্টান্ জগদ্গুরুঃ।

ভাগঃ ১০৮০৮

বিজিতান্তেইপি চ ভজতামকামাত্মনাং য আত্মদোহতিকরুণঃ।। ভাগঃ ৬।১৬।০•

দর্কান্ দদাতি স্থল্যদো ভজতোইভিকামানাত্মানমপ্যুপচয়াপচয়ৌ ন যশু।। ভাগঃ ১০।৪৮।২২

ত্বং স্বস্তদগুমুনিভির্গদিতারুভাব, আত্মাত্মদশ্চ জগতামিতি মে বৃতোহসি।। ভাগঃ ১০।৬০।৩৭

সকল মন্ধলের কর্ত্তা সেই ভগবান্ প্রসন্ন হইলে, আর কি কোন বস্ত হুর্লভ থাকে ? তথন বরং সমস্ত কল্যাণ তুচ্ছ ও ব্যর্থ বোধ হয়। সেই পরম পুরুষ সর্বাজীবের অন্তর্ধ্যামী, অনক্রমনে অনক্রকর্মা হইয়া তাঁহাকে ভজনা করিলে, তিনি আপনার পরা গতি প্রদানের বিধান করেন। ভাগঃ ৩১৩।৪৮

যাঁহার পাদপদ্ম শ্মরণ করিলে, যিনি স্বাঃ আপনাকেও দান করেন, সেই জগদ্গুক্রকে অর্থ ও কাম বিশিষ্ট হইয়া ভজনা করিলে, তিনি যে অভীষ্টদান করিবেন, তাহাতে আর বক্তব্য কি আছে ? ভাগঃ ১০৮০৮

হে অজিত! আপনি পরম কারুণিক। আপনার নিষ্কাম ভক্তগণ আপনার নিকট পরাজিত হইয়া থাকেন, কারণ, তাঁহারা কিছু না চাহিলেও, আপনি তাঁহাদিগকে আত্মদান করিয়া থাকেন। ভাগঃ ৬।১৬।৩০

আপনি ভত্তনকারী স্থল্জনকে সর্বকাম এবং এমন কি আপনাকেও প্রদান করিয়া থাকেন। অপর, আপনার উপচয় ও অপচয় নাই। ১০।৭৮।২২

স্তুদণ্ড মূনিগণ কর্তৃক আপনার অনুভাব কথিত হইয়া থাকে। আপনি জগতের আত্মা ও আত্মপ্রদ। এ নিমিত্ত আমি আপনাকে বরণ করিয়াছি। ভাগঃ ১০া৬০া৩৭

ভগবান্ নিজেই শ্রীমৃথে বলিয়াছেন, অহং ভক্তপরাধীনো হামতন্ত্র ইব দিঞ্চ। ভাগঃ ১।৪।৪৬ হে বিজ! ভক্ত-পরাধীন বলিয়া আমি অশ্বতম্ত্র। ভাগঃ ১।৪।৪৬
মিয় নির্ব্বন্ধি-শ্রদয়াঃ সাধবঃ সমদর্শনাঃ।
বশে কুর্বস্তি মাং ভক্তা। সংস্তিয়ঃ সংপ্রতিং যথা।। ভাগঃ ১।৪।৪৮
১।১।১৭ প্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
বিনি এ প্রকার করুণাময়, তাঁহার ভক্তগণ, মৃক্তি দিলেও, গ্রহণ করেন না,

মংসেবয়া প্রতীতং তে সালোক্যাদি চত্ষ্টয়ম্।
নেচ্ছন্তি সেবয়া পূর্ণাঃ কুতোহন্তং কালবিপ্ল_{প্}তম্। ভাগঃ ৯।৪।৪৯
এবং স বিপ্রো ভগবংস্কৃত্তদা, দৃষ্ট্বা স্বভূত্যৈরজিতং পরাজিতম্।
ভদ্ধ্যানবেগোদ্গ্রথিতাত্মবন্ধনশুদ্ধাম লেভেইচিরতঃ

সতাং গতিম্।। ভাগঃ ১০৮১।৩৩

তাহার। আমার সেবা দারা সালোক্যাদি চতু:প্রকার মুক্তি উপস্থিত হইলেও গ্রহণ করিতে ইচ্ছা করে না, দেবাতেই পরিতৃপ্ত হইয়া থাকে। ইহাতে কাল-নাশ্য অস্তু বস্তুতে তাহাদের অভিলাষ হইবার সম্ভাবনা কি? ভাগঃ ১।৪।৪১

তথন দেই ভগবৎ ফ্রং বিপ্র এই প্রকারে, অন্তের অজিত ও স্বভূত্য-পরাজিত শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া, তাঁহার ধ্যানযোগে শিথিলীকৃতাত্মবন্ধন হইয়া, অচিরকাল মধ্যে—সাধুদিগের গতি সেই শ্রীকৃষ্ণের পদ প্রাপ্ত হইলেন।

ভাগঃ ১০৮১।৩৩

ভক্তগণ ভগবান্কে ত্যাগ করিয়া স্বর্গ, পরমেষ্ঠীপদ, মোক্ষ কিছুই চান না।
ন নাকপৃষ্ঠং নচ পারমেষ্ঠাং, ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যম্।
ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা, সমঞ্জস ত্বা বিরহ্য্য কান্তেক্ষ।
ভাগঃ ৬।১১।২৩

কিং তুরাপং ময়ি প্রীতে তথাপি বিবৃধর্যভাঃ। ময্যেকান্তমতি নাম্মৎ মত্তো বাঞ্জি তত্ত্বিৎ।। ভাগঃ ৬।৯।৪৫

হে নিথিল সৌভাগ্যনিধে! তোমাকে পারত্যাপ করিয়া, স্বর্গপৃষ্ঠ বা ধ্রুবলেকে, ব্রহ্মপদ, দার্ব্বভৌম পদ, রদাতলের আধিপত্যা, যোগসিদ্ধি বা মুক্তি কিছুতেই আমার আকাজ্ঞা নাই। ভাগঃ ৬।১১।২৩

হে দেবশ্রেষ্ঠগণ! আমি প্রীত হইলে, পুরুষের আর জ্প্রাপ্য কি থাকে? কিন্তু তত্ত্ব ব্যক্তি আমাতেই একাস্তভাবে চিন্ত সমর্পণ করিয়া, আমা ভিন্ন অন্ত কিছুই ইচ্ছা করেন না। ভাগ: ৬।১।৪৫ ন পারমেষ্ঠাং ন মহেন্দ্রধিষ্ণাং ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যম।
ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা, ময্যার্পিভাত্মেচ্ছতি মদ্বিনাশ্তং ॥
ভাগঃ ১১।১৪।১৩

আমাতে অর্পিতাত্মা ভক্ত পুরুষ, আমা বাতীত অন্য—ব্রহ্মলোক, ইন্দ্রলোক, সার্ব্বভৌমপদ, রসাতলের আধিপত্য, যোগসিদ্ধি বা মৃক্তি—কিছুই ইচ্ছা করেন না। ভাগঃ ১১।১৪।১৬

ভক্তগণের নিকট কোনও সিদ্ধি ঘুর্লভ নহে। কিন্তু তাহারা পরম পদ প্রাপ্তির বিদ্ন স্বরূপ বলিয়া কথিত হয়। অতএব, ভক্তগণ, সম্দায় সিদ্ধিপতি ভগবান্কেই আকাজ্জা করেন।

উপাসকস্ত মামেবং যোগধারণয়। মুনেঃ।

সিদ্ধায়ঃ পূর্বকিথিতা উপতিষ্ঠস্তাশেষতঃ।। ভাগঃ ১১।১৫।০১
জিতেন্দ্রিয়স্য দান্তস্য জিতশ্বাসাত্মনা মুনেঃ।
মদ্ধারণাং ধারয়তঃ কা সা সিদ্ধিঃ স্কুর্লভা । ভাগঃ ১১।১৫।০২
অস্তরায়ান্ বদস্ত্যেতান্ যুঞ্জতো যোগমুত্তমম্।
ময়া সম্প্রত্মানস্য কালক্ষপণহেতবঃ।। ভাগঃ ১১।১৫।০০
সর্বাসামপি সিদ্ধীনাং হেতুঃ পতিরহং প্রাভুঃ।

ভাগঃ ১১।১৫।০৫

যে, মৃনি-ব্যক্তি যোগ-ধারণা ধারা এইরপে আমার উপাসনা করেম,পূর্বব কথিত সিদ্ধি সকল অশেষ প্রকারে তাঁহার উপাসনা করিয়া থাকে। জিতেন্দ্রির, শাস্ত, জিতশ্বাস, জিতাত্মামৃনি, যাঁহারা—হৃদয়ে আমাকে ধারণা করেন, কোনও সিদ্ধিই তাঁহাদের তুর্লভ নহে। উত্তম যোগার্ম্ন্টাতৃগণ আমা কর্তৃ ক সম্পাত্মান, যোগিগণের কালক্ষেপণের হেতুভূত এই সিদ্ধ সকলকে অন্তরায় বলিয়াছেন। ভাগঃ ১১।১৫।৩১-৩২-৩৩

আমিই সম্দায় সিদ্ধি সকলের হেতু, পতি ও প্রভু। ভাগঃ ১১।১৫।৩৫
ভগবান ভক্তবংসলতা হেতু ভক্তের কাছে তাঁহার অদেয় কিছুই নাই, এমন
কি আপনাকে পর্যন্ত দান করিয়া আপনার ভক্তাধীনভার পরিচয় দিয়া থাকেন।
এজন্ত ভক্তগণ ও তাঁহাকে ছাড়িয়া পরমেষ্ঠীপদ এমন কি মোক্ষ পর্যন্ত না চাহিয়া
তাঁহারই সেবাকাজ্ফা করিয়া থাকেন। স্থভরাং জীব সাধনা দ্বারা ভগবদগুণ
পাইতে পারিলেও, জীব—ভগবান বা পরব্রন্ধ নহে। অভএব দহরাকাশ,
যাহার সম্বন্ধে শিরোদেশে উদ্ধৃত মন্ত কথিত, জীব নতে, পরব্রন্ধই।

ভিভি:--

পূর্বাস্ত্রে উদ্ধন্ত ছান্দোগ্য শ্রুতির ৮।৭।১ মস্ত্রে ও তৎপূর্ব্ব স্থত্তের শিরোদেশে উদ্ধন্ত ৮।৩।৪ মন্ত্র।

সংশয় :— যদি দহরাকাশ পরমাত্মাই, তবে দহর প্রকরণে ৮।৩।৪
মজে 'এই যে সম্প্রদাদ জীব' এরপ উক্তির কারণ কি ? ইহার উত্তরে স্ত্রকার
প্রত করিলেন :—

সূত্র ঃ—১াতা২ ৽

অক্সার্থন্চ পরামর্শঃ।। ১। গা২ ০ অক্সার্থঃ + চ + পরামর্শঃ।

অস্তার্থ: :-- অন্ত উদেশে। চ:--ও। পরামর্শঃ ঃ-- সমস্ক।

জীব, পরমাত্মার উপাসনাম শুদ্ধ স্বন্ধপ প্রাপ্ত হয়, এবং সে অবস্থায় পরমাত্মা সম্বন্ধীয় গুণ লাভ করিয়া থাকে। এই উদ্দেশ্য প্রকাশ করিবার জন্য জীবের বিষয় কথিত হইয়াছে, জীব দহরাকাশ ইহা প্রতিপাদন করিবার জন্য নহে।

পূর্ববর্ত্তী স্থতালোচনার উপলক্ষে যে সমৃদায় ভাগবতের শ্লোক উদ্ধত হইয়াছে, তাহারাও এই স্ত্তের বিশদ অর্থ প্রকাশ করে। অধিক বিস্তারের প্রয়োজন নাই।

ভক্ত ও ভগবানের সম্বন্ধ বড়ই মধুর ও ঘনিষ্ট। যেমন তড়িৎ প্রবাহের ঘুইটি কেন্দ্র, একটি যোগাত্মক (+) অপরটি ঋণাত্মক (—); উভয়ে উভয়ের সহিত্ত মিলিবার আগ্রহ প্রচুর। যেমন যোগাত্মক (+) তড়িৎ ঋণাত্মক (—) তড়িতের পরিমাণ ও শক্তি, নিজের স্বভাবগুণে বৃদ্ধি করে, সেইরূপ ঋণাত্মক (—) তড়িৎ ও যোগাত্মক (+) তড়িতের পরিমাণ ও শক্তি বিদ্ধিত করিতে থাকে। এই প্রকার উভরে পরস্পর বৃদ্ধি করিতে করিতে আগ্রহ প্রচুর হয়, অন্ত কথায়; এই স্কুরণ ও প্রতিস্কুরণ প্রবাহ পরস্পরের চলিতে থাকে, যভক্ষণ না উভয়ে মিলিত হইয়া সাম্যভাব প্রাপ্ত হয়। আধিতোত্তিক জগতে যে নিয়ম, আধ্যাত্মিক এবং সে কারণ সাধন জগতেও সেই নিয়ম। ভগবানই যোগাত্মক তড়িতের কেন্দ্র এবং জীব মাত্রই ঋণাত্মক তড়িতের কেন্দ্র । বিশেষতঃ ভক্তে ঋণাত্মক তড়িতের পরিমাণ ও শক্তি স্বভাবতঃই বেন্দী বলিয়া যোগাত্মক তড়িতের বা ভগবানের—সহিত্ত মিলিত হইবার প্রচেষ্টাও বেন্দী। ইহা যথন প্রচুর হইয়া সম্দায় প্রতিবন্ধ অভিক্রম করিবার শক্তি লাভ করে,তথন ভক্ত ভগবানে মিলিত হইয়া, আপনাকে নিংশেষে ভুলিয়া গিয়া, পরমানন্দে বিভার হইয়া থাকে। এই চিত্রটি রাসলীলার একটি ল্লোকে বড়ই ফ্রুর ভাবে বর্ণিত হইয়াছে।

রেমে রমেশো ব্রজস্থন্দরীভির্যথার্ভকঃ স্ব প্রতিবিম্ববিভ্রমঃ॥

ভাগঃ ১০।৩৩।১৭

বালক যেমন আপনার প্রতিবিষের সহিত ক্রীড়া করে, সেইরূপ রমাপতি— ব্রজস্বন্দরীগণের সহিত ক্রীড়া করিয়াছিলেন। ভাগঃ ১০।৩৩।১৭

বালক একথানি দর্পণে আপনার ম্থের প্রতিবিম্ব দর্শন করিল। দেথিয়া আনন্দ হওয়ায়, ম্থে হাসির সঞ্চার হইল। প্রতিবিম্বে সেই হাসি দেথিয়া, আর একজন বালক আনন্দে হাস্ত করিতেছে মনে করিয়া, বালকের আরও আনন্দের উদয় হইল, এবং হাস্ত ও ম্থভঙ্গী আরও বৃদ্ধি পাইল, প্রতিবিম্বেও অবিকল সেইরূপ হাসির বৃদ্ধি ও ম্থ-ভঙ্গিমা দেথিয়া, বালকের মনে আরও আনন্দ, আরও হাসি, আরও ম্থ-ভঙ্গি, প্রকাশ পাইতে লাগিল, এবং দঙ্গে সঙ্গে প্রতিবিম্বে, এবং তাহা হইতে বিম্বে অর্থাৎ বালকের ম্থে, ক্রমশঃ উত্তরোত্তর বৃদ্ধি পাইতে লাগিল। ভক্ত ও ভগবানের থেলাও এইরূপ। উত্রোত্তর পরম্পরের আনন্দের বৃদ্ধি হইতে থাকে। এই তত্ত্ব প্রকাশ করিবার জন্ম শ্রুতিতে ৮।এ৪ এবং ৮।৭।১ মন্ত্র সন্মিবেশিত হইয়াছে। উহার উদ্দেশ্য ইহা নহে, যে জীবই দহরাকাশ বাপরমাত্মা।

ভিত্তিঃ— ১।৩১৪ স্থত্তের শিরোদেশে উদ্ধত ছান্দোগ্য শ্রুতির ৮।১।১ মন্ত্র।

সংশয়:—দহরাকাশ যদি অনস্ত, বিভূ পরমাত্মার জ্ঞাপক, তবে অল্ল হৃদয়দেশ পরিমাণ বলিয়া উক্ত হইয়াছে কেন? ইহার উত্তরে স্ত্রকার স্ত্র করিলেন:—

সূত্র: — ১।৩।২১ অল্লশ্রুতেরিতি চেৎ, তহুকুম্॥ ১।৩।২১ অল্লশ্রুতে: + ইতি + চেৎ + তৎ + উক্তম্।

অরপ্রতেঃ:—অল্লব প্রবণ হেতৃ। ইতিঃ—ইহা, দহরাকাশ জীব।

(চেৎ:—যদি বল। তৎ:—তাহা—তাহার উত্তর। উক্তন্ঃ—উক্ত হইয়াছে।

ছালোগা শ্রুতির ৮। ১।১ মন্ত্রে "দহরোহ মিয়ন্তর আকাশ্রু:" উক্ত হইয়াছে।
-য়ন্ত্রের অভ্যন্তর আকাশ, তাহা অতি ক্ষুত্রই হইবে, অতএব তাহা জীব
হওয়াই মৃক্তি-মৃক্ত। ইহার উত্তরে স্ত্রকার বলিতেছেন যে, না, তাহা ত আগে
১।২।৭ স্ত্রে বলা হইয়াছে। উপাসকের উপাসনার স্থবিধার জন্মই অল্পতা।
তাহা ত মৃক্তি প্রমাণ ধারা প্রতিপন্ন করা হইয়াছে, এখানে আর তাহার
উত্থাপন করিবার প্রয়োজন কি? বিশেষতঃ তিনি সমকালে মৃগপৎ
"অণোরণীয়াল্ মহতো মহীয়াল্" (শ্বতাশ্বতর) যিনি দেশ-কাল-তত্বের
অতীত, যাহাকে পরিছিন্ন করিবার কিছু নাই, ক্ষ্ত্র-বৃহৎ, অল্প-ভূমা, অণু-মহৎ
প্রভৃতি দেশ-কাল তত্বান্তর্গত আপেক্ষিক ধর্ম, তাঁহাতে প্রযোজ্যা নহে। তবে
ভক্তবৎসলতার জন্ম সাধকের কচি অনুসারে ভগবানের রূপ ধারণ।

তাত্মেব তেইভিক্রপাণি ক্রপাণি ভগবংস্তব।

যানি যানি চ রোচন্তে স্বব্ধনা নামরূপিণঃ।। ভাগঃ ৩।২৪।৩০ হে ভগবন্! যদিও তুমি প্রাকৃত রূপ রহিত, তথাচ তোমার ভক্তগণের অভিক্রচি অনুসারে তুমি রূপ ধারণ করিয়া থাক। ভাগঃ ৩।২৪।৩০

তবৈদ্ব নমঃ পরেশায় ব্রহ্মণেহনস্তশক্তয়ে। অরপায়োরুরূপায়ো নমঃ আশ্চর্য্য কর্ম্মণে।। ভাগঃ ৮।৩।৯ ১।১।৩ স্ত্রের আলোচনায় ইহার অর্থ দেওয়া হইয়াছে।

তাঁহার অচিন্তা শক্তি। তিনি সেই শক্তি দারা ইচ্ছামত স্থুল, স্ক্র রূপ ধারণ করেন। কিন্তু ধারণ করিয়া দৃশুতঃ পরিচ্ছিন্নবং প্রতীয়মান হইলেও, তিনি বস্তুতঃ এককালে, একাধারে অপরিচ্ছিন্ন, অনস্ত। অভ্রেব দহর-আকাশ অল্ল হইলেও, পরমাত্মাই। ভিত্তি:-

্যাতা১৯ স্থত্রের শিরোদেশে উদ্ধৃত ছান্দোগ্য শ্রুতির দাণা১ মন্ত্র।

এবং

"এবমেবৈষ সম্প্রদাদোহস্মাচ্ছরীরাৎ সমুখায় পরং জ্যোতিরূপসংপত্ত স্বেন রূপেণাভিনিস্পত্ততে স উত্তমঃ পুরুষঃ স তত্র পর্য্যেতি জক্ষৎ ক্রীড়ন্ রুমমাণঃ স্ত্রীভির্বা যানৈর্বা জ্ঞাতিভির্বা" · · · · ইত্যাদি িছান্দোগ্যঃ ৮।১২।৩

এই সম্প্রদাদ অর্থাৎ জীব, খুল শরীর হইতে সম্থিত হইয়া, অর্থাৎ
শরীরাভিমান পরিত্যাগ করিয়া, পরম জ্যোতিঃ পরমাত্মাকে লাভ করতঃ,
খ-স্বরূপে পরিনিপান হয়। উত্তম পুরুষ বা পুরুষোত্তম হরপাপন সেই সম্প্রদাদ
পরমাত্মাতে অবস্থিত হইয়া, হাস্তা করতঃ, ক্রীড়া করতঃ মনোমত স্ত্রীদিগের
দহিত, অথবা যানাদির সহিত, অথবা বন্ধুগণের সহিত—আমোদ উপভোগ
করেন। ছান্দ্যোগ্যঃ ৮/১২।৩

সূত্র :— গ্রাথ্

অনুকৃতেন্তস্ত চ।। ১।৩।২২ অনুকৃতেঃ 🛨 তস্ত 🕂 চ।

অনুকৃতেঃ :—অমুকরণ হেতু। তস্ত :—তাহার, পরমাত্মার। চ :—ও।

শিরোদেশে উদ্ধৃত শ্রুতি মন্ত্র হইতে স্পষ্ট জানা যায় যে, জীব দহরাকাশ উপাসনার দ্বারা প্রমাত্মাকে লাভ করতঃ, তৎদাদৃশ্য লাভ করেন, এবং তাঁহার অনুকরণ করেন। অনুকারী ও অনুকার্য্য এক পদার্থ হইতে পারে না। অত্তব্য দহরাকাশ জীব নহে।

ভক্তও ভগবং প্রেমে বিভোর হইয়া তাঁহার লীলার অমুকরণ করিয়া থাকে।

নদতি ক্লটিতুৎকণ্ঠো বিলজ্জো নৃত্যতি কচিৎ। কচিৎ তদ্তাবনাযুক্তস্তন্ময়োহনুচকার হ।। ভাগঃ ৭।৪।৩০

ইত্যুনান্তবচো গোপ্যঃ কৃষ্ণান্বেষণকাতরাঃ। লীলা ভগবতস্তাস্তাঃ হৃষ্ণুচকুস্তদাত্মিকাঃ॥ ভাগঃ ১০।৩০।১৪ কদাচিৎ মৃক্তকণ্ঠ হইয়া চিৎকার করিতেন, কদাচিৎ বিলজ্জ হইয়া মৃত্য করিতেন, কদাচিৎ ভগবৎ ভাবনায় অভিনিবিষ্ট হওয়াতে তন্ময় হইয়া তাঁহার লীলার অন্তকরণ করিতেন। ভাগঃ ৭1৪।৩০

এই প্রকারে উন্মন্তবৎ প্রলাপ করিতে করিতে গোপীগণ, শ্রীকৃষ্ণান্থেষণের নিমিত্ত বিহবল হইলেন। পরে তদাত্মিকা হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণের সেই সেই লীলার অনুকরণ আরম্ভ করিলেন। ভাগঃ ১০।৩০।১৪

উপাসক, উপাসনার দারা উপাশ্রের সহিত তন্ময় হইলেও, উপাশ্র ও উপাসক এক পদার্থ হইতে পারে না।

ভিত্তি :---

"ইদং জ্ঞানমূপাশ্রিত্য মম সাধর্ম্মামাগতাঃ। সর্গেইপি নোপজায়ন্তে প্রলয়ে ন ব্যথন্তি চ॥" গীতা ১৪:২ এই জ্ঞান প্রাপ্ত হইলে, আমার সাধর্ম্ম প্রাপ্ত হয়, তথন স্প্তিতে জন্মগ্রহণ করিতে হয় না এবং প্রলয়ে কাত্র হইতে হয় না। গীতা ১৪:২

সূত্র :—১।৩।২৩

অপি স্বার্যাতে॥ ১।৩।২৩ অপি + স্বার্যাতে।

অপি: -ও। স্মর্যাতে: -- স্বতিশান্ত্রেও উক্ত আছে।

গীতায় শিরোদেশে উদ্ধৃত শ্লোক হইতে জানা যায় যে, প্রমাত্মোপাসনায় জীবের তেৎসাদৃখ লাভরূপ ফলপ্রাপ্তি হইয়া থাকে। ভাবলাহী জনাদিন। ভাব বা প্রীতি দ্বারা, দহরাকাশে তাঁহাকে সেবা করিলে, তাহাকেই পাওয়া যায়। স্বতরাং দহরাকাশ জীব কিরপে হইবে । ভাগবত বলিতেছেন:—

কেবলেন হি ভাবেন গোপ্যো গাবো নগা মৃগাঃ। যেহত্যে মৃঢ়ধিয়ো নাগাঃ সিদ্ধা মামীয়ুরঞ্জসা।।

ভাগঃ ১১।১২.৭

ভক্ত্যোদ্ধবানপায়িস্তা সর্বলোক মহেশ্বরম্। সর্ব্বোৎপত্ত্যপায়ং ব্রহ্ম কারণং মোপযাতি সঃ॥

ভাগঃ ১১৷১৮৷৪৪

ন কিঞ্চিৎ সাধবো ধীরা ভক্তা হেকান্তিনো মম। বাস্থত্যপি ময়া দত্তং কৈবলামপুনর্ভবম্॥ ভাগঃ ১১।২০।৩৪

গোপীগণ, গোগণ, যমলার্জ্ন, মৃগগণ, কালিয় প্রভৃতি সর্পগণ এবং অক্সান্ত মৃঢ় ব্যক্তিগণ কেবল প্রীতি দ্বারা গিন্ধ হইয়া, সন্থরে আমাকে প্রাপ্ত হইয়াছেন। ভাগঃ ১১।১২।৭

হে উদ্ধব! সে ব্যক্তি অচলা ভক্তি মহাযোগে, সর্বলোক মহেশ্বর ও সকলের স্থিটি, স্থিতি ও প্রলয়ের কারণ পরব্রহ্মরূপ আমাকে প্রাপ্ত হয়েন।

ভাগঃ ১১।১৮।৪৪

একান্ত মদ্ভক্ত ধীর দাধু ব্যক্তি আমাকর্তৃক দত্ত আত্যন্তিক কৈবলা ও পপুনর্ভব বাঞ্ছা করেন না। ভাগঃ ১১।২০।৩৪ যে যে ভাবেই তাঁহাকে উপাসনা করুন না কেন, যদি ভাব গাঢ় হয়, তাহা হইলে তাঁহাকে প্রাপ্ত হওয়া যায়।

> কামাং দ্বেষাং ভয়াং স্নেহাং যথা ভক্ত্যেশ্বরে মনঃ। আবেশ্য তদঘং হিত্বা বহবস্তদ্গতিং গভাঃ॥ গোপ্যঃ কামাং ভয়াং কংসো দ্বেষাকৈত্যাদয়ো নূপাঃ। সম্বন্ধাং বৃষ্ণয়ঃ স্নেহাং যূয়ং ভক্ত্যা বয়ং বিভো॥

> > ভাগঃ ৭।১।২৯

কাম, দ্বেষ, ভয়, স্নেহ অথবা ভক্তি যে কোনও উপায়ে ভগবানে মনোনিবেশ করিলেই সম্দায় পাপ ধ্বংসপ্রাপ্ত হইয়া তাঁহার পরমা গতি লাভ করা যায়। ইহার প্রমাণ এই যে, গোপীগণ কাম হেতু, কংস ভয় জন্ম, শিশুপাল প্রভৃতি দ্বেষ নিমিত্ত, যাদবগণ সম্বন্ধ বশতঃ, তোমরা স্নেহ প্রযুক্ত, এবং আমরা ভক্তি করিয়া, তাঁহার গতি প্রাপ্ত হইয়াছি। ভাগঃ ৭।১।২৯

পতএব, ভগবহণাসনায় মৃক্তগণ ভগবৎ সাধর্ম্য প্রাপ্ত হয়। প্রভরাং দহরাকাশ বা উপাস্ত ভগবান বা ব্রহ্ম, জীব নহে।

ও। প্রতিভাষিকরণ।।

ভিভি:--

"অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষো মধ্য আত্মনি ভিষ্ঠতি। ঈশানো ভূত-ভব্যস্ত ন ততো বিজ্ঞুগুন্সতে।

विष्टिष एए ॥" कर्रः २।८।८२

অঙ্গুষ্ঠমাত্র পুরুষ আত্মার অভ্যন্তরে অবস্থিত আছেন, তিনি অতীত ও অনাগতের ঈশান —শাসনকর্তা, তাহা হইতে কেহ নিন্দা করে না, ইহাই সেই বস্তু। কঠঃ ২।১।১২

সংশয়:—এই অসুষ্ঠ পরিমিত পুরুষ কি জীবাত্মা. অথবা পরমাত্মা? জীবাত্মা হইতে পারে, কারণ, জীবাত্মা শরীর, ইন্দ্রিয়, ভোগ্য প্রভৃতির ঈশান। এই সংশয় নিরাকরণ জন্ম স্ত্র:—

সূত্র ঃ—১।৩।২৪

শব্দাদেব প্রমিতঃ। ১।এ২৪ শব্দাৎ + এব + প্রমিতঃ।

শব্দাৎ :—শ্রুতি বাক্যরূপ হেতুতে। এব:—ই। প্রামিত::—পরিচ্ছিন্ন (পরমাত্মাই)।

অঙ্গুষ্ঠমাত্র রূপে পরিচ্ছির আত্মার অন্তরে অবস্থিত বস্তু জীবাত্মা নহে, পরমাত্মা। কেননা, শ্রুতিতেই আছে যে, তিনি অতীত ও অনাগত সম্দায়ের শাসনকর্ত্তা। জীবের পক্ষে তাহা সম্ভব নহে।

ভগবান্ ব্যতিরেকে সদসৎ কোনও বস্তুই নাই. তিনিই মায়া গুণ বিক্ষোভহেতৃ বহুরূপে প্রকাশ পান, ভক্তগণ নিজ নিজ হৃদয়—ভক্তি দ্বারা শুদ্ধ করিলে, সেই হৃদয়েই ইষ্টদেবতারূপে প্রকটিত হন।

নাগ্রত্ত্বদন্তি ভগবন্নপি যন্ন শুদ্ধং মায়াগুণব্যতিকরাদ্ যত্ত্রকবিভাসি ॥ ভাগঃ ৩।৯।১

ং ভগবন্! তোমা ব্যতিরেকে কোনও বস্তুই নাই। যাহা আছে বলিয়া প্রতীতি হয়, তাহা সত্য নহে। মায়ার গুণ ক্ষোভে তুমি বছরূপে প্রকাশ পাইয়া থাক। ভাগঃ এন।> হং ভক্তিযোগপরিভাবিত হৃদ্দরোজ আস্সে শ্রুতেক্ষিতপথো নহু নাথ পুংসাম্।

যদ্ যদ্ ধিয়া ত উরুগায় বিভাবয়ন্তি তত্ত্বপুঃ প্রণয়সে সদমুগ্রহায়॥ ভাগঃ ৩।১১১

১।২।৩০ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। তবে এই পরিচ্ছিন্ন রূপ কি তোমার স্বরূপ হইতে বিভিন্ন? না, তাহা নহে।

নাতঃপরং পরম যন্তবত: স্বরূপমানন্দমাত্রমবিকল্পমবিদ্ধবর্চিঃ। পশ্যামি বিশ্বস্থসেকমবিশ্বমাত্মন্ ভূতেন্দ্রিয়াত্মকমদস্ত উপাশ্রিতোইস্মি॥ ভাগঃ ৩।১।৩

হে পরম! তোমার এই প্রকটিত রূপই তোমার স্বরূপ—যে স্বরূপ আনল-মাত্র, স্বজাতীয়, বিজাতীয়, স্বগত ভেদ রহিত, এবং অনাবৃত প্রকাশ—আমি তোমার এই প্রকটিত মৃর্ত্তিরই আশ্রয় গ্রহণ করিলাম। হে আত্মন্! তোমার এই প্রকটিত মৃর্ত্তিই বিশ্বের স্টেকারী, ভূত এবং ইন্দ্রিয় সকলের কারণ, অতএব সে সকল হইতে ভিন্ন। ভাগঃ খানাও

ইহাই শ্রীভগবানের অচিস্তা শক্তি। পরিচ্ছিন্নরূপে প্রতীয়মান হইলেও, এককালে একাধারে অপরিচ্ছিন্ন, অনন্ত, ব্যাপক, স্বরূপতঃ আনন্দমাত্র। ভাতত্রব পরিচ্ছিন্ন অঙ্গুঠমাত্র পুরুষ জীব নহে। প্রমাত্মাই । ভিভি:-

পূর্বা স্বত্যোদ্ধত কঠ শ্রুতির ২।১।১২ মন্ত্র।

সূত্র :-- ১।তা২৫

জ্ঞতপেক্ষয়া তু মন্থুয়াধিকারত্বাৎ ॥ ১।৩।২৫ জ্ঞাপেক্ষয়া 🕂 তু 🕂 মন্থুয়াধিকারত্বাৎ ।

ক্ততেপক্ষরা: — হৃদয়ের পরিমাণের তুলনায় (অসুষ্ঠমাত্র)। তু: — কিন্ত।
মুকুষ্যাধিকারত্বাৎ: — মহয়ের অধিকার হেতু শান্তের উপদেশ।

শান্তে যে সম্দায় উপাসনার উপদেশ আছে, তাহা মহয়দিগেরই জন্ম, এবং মহয়দিগের হৃদয়ের পরিমাণ অনুসারে উপাস্থের প্রমিতি—পরিমাণ—অনুষ্ঠমাত্র উক্ত হইয়াছে।

শ্রীমদ্ভাগবতের তাহা১১ শ্লোক পূর্বাস্থতে উদ্ধৃত হইয়াছে। নিমের কয়েকটি শ্লোকে প্রতিপাদিত হইবে যে, উপাসকের হিতের জন্ম পরব্রহ্ম উপাসকের হৃদ্পদ্মে অধিষ্ঠান করিয়া থাকেন।

অথ তং সর্বভূতানাং স্থংপদ্মেষ্ কৃতালয়ম্।
শ্রুতানুভাবং শরণং ব্রজ ভাবেন ভাবিনি ॥ ভাগঃ ৩৩২।১০
স্থান্পদাকর্ণিকাধিষ্ণ্যমাক্রম্যাত্মগ্রাত্মতিষ্ক্রম্ ॥ ভাগঃ ৪।৮।৪৪
স বৈ ধিয়া যোগবিপাকতীব্রয়া স্থংপদ্মকোষে স্কুরিতং
তড়িংপ্রভম্ । ভাগঃ ৪।৯।২

অতএব হে ভাবিনি! সেই ভগবান, যিনি সর্বপ্রাণীর হৃদয়ে বাস করিতেছেন এবং যাঁহার প্রভাব সর্বাত্র শ্রুত হইতেছে, ভক্তিভাবে তাঁহারই শরণ গ্রহণ করুন। ভাগঃ ৩৩২।১•

বৃদ্পদ্ম কর্ণিকার মধ্যম্থান আক্রমণ করিয়া মনোমধ্যে স্থিতি করেন।
ভাগ: ৪।৮।৪৪

সেই গ্রুবের মতি স্থৃদৃঢ় ধ্যানযোগ দ্বারা নিশ্চল হওয়াতে, তিনি তদ্বারা ক্রুপেলুকোষে ক্ষুবিত বিদ্যুৎপ্রভা সদৃশ ভগবানের রূপ দর্শন করিতেছিলেন। ভাগঃ ৪।১।২

শৃথতাং গদতাং শশ্বদৰ্চতাং খাভিবন্দতাম্। নূণাং সংবদতামন্তহ্ৰ দি ভাস্তমলাত্মনাম্।। ভাগঃ ১০৮৬।৪৬

১।৩।১৫ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

অতএব হৃদয়মধ্যে অবস্থিত অঙ্গুণ্ঠপরিমিত পুরুষ পরব্রহ্মই, ইহা সিদ্ধ হইল। হৃদয়ের পরিমাণ অঙ্গুণ্ঠপরিমিত বলিয়া—ভাহাতে অবস্থিত ইপ্ট্যূর্ত্তি উক্ত পরিমাণের হওয়া সঙ্গত।

৭। দেবভাষিকরণ।।

ভিত্তি:--

"তদ্ যো যো দেবানাং প্রত্যবৃধ্যত, স এব তদভবং, তথর্ষীণাং তথা মনুস্থাণাং······'। (বৃহদারণ্যক ১।৪।১০)।

দেবতাগণের, ঋষিগণের এবং মন্মুগুগণের মধ্যে যে যে ব্রহ্মকে জানিয়া-ছিলেন, তিনিই সেই ব্রহ্ম হইয়াছিলেন। (বৃহদারণ্যক ১।৪।১০)

जःभगः :-

পূর্ব্ব প্রত্রে দিকান্ত ইইয়াছে যে, শান্ত দকলে, মন্থ্যগণের উপাদনার উপদেশের জন্ম, এবং দে কারণে মন্থ্যগণের হৃদয়ের পরিমাণের অন্থপাতে উপাস্থ ব্রহ্মের অন্ধৃষ্ঠপ্রমাণ আকার, কথিত ইইয়াছে। ইহাতে দন্দেহ ইইতে পারে, তবে কি দেবতাগণের ব্রহ্ম উপাদনার অধিকার নাই। এই আশহা নিরদন্বের জন্ম পরস্ত্রের অবতারণা।

সূত্র :--১।৩।২৬

তত্বপর্যাপি বাদরায়ণঃ সম্ভবাৎ ।। ১।তা২৬ তং + উপরি + অপি + বাদরায়ণঃ + সম্ভবাৎ ।

ভেৎ:—তাহা অর্থাৎ ব্রহ্ম উণাসনা। উপারি:—মানুষগণের উপরিস্থ জীব
—দেবতাগণ। অপি:—ও। বাদরায়ণ: :—আচার্য্য বাদরায়ণ স্থ্রকার।
সম্ভবাৎ:—সম্ভব হেতু।

দেবগণও মন্মুখ্যগণের ভায় ব্রহ্মবিছা গ্রহণে সমর্থ, তাঁহারাও সেইরূপ শরীর-সম্পন্ন, অতএব ব্রহ্মবিছায় তাঁহাদিগেরও অধিকার থাকা সম্ভব হয়।

ব্রন্ধাদি দেবগণের স্তব শ্রীমদ্ভাগবতে বহুস্থানে বিভ্যমান আছে। পূর্বের প্রতিপাদিত হইয়াছে যে, আব্রন্ধস্থাবর পর্যাস্ত চরাচর সকলের দেহতঃ ও আত্মতঃ সাম্যভাব বর্ত্তমান।

> ভূম্যম্বগ্নানিলাকাশা ভূতানাং পঞ্চধাতবঃ। আব্রহ্মস্থাবরাদীনাং শারীরা আত্মসংযুতাঃ॥ ভাগঃ ১১।২১।৫

১।১।১৭ স্ত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। স্তরাং মন্যাগণের শরীর যে উপকরণে, দেবাদিরও তাই। তাঁহাদেরও শরীরের অস্তরে আত্মা বর্তমান। অতএব মনুস্থের যথন ব্রশ্ববিভার অধিকার আছে, তথন দেবতাগণের থাকিবে না কেন? তবে তাঁহারা নিজ নিজ্ঞ অধিকারে ভগবির্নিটি কার্য্যে ব্যস্ত থাকার, মন্ত্র্যের মত অবসর পান কিনা সন্দেহ। যাহা হউক, শ্রীভগবানের স্তব, ব্রহ্মা, ইন্দ্র ও অক্সান্ত দেবতাগণের পাঠ করিলে, তাঁহারা যে ভগবত্তত্বে অধিকারী, সে বিষয়ে সন্দেহ থাকে না।

ভাগবতের কয়েকটি শ্লোক নিমে উদ্ধত হইল।

দেবগণ বলিলেন:--

বায়্মরাগ্ন্যপ্ ক্ষিতয়ন্ত্রিলোকা ব্রহ্মাদয়ো যে বয়্সূদ্জিজন্তঃ। হরাম যশ্মৈ বলিমন্তকোহসৌ বিভেতি যম্মাদরণং ততোহস্ত নঃ॥ ভাগঃ ৬।১।১৯

১০০১১ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। তমেব দেবং বয়মাঅনৈবতং পরং প্রধানং পুরুষং বিশ্বমন্তম্। ব্রজ্ঞাম সর্ক্বে শরণং শরণ্যং স্থানাং স নো ধাস্ততি শং মহাত্মা।

ভাগঃ ডা৯া২৫

আমরা সকলে সেই পরমাত্মরূপী দেবতার শরণ গ্রহণ করি। তিনি বিশ্বমৃতি, তিনিই পুরুষ, তিনিই প্রধান, তিনিই একমাত্র শরণ্য, তিনি আমাদিণের মঙ্গল বিধান করিবেন। ভাগঃ ৬। ১।২৫

বন্ধা, ভব প্রভৃতি স্তব করিলেন :---

সত্যব্রতং সত্যপরং ব্রিসত্যং সত্যস্য যোনিং নিহিতঞ্চ সত্যে। সত্যস্য সত্যমৃতসত্যনেব্রং সত্যাত্মকং ত্বাং শরণং প্রপন্নাঃ।।

ভাগঃ ১০।২।২০

১।১:৮ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। ব্রহ্মার প্রার্থনা :—

তদম্ভ মে নাথ দ ভূরিভাগো ভবেহত্ত বাত্তত তু বা তিরশ্চাম্। যেনাহমেকোহপি ভবজ্জনানাং ভূমা নিষেবে তব পাদপল্লবম্॥

তাগঃ ১০।১৪।২৯ হে নাথ! এই ব্রহ্মজন্মে, অথবা ইহার পর যে কোনও তির্ঘ্যক্ যোনিতে আমার জন্ম হউক না কেন, আমার সেই সেই জন্মে যেন এরপ মহাভাগ্য হয়, বাহাতে আমি ভবদীয় জনগণের মধ্যে যে কোনও একটি অতি ক্ষুদ্রাদাপ ক্ষুদ্র হইয়া আপনার পাদপল্লব সমধিকরণে সেবা করিতে পারি। ভাগঃ ১০।১৪।২৯

बेट्सन्न छव:--

পিতা গুরুত্বং জগতামধীশো গ্রন্তায়ঃ কাল উপাত্তদণ্ডঃ। হিতায় স্বেচ্ছাতন্ত্রভিঃ সমীহসে মানং ব্লিধুবন্ জগদীশমানিনাম্॥ ভাগঃ ১০।২৭।৬

সিশ্বরং গুরুমাত্মানং ত্বামহং শরণং গতঃ।। ভাগঃ ১০।২৭।১৩ ১।১।৩০ স্থত্তের আলোচনায় এই তুই শ্লোকের সরলার্থ দেওয়া হইয়াছে। যমের অপরাধ ক্ষপণ:—

তং ক্ষম্যতাং স ভগবান্ পুরুষঃ পুরাণো—নারায়ণঃ স্বপুরু বৈর্ঘদসং
কৃতং নঃ

স্থানামহোন বিহুষাং রচিতাঞ্জলীনাং ক্ষান্তির্গরীয়সি নমঃ পুরুষায় ভূমে॥ ভাগঃ ৬।৩।৩০

যম ভগবানের নিকট ক্ষমা প্রার্থনা করিয়া বলিলেন:—আমার ভৃত্যগণ যে অন্তায় কর্ম করিল, সেই পুরাণপুরুষ ভগবান্ তাহা ক্ষমা করুন। আমর! তাঁহারই আপনার জন, তাঁহার মাহাজ্মা না জানিয়া যে অপরাধ করিয়াছি, এই অঞ্জলি বন্ধন করিতেছি, সেই অপরাধ মার্জনা করুন। তিনি সর্বাপেক্ষা মহৎ, তাঁহাতে ক্ষমাগুণ বিভ্যমান, তাঁহাকে প্রণাম করি। ভাগঃ ৬।৩৩০

ব্রহ্মা দিব্য সহস্র বৎসর তপস্থা করিবার পর তত্ত্ত্তান লাভ করেন ও স্বাস্ত করিবার শক্তি পান।

দিব্যং সহস্রাব্দমমোঘদর্শনো ব্লিতানিলাত্মা বিব্লিতোভয়েব্রিয়ঃ। অতপ্যতত্মাখিললোকতাপনং তপস্তপীয়াংস্তপতাং সমাহিতঃ। ভাগঃ ২।৯৮

তিশ্ম স্বলোকং ভগবান্ সভাজিতঃ সন্দর্শরামাস পরং ন যৎ পরম্। ব্যপেতসংক্রেশবিমোহসাধ্বসং স্বদৃষ্টবন্তিঃ পুরুষেরভিষ্টুতম্ । ভাগঃ ২।১।১

প্রবর্ত্ততে যত্র রজস্তমস্তয়োঃ সত্তঞ্চ মিশ্রং ন চ কালবিক্রমঃ।
ন যত্র মায়া কিমৃতা পরে হরেরন্ত্রতা যত্ত্ব স্থরাস্থরার্চিতাঃ।।
ভাগঃ ২।৯।১০

ব্রন্ধা প্রাণ, জ্ঞানেন্দ্রিয়, কর্মেন্দ্রিয় ও মন জম করিয়া দেব পরিমাণে সহস্র বংসর তপস্থা করিলেন। ঐ তপস্থাতেই অথিল লোকের প্রকাশ হয়, এবং -সেজ্জ ব্রন্ধা, সর্ব্বকালের তপস্থিগণের মধ্যে শ্রেষ্ঠতম বলিয়া প্রসিদ্ধ আছেন।
ভাগঃ ২।১৮৮

ভগবান্ ঐ তপস্থায় সম্ভন্ত হইয়া তাঁহাকে সর্বশ্রেষ্ঠ নিজ পরম পদ বা লোক সন্দর্শন করাইলেন, যে লোকে অবিছা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশরপ পঞ্চ ক্লেশ এবং মোহভয়াদির লেশমাত্র নাই, এবং যাহা আত্মদর্শী পুণ্যবান্ পুরুষগণের দ্বারা সেবিত। ভাগঃ ২।ন।ন

যে লোকে রজঃ বা তমোগুণের প্রভাব নাই এবং ঐ তুইগুণে মিপ্রিত সন্ধুগুণও তথায় প্রবেশ করিতে পারে না, কালবিক্রম সেথানে নাই, মায়ার অধিকার সেথানে নাই, শোক মোহাদির কথা কি ? এবং সেথানে স্থরাস্থরগণ ভগবদ পারিষদ্গণের সর্বাদা অর্চনা করিয়া থাকেন। ভাগঃ ২।১।১০

অতএব প্রতিপাদিত হইল যে, ব্রহ্মাদিরও তপস্থার, এবং ভাহা হইতে ব্রহ্মবিতা প্রাপ্তির অধিকার আছে। সংশয় : — দেবগণ যদি বিগ্রহবান্ হন, তাহা হইলে তাঁহাদের ব্রহ্ণবিত্যার
অধিকার হইতে পারে, কিন্ত যজ্ঞ কর্মাদিতে নিশ্চন্নই নিরোধের সম্ভাবনা
আছে। শরীরধারী একই ইন্দ্র একই সময়ে কথনই বিভিন্ন যজমানের
বিভিন্ন স্থানবর্ত্তী বিভিন্ন যজ্ঞে উপস্থিত হইয়া যজ্ঞভাগ গ্রহণ করিতে পারেন না।
এই সংশ্রের উত্তরে স্ত্র: —প্রথমাংশে আপত্তি ও শ্বেংশে সমাধান: —

সূত্র :—১৷তা২৭

বিরোধঃ কর্মাণীতি চেৎ, নানেকপ্রতিপত্তের্দর্শনাৎ।। ১।৩২৭ বিরোধঃ + কর্মাণি + ইতি + চেৎ + ন + অনেক + প্রতিপত্তেঃ +

দর্শনাৎ।

বিরোধঃ: —বিরোধ। কর্মণি: —কর্মে, যাগযজ্ঞাদি কর্মে। ইতি: — ইহা। চেৎ: —যদি বল। ন: —না (উত্তর না, বলিতে পার না)। আনেক: — বহু আকার। প্রতিপত্তে: —গ্রহণ হেতু। দর্শনাৎ: —দর্শন হেতু।

শান্তে দেখা যায় যে, যোগ শক্তিসম্পন্ন সোভরি প্রভৃতি মূনি এক সময়ে বহু শরীর ধারণপূর্বক বহু কার্য্য করিয়াছিলেন, ইন্দ্রাদি দেবভার পক্ষে তাহা অসম্ভব হইবে কেন? বিভিন্ন কায়ব্যহ, দেবভারা ইচ্ছামত গ্রহণ করিভে পারেন। স্থতরাং বিগ্রহবান্ হইলেও এক সময়ে বিভিন্ন স্থানে উপস্থিতি অসম্ভব নহে।

সোভরি: ঋষিও একজন শরীরধারী ছিলেন। তিনি পঞ্চাশ জন মান্ধাতৃকতা বিবাহ করিয়া যোগপ্রভাবে পঞ্চাশ পৃথক পৃথক শরীর ধারণ করিয়া তাঁহাদিপের সহিত বিহার করিয়াছিলেন।

একস্তপস্বাহমথান্তদি মংস্থাসঙ্গাৎ, পঞ্চাশদাসমূত পঞ্চমহস্ৰদৰ্গঃ।

ভাগ: ৯৷৬৷৪৬

আমি প্রথমে একাকী জলে তপস্থা করিতেছিলাম। পরে মংস্থানঙ্গ হেডু নার পরিগ্রহ করিয়া পঞ্চাশ হইলাম। ক্রমে আমার পঞ্চাশ জন স্ত্রীর প্রত্যেকের গর্ভে একশত সন্তান উৎপাদন করিয়া সম্প্রতি আমি পঞ্চ সহস্র হইয়াছি। ভাগঃ ১৮৮৪৬

যোগী মানবের পক্ষে যথন ইহা সন্তব, তথন দেবতাগণের পক্ষে অসম্ভব কেন ? অভএব, কর্মে বিরোধ হয় না, সিদ্ধ হইল। সংশয়:—আচ্ছা, স্বীকার যেন করিলাম যে, কর্ম্মে বিরোধ হয় না, কিন্তু বেদ শব্দে ত বিরোধ হইতে পারে। কেননা, দেবতাগণ যদি শরীরী হন, তবে শরীরের ত নাশ আছে, অতএব ইক্রের উৎপত্তির পূর্ব্বে ও বিনাশের পরে তদ্বাচক বৈদিক শব্দ যে অর্থশ্ন্য ছিল, ইহা বলিতে হইবে। তাহা হইলে, বৈদিক শব্দের অনিত্যতা আসিয়া পড়ে। তাহা তোমরা সিদ্ধান্তবাদিগণ স্বীকার কর কি? ইহার উত্তরে স্ত্রকার স্ত্র করিলেন। স্ত্রের প্রথমাংশে আপত্তির উল্লেখ করিয়া শেষাংশে সমাধান করিয়াছেন:—

সূত্র :—১৷৩৷২৮

শব্দ ইতি চেৎ, নাতঃ প্রভবাৎ প্রত্যক্ষারুমানাভ্যাম্। ১৮০।২৮ শব্দে + ইতি + চেৎ + ন + অতঃ + প্রভবাৎ + প্রত্যক্ষ + অনুমানাভ্যাম্।

শব্দ :—বৈদিক শব্দে বিরোধ। ইভি:—ইহা। চেৎ:—यদি বল।

ন:—না, বিরোধ নাই। অভ::—ইহা হইতে, বৈদিক শব্দ হইতে।

প্রভিষাৎ:—উৎপত্তি হেতু। প্রভ্যক্ষ:—শ্রুতি প্রমাণ হেতু। অকুমানাভ্যাং:

শ্বৃতিপ্রমাণ হেতু।

প্রলয়ে প্রপঞ্চ বিশ্ব দেবাদির সহিত ভগবানে লীন হইলে এবং সৃষ্টিকর্তা ব্রহ্মাও তাঁহাতে লীন হইলে, ভগবানই "হুপ্তশক্তি" কিন্তু "অহ্নপ্তদৃক্" (ভাগবত ৩।৫।২৪) বর্তমান থাকেন। তারপর আবার যথন কালক্রমে ত্রিগুণময়ী মায়ার গুণক্ষোভ সংঘটিত হইলে তাঁহার নাভিক্মল হইতে ব্রহ্মার উৎপত্তি হয়, ব্রহ্মার হৃদয়ে সৃষ্টি-বিষয়া স্মৃতি বিস্তার করিবার জন্ম, শ্রীভগবান্ই ব্রহ্মার বদন হইতে বেদরপে আবিভূতি হন। ব্রহ্মা দেই বেদমন্ত্র কর্তৃক উদ্বোধিত ও প্রেরিড হইয়া, দেব, মহুন্থা, ঋষি প্রভৃতি ও প্রপঞ্চ জগৎ সৃষ্টি করেন। শ্রুতিতেও ইহা কথিত আছে:—

"সূর্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্বব্যকর্ম্মণ ।" ঋথেদ ৮।৮।৪৮

১।১।২ স্ত্রের আলোচনার ইহার দরলার্থ দেওরা হইয়াছে। অভএব প্রভিপাদিত হইল যে পুনঃস্ষ্টিতে ইন্দ্রাদি বাচক বৈদিক শব্দ যে অর্থে প্রযোজ্য হয়, প্রলয়ের পূর্বের উহারা দেই অর্থে প্রযোজ্য হইত।

প্রচোদিতা যেন পুরা সরস্বতী বিতন্বতোহজস্ম সতীং স্মৃতিং হাদি। স্বলক্ষণা প্রাত্তরভূৎ কিলাস্মতঃ স মে ঋষীণামূষভঃ প্রসীদতাং॥ কল্পের আদিতে ব্রহ্মার হৃদয়ে স্ষ্টি-বিষয়া শ্বতি বিস্তার করিতে, থাহা কর্ত্ত্ব প্রেরিতা বেদরূপা দরস্বতী, ব্রহ্মার বদুন হইতে প্রাত্ত্ব্ ত হইয়াছিলেন, জ্ঞানপ্রদাতৃগণের শ্রেষ্ঠ দেই ভগবান্ প্রসন্ন হউন। ভাগঃ ২।৪।২১

পরমেশরই যে বেদরূপে আবিভূতি হয়েন, তাহা ১।১।৩ স্ত্রের আলোচনায় উদ্ধৃত ১১।১২।১৫ শ্লোকে ও তৎসংক্রান্ত আলোচনায় প্রতিপাদিত হইয়াছে। প্রপঞ্চ বিশ্ব যে প্রলয়ে স্ক্র বীজভাবে পরমাত্মায় লীন থাকে, তাহা ১।১।২ স্ত্রের আলোচনায় প্রতিপাদিত হইয়াছে। অতএব দেবতা ও ভূতগণ স্ক্রেরপে বিগুমান থাকে, ইহাই সিদ্ধান্ত। স্বতরাং বৈদিক শব্দে বিরোধ হইবে বিলয়া যে সংশয় উত্থাপিত হইয়াছিল, তাহার নিরসন হইল। বিষ্ণুপুরাণেও উক্ত আছে যে বেদ শব্দ সকল হইতে দেবাদি, ভূতসকল, নামরূপ সম্দায়, কৃত্য সকলই স্কুট হয়। (বিষ্ণুপুরাণ ১।৫।৬২)

নামরূপঞ্চ ভূতানাং কৃত্যানাঞ্চ প্রপঞ্চনম্। বেদ শব্দেভ্য এবাদৌ দেবাদীনাং চকার সঃ।। (বিষ্ণুপুরাণ ১।৫।৬২)

পূর্বে ১।১।২ সূত্রে ব্রহ্ম হহতেই জগতের উৎপত্তি বলা হইয়াছে, এখানে শব্দ বা বেদ হইতে জগৎ উৎপত্তি বলা হইল। ইহাতে বিরোধ হইল না কি ? ইহার উত্তর এই যে, বিরোধ নাই। কেননা, ব্রহ্মই বেদ বা শব্দব্রহ্মরূপে আবিভূতি হইয়া, স্প্টিকর্তারূপ কর্মচারীর দারা, নিজে তাঁহার অন্তর্য্যামীরূপে অবস্থান করিয়া, জগৎ স্কলন করেন। রাজকর্মচারীর কার্য্য যেমন রাজার কার্য্য, সেইরূপ স্প্টিকর্তার কার্য্য, পরব্রহ্মেরই কার্য্য। বিশেষতঃ স্প্টিকর্তা পরব্রহ্মের দারা উপদিষ্ট, শিক্ষিত ও পরিচালিত হইয়া পরব্রহ্ম কর্তৃক স্প্ট তত্ত্বসকলকে প্রয়োজনমত অল্লাধিক পরিমাণে সন্নিবেশমাত্র করিয়া প্রপঞ্চ স্থাষ্ট করেন। স্থতরাং উভয়ের মধ্যে কোনও বিরোধ নাই।

য এক ঈশো নিজ মায়য়া নঃ সদর্জ যেনাসুস্জাম বিশ্বম্।

বয়ং ন যস্তাপি পুরঃ সমীহতঃ পশ্চাম লিঙ্গং পৃথগীশমানিনঃ ॥
ভাগঃ ডা৯।২৩

তিনিই এক ঈশ্বর, নিজ মায়া দ্বারা আমাদিগকে স্ট করিয়াছেন, তাঁহারই অন্তগ্রহে আমরা বিশ্বস্তি করিতোছ। যদিও তিনি আমাদিগের ও অক্তান্ত সকলের অন্তর্থ্যামীরূপে নিয়ন্ত, ত্ব করিতেছেন, তথাপি আমরা পরম্পরে পৃথক্ পূথক্ ঈশ্বর, এই অভিমানে অভিমানী হইয়া, তাঁহার অস্তিত্বের কোনও চিহ্ন দর্শন করিতে পারি না। ভাগঃ ৬।১।২৩

আরও মনে রাখিতে হইবে যে, বিশ্ব প্রপঞ্চ পূর্ব্ধ-স্থাইতে যাহা ছিল, বর্ত্তমানে দেইরূপই, এবং ভবিশ্বতেও পৃথক হইবে না। দেবতাগণও দেরূপ, পূর্ব্বে যেমন ছিলেন, এখনও দেইরূপ, এবং ভবিশ্বতে তাহাই থাকিবেন।

যেন স্বরোচিষা বিশ্বং রোচিতং রোচয়াম্যহম্। যথাকোই গ্রির্ঘথা সোমো যথক্ষু গ্রহতারকাঃ।। ভাগঃ ২।৫।১১

ব্রহ্মা বলিতেছেন: — স্বপ্রকাশ সেই পরমেশ্বরের প্রকাশিত বিশ্বকেই আমি অভিব্যক্ত করি মাত্র। স্থা, অগ্নি, চন্দ্র, গ্রহ, নক্ষত্রাদি দৃষ্ঠতঃ জ্যোতিয়ান্গণ, চৈতক্ত প্রকাশ বস্তু, স্বয়স্প্রকাশ পরব্রহ্মের ভর্গ ই সকলকে প্রকাশ করিয়া থাকেন। ভাগঃ ২।৫।১১

অতএব প্রতিপাদিত হইল যে, পূর্ব্বপক্ষের আপত্তির কোনও ভিত্তি নাই। যে বিরোধের আশহা করা হইয়াছিল, সে বিরোধের অস্তিত্ব নাই। ক্ষেত্র — ভাল, বেদ শব্দ না হয় নিজ্য হইল, তবে বেদোক্ত মন্ত্র সমুদারের বিধ্যা কতকগুলি বশিষ্ঠ, কতকগুলি বিশ্বামিত্র প্রভৃতি ঝবিগণ কর্ত্তক কত বলিয়া দৃষ্ট হয় কেন ? ঝবিরা ত আর নিজ্য নহেন, যদি তাঁহারা নিজ্য না হন, তবে তাঁহাদের ক্বত মন্ত্রগুলি বা নিজ্য হইবে কেন ? ইহার উত্তরে স্ত্র:—

সূত্র :-- ১৷ গ্রহ

অতএৰ চ নিত্যন্থন ।। ১।এ২৯ অতঃ + এব + চ + নিতাত্বন্।

অতঃ:—এই হেতু। এবঃ—নিশ্চয়। চ:—ও। নিভ্যন্তম্:— নিভাত্ব।

প্রলয়ান্তে সৃষ্টিকর্ত্তা বেদ শব্দ হইতে মন্ত্রকং ঋষি, দেবতা ইক্স প্রভৃতি বাক্শব্দ হইতে ভত্তদাকৃতি ও ভত্তংশক্তি সম্পন্ন ঋষি ও দেবতাসকল উৎপন্ন করেন। ব্যক্তিগত তাঁহাদের পার্থক্য থাকিতে পারে। অর্থাৎ, এ কল্পে যে জ্বীব ইক্স আছেন, তিনিই যে ভবিশ্বকল্পে ইক্স হইবেন, তাহা নহে। তবে বর্ত্তমান ইক্স আকৃতিবিশিষ্ট এবং বর্ত্তমান ইক্সের ক্যায় শক্তিবিশিষ্ট, ও বসন ভূষণ পরিকরাদি সম্পন্ন একজন ইক্স হইবেন। মন্ত্রকৃৎ ঋষির সম্বন্ধেও তাই। অতএব এ কল্পে যে সকল বৈদিক মন্ত্র আছে, এবং উহারা যে যে ঋষি কর্ত্বক কৃত, ভবিশ্বকল্পে সেই সেই নেই সেই আকারবিশিষ্ট সেই সেই নামীয় ও সেই সেই শক্তি সম্পন্ন ঋষি কর্ত্বক কৃত হইবে। এজন্য নিত্যত্বের হানি হয় না। যেমন বিদ্বাজা' ভবিশ্বতে ইক্স হইবেন বলিয়া ভগবানই বলিয়াছেন।

এষ মে প্রাপিতঃ স্থানং তৃষ্প্রাপমমবৈরপি।

সাবর্ণেরস্তরস্তায়ং ভবিতেন্ত্রো মদাশ্রয়ঃ। ভাগঃ ৮।২২।৩০
চতুর্গান্তে কালেন গ্রস্তান্ শ্রুতিগণান্ যথা।
তপসা ঝঘয়োহপশ্যন্ যতো ধর্ম্মঃ সনাতনঃ। ভাগঃ ৮।১৪।৪
জ্ঞানঞ্চানুষ্গং ক্রেতে হরিঃ সিদ্ধস্বরূপধৃক্।
ঝিষিরূপধরঃ কর্ম্যোগং যোগেশরূপধৃক্।। ভাগঃ ৮।১৪।৭

এই বলির আমিই আশ্রয়। আমি ইহাকে অমরদিগেরও তৃত্থাপ্য পদ দিয়াছি, ইনি সাবর্ণি মন্বন্তরে ইক্র হইবেন। ভাগঃ ৮।২২।৩০ চতুর্পান্তে শ্রুতিগণ কালগ্রন্ত হইয়াছিল। ঋষিগণ স্ব স্থ তপোযোগে সে সকল দর্শন করেন, সেই সকল শ্রুতি হইতেই সনাতন ধর্ম পুনরায় প্রকটিভ হয়। ভাগঃ ৮।১৪।৪

প্রতি যুগে ভগবান হরি সনকাদি সিদ্ধরূপ ধারণ করিয়া জ্ঞানোপদেশ, যাজ্ঞবন্ধাদি ঋষিরূপ ধারণ করিয়া কর্মোপদেশ, এবং দন্তাত্রেয়াদি, যোগেশরূপ ধারণ করিয়া, যোগোপদেশ করেন। ভাগঃ ৮।১৪।৭

স্থভরাং ভগবানই যখন ঋষি, সিদ্ধ, যোগেশ্বরাদি, রূপ ধারণ করিয়া উপদেশ প্রদান করেন, ভখন উক্ত উপদেশ সমুদায়ের নিভ্যত্বের প্রতি সন্দেহ করিবার অবসর কোথায়? ভগবান যখন নিভ্য, ভাঁহার উপদেশ সকলও নিভ্য, সেই উপদেশ সকলই বেদে মন্ত্রবদ্ধ, অভএব মন্ত্রসকলও নিভ্য। সংশ্র : — দেবভাগণেরও প্রপঞ্চের নামরূপ যে সমানই থাকে, ভাহার প্রমাণ কি? প্রাকৃতিক প্রলয়ে ত ব্ন্ধাও লয়প্রাপ্ত হয়। ইহার উত্তরে ত্ত্ত :—

সূত্র :-- ১।৩।৩০

সমান নামরূপকাচ্চাবৃত্তাবপ্যবিরোধো দর্শনাং শ্মতে ।।

১।৩।৩०

সমান নামরূপতাৎ + চ + আরুত্তৌ + অপি + অবিরোধঃ + দর্শনাৎ + শ্বতে: + চ।

সমান নামরপদ্ধাৎ:—আরুতি ও নাম সমান হওয়য়। চঃ—ও।
আবৃত্তোঃ—পুনঃ পুনঃ আগমনে। অপিঃ—ও। অবিরোজঃঃ—
বিরোধাভাব। দর্শনাৎ:—শ্রুতি দর্শন হেতু। শ্বুতেঃঃ—শ্বৃতি শাস্ত্র হেতু।
চঃ—ও।

প্রাকৃতিক প্রলয়ে যখন চতুর্মৃথ ব্রহ্মাও বিলীন হইয়া যান, তার পরে স্পষ্টিতেও পূর্বে কল্পের অমুরূপ নাম ও রূপের স্পষ্ট হইয়া থাকে। স্থভরাং ভাহাতেও কোনও বিরোধ নাই। শ্রুতি ও শ্বৃতি উভয়েই ইহা প্রমাণ করে।

প্রাকৃতিক প্রলয়ে না হয় ব্রহ্মাই লয় হইলেন, তিনি কর্মচারী মাত্র বৈ জ নন। একজন কর্মচারীর অভাব হইলে তাঁহার সমান আর একজন কর্মচারী পাওয়া তৃত্ব নহে। ধরণীপতি রাজার কোনও প্রদেশবিশেষের শাসনকর্তার অভাব হইলে, পূর্বে শাসনকর্তার সমান শক্তিবিশিষ্ট ও সমান বসন-ভ্ষণ পরিচ্ছদধারী আর একজন শাসনকর্তা নিযুক্ত হইয়া রাজকার্য্য নির্ব্বাহ করিয়া থাকেন। লোকিক জগতে নাম, বসন, ভ্ষণ, পরিকর, শক্তি সম্দার সমান হইলেও, আকারের পার্থক্য থাকা সম্ভব হয়, কিন্তু সভাসংকর বিশপতির সংকল্পাহসারে সমান আকৃতিবিশিষ্ট কর্মচারীর অভাব হয় না। শ্রুভিডে ইহা প্রাষ্ট্র আছে, "ম্থাপূর্ব্বমক্তর্ম্বর"। (ঋর্মেদ দাদারচ্চ)

যথেদানীং তথাচাথ্রে পশ্চাদপোতদীদৃশম্। ভাগঃ ৩।১০।১৩ স এষ আতঃ পুরুষঃ কল্পে ক্ষেত্রজঃ। আত্মাত্মতাত্মনাত্মানং স সংযক্ততি পাতি চ।। ভাগঃ ২।৬।৩৭

প্রপঞ্চ বিশ্ব এখন যে প্রকার, প্রশরের পূর্বের সেই প্রকারই ছিল এক: প্রশরের পরে পুনঃ স্টিভেও সেই প্রকারই হইবে। ভাগঃ ৬।১০।১৬ সেই আত পুরুষ ভগবান জন্মহীন হইয়াও কল্পে কল্পে আপনি, আপনাডে, আপনার দ্বারা, আপনাকে স্জন, পালন ও সংহার করেন। ভাগঃ ২।৬।৩৭

বিশ্বমাত্মগতং ব্যঞ্জন্ কৃটস্থো জগদস্কুরঃ। ভাগঃ ৩২৬।১৯ ১।১।২ স্বত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

দেব, ঋষি, মানব, যক্ষ, রক্ষঃ, ভৃত্তগণ সকলই, এমন কি, ভৃত, বর্ত্তমান এক ভবিশ্রং, এই সকলই পুরুষ—পরম পুরুষ। অতএব, প্রাকৃতিক লয় হইলেও, পরম পুরুষের পক্ষে, তাহাদের পুনরায় পূর্ব্ব পূর্ব্ব আকারে প্রকটিত করা বড়ই স্থকর।

অহং ভবান্ ভবশ্চৈব ত ইমে মুনয়োহগ্রাক্সাঃ।

স্থবাস্থবনরানাগাঃ খগা মৃগাসরীস্থপাঃ॥ ভাগঃ ২।৬।১৩
গন্ধব্বাপ্সরসো যক্ষা রক্ষো ভূতগণোরগাঃ।
পশবঃ পিতরঃ দিদ্ধা বিভাগ্রাশ্চারণা ক্রমাঃ।। ভাগঃ ২।৬।১৪
অভ্যে চ বিবিধা জীবা জল-স্থল-নভৌকসঃ।
গ্রহক্ষ কেতবস্তারাস্তিভিতন্তনয়িত্বরঃ।। ভাগঃ ২।৬।১৫
সর্ববং পুরুষং এবেদং ভূতং ভব্যং ভবচ্চ যৎ। ভাগঃ ২।৬।১৬

১।১<mark>।৪ স্ত্রের আলো</mark>চনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

আমরা পূর্বে ১) । হত্ত্বের আলোচনায় যে সিদ্ধান্তে উপনীত হইয়াছি, ভাহা হইতে স্থলর ধারণা হইবে, যাহা প্রলয়ে স্থলভাবে বর্ত্তমান ছিল, তাহা স্থল প্রপঞ্চে অবতরণ করিলেই, স্থামেরই অনুরূপ আকৃতি প্রকৃতি হইবে, ইহাতে সন্দেহ নাই। অতএব, সমান নামরূপ হইতে কোনও বিরোধ উপলব্ধি হয় না।

বায়স্কোপের ফিল্ম্ প্রস্তুতের জন্য পরিদৃশ্যমান প্রপঞ্চ হইতে আলোকচিত্র গ্রহণ করা হয়। ঐ আলোকচিত্র গ্রহ স্ক্র যে, উহার রেখা ও বর্ণবিন্তাস স্থুল চক্ষের গোচর হয়না। কিন্তু আলোক ও যন্ত্র সাহায্যে উহাকে বৃহৎ ও জীবন্তভাবে কার্যাশীল দেখিলে দর্শকের বিস্ময় ও আনন্দের সীমা থাকে না। সেইরূপ বর্ত্তমান প্রপঞ্চ জগৎই ইহার প্রলয়ে স্ক্র্মরূপে পরমাত্মায় অপরিদৃশ্যমান ভাবে থাকিবে। আবার যখন স্পৃষ্ট হইবে, তখন এই প্রপঞ্চই ভবিন্তু জগৎরূপে প্রকটিত হইবে। স্বতরাং নাম ও রূপের পরিবর্ত্তন হইবে কেন? বায়স্কোপে দৃশ্য ছবি ত, প্রপঞ্চের যে দৃশ্য হইতে আলোকচিত্র গ্রহণ করা হইয়াছিল, তাহারই প্রতিকৃতি, ঐরূপ ভবিন্তুৎ জগৎ বর্ত্তমান জগতের প্রতিকৃতি মাত্র। স্বত্রাং নামরূপ সমান থাকিবার বিক্তন্ধে ত কোন হেতু নাই।

৮। মধ্বধিকরণ।।

ভিত্তি :--

"অসৌ বা আদিত্যো দেবমধূ"। (ছান্দোগ্যঃ ৩।১।১)
"তদ্ যৎ প্রথমমমৃতং তদ্বসব উপদ্ধীবন্তি"। (ছাঃ ৩।৬।১)
"স য এতদেমমৃতং বেদ, বস্থনামেবৈক ভূষা অগ্নিনৈব
মুখেনৈতদেবামৃতং দৃষ্ট্বা ভূপাতি।" (ছাঃ ৩।৬।৩)

"এই আদিতাই দেব মধু" এইরূপ আরম্ভ করিয়া, "দেখানে যাহা প্রথম অমৃত, তাহা বস্থবর্গ উপভোগ করেন," এইরূপ বলিয়া, "যে লোক এই রূপে এই অমৃতকে জানে, দে বস্থগণের মধ্যে একজন হইয়া, অগ্নিরূপ মৃথ দারা এই অমৃতদর্শন করিয়া তৃথিলাভ করেন।

পূর্বাপক স্থতা:---

সূত্র ঃ—১।৩।৩১

মধ্বাদিম্বসম্ভবাদনধিকারং জৈমিনিঃ ।। ১।৩।৩১ মধু + আদিমু + অসম্ভবাৎ + অনধিকারং + জৈমিনিঃ।

মধ্বাদিষু: — মধ্বিতা প্রভৃতিতে। অসম্ভবাৎ: — অসম্ভব বলিয়া। অন্ধিকারং: — অধিকারের অভাব। কৈমিনিঃ: — জৈমিনি আচার্য্য মনে করেন।

পূর্বে সিদ্ধান্ত হইয়াছে যে, ব্রন্ধবিত্যায় দেবতাগণের অধিকার আছে। এখন সংশয় এই হইতে পারে যে, মধুবিত্যা প্রভৃতি যে সকল বিত্যায় দেবতাগণ উপাশ্ত, সে সকল বিত্যায় সে সকল দেবতার অধিকার থাকা অসম্ভব। মধুবিদ্যা উপাসনার উপাশ্ত আদিত্য ও বহু প্রভৃতি দেবতা, এবং উহার ফল, বহু আদি দেবতার ভাবপ্রাপ্তি। হুতরাং আদিত্য ও বহু প্রভৃতি দেবতার, সে সকল বিত্যায় অধিকার নাই। কারণ, নিজে নিজেকে উপাসনা অসম্ভব এবং বহু প্রভৃতি উপাসনার ফলে আর বহুত্বাদি লাভ সম্ভব হয় না। অতএব আচার্য্য জৈমিনি মনে করেন যে, এ সকল বিত্যায় দেবতাগণের অধিকার নাই।

ভিন্তি:--

"তং দেবাঃ জ্যোতিষাং জ্যোতিরায়ুর্হোপাসতে মৃতম্।"

(বৃহদারণ্যক ৪।৪।১৬)

দেবগণ জ্যোতিঃর জ্যোতিঃ সেই ব্রন্ধকে সায়ুও অমৃত বলিয়া উপাসনা করেন। (বৃহদা: ৪।৪।১৬)

পূর্ববপক্ষের পোষক স্ত্র:--

সূত্র :-- ১। ০। ৩২

জ্যোতিষি ভাবাচ্চ।। ১।৩।৩২ জ্যোতিষি + ভাবাৎ + চ।

জ্যোতিষি:—জ্যোতিঃ শন্দোক্ত পরব্রন্ধে। **ভাবাৎ:—**উপাসনার সম্ভাব হেতৃ। **চ:—**ও।

সাধারণ নিয়মান্থসারে দেবতা ও মন্ত্যের ব্রন্ধবিতায় তুলা অধিকার পাকিলেও, দেবতাগণের সম্বন্ধে বিশেষ ভাবে, জ্যোতিঃর জ্যোতিঃ ব্রন্ধকে উপাসনা করিবার উপদেশ থাকায়, উহাই বস্থ প্রভৃতি দেবতার মধুবিতা প্রভৃতিতে অনধিকার জ্ঞাপন করিতেছে।

এবং সকুদ্দদর্শাল্কঃ পরব্রহ্মাত্মনোহখিলান্
যক্ত ভাসা সর্ববিদং বিভাতি সচরাচরম্ । ভাগঃ ১০।১৩।৫৫
যদচ্চিতং ব্রহ্মভবাদিভিঃ সুকৈঃ
শ্রিয়া চ দেবা। মুনিভিঃ সসাত্মতিঃ । ভাগঃ ১০।০৮।৮
যব্রেদং ব্যঙ্গাতে বিশ্বং বিশ্বস্মিরতভাতি যৎ ।
তত্ত্বং ব্রহ্মপরং জ্যোতিরাকাশমিব বিস্তৃতম্ ॥ ভাগঃ ৪।২৪।৫৭
রূপং যত্তৎ প্রাহুরব্যক্তমাত্যং
ব্রহ্ম জ্যোতির্নিগুনং নির্বিব্যারম্ ।
সত্তামাত্রং নির্বিব্যাহ্ম নিরীহং
স ত্বং সাক্ষাদ্বিফুরধ্যাত্মদীপঃ ॥ ভাগঃ ১০।৩।২৫

এই প্রকারে ব্রহ্মা সেই অথিল সম্দায়কে পরব্রহারপ দর্শন করিলেন, যাঁহার দীপ্তি শ্বারা সম্দায় চরাচর বিশ্ব প্রকাশমান হইয়া পাকে। ভাগঃ ১০।১৩।৫০ হে ভগবন্! ভোমার পরমতত্ব অতি আন্চর্যা। ঐ তত্ত্বে এই প্রত্যক্ষ পরিদৃশ্যমান বিশ্ব প্রকাশ পায়, আবার এই প্রত্যক্ষ বিশ্বে ভোমার পরভত্ব প্রকাশিত হয়। অতএব সেই তত্ত্বই পরম, ব্রহ্ম, পরম জ্যোতিঃশ্বরূপ, এবং-আকাশের ন্যায় ব্যাপক। ভাগঃ ৪।২৪।৫৭

দেবকী বলিতেছেন:—হে ভগবন্! বেদ সকল কার্যাব্রহ্ম বলিয়া ভোমার যে রূপের বর্ণনা করেন, তাহা স্বরূপতঃ অব্যক্ত, আছা বা মূল কারণ, নিরীহ (তোমার সন্নিধি মাত্রে কারণ), নির্কিশেষ, সন্তামাত্র, নির্ক্তিকার, নির্ন্ত্রণ বৃহৎ ও জ্যোতিঃ স্বরূপ। তুমিই সেই সর্কাব্যাপী সাক্ষাৎ বিষ্ণু এবং অধ্যাত্মদীপ, অর্থাৎ বৃদ্ধ্যাদি করণ সমৃহের প্রকাশক। ভাগঃ ১০।৩।২১

পর ব্রহ্মকে "জ্যোতিঃ", "পরং জ্যোতিঃ", "জ্যোতিষাং জ্যোতিঃ", বলা হইয়া থাকে। কিন্তু দেবতাগণের সম্বন্ধে তাঁহাকে জ্যোতিঃ রূপে উপাসনার বিশেষ উপদেশ থাকায়, দেবতাগণের অন্ত বিভায় অধিকার নাই, ইহ স্টতি হয়। ইহাই পূর্ব্বপক্ষ জৈমিনি আচার্য্যের যুক্তি।

ভিভি:--

"অৰ তত উদ্ধি উদেত্য----। ছান্দোগাঃ ৩।১১।১

অনস্তর তাহারও উদ্ধে উথিত হইয়া-----(ছা: ৩১১।১)

"ন হ বা অস্মা উদেতি ন নিমোচতি, সকুদ্দিবা হৈবাস্থৈ ভবতি, য এতামেবং ব্রক্ষোপনিষদং বেদ।" ছান্দোগ্যঃ ৩।১১।৩

যে ব্যক্তি এই প্রকার এই ব্রহ্মোপনিষৎ জানে, তাহার সম্বন্ধে সূর্য্য আর উদিত হয় না, অন্তমিতও হয় না, একবারই ইহার দিবা (চিরপ্রকাশ) হয়। ছা: ৩১১।৩

সিদ্ধান্ত সূত্ৰ:--

ভাবন্ত বাদরায়ণোহস্তি হি।৷ ১।এ৩৩ ভাবং + তু + বাদরায়ণ: + অস্তি + হি।

ভাবং:—অধিকার সম্ভাব। তু:—কিন্ত। বাদরায়ণঃঃ—শ্ত্রকার বাদরায়ণ আচার্য। অস্তি:—আছে। হিঃ—নিশ্চয়।

বাদরায়ণ আচার্যাের সিদ্ধান্ত এই যে, বস্থ প্রভৃতি দেবতাগণেরও মধুবিজ্যা প্রভৃতিতে অধিকার আছে। কেননা, মধুবিজ্যাতে, বস্থ, কন্দ্র, আদিও। মকৎ ও সাধ্য দেবগণের উপাসনা উপদিষ্ট হইয়াছে। ইহারা কার্য্যাবস্থাপন্ন প্রফাই, এজন্ম উপাস্তা। "অনস্তর তাহারও উদ্ধে উথিত হইয়া উক্ত মধুবিজ্যা প্রকরণে এই বাক্যে উক্ত দেবতাগণের অন্তরে অবস্থিত তাহাদের অন্তর্যামী প্রমাত্মার—কারণাবস্থ ব্রন্দের—উপাসনা উপদিষ্ট হইয়াছে। এবং তাহাতে প্রব্রন্দের উপাসনার জন্ম পুক্ষার্থলাভ বা পরকল্লে বস্থ প্রভৃতি দেবতার পদ লাভ হইতে পারে। অভএব উক্ত দেবতাগণের উক্ত বিজ্যায় অধিকার আছে, ইহা দিন্ধ হইল।

যং ব্রহ্মা বরুণেন্দ্ররুদ্রমকৃত গুরুন্তি দিবৈরঃ স্থাবির বেদৈঃ সাঙ্গপদক্রমোপনিষদৈর্গায়ন্তি যং সামগাঃ॥ ধ্যানোবস্থিত-তদ্গতেন মনসা পশুন্তি যং যোগিনো যস্তান্তং ন বিছঃ স্থরাস্থরগণা দেবার তব্যৈ নমঃ॥ ভাগঃ ১২।১৩।১ কো নু রাজন্নিন্দ্রিয়বান্ মুকুন্দচরণাসূজ্ম। ন ভচ্চেৎ সর্ববতো মৃত্যুক্রপাস্তমমরোজ্মৈঃ॥ ভাগঃ ১১।২।২ ব্রহ্মা, বরুণ, ইক্র, মরুৎ, রুদ্র প্রভৃতি দেবতারা যাঁহার স্তব করেন, ও সামবেদীরা অঙ্গ, পদ, ক্রম ও উপনিষদের সহিত বেদ দ্বারা যাঁহার শ্বরূপ গান করেন, যোগিরা ধ্যানাবস্থায় তদ্গত চিত্ত হুইয়া যাঁহাকে হৃদয়ে দর্শন করেন, আর স্থরাস্থরগণ যাঁহার অন্ত পান না, দেই দেবতাকে প্রণাম করি। ভাগঃ ১২।১৩।১

হে রাজন্! মুকুলচরণ ব্রন্ধা শিব প্রভৃতি অমরোভ্যদিণেরও উপাস্থ। স্বতরাং ইন্দ্রিয়বান্ ব্যক্তি এমন কে আছে, যে আপনার চতুর্দ্দিকে মৃত্যু অবস্থিত দেখিয়াও মুকুলচরণ ভজন না করিবে? ভাগঃ ১১।২।২

অতএব দিদ্ধান্ত হইল যে মধুবিভাদিও, ব্রেদ্ধোপাসনার প্রকারভেদ মাত্র বলিয়া, আদিতা বস্থ প্রভৃতি সম্দায় দেবতাগণের উক্ত বিভাদি উপাসনার অধিকার আছে, কেননা উক্ত উপাসনা—ব্রেদ্ধোপাসনাই।

১। অপশুজাধিকরণ[।]।

ভিত্তি:--

"আজহারেমাঃ শৃত্র অনেনৈব মুখেনালাপরিয়গ্রথাঃ"।

(ছান্দোগ্যঃ ৪।২।৫)

হে শূদ্র, এই সমস্ত (কন্সা ও গো) আমার জন্স আনয়ন করিয়াছ এই রূপ উপায়েই আমাকে আলাপ করাইতেছ। (ছা: ৪।২।৫)

সংশার:—মহায় ও দেবতাগণের ব্রহ্মবিগার অধিকার আছে, সিদ্ধান্ত করিলে; তাহা হইলে শৃদ্রেরও বেদে অধিকার আছে, বোধ হয়। কারণ, ছান্দোগ্য শুভির ৪।২।৫ ময়ে জানশ্রুতির উদ্দেশ্যে রৈক "শৃদ্র" বলিয়া সংখাধন করিলেন, এবং জানশ্রুতি ব্রহ্মবিগ্যাপ্রার্থী হইয়া রৈক সমীপে গিয়াছিলেন, স্থতরাং তাঁহার অধিকার না থাকিবার কারণ কি? বিশেষতঃ, ইতিহাস পুরাণাদিতে ব্রহ্মবিগার উপদেশ আছে, এবং শৃদ্রণণ ব্রাহ্মণকে সমুথে রাথিয়া সে উপদেশ গ্রহণ করিতে পারে। এবং অনেক "শৃদ্রের" ব্রহ্মবিগ্যালাভের চেষ্টা, আগ্রহ ও সামর্থ্য আছে, ইহা অস্বীকার করিবার উপায় নাই, অতএব শৃদ্রের বেদে অধিকার কেন না থাকিবে? এই সংশয় সমাধানের জন্ত স্ত্রের অবতারণা:—

সূত্র :—১।৩।৩৪

শুগস্থা তদনাদরশ্রবণাৎ তদাদ্রবণাৎ স্কাতে হি।। ১।০।০৪
শুক্ + অস্থা + তৎ + অনাদরশ্রবণাৎ + তদা + আদ্রবণাৎ + স্কাতে +
হি।

শুক্ :—শোক, ছঃখ। অস্ত ঃ—ইহার, জানশ্রুতির। ত্ত্র :—
তাহাদিগের, হংসদিগের আনাদরশ্রেবণাৎ ঃ—অবজ্ঞা শ্রবণ হেতু। তদা :—
তথন। আদ্রবণাৎ :— দ্রবীভূত হওয়ায়। অথবা, তদাদ্রবণাৎ :—
সেই শোক কর্তৃক অনুধাবিত হওয়ায়। স্বচ্যুতে ঃ—স্টিত হইতেছে। হি :—
নিশ্চয়ই।

একদিন রাত্রিকালে জানশ্রতি শয়ন করিয়াছিলেন, এমন সময় কয়েকটি হংস আকাশপথে উড়িয়া যাইতে যাইতে তাঁহাকে উল্লেখন করিয়া যাইবার সন্ভাবনা হওয়ায়, পশ্চাদ্বর্ত্তী একটি হংস পুরোবর্ত্তীটিকে সম্বোধন করিয়া বলিল, ওহে, দেখিও, যেন উল্লেখন করিয়া যাইও না, পাছে তোমার সম্পায় স্ফৃতি নন্ট হইয়া যায়। ইহা তানিয়া পুরোবর্ত্তী হংসটি উত্তর দিল, ইহাকে কি রৈজ মনে করিতেছ যে, উল্লেখনের জন্ম এত আশকা করিতেছ, এ রৈজ নহে। হংসের এই প্রকার অবজ্ঞাস্চক বাক্য শুনিয়া, জানশ্রুতি অভিশয় শোকাবিট্ট হইলেন, এবং অতি হৃংথে রাত্রি যাপন করিয়া পরদিন প্রাভঃকালেই রৈক্ষের অসুসন্ধানে লোক প্রেরণ করিলেন। অসুসন্ধান পাইবামাত্রই কন্তা, গো, হিরণ্য প্রভৃত্তি উপহার লইয়া তাঁহার সমীপে উপস্থিত হইলেন। তাহাতে রৈক্ক বিরক্ত হইয়া বলিলেন, হাঁরে শুন্র, এই সম্পায় উপহারের ঘারা আমার সহিত আলাপ করিবার ইচ্ছা করিয়াছ। অতএব শ্রুতিতে জানশ্রুতিকে শুন্ত বলিয়া আখ্যায়িত করা হইয়াছে। এবং তৎপরে রৈক্ক তাঁহাকে বন্ধবিত্তা দিয়াছিলেন। স্বতরাং, শুন্তের বন্ধবিত্তার অধিকার আছে। স্বত্রকার বলিলেন যে, শুন্ত শব্দ শব্দ বিদ্ধা হইয়াছে, এবং ইহার বাুৎপত্তি-লন্ড্য-অর্থ হইতেছে, "শোকান্থিত"। হংসগণের অবজ্ঞাস্টক বাক্য শুনিয়া জানশ্রুতির শোক হইয়াছিল, এবং তারপর রৈক্রের সন্ধান পাইবামাত্র তাঁহার কাছে ক্রত গিয়াছিলেন। এজন্য তাঁহাকে শুন্ত বলিয়া সম্বোধন করা হইয়াছে। শুন্তের বেদে অধিকার নাই, ইহা শান্ত-প্রসিদ্ধ ।

ন্ত্রী শূব্দ দ্বিজ্ববন্ধূনাং ব্রেয়ী ন শ্রুতিগোচরা। কর্মশ্রেয়সী মূঢ়ানাং শ্রেয় এবং ভবেদিহ।। ভাগঃ ১।৪।২৫

স্ত্রী, শৃদ্র ও পতিত ব্রাহ্মণাদি দ্বিজ জাতির বেদে অধিকার নাই, অতএব এই সকল য্ঢ়দিণের কিরপে শ্রেমোলাভ হইবে, ইহা বিবেচনা করিয়া, ঋষি ব্যাসদেব রূপা করিয়া ভারভাখ্যান রচনা করিলেন। ভাগঃ ১।৪।২৫

দ্বিজ-শুক্রষা শৃদ্রের বৃত্তি, ও তাহাই তাহার বিহিত বর্ণধর্ম।
শূদ্রস্য দ্বিজ-শুক্রষা বৃত্তিশ্চ স্বামিনোভবেং। ভাগঃ ৭।১১।১৫
শূদ্রস্য সরতিঃ শৌচং সেবা স্বামিন্সমায়য়া।
অমন্ত্র যজ্যোহাস্তেয়ং সত্যং গো-বিপ্ররক্ষণম্।। ভাগঃ ৭।১১।২৩

শূদ্র জাতির দ্বিজ-শুশ্রষা বিহিত, এবং জীবনোপায় স্বামী হ**ইতে লভ্য।** ভাগ: ৭।১১।১৫

সাধু বিপ্রাদির প্রণাম, শোচ, অকপটে প্রভূর সেবা, অমন্ত্রযক্ত অর্থাৎ নমস্বার মাত্র দ্বারা পঞ্চ যক্তাস্থ্রান, অস্তেয়, সভ্য ও গো ব্রাহ্মণের রক্ষণ এই সকল শৃক্তের শক্ষণ। ভাগ: ১০১১২৩

শুদ্রের বেদে অধিকার না থাকিবার কারণ কি ? ইহা কি যথেচ্ছ পীড়নকারী

বিধি মাত্র, অথবা ইহার মূলে সভ্য আছে? ত্রেভা যুগে ভগবান্ শ্রীরামচন্দ্রও তপক্তাকারী শূত্রবাজ শম্বুকের প্রাণসংহার করিয়াছিলেন প্রবাদ আছে, ইহার কারণ কি? ইহার কারণ অমুদন্ধান করিতে যাইলে, হিন্দু বর্ণাশ্রম সমাজ-বন্ধনের যুলে যাইতে হয়। বর্ণ চারিটি—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, সমাজ-দেহের চারিটি অঙ্গ—শির, বাহু, জজ্বা ও পদ। কোনও একটি অঙ্গের অভাব হইলে সমাজদেহ বিক্বতাঙ্গ ও বিকল হইয়া পড়ে। প্রথম তিন বর্ণের উপনয়ন সংস্কার বিধি। বালক উপনয়নের গর গুরুগৃহে গিয়া, গুরুর উচ্চারণের অন্নকরণে উচ্চারণ শিকা করিয়া, বেদ অভ্যাস করিবে, এই ব্যবস্থা। এখনকার মত তখন মৃদ্রিত পুস্তকাদি ছিল না। প্রথম অবস্থায় লিখিত পুস্তকও ছিল না, গুরু বেদ আমূল কণ্ঠস্থ করিয়া রাথিতেন এবং শিশু তাঁহার নিকট শুনিয়া অভ্যাস করিতেন। এজ্ঞ বেদের অপর নাম শ্রুতি। সহজেই বোধগম্য হইবে যে, এরূপভাবে ইহার পাড়াস বহু আয়াস, যতু ও সময়সাপেক ছিল। অনন্তমনাঃ ও অনন্তকর্মা হইয়া, যাঁহারা ইহা করিতে পারিতেন, তাঁহারাই ইহার অধিকারী ছিলেন। যে কারণেই হউক, শূদ্রজাতি সে সময়, তাহাদের আচার, ব্যবহার, রীতিনীতি প্রভৃতি দারা ইহার দম্পূর্ণ অনুপযুক্ত ছিল। এজন্ম তাহার উপনয়ন সংস্কার, অকণ্তে বাস, ব্রন্ধচর্য্যপালন ও বেদাভ্যাস ব্যবস্থা নাই। কিন্তু সমাজে যথন নানা প্রকার পরিবর্ত্তন দেখা দিল, শৃন্তদিগের মধ্যেও ব্রহ্মবিচ্চালাভের আগ্রহ দেখা यारेट नागिन, ज्यनरे भन्नम काक्निक अधिगन, त्वरमन विधान व्यक्त नाथिया, পুরাণ ইতিহাসে বেদামুদারী ব্রশ্ধবিতা অনুস্থাত করিয়া দিলেন। ইহা দাপরে ও দাপরের শেষভাগে হইয়াছিল। তখন বিষ্ণুপুরাণ, শ্রীমদ্ভাগবতপুরাণ প্রভৃতি উপাদেয় পুরাণসকল সর্ববিধ অন্থলোম প্রতিলোম সঙ্কর জাতির মধ্যে ব্রহ্মবিতা বিতরণের দার স্বরূপ হইল। শ্রীমদ্ভাগবৃত তারস্বরে ঘোষণা করিলেন যে, জাভিতে ত্রাহ্মণ হইলেই হয় না। যাহারা ভগবদ্ভক্ত ভাহারা যদি চণ্ডালও হয়, ভাহারা অভক্ত বহুগুণযুক্ত ত্রাহ্মণ হইতেও গারীয়ান্। আবার ভগবদ্ভক্তের মহিমাই বা কত, তাঁহাদিগকে আশ্রয় করিলে কিরাত, হুন, অন্ধ্র প্রভৃতি ফ্লেচ্ছ জাতিগণও পরম পবিত্র বলিয়া গণ্য হইবে। এই উদার মত হিন্দু জাতি গঠনের ও হিন্দুদংখ্যা বাড়াইবার একটি প্রশস্ত পন্থা।

বিপ্রাদ্দি যড় গুণযুতাদরবিন্দনাভ পাদারবিন্দবিমুখাৎ শ্বপচং বরিষ্ঠন্। মন্তে তদর্পিডমনো বচনেহিতার্থপ্রাণং পুনাতি স কুলং ন তু

ভূরিমানঃ॥ ভাগঃ ৭।৯।৯

অহো বত শ্বপচোহতো গরীয়ান্ যজ্জিহ্বাতো বর্ত্ততে নাম তুভ্যম্। তেপুস্তপস্তে জুহুবৃঃ সম্বার্য্যা ব্রহ্মানূচুর্নাম গৃণস্তি যে তে॥ ভাগঃ ৩।৩৩।৭

কিরাত হুনাক্ত্র পুলিন্দ পুরুশা আভীর শুক্ষা যবনাঃ খসাদয়ঃ যেহন্তেচ পাপা যহুপাশ্রয়াশ্রয়াঃ শুধান্তি তল্মৈ প্রভবিষ্ণবে নমঃ॥ ভাগঃ ২।৪।১৭

আমার বোধ হয় যে, উলিখিত দ্বাদশ গুণভূষিত [(১) ধন, (২) সংকূলে জন্ম, (৩) রূপ, (৪) তপস্থা, (৫) পাণ্ডিতা, (৬) ইন্দ্রিয়পটুতা, (৭) তেজঃ (কাস্তি), (৮) প্রতাপ, (৯) শারীরিক বল, (১০) পৌরুষ, (১১) প্রজ্ঞা, (১২) অস্তান্ধ যোগ] বিপ্র যদি পদ্মনাভ ভগবানের পদারবিন্দে বিমৃথ হন, তবে তাঁহা অপেক্ষা দেই চণ্ডাল শ্রেষ্ঠ, যাহার মন, বাক্য, কর্ম, ধন এবং প্রাণ ভগবানে অর্পিত, কারণ, উক্তর্মপ চণ্ডাল কুল পবিত্র করিতে পারে, কিন্তু ভূরি অভিমানবিশিষ্ট উত্তমরূপ বাহ্মণ আপনাকেই পবিত্র করিতে পারেন না, কুলের কথা ত দুরে থাকুক। ভাগঃ ৭।১।১

হে দেব! যে ব্যক্তির জিহ্বাত্রে তোমার নাম বর্ত্তমান থাকে, সে জাতিতে শ্বপচ হইলেও, শ্রেষ্ঠ ও পূজা। ফলতঃ যে সকল পুরুষ তোমার নাম গ্রহণ করিয়া থাকেন, তাঁহারাই যথার্থ তপস্থা করিয়াছেন, অগ্নিতে হোম করিয়াছেন, তাঁহারাই সদাচারী, এবং তাঁহারাই যথার্থ বেদ অধ্যয়ন করিয়াছেন। ভাগঃ ভাতাণ

কিরাত, হ্ন, অন্ত্র, পুলিন্দ, পুরুশ, আভীর, শুন্ধ, যবন, খদ প্রভৃতি যে সকল পাপ জাতি এবং অক্সান্ত যে দকল ব্যক্তি কর্মতঃ পাপস্বরূপ, তাহারাও ষে ভগবানের আপ্রিত ব্যক্তিকে আপ্রয় করিয়া শুদ্ধ হয়, প্রভাবশালী দেই ভগবান্কে নমস্কার। ভাগঃ ২।৪।১৭

শ্রীভগবানের নামের এমন মহিমা শ্রীমদ্ভাগবত প্রকট করিলেন যে, তাঁহার নাম কীর্ত্তন, শারণ, শ্রবণ করিলেই জাতিবর্ণ নির্কিশেষে সমৃদায় লোকের সমৃদায় পাপ সন্ত ধ্বংসপ্রাপ্ত হয়।

যৎকীর্ত্তনং যৎস্মরণং যদীক্ষণং যদ্বনদনং যদ্ধ্বণং যদর্হণম্।
লোকস্ম সজাে বিধুনাতি কলাষং তস্মৈ স্ভন্দশ্রবদে নমাে নমঃ।।
ভাগঃ ২ ৪।১৪

े যাঁহার কীর্ত্তন, যাঁহার শারণ, যাঁহার দর্শন, ধাঁহার কলন, যাঁহার গুণ্ডাবণ, যাঁহার অর্চন, স্ভাই লোক সকলের পাপ বিনাশ করে, যাঁহার যশঃ প্রাবণ মঙ্গলম্বরণ, তাঁহাকে নমস্কার। ভাগঃ ২।৪।১৪

এমন কি সঙ্কেতে বা পরিহাস করিয়া অথবা অবশে নাম গ্রহণ করিলেও সম্দার পাপ নষ্ট হয়।

সাস্ক্রেভ্যং পারিহাস্তং বা স্থোভং হেলনমেব বা ।

বৈকৃতিনামগ্রহণমশেষাঘহরং বিছঃ ॥ ভাগঃ ৬।২।১৪
পতিতঃ শ্বলিতো ভগ্নঃ সংদপ্তস্তুপ্ত আহতঃ ।

হরিরিত্যবশেনাহ পুমান্নার্হতি যাতনাঃ ॥ ভাগঃ ৬।২।১৫
অজ্ঞানাদথবাজ্ঞানাস্কৃত্তমঃ শ্লোকনাম যথ ।

সংকীর্ত্তিতমঘং পুংসো দহেদেধো যথানলঃ ॥ ভাগঃ ৬।২।১৮
যথাগদং বীর্যতমমুপযুক্তং যদ্চহুয়া ।

অজ্ঞানভোহপ্যাত্মগুলং কুর্যান্মন্ত্রোহপুদাহৃতঃ ।৷ ভাগঃ ৬।২।১৯
এই সম্দায় শ্লোকের অর্থ ১।১।৭ স্ত্ত্রের আলোচনায় লিখিত হইয়াছে ।
এথানে আর পৃথক দেওয়া হইল না ।

অভএব হে শূজবন্ধুগণ! কোন্কালে বেদে আপনাদের স্বজাতির ব্রহ্মবিন্তার অধিকার বিহিত হয় নাই বলিয়া বিবাদ করিবার কারণ নাই। পরম কারুণিক স্বাধিগণ আপনাদের ব্রহ্মবিন্তা লাভের অন্তরায় বছকাল পূর্বেব দূর করিয়াছেন। এখন আপনারা তাহার শুভকর কল উপভোগ করিয়া কৃতকৃতার্থ হউন, ইহা প্রার্থনা করি। ভিভি:-

"জানশ্রুতির্হ পৌত্রায়ণঃ শ্রুদ্ধাদেয়ো বহুদায়ী বহুপাক্য আস।" (ছান্দোগ্যঃ ৪/১/১)

পূর্বকালে পৌতায়ণ জানশ্রতি শ্রদ্ধাপূর্বক দানশীল এবং বহুপাক্য (অতিথি ভোজনের জন্ম বহু পাকশীল) ছিলেন। (ছা: ৪।১।১)

"স হ সঞ্জিহান এব ক্ষন্তারমুবাচ।" (ছান্দোগ্য: ৪।১।৫)
তিনি শ্যা পরিত্যাগ করিয়াই সারথিকে বলিলেন। (ছান্দোগ্য: ৪।১।৫)
সূত্র:—১।৩।৩৫

ক্ষত্রিয়ত্বাবগতেশ্চ।। ১।৩।৩৫ ক্ষত্রিয়ত্ব + অবগতেঃ + চ।

ক্ষব্রিয়ত্বঃ—ক্ষত্রিয়ত্ব। অবগডেঃঃ—প্রতীতি হেত্। চঃ—ও।

উপরে উদ্ধৃত ছান্দোগ্য শ্রুতির ৪।১।১, ৪।১।৫ মন্ত্রপাঠে বুঝা যায় যে, জানশ্রুতি ক্ষত্রিয় ও রাজা ছিলেন, নতুবা তিনি বহুদেয়ী, বহুপাক্য বিশেষণে বিশেষত হইতেন না; প্রাতে উঠিয়াই সারথিকে আজ্ঞা করায় বুঝায় যে, তাঁহার রথ, সারথি প্রভৃতি ছিল। তারপর রৈক্ষকে গ্রাম, সহস্র গো প্রভৃতি দান করায় বুঝা যায় যে, তাঁহার উক্ত সম্দায় দান করিবার সামর্থ্য ছিল। অতএব তিনি ক্ষত্রিয় ছিলেন বলিয়া প্রতীতি হয়।

ভিণ্ডি:--

''অথ হ শৌনকঞ্চ কাপেয়ং অভিপ্রতারিণং চ কাক্ষ্ণেনিং পরিবিয়া-মাণৌ ব্রহ্মচারী বিভিক্ষে।।" ছান্দোগ্যঃ ৪।৩।৫

কপিবংশীর শৌনক ও কক্ষসেনপুত্র অভিপ্রতারী হইজনকে পাচক ভক্ষ্য পরিবেশন করিভেছে, এমন সময় ব্রহ্মচারী আসিয়া ভিক্ষা চাহিলেন। (ছাঃ ৪।৩)।

সংশয়:—বহুদেয়ী, বহুপাক্য হইলেই এবং সার্বপি, রথ থাকিলেই, এবং কল্ঠা, গো, গ্রাম দিবার সামর্থ্য থাকিলেই, ক্ষত্রিয় হইল না কি? শূদ্রও ধনবান্ও দাতা হইতে পারেন, অতএব পূর্বের সিদ্ধান্ত মনঃপূত হইল না। এজন্ত স্ত্রকার পরের স্ত্র করিলেন:—

সূত্র : — : ৷৩।৩৬

উত্তরত্র চৈত্ররথেন লিঙ্গাৎ।। ১।৩।৩৬ উত্তরত্ত্ব + চৈত্ররথেন + লিঙ্গাৎ।

উত্তরতঃ—ঐ শ্রুতিভেই পরে। **চৈত্ররথেনঃ**—চৈত্ররথ বংশীর অভি-প্রভারীর নাম ও সম্পর্ক থাকায়। **লিজাৎঃ**—স্চনা হেতু।

শিরোদেশে উদ্ধৃত শ্রুতিতে শৌনক ও অভিপ্রতারীর এক সঙ্গে আহারের কথা আছে। এবং ব্রহ্মচারী তাঁহাদের নিকট ভিক্ষা চাহিয়াছিলেন। ব্রহ্মচারী শ্রান্ন গ্রহণ করেন না। অন্তএব, তাঁহারা শ্রু ছিলেন না।

তারপর শৌনক ব্রাহ্মণ, ইহা প্রসিদ্ধই আছে। তিনি অভিপ্রতারীর সঙ্গে একক আহার করিতেছিলেন, অতএব অভিপ্রতারী শৃদ্র ছিলেন না। বিশেষতঃ উহাদের নামে সংবর্গ বিভার স্তুতির আখ্যায়িকার বর্ণনা আছে। অতএব উহারা উক্তরিভায় অধিগত ছিলেন, ইহা ব্রহ্মচারীকে শৌনক যে উত্তর দিলেন (ছান্দোগ্য ৪।৩) ইইতে স্পাই প্রতীয়মান হয়। স্থতরাং শৌনক ও অভিপ্রতারীর মধ্যে পরস্পর গুরু-শিশ্র সম্বন্ধ ছিল, ইহা সহজেই অন্তর্মেয়। তাণ্ড্য ব্রাহ্মণ (২০) ২ইতে আমরা পাই যে "কাপেরগণ চৈত্ররথের যান্ধন করিয়াছিলেন।" স্থতরাং কাপেরগণ চৈত্ররথবংশীয়গণের পুরোহিত ছিলেন। ইহা প্রসিদ্ধই আছে যে, এক বংশীয় ব্রাহ্মণ এক এক বংশীয়দিগের যান্ধন করিতেন, যেমন বশিষ্ঠদেব রঘুবংশীয়গণের পুরোহিত ছিলেন। আরও উক্ত ব্রাহ্মণে শুনা যায় যে অভিপ্রভারী চৈত্ররথবংশীয় ক্ষত্রিয়ই ছিলেন।

রৈক জানশ্রতি আখ্যায়িকা সম্পর্কে সংবর্গ বিতাঘটিত ইহাদের উল্লেখ। অতএব, কাপেয় শোনকের সহিত অভিপ্রতারীর যে গুরুনিয়া সম্বন্ধ ছিল, রৈক ও জানশ্রতির মধ্যেও সেই সম্পর্ক থাকায়, জানশ্রতি ক্ষত্রিয়ই ছিলেন, এইরূপই স্থচনা হয়।

বলা বাহুল্য যে, এ প্রকার যুক্তির অবতারণা কন্তুকল্পনা মাত্র। তবে ইহার সাপক্ষে এই বলা যাইতে পারে যে, শুভিতে "শুল্র" এই শক্টির প্রয়োগ থাকার জানশ্রুভিকে "শুল্র" বলিয়া সন্দেহ পূর্ব্বপক্ষ করিতেছেন, কিন্তু যথন "শুল্র" শব্দের যুৎপত্তিলভ্য অর্থ জানশ্রুভিতে সম্পূর্ণ প্রযুক্ত, এবং তাহা শূল্র জাতির বোধক নহে, তথন সেই বৃৎপত্তিলভ্য অর্থের সহিত অক্যান্ত অবস্থার পর্য্যালোচনা করিলে, অর্থাৎ তিনি বহুদেরী, বহুপাক্য, তাহার রথ, সার্থি আছে, বহুসংখ্যক গো, কন্যা, হিরণ্য, গ্রামাদি দিবার সামর্থ্য তাহাতে বিভ্যমান; রৈক ব্রন্ধবিদ, তিনি তাহাকে ব্রন্ধবিদ্যা উপদেশ দিলেন এবং উক্ত বিদ্যার স্বতিতে ব্রাহ্মণ ও ক্ষত্রিয় সম্বন্ধে আখ্যায়িকার উল্লেখ আছে, তথন কেবলমাত্র "শুল্র" শব্দ ব্যবহারের জন্য তাহাকে "শুল্র" বলা কর্ত্ব্য নহে।

এই স্থত্তের ব্যাখ্যা-পোষক শ্রীমদ্ভাগবতের কোনও শ্লোক আমার অনুসন্ধানে পাত্রা গেল না।

১০০৩৫ ও ১০০৩৬ স্ত্র ছটি শ্রীমদ্ শঙ্করাচার্য্য, শ্রীমদ্ মধ্বাচার্য্য ও শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণ একত্রে একস্থক্সপে ব্যবহার করিয়াছেন। ভিভি:-

"তং হোপনিত্তে" (আপস্তন্ধঃ, শ্রোতস্ত্র)
তাহাকে উপনীত করিয়াছিলেন।
"উপত্বা নেয়ে"। (ছান্দোগ্যঃ ৪।৪।৫)
আমি তোমাকে উপনীত করিব।

"ন শৃত্রে পাতকং কিঞ্চিন্ন সংস্কারমর্হতি।" (মন্ত্র ১০।১২৬)
শৃত্রে কোনও প্রকার পাতক নাই, শৃত্র সংস্কারার্হ নহে॥

সংশয় ঃ—ছান্দোগ্য শ্রুতির রৈঞ্জানশ্রুতির আখ্যায়িকা হইতে আভ্যস্তরীণ প্রমাণ দিলে বটে, কিন্তু তাহা বড় বলবৎ বলিয়া মনে হয় না, আর কি কিছু প্রমাণ আছে?

সূত্র :-- ১।৩।৩৭

সংস্কারপরামর্শাৎ তদভাবাভিলাপাচ্চ ॥ ১।৩।৩৭ সংস্কারপরামর্শাৎ + তদভাবাভিলাপাৎ + চ।

সংস্কারপরামর্শাৎ :—উপনয়ন সংস্কারের উল্লেখ থাকায়। তদভাবাতি-লাপাৎ :—তাহার উপনয়ন সংস্কারের অভাব (শূন্তপক্ষে) উল্লেখ থাকার জন্ম। চ :—ও।

শান্তে বেদাধায়নের পূর্বের, উপনয়ন সংস্কার ও তাহার পর গুরুগৃহে বাস করিয়া অনক্রমনাঃ ও অনক্রকর্মা হইয়া, এবং গুরুগুদ্রমায় তৎপর ও ব্রন্ধচারী হওতঃ, গুরুর উচ্চারণের পরে তাঁহার অনুরূপ উচ্চারণ করিয়া, বেদাভ্যাস করিবার বিধান আছে। কিন্তু শৃদ্রের উপনয়ন সংস্কারের অভাবই শাস্ত্রে কথিত আছে। স্থতরাং শাস্ত্রবিধান অনুসারে শৃদ্রের বেদে অধিকার নাই। রৈক্র বথন জানশ্রুভিকে বেদমন্ত্র শিক্ষা দিয়াছিলেন এবং উপনয়ন সংস্কারের কোনও প্রসঙ্গ নাই, তথন জানশ্রুতি শৃদ্র ছিলেন না।

ছান্দোগ্য শ্রাতর উক্ত প্রকরণে সত্যকাম সম্বন্ধে আখ্যায়িকা আছে যে, সত্যকাম ব্রন্ধবিতা লাভের জন্ম গুরুর নিকট উপস্থিত, গুরু প্রথমে জিজ্ঞাসা করিলেন, তিনি ব্রান্ধণতনয় কিনা? সত্যকাম তাঁহার মাতা জাবালাকে জিজ্ঞাসা করিয়াও যখন সস্তোষকর উত্তর দিতে পারিলেন না, তখন গুরু তাহার সরলতা এবং সত্যবাদিতা লক্ষ্য করিয়া সম্ভষ্ট হওত: তাঁহার উপনয়ন সংস্কার সম্পাদন পূর্বক বেদ শিক্ষা দিয়াছিলেন। ১।৩৩৮ সূত্র এই আখ্যায়িকার ভিত্তিতে রচিত হইয়াছে।

विजीयः श्रीभान्यभूर्व्या-क्रयाभनयनः विकः । वमन् शृक्कृत्म माश्वा बन्धारीयी । ठाठूजः ॥ छात्रः ১১।১१।১৮ प्रथमा किनमश्चाक बन्धम्य क्रमश्चम् । क्रित्माश्योजम्बात्माश्यक्षमीर्थः कृषान् मस् ॥

ভাগঃ ১১।১৭।১১

স্নানভোজনহোমেচ জপোচ্চারেষ্ চ বাগ্যভঃ।

ভাগঃ ১১।১৭।২০

রেতো ন বিকিরেজ্জাতৃ ব্রহ্মব্রতধরঃ স্বরুম্। অবকীর্ণেহবগান্তান্দ্র, যতাস্কৃদ্রিপদাং জপেং॥

ভাগঃ ১১।১৭।২১

বান্ধণ, ক্ষত্তির ও বৈশ্ব এই তিন বর্ণ পূর্ব্ব পূর্ব্ব সংস্থারের পর উপনয়নরপ বিতীয় জন্ম প্রাপ্তিপূর্বক দান্ত হইয়া স্করুবন বাস করত: আচার্য্য কর্তৃক আহুত হইয়া বেদ অধ্যয়ন ও বিচার করিবেন। এবং মেখলা, অজিন, অক্ষমালা, ব্রহ্মসূত্র, কমণ্ডল্, জটা ও কুশ ধারণ করিবেন, দণ্ড ও বন্ত প্রকালন করিবেন না, এবং রক্তবর্ণ পীঠে উপবেশন করিবেন না। ১১১১৭১৮-১৯

স্নান, ভোজন, হোম, জপ এবং মৃত্ত পুরীধাত্যংদর্গের সম্ভূ মৌনী হইবেন।

বন্ধচারী ব্যক্তি কথনও জ্ঞানপূর্বকে শ্বরং শুক্রকরণ করিবেন না। দৈবাৎ স্বপ্নাদিকালে রেড:ক্ষরণ হইলে, জলে অবগাহন পূর্বকে স্নান করিয়া প্রাণারাম করতঃ ত্রিপদা গায়ত্ত্রী জপ করিবেন। ১১১১৭২১

অতএব ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্ব ত্রিবর্ণের উপনয়নের পর ছিল হইয়া কঠোর ব্রহ্মর্যে অবস্থিত হইয়া গুরুকুলে বাস করত:, গুরু কর্ভৃক আহ্ত হইবার পর বেদাধ্যয়ন করিবে, এই বিধি। তিন বর্ণেরই সংস্থার বিধি আছে। শুদ্রের সংস্থার বিধি নাই। অকপটভাবে গো, ছিল, দেবসেবা করা তাহাদের বিধান এবং তাহা হইতে বধা লাভে সস্তোষ। ভাগঃ ১১৷১৭৷১৫

শুক্রাষণং দিজ গবাং দেবানাঞ্চাপ্যমায়য়। তত্র লব্বেন সন্থোষঃ শুক্রপ্রকৃতয়ন্ত্রিমা: । ভাগঃ ১১।১৭।১৫ শ্দ্রের বেদে অধিকার নাই এবং তাহাদের বৃত্তি, ১।৩৩৪ স্ত্রের আলোচনায় আলোচিত হইয়াছে। উক্ত স্থ্রের আলোচনায় উদ্ধৃত ভাগবতৈর ১।৪।২৫, ৭।১১।২৫ প্র ৭।১১।২৩ শ্লোক দ্রষ্টব্য ।

ভশ্রষাই শৃদ্রের বৃত্তি, এবং এই বৃত্তি পালন করিলেই ভগবান্ সস্তোষ লাভ করেন।

পদ্ধাং ভগবতো জজ্ঞে শুশ্রাষা ধর্ম্মসিদ্ধয়ে।

তস্তাং জাতঃ পুরা শৃদ্রো যদৃরন্তা। তৃষ্যতে হরি:॥ ভাগঃ ৩।৬।২১

বিরাট পুরুষের পাদঘয় হইতে ধর্মসিদ্ধির জন্ম শূদ্রবৃত্তি শুশ্রুষা উৎপন্ন হইল, এবং ভাহা হইতে শূদ্রজাভিও ঐ কার্য্যার্থ জন্মিল। ভগবান্ শূদ্রজাভির ঐ বৃত্তি ঘারাই সম্ভট্ট হইয়া থাকেন। ভাগঃ ৩৬।২৯

উপনয়ন সংস্থারের অভাববশতঃ শৃদ্রের বেদে অধিকার নাই। ইহা তৎকালে বিশেষ প্রসিদ্ধই ছিল। জানশ্রুতিকে গুরু রৈক্ক যথন বেদ শিক্ষা দিয়াছিলেন, তথন তাঁহার আগে হইতেই উপনয়ন সংস্কার সাধিত হইয়াছিল, স্বতরাং তিনি শৃদ্র ছিলেন না। ভিত্তি:--

নৈতদ্বান্ধণো বিবক্ত্মইতি, সমিধং সোম্যাহর"।

ছান্দোগ্যঃ ৪।৪।৫

ব্রাহ্মণ না হইলে কথনই এরপ সত্যবাক্য বলিতে পারে না, সৌম্য, সমিধ্ আনম্বন কর। ছাঃ ৪।৪।৫

সংশায় :—ভাল, শাস্ত্রে ত বিধান আছে, কিন্তু কার্য্যকালে গুরু কি ব্রাহ্মণ কিনা পরীক্ষা করিয়া, ভাহার পর বেদোপদেশ দিতেন ? ইহার উত্তরে স্ত্র:—

সূত্র :—১।৩।৩৮

তদভাবনির্ধারণে চ প্রবৃত্তে: ॥ ১।৩।৩৮ তদ্ + অভাব + নির্ধারণে + চ + প্রবৃত্তে: ।

ভদভাবনির্ধারণে:—তদ (শূদ্রত্বের) অভাব নির্ধারণ হইবার পর। চ:—ও। প্রবৃত্তে:—প্রবৃত্তি—বেদাধ্যয়নে প্রবৃত্তি হেতু।

যে সকল ক্ষেত্রে শিশু কি জাতি, ইহার সম্বন্ধে সংশয় থাকিত, সে সকল স্থানে গুরু পরীক্ষা করিয়া, শিশু দ্বিজপুত্র এ সম্বন্ধে সম্ভষ্ট হইলে, তবে তাঁহাকে বেদ শিক্ষা দিতেন। ছান্দোগ্য উপনিষদে জাবাল সত্যকামের আখ্যায়িকাই ইহার প্রমাণ। স্থতরাং জানশ্রুতি শূক্ত ছিলেন না।

শৃদ্রের বেদাধায়ন নিষিদ্ধ বটে, কিন্তু ভগবত্তত্ব শিক্ষা দেওয়া নিষিদ্ধ নহে।
আমরা শ্রীমদ্ভাগবতের ১।৫।২৩ এবং তাহার পরবর্তী শ্লোকগুলি পর্যালোচনা
করিলে বৃঝিতে পারি যে নারদ কোনও পূর্বজন্মে দাসীপুত্র (শৃদ্র) ছিলেন।
বেদবিদ্ ব্রাহ্মণগণের পরিচর্য্যা করায় তাঁহারা তুষ্ট হইয়া তাঁহাকে ভগবত্তত্ব
শিক্ষা দেন।

জ্ঞানং গুগুতমং যত্তৎ সাক্ষাৎ ভগবতোদিতম্। অম্ববোচন্ গমিয়াস্তঃ কুপয়া দীনবংসলাঃ।। ভাগঃ ১।৫।৩১

তাঁহার। যাইবার সময় দীনবাংসল্য শুণে দাক্ষাৎ ভগবান কর্তৃক কথিভ শুহতম জ্ঞান কুপা করিয়া আমাকে উপদেশ দিলেন। ভাগঃ ১।৫।৩• সেই শিকামুগারে গাখনা করিতে করিতে নারদ সেই দাসীপুত্র জরেই ভগবন্দনি লাভ করেন।

্ধায়তশ্চরণাম্ভোক্ত ভাব নির্জিত চেতসা। **ওৎকণ্ঠ্যাশ্রুকলাক্ষ্য** হান্তাসীনো শনৈর্হরিঃ ॥ ভাগঃ ১।৬।১৬

ভক্তিমৃত চিত্ত ঘারা ভগবান্ হরির চরণাবিন্দ ধ্যান করাডে উৎকণ্ঠা হেড্ আমার নোচনহয় অঞ্জনে পরিপূর্ণ হইল এবং ক্রমে ক্রমে হৃদিয়ে হরি আসিয়া আবিভূতি হইলেন। ভাগঃ ১৮৬১৬

শবক্তই ব্যবিগণ নাবদকে বেদাধ্যয়ন করান নাই, কিন্তু তাহাতে তাঁহার কোনও শতিই হয় নাই। স্বতরাং শৃদ্রদিগের বেদাধ্যয়নে অনধিকারী হওয়ার করু হংব করিবার কিছু নাই।

ভিত্তি:--

"পত্য হ বা এতচ্ছাুশানং, যচ্ছ্তঃ, তস্মাচ্ছ্ত সমীপ নাধেতব্যম্।" (শঙ্কর ভাষ্যােদ্ভ)

শূদ্র পদযুক্ত গমনশীল শ্বশানত্বা, দেই হেতু শূদ্রসমীপে অধ্যয়ন করিবে না।
সূত্র ঃ—১।৩।৩৯

শ্রবণাধ্যয়নার্থ প্রতিষেধাৎ। ১।৩।৩৯ শ্রবণ + অধ্যয়ন + অর্থ + প্রতিষেধাৎ।

শ্রেবণাধ্যয়নার্থ প্রতিষেধাৎ:—শ্রবণ, অধ্যয়ন এবং বেদার্থজ্ঞান নিষেধ হেতু।

শৃদ্রের সমীপে অধ্যয়ন যথন নিষেধ, তথন শৃদ্রের বেদ প্রবণ নিষেধ হইল। প্রবণ নিষেধ হইলেই অধ্যয়ন ও অর্থজ্ঞান নিষেধের আর বলিবার কি আছে? পূর্বের উক্ত হইয়াছে যে, দে সময়ে বেদ পুস্তকাকারে ছিল না। গুরুর শ্রবণ-শক্তিতেই নিবদ্ধ ছিল এবং তাঁহার উচ্চারণের সঙ্গে সঙ্গে শিশ্ব উচ্চারণ করিয়া অভ্যাস করিতেন। অতএব, যথন প্রবণই নিষেধ, তথন অধ্যয়ন বা অর্থগ্রহণ সম্ভব নহে। একারণেও জানশ্রুতি শৃদ্র ছিলেন না ইহা নিঃশিদ্ধ।

স্ত্রীশৃত্দদ্বিজবন্ধ নাং ত্রয়ী ন শ্রুতিগোচরা। ভাগঃ ১।৪।২৫ পদ্যাং ভগবতো জজ্ঞে শুশ্রমা ধর্মসিদ্ধয়ে। ভাগঃ ৩৬২৯

স্ত্রী শূদ্র এবং পতিত দ্বিজগণের বেদে অধিকার নাই। ভাগং ১।৪।২৫ ভগবানের পদ হইতে শুশ্রষা ধর্মসিদ্ধির জন্ম শৃদ্রের উৎপত্তি হইল। ভাগং এ৬।২৯

এই প্রের শিরোদেশে যে প্রমাণ উদ্ধৃত হইয়াছে, তাহার দহিত শুকু যজুর্বেদের ২৬।২ মন্ত্রটি প্রণিধান যোগা। মন্ত্রটি নীচে উদ্ধৃত হইল।

যথেমাং বাচং কল্যাণীমাবদানি জনেতা:।
ব্রহ্মরাজন্মাভাগং শৃদ্রায় চার্যায় চ স্বায় চারণায় চ।
প্রিয়ো দেবানাং দক্ষিণায়ে দাতুরিহ ভ্য়াসময়ং।
মে কামঃ সমৃদ্ধাতামুপমাদো নমতু।। শুকু যজুঃ ২৬।২
যথা—যেরূপ, ইমাং—এই, বাচং—বেদবাণী, কল্যাণীম্—মঙ্গলকরী, আবদানি

— উপদেশ দিতেছি, জনেভা:—সম্দায় ব্যক্তিগণকে, ব্রহ্মরাজভাভাম্—ব্রাহ্মণ-ক্ষত্রিয়কে, শূদ্রায়—শৃদ্রকে, চ—এবং, অর্থায়—বৈশ্যকে, স্বায়—নিজ নিজ আত্মীয়কে, অরণায়—অপরকে, অনাত্মীয়কে, চ—ও, প্রিয়োদেবানাং— ভোতনশীলগণের অর্থাৎ বিদ্যানগণের প্রিয়, দক্ষিণায়ি —দানের জন্ত, দাতু:—দানশীল পুরুষের, ইহ—এই সংসারে, ভ্য়াসম্—হইয়াছি, অয়ং মে কামঃ— এই আমার ইছ্যা—অর্থাৎ সর্বলোকের মধ্যে বেদ-বাণীর প্রচার, সমৃদ্ধ্যতাম্—বৃদ্ধিপ্রাপ্ত হউক, মা—আমাকে (মাম্)। অদঃ—এই পরোক্ষত্রখ, উপনমত্ব—প্রাপ্তি হউক।

পদয়ানন্দ সরস্বতী তাঁহার "সত্যার্থ প্রকাশ" গ্রন্থে ইহার অর্থ করিয়াছেন :—
ভগবান বলিতেছেন, "আমি যেমন ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ও তাহাদের
আপন আপন স্ত্রী, আত্মীয়, সেবকাদি এবং অনাত্মীয় শত্রু প্রভৃতি, অর্থাৎ
সকল মানবকেই—সমভাবে এই হিতকারিণী, বেদবাণীর উপদেশ দান করিয়াছি,
এবং উহা দান করিয়া বিদ্যানগণের প্রিয় হইয়াছি—তোমরাও সেইরূপ
হও। বেদবিদ্যা আপামর সাধারণের মধ্যে প্রচাররূপ আমার ইচ্ছা পূর্ণ হউক্।
এবং বেদবেতা বলিয়া সর্ববিদ্যার জ্ঞানহেতু আমি যে স্বথ ভোগ করি,
ভোমরাও সেইরূপ বিদ্যার লাভ ও প্রচার দ্বারা সেই স্বথ উপভোগ কর।"

বলা বাহুল্য, মহীধরক্বত শুক্র যজ্র্বেদের উক্ত মত্রের ভাষ্যের সহিত উপরোক্ত অর্থের মিল নাই। মহীধর "কল্যাণীং বাচমহ্মাবদানি" পদের অর্থ করিয়াছেন—"অম্বেগকরীং বাচমহংযথা যতঃ আবদানি সর্ব্বতো ব্রবীমি দীয়তাং ভুজ্যতামিতি সর্ব্বেভো বচ্মি" এই অর্থ কষ্ট-কল্পনাকত বলিয়া মনে হয়। মস্ত্রের আক্ষরিক অর্থ উপরে দেওয়া হইয়াছে। সরল, উদার অর্থ গ্রহণ করাই কর্ত্বর্য। সে অর্থ গ্রহণ করিলে স্পষ্ট প্রতীয়মান হইবে যে, অতি প্রাচীনকালে শৃদ্রের বেদবিদ্যা লাভের পক্ষে অস্তরায় স্প্ট হয় নাই। সম্ভবতঃ কালক্রেমে শৃদ্রগণ যতই অনাচারী ও কদাচারী হইয়া উঠিতে লাগিলেন, এবং ব্রহ্মচর্য্য পালনে অসমর্থ হইলেন, তথনই বেদবিল্যা লাভের পথ তাঁহাদের পক্ষে সাক্ষাৎ সম্বন্ধে কন্ধ করা হইল বটে, কিন্তু পরোক্ষে অর্থাৎ শ্বতির (গীতা, প্রাণ, ইতিহাস প্রভৃতির) মধ্য দিয়া উক্ত জ্ঞানলাভের পথ আরও প্রশস্ত করিয়া দেওয়া হইল। ইহাতে বেদের পবিত্রতা ও রহস্ত রক্ষা করা হইল এবং শ্বতি দ্বারা বিল্যালাভের পথ অনধিকারীর পক্ষে আরও প্রশ্বত বার্যা থিকালাভের পথ অনধিকারীর পক্ষে আরও প্রশ্বত কার্যা বিল্যালাভের পথ অনধিকারীর পক্ষে আরও প্রশ্বত তাঁহাদের দ্রদৃষ্টি এবং কাক্ষণিকতার নিদর্শনে চমৎক্ষত হইতে হয়।

ভিত্তি:--

"অথ হাস্ত বেদম্পশৃথতঃ এপুজতৃভ্যাং শ্রোত্রপ্রতিপূরণম্, উদাহরণে জিহ্বাচ্ছেদো ধারণে শরীরভেদঃ।" (গৌতম ধর্মস্ত্র, ২।১২।৩)

বেদ শ্রবণকারী শৃদ্রের কর্ণবিবর সীসা বা গালা দ্বারা পরিপূর্ণ করা, উচ্চারণে জিহ্বাচ্ছেদ ও ধারণে শরীর বিদারণ কর্ত্তব্য। । গোতম ধর্মস্ত্র, ২০১২।৩)

সূত্র :—১।৩।৪০

শ্বতেঃ 🕂 চ। ১। ১।১।৪০

শ্বতেঃ :—শ্বতিশান্তে উল্লেখ হেতু। 🛭 চ :—ও।

শিরোদেশে স্মৃতিশাস্ত্রের প্রমাণ উদ্ধৃত হইয়াছে। ভাগবতের পূর্ব্বোদ্ধত ১া৪া২৫ শ্লোক দ্রষ্টব্য।

ি ৬, প্রমিতাধিকরণের ১।তা২৫ স্থ্রের পর, ১।তা২৬ স্থ্র হইতে ১।তা৪০ স্থ্র পর্যান্ত ১৫টি স্থ্রে, প্রদক্ষক্রমে দেবতা ও ক্রমশঃ সংশয়মত শূদ্র বেদবিভায় অধিকারী কিনা, এই বিচারের জন্ম দরিবিষ্ট হইয়াছে। এই প্রদক্ষ শেষ করিয়া স্থাকার পুনরায় প্রকৃত বিষয় অনুসরণ করিতেছেন।

৬। প্রস্লিভাধিকরণ

ভিম্বি :--

- (১) "যদিদং কিঞ্চ জগৎ সর্ববং প্রাণ এজতি নিঃস্তম্ মহদ্ভয়ং বজ্রমুগুতং য এতদ্বিত্রমৃতান্তে ভবন্তি॥" (कर्ठः शणर)
- (২) "ভয়াদস্তাগ্নিস্তপতি ভয়াত্তপতি সূর্যাঃ। স্মাদিন্দ্রণ্ট বায়ুশ্ট মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ।।" (কঠঃ ২।৩।৩)

প্রাণ স্পন্মান হইলে এই যাহা কিছু জগৎ, তৎসমস্ত নি:স্ত হয়। ব্রহ্ম অতিশয় ভয়ম্ব বজের ন্যায় উন্তত হইয়া বহিয়াছেন। যাহারা ইহাকে জানে, তাহারা অমৃত বা মৃক্ত হয়। ইহার ভয়ে অগ্নিও প্র্যা তাপ দিতেছেন, ইহারই ভয়ে ইন্দ্র বায়্ ও পঞ্চম মৃত্যুও ধাবমান হইতেছে। (কঠঃ ২।৬।২-৩)

সূত্র :--১|৩।৪১

কম্পনাং ॥ ১।৩।৪১

কম্পনাং :--কম্পন বা পরিম্পন্দন হেতু। অগ্নি, স্থ্য, বায়্, ইন্দ্র (পর্জ্বন্ত), মৃত্যু প্রভৃতি ভীত হইয়া স্ব স্ব কার্য্যে অনলসভাবে নিযুক্ত থাকিবার হেতু।

কঠ#ভির ২।৪।১২ মন্ত্রে অন্ধূর্গমাত্র পুরুষের উল্লেখ আছে, আবার উক্ত **শ্রতির উপসংহারে ২।৬।১৭ মন্ত্রে সেই অ**সূত্যাত্র পুরুষের বিষয় বর্ণনা করিয়া প্রতি কর্ত্তব্য শেষ করিয়াছেন। উক্ত তুই মন্ত্রের মধ্যে শিরোদেশে উদ্ধৃত হাভাহ ও হাভাত মন্ত্র বিদ্যমান, উহারাও অনুষ্ঠমাত্র পুরুষের সম্বন্ধে কথিত। অতএব, অঙ্কৃষ্ঠমাত্ত পুরুষ জীবাত্মা নহে, পরমাত্মাই।

মদ্ভয়াৎ বাতি বাতোহয়ং স্থাস্তপতি মদ্ভয়াৎ। বর্ষতীব্রো দহতাগ্নি মৃ[']ত্যু*চরতি মদ্ভয়াং।। ভাগঃ ৩।২৫।৩৯

১।০।১১ স্থ্রের আলোচনায় ইহার সরসার্থ দেওয়া হইয়াছে। যস্মাদ্বিভেম্যহমপি দ্বিপরার্দ্ধধিষ্ণ্যমধ্যাদিতঃ সকললোকনমস্কৃতং

ভাগঃ তা৯।১৮

শ্বশ্রৈ বলিং বিশ্বস্থাে হরন্তি গাবাে যথােতানসি দামযদ্রিতাঃ।।

ভাগঃ ৪।১১।২৬

যদাচি তন্ত্র্যাং গুণকর্মনামভিঃ গুতৃস্তর্রৈর্বংস বয়ং প্রযোজিতাঃ। সর্বেব বহামো বলিমীশ্বরায় প্রোতা নসীব দ্বিপদে চতুষ্পদঃ।।

ভাগঃ ৫৷১৷১৪

বে লোক দ্বিপরার্দ্ধকাল স্থায়ী এবং যাহা সর্বলোক নমস্কৃত, আমি সেই সত্যালোকে অধ্যাসীন হইয়াও, যাহা হইতে ভীত হই। ভাগঃ আসাচচ

নাসিকাতে বজ্জুবদ্ধ বলীবৰ্দি সকলের ন্যায়, বিশ্বস্তারাও নিম্বস্ত্রিত হইয়া, তাঁহার নিমিত্ত বলি অর্থাৎ প্জোপহার আহরণ করিয়া থাকেন।

ভাগঃ ৪।১১।২৬

ব্রহ্মা প্রিয়বতকে কহিলেন, হে বংদ, কর্ম করণে কাহারও স্বাধানতা নাই। আমরা পরমেশবের বাকারপ বেদ লক্ষণ রজ্জ্তে (গুণ-কর্ম্মোন্তব বর্ণাশ্রম ধর্মের বাক্ষণ-ক্ষত্রিয় প্রস্তৃতি নাম) দ্বারা দৃচরপে বন্ধ হইয়া সকলে বর্ণাশ্রম কথিত কর্ম্ম-পরম্পরা সম্পাদন করতঃ তাঁহাকেই প্রভাপচার প্রদান করি। ফলতঃ বলীবলিদি চতুম্পদ সকল নাসিকায় বিদ্ধ হইয়া বেমন দ্বিপদ মান্তবের ইচ্ছাম্মপারে তাহাদের কর্ম্ম করে, তেমনি আমরা পরমেশবের ইচ্ছায় তাঁহার নির্দিষ্ট কর্ম্ম করিয়া থাকি। ভাগঃ ধাসাঃ

------বিশ্বস্জা বিদধতি ষত্র যে পথিকৃতা ভবতশ্চকিতাঃ ॥ ভাগঃ ১০৮৭।২৪

১।৩।১১ স্থত্তের আলোচনার ইহার সরলার্থ দেওরা হইরাছে।

যদ্ভয়াৎ বাতি বাতোহয়ং সূর্যাস্তপতি যদ্ভয়াৎ।

যদ্ভয়াৎ বর্ষতে দেবো ভগণো ভাতি যদ্ভয়াৎ।।
ভাগঃ ৩।২৯।৩৩

যদ্ধনস্পতয়োভীত। লতাশ্চৌষধিভিঃ সহ স্বে স্বে কালেহভিগৃহুস্তি পুস্পাণি চ ফলানি চ। ভাগঃ ৩।২৯।৩৪

স্রবন্তি সরিতো ভীতা নোৎসর্পত্যুদধিযতঃ। অগ্নিরিন্ধে সগিরিভি ভূ[']র্ন মড্জ্রতি যদ্ভয়াৎ॥ ভাগঃ ৩২১।৩৫

অদো দদাতি শ্বসতাং পদং যরিয়মান্নভঃ। লোকং স্বদেহং তহুতে মহান্ সপ্তভিরাবৃত্তম্ ॥ ভাগঃ ৩২৯।৩৬ গুণাভিমানিনো দেবাঃ সর্গাদিষস্ত যদ্ভয়াৎ।
বর্ত্তন্তেহনুযুগং যেষাং বশ এতচ্চরাচরম্।। ভাগঃ ৩৷২৯৷৩৭
সোহনস্তোহস্তকরঃ কালোহনাদিরাদিকুদব্যয়ঃ।
••••
। ভাগঃ ৩৷২৯৷৩৮

যাঁহার ভয়ে বায়্ সর্ব্বে সঞ্চরণ করিতেছেন, স্থা উত্তাপ দিতেছেন, ইন্দ্র বর্ষণ করিতেছেন, নক্ষত্রগণ দীপ্তি পাইতেছে। যাঁহার ভয়ে ওয়ি সহ বৃক্ষলভাসকল স্ব স্ব কালে ফলপুপ গ্রহণ করিতেছে, নদী সকল প্রবাহিত হইতেছে, সম্দ্র আপনার বেলা অভিক্রম করিতেছে না, অগ্নি প্রজ্ঞলিভ হইতেছে, এবং পর্ববভাদি সহ ধরিত্রী আপন স্থানে অবস্থিত আছে, জলমগ্ন হইতেছে না। যাঁহার নিয়মে এই আকাশ শ্বাসভ্যাগার্থ অবকাশ দিতেছে, এবং পঞ্চভূত, অহস্কার ও মহত্তবে আবৃত এই মহান্ (বিরাট) নিজ দেহকে লোকভত্তরূপে বিস্তার করিতেছে। যাহার ভয়ে গুণ-নিয়ন্তা দেবগণ য়ুগে য়ুগে এই বিশ্বের স্ব্ত্ত্যাদিতে প্রবর্ত্তমান হইতেছেন এবং তাঁহাদিগের বশে স্থিত এই চরাচর জগৎ যাঁহার ভয়ে বর্ত্তমান রহিয়াছে, তিনিই অনাদি অনস্তকালরূপী ভগবান্, তিনি অস্তকেরও অস্তকর। ৩২২:৩৩—৩৮।

এখন "কম্পন" শব্দ কি গভীর অর্থের গ্যোতক, তাহা ব্রিবার জন্ম একট্ট্
আলোচনা আবশ্যক। স্ত্রকার "কম্পন" শব্দ ব্যবহার করিলেন কেন?
শ্রুতিতে "ভর়" শব্দ আছে, "ভয়" শব্দ ব্যবহার করিলেই ত শ্রুতিকথিত
উদ্দেশ্য সিদ্ধ হইত। "কম্পন" শব্দ ব্যবহার করিবার অন্য উদ্দেশ্য আছে।
উহার ভয় অর্থন্ত প্রসিদ্ধ, ভয় হইতেই শরীরে, হৃদয়ে কম্পন অনুভূত হয়, ইহা
আমরা প্রত্যক্ষে অনুভব করি। ন্তুতরাং ইহার ব্যবহারে শ্রুতিতে যে উদ্দেশ্য
"ভয়" শব্দ ব্যবহৃত হইয়াছে, সে উদ্দেশ্য সিদ্ধ হইল, আবার উহার গভীর
অর্থবাধক অন্য উদ্দেশ্যন্ত সিদ্ধ হইল। সেই অন্য উদ্দেশ্য কি, তাহাই আমাদের
ব্রিবার প্রয়োজন।

পরিদৃশ্যমান জগতে আমরা দেখিতে পাই যে, দিনের পর রাত্রি ও রাত্রির পর দিন, শীতের পর গ্রীম্ম, গ্রীম্মের পর বর্ধা, বর্ধার পর হেমস্ত, আবার হেমস্তের পর শীত, প্রভাতে স্বর্য্যোদর, সন্ধ্যার অস্ত, আবার সন্ধ্যার চক্র ও গ্রহ তারকাদি উদয় ও প্রভাতে অস্ত হইয়া থাকে। ইহার উত্তরে পণ্ডিভগণ বলিয়া থাকেন যে, পৃথিবী ও মঙ্গল, বৃধ, বৃহস্পতি, উক্রে, শনি প্রভৃতি গ্রহণণ স্বর্ধ্যের চতুর্দিকে পরিভ্রমণ করে, এজনা ঐ প্রকার ঘটিয়া থাকে। জ্যোতির্বিদগণ বলিবেন

যে, আমাদের স্থাও সম্দায় গ্রহাদির সহিত অপর একটি বহস্তর স্থোর চতৃদ্দিকে পরিভ্রমণ করিতেছে। রাত্রিকালে আকাশে যে সমদায় নক্ষত্র আমাদের দৃষ্টিগোচর হয়, তাহারাও এক একটি স্থা, আমাদের সোরজগতের ভ্যায় তাহাদেরও পৃথক পৃথক জগৎ থাকা সন্তব এবং তাহারাও কেহ দ্বির নহে। সকলেই অবিশ্রাম গতিতে পরিভ্রমণ করিতেছে। এই পরিভ্রমণ করিবার কারণ কি? পদার্থবিছাবিৎ অনেক অনুশীলনের পর বলিলেন যে, জড় দ্রব্য জড় দ্রব্যকে আকর্ষণ করে এবং ঐ আকর্ষণের ন্যুনাধিক্য উহাদের পরম্পরের সামগ্রী পরিমাণের উপর অনুলোমক্রমে এবং দূরত্বের বর্গের উপর বিলোমক্রমে নির্ভর করে। কিন্তু তাহা বলিলে ত আর কারণ দর্শান হইল না, যাহা ঘটে, তাহা গণিতের ভাষায় বলা হইল মাত্র। জড় জড়কে আকর্ষণ করে কেন, উভয়েই ত অচেতন, তবে একজন অপরের কাছে বাঁধা পড়ে কেন. দে প্রশ্নের কোনও জবাব হইল না।

আবার অন্তপক্ষে দেখা যায় যে, পিতার বীর্ব্যে ও মাতার শোণিতে জীবাণু জন্মাইবার মাত্র তাহাতে প্রাণম্পন্দন অনুভূত হয়। কেন হয়, তাহার উত্তর নাই। একটি বীজ মৃত্তিকায় প্রোথিত করা গেল, কয়েকদিন পরে তাহা হইতে অঙ্কুর উৎপত্তি হইয়া ক্রমে বৃক্ষে পরিণত হইল। কেন হইল, কারণ বলিবার উপায় নাই। বীজের অন্তর্নিহিত শক্তিই উহার কারণ। অন্তর্নিহিত শক্তি কোথা হইতে আদিল, তাহার উক্তর নাই। আকাশে চল্রের উদয় হইল, সঙ্গে সঙ্গে সমৃদ্রের জল ক্ষীত হইয়া জোয়ারের উৎপত্তি করিল, পদার্থবিভাবিদ্ পূর্বের মত বলিবেন যে, জলের উপর চল্রের আকর্ষণই কারণ, কিন্তু আকর্ষণ কেন হয়, সে সম্বন্ধে পদার্থবিভাবিদ্ নীরব।

এই প্রকার কত দৃষ্টান্ত উদ্ধৃত করিব? সম্দারের জবাব এই এক "কম্পনাং" স্ত্রে। আর্য্য ঋষিগণ সম্দার 'কেন'র পরিণতি এক স্থানে করিয়াছেন, সেই এক স্থানটি ব্রহ্ম বা পরমাত্মা বা ভগবান্। তাঁহার ইচ্ছার ইহা হইয়া থাকে। ইচ্ছার অপর নিয়ন্তা নাই। কারণ, তাহা হইলে "অনবস্থা" দোষ আদিয়া পড়ে। ইহা ১/১/২ স্ত্রের আলোচনায় প্রতিপাদিত হইয়াছে। তিনি সমস্ত প্রপঞ্চ জগংকে অন্তর্নিহিত করিয়া এবং নিজের অন্তরঙ্কা, তটস্থা, বহিরঙ্কা প্রভৃতি সম্দায় শক্তিকে আপনাতে লীন করিয়া, একাকী স্বরূপে অবস্থান করিতেছিলেন। তাঁহার বহু হইবার ইচ্ছার উদ্বেক হইল। এই ইচ্ছাই মূল কম্পন বা ম্পন্দন। এই ম্পন্দনে তাঁহার বহিরঙ্কা শক্তি কার্য্যশীলা হইয়া নিজে ও ভটস্থা জীবশক্তির সহযোগে কি প্রকারে শক্তি কার্য্যশীলা হইয়া নিজে ও ভটস্থা জীবশক্তির সহযোগে কি প্রকারে

বিশ্বপ্রশক্ষ সৃষ্টি করেন, তাহা ১/১/২ স্থ্রের আলোচনায় প্রদন্ত চিত্রে প্রদর্শিক্ত হইরাছে। এই কার্যাশীলা প্রকৃতিই "মহন্তব্ধ"। উহা আবার সম্বপ্রধান, রক্ষ:প্রধান, তম:প্রধান ভেদে ত্রিবিধ। রক্ষ:প্রধান মহন্তব্বই স্থ্রোত্মা বা মৃব্য সমষ্টিপ্রাণ। ইহাতে বিশ্ব, স্থ্রে মণিগণের ন্যায়, প্রবিত আছে বলিয়া ইহার নাম "স্থ্র"। বহু হইবার ইচ্ছা জনিত স্পন্দনই প্রাণ-স্পন্দনের মৃলে।

কেবলাত্মান্থভাবেন স্বমায়াং ত্রিগুণাত্মিকাম্।
সংক্ষোভয়ন্ স্থদত্যাদৌ তয়া স্ত্রমরিন্দম্ ॥ ভাগঃ ১১।৯।১৯
তামাহ ত্রিগুণব্যক্তিং স্বজ্ঞতীং বিশ্বতোমুখম্।
যশ্মিন্ প্রোতমিদং বিশ্বং যেন সংসরতে পুমান্ ॥

ভাগঃ ১১।৯।২০

১।১।৫ স্ত্তের আলোচনায় ইহাদের সরলার্থ দেওয়া হইয়াছে ।

এই স্ক্রাত্মা বা সমষ্টিপ্রাণ বিশ্বের ক্ষুদ্র বৃহৎ, স্থুল স্ক্র্ম সম্দায় বস্তুতে অমন্ত আছে। তগবানের ইচ্ছারূপ যে মূল স্পন্দন, ভাহাই মায়াতে প্রতিফলিত হইয়া, সত্তপ্রধান অংশে সমষ্টিচিত্ত, রক্তঃপ্রধান অংশে সমষ্টিপ্রধাণ বা স্ক্রাত্মা ও তমঃপ্রধান অংশে সমষ্টি অহঙ্কার তত্ত্বে পরিণত হইল। স্ক্রাত্মায় রক্তঃপ্রধান অংশ থাকায়, উহা ক্রিয়াশক্তিপ্রধান। এজন্য সম্দাহ বিশ্বে সেই ক্রিয়াশক্তির নিদর্শন, গতিবৃদ্ধি প্রভৃতি দৃষ্ট হয়।

ষমীশিষে জগতস্তস্থ্যশ্চ প্রাণেন মুখ্যেন পতিঃ প্রজানাম্। ভাগঃ ৭।৩।২৫ প্রাণেন মুখ্যেন—স্ত্রাম্মারপেণ (খ্রীধর)

আপনি মৃধ্য প্রাণম্বরূপে অর্থাৎ স্থোন্থারূপে এই সকল স্থাবর জঙ্গদের নিয়ন্ত্রণ করেন। আপনি প্রজাগণের পতি। ৭৩৩৩

এই আলোচনার আমরা একটি নৃতন তত্ত্ব পাইলাম যে, কি স্থাবর, কি জঙ্গম সমৃদারে প্রাণশক্তি বিশ্বমান, কোপাও অভিবাক্ত ভাবে এবং কোপাও অনভিবাক্ত ভাবে। একবও জড় প্রস্তর পড়িরা আছে। কি ভূতত্ববিদ, কি পদার্থবিদ, কেহই ইহাতে প্রাণশক্তির বিদ্যমানতা শীকার করিবেন না। কিন্ত শ্রীমদ্ভাগবত শিক্ষা দেন যে, ইহাতেও প্রাণশক্তি বিদ্যমান আছে, তবে অনভিবাক্ত ভাবে। যাহা অভিবাক্ত হর নাই, তাহা যে নাই, এরপ মনে করা ভূল। প্রস্তর্যপত্ত চুর্ব হইলেই বাল্কা, ও তাহা হইতে মৃত্তিকা হয়, এবং মৃত্তিকাই ত উদ্ভিদ্ অগতের জীবন ধারণের একমাত্র অবলম্বন, এবং প্রাণী-জ্বাংও সাক্ষাং বা পরম্পরাক্তাবে উদ্ভিদের উপর জীবন-

যাত্রা নির্বাহের জন্ম নির্ভর করে। যদি মৃত্তিকাতে জীবনীশক্তি লুকারিত (জনভিব্যক্ত ভাবে) না থাকিত, তবে তাহা উদ্ভিদ্কে জীবন দান কি প্রকারে করিতে পারে? স্থতরাং মৃত্তিকার জীবনী শক্তি আছে, ইহা স্বীকার্যা। তাহা হইলে, যে প্রস্তর্যশুও হইতে মৃত্তিকার উৎপত্তি হইরাছে, তাহাতে জীবনী শক্তি নাই, ইহা কি প্রকারে হইতে পারে? স্থতরাং যুক্তিতে প্রতিপন্ন হইতেছে যে, কি স্থাবর, কি জন্পম, সম্দারে প্রাণশক্তি আছে, কোথাও অভিব্যক্ত, কোথাও অনভিব্যক্ত।

এই যে অভিব্যক্ত ও অনভিব্যক্ত অবস্থায় থাকা—এই যে দোলন—ইহা
"কম্পনাৎ" পদ দ্বারা প্রকাশ করা স্ত্রকারের উদ্দেশ । সৃষ্টি ও প্রলয়ও এই
দোলনের অবস্থাভেদ মাত্র। যথন ব্যক্তের অভিমূথে অগ্রসর তথন সৃষ্টি,
আবার যথন ব্যক্ত হইতে পশ্চাদ্গমন তথন প্রলয়, অর্থাৎ অব্যক্তে গমন
প্রলয়, ব্যক্তে আগমন সৃষ্টি। ইহাও "কম্পনাৎ" স্ত্র দ্বারা বুঝাইতেছে।
মৎ-প্রণীত "বেদান্ত প্রবেশ" গ্রন্থে স্প্টিতত্বালোচনায়—ইহা বিস্তারিত ভাবে
আলোচিত হইয়াছে এবং চিত্র দ্বারা বুঝাইবার চেষ্টা করা হইয়াছে। এই
দোলনের প্রতীক শ্রীকৃষ্ণের দোল্যাত্রা।

উপরে ভগবদিছারণ যে মূল কম্পনের উলেথ করা হইয়াছে, তাহারই অনুকম্পনে বিশ্ব ব্রহ্মাণ্ডের স্থূল সৃদ্ধ, ক্ষুদ্র বড়, স্থাবর জন্সম, গ্রহ নক্ষত্র, চন্দ্র স্থা, জীবাণু উদ্ভিজ্ঞাণু প্রভৃতি সকলেই গতিশীল, ক্রিয়াশীল, জন্মশীল, স্থিতিশীল, বৃদ্ধিশীল ও নাশশীল। একজন অন্ধ ছারে ভিক্ষা করিতেছে। তাহার করণ প্রার্থনায় গৃহস্থের দয়া হইল, তিনি উহাকে সম্ভুষ্ট করিয়া বিদায় করিলেন। এই যে অনুকম্পা, ইহাও ভিক্ষুকের হৃদয়ের কম্পনের অনুকম্পন বা প্রতিছেবি। গৃহস্থের হৃদয়ে ভিক্ষুর হৃদয়ের কর্ষণ কম্পনি গ্রহণ করিতে পারিলেন বলিয়া তাহারও অনুকম্পা হইল। আবার ভিক্ষুকের হৃদয়ের কম্পন, সমষ্টি জীবের বা হিরণ্যগর্ভের হৃদয়ের কম্পনের একটি ক্ষুদ্র ম্পানন মাত্র। স্থাভরাই গৃহস্থের হৃদয়ের অনুকম্পার মূল খুঁজিতে গেলে সেই একস্থানে গিয়া পৌছিতে হয়। অতএব অন্তর্জগতেরও সম্দায় ম্পানন, সম্দায় মনোভাব, সম্দায় বৃত্তি সেই মূল ম্পাননের অনুকম্পন মাত্র।

শিরোদেশে উদ্ধৃত শ্রুতিমন্ত্রে বলিয়াছেন যে, "ব্রহ্ম অতিশয় ভয়রর, বজ্রের আয় উদ্যুত হইয়া রহিয়াছেন।" ইহার অর্থ কি তিনি কঠোর, দ্য়ামায়াহীন দণ্ডধারী বিচারকের গ্রায়, দণ্ড দিবার জন্ম প্রস্তুত? তাহা নহে। ইহার অর্থ এই যে, তাঁহার নিয়মের কণামাত্র ব্যতিক্রম নাই। কঠোর দণ্ডধারী

দণ্ড উত্তোলন করিয়া থাকিলে, তাঁহার অধীনস্থ কর্মচারীরা যেমন ভয়ে ভয়ে সম্দায় কর্ম কণামাত্র ব্যক্তিক্রম না করিয়া স্থদপন্ন করে, সেইরূপ কি অগ্নি, কি স্থা, কি ইন্দ্র, কি বায়, কি মৃত্যু সকলেই কঠোর দণ্ডের ভয়ের মত্ত নিজ্ব নিজ্ব কার্যো নিযুক্ত। তিল মাত্র ব্যক্তিক্রম নাই। "কম্পন" শব্দ হইতেই আমরা তাহা ব্বীতে পারি। যথন জগতের যতকিছু গতি, ক্রিয়া, ম্পন্দন, সম্দায় সেই মূল কম্পনের অত্যকম্পন মাত্র, তথন ব্যক্তিক্রম হইবার কারণ মাত্র নাই। যদি দ্বিতীয় কিছু থাকিত, এবং স্বতন্ত্রতার সম্ভাবনা থাকিত, তাহা হইলে ব্যক্তিক্রমের সম্ভাবনা থাকিত। যথন "এক অদ্বিতীয় বৃষ্ণা ইত্যাদি সেই ব্রন্দেরই কার্য্যমূত্তি, তথন ব্যক্তিক্রমের সম্ভাবনা মাত্র নাই। এ তত্ত্বও "কম্পনাৎ" স্ত্র দ্বারা প্রকাশিত হইয়াছে।

শ্রীমদ্ভাগবত এ দম্বন্ধে উপদেশ দিয়াছেন যে, তিনি ত ভয়ের বস্তুই নহেন, বরং অন্তপক্ষে তিনি আত্মার আত্মা, প্রিয়তম, স্কুন্।

স্থতং প্রেষ্ঠতমো নাথ আত্মা চায়ং শরীরিণাম্॥ ভাগঃ ১১৮৮। ৩৪
আত্মাই সর্বাপেক্ষা প্রিয়, এবং আত্মার সম্পর্কেই সম্পার প্রিয়। তি^ক
সেই আত্মার আত্মা, অতএব সর্বাপেক্ষা প্রিয়।

প্রাণ বৃদ্ধি মনঃ স্বাত্মদারাপত্য ধনাদয়ঃ।
যৎ সম্পর্কাৎ প্রিয়া আসংস্ততঃ কো নু পরঃ প্রিয়ঃ॥

ভাগঃ ১০।২৩।২৭

যাঁহার সম্পর্কে প্রাণ, বৃদ্ধি, মন, দেহ, দারা, অপত্য, ধনাদি প্রিয়, তাঁহা হইতে প্রিয়তর আর কে হইতে পারে ? ভাগ: ১০।২৩।২১

কৃষ্ণমেনমবেহি ত্মাত্মানমখিলাত্মনাম্। ভাগঃ ১০।১৪।৫৫ ১।১।৮ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

তিনি নিজেই বলিয়াছেন, ''অহমাত্মাত্মনাং ধাতঃ প্রেষ্ঠঃ সন্ প্রেয়সমাপি। অতো ময়ি রতিং কুর্য্যান্দেহাদির্যংকৃতেঃ প্রিয়ঃ ॥" ৩।১।৪১

হে বিধাত: ! আমি জীবাত্মাগণের আত্মা, এবং প্রিয় বস্তুদকলের মধ্যে প্রিয়তম। অতএব, আমাতেই রতি করাই কর্ত্তবা। দেহ প্রভৃতি দকলই আমার হেতৃ প্রিয়। ৩১।৪১

তিনি শুর্ প্রিয়তম নহেন, আশ্রিতগণের সম্দায় পুরুষার্থ প্রদান কারী।
তং তাখিলাত্মদন্মিতেরশ্বরমাশ্রিতানাং সর্বার্থদং · · । ভাগঃ ১১।২৯।৫

তৃমি অথিল জগতের প্রিয় বন্ধু, প্রভু এবং আশ্রিতগণের সর্বার্থদানকারী। এবং তিনি আনন্দনিধি। ভাগঃ ১১।২না৫

তং সভামানন্দনিবিং ভক্তেত । ভাগঃ ২।১।৩৯
এমন কি, তিনি রূপা করিয়া ভক্তকে আত্মদানও করিয়া থাকেন।
স্মরতঃ পাদকমলমাত্মানমপি যচ্ছতি। ভাগঃ ১০।৮০।১১

-----আত্মদশ্চ জ্বগতামিতি মে বুতোহসি। ভাগঃ ১০।৬০।৩৭
সর্ব্বান্ দদাতি স্ক্রদো ভজতোহভিকামানাত্মানমপ্রাপচয়াপচয়ৌ ন যস্তা । ভাগঃ ১০।৪৮।২৬

১।৩।১৯ স্থত্তের আলোচনায় ইহাদের সরলার্থ দেওয়া হইয়াছে।

ভিনি আনন্দস্বরূপ, রসরাজ। তাঁহা হইতে আনন্দধারা অবিশ্রাম অবিরভ ধারে প্রবাহিত হইতেছে। সেই আনন্দের কণা পাইয়াই প্রকৃতি আনন্দে বিভার। উষাকাশের আলোক ও বর্ণচ্ছটায়, পুশের অমর হাসিতে, বিহণণাণের ললিত গীতিতে, মাতার স্নেহে, সতীর প্রেমে, পুত্রের ভক্তিতে, শিশুর হাসিম্থে সেই আনন্দকণার প্রতিচ্ছবি দেখিতে পাই। তাঁহাকে ভয় করিবার কিছুই নাই। তাঁহার সেই আনন্দের স্পন্দন হৃদয়ে ধারণ করিবার শক্তি ও অধিকার সংগ্রহ করিবার উপদেশেই সম্দায় শাস্ত্রের চেটা ও সার্থকতা। যেমন ১।১।০ প্রের আলোচনায় বর্ণিত বেতার সংবাদগ্রাহক যন্ত্র পৃথিবীর পৃষ্ঠে, উপরে আকাশে, যেখানে ধরা যাইবে, সেইখানেই সেই সংবাদ প্রত্যক্ষের বিষয় হইয়া পড়িবে, সেইরূপ অধিকারী হইতে পারিলেই, যেখানে থাক না কেন, সেই আনন্দের স্পন্দন গ্রহণ করিতে পারিবে এবং তাহাই পরম পুরুষার্থ। ইহাও "কম্পনাৎ" শব্দের লক্ষ্যার্থ।

প্রপঞ্চ জগতে যে গতি, ক্রিয়া দেখিতে পাই, ভক্তগণের মধ্যে বৈষ্ণবগণ তাহা প্রীভগবানের রাসনৃত্যের অনুকৃতিতে নৃত্য বা স্পন্দন, শৈবগণ শিবতাওবের প্রতিচ্ছবি, এবং শাক্তগণ আচ্যাশক্তির উদাম নৃত্যের অনুকরণ-নৃত্য, মনে করিয়া ভাবে বিভার হইয়া থাকেন। আমরা এখানে শ্রীমদ্ভাগবতের আলোচনায় নিযুক্ত। শ্রীমদ্ভাগবত কি বলেন, তাহাই আমাদের আলোচা। বৃন্দাবনে যে রাসলীলা হইয়াছিল, তাহা, প্রপঞ্চ জগতের বাহিরে, অবিদ্যার পারে শ্রেসলীলা হইয়াছিল, তাহা, প্রপঞ্চ জগতের বাহিরে, অবিদ্যার পারে শ্রেসলীলার হরমাছিল, তাহা, প্রপঞ্চ জগতের বাহিরে, অবিদ্যার পারে শ্রেসণানের স্বরূপধামে, স্বরূপশক্তির বিভৃতিরূপ গোপী লইয়া নিত্যলীলার প্রতিচ্ছবি। ভক্তগণের অনুগ্রহের জন্ম, আনন্দস্বরূপের আনন্দানুভৃতি কিরূপ প্রতিচ্ছবি। ভক্তগণের অনুগ্রহের জন্ম, আনন্দস্বরূপের আনন্দানুভৃতি কিরূপ প্রতিচ্ছবি। ভক্তগণের অনুগ্রহের জন্ম, বৃন্দাবনে রাসলীলার অভিনয়। স্বরূপধামে তাহা প্রপঞ্চ প্রকৃতিত করিবার জন্ম, বৃন্দাবনে রাসলীলার অভিনয়। স্বরূপধামে

যে নিত্যলীলা হয়, এবং যে লীলার প্রপঞ্চ যুর্ভিই স্থাই, তাহাই রাসলীলা। আমরা যেমন নিজের নিজের শক্তাহ্ণসারে ভোগ্য উপভোগ করিয়া থাকি, জ্ঞানশক্তি দ্বারা কোনও গভীর তত্ব বৃঝিতে পারি, বলশক্তি দ্বারা কোনও গুরু দ্রব্য তুলিতে পারি, সৌন্দর্য্যাহ্মভাবিনী শক্তির দ্বারা হ্মন্দর পুপ্পের বা ছবির বা ভাস্কর্য্যের সৌন্দর্য্যাহ্মভব করিতে পারি, শ্রীভগবানও সেইরপ তাঁহার শক্তির দ্বারা সৌন্দর্য্য, আনন্দ প্রভৃতি অহভব করিয়া থাকেন। তিনি অনস্ত শক্তিমান, না পারা তাঁহাতে সম্ভবে না। তবে আমরা নিজেদের শক্তি, ব্যক্তিভাবে আকারিত করিয়া না, শ্রীভগবান্ অচিম্ভাশক্তি সম্পন্ন, তিনি তাঁহার হলাদিনী শক্তি (বা আনন্দাহ্মভাবিনী শক্তি), সংবিৎ (জ্ঞান) শক্তি, ব্যক্তিভাবে আকারিত করিয়া তাঁহাদিগের সাহচর্য্যে আনন্দ, জ্ঞান অহভব করিয়া থাকেন। আমরা অল্প শক্তিসম্পান্ন, আমাদের অহভবও অল্প। শ্রীভগবান্ অনস্ত শক্তিসম্পান্ন, এবং তাঁহার অহভবও সেইজন্ম অনস্ত বস্তু । আনন্দময়ের আনন্দাহ্মভবের পদ্ধতি ও প্রকৃতি, প্রপঞ্চে ভক্তগণের মঙ্গলের জন্ম প্রকৃতি করাই বুন্দাবনের রাসলীলার উদ্দেশ্য।

১০০২০ স্ত্রের ব্যাখ্যায় যে (+) যোগাত্মক ও (—) ঋণাত্মক তুই তড়িৎ কেন্দ্রের বিষয় দৃষ্টান্ত স্বরূপে ভগবান ও ভল্কের সম্বন্ধে দেখান হইয়াছে, ভাহা হইতে প্রতীত হইবে যে, জগৎস্থ স্ত্রী পুরুষ সকলেই শ্রীভগবানকে পাইবার জন্ম আগ্রহান্বিত। তিনি সকলকেই আকর্ষণ করেন। অভএব তাঁহাকে যদি (+) যোগাত্মক কেন্দ্রে অবস্থিত মনে করা যায়, তবে অপর সকলেই (—) ঋণাত্মক কেন্দ্রে থাকিবে। এখন (+) যোগাত্মক কেন্দ্রকে যদি "পুরুষ" বলিয়া অভিহিত্ত করা যায়, তাহা হইলে (—) ঋণাত্মক কেন্দ্রে অবস্থিত প্রপঞ্চের যা কিছু, সমৃদায়ই, "প্রকৃতি" বলিয়া অভিহিত্ত করিতে হইবে। এজন্ম রাসলীলায় একমাত্র "পুরুষই" শ্রীকৃষ্ণ—পরমাত্মা, এবং অপর সকলেই গোপী—"প্রকৃতি"। এই কারণ মীরাবাই শ্রীমদ্ রূপ গোস্বামীর উদ্দেশ্যে বলিয়াছিলেন যে, গোস্বামীজী কি জানেন না যে, জগতে একমাত্র শ্রীকৃষ্ণই পুরুষ, ও অপর সকলে, কি পুংমৃতিধারী, কি স্ত্রীমৃত্তিধারী সমৃদায়ই প্রকৃতি।

এই রাসনৃত্যে শ্রীভগবানের যে পদ ও হস্ত সঞ্চালন, শরীর দোলায়ন, ইহারই অমুকম্পনে জগতে চন্দ্র, স্থ্য, গ্রহ তারকাদির গতি, সম্দ্রের জোয়ার ভাঁটা, বৃক্ষলতার জন্ম বৃদ্ধি। তাঁহার রাসগানের মৃচ্ছনা, শিশুর কলহাস্যে, পাখীর মধ্র গীতে, প্রনের স্বন্ধনে, সম্ব্রের উচ্ছাসে শুনিতে পাই। আবার রাসের শুরু গন্তীর বাদ্যের প্রতিধবনি, অশনির গর্জনে, ঝটিকাবর্তের তাওব নৃত্যে ও ত্রস্ত হুঝারে উপলব্ধি করিয়া স্তন্তিত হই। সেই রসরাজের নৃত্যের অনুকরণে অন্তঃকরণের বৃত্তিগণ ও ইন্দ্রিয়ণ জীবাত্মাকে ঘিরিয়া নৃত্য করিতে থাকে। এই রাসনৃত্যের নিদর্শন আমরা জগতের প্রত্যেক পরমাণুর ভিতর প্রোটনকে ঘিরিয়া ইলেকট্রন্গণের নর্জনে অনুভব করিয়া এবং একই যোগ (十) তড়িতাত্মক প্রোটনের সর্কাদিকে ঋণ (一) তড়িতাত্মক ইলেকট্রন্গণের সংখ্যার স্থানাধিক্যে এবং নর্জনের প্রকার ভেদের উপর বিভিন্ন বস্তর সৃষ্টি উপলব্ধি করিয়া স্তন্তিত হই। ফলতঃ সেই রাসনৃত্যের মূল কম্পনের অনুকম্পনই জগং। তাঁহার ইচ্ছায় যখন কম্পনের বেগ রোধ হইবে, তথনই প্রলয়। স্থতরাং আমরা কতক বৃঝিলাম, কি গভীর অর্থ জ্ঞাপন করিবার উদ্দেশ্যে স্ব্রকার "কম্পনাৎ" পদ ব্যবহার করিয়াছেন।

পদার্থবিদ্যাবিদ্গণ বহু গবেষণা করিয়া সিদ্ধান্ত করিয়াছেন যে, শব্দ, তাপ, আলোক, তড়িংশক্তি, চুম্বকার্বণ প্রভৃতি সমৃদায়ের উৎপত্তি, "কম্পন" হইতে। "কম্পনের" বেগের এবং প্রকৃতির ইতর বিশেষে কখনও শব্দ কখনও তাপ কখনও আলোক, কখনও তড়িং ইত্যাদি অন্থভ্ত হয়। দৃশ্যমান অতি সুল প্রস্তরখণ্ডের অণ্-পরমাণুর মধ্যেও "কম্পন" আছে, এবং অণ্ পরমাণুগণও "কম্পন" হইতে উদ্ভৃত। অতএব বর্ত্তমান বৈজ্ঞানিক সিদ্ধান্তেরও প্রগতি আর্য্য ৠষিগণের অতি পুরাতন সিদ্ধান্তের দিকে। ইহা মনে করিলে খবিদের চরণে কি মস্তক আপনা আপনিই নত হইয়া পড়ে না?

এখন প্রশ্ন হইতে পারে যে, শ্রীভগবানের নৃত্য বা কম্পন যখন জগৎ, তখন তিনি ত সর্বাদা চঞ্চল, তবে তাঁহাকে কৃটয়, অক্ষর, নিরীয় বলা যায় কির্বাপে ? এইটি ধারণা করিবার জন্য আমরা একটি দোলায়মান গোলকের সাহায্য লইব। মনে কর, একটি গোলক এক মিনিটে এক ফুট দোলে। উহার বেগ মিনিটে ২ ফুট। ক্রমে গোলকের বেগ য়দ্ধি কর, মিনিটে ২০০ ফুট কর, তাহা হইতে গোলকটি ২ মিনিটে ঐ একফুট স্থানের মধ্যে ২০০ বার আসিবে। ক্রমে আরও বাড়াইয়া ২০০০, ২০০০০, ২০০০০০ কর। ক্রমশঃ যতই বাড়ান যাইবে, গোলকটি ঐ একফুট স্থানের মধ্যে তত অধিকবার ত্রলিভে বাড়ান যাইবে, গোলকটি ঐ একফুট স্থানের মধ্যে তত অধিকবার ত্রলিভে বাড়ান থাইবে, গোলকটি ঐ একফুট স্থানের মধ্যে তত অধিকবার ত্রলিভে বাড়িনিবে এবং উক্ত ২ ফুটের মধ্যম্ভ কোনও বিশেষ বিন্দৃতে ২মিনিটে উহার অবস্থান ২০০০, ২০০০০০, ২০০০০০ এবং আরও বাড়াইলে, আরও অধিক হইবে। এইরূপে যদি বেগ অনস্তগুলে বাড়ান যায়, তবে উক্ত গোলকের ঐ ২ফুট পরিমিত স্থানের কোনও বিশেষ বিন্দৃতে অবস্থান, ২মিনিটে অনস্তবার হইবে। অর্থাৎ, তথন উহা স্থির

সন্দিশ্বমনে সহজেই প্রশ্ন উঠিতে পারে যে, রাস, নৃত্যমাত্র, উহা হস্তপদাদি অঙ্গ প্রত্যঙ্গের মৃত্ সঞ্চালন মাত্র। সেই মৃত্ সঞ্চালন, কি প্রকারে গ্রহ উপগ্রহাদির প্রচণ্ড বেগের ও ত্বরন্ত আবর্তনের কারণ হইতে পারে? কিন্তু একটু প্রণিধান পূর্বক বিবেচনা করিলে প্রত্যহ দৈনন্দিন ব্যাপার হইতে আমরা ইহার উত্তর পাইব। একটি ঘড়ির দোলনের সঞ্চালন, উহার অন্তর্গত প্রিং-এর অতি মৃত্ গতির উপর নির্ভর করে। কোনও কোনও ঘড়ির প্রিং সপ্তাহে একদিন, কোন কোনটির মাসে একদিন, আবার এমন ঘড়ি আছে, যে উহার প্রিং বৎসরে একদিন কবিতে হয়। সেই প্রিং প্রতি মৃত্তাবে ত্বলিতে থাকে। এত মৃত্, যে তাহা ইন্তিয়গ্রাহ্য নহে। অথচ তাহার সেই মৃত্র বেগের জন্ত ঘড়ির দোলক হলিতে থাকে, যাহা সহজে ইন্তিয়গ্রাহ্য, এবং প্রিং-এর সংকোচন ও প্রসারণের পরিমাণের সহিত, সেই একই সময়ে দোলক যতবার হিলিয়তাহ ও প্রত্যেক বারে যতদ্র হলিয়াছে, উভয়কে গুণ করিয়া মোট দ্রুম্বের্ব পরিমাণ তুলনা করা যায়, তবে দেখিতে পাওয়া যাইবে যে, উভয়ের পরিমাণের অস্তর অতি বিস্তর; কিন্তু উহার বেগের কারণ ঐ প্রিং-এর মৃত্র প্রসারণ মাত্র।

অতএব বৃঝা গেল যে, পরিধির আপেক্ষিক অত্যধিক বেগ, কেন্দ্রের অতি মৃত্ দঞ্চালনের উপর নির্ভর করে। স্থতরাং বিশ্বযন্ত্রের পরিধিতে অবস্থিত গ্রহ, উপগ্রহ প্রভৃতির ভীষণ বেগ যে কৃটস্থের অতি মৃত্ অঙ্গভঙ্গির উপর নির্ভর করিবে, তাহাতে আর সন্দেহ কি? এই একই কারণে পুরাণে কথিত । ছে যে, বিষ্ণুর এক নিমেষ (চক্ষ্ পল্লবের উন্মীষণ = নিমীষণ কাল) =
) শিবের একশত বৎসর। শিবের এক অহঃ = ব্রহ্মার একশত বৎসর। ব্রহ্মার

এক অহ: = ১০০০ চতুর্গ = ১৪ মন্বস্তর। এক চতুর্গ = ১২০০০ দিব্য বংসর। মনুষ্য পরিমাণে ৩৬০ অহোরাত্র = দৈব পরিমাণে ১ অহোরাত্র, এক বংসর ৩৬০ অহোরাত্রে দৈব একবংসর।

আমরা ইহার দৃষ্টান্ত তড়িৎ-মাপক যন্ত্রে পাই। উহাতে একক নির্দেশক, দশক নির্দেশক, শতক, সহস্র নির্দেশক কাঁটা আছে। একক নির্দেশক কাঁটা তাহার নির্দিষ্ট দশঘরবিশিষ্ট বৃত্তের একবার আবর্তন করিলে, দশক নির্দেশক কাঁটা মাত্র এক ঘর অগ্রসর হয়। সে আবার ঐ প্রকারে দশ ঘর অগ্রসর হইয়া তাহার বৃত্তকে একবার আবর্তন করিলে, শতক নির্দেশক এক ঘর অগ্রসর হয়। সে আবার ঐ প্রকারে তাহার নির্দিষ্ট দশ ঘরবিশিষ্ট বৃত্তকে আবর্তন করিলে, সহস্র নির্দেশক এক ঘর মাত্র অগ্রসর হয় ইত্যাদি।

অতএব আমরা বুঝিলাম, বিশ্বযন্ত্রের অপরিমেয় বেগের ও গতির <mark>যুল</mark> কোপায়।

এই আলোচনায় আমরা দৃশ্যপ্রপঞ্চের—দেশকাল ও বস্তুপরিচ্ছিন্নতার মধ্য হইতে দৃষ্টাস্ত সংগ্রহ করিয়া আলোচ্য বিষয়টি বিশদ করিবার চেষ্টা করিয়াছি। কিন্তু সর্ব্বদাই মনে রাখিতে হইবে যে, ভগবানের রাসনৃত্য তাঁহার স্বন্ধপ ধামের ব্যাপার। সেখানে দেশ, কাল ও বস্তু পরিচ্ছেদ নাই। গতির—স্থিতির ভেদ সেধানে নাই। প্রপঞ্চে গতির ধারণা করিতে হইলে কাহার সম্বন্ধে গতি' এই প্রশ্ন স্বতঃই হৃদয়ে উদিত হয়। প্রপঞ্চে গতিমাত্রই আপেক্ষিক। নিত্য ধামে সে আপেক্ষিকতা নাই। সম্দায়ই সেধানে ব্রহ্মস্বন্ধপ। সমকালে স্ক্র্ম ও স্থুল, কৃটস্থ ও অনন্ত, সর্ব্বব্যাপী। উহার ধারণা আমাদের উপলব্ধির সাধনভূত ত্রিগুণাত্মক অন্তঃকরণের দ্বারা সম্ভব নহে। উহাদের লয় হইলে, স্বপ্রকাশ আত্মা স্বন্ধরূপে উদ্ভাসিত হইয়া উঠিলে তবেই অমুভূতি হইতে পারে। তাহা যতদিন না হয়, ততদিন শ্রহ্মা করেবার, যাহাদের উক্ত প্রকার অমুভূতি হইয়াছে, তাঁহাদের কথা অসীকার সহকারে, যাহাদের উক্ত প্রকার অমুভূতি হইয়াছে, তাঁহাদের কথা অসীকার করেবাই যুক্তিযুক্ত। জড়বিজ্ঞান আলোচনায় আমরা জ্ঞানি যে, বৈজ্ঞানিকগণ করাই যুক্তিযুক্ত। জড়বিজ্ঞান আলোচনায় আমরা জ্ঞানি যে, বৈজ্ঞানিকগণ নানাপ্রকার যন্ত্র সাহায্যে নানা প্রকার তথ্য আবিদ্ধার করিয়াছেন, আমাদের নানাপ্রকার যন্ত্র সাহায্যে নানা প্রকার তথ্য আবিদ্ধার করিয়াছেন, আমাদের নানাপ্রকার যন্ত্র সাহায্যে নানা প্রকার তথ্য আবিদ্ধার করিয়াছেন, আমাদের

সকলের গৃহে ঐ প্রকার যন্ত্র থাকা সম্ভব সহে। আমরা নির্কিচারে উহাদের যন্ত্ৰ সাহায্যে পরীকালক ফল গ্রহণ করি। অধ্যাত্মকেত্রে তাহা না করার কারণ কি ? অধ্যাত্মশাস্ত্র আলোচনা না করার ফল ভিন্ন উহা আর কি হইতে পারে? বেদই সম্দায় অধ্যাত্ম শাস্ত্রের মূল। বেদের মন্ত্রসকল ঋষিগ্র শাধনলৰ অভীব্ৰিয় জ্ঞান হইতেই উপলব্ধি করিয়াছিলেন এবং তাঁহারা ইহাও বোষণা ক্রিয়াছেন যে, যে কোনও ব্যক্তি সাধনার সেই স্তরে উন্নীত হইবেন, তাঁহার অন্তর্দৃষ্টির নিকট ঐ সমুদায় তথ্য প্রকটিত হইবেই হইবে। আমরা তাঁহাদের অবলম্বিত ও উপদিষ্ট প্রথামত সাধনাও করিব না, এবং তাঁহাদের উক্তি বিশ্বাসও করিব না। ইহা কি নিতান্ত অগঙ্গত নহে ? জড় জগতের কোনও নিয়ম বিশ্বাস না করিলে কি নিয়মের কোনও হানি হয়? নিয়ম যেমন তেমনই থাকে। আমার বিশ্বাস বা অবিশ্বাসের অপেক্ষামাত্র না করিয়া উহার কার্য্য উহা করিবেই করিবে। অধ্যাত্ম জগতেও তাই। আমি উক্ত জগতের নিয়ম অঙ্গীকার করি বা না করি, তাহার প্রতি কিছুমাত্র অজ্ঞানতার জ্বল্য উহার পেষণে আমি পিষ্ট হইবই হইব। মাধ্যাকর্ষণের নিয়ম ना मानिया बढ़ोलिकांत्र ছां रहेरे लक्क्थनान कतिरल कि रखना खंद ना হইয়া পরিত্রাণ পাওয়া যায়? দেইরূপ, অধ্যাত্ম রাজ্যের নিয়ম পরম্পরা না মানিয়া যথেচ্ছ জীবনযাপন করিয়া যাইলে যে প্রত্যবায় ভাগী হইতে হইবে, ভাহাতে দলেহ কি? যেমন কোনও রাজ্যে গমন করিলে, দেখানকার নিয়ম যদি গস্তার অবিজ্ঞাত থাকে, তাহা হইলে, তাঁহাকে যেমন পদে পদে বিপন্ন হইতে হয়, এবং হয় নিজ প্রচেষ্টায় নিয়ম জানিয়া লইতে হয়, অথবা যাহারা উক্ত নিয়ম জানেন, তাঁহাদের সাহায্য লইতে হয়, সেইরূপ অধ্যাত্ম রাজ্যে ভ্রমণ করিতে হইলে, হয় সাধনা দ্বারা উহার নিয়ম অধিগত করিয়া লইতে হয়, অথবা যাঁহারা উক্ত নিয়ম জানেন, তাঁহাদের উপদেশ, হয় শাস্ত্র ধারা অথবা উপযুক্ত গুরুর মুখে গ্রহণ করিতে হয়, নতুবা পদে পদে বিপন্ন হইতে হইবে।

ভিভি --

"ন তত্র স্থাো ভাতি ন চন্দ্রভারকং নেমা বিহাতো ভান্তি। কুতোহয়মগ্নিঃ। তমেব ভান্তমনুভাতি সর্ববং তস্তা ভাসা সর্বমিদং বিভাতি॥" কঠঃ ২া২।১৫

সেণানে স্থ্য প্রকাশ পায় না, চন্দ্র ভারকাও প্রতিভাত হয় না, বিগ্রুৎ
স্ফুরণ হয় না, অগ্নি বা কোথা হইতে প্রকাশ পাইবে? প্রকাশমান সমুদায়
পদার্থ ই তাঁহার অনুগত হইয়া প্রকাশ পায় এবং তাঁহারই জ্যোতিতে এই
জগৎ প্রতিভাত হয়।

কঠঃ ২।২।১৫

সূত্র ঃ—১।৩।৪২

জ্যোতিদ্ধ শ্বাৎ ॥ ১।১।৪২ জ্যোতিঃ + দর্শনাৎ ॥

জ্যোতি: —তেজ স্বরূপ। দর্শনাৎ: —শ্রুতিতে দর্শন হেতু।

শিরোদ্ধত শ্রুতি এই অদুষ্ঠমাত্র পুরুষ সম্বন্ধে উক্ত হইয়াছে। তিনি স্বপ্রকাশ জ্যোতিঃস্বরূপ। যেরূপ প্রদীপের আলোক নিজেকে প্রকাশ করে, ও অন্যান্ত বস্তুকে প্রকাশিত করে, সেইরূপ, স্বপ্রকাশ তিনি, নিজেকেও প্রকাশ করেন, এবং অন্যান্ত সমৃদায় বস্তু প্রকাশিত করেন। জগতে যে সমৃদায় জ্যোতিশ্মান্ বস্তু দেখিতে পাওয়া যায়, তাহারা তাঁহারই জ্যোতিঃকণা লইয়া জ্যোতিশ্মান্ হয়।

যেন স্বরোচিষা বিশ্বং রোচিতং রোচয়াম্যহম্। যথাকোই গ্নির্যথা সোমো যথকু গ্রহতারকাঃ॥ ভাগঃ ২।৫।১১ ১।৩।২৮ স্বত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

যস্তা ভাসা সর্বমিদং বিভাতি সচরাচরম্ ॥ ভাগঃ ১০।১৩।৫৫ ১।৩।৩২ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। প্রত্যুগ্ধামা স্বয়ং জ্যোতির্বিশ্বং যেন সমশ্বিতম্ ॥

ভাগ: ৩।২৬।৩

ক্ষেত্রজ্ঞ আঝা-পুরুষঃ পুরাণঃ
সাক্ষাৎ স্বয়ংজ্যোতি রজঃপরেশ:। ভাগঃ ৫।১১।১৩
সত্যং জ্ঞানমনন্তং যদ্ ব্রহ্মজ্যোতিঃ সনাতনম্।।
ভাগঃ ১০।২৮।১৫

আত্মা হোকঃ স্বয়ং জ্যোতির্নিত্যোহত্যো নিগুর্ণণা গুণৈঃ। ভাগঃ ১০৮৫।২২

১।১।২৫ স্বত্তের আলোচনায় ইহাদের সরলার্থ দেওয়। হইয়াছে।
দ্বারেণ চক্রান্তপথেন তত্তমঃপরং পরং জ্যোতিরনন্তপারম্।
ভাগঃ ১০৮৯।৫১

অনস্তর অর্জুন চক্রপ্রদীপ্ত পথে প্রকৃতির পরে বর্ত্তমান পরম ভাগবত জ্যোতিঃ
দর্শন করিলেন। ১০৮০।২৫

অতএব প্রতিপাদিত হইল যে অঙ্গুষ্ঠ পরিমিত পুরুষ স্বয়ং ভেয়াতি পরবাদ্ধ।

५०। व्यर्थाखत्रवानिगुभटमभाधिकत्रवा।

ভিভি:-

"আকাশো হ বৈ নামরূপয়োর্নির্বহিতা, তে যদন্তরা, তদ্ ব্রহ্ম, তদমূতং, স আত্মা।" (ছান্দোগ্যঃ ৮।১৪।১)।

আকাশই নাম ও রূপের অর্থাৎ সমস্ত জগতের নির্ব্বাহক—কারণ। সেই নাম ও রূপ যাহার মধ্যে অথচ নামরূপ হইতে পৃথক, তাহাই ব্রহ্ম, তাহাই অমৃত, তাহাই আত্মা। (ছা: ৮।১৪।১)

সংশয়:—শিরোদেশে উদ্ধৃত শ্রুতিতে আকাশই জগতের কারণরূপে উক্ত হইয়াছে, আকাশ শব্দে কি ভূতাকাশ, অথবা মৃক্তাত্মা, অথবা পরমাত্মা? আকাশ শব্দে ত ভূতাকাশ প্রদিদ্ধ। নামরূপের অবকাশ ভাব ত ভূতাকাশে বিভ্যমান, এজন্ম ভূতাকাশকে কারণও বলা যায়। আবার উপরে উদ্ধৃত শ্রুতিমন্ত্রের অব্যবহিত প্রেই মৃক্তাত্মার প্রসঙ্গ রহিয়াছে। অতএব, মৃক্তাত্মাই বা হইবে না কেন? ইহার উত্তরে স্ত্র:—

সূত্র ঃ—১। গা৪৩

আকাশোহর্থান্তরত্বাদিব্যপদেশাং ॥ ১।৩।৪৩ আকাশঃ + অর্থান্তরত্বাদি + ব্যপদেশাং।

আকাশঃ: - আকাশ শব্দের অর্থ পরব্রন্ধ। অর্থান্তরত্বাদি: - অন্ত অর্থ প্রভৃতির - নামরূপের - নির্বাহক, অতএব নামরূপ হইতে পৃথক। ব্যপদেশাৎ: - উল্লেখ হেতু।

যিনি নামরূপের কারণ, নামরূপ থাহার মধ্যে অবস্থিত, অথচ নামরূপ হইতে পৃথক, তিনি ব্রহ্ম এই উল্লেখ থাকা হেতু, আকাশ, পরমাত্মাই।

ব্রহ্মই নামরূপের নির্বাহক, ভৃতাকাশ নছে। অতএব আকাশ, ভৃতাকাশ নহে। বন্ধ জীব নামরূপে বন্ধ, মৃক্ত জীব জগৎ নির্মাণ কার্য্য করিতে পারে না। অতএব আকাশ অর্থে মৃক্ত জীব নহে, পরমাত্মাই। সর্ব্ব প্রত্যয়সাক্ষিণ আকাশশরীরস্থ সাক্ষাৎ পরব্রহ্মণঃ পরমাত্মনঃ
....। ভাগঃ ৬।৯।৩৯

১০০১৬ স্থত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

যয় স্পৃশন্তি ন বিত্র্মনোবৃদ্ধীন্দ্রিয়াসবঃ।

অন্তর্বহিশ্চ বিততং ব্যোমবত্তন্নতোহস্মাহম্॥ ভাগঃ ৬।১৬।১৯

অন্তব্যাহন বিভান বৈদ্যামবস্তমতোহ খ্যাহম্ । ভাগঃ ৬।১৬।১৯
আকাশের ন্থায় অন্তরে ও বাহিরে বিভাভ হইলেও, বাঁহাকে মন, বৃদ্ধি,
ইন্দ্রিয় ও প্রাণসকল ক্রিয়াশক্তি দ্বারা স্পর্শ করিতে ও জ্ঞানশক্তি দ্বারা জ্ঞানিতে
পারে না, তিনি ব্রদ্ধা, তাঁহাকে নমস্কার করি । ভাগঃ ৬।১৬।১৯

ত্বং ব্রহ্ম পরমং ব্যোম পুরুষ: প্রকৃতেঃ পরঃ॥ ভাগঃ ১১।১১।২৮ ১।১।২৩ স্থত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হঠয়াবছ। ভিভি:--

"কতম আত্মেতি যোহম্বং বিজ্ঞানময়ঃ প্রাণেষু হালন্তরজ্যোতিঃ পুরুষঃ।
(বুহদারণ্যকঃ ৪।৩।৭)

গ্ৰন্থ-আত্মা কোনটি ?

উত্তর—প্রাণসকলের মধ্যে এই যে হৃদয়ের মধ্যে জ্যোতিঃম্বরূপ বিজ্ঞানময় পুরুষ, ইনিই আত্মা।

এই প্রকার প্রশ্নোত্তর আরম্ভ করিয়া স্বয়ৃপ্তি অবস্থায়—

"প্রাজ্ঞেনাত্মনা সম্পরিষক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরম্"। (বৃহঃ ৪।৩।২১)

স্থ্যুপ্তি অবস্থায় প্রমাত্মার সহিত সন্মিলিত হইয়া বাহ্য বা আন্তর ভাব কিছু জানে না।

ইহার পর মৃত্যুকালে—"প্রাক্তেনাত্মনান্বার্ক্ত উৎসর্জ্জন্ যাতি।" (বৃহ: ৪।৩।৩৫)

প্রাক্ত বা পরমাত্মা কর্তৃক অধিষ্ঠিত বা পরিচালিত হইয়া দেহত্যাগ করিয়া চলিয়া যায় ৷

সংশায়: — যথন শ্রুতিতে ঐক্যের উপদেশ এবং বৈতের প্রতিষেধ রহিয়াছে, তথন প্রত্যেক জীবাত্মাই শুদ্ধাবস্থায় পরমাত্মা, পরব্রহ্ম, পরমেশ্বর হইতে পারেন। অতএব শুদ্ধ জীবাত্মাই আকাশরূপী নামরূপের নির্ব্বাহক। ইহার নির্সানের জন্ম হত্ত :—

সূত্র ঃ—১।৩।৪৪ স্বষ্প্র্যংক্রান্ডোর্ভেদেন।। ১।৩।৪৪ স্বষ্প্যংক্রান্ডোঃ + ভেদেন

স্থুমুপ্ত ব্ৰুকান্তোঃ:— স্থৃপ্তি ও উৎক্ৰমণ অবস্থায়। ভেদেন:— জীবাত্মা ও পরমাত্মা ভেদ ব্যপদেশ হেতৃ।

উপরে উদ্ধৃত শ্রুতিতে জীব ও পরমাত্মার ভেদ, জীবের স্বৃষ্ঠি, উৎক্রমণ অবস্থা বর্ণিত হইয়াছে। অতএব মৃক্ত বা শুদ্ধ জীব, পরমাত্মা নহে। যদি পরমাত্মাই হইত তবে স্ব্যূপ্তি ও উৎক্রমণ অবস্থায়, প্রাপ্য প্রাপক ভেদের উল্লেখ থাকিত না।

> অপরিমিতা গ্রুবাস্তমুভূতো যদি সর্ব্বগতা-স্তর্হি ন শাস্ততেতি নিয়মো গ্রুব নেতরপা। অজনি চ যন্ময়ং তদবিমূচ্য নিয়স্ত, ভবেৎ সমমনুজানতাং যদমতং মততুষ্টতয়া।। ভাগঃ ১০,৮৭।৩০

হে ধ্রুব অর্থাৎ নিত্য! যাদ জাব সকল বস্তুতঃ অনন্ত, নিত্য ও সর্বব্যাপী হর, তাহা হইলে পরমাত্মার সহিত সাদৃশ্য হেতু পরমাত্মার নিয়ন্ত থাকে না। কিন্তু ইতরপা অর্থাৎ অন্তপক্ষে নিয়ন্ত বর্ত্তমান থাকে, কেননা জীব আপনা হইতে অভিব্যক্ত স্বীকার করিলে আপনার নিয়ন্ত ত্বের বিরোধ হয় না। কারণ উৎপাদক নিজ কারণতা হেতু উৎপাত্যের নিয়ামক হইতে পারে। অতএব যাহারা বলেন, আপনার স্বরূপ জানি, তাঁহারা আপনাকে জানেন না, যেহেতু আপনি জ্ঞানের অবিধেয়। ভাগঃ ১০৮৭২৬

অতএব প্রতিপাদিত হইল যে, জীব স্বরূপ প্রাপ্তিতেও পরব্রহ্ম লহে।

ভিত্তি:--

"সর্বস্থ বশী সর্বস্থেশানঃ সর্বস্থাধিপতিঃ স ন সাধুনা কর্মণা ভূয়ান্ নো এবাসাধুনা কনীয়ান্ এষ সর্ব্বেশ্বর এষ সর্ব্বভূতাধিপতি-রেষ ভূতপাল এষ সেতুর্বিবিধরণ এবাং লোকানাম্ সম্ভেদায় তমেতং বেদান্থবচনেন ব্রাহ্মণা বিবিদিষস্তি …।" (রহদারণ্যক ৪।৪।১২)

তিনি সকলের বশকারী, সকলের ঈশ্বর, সকলের অধিপতি, তিনি উত্তম কর্ম দ্বারা মহান্ হন না, আবার মন্দ কর্ম দ্বারা হীন হন না। ইনি সর্কেশ্বর, ভূতপাল, জগতের বিভাগ রক্ষার হেতুভূত সেতুম্বরূপ ইত্যাদি।

সূত্র ঃ—১।৩।৪৫

পত্যাদিশব্দেভ্যঃ ॥ ১৷৩৷৪৫

পড্যাদি শব্দেভ্যঃ—পতি প্রভৃতি শব্দ হইতে।

শিরোদ্ধত শ্রুতিতে ঈশান, অধিপতি, সর্বেশ্বর, ভূতপাল প্রভৃতি শব্দ ধারা লক্ষিত প্রমাত্মাই। মৃক্তাত্মা বা শুদ্ধ জীব নহে। অতএব জীবাতিরিক্ত প্রমাত্মা সিদ্ধ হইতেছে।

শ্রিয়ঃপতির্যজ্ঞপতিঃ প্রদ্ধাপতির্ধিয়াংপতির্লোকপতির্ধরাপতিঃ। পতির্গতিশ্চান্ধকর্ফিদাত্বতাং প্রসীদতাং মে ভগবান্ সতাংপতিঃ॥ ভাগঃ ২।৪।১৯

উদ্বীক্ষতী সা পিবতীব চক্ষুষা রমাপতিং যজ্ঞপতিং জগৎপতিং॥ ভাগঃ ৮।১৭।৩

তিনি লক্ষীপতি, যজ্ঞপতি, প্রজাপতি, বৃদ্ধির পতি, লোকপতি, ধরাপতি, অন্ধক, বৃষ্ণি, ও ভক্তগণের সকল আপদসময়ে রক্ষক ও পতি, এবং সাধু সকলের পতি, সেই ভগবান্ মৃকুল আমার প্রতি প্রসন্ন হউন। ভাগঃ ২।৪।১৯

সেই অদিতি, রমাপতি, যজ্ঞপতি ও জগৎপতিকে যেন চক্ষ্মারা পান করিবার ক্যায়, দেখিতে লাগিলেন। ভাগঃ ৮।১৭।৩

অভএব সর্ববপ্রকারে প্রতিপাদিত হইল যে, নামরূপের নির্বাহক যে আকাশ, তাহা ভূতাকাশ বা মুক্ত জীব নহে, উহা পরব্রহাই।

॥ প্রথম অধ্যায় — চতুর্থ পাদ॥

অব্যক্ত, অজা, প্রভৃতি সন্দিশ্ধ পদ বিচার॥

বেদান্ত (উপনিষদ) আলোচনা করিতে করিতে অব্যক্ত, অজা প্রভৃতি শব্দ ব্যবহৃত হইরাছে, দৃষ্ট হয়। এ সমুদায় শব্দ সাংখ্যাক্ত প্রধানেরই সমপর্যায়ভুক্ত। অতএব আপাতদৃষ্টিতে, তাহারা প্রধানকে বুঝাইতে পারে মনে হয়। কিন্তু প্রকৃতপক্ষে, তাহারা অন্য অর্থে ব্যবহৃত হইরাছে। সে সমুদায় বাক্যের প্রকৃত লক্ষ্য ব্রহ্মই। ইহা প্রতিপাদন করিবার জন্য চতুর্থ পাদের অবতারণা।

১। আকুমানিকাধিকরণ।।

ভিত্তি:--

"ইন্দ্রিয়েভাঃ পরা হার্থা অর্থেভাশ্চ পরং মনঃ। মনসস্ত পরা বৃদ্ধিবর্দ্ধিরাত্মা মহান্ পরঃ॥" কঠঃ ১।৩।১০ ''মহতঃ পরমব্যক্তমব্যক্তাৎ পুরুবঃ পরঃ।

পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কান্ঠা সা পরা গতিঃ।" কঠ: ১।৩।১১

ইন্দ্রিগণ অপেক্ষা শব্দ-ম্পর্শ প্রভৃতি তাহাদের বিষয়সমূহ শ্রেষ্ঠ, বিষয় সমূহাপেক্ষা মনঃ শ্রেষ্ঠ, মনঃ অপেক্ষা বৃদ্ধি, বৃদ্ধি অপেক্ষা মহান্ আত্মা, মহৎ হইতে অব্যক্ত, অব্যক্ত অপেক্ষা পুরুষ শ্রেষ্ঠ, পুরুষ অপেক্ষা শ্রেষ্ঠ আর কিছুই নাই। তাহাই শেষ সীমা, তাহাই পরমা গতি।

সংশয় — অব্যক্ত শব্দ ত সাংখ্যোক্ত প্রধানের প্রতিশব্দ রূপে ব্যবহৃত হয়।
সাংখ্যকারিকায় "ব্যক্তাব্যক্তজ্ঞবিজ্ঞানাৎ" ইহাতে বুঝা যায় যে অব্যক্ত, প্রধানকেই
বুঝাইতেছে। স্বতরাং শিরোদেশে উদ্ধৃত শ্রুতিমন্ত্রে যে অব্যক্ত শব্দ ব্যবহৃত
হইয়াছে, তাহার অর্থ সাংখ্যোক্ত প্রধানই; কেননা "মহৎ অপেক্ষা অব্যক্ত শ্রেষ্ঠ
এবং অব্যক্ত অপেক্ষা পুরুষ প্রেষ্ঠ" বলায় সাংখ্যোক্ত তত্ত্ব নির্ণয়ের প্রণালীই
কথিত হইয়াছে। অতএব অব্যক্ত, প্রধানই। আবার ইতিপূর্বে ১০০০ প্রে
প্রধানকে "অশব্দ" অর্থাৎ বেদে অন্যক্ত বলিয়া কথিত হইয়াছে। কিন্তু কঠশ্রুতিতে যখন সাক্ষাৎভাবে অব্যক্ত শব্দ ব্যবহৃত হইয়াছে এবং পূর্বেগিক্ত
যুক্তিতে অব্যক্ত যখন প্রধানই, তথন স্ব্রকারের "অশ্ব্দ" বলিয়া প্রধানকে
আখ্যায়িত করিবার কোন হেতু নাই। এই সম্পায় সংশ্য় ও আপত্তির
নিরাকরণ জন্ম স্ব্রেকার স্ব্রে করিলেন :—স্ব্রের প্রথমাংশে আপত্তির উল্লেখ
করিয়া শেষাংশে সমাধান করিয়াছেন।

সূত্র :—১।৪।১

আনুমানিকমপ্যেকেষামিতি চেৎ, ন, শরীররপকবিগুস্তগৃহীতে-দ্বিশ্বিতি চ। ১।৪।১

আনুমানিকং + অপি + একেষাম্ + ইতি + চেং + ন + শরীররপক বিশ্বস্তগৃহীতেঃ + দর্শয়তি + চ।

আনুমানিকং :—অনুমানকল্পিত প্রধান। অপি :—ও। একেধাম্ :— কোন কোন শাখীদের। ইতি:—ইহা। চেৎ :—यদি বল। ন:—না। শরীররপকবিশ্বস্তগৃহীতে: ;—রপক ভাবে বিশ্বস্ত শরীরের গ্রহণ হেতৃ। দর্শয়তি ঃ—শ্রতি প্রদর্শন করেন। চঃ—ও।

যদি বল কোন কোন বেদ শাখাতে অর্থাৎ কঠোপনিষদে সাংখ্যাক্ত প্রধানকে উল্লেখ করা হইয়াছে, না, তাহা নহে, উক্ত শুভিতে অব্যক্ত শন্দের অর্থ প্রধান নহে, কারণ পূর্ব্বে আত্মা ও শরীর প্রভৃতি যে সমস্তকে রথী রথাদিরপে রূপক কল্পনা করা হইয়াছে, তন্মধ্যে রথরূপে কল্পিত শরীরকেই "অব্যক্ত" শন্দে গ্রহণ করা হইয়াছে। সাংখ্য, "অব্যক্ত" শব্দ প্রধানের রুট়ি বা পরিভাষা রূপে ব্যবহার করিয়াছেন বটে, কিন্তু তাই বলিয়া যে বেদান্তও সেইরূপ ব্যবহার করিতে বাধ্য, এরূপ কোন কথা নাই। সাংখ্যের পরিভাষা সাংখ্য শাস্তেই আবদ্ধ। আরও, মহতের পর অব্যক্ত ও অব্যক্তের পর পূরুষ, এই ক্রম সাংখ্যে ও কঠোপনিষদে অভিন্নরূপে ব্যবহৃত হইলেও যে, উভয়ের অর্থ সমান হইবে, এমন কোনও কথা নাই। শ্রুতির ব্যবহৃত "শব্দ" শ্রুতিতে কথিত উপক্রম, উপসংহার, অভ্যাস প্রভৃতির দ্বারাই নির্ণয় করিতে হয়। ঐ কঠশ্রুতিতেই শিরোদ্ধৃত মন্ত্র তুইটির একটু পূর্ব্বেই আছে:—

আত্মানং রথিনং বিদ্ধি শরীরং রথমেবতু।
বৃদ্ধিং তু সারথিং বিদ্ধি মনঃ প্রগ্রহমেবচ।। কঠঃ ১।৩।৩
ই দ্রিয়াণি হয়ান্মান্তবিষয়াংস্তেষ্ গোচরান্।
আত্মেন্দ্রিয়মনোযুক্তং ভোক্তেত্যান্তর্মনীষিণঃ।। কঠঃ ১।৩।৪

আত্মাকে রখী, শরীরকে রখ, বৃদ্ধিকে সারথী, মনকে লাগাম, ইন্দ্রিয়গণকে অশ্ব, এবং ইন্দ্রিয়ের বিষয় শব্দ-স্পর্শাদিকে তাহাদের গোচর বা ভ্রমণস্থান বলিয়া জানিবে। মনীধিগণ বলিয়াছেন যে, আত্মা, ইন্দ্রিয় ও মন এতন্দ্রিতয় মিলিতের নাম ভোক্তা। (কঠঃ ১।৩।৩-৪)।

ঐ দকল যদি অসংযত থাকে, তাহা হইলে ভোক্তা জীব সংসারে পতিত হয়, সংযত হইলে, সংসার পথের পারে বিষ্ণুর পরম পদ প্রাপ্ত হয়। অনন্তর, উক্ত বিষ্ণুর পরম পদ কি তাহাই ব্ঝিবার জন্ম, পর পর ইন্দ্রিয়, বিষয়, মন, বৃদ্ধি ইত্যাদির শ্রেষ্ঠিত্ব প্রতিপাদন করিয়া সকলের পর ও সংসার পথের পারে বিষ্ণুর পরম পদ উপদেশ দিবার জন্ম উক্ত শ্রুতির ১০০১০ ও ১০০১১ মন্ত্র উক্ত হইয়াছে।

এখন কঠশ্রুতির ১৷৩৷৩, ১৷৩৷৪ মস্ত্রের সহিত উক্ত শ্রুতির ১৷৩৷১০, ১৷৩৷১১
মন্ত্র তুলনা করিলে স্পষ্ট বুঝা যাইবে যে, ইন্দ্রিয়, অর্থ / বিষয়), মন, বুদ্ধি ও আত্মা

ইহারা উভয় স্থলেই একই নামে, একই অর্থে ব্যবহৃত হইয়াছে। কেবল, ১। ১।৩ মন্ত্রের রথের স্থানে ১।৩।১১ মন্ত্রের অব্যক্ত ব্যবহৃত হইয়াছে, অতএব রথ যাহাকে লক্ষ্য করিয়া ব্যবহৃত হইয়াছে, অব্যক্তপ্ত তাহাকেই লক্ষ্য করে। স্থতরাং অব্যক্ত অর্থ শরীর—শরীর মাত্র, স্থল পাঞ্চতিতিক দেহ নহে। উহার অর্থ, কর্ম-সংস্কার—যাহা বীজরূপে আত্মার অহুগমন করে এবং জীবাত্মার সংসার ভোগের সাধন পরজন্মের দেহরূপে প্রকাশ পায়, এ কারণ ইহা আত্মা হইতে শ্রেষ্ঠ এবং ইহা অব্যক্তপ্ত বটে। অতএব, অব্যক্ত অর্থ প্রধান নহে। পুরুষ অর্থাৎ পরমাত্মা দেই অব্যক্ত অপেক্ষাপ্ত শ্রেষ্ঠ, তিনি পরম্বদ, পরমা গতি।

শ্রীমদ্ভাগবতে 'অব্যক্ত' শব্দ, যাহা ব্যক্ত নহে, এই অর্থে ব্যবহৃত হইয়াছে। কোথাও অনভিব্যক্ত প্রকৃতিকেও 'অব্যক্ত' শব্দে অভিহিত করা হইয়াছে। অধিকাংশ স্থলে ইহা পরমাত্মার প্রতিপাদক।

তমক্ষরং ব্রহ্ম পরং পরেশমব্যক্তমাধ্যাত্মিক্যোগগম্যম্।

ভাগঃ ৮। গ২১

১।৩।১০ স্থত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। য একবর্ণং তমসঃ পরং তদলোকমব্যক্তমনন্তপারম্।

ভাগঃ ৮।৫।১৮

১।৩।১৩ স্থত্তের আলোচনার ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
তং মন্তাত্মজমব্যক্তং মর্ত্ত্যলিঙ্গমধোক্ষজম্। ভাগঃ ১০।৯।১৪
১।২।৭ স্থত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
অয়ং হি জীবস্ত্রিবিদজ্জযোনিরব্যক্ত একো বয়সা স আদ্যঃ।

ভাগঃ ১১।১২।১৮

১।২।১ স্থত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। বিশ্বং বৈ ব্রহ্মাতন্মাত্রং সংস্থিতং বিষ্ণুমায়য়া। ঈশ্বরেণ পরিচ্ছিন্নং কালেনাব্যক্তমূর্ত্তিনা॥ ভাগঃ ৩।১০।১২

এই বিশ্ব ভগবান্ বিষ্ণুর মায়াতে সংহাত হইয়া ব্রহ্মতন্মাত্র হইয়াছিল, পরে, পরমেশ্বর অব্যক্ত কালকে নিমিত্ত করিয়া তাহাই পুনর্কার পৃথক্ পৃথক্ রূপে প্রকাশ করিয়াছেন। ভাগঃ ৩।১০।১২

সর্গাদৌ প্রকৃতি হাস্য কার্য্যকারণরপিণী। সন্ত্রাদিভি গু'ণৈর্ধত্তে পুরুষোহ্ব্যক্ত ঈক্ষতে॥ ভাগঃ ১১।২২।১৬ ১।১।৫ স্ত্রের আলোচনীয় ইহার অর্থ দেওয়া হইয়াছে।

প্রকৃতি, পুরুষ-পরতন্ত্রা। উহার নিজের কার্য্য করিবার সামর্য্য নাই।
পুরুষের ঈশ্বণে কার্যাশীলা হয়। অতএব পুরুষই মূল। প্রকৃতি তাঁহার
শক্তিমাত্র ও লীলার উপকরণরপা। তবে অনস্ত অব্যক্ত, অব্যয় কারণরূপী
পুরুষের শক্তি বলিয়া, এবং শক্তি শক্তিমান্ হইতে অভেদ বলিয়া, প্রকৃতিকেও
অব্যক্তাদি নামে আখ্যায়িত করিলে গোষ হয় না। কিন্তু সেরূপ আখ্যার
আখ্যায়িত হইলেও, উহা সাংখ্যোক্ত প্রধান নহে।

न एक कानावयूरेवः পत्रिगामानस्या छगाः।

অনাত্যনন্তমব্যক্তং নিত্যং কারণমব্যয়ম্।। ভাগঃ ১২।৪।১৮

কালাবয়ব অহোরাত্রাদি দারা সেই প্রকৃতির পরিণামাদি গুণ উৎপন্ন ২ন না। তাহার স্বরূপ অনাদি, অনস্ত, অব্যক্ত, নিত্য, অব্যয়, কারণস্বরূপ। ভাগঃ ১২।৪।১৮

ফলে, ভগবানই প্রকৃতি। তিনি অব্যয়, বিষ্ণু, কাল, রজঃসত্বতমোময়ী স্ক্রা প্রকৃতি, তিনিই মহান্। ভাগঃ ১০।১০।২৭

স্থমেব কালো ভগবান্ বিষ্ণুরবায়ঃ ঈশ্বরঃ।। ভাগঃ ১০।১০।৩০
স্থং মহান্ প্রকৃতিঃ সুক্ষা রজঃসত্তমোময়ী। ভাগঃ ১০।১০।৩১
ভগবান্ই প্রকৃতির সাহচর্য্যে মহৎতত্ত্ব উৎপাদন করেন।
কালবৃত্ত্যাতু মায়ায়াং গুণময্যামধোক্ষজঃ।

পুরুষেণাত্মভূতেন বীর্য্যমাধন্ত বীর্য্যবান্। ভাগঃ ভা৫।২৬ ততোহভবন্ মহতত্ত্বমব্যক্তাৎ কালচোদিতাং।

বিজ্ঞানাত্মাত্মদেহস্থং বিশ্বং ব্যঞ্জংস্তমোনুদ:। ভাগঃ ৩।৫।২৭ ৩।৫।২৬-২৭ শ্লোকের অর্থ ১।১।৫ স্থত্তে ৫২ পৃষ্ঠায় দেওয়া হইয়াছে। এখানে আর দেওয়া গেল না।

অতএব, "অব্যক্ত" শব্দ যেখানে পাওয়া যায়, সেখানে কোথাও সাংখ্যোক্ত "প্রধানে"র সমপর্য্যায় রূপে ব্যবহৃত হয় না। যে সকল স্থানে উহা প্রকৃতিকে লক্ষ্য করে, সেখানেও প্রকৃতি, সাংখ্যের কথিত প্রধান নহে। প্রীভগবানের স্বকীয়া বহিরক্ষা শক্তি। শক্তি বলিয়া ভগবান্ হইতে অভিন্ন। কিন্তু তাই বলিয়া উহা ভগবান নহে। এ বিষয়ে আলোচনা পূর্বের করা হইয়াছে, এখানে বিস্তারের প্রয়োজন নাই। সাংখ্য যদি প্রধানকে ভগবানের বা পরম্বতত্ত্বের শক্তি বলিয়া নির্দ্দেশ করেন, তাহা হইলে আমাদের সহিত কোনও বিরোধ নাই। ভিত্তি:--

পূর্ব্ব স্থত্রের শিরোদেশে উদ্ধৃত শ্রুতিমন্ত্রন্বর।

সংশয় :—ভাল, শরীরকে অব্যক্ত বলিতেছ, ব্যক্ত শরীরকে অব্যক্ত বলিশব কারণ কি ? এই সংশয় নিরসনের জন্ম স্ত্র :—

সূত্র :—১।৪।২

স্ক্রন্ত তদর্হত্বাৎ । ১।৪।২ স্ক্রাং + তু + তদর্হত্বাৎ ।

সূক্ষাং :— শন্ত্রীর— অব্যক্ত। তু: — কিন্তু। তদহ হাৎ — তাহাই পুরুষার্থ সাধনযোগ্য বলিয়া।

জ্ব্যাকৃত (অপঞ্চীকৃত) ভূত-স্ক্রই, স্ক্র শরীররূপে জীবাত্মার অন্থগমন করে। এবং ইহা স্থূল দেহে পরিণত হইয়া জীবাত্মার ভোগসাধন করিয়া থাকে। রথ যেমন রথীর প্রয়োজন সম্পাদনক্ষম, এই স্ক্র অব্যাকৃত ভূত স্ক্রাত্মক শরীরও জীবাত্মার প্রয়োজন-সাধন-ক্ষম।

শ্রীমদ্ভাগবতে শ্রীভগবানের লিঙ্গ শরীরকে (সমষ্টিলিঙ্গ শরীর বা হিরণ্য-গর্ভ) অব্যক্ত বলিয়া বর্ণনা করা হইয়াছে।

এতৎ ভগবতো রূপং স্থূলং তে ব্যাহ্রতং ময়া।
মশ্রাদিভিশ্চবৈরণৈরষ্টভিবহিরাবৃত্য ।। ভাগঃ ২।১০।৩২
অতঃ পরং স্ক্রতমমব্যক্তং নির্বিশেষণম্ ।
অনাদিমধ্যনিধনং নিত্যং বাঙ্মনদঃ পরম্ ॥ ভাগঃ ২।১০।৩৬
স্থূল মুক্ত্রা স্ক্রংসমষ্টিলিক্ষ শরীরমাহ। (শ্রীধর)

ভগবানের স্থুলরূপ ভোমার নিকট বর্ণনা করিলাম। ইহার বহির্ভাগ পৃথিব্যাদি অষ্ট আবরণে আবৃত আছে। ভাগঃ ২।১০।৩২

এই স্থলব্ধপ ভিন্ন স্ক্রেরপ লিঙ্গ শরীরও আছে। তাহা ঐ স্থল শরীরের কারণস্বরূপ, ইল্রিয়গ্রাহ্থ নহে, তাহার কোনও বিশেষণ নাই, তাহা উৎপত্তি, কারণস্বরূপ, ইল্রিয়গ্রাহ্থ নহে, তাহার কোনও বিশেষণ নাই, তাহা উৎপত্তি, কারণস্বরূপ, ইল্রিয়গ্রাহ্থ নহে, তাহার কোনও বিশেষণ নাই, তাহা উৎপত্তি, কারণস্বরূপ, সর্বাদা একরূপ অর্থাৎ অপক্ষয়াদি রহিত, এবং বাক্য মনের অগোচর। ভাগঃ ২।১০।৩৩

সমষ্টি নিঙ্গ-শরীর যথন অবাক্ত, তথন বাষ্টি নিঙ্গ-শরীরকেও অব্যক্ত বলা দোষাবহ নহে। ভিত্তি:--

১।৪।১ স্থত্তের শিরোদেশে উদ্ধত মন্ত্র হুইটি।

সংশয় :— যদি ভৃত-স্মাকেই "অব্যক্ত" বলিয়া স্বীকার করিলে, তাহা হইলে সাংখ্যাক্ত প্রধানের প্রতি এত বিশ্বেষ কেন ? তাহাকে "অব্যক্ত" বলিতে বাধা কি ? এবং শ্রুতি সেই প্রধানকে লক্ষ্য করিয়া "অব্যক্ত" শব্দ ব্যবহার করিয়াছেন, এরূপ অর্থগ্রহণ করিতেই বা আপত্তি কি ? ইহার উত্তরে স্ত্র :—

সূত্র :--১।৪।৩

তদধীনত্বাদর্থবং।। ১।৪।৩ তদধীনত্বাং + অর্থবং।

ভদ্দীনত্বাৎ :—তাঁহার অর্থাৎ অন্তর্য্যামীরূপে অবস্থিত পরমাত্মার অধীনতা হেতু। অর্থাব্ধ :—সার্থক—উপাসনারূপ প্রয়োজনসম্পাদক হয়।

আমরা বেদান্তবাদী আত্মা, শরীর—রখী রখাদিরপে কল্পনা করিয়া সম্দায় অন্তর্যামীরপ পরমাত্মার অধীন বলিয়া উপাসনা কার্য্যে সার্থক, এই সিদ্ধান্ত করিয়া থাকি। সাংখ্যও ত প্রধানকেই উপাদান কারণরপে বলেন, কিন্তু পরমাত্মার অধীন বলিয়া স্বীকার করেন না, এই জ্মুই আপত্তি। আমরা অব্যক্ত —ভ্ত-স্ক্র ও তাহার বিশেষ বিশেষ পরিণাম সমূহ অস্বীকার করি না, পরক্ত তাহারা পরম প্রথমের শরীর স্থানীয়। প্রকৃতি প্রভৃতি সমস্তই তদাত্মক—এবং সেই ভাবেই তাহার উদ্দেশ্য সিদ্ধ করিয়া নিজেদের সার্থকতা সম্পাদন করে।

স এষ ভগবাঁল্লিসৈন্ত্রিভিরেতৈরধোক্ষজঃ। স্বলক্ষিতগতিত্র কান্ সর্বেবধাং মমচেশ্বরঃ॥ ভাগঃ ২া৫।২০

সেই মায়া-শক্তি অঙ্গীকারী ভগবান অধােক্ষজ আমার এবং সকলের ঈশ্বর। জীবের উপাধিশ্বরূপ গুণত্রয় খারা তাঁহার ডত্ব উপলব্ধ হয় না, কেবল তাঁহার ভক্তগণই তাঁহার ডত্ব নিরূপণ করিতে পারেন। ভাগঃ ২াধা২

কালং কর্ম স্বভাবঞ্চ মায়েশো মায়য়া স্বন্ধা। আত্মন্ যদৃচ্ছয়া প্রাপ্তং বিবৃভূষুরুপাদদে॥ ভাগঃ ২।৫।২১ ১।১।১৯ স্ত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

এখানে স্পষ্ট "মায়েশ" শব্দ ব্যবহারে, মায়া তাঁহার অধীন বলা হইল।

> তদা সংহত্য চান্সোহস্যং ভগবচ্ছক্তিচোদিতাঃ। সদসত্ত্বসূপাদায় চোভয়ং সস্জুৰ্হ্যদঃ।। ভাগঃ ২।৫।৩৩

সাসাথ স্থত্তের আলোচনায় ইহার অর্থ দেওয়া হইয়াছে।

স্ফামি তলিযুক্তো২২ং হরে। হরতি ভদ্দশঃ।

বিশ্বং পুরুষরপেণ পরিপাতি ত্রিশক্তিধৃক্।। ভাগঃ ২।৬।৩০

তাঁহারই নিয়োগে আমি ব্রহ্মা, বিশ্বস্থজন করি। তাঁহার বশে রুদ্র ইহার সংহার করেন। তিনি মায়াশক্তিধারী বিষ্ণুরূপে ইহার পালন করেন। ভাগঃ ২।৬।৩০

প্রাণাদীনাং বিশ্বস্থজাং শক্তয়ো যাঃ পরস্থা তাঃ। পারতন্ত্র্যাহৈদাদৃশ্যাৎ দ্বয়োশ্চেষ্ট্রেব চেষ্ট্রতাম্।। ভাগঃ ১০৮৫।৬

বিশ্বস্রস্থা স্থ্রাত্ম। হিরণ্যগর্ভাদির যে সকল শক্তি, তৎশম্দায়ই পরমেশ্বরের শক্তি। সকলই ঈশ্বরপরতন্ত্র, এবং চেতন স্বন্ধপ ঈশ্বর হইতে অচেতনরূপে বিসদৃশ এবং পরমেশ্বরের সত্তাতেই তাহাদিগের চেষ্টাদি ব্যাপার ২এ। যেমন চেতন মানবকর্তৃক প্রযুক্ত বাণ লক্ষ্যবেধ করিতে পারে, সেইরূপ চেতন ঈশ্বর হইতে বিসদৃশ অর্থাৎ অচেতন প্রাণাদিত্ত ঈশ্বর—শক্তিতে শক্তিমান হইয়া বিশ্বসৃষ্টি করিতে সমর্থ হয়।। ভাগঃ ১০।৮৫।১৫

সর্বং পুরুষ এবেদং ভূতং ভব্যং ভবচ্চ যং। ভাগঃ ২।৬।১৫
১।১।৪ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
দ্বিজ্বখন্যভ স এব ব্রহ্মযোনিঃ স্বয়ংদৃক্।
স্ব্রুহিমপরিপূর্ণো মায়য়া যঃ স্বয়ৈতং।
স্ব্রুহি হরতি পাতীত্যাখ্যয়ানার্তাক্ষো।
বিবৃত ইব নিরুক্তন্তংপরৈরাত্মলভাঃ॥ ভাগঃ ১২।১১।২১
স্বয়া স্বগতয়া স্বশক্তা।
স এব প্রকৃতিং স্ক্মাং দৈবীং গুণময়ীং বিভূঃ।
যদ্ভইয়বোপগতামভাপত্যত লীলয়া॥ ভাগঃ ৩:২৬।৪

১০০০ প্রেরে আলোচনার ইহাদের সরলার্থ দেওরা হইরাছে।
সা বা এতস্ত সংস্রুষ্ট্র শক্তিঃ সদসদাত্মিকা।
মায়া নাম মহাভাগ যদেদং নির্ম্মমে বিভূঃ ॥ ভাগঃ তালা২৫
কালব্ত্ত্যাতু মায়ায়াং গুণমধ্যামধোক্ষজঃ।
পুরুষেণাত্মভূতেন বীধ্যমাধন্ত বীর্য্যবান্॥ ভাগঃ তালা২৬

১৷১৷৫ স্থত্তের আলোচনায় ৩৷৫৷২৫-২৬ শ্লোকের সরলার্থ দেওয়া হইয়াছে। ভবায় নাশায় চ কর্ম কর্ত্ত_{ব্}ং শোকায় মোহায় সদাভয়ায়। স্থ্যায় হঃখায় চ দেহযোগমব্যক্তদিষ্টং জনতাক্ত ধত্তে।। ভাগঃ ৫৷১৷১৩

দেহযোগে তাবং পারতন্ত্র্যং প্রসিদ্ধং।

অব্যক্তেন ঈশ্বরেণ দিষ্টং দত্তং •••। (শ্রীধর)

হে প্রিয়ত্রত। জীব সকল জন্ম মৃত্যু, শোক মোহ ভন্ন স্থুখ দুঃখ এই সকলের নিমিত্ত কর্ম করিতে পরমেশ্বর দত্ত দেহযোগ সর্বাদাই ধারণ করে। ভাহা অশুধা করিতে কাহারও ক্ষমতা নাই। ভাগঃ ৫।১।১৩

সতএব প্রতিপাদিত হইল যে, কঠোক্ত 'অব্যক্ত' সর্বব প্রকারে— ভগবানের অধীন, স্থতরাং ইহা সাংখ্যের প্রধান নহে। ভিত্তি ঃ ১।৪।১ স্তত্তের শিরোদেশে উদ্ধৃত মন্ত্র হটি।

সূত্র :-- ১।৪।৪

জ্ঞেয়ত্বাবচনাচ্চ।। জ্ঞেয়ত্ব + অবচনাৎ + চ

ভেরেত্বঃ—জানিবার বিষয়। অবচনাৎঃ—অনুক্তি হেতু। চঃ—ও।
সাংখ্য ত্রিভাপ জালা নাশের জন্ম ব্যক্ত-অব্যক্ত-জ্ঞ এই তিনের জ্ঞানই
প্রয়োজন (ব্যক্তাব্যক্তজ্ঞবিজ্ঞানাৎ) বলিয়াই শাস্ত্র আরম্ভ করিয়াছেন। স্থতরাং
সাংখ্য শাস্ত্রান্থসারে সংসার হইতে মৃক্তি লাভ বিত্রেত হইলে 'অব্যক্তের'
জ্ঞান প্রয়োজন—অন্য কথায় অব্যক্ত মৃন্কুর জ্ঞেয়। যদি সাংখ্যোক্ত প্রধানই
শ্রুতিতে 'অব্যক্ত' শব্দের অভিপ্রেত হইত, তাহা হইলে, তাহার জ্ঞেয়ত্বও
শ্রুতিতে উলিখিত হইত। কিন্তু তাহার জ্ঞেয়ত্বের উল্লেখ কোথাও নাই।
অতএব, সাংখ্যোক্ত প্রধান শ্রুতিতে উলিখিত 'অব্যক্ত' নহে।

সর্গাদৌ প্রকৃতিগ্র্নস্থ কার্য্যকারণরূপিণী। সত্তাদিভিগুন্দিধন্তে পুরুষোহ্ব্যক্ত ঈক্ষতে॥

ভাগঃ ১১।২২।১৬

১।১।৫ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

শীভগবানের মায়াশক্তিকেই শীমদ্ভাগবতে কোথাও কোথাও 'অব্যক্ত' আখ্যার আখ্যায়িত করা হইয়ছে। তাহা ১৪৪১ পত্রের আলোচনায় প্রতিপাদিত হইয়ছে। কিন্তু সেই মায়াকে জ্রেয় বলিয়া কোথাও উপদেশ নাই। বরং অন্য পক্ষে উপদেশ আছে যে, যথন ভক্ত সাধনায় অগ্রসর হয়, ৬৭৮ মায়া তাহার সম্মুথে অবস্থান করিতে পারে না, এবং গথন এই মায়া তিরোহিত হয়, তথনই ব্রহ্মদর্শন হয়, তথনই জীব স্বীয় ওদ্ধ স্বরূপে অবস্থান লাভ করে।

ষত্রেমে সদসজেপে প্রতিসিদ্ধে স্বসম্বিদা।
অবিভায়াত্মনি কৃতে ইতি তদ্ধ ক্ষদর্শনম্।। ভাগঃ ১।৩।৩৩
১।৩।৫ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

যতেষোপরতা দেবী মায়া বৈশারদী মতিঃ।
সম্পন্ন এবেতি বিহুর্মহিম্নি স্বে মহীয়তে।। ভাগঃ ১।৩।৩৪

১।২।৩২ স্বত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। বিলজ্জমানয়া যস্ত স্থাতুমীক্ষাপথেহমুয়া। বিমোহিতা বিকথন্তে মমাহমিতি তুর্দ্ধিয়ঃ।। ভাগঃ ২।৫।১৩

১।২।২ - স্থত্রে ইহার অর্থ দেওয়া হইয়াছে।

বন্ধ, যাহা একমাত্র জিজ্ঞাদিতব্য, একমাত্রই জ্ঞেয়, তাঁহার কাছে মায়া বা প্রকৃতি লজ্জায় সম্মুখে যাইতে পারে না। স্থতরাং তাহা যে জানিবার যোগ্য নহে, ইহা আর বলিবার প্রয়োজন কি?

শশ্বৎ প্রশান্তমভয়ং প্রতিবোধমাত্রং শুদ্ধং সমং সদসতঃ

পরমাত্মতত্ত্বম্ ।

শব্দো ন যত্ত্র পুরুকারকবান্ ক্রিয়ার্থো মায়া পরৈত্যভিমুখে চ বিলজ্জমানা।

তদ্বৈ পদং ভগবতঃ পরমশ্য পুংসো ব্রহ্মেতি যদ্বিষ্ণুরজ্জস্রস্থং বিশোকম্।। ভাগঃ ২।৭।৪৬

১।১।১ স্ত্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। অতএব, জ্ঞেয়ত্বের উল্লেখ না থাকার হেতু, অধিকন্ত মৃম্ফুর প্রতি প্রকৃতির প্রভাব হইতে মৃক্ত থাকিবার উপদেশ থাকা হেতু, 'অব্যক্ত' শব্দ দারা অভিপ্রেত বস্তু সাংখ্যোক্ত প্রকৃতি নহে, ইহা সিদ্ধ হইল। ভিদ্তি:--

অশব্দমস্পর্শমরূপম্বায়ং

তথাহরদং নিত্যমগন্ধবচ্চ যং।

অনান্তনন্তং মহতঃ পরং গ্রুবং

নিচাষ্য তং মৃত্যুমুখাৎ প্রমূচ্যতে।। কঠঃ ১।৩।১৫ শব্দ, স্পর্শ, রূপ, রুস ও গন্ধ বিজ্ঞিত, আদি, অন্ত ও ব্যয় রহিত, মহতত্ত্বেরও পরবর্তী এই স্থির বস্তুকে উপাসনা করিয়া মৃত্যুম্থ হইতে পরিত্রাণ পায়।

সংশয় ঃ—এই ত, শিরোদেশে উদ্ধৃত শ্রুতি অব্যক্তেরই উপাসনার বিধান করিতেছেন। উপাস্থ বলা ও জ্ঞের বলা ত একই ? আরও, উক্ত কঠঃ ১।৩।১৫ মন্ত্র অব্যক্ত শ্রুতিমন্ত্রের অর্থাৎ কঠঃ ১।৩।১১ মন্ত্রের অল্প পরেই দৃষ্ট হয়। বিশেষতঃ, অশন্ধ, অস্পর্শ, অরূপ, অব্যয়, মহতত্ত্বের পর, প্রভৃতি যে সমৃদায় বিশেষণ প্রযুক্ত হইয়াছে, সে সমৃদায়ই সাংখ্যোক্ত প্রধানে প্রযোজ্য। অতএব, তোমার সিদ্ধান্ত সমীচীন হইল কৈ ? ইহার উত্তরে স্ত্র:—প্রথমাংশে আপত্তি পেষাংশে সমাধান।

সূত্র ঃ—১।৪।৫

বদতীতি চেৎ, ন, প্রাজ্ঞো হি প্রকরণাৎ।। ১।৪।৫ বদতি + ইতি + চেৎ + ন + প্রাজ্ঞঃ + হি + প্রকরণাৎ।

বদতি :—বলেন। ইতি :—ইহা। চেৎ :—यिन। ন :—না। প্রান্ত :—পরমাত্মা। হি:—নিশ্চয়ই। প্রকরণাৎ :—যেহেতৃ পরমাত্মারই প্রকরণ বা প্রস্তাব।

যদি শিরোদেশে উদ্ধৃত শ্রুতি অনুসারে আপত্তি কর যে, উক্ত শ্রুতি প্রধানকে লক্ষ্য করিয়া উক্ত হইয়াছে, তাহার উত্তর এই যে, তাহা নহে; প্রকরণ পরমাত্মা সংক্রান্ত। কঠ শ্রুতির ১০০১ ও ১০০১২ মন্ত্রই তাহার প্রমাণ।

বিজ্ঞানসারথির্যন্ত মনঃ প্রগ্রহবান্ নরঃ।
সোহধ্বনঃ পারমাপ্নোতি তদিফোঃ পরমং পদম্। কঠঃ ১।৩।৯
এবঃ সর্কেষু ভূতেযু গৃঢ়াত্মা ন প্রকাশতে।

দৃশ্যতে ত্বগ্রায়া বৃদ্ধা পৃক্ষায়া স্ক্ষাদশিভিঃ।। কঠঃ ১।০।১২ যে ব্যক্তি বিজ্ঞানকে (বা বৃদ্ধিকে) সার্থি এবং মনকে প্রগ্রহ (লাগাম) রূপে ব্যবহার করেন, সেই ব্যক্তি সংসার রূপ পথের পারে বিষ্ণুর পরম পদ প্রাপ্ত হন। কঠঃ ১।৩।৯

সমৃদায় ভৃতের অন্তরে গৃঢ়ভাবে অবস্থিত এই আত্মা প্রকাশ পান না, স্ক্রদর্শিগণ—স্ক্র একাগ্র বৃদ্ধি দারা—ইহাকে দর্শন করিয়া থাকেন। কঠঃ ১।৩।১২

শ্রীমদ্ভাগবতে 'অব্যক্ত' শব্দ যে পরমাত্মা শ্রীভগবানে প্রযুক্ত হইয়াছে, তাহা আমরা ১।৪।১ স্ত্রের আলোচনায় বৃক্তিতে পারিয়াছি। সেথানে উদ্ধৃত ৮।৩১১, ৮।৫।১৮, ১০।৯।১২, ১১।১২।১৮, ৩।১০।১২, ১১।২২।১৬ শ্লোক-শুলি দ্রষ্টব্য। আরও কয়েকটি শ্লোক নীচে দেওয়া গেল। ইহা লক্ষ্য করা প্রয়োজন যে, 'অব্যক্ত' শব্দের ওতপ্রোভভাবে পরমাত্মবোধক, নির্গুণ, অজ্য, ভগবান্, প্রকৃতির পর, আআ্, পুরাণ পুরুষ, ইত্যাদি পদ বাবহৃত হইয়াছে। ইহা হইতেই স্পষ্টই প্রতিপাদিত হয় যে, 'অব্যক্ত' প্রধান নহে, পরমাত্মাই।

নিগুলাহিপি হাজোহব্যক্তো ভগবান্ প্রকৃতেঃ পরঃ।
স্বমায়াগুণমাবিশ্য বাধ্যবাধকতাং গতঃ।। ভাগঃ ৭।১।৬
বাজং বিভোঃ স্থলমিদং শরীরং যেনেন্দ্রিয় প্রাণ মনো গুণাংস্কং।
ভূম্মে স্থিতো ধামনি পারমেষ্ঠো অব্যক্ত আত্মা পুরুষঃ পুরাণঃ।।
ভাগঃ ৭।৩।২৯

ভগবান, অজ, নির্প্তর পর, এবং অব্যক্ত অর্থাৎ রাগ্রেষাদির নিমিত্তভ্ত দেহেন্দ্রিয়াদি রহিত। কিন্তু এরপ হইয়াও স্বীয় মায়ার যে গুণ সন্থাদি, তাহাতে অধিষ্ঠান করিয়া বাধ্যদিগের প্রতি বাধকতা প্রাপ্ত হয়েন, অথবা, দেবাস্থরাদির পরম্পর যে বাধ্যবাধকতা, তাহার হেতু হয়েন। ৭।১।৬

হে বিভো! এই ব্রহ্মণ্ড আপনার খুল শরীর সত্য, এবং এই শরীর দ্বারা আপনি ইন্দ্রিয়, প্রাণ ও মনের বিষয় সকল ভোগ করিয়া থাকেন, ইহাও সত্য। কিন্তু সর্বাদা পর্মেখর্য্যরূপ স্ব স্বরূপেই অবস্থিত আছেন, এবং ঐ স্বরূপে অবস্থান করিয়াই ঐ সকল ভোগ করেন, কারণ, আপনি অব্যক্ত, আত্মাও পুরাণ পুক্ষ। ৭।৩২১

অভএৰ কঠমন্ত্ৰোক্ত 'মব্যক্ত' সাংখ্য কথিত প্ৰধান নহে।

ভিত্তি:--

কঠাঞ্চির যম-নচিকেভোপাখ্যান। যম নচিকেভাকে ভিনটি বর প্রহণ করিতে অন্থরোধ করায় নচিকেভা, প্রথম বরে ভাঁহার পিভার চিত্তপ্রসম্বভা দিতীয় বরে স্বর্গদাধন অগ্নিবিভার উপদেশ এবং তৃতীয় বরে আত্মাবিষয়ক জ্ঞানোপদেশ প্রার্থনা করিলেন। এই ভিনটি বরে ভিনটি প্রশ্ন করা হইয়ছিল, এবং ইহাদের মধ্যে কোনটিভেই পরোক্ষভাবেও সাংখ্যাক্ত প্রধান সম্বন্ধে কোনও উপদেশ প্রার্থনা করা হয় নাই। স্কভরাং এই ভিন প্রশ্নের উত্তরের উপর যখন সমৃদায় কঠগ্রুতির মন্ত্র প্রভিন্নিত, তখন ভাহাতে সাংখ্যোক্ত প্রধান সম্বন্ধে কোনও কথা থাকা সম্ভব নহে। স্কভরাং উহাতে যে 'অব্যক্ত' শব্দ ব্যবহৃত হইয়াছে, ভাহার লক্ষ্য প্রধান নহে।

সূত্র :--১।৪।৬

ত্রয়াণামেব চৈবমুপত্যাসঃ প্রশ্নন্দ ॥ ১।৪।৬
ত্রয়াণাং + এব + চ + এবং + উপত্যাসঃ + প্রশ্নঃ + চ।

ত্রয়াণাংঃ—তিন বিষয়ের। ত্রবঃ—অবধারণে। চঃ—ও। ত্রবংঃ— এই প্রকার। উপন্যাসঃঃ—টোলেগ। প্রশ্নঃ—প্রশ্ন। চঃ—ও।

যথন সাংখ্যোক্ত প্রধান সম্বন্ধে নচিকেতা কোনও উল্লেখ বা প্রশ্ন করেন নাই, তখন যমের সে সম্বন্ধে কোনও কথা বলা উন্মাদের প্রলাপ মত হইবে। অতএব, 'অব্যক্ত' শব্দ নচিকেতার প্রশ্নের উত্তরে ব্যব্ছত হইলেও, উহা প্রধানকে প্রতিপাদন করে না। ভিন্তি :---

১।৪।১ স্থত্তের শিরোদেশে উদ্ধত কঠশ্রুতির হুটি মন্ত্র।

সূত্র :—১।৪।৭

মহন্বচ্চ ॥ ১।৪।৭

মহদ্বৎ + চ।

মহন্তং :-- মহতত্ত্বর ভাষ। চঃ--ও।

কঠশুভির ১।৩।১০ মন্ত্রে "বৃদ্ধি অপেক্ষা মহান্ আত্মা উৎকৃষ্ট" বলায় যেমন আত্মশব্দের সহিত অভেদ প্রয়োগ থাকায় "মহৎ" শব্দে সাংখ্যাক্ত "মহতত্ত্ব"র গ্রহণ হয় নাই, সেইরূপ "অব্যক্ত"কে "মহান্ আত্মা হইতে উৎকৃষ্ট" বলায় "অব্যক্ত" শব্দে সাংখ্যাক্ত প্রধানের গ্রহণ হইতে পারে না। "মহৎ" শব্দ যে সাংখ্যাক্ত "মহতত্ত্ব"র প্রতিশব্দ নহে, উহা যে যায়াশাক্তিতে শ্রীভগবানের অপিত চিদাভাস, তাহা শ্রীমদ্ভাগবতের স্ষ্টিতত্ত্ব আলোচনা করিলে ক্পষ্ট বুঝা যায়।

কালবৃত্তা তৃ মায়ায়াং গুণময্যামধোক্ষজঃ।
পুরুষেণাত্মভূতেন বীর্যামাধন্ত বীর্যবান্ ॥ ভাগঃ ৩।৫।২৬
ততোহভবন্মহত্তত্ত্বমব্যক্তাৎ কালচোদিতাং।
বিজ্ঞানাত্মাত্মদেহস্থং বিশ্বং ব্যঞ্জংস্তমোন্ধদঃ । ভাগঃ ৩।৫।২৭
আত্মাংশভূতেন পুরুষেণ প্রকৃত্যধিষ্টাতৃরূপেণ।
বীর্যাং—চিদাভাসং। বীর্যাবান্—চিচ্ছক্তিযুক্তঃ। (শ্রীধর)
ভাগঃ ৩।৫।২৬

বিজ্ঞানাত্মা—সত্তপ্রধানতাৎ—স মহান্ সত্তাংশ প্রাধান্ত্যেন বিশিষ্ট জ্ঞানস্বরূপঃ সর্বদেহেষু চিত্তরূপেণ যোহংশেন বর্ত্তত ইতি ॥ (শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী) ভাগঃ ৩।৫।২৭

১।১।৫ স্ত্তের আলোচনায় ইহাদের সরলার্থ দেওয়া হইয়াছে। দৈবাৎ ক্ষুভিত ধর্মিণ্যাং স্বস্থাং যোনৌ পরঃ পুমান্। আধত্ত বীর্ঘ্যং সাস্ত মহত্তত্ত্বং হিরণ্ময়ম্॥ ভাগঃ এই৬।১৮

দৈবাং—জীবাদৃষ্টাৎ (শ্রীধর)
বীর্ঘ্যং—চিচ্ছক্তিং—জীবশক্ত্যাখ্যং চৈতন্তং।
হিরণ্ময়ং—প্রকাশবন্তলং।। (শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী)

১।৩।৩ স্ত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।

অতএব, "মহত্তব্ব" সাংখ্যোক্ত জড় মহৎ নহে। শ্রীভগবানের মায়াশক্তিতে তাঁহারই অপিত চৈডক্তাংশ। মায়াশক্তিও তাঁহার এবং চৈতক্তাংশও তাঁহার। অতএব, "মহৎ" তাঁহা হইতে পৃথক নহে। এজক্ত শ্রুতিতে "মহান্ আত্মা" উক্ত হইয়াছে। এই সমষ্টি "মহান্ আত্মা" বা মহত্তব্বই, হ্রিণাগর্ভ। তিনিই ব্রহ্মাকে বেদ উপদেশ দেন, এবং বেদভত্ব ব্রহ্মার হদ্যে প্রকাশিত করেন। এজক্তই "মহান্" শ্রীভগবান্ হইতে প্রভেদভাবে শ্রীমদ্ভাগবতে অনেক স্থানে উল্লিখিত আছে। তুই একটি উদাহরণ নিয়ে দেওয়া হইল।

কৃটস্থ আত্মা পরমেষ্ঠ্যজো মহাংস্তং জীবলোকস্ত চ জীব আত্মা॥ ভাগঃ ৭।৩।২৭

১।২।৬ স্থত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
সত্ত্বং রজস্তম ইতি ত্ত্তিবৃদেকমাদৌ স্তত্ত্বং মহানহমিতি প্রবদন্তি জীবং।
জ্ঞানক্রিয়ার্থফলরূপতয়োরুশক্তিব্র স্মৈব ভাতি সদসচ্চ তয়োঃ পরং যং।

১।১।২ স্থত্তের আলোচনায় ১২৫ পৃষ্ঠায় ইহার অর্থ দেওয়া হইয়াছে।

22/0/06

শ্রীমদ্ভাগবতে "মহৎ" কথনও কথনও জীববাচক রূপে ব্যবস্থাত হয়। অতএব "মৃহৎ" সাংখ্যোক্ত "মহৎ" নহে। সেইরূপ "অব্যক্ত''ও সাংখ্যোক্ত "প্রধান" নহে।

দেহেন্দ্রিয় প্রাণ মনোহভিমানো জীবোহন্তরাত্মা গুণকর্ম্মূর্ডিঃ। স্ত্রং মহানিত্যুরুধৈব গীতঃ সংসার আধাবতি কালতন্ত্রঃ॥

ভাগঃ ১১।২৮।১৭

১।৩।৫ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
শ্রুতিতে সাংখ্যোক্ত জড়প্রধান, মহৎ, বৃদ্ধি প্রভৃতির উল্লেখমাত্র নাই। কিন্তু
তা বলিয়া ব্রহ্মাত্মক ব্রহ্মশক্তিরূপে প্রকৃতি, এবং ব্রহ্মাত্মক মহৎ, বৃদ্ধি, ইন্দ্রিয়
প্রভৃতি স্বীকৃত হইয়াছে। তাহারা সকলেই ব্রহ্মের শক্তি, এবং ব্রহ্মের কার্য্যমৃত্তি। সাংখ্য যদি তাহা স্বীকার করেন তাহা হইলে বিরোধ নাই।
শ্রীমদ্ভাগবতে কপিলোক্ত সাংখ্য শ্রুতিসম্মত।

২। চমসাধিকরণ।

ভিত্তি:--

অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণাং বহুবীঃ প্রজাঃ সৃজমানাং সরূপীঃ। অজো হেকো জৃষমাণোহনুশেতে জহাত্যেনাং

ভুক্তভোগামজোহখাঃ।। শ্বেতাঃ ৪।৫

এক অজ অর্থাৎ বন্ধ জীব প্রীতি সহকারে লোহিত, শুক্র ও ক্লফবর্গ এবং নিজের অনুদর্শ বহুতর প্রজাস্থিকারিণী এক অজার অনুসরণ করে, আবার অপর অজ পরমাত্মা ভুক্তোভোগা এই অজাকে পরিত্যাগ করে।

সংশ্ব :—শ্রুতিতে যে অজার কথা উরেথ রহিয়াছে, উহা নাংখ্যাক্ত প্রধান বা প্রকৃতি নয় ত কি? সাংখ্যাক্ত প্রধান স্বতঃসিদ্ধা, স্বতরাং অজা, সত্তরজন্তমোশুনমরী, উহাই শ্রুতিতে শুকু-লোহিত-কৃষ্ণবর্ণরূপে কথিত হইয়াছে। কারণ, সন্ধ্বণ নির্মান, শুকুই উহার বর্ণ। রজোগুণ রাগাত্মক, ইতরাং লোহিতই ইহার উপযোগী বর্ণ; এবং তমঃ অজ্ঞানজ এবং মোহময়, কৃষ্ণই ইহার বর্ণ। সাংখ্যাক্ত প্রধানও নিজের অন্তরূপ সত্ব, রজঃ. তমোময় ও তন্মিশ্র নানা প্রকার জীব স্প্তি করে, এবং জীব প্রীতি সহকারে সেই অজার অনুসরণ করে। তথে যাহার অজ্ঞান দ্রীভৃত হয়, সেইই ভুক্তোভোগা এই সাংখ্যাক্ত অজাকে পরিত্যাণ করে। অতএব শ্রুতুক্ত অজা সাংখ্যাক্ত প্রধানই। ইহার উত্তরে স্ত্রঃ—

সূত্র :—১৷৪৷৮

চমসবদবিশেষাং ॥ ১।৪।৮ চমসবং + অবিশেষাং ।

চমসবৎ:—চমসের তায় (চমস চলতি ভাষায় চামচ)। ভারিশেষাৎ ঃ— বিশেষ না থাকায়।

শিরোদেশে উদ্ধৃত শ্রুতি মন্ত্রের "অজা" শব্দ যে সাংখ্যাক্ত প্রকৃতি অর্থে প্রযুক্ত, অন্ত অর্থে নহে, ইহা মনে করিবার কোনও কারণ নাই। ঐ "অজা" শব্দ বৃহদারণ্যক শ্রুতির ২।২।৩ মন্ত্রে কথিত চমস শব্দের ব্যবহার অনুরূপ। "অর্র্রাগিল ক্রমস উদ্ধিবৃত্বঃ"—"অধা গভীর ও উদ্ধে উচ্চ-চমস' এতথারা নিশ্চরই বোঝা যায় না, যে অমুক বস্তুষ্টি চমস। চলিত ভাষায় উহা চামচ, কিন্তু শ্রুতিতে যে সংজ্ঞা

দেওয়া হইয়াছে, তাহাতে উহা গিরিগুহা, গয়ৢড়, মালুষের মন্তকও হইতে পারে। প্রকৃতপক্ষে, বেদমন্ত্রে চমদ শব্দের প্রকৃত কি অর্থ তাহা যেমন পরের মন্ত্রভাগে বৃকিতে পারা যায়—যথা, ''ইদং তচ্ছিরঃ, এয় হুর্রায়িল শ্চমদ উর্দ্ধর্রঃ'' 'এই মন্তকই চমদ, কারণ ইহার অধোভাগ গভীর ও উর্দ্ধভাগ উচ্চ", শ্বেতাশ্বতর শ্রুতির ৪।৫ মন্ত্রের পর ''অজা''র, কোনও বিশেষ পরিচয় না থাকায়, উহা যে ব্রহ্মাত্মিকা অজা নহে, তাহা বলিবার কোনও হেতুই নাই। ক্রহার বৃৎপত্তিলভা অর্থ মাত্রই এখানে গ্রহণীয়। ব্রহ্ম দর্বকারণ কারণ, তাঁহার কোনও কারণ নাই, তিনি অজ, অভএব তাঁহার শক্তি, তাঁহা হইতে অভিয়া হওয়ায়, দে শক্তিও অজা। অভএব ''অজা'' অর্থ ব্রম্বের প্রকৃতি শক্তি, যাহা ব্রহ্ম হইতে অভিয়া।

শ্রীমদ্ভাগবতে কপিলোক্ত সাংখ্যবর্ণনে তাহাই কথিত হইয়াছে:—

স এষ প্রকৃতিং স্ক্রাং দৈবীং গুণময়ীং বিভূঃ।

যদৃচ্ছহৈবোপগতামভ্যপত্তত লীলয়া।। ভাগঃ ৩২৬।৪

স্ক্রাং—অব্যক্তাং। দৈবীং—দেবস্থ বিফোঃ শক্তিং। (শ্রীধর)
১০০০ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে।
গুলৈবিচিত্রাঃ স্জতীং সরপাঃ প্রকৃতিং প্রজাঃ
বিলোক্য মূমুহে সতঃ স ইহ জ্ঞান গৃহয়া।। ভাগঃ ৩২৬।৫

ঐ প্রকৃতি আপনার গুণদ্বারা আপনার সমানরপ বিচিত্র প্রজা স্থি করিতে থাকেন, তাহাতে তাঁহাকে অবলোকন করিয়া ঐ পুক্ষ জ্ঞানের আবরণরপা অবিষ্ঠা দ্বারা সভ্ত মুগ্ধ হইয়া পড়েন। ইহায় তাংপর্য্য এই যে, প্রকৃতি সম্বরজন্তমোময়ী। তাঁহায় এই গুণের অনস্তপ্রকার তারতম্যামুদারে অনস্তপ্রকার ক্ষেত্র বা দেহ, প্রকৃতি স্থি করেন। পুক্ষ ঐ দকল ক্ষেত্রে ক্ষেত্রেজ, ভোক্তা রূপে মুগ্ধ হইয়া পড়েন। ৩২৬।৫

শিরোদেশে উদ্ধৃত শ্রুতিটি মানসনেত্রের সমূখে রাখিয়া শ্রীমদ্ভাগবতের তাহভাও ও তাহভাও শ্লোক তুটি রচনা করিয়াছেন। অতএব স্পষ্ট বুঝা যাইতেছে যে, "অজ্ঞা" সাংখ্যোক্ত জড় প্রধান নহে।

যদা বহির্গন্তমিয়েষ তর্হাজা যা যোগমায়াজনি নন্দজায়য়া। ভাগঃ ১০।৩।৪৮

যখন বাহিরে যাইতে ইচ্ছা করিলেন, তখন অজা, যিনি যোগমায়া, তিনি নদ্যজায়া যশোদায় জন্মগ্রহণ করিলেন। ভাগঃ ১০।৩।৪৮

এখানে "অজা" ভগবানের সন্ধিৎ শক্তি যোগমায়া।

অনীশেহপি দ্রুইং কিমিদমিতি বা মূহ্যতি সতি

চচ্ছাদাহজো জ্ঞাত্বা সপদি প্রমোহজাজ্বনিকাম্।। ভাগঃ ১০।১৩।৫৭

ব্রহ্মা "ইহা কি" এই বলিয়া আশ্চর্যপ্রকাশ করতঃ মৃগ্ধ ও দর্শনাক্ষম হইলে,
পরম অজ, ভগবান্ শ্রীকৃষ্ণ অজামায়ারূপ যবনিকা অপসারণ করিলেন। ভাগঃ
১০।১৩।৫৭

স যদজয়া তৃজামনুশয়ীত গুণাংশ্চ জুষন্
ভক্ষতি স্বরূপতাং তদনুমৃত্যুমপেতভগঃ। ভাগঃ ১০৮৮৭।৩৪
জয় জয় জয় জহাজামজিত দোষ গৃভীতগুণাং
••••

ভাগঃ ১০1৮৭।১০

সেই জীব যথন মৃগ্ধ হইয়া অজা অর্থাৎ মায়াকে আলিঙ্গন করেন, তথন দেহেন্দ্রিয়াদির সেবা করতঃ পশ্চাৎ তদ্ধর্ম্ম হইয়া স্বরূপ বিশ্বতিপূর্বক জন্ম মরণ-রূপ সংসার প্রাপ্ত হয়। ভাগঃ ১০৮৭।৩৪

হে অজিত! আপনার জয় হউক। স্থাবর জঙ্গম শরীরধারী জীবগণের সম্বন্ধে স্বরূপাবরণার্থ গৃহীত গুণবিশিষ্ট অজা মায়াকে বিনাশ করুন। ভাগঃ ১০৮৭।১০

ভাগবতের যে শ্লোকগুলি উপরে উদ্ধৃত হইল, সে সকল হইতে স্পষ্ট বুঝা যাইবে, যে 'অজ্ঞা' ভগবানের স্বকীয়া শক্তিরূপা যায়ার সমপর্য্যায়ভূক্ত রূপে গ্রহণ করা হইয়াছে, ভগবান অনাদি বলিয়া অজ, স্বতরাং তাঁহার শক্তিও নিত্য বলিয়া—অজা। স্বতরাং শ্রেভাশ্বভর শ্রেভির উদ্ধৃত মত্ত্রে কথিও 'অজ্ঞা' সাংখ্যোক্ত প্রধান নহে, ইহা প্রভিপাদিত হইল।

ভিদ্ধি:--

(১) য একোহবর্ণো বহুধা শক্তিযোগাদ্-বর্ণাননেকান্ নিহিতার্থো দধাতি। বিচৈতি চাল্টে বিশ্বমাদে স দেবঃ স নো বৃদ্ধ্যা শুভয়া সংযুনকত্ব।।
থেতাঃ ৪।১

দেব ঃ—গোতন স্বভাবঃ, বিজ্ঞানৈকর সঃ (শহর) = স্বয়ং প্রকাশঃ।
এক অন্বিতীয় ও স্বয়ং অবর্ণ (ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি জাতি রহিত হইয়াও)
যে পরমাত্মা কোনও প্রয়োজনের বশবর্তী না হইয়া স্বীয় বিচিত্র নানা শক্তি
বলে স্প্রির প্রারম্ভে নানা বর্ণ (ব্রাহ্মণাদি বিভাগ) বিধান করেন, এবং প্রলয়কালে সংহার করেন, এবং মধ্যে স্থিতিকালে জগৎ বাঁহাতে স্থিতি লাভ করে,
সেই স্বয়ং প্রকাশ পরমাত্মা আমাদিগকে শুভবুদ্ধির সহিত সংযুক্ত করুন।

(২) তদেবাগ্নিস্তদাদিত্যস্তদায়ুস্তত্ব চন্দ্রমাঃ। তদেব শুক্রং তদ্ব ব্দ্র তদাপস্তৎ প্রক্রাপতিঃ। শ্বেতাঃ ৪।২

দেই ব্রদ্ধই অগ্নি, আদিত্য, বায়্, চন্দ্র এবং জ্যোতির্মিয় নক্ষত্রাদি, ডিনিই হিরণাগভাত্মা, তিনিই জল এবং তিনিই প্রস্কাপতি।

তারপর তাহা হইতে নিথিল জগৎ উৎপন্ন হইয়াছে, তিনিই কুমার কুমারী,
যুবক যুবতী, বৃদ্ধ বৃদ্ধা, পশু, পক্ষী, মেঘ, ছয় ঋতু, দপ্ত দম্দ্র,—অর্ধাৎ জগতের
যা কিছু দব তিনিই, ইহা বলিয়া তারপর "অজামেকাং · " ইত্যাদি ৪।৫
মন্ত্রের উক্তি করিয়াছেন, এবং তারপর ৪।১০ মত্রে বলিতেছেন যে, ৪।৫ মত্ত্রের
ক্ষিত "অজা"ই প্রকৃতি, তাহাই মায়া, এবং পরমেশ্বর মায়ী—মায়ার অধিপতি।

মায়ান্ত প্রকৃতিং বিভাগায়িনন্ত মহেশ্বরম্। তস্তাবয়বভূতৈন্ত ব্যাপ্তং দর্বনিদং জগৎ।। শ্বেতাঃ ৪।১০

এই প্রকৃতি, মহেশবের মায়াশক্তি, তিনি মায়েশ, এবং পরমেশবের অবয়বরূপ দেহেন্দ্রিয় সমষ্টি ছারা পৃথিবী অন্তরীক্ষ প্রভৃতি সমস্ত জ্বগৎ পরিব্যাপ্ত।
অতএব উপক্রমে শ্বয়ম্প্রকাশ 'দেব' শবের উল্লেখ ও উপসংহার আলোচনা
করিলে "অজা" ব্রহ্মশক্তি, এ বিষয়ে কোনও সন্দেহ থাকে না। ইহা
প্রতিপাদন করিবার জন্ম হতা :—

मृद्ध :-- >181>

জ্যোতিরূপক্রমা তৃ তথা হাধীয়ত একে।। ১।৪।৯ জ্যোতিরূপক্রমাঃ + তৃ + তথা + হি + অধীয়ত + একে। জ্যোতিরুপক্রমা: ঃ—জ্যোতিঃ ব্রহ্ম উপক্রম কারণ যাহার—ব্রহ্মই কারণস্বরূপ। তুঃ—কিন্ত। তথাঃ—দেইরূপ। হিঃ—নিশ্চয়। অধীয়তঃ—অধ্যয়ন করে। একেঃ—এক শাখীরা।

শিরোদেশে উদ্ধৃত খেতা: ৪।১ মন্ত্রে 'দেব' পদ ব্যবহারে ব্রহ্ম জ্যোতি:স্বরূপ বলা হইয়াছে।

জ্যোতিঃ যে ব্রহ্ম তাহা ১।১।২৫ ও ১।৩।৪২ স্থ্রের আলোচনায় প্রতিপাদিত হইয়াছে। নারায়ণোপনিষদে ১২।১ মন্ত্রে উক্ত হইয়াছে যে, ব্রহ্ম অণু হইতে অণুতম এবং মহৎ হইতেও মহত্তম, তিনি প্রাণীগণের হৃদয়গুহায় অবস্থান করেন, তাঁহা হইতে সপ্ত প্রাণ (পঞ্চ ইন্দ্রিয়, মনঃ ও বৃদ্ধি), সপ্ত ভুবন, সমৃদ্র, পর্ব্বত প্রভৃতি সমৃদায় উৎপন্ন হইয়াছে। এবং তাঁহা হইতেই অজার উৎপত্তি হইয়াছে। এবং গেই অজাই ১।৪।৮ স্থ্রের শিরোদেশে উদ্ধৃত শ্রুতিমন্ত্রে উন্নিথিত হইয়াছে।

অতএব, অজা যে ব্রহ্মাত্মিকা, তাহাতে সন্দেহমাত্র নাই।

উপরে উদ্ধৃত খেতাশ্বতর শ্রুতির ৪।১০ মন্ত্র মনে রাখিয়া ব্যাসদেব শ্রীমদ্-ভাগবতের ২।৫।২১ শ্লোক রচনা করিয়াছেন। শ্লোকটি ১।৪।৩ স্ত্রের আলোচনায় উদ্ধৃত হইয়াছে। এখানেও বুঝিবার সৌকর্য্যার্থে পুনরায় উদ্ধৃত করা গেল। ইহার মর্ম্ম সেইখানেই দেওয়া হইয়াছে।

> কালং কর্ম স্বভাবঞ্চ মায়েশো মায়য়া স্বয়া। আত্মন্ যদৃচ্ছয়া প্রাপ্তং বিবৃভূষুরুপাদদে॥ ভাগঃ ২।৫।২১

১।১।১৯ স্থত্তের আলোচনায় ইহার সরলার্থ দেওয়। হইয়াছে।

উক্ত ১।৪।৩ স্থত্তের আলোচনায় উদ্ধৃত ভাগবতের ১২।১১।২১ ও ৩।৫।২৫ শ্লোক স্তষ্টব্য।

তিনি যে প্রকৃতি প্রবর্ত্তক, তাহা পরবন্তী ১০।১৬।৪০ শ্লোকে প্রতীয়মান হইবে।

> নমস্তভাং ভগবতে পুরুষায় মহাত্মনে। ভূতাবাসায় ভূতায় পরায় পরমাত্মনে।। ভাগঃ ১০।১৬.৩৯

হে ভগবন্, আপনি অনন্ত শক্তিবিশিষ্ট, আপনাকে নমস্কার করি। আপনি সকল দেহে অন্তর্য্যামী রূপে বর্ত্তমান ও মহাত্মা, কিন্তু তাহা হইলেও অপরিচ্ছিন্ন, যে হেতৃ আপনি আকাশাদি ভূতেরও আশ্রয়, এবং সকলের আদিতে বর্ত্তমান ও সকলের কারণ, কিন্তু স্বয়ং কারণাতীত। ভাগঃ ১০।১৬।৩৫

জ্ঞানবিজ্ঞাননিধয়ে ব্রহ্মণেহনস্তশক্তয়ে। অগুণায়াবিকারায় নমস্তেহপ্রাকৃতায় চ॥ ভাগ: ১০।১৬।৪০ ১।১।৩ স্ত্রের আলোচনায় ইহার সরলার্থ দেওয়া হইয়াছে। প্রাকৃতায়— প্রকৃতি প্রবর্ত্তকায় (শ্রীধর)।

ভূ, তোয়, অগ্নি, মন, ইন্দ্রিয়, অজা প্রভৃতি সম্দায় তাঁহার শ্রীমৃতি হইতে উৎপন্ন।

ভূস্তোয়মগ্নিঃ পবনঃ খমাদির্মহানজাদির্মন ইন্দ্রিয়াণি। সর্বেবিন্দ্রয়ার্থা বিবৃধাশ্চ সর্বেব যে হেতবন্তে জগতোইঙ্গভূতাঃ॥

ভাগঃ ১০।৪০।২

হে ভগবন্ । ভূমি, জ্বল, অগ্নি, বায়ু, আকাশ, মহন্তব্ব, অহকারতন্ত্ব, প্রকৃতি, পুরুষ, মনঃ, ইন্দ্রিয়, সমস্ত ইন্দ্রিয়ের বিষয়, সর্বদেবতা, এবং যে সকল পদার্থ এই জগতের হেতু, তৎসম্দায় আপনার শ্রীমৃত্তি হইতে উৎপন্ন।

ভাগঃ ১০।৪০।২

অজা যে ব্রহ্মাত্মিকা ব্রহ্মশক্তি তাহা পরিভার ব্ঝা শেল। আর বেশী শ্লোক উদ্ধারের প্রয়োজন নাই। ভিত্তি:-

অস্মান্মায়ী স্তদ্ধতে বিশ্বমেতৎ তিস্মিংশ্চান্তো মায়য়া সন্নিকৃদ্ধঃ ॥ শ্বেতাঃ ৪।৯

এই বিশ্বপ্রথকে দেই মায়াধীশ ঈশ্বর ইহা হইতেই সৃষ্টি করেন এক ভাহাতে অন্ত (জীব)মায়া ধারা বদ্ধ।

সংশয় :—ভাল, জ্যোতিকপক্রমা অর্থাৎ ব্রহ্মোৎপদ্মা লোহিভন্তক্রক্ষর্জপা এই প্রকৃতির অজাত্ব অর্থাৎ জন্মহীনত্ব দিছ হয় কির্মেপে? একবার বলিভেছ, অজা, একবার বলিভেছ ব্রন্মকারণ সভ্ভা, এই প্রকার বলায় যে পরস্পর বিরোধ বর্ণনা হইভেছে, ভাহা কি ব্ঝিভেছ না ? ইহার উন্তরে স্ত্র:—

সূত্র :-- ১**।৪**।১০

कल्लानाभाष्म अध्वानिवनविद्धाधः ॥ ১।८।১० कल्लाना + छेभएनभार + ५ + अध्वानिवर + व्यविद्धाधः ।

কল্পনা: —কল্পন: —কুপ্তি—ক্ষি — জগৎস্থি । উপদেশাৎ: —উপদেশ হৈত্য চ: —ও। মধ্ব দিবৎ: — আদিত্য মধ্ ইত্যাদির ন্তায় (মধ্বিভার কথিত ছান্দোগ্য থাখা)। আবিরোধঃ: —বিরোধাভাব।

মারী ঈরর ইহা হইতে বিশ্বস্থি করেন, এইরূপ উপদেশ থাকার ব্রিতে হইবে যে, প্রকৃতির হুইটি অবস্থা, একটি কার্য্যাবস্থা, মধন জ্বগৎস্পৃথিতে নিযুক্তা তখন তিনি ব্রন্ধ হইতে সভ্তা, আবার যখন প্রকৃতির কারণাবস্থা, অর্থাৎ শক্তিরূপে ব্রন্ধে অবিনাভাবে অবস্থান করেন, তখন তিনি অজ্ঞা, অতএব ইহাতে কানও বিরোধ নাই। যেমন মধ্বিভার (ছান্দোগ্য ৩।১।১) উক্ত হইরাছে যে, "আদিত্য দেবমধূ"—বাস্তবিক ত আদিত্য মধু নর, তবে মধ্র ভার উপভোগ্য এবং তাহাও কার্য্যাবস্থার, এজন্ত দেবমধূ বলার দোষ নাই। কারণাবস্থার তিনিই "উদরাস্তবিহীন"। "তত উর্জ্ক উদ্দেত্য নৈবোদেতা নাস্তমেতৈকল এব" (ছা: ৩)১)১) এক শ্রুতিতেই কার্য্যাবস্থা ও কারণাবস্থা লক্ষ্য করিরা যেরূপ হুইপ্রকার বলার বিরোধ হর নাই, সেই প্রকার অজ্ঞা ও জ্যোতিরুপক্রমা বলার বিরোধ হর নাই।

ইহা পূর্ব্বে প্রতিপাদিত হইয়াছে বে, শক্তি কখনও অনভিব্যক্ত থাকে, তখন শক্তির কারণাবয়া, আর বখন অভিব্যক্ত হয়, তখন ইহার কাগ্যাবয়া। কারণাবয়ায় শক্তি জ্রীভগবানে অবিনাভাবে বিশ্বমান, তখন শ্রীভগবান হইতে অভিনা, তথন অজা, আর যখন কার্য্যাবস্থার প্রকটিতা, তখন ব্রহ্মকারণ সম্ভবা। অতএব ইহাতে কোন বিরোধ নাই।

> অগজগদোকসামবিল শক্তাববোধক তে। কচিদজয়াত্মনা চ চরতোহমুচরেম্নিগমঃ ॥ ভাগঃ ১০৮৭।১৪

হে অধিল শক্তাববোধক ! ২।৭৯ জন্সম প্রাণিবর্গের অবিভানাশ কারণ আপনি অথতিকরস হইয়াও যথন স্পষ্টর সময়ে মান্তার সহিত ক্রীডা করেন, বেদ সকল তথনই আপনাকে প্রতিপন্ন করিয়া থাকে। ভাগঃ ১০।৮৭।১

এই সম্বন্ধে একটি বিশেষ কথা ধারণা করা প্রয়োজন। যেমন ব্রন্ধের একণাদ মাত্রেই অর্থাৎ অতি অল্লাংশেই ক্ষাষ্ট, এবং ত্রিপাদে স্বরূপে অবস্থিতি, সেইরূপ ব্রন্ধের শক্তিরূপা প্রকৃতির অতি অল্লাংশেই প্রপঞ্চ জগৎ, এবং অধিকাংশ ব্রন্ধে শক্তিরূপে অবিনাভাবে স্থিতি। ইহা আমরা পরিদৃশুমান জগৎ হইতেও বুঝিতে পারি। ক্ষিতি, অপ্, তেজঃ প্রভৃতি পঞ্চত্তের অতি অল্লাংশই জীব উদ্ভিদ্ প্রভৃতির শরীর এবং ভোগ্যরূপে পরিণত, অত্যধিক পরিমাণ ভৃতরূপে অবস্থিত। সেইরূপ প্রকৃতির পাদ পরিমাণ মাত্রে প্রপঞ্চ জগৎ এবং ত্রিপাদ শক্তিরূপে গুণসাম্যে অবস্থিত। ত্রত্রাং প্রকৃতি যুগপৎ কারণাবস্থায় ও কার্য্যাবস্থায় বর্ত্তমান। অতএব, তাঁহাকে "অজা" ও "জ্যোতিরুপক্রমা" বলায় দোষ নাই। 'পাদ' ব্যবহার ভাষার ব্যক্ত করিবার জন্ম মাত্র। ত্রন্ধ যেমন অনন্ত সর্ব্বব্যাপী,—ভাহার শক্তিও সেইরূপ। ব্রন্ধে পাদ ব্যবহার যেমন উপচারিক মাত্র এবং উহা বোধ সোক্র্যার্থ করা হয়। তাঁহার স্বকীয়া-শক্তিরূপা প্রকৃতি সম্বন্ধেও ভাই, ইহা বলা বাহুল্য মাত্র।

৩। সংখ্যোপসংগ্রহাধিকরণ।

ভিন্তি:--

যশ্মিন্ পঞ্চ পঞ্চজনা আকাশশ্চ প্রতিষ্ঠিতঃ। তমেবং মন্স আত্মানং বিদান্ ব্রহ্মামূতোহমূতম্।।

বৃহদারণ্যক ৪।৪।১৭

পাঁচটি পঞ্জন ও আকাশ যাঁহার উপরে প্রতিষ্ঠিত, তাঁহাকেই আজা বলিয়া মনে করিও। যিনি এই অমৃত স্বরূপ ব্রহ্মকে অবগত হন, তিনি অমৃতত্ব লাভ করেন। (বৃহ: ৪।৪।১৭)

সংশয় :—শিরোদেশে উদ্ধৃত শ্রুতিতে পাঁচটি পঞ্জন কথিত আছে, তাহা হইলে ত পাঁচে পাঁচে পাঁচিশ হয়। ইহাই ত সাংখ্যাক্ত চতুর্বিংশতি তত্ত্ব ও পুরুষ, মোট পাঁচিশটি তত্ত্ব। এই প্রকার সন্দেহ কল্পনা করিয়া তাহা নিরসনের স্ত্র:—

সূত্র ঃ—১।৪।১১

ন সংখ্যোপসংগ্রহাদপি নানা ভাবাতিরেকাচ্চ।। ১।৪।১১ ন + সংখ্যা + উপসংগ্রহাৎ + অপি + নানাভাবাৎ + অভিরেকাৎ + চ।

নঃ—না। সংখ্যা:—সংখ্যা। উপসংগ্রহাৎঃ—গ্রহণের জন্ত (সাংখ্যোক্ত পঁচিশ সংখ্যা গ্রহণ জন্ত)। অপিঃ—ও। সানাভাবাৎঃ— পার্থক্য বশতঃ। অভিরেকাৎঃ—আধিক্য হেতৃ। চ:—ও।

যদিও তর্কের অন্ধরোধে ধরিয়া লওয়া যায় যে, "পঞ্চ পঞ্জনাঃ" অর্থ পঁচিশ জন, তাহা হইলেও তাহার বেশী অর্থাৎ সাংখ্যোক্ত পঁচিশ তত্ত্বের বেশী আকাশ ও আত্মা রহিয়াছে, স্বতরাং মোট সাতাশ হয়। অতএব, সাংখ্যোক্ত পঁচিশের সহিত এক্য হইতেছে না।

বিশেষতঃ "পঞ্চ পঞ্চলনাং" অর্থ পঁচিশই নহে। ইহার অর্থ পঞ্চলন পাঁচটি, যেমন সপ্তর্মি সাত জন বলা যায়। অর্থাৎ সাতজনের মধ্যে প্রত্যেককৈই সপ্তর্মি বলা যায় ইহাও সেইরপ। আরও এক কথা, যদি "পঞ্চ পঞ্চলনাং" অর্থ সাংখ্যাক্ত পঁচিশ তত্ত্ব হয়, তাহা হইলে আকাশ ত তাহার অস্তর্মুক্ত। স্বতরাং আবার 'আকাশ' তাহার পরে শ্রুতিতে থাকিবে কেন? "পঞ্চলনাং" অর্থ কি, তাহা পরের স্ত্তে বিবৃত হইবে।

ভিন্তি:--

প্রাণস্থ প্রাণমূত চক্ষ্যশচক্ষ্কত শ্রোত্রস্থ শ্রোত্রম্ মনসো যে মনো বিহুঃ ।। (বৃহদারণ্যক ৪।৪।১৮)

পণ্ডিতগণ তাঁহাকে প্রাণের প্রাণ, চক্ষুর চক্ষু, শ্রোত্রের শ্রোত্র, অনের অন্ন, মনের মনঃ বলিয়া জানেন। (বৃহ: ৪।৪।১৮)

সূত্র ঃ--১া৪।১২

প্রাণাদয়ো বাক্যশেষাং॥ ১।৪।১২ প্রাণাদয়ঃ + বাক্যশেষাং।

প্রাণাদ্যঃ:-প্রাণ প্রভৃতি। বাক্যশেষাৎ:--বাক্য শেষ হইতে জানা যায়।

১।৪।১১ স্ত্রের শিরোদেশে উদ্ধৃত শ্রুতি মন্ত্রের পরমন্ত্রই এই স্থ্রের উপরে উদ্ধৃত হইল। এই মন্ত্র মাধ্যন্দিন শাখীদিগের পাঠে আছে।

অতএব, "পঞ্চলনাঃ" পদের অর্থ (১) প্রাণ, (২) চক্ষুঃ, (৩) গ্রোত্ত, (৪) অন্ন, (৫) মনঃ। ইহাদের প্রত্যেকটিকে শ্রুতি পঞ্জন আখ্যায় আখ্যায়িত করিয়াছেন, যেমন সপ্তর্ষিগণের প্রত্যেক ঋষিকে সপ্তর্ষি বলা যায়।

একোহ দ্বিতীয়ো বচসাং বিরামে যেনেষিতা বাগসব*চরন্তি॥ ভাগঃ ১১৷২৮।৩৬

দেহেক্রিয়াস্থ ছাদয়ানি চরস্থি যেন, সঞ্জীবিতানি তদবেহি পরং নরেক্র। ভাগঃ ১১।৩।৩৬

এক, অন্বিতীয়, বাক্যের অগোচর, তাঁহার দ্বারাই প্রেরিত হইয়া, বাক্য ন্ত প্রাণ বিচরণ করে। ভাগঃ ১১/২৮/৩৬

হে নরেন্দ্র! দেহ, ইন্দ্রিয়, প্রাণ, হৃদয়, যাহার দ্বারায় সঞ্জীবিত হইয়া স্ব স্থ কার্য্যে বিচরণ করে, তাঁহাকেই পরতত্ত্ব জ্বানিও। ভাগঃ ১১।৩।৩৬

বৃহদারণ্যক শ্রুতির—৪।৪।১৭ মত্ত্রে "পঞ্চ পঞ্চজনাং"-র উল্লেখ করিয়াই শ্রুতি পরমন্ত্রেই (৪।৪।১৮) উহার ব্যাখ্যা করিয়াছেন। স্থতরাং "পঞ্চ পঞ্চজনাং" পদের অর্থ পঁচিশ নহে। এ কারণ পূর্ব্বস্ত্রে যে সংশয় ও আপত্তি উত্থাপন করা হইয়াছিল, তাহার কোন হেতু নাই।

[शख्रा:—(১) প্রাণ, (২) চকু, (৩) শ্রোত্র, (৪) অন্ন:, (৫) মনঃ এই পাঁচটির প্রত্যেককে "পঞ্চলনাঃ" বলা হইয়াছে কেন, সে রহস্য উদ্যাটন ছন্তর। তবে মনে হয় যে, প্রাণ—প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান ভেদে পাঁচ প্রকার।

এ কারণ প্রাণকে যে "পঞ্চজনাং" বলা হইয়াছে। চক্ষ্ণ, শ্রোত্ত প্রভাবে পঞ্চজনাং বলা অসম্ভব

তানে প্রিয়ের উপলক্ষণে গৃহীত হওয়ায়, প্রত্যেককে পঞ্চজনাং বলা অসম্ভব

তাহ। অন্ন—চর্ব্ব, চোয়া, লেহা, পেয় এই চারি প্রকার ও সাধারণ অন্ন লইয়া পাঁচ
প্রকার হইভেছে—এ কারণ "পঞ্চজনাং" বলা হইতে পারে। আর মনং—

চিত্ত, মন, বৃদ্ধি, অহংকার এই চারি এবং জ্ঞান-কর্মেন্দ্রিয় সম্প্রভাবে ১টি,
পাঁচটি হইয়াছে কি । মনং—জ্ঞান ও কর্ম্মেন্দ্রিয়গণের অধিপতি বলিয়া এবং

উহা অনেক স্থানে, চিত্ত, বৃদ্ধি ও অহংকারের উপলক্ষণে কথিত হয় বলিয়া,

মনং সকলের পরিবর্তে ব্যবহৃত হইয়াছে বলিয়া মনে হয়।

ভিত্তি:--

তদ্দেবা জ্যোতিষাং জ্যোতিরায়ুর্হোপাসতেহমৃত্য্ ।। বৃহদারণ্যক ৪।৪।১৬

সংশয় ঃ---

মাধ্যন্দিন শাখীদের পাঠে ১।৪।১২ ছত্তের শিরোদেশে উদ্ধৃত মন্ত্র আছে বটে, কিন্তু কাথ শাখীদের পাঠে ত নাই। তাহাদের সম্বন্ধে "পঞ্চ পঞ্জনাঃ" মিলাইবে কি করিয়া? তাহাদের ৪।৪।১৮ মত্ত্রে কেবল প্রাণ, চক্ষ্ণ, শ্রোত্র ও মনের উল্লেখ আছে মাত্র। চারিটি বই পাঁচটি ত হয় না। ইহার উত্তরে স্ত্র:—

সূত্র:--১।৪।১৩

জ্যোতিবৈকেশামসভ্যন্নে॥ ১৷৪৷১৩

জ্যোতিষা + একেষাম্ + অসতি + অনে।

জ্যোতিষা:—জ্যোতিঃ দারা। একেষাং :—অক্সদিগের অর্থাৎ কাথ-শাখীদিগের। অস্তি:—না থাকায়। অন্ধে:—অন্ন।

কাগশাখীদিগের মন্ত্রে অনের উল্লেখ নাই বটে, কিন্তু ৪।৪।১৭ মন্ত্রের অব্যবহিত পূর্বের ৪।৪।১৬ মন্ত্রে "জ্যোতিষাং জ্যোতিঃ" উল্লেখ আছে। সেই মন্ত্র হইতে জ্যোতিঃ ও ৪।৪।১৮ মন্ত্র হইতে প্রাণ, চক্ষ্ণ, প্রোত্র ও মনঃ লইয়া পাঁচই হইতেছে।

কারশাখীদের পাঠে 'জ্যোতিঃ' পদের অর্থ পঞ্চ ইন্দ্রিয় গ্রহণ করা হইয়াছে।
কারণ 'জ্যোতিয়াং জ্যোতিঃ' পদের অর্থ জ্যোতিগণের অর্থাৎ ইন্দ্রিয়গণের
প্রকাশক, ইহা পরমাত্মাতেই সিদ্ধ হয়। মাধ্যন্দিনশাখীদের ৪।৪।১৮ মন্ত্রের
সহিত, তাহা হইলে উহার বেশ সঙ্গতি হয়। কারণ, (১) জ্যোতি ত সাক্ষাৎ
তাবে দর্শনেন্দ্রিয়ের বোধক, (২) প্রাণ অর্থাৎ বায় তাহা হইতে স্পর্শ শক্তির
বোধক অণিন্দ্রিয় বুঝাইতেছে, (৩) শ্রোত্র, (৪) চক্ষু: ত উক্ত মন্ত্রে বর্তমানই আছে।
(৫) অন্ন অর্থ পৃথিবী—তাহা হইতে ভাণেন্দ্রিয় ও রসনেন্দ্রিয় বুঝাইতেছে,
এবং মনঃ সমৃদায় ইন্দ্রিয়ের প্রভু। স্কতরাং "পঞ্চ পঞ্চজনাঃ"—অর্থাৎ ইন্দ্রিয়
সমৃহ এবং আকাশ, অর্থাৎ আকাশ উপলক্ষিত ভূতগণ য়হাতে প্রতিষ্ঠিত,
এই অর্থ ৪।৪।১৭ মন্ত্রের সঙ্গত অর্থ হইতেছে। অতএব, উক্ত মন্ত্র সাংখ্যোক্ত
পঞ্চবিংশতি তত্তের জ্যোতক নহে।

৪। কারণহাধিকরণ ॥ ভিত্তি:—

(১) তম্মাদ্বা এতম্মাদাত্মনঃ **আকাশ সম্ভূতঃ ।।** (তৈত্তিঃ আনন্দঃ ২।১।৩)

দেই এই আত্মা হইতে আকাশ সম্ভূত হইল।

- (২) সদেব সৌমোদমগ্র আসীৎ (ছা: ৬)২।১) হে সৌমা, এই জগৎ অগ্রে সংস্করপেই ছিল।
- (৩) অসদা ইদমগ্র আসীং। ততো বৈ সদজায়ত (তৈতিঃ

এই জ্বনৎ অগ্রে অসৎই ছিল। তাহা হইতে সৎ জাত হইল।

- (৪) অসদেব ইদমগ্র আসীং। তৎ সদাসীং। (ছাঃ ৩।১৯।১) এই জগৎ অগ্রে অসং-ই ছিল। তাহা হইতে সং হইল।
- (৫) সর্ব্বাণি হ বা ইমানি ভূতানি প্রাণমেবাভিসংবিশন্তি প্রাণমভূয়জ্জিহতে। (ছাঃ ১।১১।৫)

স্থাবর-জঙ্গম সমস্ত ভূতই প্রাণে বিলীন হয়—আবার উৎপত্তিকালে প্রাণ লক্ষ্য করিয়াই উৎপন্ন হইয়া থাকে।

(৬) তদ্ধেদং তর্হ্যব্যাকৃতমাসীৎ তন্নামরূপাভ্যামেব ব্যাক্রিয়তে।
(বৃহঃ ১।৪।৭)

এ জগৎ তথন অব্যাকৃত ছিল, দেই অব্যাকৃতই নামরূপে ব্যাকৃত হইল।

সংশয়: —পূর্ব্বপক্ষ পুনরায় আপত্তি করিতেছেন, পূর্ব্বে যে সিদ্ধান্ত করিয়াছ যে, একমাত্র ব্রহ্ম জগৎ স্প্তির কারণ এবং ব্রহ্মই সম্দায় বেদান্তের প্রতিপাল এবং তাঁহাতেই সম্দায় বেদান্তের তাৎপর্যা, কিন্তু এ সিদ্ধান্ত গ্রহণ-যোগ্য নহে। উপরে উদ্ধৃত শ্রুতিমন্ত্রসকলে বিভিন্ন প্রকার স্প্তিপ্রক্রিয়া কণিত থাকায় ব্রহ্মই একমাত্র কারণ, ইহা সিদ্ধ হইতে পারে না । এই আপত্তির উত্তরে স্ত্রকার স্ত্র করিলেন:—

সূত্র :— >।৪।১৪

কারণত্বেন চাকাশাদিষু যথা ব্যপদিষ্টোক্তেঃ।। ১।৪।১৪ কারণত্বেন + চ + আকাশাদিষু + যথা + ব্যপদিষ্ট + উক্তে:।। কারণত্বেন: —কারণ রপে। চঃ—ও। আকাশাদিষু: —আকাশ প্রভৃতিতে। যথাব্যপদিষ্টোক্তেঃ: —অবধারিত সর্বজ্ঞত্বাদির উক্তি হেতু।

"সেই এই আত্মা হইতে আকাশ সভূত হইল" (তৈতিঃ আনন্দঃ),
আকাশাদি পদ্যুক্ত বাক্যে ব্রহ্মকারণত্ব স্থাপিত হইয়ছে। অন্যান্ত
মে সকল স্থানে ব্রহ্মশন্দ নাই, সে সকল স্থলেও সর্বজ্ঞ, সর্ব্বশক্তিমান রূপে
অবধারিত ব্রহ্মই জগৎকারণ বৃঝিতে হইবে। 'সং', 'প্রাণ', 'অব্যাক্ত প্রকৃতি'
যাহাই জগৎ কারণরূপে কথিত হউক না কেন, তাহা হয় ব্রহ্মের বাচক অথবা
ব্রহ্মশক্তিতে ক্রিয়াশীল। তৈত্তিরীয় আনন্দবল্লীয় ৭ মল্লে যে 'অসং'-এর উল্লেখ
আছে, তাহা 'স্ক্র্ম' অর্থে প্রযোজ্য অর্থাৎ অনভিব্যক্ত অবস্থায় অসৎ স্বরূপে বা
স্ক্র্মভাবে ছিল। ছান্দোগ্য শ্রুতির ৩।১৯।১ মল্লে যে অসতের উল্লেখ আছে,
ভাহা শ্রুতির অভিপ্রেত জগৎকারণ নহে, উহা বিভিন্ন মতের উক্তি মাত্র এবং
শ্রুতি তাহার প্রতিষেধ করিয়া সংই জগৎকারণ এই সিদ্ধান্ত প্রতিষ্ঠিত
করিয়াছেন। স্ক্তরাং পূর্ব্বপক্ষের আপত্তির কোনও কারণ নাই।

শ্রীমদ্ভাগবত ইহা বহুস্থানে প্রতিপাদন করিয়াছেন, এবং পূর্বের যে সমৃদায় শ্লোক উদ্ধৃত হইয়াছে, তাহার অনেকগুলিই ইহা প্রতিপন্ন করিবে। নিমে কয়েকটি মাত্র উঠান গেল।

ত্বমেক আতাঃ পুরুষঃ স্থপ্রশক্তিস্তয়া রক্ষঃ সত্তওমো বিভিন্ততে। মহানহং খং মরুদগ্লিব বিধরাঃ স্থর্ব য়ো ভূতগণা ইদং যতঃ।

ভাগঃ ৪২৪।৬০

তুমি এক আদ্য পুরুষ, ভোমার শক্তি ভোমাতে স্বপ্ত থাকে, কিন্তু ঐ শক্তি দ্বারাই রক্তঃ, সত্ব, ভমঃ গুণত্রয় বিভিন্ন হয়। ভাহাতে ঐ সকল গুণ হইতে মহত্তত্ব, অহংকার, আকাশ, বায়, ভেজঃ, জল, ক্ষিভি, দেব, ঝিয়, ভ্তসকল এবং সমুদারাত্মক এই বিশ্ব উৎপন্ন হইয়া থাকে। ভাগঃ ৪।২৪।৬০

সত্তং র**ঞ্জ**ন্তম ইতি ব্রিবৃদেকমাদৌ স্থত্তং মহানহমিতি প্রবদন্তি জীবম্।

জ্ঞানক্রিয়ার্থফলরূপতয়োরুশক্তিব্র'শৈব ভাতি সদসচ্চ তয়োঃ পরং যথ। ভাগঃ ১১।৩।৩৮

১।১।২ স্ত্ত্রের আলোচনায় (১২৫ পৃষ্ঠায়) ইহার অর্থ দেওয়া হইয়াছে। আর অধিক উদ্ধারের প্রয়োজন নাহ। ক্রম্মই যে সর্মকারণ কারণ উপরে উল্লিখিত তুইটি শ্লোক হইতে প্রতিপন্ন হইবে। ভিত্তি:--

"সোহকাময়ত, বহুস্থাং প্রজ্ঞায়েয়েতি"। (তৈত্তিঃ আনন্দঃ ২া৬)। তিনি কামনা করিয়াছিলেন, বহু হইব, জন্মিব।

"ইদং সর্ব্বমস্ঞ্জত। যদিদং কিঞ্চ। তৎস্প্ত্রা তদেবারুপ্রাবিশং। তদরপ্রবিশ্য। সচ্চ ত্যচ্চাভবং"। (তৈত্তিঃ আনন্দঃ ২।৬)।

তিনি এই সমস্ত বস্তু স্থাষ্ট করিলেন, এই যাহা কিছু দৃষ্ট হয়, স্থাষ্ট করিয়া তাহারই অভ্যন্তরে প্রবেশ করিলেন। প্রবিষ্ট হইয়া সৎ ও ত্যাৎ (প্রভাক্ষ ও পরোক্ষ) হইলেন।

সংশয়: —পূর্ব স্থতের শিরোদেশে উদ্ধৃত তৈতিঃ আনন্দবলীর ৭মত্ত্বে ডক্ত হইয়াছে যে, "অগ্রে এই জগৎ অসংস্করণেই ছিল"। যদি অসংই জগৎকারণ হয়, তাহা হইলে অসতের সর্বজ্ঞতা ও সর্বাশক্তিমতা সিদ্ধ কি প্রকারে হয়? ইহার উত্তরে স্ক্ত:—

সূত্র :-- ১।৪।১৫

ननामवाद । राष्ट्रार्ट

সমাকর্যাৎ: — সর্বজ্ঞ ব্রন্মের সমাকর্যণ অর্থাৎ সম্বন্ধ হেতু।

কারণ, ঠিক উক্ত শ্রুতিমন্ত্রের অব্যবহিত পূর্ববেরী শ্রুতিমন্ত্রে, অর্থাৎ, তৈতিরীয় আনন্দবলীর ভমন্ত্রে, ব্রন্ধের কামনাপূর্বিকা জ্বগংস্চির কথা উক্ত হইয়াছে, এবং তিনি স্ফি করিয়া স্ট বস্তু সম্দায়ে অমুপ্রবেশ করিলেন, কথিত হইয়াছে। উক্ত শ্রুতিমন্ত্র শিরোদেশে উদ্ধৃত হইয়াছে। এই উত্তর কারণে তিনি সর্ব্বজ্ঞ, ও সর্বশক্তিমান, ইহাই উল্লেখ হইল। তার পরেই "অসং" এর উল্লেখ থাকার, এই "অসং"ই সর্বজ্ঞ ও সর্ব্বশক্তিমান্ ব্রহ্ম, ইহা সিদ্ধ হইল।

"অসং"ই সর্বাঞ্চ, সর্বাশক্তিমান্ ব্রহ্ম, এরূপ উক্তি আপাতঃদৃষ্টিতে বড়ই বিসদৃশ মনে হইতে পারে। কিন্তু একটু বিচার করিয়া দেখিলে তাহা মনে হইবে না। আমরা ১৷১৷২ স্থ্রের আলোচনায় যে "সং" ও "অসং" এর সংজ্ঞা নির্দ্দেশ করিয়াছি, এখানে "অসং" অর্থ তাহা নহে। "সং" অর্থে কার্য্য—নামরূপে অভিব্যক্ত জগৎপ্রপঞ্চ; "অসং" অর্থ কারণ। শ্রোমন্ভাগবতে এই অর্থে "সং" ও "অসং" বহুম্বানে ব্যবহৃত হইরাছে। উদাহরণম্বরূপ পূর্বস্থেরে উদ্ধৃত ১১।৩০৮ শ্রোক, ১।১।০ স্ত্রে উদ্ধৃত ১০।৮৭।১ শ্লোক, ১।১।০ স্ত্রে উদ্ধৃত ১০।৮৭।১ শ্লোক, ১।১।৫ স্তরে উদ্ধৃত ৭।৯।০০ শ্লোক, ৩।৫।২৫ শ্লোক, ১০।৩৮।১০ শ্লোক স্রষ্টব্য। জগৎপ্রপঞ্চ "অসং" অথাৎ কারণরূপে স্থাইর পূর্বের ব্রহ্মে অপৃথক্ ভাবে শক্তি বা বীজরূপে লীন ছিল বলিলে দোষ হয় না, এবং তখন তাঁহাতে শক্তিরূপে থাকায়, ব্রহ্মকে "অসং" বা কারণম্বরূপে বলায় কোনও দোষ নাই। যেহেত্ কার্যাও ভিনি, কারণও ভিনি!

বস্তুতো জানতামত্র কৃষ্ণং স্থাস_{্থ} চরিষ্ণু চ।
ভগবদ্রপমখিলং নাক্তদ্বস্থিহ কিঞ্চন।। ভাগঃ ১০।১৪।৫৬
সর্কেব্যমপি বস্তৃনাং ভাবার্থো ভবতি স্থিতঃ।
তস্যাপি ভগবান্ কৃষ্ণঃ কিমতদ্বস্ত রূপ্যতাম্।। ভাগঃ ১০।১৪।৫৭
ইহাদের সরলার্থ ১।১।৮ স্থত্তের আলোচনায় দেওয়া হইয়াছে।
ভাত্তব্র ভগবান বা ভ্রহ্মই—সবর্ব কারণ কারণ সিদ্ধ হইল।

৫। জগলাচিতাধিকরণ ॥

ভিত্তি:--

"ব্রহ্ম তে ব্রবাণীতি। স হোবাচ। যো বৈ বালক এতেষাং পুরুষাণাং কর্ত্তা যস্ত বৈতদ্বৈকর্ম স বেদিতবাঃ। (কৌষীতকিঃ ৪।১৮)।

অজাতশক্র বলিলেন, তোমাকে ব্রহ্ম উপদেশ করিতেছি, হে বালাকে, যিনি এই পুরুষ সমূহের কর্তা, এবং ইহা (পরিদৃশুমান জ্গুৎ) যাঁহার কর্ম তিনিই জ্ঞাতব্য।

সংশয় :—শিরোদেশে উদ্ধৃত শ্রুতিতে যাঁহার কথা বলা হইতেছে, এবং অজাতশক্র, ব্রহ্ম উপদেশ করিতেছি, এই প্রস্তাবনা করিয়া, যাঁহাকে "কর্তা" বিশিয়া নির্দেশ করিলেন ও ইহা যাঁহার কার্য্য বলিয়া উল্লেখ করিলেন, তিনি পরমাত্মা না সাংখ্যাক্ত পূক্ষ ? এই সংশয় স্মাধানের জন্ম স্থূত্ত:—

मृत :-- ১१८।১७

জগদাচিত্বাৎ ৷৷ ১৷৪০১৬

জগবাচিত্বাৎ:—জগতের প্রতিপাদক হেতু।

এই বিষয়টি ভাল করিয়া বৃঝিতে হইলে বালাকি-অজাতশক্র-সংবাদ নামক আখ্যায়িকা আলোচনা আবশুক। কৌষীতিকি উপনিষদে ৪ অধ্যায়ে কথিত আছে যে, বালাকি নামক একজন ব্রন্ধবিদ্যাতিমানী পণ্ডিত কাশিরাজ অজাতশক্রর নিকট গিয়া রাজাকে বলিলেন, আমি আপনাকে ব্রন্ধবিদ্যা বলিব। অজাতশক্র ভিনিয়া অতিশয় আনন্দিত হইয়া তাঁহাকে বহু পুরুষার দিবার প্রতিশ্রুতি করিলেন। তারপর বালাকি একে একে আদিতা, চন্দ্র, বিহাৎ, আকাশ, বায়়, তেজঃ, জল, পৃথিবী প্রভৃতিতে অবস্থিত পুরুষের বিষয় উপদেশ দিতে লাগিলেন, এবং রাজা সে সম্পায় ভনিয়া তাহাদের অব্রন্ধত্ব বৃঝাইয়া দিতে লাগিলেন। এই প্রকারে ক্রমে ক্রমে যোড়শ প্রকার পৃক্ষের বিষয়় কথিত হইলে ও রাজা কর্তৃক তাঁহাদিগের অব্রন্ধত্ব সিদ্ধান্ত স্থাপিত হইলে বালাকি তৃষ্মীভাব অবলম্বন করিলেন। তবন রাজা তাঁহাকে ব্রন্ধ উপদেশ করিব বলিয়া আরম্ভ করিয়া বলিলেন যে, যিনি এই সকল পুরুষের কর্ত্বা বা নিয়ন্তা ও যাহার কর্ম এই পরিদৃশ্যমান জগৎ, তিনিই ব্রন্ধ, তিনিই জ্ঞাতব্য। অতএব তিনি সাংখ্যোক্ত পুরুষ নহৈ। সাংখ্যাক্ত পুরুষ ভোক্তা মাত্র, জগৎ তাঁহার কর্ম নহে।

এক এবাদিতীয়োহসাবৈতদাত্ম্যমিদং জগং।
আত্মনাত্মাশ্রয়ঃ সভ্যাঃ ! স্ফাত্যবতি হস্তাজঃ ॥ ভাগঃ ১০।৭৪।২১
তিনি এক অদিতীয়, এক তদাত্মক এই সমৃদায় জগং। হে সভ্যগণ!
তিনি আপনিই আপনার আশ্রয়, এক তিনিই স্বাষ্টি স্থিতি লয় কর্ত্ম।

ভাগঃ ১০।৭৪।২১

যত্ত্র যেন যতো যস্ত যশ্মৈ যদ্যদ্যপা যদা।
স্থাদিদং ভগবান্ সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরঃ ॥ ভাগঃ ১০৮৫।৪

যাহাতে, যাহা দারা, যাহা হইতে, যাহার নিমিত্ত, যাহার, যে যে প্রকার,

যাহা যাহা হয়, সে সম্দায়ই প্রধান ও পুরুষের নিয়স্তা, সাক্ষাৎ ভগবানই।
ভাগঃ ১০৮৫।৪

কৃষ্ণ কৃষ্ণ ! মহাযোগিংস্কমাত্যঃ পুরুষঃ পরঃ। ব্যক্তাব্যক্তমিদং বিশ্বং রূপং তে ব্রাহ্মণা বিত্নঃ॥

ভাগঃ ১০।১০।২৯

ত্বমেকঃ সর্ব্বভূতানাং দেহাস্বাত্মেন্দ্রিয়েশ্বরঃ।

ভাগঃ ১০।১০।৩০

হে কৃষ্ণ, হে মহাষোগিন্! তুমি আন্ত, পরম পুরুষ। এই স্থুন ও স্ক্ররপে প্রতীয়মান বিশ্ব তোমারই রূপ। তুমি ব্রহ্ম, তুমিই সকল প্রাণীর দেহ, প্রাণ, অহঙ্কার ও ইন্দ্রিয় সকলের ঈশ্বর। ভাগঃ ১০।১০।২০-৩০।

ত্বং বায়ুরগ্নিরবনি বি'য়দমুমাত্রাঃ প্রাণেন্দ্রিয়াণি হৃদয়ং চিদরূগ্রহশ্চ। সর্ববং ত্বমেব সগুণো বিগুণশ্চ ভূমন্ নাগ্রত্বদস্ত্যাপি মনো বচসা নিরুক্তম্॥ ইহার অর্থ ১১১২ স্থত্তের আলোচনায় (১৬ পৃষ্ঠায়) দেওয়া হইয়াছে।

অতএব দৃশ্যমান এবং অপরিদৃশ্যমান সম্দায়ের পরম কারণরূপে প্রসিদ্ ব্রহ্মই অজাতশক্ত-বালাকি প্রস্তাবে উপদেশের বিষয়। তিনি একমাত্র কর্ত্তা, সম্দায় জগৎ তাঁহার কর্ম। স্বতরাং উৎকৃষ্ট, অপকৃষ্ট, চেতন, অচেতন সম্দায় তাঁহার কার্যারূপে তুলা বা সমান। জীবের কর্ম বা অদৃষ্ট জগত্ৎপত্তির কারণ হয় হউক, কিন্তু জীব নিজেই স্বীয় ভোগ্য ও ভোগোপকরণ পদার্থনিচয়ের উৎপাদক নহে। নিজ্ঞ কর্মামুসারে ইশ্ররুষ্ট পদার্থ সকল ভোগ করে মাত্র। স্বতরাং একজন জীবের অপর জাবের উপর কর্তৃত্ব উপপন্ন হয় না। অতএব সাংখ্যোক্ত পুক্ষ অজ্ঞাতশক্তর উপদেশের বিষয় নহে, ইহা স্পষ্ট বুঝা গেল। ভিত্তি :---

"এবমেবৈষ প্রজ্ঞা আত্মৈতিরাম্মভি ভূ'ঙ্জে ॥ (কৌষীতকি ৪।১৯) এই প্রাক্ত আম্মসমূহ দ্বারা ভোগ করে।

"অথাস্মিন্ প্রাণ এবৈকধা ভবতি।" (কৌষীতকি ৪।১৮)
এই প্রাণেই একীভাব প্রাপ্ত হয়।

সংশয়:—উপরে কৌষীতকি শ্রুতির ৪।১৯ ও ৪।১৮ মন্ত্রাংশে জানা
যাইতেছে যে, অজাতশক্রর উপদেশে ৪।১৮ মন্ত্রাংশে মৃথ্যপ্রাণ ও ৪।১৯ মন্ত্রাংশে
জীব সম্বন্ধে উপদেশ বলিয়া মনে হয়, কারণ, উক্ত উভয় মন্ত্রাংশে জীবধর্ম ও
প্রাণধর্মের উল্লেখ আছে। ইহার উত্তরে স্ত্রকার স্ত্র করিলেন :—

স্থারের প্রথমাংশে আপত্তির উল্লেখ করিয়া শেষাংশে সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন।

সূত্র ঃ—১।৪।১৭

জীবমুখ্যপ্রাণলিঙ্গান্ধেতি চেৎ, তদ্ ব্যাখ্যাতম্ ॥ ভাগঃ ১।৪।১৭ জীবমুখ্যপ্রাণলিঙ্গাৎ + ন + ইতি + চেৎ + তৎ + ব্যাখ্যাতম্।

জীবমুখ্যপ্রাণলিঙ্গাৎ ঃ—জীবের ও মৃখ্য প্রাণের চিহ্ন থাকার। ন ঃ— না, ব্রহ্ম নহে। ইডিঃ—ইহা। চেৎঃ—यদি বল। তৎঃ—তাহা। ব্যাখ্যাতম্ঃ—উপপাদিত হইয়াছে।

এই একপ্রকার আপত্তিই ১।১।৩২ খত্তে বিচার করা হইবার পর, দিদ্ধান্ত স্থাপন করা হইরাছে। এখানে পুনরায় দে বিচারের অবতারণা নিম্প্রয়োজন। এইটুকু মাত্র বলা প্রয়োজন বে, অজাতশক্রর উপদেশের উপসংহারে উক্ত হইয়াছে যে, "যিনি এই প্রকার জানেন, তিনি সমস্ত পাপ বিধ্বস্ত করিয়া সমস্ত ভূতের শ্রেষ্ঠত্ব রূপ 'স্বারাজমাধিপতাম্' প্রাপ্ত হন (৪।২০)।" এই ফলপ্রাপ্তি ব্রমোপাসনার অব্যভিচারী ফল। স্থতরাং কৌষীত্রকি উপনিষদে অজাতশক্রর উপদেশের তাৎপর্য্য ব্রম্ম প্রতিপাদন, ইহা সিদ্ধ হইল।

তিনি বখন বিশ্বপ্রপঞ্চের বর্তমান, অতীত ও ভবিশ্বৎ, যা কিছু সবই, তখন তাঁহাতে জীবলিঙ্গ বা প্রাণনিঙ্গ থাকিবে, তাহাতে আশ্চর্য্য কি ? তবে তাহা তাঁহার মানা শক্তি ধারা স্বরূপ আবরণ করাতেই সম্ভব হয়।

সর্ববং পুরুষং এবেদং ভূতং ভব্যং ভবচ্চ যং। ভাগঃ ২।৬।১৫ বিশ্ব প্রপঞ্জের বর্ত্তমান, অভীত, ভবিশ্রৎ, যা কিছু, সব পুরুষই। ভাগঃ ২।৬।১৫ তাঁহার উপাসনা বহুবায়াস-সাধ্য নহে, সহজ-সাধ্য, কারণ তিনি সকল ভ্তের আত্মা ও সর্বত্র প্রসিদ্ধ । তিনি সর্বত্র বিরাজ করিতেছেন । ব্রহ্মাদি স্বত্ব পর্যান্ত স্থাবর জঙ্গম, ক্ষুদ্র মহৎ, যত জীব, ভৌতিক বিকার ঘটাদি যত অজীব, আকাশাদি মহাভ্ত সকল, সহাদি গুণ, ঐ সকল গুণের সমত্ত্রপ প্রকৃতি, ও গুণক্ষোভজাত মহত্তরাদি যত কিছু আছে, সকলেতেই ব্রহ্মম্বরূপ, এক অব্যয়, ভগবান ঈশ্বর আত্মারূপে র্বত্তমান আছেন । তাঁহার মায়াশক্তির আবিরকা ও বিক্ষেপিকা শক্তির প্রভাবেই, দ্রষ্টা ও দৃগ্য, ভোক্তা ও ভোগ্য, ব্যাপ্য ও ব্যাপকরূপ ভেদদর্শন হয়, এবং যিনি স্বরূপতঃ কেবলাম্বভ্রানন্দ্রেরপ এবং অনির্দ্বেগ্র ও অবিকল্পিত, তিনি মায়া দ্বারা স্থীয় স্বরূপ আবরণ করাতেই নির্দ্বেগ্র ও বিকল্পিত হইয়া থাকেন । ৭।৬।১৯-২১।

ন হাচ্যুতং প্রীণয়তো বহুবায়াসোহস্করাত্মজাঃ। আত্মত্বাৎ সর্ব্বভূতানাং সিদ্ধত্বাদিহ সর্ববতঃ॥

ভাগঃ ৭।৬।১৯

পরাবরেষ্ ভূতেষ্ ব্রহ্মান্তস্থাবরাদিষ্। ভৌতিকেষ্ বিকারেষ্ ভূতেম্বধ মহৎস্ক চ॥ গুণেষ্ গুণসাম্যে চ গুণব্যতিকরে তথা। এক এব পরোহ্যাত্মা ভগবাণীশ্বরোহব্যয়ঃ।। ভাগঃ ৭।৬।২০

প্রত্যগাত্মস্বরূপেণ দৃশুরূপেণ চ ম্বয়ং। ব্যাপ্য ব্যাপক নির্দ্দেশ্যাহ্যনির্দ্দেশ্যোহবিকল্পিতঃ॥ কেবলামুভবানন্দ স্বরূপঃ প্রমেশ্বরঃ। মায়ুয়ান্তর্হিতৈশ্বর্য্য ঈয়ুতে গুণসর্গরা॥ ভাগঃ ৭।৬।২১

আমরা ১।১।৩ শতের (২৪৬—২৪৭ পৃষ্ঠার) আলোচনায় ব্ঝিতে পারিয়াছি যে, গণিতের ভাষায় ব্রেম্ম অনস্ক পরিমাণ (infinite dimensions) বিজমান। স্থতরাং তাঁহাতে জগৎপ্রপঞ্চের যা কিছু সম্দায়ই বর্তমান থাকায় তাঁহাতে জীবলিঙ্গ, প্রাণলিঙ্গ, প্রধানলিঙ্গ সম্দায়ই বর্তমান থাকিবে, ইহাতে আশ্চর্য্যের বিষয় কিছুই নাই। কিন্তু তা বলিয়া তিনি জীব, প্রাণ, প্রধান প্রভৃতি সম্দায় হইতে ভিন্ন এবং উহাদের সকলের নিয়ন্তা, ইহা উপপাদিত

হইয়াছে। এখানে একটি মাত্র শ্লোক উদ্ধৃত করিয়া এ বিচারের উপসংহাত্ত করা গেল।

> যঃ পরং রহসঃ সাক্ষাৎ ত্রিলিঙ্গাড্জীবসংজ্ঞিতাৎ। ভগবন্তং বাহুদেবং প্রপন্নঃ স প্রিয়ো হি মে ॥ ভাগঃ ৪।২৪।২৪

স্ক্রা ত্রিগুণময়ী প্রকৃতি ও জীবসংজ্ঞিত পুরুষ হইতে পর, অর্থাৎ প্রকৃতি ও পুরুষের নিয়ন্তা যে ভগবান বাহ্মদেব, তাঁহার শরণাপন্ন যে ব্যক্তি হয়, সে আমার অতিশয় প্রিয়। ভাগঃ ৪।২৪।২৪

অতএব প্রতিপাদিত হইল যে, পরমাত্মায় জীবলিঙ্গ, মুখ্যপ্রাণ লিঞ্চ এবং ভদ্তিম অশু থা কিছু সন্দায় বর্তমান থাকায়—কৌষীভকি উপনিষদে বালাকি-অজাভশক্র উপাধ্যানে পরব্রহাই উপদিষ্ট হইয়াছেন। ভিত্তি:—কৌষীতকি উপনিষদের ৪।১৮, ৪।১৯ মন্ত্র।

সংশয় :—কে ষীতিকি উপনিষদের ৪।১৮ মিয়ে, অজাতশক্র ও বালাকি উভয়ের স্থপ পুরুষসমীপে গমন, তাঁহাকে প্রাণবাচক বহু নামে সম্বোধন, তাহাতে জ্ঞাগরিত না হইলে যি ছার। এহার ও তৎপরে উদ্বোধন এবং তাহার পর অজাতশক্রর প্রশ্ন 'হে বালাকে, এই পুরুষ এইরূপে কোথায় শয়ন করিয়াছিল, এবং কোথা হইতেই বা আসিল'। বালাকি ইহার উত্তর দিতে পারিলেন না। তাহাতে অজাতশক্রর ঐ প্রশ্নের উত্তরপ্রসঙ্গে হিতা নামক নাড়ী, হুদয় প্রভৃতির উল্লেখ আছে। অতএব প্রশ্ন ও ব্যাখ্যান দ্বারা এ প্রস্তাব ব্রহ্মপর বিলিয়া মনে করা যায় না, ইহা জীবপর। ইহার উত্তরে জৈমিনি আচার্য্যের মত উল্লেখ করিতেছেন:—

সূত্র —১।৪।১৮

অন্তার্থং তু জৈমিনিঃ প্রশ্নব্যাখ্যানাভ্যামপি চৈবমেকে।। ১।৪।১৮ অন্তার্থং + তু + জৈমিনিঃ + প্রশ্নব্যাখ্যানাভ্যাম্ + অপি + চ +

এবম্ 🕂 একে

অন্তার্থং :— অন্ত উদ্দেশ্যে—জীবাতিরিক্ত পরমাত্ম যন্তা জ্ঞাপনার্থ। তু :—
কিন্তা। কৈমিনিঃ :— জৈমিনি আচার্য্য মনে করেন। প্রশ্নর্যাখ্যালাভ্যাম্ :—
প্রশ্ন ও তাহার উত্তর হেতুতে। অপি চ :— বিশেষতা। একে :—কোন
কোন শাখীরা। এবং :—এই প্রকার পাঠ করেন।

জৈমিনি আচার্যা মনে করেন যে, উপরোক্ত প্রশ্নের উত্তরে অজাতশক্ত স্পষ্টই বলিয়াছেন যে, "যথন নিজিত পুরুষ কোনও প্রকার স্বপ্ন দশন করে না, তথন এই প্রাণই একীভৃত হইয়া থাকে, এই আত্মা হইতে প্রাণসমূহ যথাস্থানে প্রস্থান করিয়া থাকে। প্রাণসকল হইতে দেবতা এবং দেবতাসকল হইতে লোক সমূহ (বিষয়সমূহ) বহির্গত হইয়া থাকে"। (কৌষীতকি ৪।১৯)। স্থতরাং স্পষ্টই প্রতীয়মান হইতেছে, অজাতশক্তর উত্তরের জীবাতিরিক্ত পরমাত্ম প্রতিপাদনেই তাৎপর্যা।

বিশেষতঃ বাজদেনীয় শাখীরা এই বালাকি-অজাতশক্র সংবাদেই প্রশ্ন ও উত্তরে নিম্নলিখিতরূপে পাঠ করিয়া থাকেন।

প্রশ্ন: স হোবাচাঞ্চাভশক্র্য ত্রৈব এতৎ স্থপ্তোহভূদ্ য এষ বিজ্ঞানময়ঃ পুরুষ: কৈষ ভদাভূৎ কুভ এভদাগাদিতি।

(বৃহদারণ্যক ২।১।১৬)

প্রশ্ন: অজাতশক্র জিজ্ঞাসা করিলেন, এই বিজ্ঞানময় পুরুষ স্ববৃথি অবস্থায়
কোথায় ছিল ও কোথা হইতে আদিল ? বালাকি বলিলেন—জানিনা।
(বুহদারণ্যক ২।১।১৬)

উত্তর: স হোবাচাজাতশক্রমত্ত্রেষ এডৎ স্থপ্তোইভূদ্ য এষ বিজ্ঞানময়: পুরুষস্তদেষাৎ প্রাণানাং বিজ্ঞানেন বিজ্ঞানমাদায় য এষোহন্তর্জনয় আকাশস্তশ্মিঞ্জেও। (বৃহদারণ্যক ২।১।১৭)

উত্তর: তথন অজাতশক্র বলিলেন—এই ব্যক্তি বখন স্বয়ুপ্ত ছিল তখন এই বিজ্ঞানময় পুরুষ এই প্রাণদমূহের বিজ্ঞানের দহিত স্বীয় বিজ্ঞান গ্রহণ করিয়া, এই যে অন্তর্ফ দিয় আকাশ, তাহাতে শয়ন করিয়া থাকে।

(वृश्नावगाक २। ३। ১१)

আকাশ শব্দ পরমাত্মা অর্থে প্রাসিদ্ধ, ইহাও ১।৩১৪ স্থতে প্রতিপাদিত হইয়াছে। দহরাকাশ বা অন্তর্জ দয়াকাশ ব্রহ্মই। স্থতরাং বালাকি-অজাতশক্রর প্রস্তাবে প্রতিপান্ত ব্রহ্মই।

৬। বাক্যায়য়াধিকরণ্॥ ভিত্তি:—

স (যাজ্ঞবল্ক্য) উবাচ, ন বা অরে পত্যু কামার পতিঃ প্রিয়ো ভবতি, আত্মনম্ভ কামায় পতিঃ প্রিয়ো ভবতি ৷ ন বা অরে জায়ায়ৈ কামায় জায়া প্রিয়া ভবতি, আত্মনস্ত কামায় জায়া প্রিয়া ভবতি। ন বা অরে পুত্রাণাং কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্তি, আত্মনস্ত কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে বিত্তস্ত কামায় বিত্তং প্রিয়ং ভবতি, আত্মনম্ভ কামায় বিত্তং প্রিয়ং ভবতি। ন বা অরে পশ্নাং কামায় পশবঃ প্রিয়া ভবন্তি, আত্মনন্ত কামায় পশবঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে বন্ধাঃ কামাধ বন্ধা প্রিয়ং ভবতি, আত্মনস্ত কামায় ত্রন্ধ প্রিয়ং ভবতি। ন বা অরে ক্রন্তম্ম কামার ক্রন্তং প্রিয়ং ভবতি, আত্মনম্ভ কামায় ক্ষত্রং প্রিয়ং ভবতি। ন বা অরে লোকানাং কামায় লোকা: প্রিয়া ভবন্তি, আত্মনম্ভ কামায় লোকাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে দেবানাং কামায় দেবাঃ প্রিয়া ভবন্তি, আত্মনস্ত কামায় দেবাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে বেদানাং কামায় বেদাঃ প্রিয়া ভবন্তি, আত্মনম্ভ কামায় বেদাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে ভূতানং কামায় ভূতানি প্রিয়াণি ভবন্তি, আত্মনপ্ত কামায় ভূতানি প্রিয়াণি ভবন্তি। ন বা অরে সর্ববস্থ কামায় সর্ববং প্রিয়ং ভবতি, আত্মনম্ভ কামায় সর্ববং প্রিয়ং ভবতি। আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোভব্যো মন্তব্যো নিধিধ্যাসিভব্যো মৈত্রেয্যাত্মনি ধন্বরে দৃষ্টে শ্রুতে মতে বিজ্ঞাত ইদং সর্বাং বিদিতম্ । (বৃহদারণ্যকঃ ৪।৫।৬)

বৃহদারণ্যক উপনিষদের চতুর্য অধ্যায়ের পঞ্চম ব্রাহ্মণ "মৈত্রেরী ব্রাহ্মণ" নামে প্রসিদ্ধ। আখ্যায়িকাটি এই :— বাজ্ঞবন্ধ্য একজন বেদবিদ্ ব্রহ্মক্ত ব্রাহ্মণ। তিনি ব্রহ্মবিভার প্রভাবে বহু অর্থ উপার্জ্জন করেন। তাঁহার কাত্যায়নী ও মৈত্রেরী নামে হুই ভার্ঘ্য। ছিল। বার্ধক্যে বৈরাগ্যের উদয় হুইলে, তিনি সন্মাসী হুইবার জন্ম তাঁহার ধন সম্পদ প্রভৃতি হুই ভার্ঘ্যাকে বিভাগ করিয়া দেন। কাত্যায়নী মুখ্যবভাবা, তিনি তাহাতেই ভৃত্তি পাইলেন। মেত্রেরী তীক্ষ বৃদ্ধিমতী। তিনি প্রশ্ন করিলেন যে, বিত্ত দারা কি অমৃতত্ব পাওয়া যায়? যাজ্ঞবন্ধ্য উত্তর করিলেন যে, বিত্ত দারা কি অমৃতত্ব পাওয়া যায়?

৪।৫।৩.)। তাহা শুনিয়া মৈত্রেয়ী বলিলেন, "ভগবন্, যাহাতে আমি অমৃতা হইতে পারি, ভাহাই বল্ন (বৃহ: ৪।৫।৪)। তাহাতে যাজ্ঞবন্ধ্য উপদেশ দিলেন, "মৈত্রেয়ি! নিশ্চয়ই পতির প্রীভির জন্ম পতি প্রিয় হন না, প্রীর প্রীভির জন্ম পুত্র প্রিয় হন না—এই প্রকার আরম্ভ করিয়া কাহারও প্রীভির জন্ম কেহ প্রিয় হয় না, পরস্ত আত্মপ্রীভির জন্মই সকলেই প্রিয় হয়, আত্মাকে দর্শন করিবে, শ্রবণ করিবে, মনন করিবে, নিদিধ্যাসন (একাগ্রধ্যান) করিবে। আত্মা দৃষ্ট, শ্রুভ, চিস্তিভ ও বিজ্ঞাত হইলে এই সমস্তই বিজ্ঞাত হইয়া যায়।" (বৃহ: ৪।৫।৬)

সংশয় ঃ—

এখানে আত্মা শব্দে সাংখ্যোক্ত পুরুষ অথবা পরমাত্মা ? পুরুষই যুক্তিযুক্ত। কারণ, পতি, জায়া, পুত্র, বিত্ত, পশু প্রভৃতির সহিত সম্বন্ধ থাকায় জীবাত্মার প্রতীতি স্বতঃই হইয়া থাকে। এই সংশয় সমাধানের জন্ম স্বতঃ:—

मृख :- ১।৪।১৯

বাক্যাশ্বয়াৎ ॥ ১।৪।১৯

বাক্যান্থয়াৎ:—বাক্যের অন্বর্ম অর্থাৎ ব্রহ্মার্থে তাৎপর্য্য হেতু। কারণ, প্রকরণের আরম্ভে যাজ্ঞবন্ধ্যের উজি—অমৃত্য়েস্ত তু লালাইন্ডি বিত্তেল (বৃহঃ ৪।৫।৩) বিত্ত ধারা অমৃতত্বের আলা নাই। স্থতরাং যাহাতে অমৃত্ব পাওয়া যায়, তাহাই প্রকরণের তাৎপর্য্য। তারপর যাজ্ঞ-বন্ধ্যের উপদেশের বৃহদারণ্যক উপনিষদের ৪।৫।৬ মন্ত্রের শেষাংশে "আত্মা দৃষ্ট, শ্রুত, চিন্তিত ও বিজ্ঞাত হইলে এই সমস্তই বিজ্ঞাত হইয়া যায়" ইহা জীবে প্রযোজ্য নহে। পরমাত্মায়ই প্রযোজ্য। স্থতরাং বাক্যায়য় হইতে স্পষ্ট প্রতীয়মান হইতেছে যে, ইহার তাৎপর্য্য ব্রহ্মেই। বিশেষতঃ ৪।৫।৭ মন্ত্রে পরবর্তী মন্ত্রের শেষাংশে উক্ত আছে যে, "ইমে দেবা ইমে বেদা ইমানি ভূতানীদং সর্বাং যদয়মাত্মা" (বৃহঃ ৪।৫।৭)—'এই দেবতা সকল, এই বেদ সকল, এই ভূত সকল এই সর্বাই এই আত্মা'। অতএব পরমাত্মাই তাৎপর্য্য।

এই প্রসঙ্গে ১।১।৮ স্থত্তের আলোচনায় উদ্ধৃত শ্রীমদ্ভাগবতের ১০।১৪।

৫০—৫১—৫২—৫৩—৫৪—৫৫ শ্লোকগুলি দ্রপ্তব্য। বাহুল্যভয়ে এখানে
প্নক্ষার করা হইল না।

ত্তইটি মাত্র শ্লোক উদ্ধত করিয়া এই স্তত্তের উপদংহার করিব।

প্রাণবৃদ্ধিমনঃস্বাত্মদারাপত্যধনাদয়ঃ। যৎসম্পর্কাৎ প্রিয়া আসংস্ততঃ কোমু পরঃ প্রিয়ঃ॥

ভাগঃ ১০।২৩।২৭

প্রাত্মার সম্পর্কেই প্রাণ, বৃদ্ধি, মন, জ্ঞাতি, দেহ, দারা, অপত্য, ধনাাদ সম্দান প্রিয়। অতএব আত্মাই সর্বাপেক্ষা প্রিয়। ভাগঃ ১০।২৩।২৭

শ্রীকৃষ্ণ বলিতেছেন, আমি দেই প্রিয় আত্মা। এজন্য বিবেকী স্বার্থদর্শন চতুর ব্যক্তিগণ ফলাত্মসন্ধান না করিয়া আমাতে নিরস্তরা ভক্তি করিয়া থাকেন। ভাগঃ ১০।২৩।২৬

> নম্বদ্ধা ময়ি কুর্ব্বন্তি কুশলাঃ স্বার্থদর্শিনঃ। অহৈতুক্যব্যবহিতাং ভক্তিমাত্মপ্রিয়ে যথা॥

> > ভাগঃ ১০া২৩া২৬

অভএব প্রতিপাদিত হুইল যে, শ্রুতিতে কথিত "আত্মা" শব্দ পরব্রক্ষেই প্রযোজ্য। ভিত্তিঃ--

''আত্মনি খন্বরে দৃষ্টে শ্রুতে মতে বিজ্ঞাত ইদং সর্ব্বং বিদিতম্'।। (বুহদারণ্যক ৪।৫।৬)।

এই আত্মা দৃষ্ট, শ্রুত, মত ও বিজ্ঞাত হইলে সমস্তই বিদিত হওয়া যায়।

भृताः -- ।।।।२०

প্রতিজ্ঞাসিদ্ধের্লিঙ্গমাশ্মরথাঃ ।৷ ১.৪৷২০ প্রতিজ্ঞাসিদ্ধেঃ + লিঙ্গম্ + আশ্মরথাঃ ৷৷

প্রতিজ্ঞাসিকে: :—এক বিজ্ঞানে সর্ববিজ্ঞানরূপ প্রতিজ্ঞাসিদ্ধির।

কিঙ্গাং :— জ্ঞাপক হেতু। আশারথাঃ :— আশারথা নামক আচার্য্য মনে করেন।

আশারথ্য নামক আচার্য্য মনে করেন বে, বৃহদারণাক শ্রুতির ৪।৫।৬
মন্ত্রের শেষাংশে এক বিজ্ঞান হইতে সর্ব্ধবিজ্ঞানরূপ প্রতিজ্ঞার উল্লেখ রহিয়াছে।
অতএব প্রকরণোক্ত আত্মা—পরমাত্মাই। জীবাত্মা নহে।

শ্রীমদ্ভাগবতের ১০।৪১।২-৩ শ্লোকে অক্র উক্তিতে ইহা বড়ই স্থানর ভাবে ব্যাখ্যাত হইয়াছে। মথুরা যাইবার পথে অক্রর রাম-ক্ষাকের রথে বসাইয়া অবগাহনের জন্ম যম্নায় নামিয়াছেন। যম্নায় জলে ডুব দিয়া জলমধ্যে শ্রীভগবানের রথন্থিত রূপের ন্যায় রূপ দর্শন করিয়া আশ্চর্যান্থিত হইয়া জল হইতে উঠিলেন, ও শ্রীকৃষ্ণ সন্ধিনানে আগমন করিলে, শ্রীকৃষ্ণ তাঁহার চক্ষঃ ম্থাদির আশ্চর্যাভাব লক্ষ্য করিয়া জিজ্ঞাসা করিলেন যে, তোমাকে দেখিয়া বোধ হইতেছে যে তুমি ভূমিতে আকাশে বা জলে যেন কিছু অভুত দর্শন করিয়াছ। ভাহাতে অক্রর উত্তর করিলেন:—

অন্তুতানীহ যাবন্ধি ভূমৌ বিয়তি বা জলে। ছয়ি বিশ্বাত্মকে তানি কিং মেহদৃষ্টং বিপশ্যতঃ॥

ভাগঃ ১০।৪১।৪

যত্রান্তৃতানি সর্বাণি ভূমৌ বিয়তি বা জলে।
তং ত্বান্তপশ্যতো ব্রহ্মন্ । কিং মে২দৃষ্টমহান্তৃতম্।।

ভাগঃ ১০।৪১।৫

হৈ ব্ৰহ্মন্! শ্ৰুতিতে বলিয়াছেন যে, যাঁহাকে জানিলে সম্পায় জানা হইয়া থাকে, সেই বিশ্বাত্মক তুমি আমার সমূপে দৃষ্টিগোচরে বর্ত্তমান। অতএব, তোমাকে যথন দর্শন করিয়াছি, তখন ভূমি, আকাশ বা জলে যত কিছু অভূত আছে, সে সম্পায়ই ত দর্শন করা হইল। আপনাতে সমস্ত অভূত দেদীপ্যমান। আপনাকে যদি দর্শন না কারতে পারি. তাহা হইলে ভূমিতে, আকাশে বা জলে কি অভূত দেখিব? কিছুই দৃষ্ট হইবে না। কলতঃ আপনা ব্যতিরেকে পৃথিব্যাদিতে কোথাও কিছুই নাই। ১০18 ১18-৫।

অত এব সিদ্ধ হইল যে, পরমান্তবিজ্ঞান হইতে সমুদায় বিজ্ঞান সিদ্ধ হইয়া থাকে। কিন্তু জীববিজ্ঞান হইতে তাহা হয় ন।। স্কুডরাং বৃহদারণ্যক শুভির ৪। ।৬ মন্ত্রে কথিত আত্মা পরমাত্মাই, জীবাত্মা নহে। ইহা আচার্য্য আশারখ্যের মত।

এই প্রসঙ্গে ১।১।১ হত্তের আলোচনায় উদ্ধৃত ১১।২০।৩০ শ্লোক ও তাহার অর্থ দ্রপ্তব্য। ভিত্তিঃ—

"এষ্ সংপ্রসাদোহস্মাচ্ছরীরাৎ সমুখায় পরং জ্যোতিরুপসম্পত্ত স্বেন রূপেণাভিনিষ্পত্ততে"।। (ছান্দোগ্যঃ ৮।৩।৪)।

এই সম্প্রদাদ (জীব) শরীর হইতে বহির্গত হইয়া এবং পরম-জ্যোতিঃ-স্বরূপ পরমাত্মাকে প্রাপ্ত হইয়া স্বীয় স্বরূপে পরিনিম্পন্ন হয় '

সংশয়:—পূর্ব স্ত্রে আশারথ্য আচার্য্যের যে মত উল্লিখিত হইয়াছে, তাহাতে যে আত্মা শব্দের লক্ষ্য পরমাত্মাই, তাহা নাও হহতে পারে। জীব যদি বন্ধকার্য্য হয়, অর্থাৎ ব্রন্ধ হইতে উৎপন্ন হয়, তবে জীব ও ব্রন্ধ ত একই পদার্য। এবং এই ঐক্যর জন্মই এক বিজ্ঞানে সর্ববিজ্ঞান প্রতিজ্ঞা দিদ্ধ করিবার জন্ম জীববাচক আত্মাশব্দে পরমাত্মার উল্লেখ করা হইয়াছে। তাল, তাই যদি হয়, তাহা হইলে জীবের ব্রন্ধভাব প্রাপ্তি জীবের নাশ ভিন্ন আর কিছুই হইতে পারে না। মৃত্তিকা হইতে উৎপন্ন ঘটাদি পুনরায় মৃত্তিকাতে পরিণত হইলে, তাহাদের নাশই হইয়া থাকে। স্থতরাং জীবের মোক্ষ তাহার আত্যন্তিক নাশ ভিন্ন আর কিছু নহে। এবং সেজন্ম তাহা কাহারও প্রার্থয়িতব্য নহে। বিশেষতঃ শিরোদেশে উদ্ধৃত শ্রুতি তাহার বিরোধী। পরস্ক জীবের ব্রন্ধভাব প্রাপ্তি হইলে, জীব স্বরূপে পরিনিম্পন্ন হয়, নাশ প্রাপ্ত ত হয় না। এ বিষয়ে আচার্য্য উতুলোমির মত উল্লেখযোগ্য।

সূত্র ঃ—১।৪।২১

উৎক্রমিস্থাত এবং ভাবাদিতৌড়ুলোমি:।। ১।৪।২১ উৎক্রমিস্থাত: + এবং + ভাবাৎ + ইতি + ঔড়ুলোমি:।

উৎক্রেমিয়াডঃ:—দেহ হইতে উৎক্রমণকারী জীবের, (সাধারণ জীবের নহে, যাহাদের ব্রহ্মাবদ্যা অধিগত হইয়াছে, তাহাদিগের, অর্থাৎ সাধনা বারা যে বিদ্বান্ ব্যক্তির পরমাত্মপ্রাপ্তি উন্মুখ হইয়াছে)। এবং ঃ—এই প্রকার। ভাবাৎ:—মভাব বা স্বর্ধণ অবস্থা প্রাপ্ত হয় বলিয়া (অথাৎ এরপ ব্যক্তি সর্ব্ধিত্র অাত্মদর্শন হেতৃ সর্ব্ধিত্র হয় বলিয়া)। ইতিঃ—ইহা। ওড়ুলৌমিঃ:—উড়ুলোমি আচার্য্য মনে করেন।

প্রভূলোমি আচার্য্যের মত এই যে, যে বিদ্বান্ ব্যক্তির (সাধনার দ্বারা) পরমাত্ম প্রাপ্তি আসন্ধ হইয়াছে, সে ব্যক্তি সর্ব্ধপ্রিয় হইয়া থাকে। সর্ব্ববন্ধতে তাহার পরমাত্ম ভাব ক্ষুরিত হইয়া থাকে, স্থতরাং সর্ব্বজ্ঞীবে, সর্ব্ববস্তুতে তাহার প্রিয় ব্যবহার হয়, এজন্ম সে ব্যক্তিও সর্ব্বপ্রিয় হয়।

অতএব আত্মা শব্দের অথ পরমাত্মাই, জীবাত্মা নহে। স্থতরাং বৃহদারণ্যক শ্রুতির ৪।৫।৬ মত্ত্রের তাৎপর্যা এই যে, নিজ নিজ স্বার্থসিদ্ধির জন্ম পতি, জায়া, পুত্র, বিত্ত, পণ্ড, প্রভৃতি প্রিয় নহে। সকলেতেই পরমাত্মা বিগ্নমান। পতিতে পরমাত্মার প্রেমময় ভরণকারী মূর্ত্তি, জায়াতে পরমাত্মার প্রেমময়ী সক্চারিণী সেবিকা মূর্ত্তি, পুত্রে পরমাত্মার বাৎসল্যরসাম্ভবকারী মূর্ত্তি, বিত্তে ও পশুতে পরমাত্মার সোধনামুক্ল উপায় মূর্ত্তি দেখিতে পাই। সকলই পরমাত্মার সাধনামুক্ল। উহাদের প্রতি শাস্থ্যেক্ত যথোচিত ব্যবহারে জীব সাধনা পথে অগ্রসর হইতে পারে বলিয়াই তাহারা প্রিয়, এবং সাধকও সকলের প্রতি প্রিয় ব্যবহারে স্বর্থপ্রিয় হইয়া থাকে।

এ প্রদক্ষে ১।৪।১৯ স্থারে আলোচনায় উদ্ধৃত ১০।২৩।২০ ও ১০।২৩।২১ শ্রীমদ্ ভাগবতের শ্লোক দ্রস্টব্য। বাহুল্য ভয়ে পুনরুদ্ধার করা গেল না। এ প্রকার সাধকের যে সমুদায় স্থ্যয় হইয়া থাকে, তাহা শ্রীমদ্ভাগবতের নিম্নোদ্ধত শ্লোক হইতে স্পন্ত বুঝা যাইবে।

অকিঞ্চনশু দান্তশু শান্তশু সমচেতসঃ

ময়া সন্তুষ্ট মনসং সর্ববা স্থ্রথময়া দিশঃ ।। ভাগঃ ১১।১৪।১২

আমার ধারা সন্ত্রথানস, অকিঞ্চন, দান্ত, শান্ত ও সমচিত্ত ব্যক্তির সকল দিকই স্থাময়রূপে প্রতীত হয়। ভাগঃ ১১।১৪।১২।

> যদা ন কুরুতে ভাবং সর্বভূতেষমঙ্গলম্। সমদৃষ্টেস্তদা পুংসঃ সর্ববাঃ স্থখময়া দিশঃ॥ ভাগঃ ৯।১৯।১৩

যখন পুরুষ, সকল প্রাণীতে অমঙ্গল ভাব অর্থাৎ রাগছেষাদি বৈষম্য পরিতাাগ করে, এবং সর্বত্র সমদৃষ্টি হয়. তথন তাহার সকল দিকই স্থপময় হইয়া থাকে। ভাগঃ ১১১১৩

সাধক সর্ব্বত্র পরমাত্মার বিভিন্ন মৃত্তি দর্শন করিয়া থাকেন। স্থতরাং তাঁহার মনে কোনও প্রাণীর প্রতি কোনও প্রকার অমঙ্গল ভাব উদয় হইতে পারে না। এজন্য তাঁহার সমৃদায়ই স্থময়, এবং তিনি সকলেরই প্রিয়।

অভএব বৃহদারণ্যক শ্রুভির ৪।৫।৬ মন্ত্রে কথিত আত্মা পদের অর্থ প্রমাত্মাই।

ভিত্তি:--

১। "ইদং ব্রহ্ম ইদং ক্ষত্তং ইমে লোকা ইমে দেবা ইমে বেদা ইমানি ভূতানীদং সর্ববং যদয়মাত্মা।"

(বৃহদারণ্যক ৪।৫।৭)

এই ব্রাহ্মণ, এই ক্ষত্রিয়, এই সমস্ত লোক, এই সমস্ত দেবতা, এই সমস্ত বেদ, এই সমস্ত ভূত, অধিক কি এই সমস্তই আত্মা।

> ২। "স যথা সর্ববসামপাং সমুদ্র একায়নমেবম্-----।" (বৃহদারণাক ৪:৫।১২)

সমৃদ্র যেরপ সমস্ত জলের একমাত্র আশ্রয়, ····· ব্রহ্মও সেইরূপ সম্স্ত জগতের একমাত্র আশ্রয়।

সূত্র :-- ১।৪।২২

অবস্থিতেরিতি কাশকৃৎস্নঃ।। ১।৪।২২ অবস্থিতে: + ইতি + কাশকৃৎস্নঃ ॥

অবন্ধিতে: :—অবস্থান হেতু (ব্রন্ধে আশ্রয়রূপে অবস্থান হেতু)। ইন্ডি :— ইহা। কাশক্তৎস্ম: :—কাশক্তৎস্ম আচার্য্য মনে করেন।

কাশক্বংস্ন আচার্য্য মনে করেন যে, আত্মাই সমস্ত জগতের একমাত্র আ্রাশ্র্য । স্বতরাং আত্মা শব্দের অর্থ পরমাত্মাই—জীবাত্মা নহে।

শীগদ্ভাগবতে উক্ত হইয়াছে যে, শ্রীভগবানই অথিলাশ্রয়। তিনি নিজে নিজের আধার।

এক এবাদিতীয়োহভূদাত্মাধারোহখিলাশ্রম্য়ঃ ॥ ভাগঃ ১১।১৬ তিনি আত্মাধার, অধিলাশ্রম, এক ও অদিতীয়। ভাগঃ ১১।১৬ অহমাত্মান্তরো বাহ্যোহনার্তঃ সর্বদৈহিনাম।

যথা ভূতানি ভূতেষু বহিরন্তঃ স্বয়ং তথা।। ভাগঃ ১১।১৫।৩৬

ইহার অর্থ ১।২।৬ স্থত্তে দেওয়া হইয়াছে। এই শ্লোকের সহিত বৃহদারণ্যক শ্রুতির ৪।৫।১৩ মন্ত্র তুলনীয়। কেবল জগদাধার লোকৈক নাখ ··· ••৬৯।৩০ গ্রহং হি সর্ব্বভূতানামাদিরস্তোহন্তরং বহিঃ। ভৌতিকানাং যথা খং বাভূর্ব্বান্ড্রেন্সিনাঃ॥

ভাগঃ ১০৮২।৪৬

ইহার অর্থ ১।৩।১০ স্ত্রে দেওয়া হইয়াছে।

বাস্ত্র্দেবাখিলাবাস সাহতাং প্রবর প্রভো। ভাগঃ ১০।৩৭।১৫

ইহার অর্থ ১।৩।১০ স্থত্তে দেওয়া হইয়াছে।

যেহেতু নৈত্রেয়ী-যাজ্ঞবন্ধ্য প্রকরণে যখন আত্মাকে সর্ব্বাপ্রয় বলিয়া বর্ণনা করা হইয়াছে, সমূদায় জগৎ যখন আত্মাতে অবন্ধিত কথিত হইয়াছে, তখন আত্মা অর্থ পরমাত্মাই। ইহাই কাশকুৎস্প জাচার্য্যের মত।

৭। প্রকৃত্যধিকরণ।।

ভিত্তি :--

১। ''যেনাশ্রুতং শ্রুতং ভবভামতং মতমবিজ্ঞাতং বিজ্ঞাতম্।'' (ছান্দোগ্যঃ ৬/১/৩)

যাহাতে অশ্রুতও শ্রুত হয়, অচিন্তিতও চিন্তিত হয়, এবং অবিজ্ঞাতও বিজ্ঞাত হইয়া থাকে।

২। "যথা সোম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ববং মৃন্ময়ং বিজ্ঞাতং স্থাৎ…" "যথা সোম্যৈকেন লোহমণিনা……"

'বথা সোম্যৈকেন নখনিকৃন্তনেন····· "(ছান্দোগ্যঃ ৬।১।৪-৬)

হে সোম্য! যেমন একটি মাত্র মুগায় পাত্র জানিলেই অপর সমস্ত মুগায় পাত্র বিজ্ঞাত হইয়া যায়, হে সোম্য, যেমন একটি লোহমণির জ্ঞানে

হে সোম্য! একটি নকণ জানিলে · · · ·

সংশয় :—নিরীশ্বর সাংখ্যমত অপসারণপূর্বক সিদ্ধান্ত স্থাপন হইল যে, ব্রহ্ম জগৎকারণ হউন। এখন সেশ্বর সাংখ্য বা পতঞ্জলি ও তৎপদার্হগগণ পূর্বপক্ষ হইয়া আপত্তি করিতেছেন যে, ব্রহ্ম জগতের নিমিত্ত-কারণ হউন, উপাদান হইবেন কি প্রকারে? লোকিক জগতে উপাদান ও নিমিত্ত বিভিন্ন প্রকার দৃষ্ট হইয়া থাকে। অতএব প্রকৃতিই উপাদান-কারণ এবং ব্রহ্ম নিমিত্ত-কারণ বটে। ইহার উত্তরে স্ত্রকার যুত্ত করিলেন:—

সূত্র :--১া৪া২৩

প্রকৃতিশ্চ প্রতিজ্ঞাদৃষ্টান্তরুপরোধাৎ ॥ ১,৪।২৩ প্রকৃতিঃ + চ + প্রতিজ্ঞা + দৃষ্টান্ত + অরুপরোধাৎ

প্রকৃতিঃ ঃ—উপাদানকারণ (ব্রহ্ম প্রকৃতি বা উপাদানকারণও বটেন)।

চ ঃ—ও। প্রতিজ্ঞাঃ—এক বিজ্ঞানে সর্ববিজ্ঞান প্রতিজ্ঞা (ছাঃ ৬।১।৩)।

দৃষ্টান্ত ঃ—মুগায় পাত্র, লোহমণি, নরুণ প্রভৃতির দৃষ্টান্ত (ছাঃ ৬।১।৪-৬)।

অসুপরোধাৎ ঃ—অবিরোধ হেতু।

যদি ব্রহ্ম নিমিত্ত-কারণ মাত্র হন, তাহা হইলে উপাদানকারণ ব্রহ্মাতিরিক্ত অপর কোনও বস্তু হইবে। স্থতরাং ব্রহ্মবিজ্ঞানে উপাদান-কারণ-বিজ্ঞান সিদ্ধ না হওয়ায়, প্রতিজ্ঞাহানি হইল। অতএব, ব্রহ্ম উপাদান-কারণও বটেন। তাহা হইলে, প্রতিজ্ঞাহানি হইল না।

ছান্দোগ্য শ্রুতির ৬।১।৩ মন্ত্রে কথিত হইয়াছে, যাহা জানিলে কিছুই অশ্রুত, অচিন্তিত ও অবিজ্ঞাত থাকে না, তাহা জান কি ? এই মন্ত্রে স্পষ্টতঃ এক বিজ্ঞান সর্ববিজ্ঞান প্রতিজ্ঞা করা হইল। উক্ত মন্ত্রের পোষকরূপে ৬।১।৪, ৬।১।৫ ও ৬।১।৬ মন্ত্রে করেকটি দৃষ্টান্ত প্রদর্শিত হইয়াছে। উক্ত দৃষ্টান্তসকল প্রাকৃতিক উপাদান হইতে জাত বস্তুগণকে অবলম্বন করিয়া দেওয়া হইয়াছে এবং স্পষ্ট দেখান হইয়াছে যে, উহাদের যে কোনও একটির বিজ্ঞানে, তাহার উপাদানকারণ হইতে জাত সম্পায় পদার্থ জানা যায়। এই দৃষ্টান্তের নিদর্শনে প্রতিপন্ন হইল যে, এমন একটি বস্তু আছে, যাহা জানিলে আর কিছু জানিবার বাকি থাকে না। (ছাঃ ৬।১।৩) সেই বস্তু যে ব্রহ্ম, তাহাতে সন্দেহ মাত্র নাই। অতএব ছাঃ ৬।১।৩ হইতে ৬।১।৬ মন্ত্রে প্রতিপাদিত হইল যে, ব্রহ্ম উপাদানকারণও বটেন, অন্যথায় দৃষ্টান্ত বিরোধ ঘটে।

১।১।২ স্থারের আলোচনায় উদ্ধন্ত শ্রীমদ্ভাগবতের ৬।৪।২৫, ৮।৩।৩, ১০।৮৫।৪ শ্লোক দ্রষ্টব্য। বাহুল্য ভয়ে এখানে পুনরুদ্ধার করা হইল না।

যস্মিলিদং যতশ্চেদং তিষ্ঠত্যপ্যেতি জায়তে।

মৃন্ময়েষিব মৃজ্জাতিস্তব্মৈ তে ব্রহ্মণে নম:।। ভাগঃ ৬।১৬।১৮ ইহার অর্থ ১।৩।১০ স্থত্রে দেওয়া হইয়াছে।

ক্ষেত্রজ্ঞায় নমস্তভাং সর্ব্বাধ্যক্ষায় সাক্ষিণে।

পুরুষায়াঅমূলায় মূলপ্রকৃতয়ে নম:।। ভাগঃ ৮:০।১০

আত্ম गृंनाয়—আত্মনাং ক্ষেত্রজ্ঞানাং ফ্লায়। ফ্লপ্রকৃতয়ে—ফ্লস্থাপি প্রধান-স্থাপি প্রকৃতয়ে উদ্ভব হেতবে। (শ্রীধর)

ভগবান্! আপনি ক্ষেত্রজ্ঞ (আত্মা), সর্বাধ্যক্ষ, সর্বধাক্ষী, আপনাকে নমস্কার। আপনি ক্ষেত্রজ্ঞ সকলের মূল, এবং প্রধানেরও উন্তবের হেতু, কারণ, আপনি পূর্ণ স্বরূপ, আপনাকে নমস্কার করি। ৮।৩।১৩

ত্বযাগ্র আসীত্তয়ি মধ্য আসীত্বয়ন্ত আসীদিদমাত্মতন্ত্র। তুমাদিরন্তো জগতোহস্ত মধ্যং ঘটস্ত মৃৎস্কেব পরঃ পরস্মাৎ ।

তাগঃ ৮৬:১০

ভগবন্! আপনি আত্মতন্ত্র। এই জগৎ, স্থাটির পূর্ব্বে আপনাতেই ছিল, মধ্যেও আপনাতে রহিয়াছে, এবং অন্তেও আপনাতে থাকিবে। মৃত্তিকা যেমন ঘটের আদি, অন্ত ও মধ্য, আপনিও তেমনি এই জগতের আদি, অন্ত ও মধ্য। কারণ, আপনি প্রধান হইতে পর (শ্রেষ্ঠ)। ভাগঃ ৮।৬।১০

অভএব ব্রহ্ম যে জগভের উপাদানকারণ, সিদ্ধ হইল।

ভিত্তি:--

'ভদৈক্ষত বহুস্তাং প্রজায়েয়েতি"। (ছান্দোগ্য ৬।২।৩) তিনি সংক্রু করিয়াছিলেন—বহু হইব—জন্মিব।

मृब :-- >।।।२८

অভিধ্যোপদেশাচ্চ॥ ১।৪।২৪ অভিধ্যা + উপদেশাৎ + চ।

অভিশ্যা:—সংকর। উপদেশাৎ:—উপদেশ হেতু। চ:—ও।

ক্রন্ধ যে নিমিত্ত ও উপাদানকারণ, তাহার অন্ত হেতুও দর্শিত হইতেছে।
শিরোদেশে উদ্ধৃত শ্রুতিমন্ত হইতে জানা যায় যে, ব্রন্ধের বহু হইবার সংকল্পে

জগৎ স্থাই ইইয়াছে। তাঁহার সংকল্পে যথন জগৎ স্থাই, তখন চিৎ, অচিৎ,
সম্দাঙ্কি তাঁহার সংকল্প হইতে উৎপত্তি হইল। অচিৎ উৎপত্তির অন্ত পথক
কারণ নাই।

শ্রীনদ্ভাগবতে স্পষ্টাক্ষরে উল্লিখিত আছে যে, তিনি চিৎ ও অচিৎ শক্তি-যুক্ত, অর্থাৎ উভয় শক্তি সমকালেই তাঁহাতে বর্ত্তমান।

> অনন্তাব্যক্তরপেণ যেনেদমখিলং ততম্। টিদচিচ্ছক্তিযুক্তায় তশ্মৈ ভগবতে নমঃ।। ভাগঃ ৭।৩।৩০

হে অনস্ত! আপনি মনোবাকোর অগোচর রূপ দ্বারা এই অথিল বিশ্বে ব্যাপ্ত আছেন, আপনার ঐশ্বর্য্য অচিস্তা, আপনি চিৎ ও অচিৎ শক্তিযুক্ত। আপনাকে নমস্কার। ভাগ: ৭।৩।৩০

১।১।২ প্রত্যের আলোচনায় আমরা বুঝিয়াছি যে, শ্রীভগবানের অচিন্ত্য শক্তিই চৈতন্তম্বরূপ হইতে জড় পৃথির কারণ। উক্ত আলোচনায় প্রদন্ত চিত্রে পৃথি প্রক্রিয়া বিশদভাবে দর্শিত হইয়াছে। তাহা হইতে স্পষ্ট প্রতীয়মান হইবে যে, মূল এক অন্বিতীয় পরমতত্ব হইতে (খাহাকে চিত্রে "শ্রীকৃষ্ণ" বলিয়া দেখান হইয়াছে) কি চেতন, কি জড়, সম্দায়ই উৎপন্ন হইয়াছে। সে সম্বন্ধে আর অধিক আলোচনার আবশ্যকতা নেই।

ভিত্তি:--

''কিংস্বিন্তনং ক উ স বৃক্ষ আসীদ্ যতো গ্যাবাপৃথিবী নিষ্টতক্ষুঃ।"

"ব্রহ্ম বনং ব্রহ্ম স বৃক্ষ আসীদ্ যতো ভাবাপৃথিবী নিষ্টভক্ষুঃ। মনীষিণো মনসা বিব্রবীমি বো ব্রহ্মাধ্যভিষ্ঠদ্ ভূবনানি ধারয়ন্"।। (ঋথেদ ৮।৩।১৬)

জিজ্ঞাসা করি, সেই বনই বা কি ? এবং সেই বৃক্ষই বা কি ছিল ? যাহা হইতে পরমেশ্বর আকাশ ও পৃথিবী নির্মাণ করিয়াছেন ? ইহার উত্তরে বলিতেছেন, বন্ধই বন (কার্য্য), এবং ব্রন্ধই সেই বৃক্ষম্বরূপ (উপাদানম্বরূপ) ছিলেন, যাহা হইতে আকাশ ও পৃথিবী নির্মিত হইয়াছে, এবং ব্রন্ধই এই ভূবন সকলকে ধারণ করিয়া আছেন।

সূত্র ঃ—১।৪৷২৫

माक्कारका ज्यामाना ।। ১।८।२० माक्कार + ६ + छेज्य + ज्यामाना ।

সাক্ষাৎ: — সাক্ষাৎ সম্বন্ধে। চঃ —ও। উভয়: —উভয়ের — নিমিত্ত ও উপাদান কারণ ভাবের। আমানাৎঃ —কধন হেতু।

উপরের যে শ্রুতি উদ্ধার করা হইয়াছে, তাহা হইতে স্পষ্ট প্রতীয়মান হইবে যে, সাক্ষাৎ সম্বন্ধেই ব্রহ্মকে নিমিত্র ও উপাদানকারণ বলা হইয়াছে। অতএব, ব্রহ্মই নিমিত্ত ও উপাদানকারণ বটেন।

শ্রীমদ্ভাগবতে ইহা বড়ই স্থন্দররূপে ব্যাখ্যাত হইয়াছে।

তেনৈকমাত্মানমশেষদেহিনাং কালং প্রধানং পুরুষং পরেশম্। স্বতেজনা ধ্বস্তগুণপ্রবাহমাত্মৈকভাবেন ভব্ধমদ্ধা।। ভাগঃ ৪০১১১৫

তিনি সম্দায় দেহীর এক আত্মা, এবং এই জগতের কাল অর্থাৎ নিমিন্ত কারণ, প্রধান অর্থাৎ উপাদানকারণ, পুরুষ অর্থাৎ কর্ত্তা (ঈক্ষণ কর্ত্তা)। অতএব তিনি সর্ব্যকারণ, তিনি পরমেশ্বর। নিজের শ্বরূপ শক্তি বিকাশে গুণ প্রবাহরপী সংসার অতিক্রম করিয়া বর্ত্তমান আছেন। অতএব, তাঁহাকে একান্তভাবে ভজনা কর। ভাগঃ ৪।৩১।১৫

জ্ঞানং বিবেকো নিগমন্তপশ্চ প্রত্যক্ষমৈতিহ্যমধানুমানম্। আগুন্তয়োরস্থ যদেব কেবলং কালশ্চ হেতৃশ্চ তদেব মধ্যে।। ভাগঃ ১১।২৮।১৯

যথা হিরণ্যং স্কৃতং পুরস্তাৎ পশ্চাচ্চ সর্বস্থা হিরণায়স্থা।
তদেব মধ্যে ব্যবহার্য্যমাণং নানাপদেশৈরহমস্থা তদ্বৎ।।
ভাগঃ ১১।২৮।২০

বিজ্ঞানমেতন্ত্রিয়বস্থমঙ্গ গুণত্রয়ং কারণকার্য্যকর্ত্ত্ব।
সমন্বন্ধেন ব্যতিরেকভশ্চ থেনেব ভূর্য্যেণ তদেব সত্যম্ ॥
ভাগঃ ১১।২৮।২১

জ্ঞান, বিবেক (আত্মানাত্মবিচার), বেদ, স্বধর্ম, প্রত্যক্ষ, উপদেশ, অনুমান এ সম্পার জ্ঞানের সাধন। এই জ্ঞানের দ্বারা এই সংসার প্রপঞ্চের আতত্তে, নিমিত্ত ও উপাদান কারণ যে সত্য ব্রহ্ম, মধ্যকালেও ইহা তদাত্মক জ্ঞানিবে। স্থিতিকালে জগৎপ্রপঞ্চ ব্রহ্ম হইতে পৃথক নহে বলিয়া ধারণা করিবে। ভাগঃ ১১।২৮।১১

বেমন সম্পায় হিরণায় জব্যের পূর্বের স্বর্ণ বর্ত্তমান, পশ্চাৎও সেই একই স্বর্ণ, মধ্যে ব্যবহার্যমান কটক, কুওলাদি নানা নামে পৃথক পৃথক আরুতিতে বর্ত্তমান থাকিলেও, তাহা যেমন সেই স্বর্ণ ই, সেইরূপ আমিও জগতের আদি, মধ্যে ও অস্তে বর্ত্তমান। ভাগঃ ১১৷২৮৷২০

১।২।১৯ স্ত্রের আলোচনায় ইহার (ভাগঃ ১১।২৮।২১) অর্থ দেওয়া হইয়াছে।

অতএব স্বয়ং-স্ক্রোতি:স্বরূপ ব্রহ্মই, ইন্দ্রিয়, তাহাদিগের বিষয়, মন ও ভূত প্রভৃতি বিচিত্র রূপে প্রকাশ পান। ভাগঃ ১০।২৮।২৩

> ব্রন্ম স্বয়ংজ্যোতিরতোহবভাতি ব্রন্মেন্দ্রিয়ার্থাত্মবিকার চিত্রম্ ॥ ভাগঃ ১১।২৮।২৩

শ্বয়ং জ্যোতিঃশ্বরূপ আত্মা, শ্বরূপতঃ নিত্য ও নিগুন। তিনি শ্বয়ং অবিকৃত থাকিয়া, আকাশ, বায়ু, জ্যোতিঃ, বল ও পৃথিবী এবং তৎকৃত বিকার প্রভৃতিতে নানারূপে আবিভূতি হয়েন। ভাগঃ ১০৮৫।২২

> আত্মা হোকঃ স্বয়ংজ্যোতির্নিত্যোহন্তো নিগুর্ণা গুণৈ:। আত্মস্টেস্তৎকৃতেষু ভূতেষু বহুধেয়তে । ভাগঃ ১০৮৫।২৪ খং বাষু জ্যোতিরাপো ভূস্তংকৃতেষু যথাশরুম্।

> > ভাগঃ ১০৮৫।২৫

এই প্রসঙ্গে ১।৪।১৬ স্থত্রের আলোচনায় উদ্ধৃত ১০।১০।২৫ ও ১০।১০।২৬ শ্লোক স্রষ্টব্য। ভিন্তি:--

"তদাত্মানং স্বয়মকুরুত"। (তৈন্তিঃ আনন্দঃ ৭)।
তিনি নিজেই নিজেকে (বহুরূপ) করিয়াছিলেন।

সূত্র :-- ১।৪।২৬

আত্মকৃতেঃ ॥ ১।৪।২৬

আত্মকুতে: :—আপনাকেই বহুরূপে পরিণত করায়।

শিরোদেশে উদ্ধৃত শ্রুতিতে স্পষ্টই কণিত আছে, তিনি আপনাকেই বহুরূপে পরিণত করিয়াছিলেন। স্থতরাং যথন তিনি বহুরূপী হইবার জ্ন্ত অন্ত কোন অপেক্ষা করেন নাই, তখন তিনি উপাদানকারণও বটেন। নিমিস্তকারণ সম্বন্ধে ত কথাই নাই।

भाग्रत्राण्यभाग्रत्रा यदानः निर्मात्र विश्वः ।

ভাগঃ ৮।৬।১১

তৃমি নিজাশ্রিত স্বকীয় মায়া দ্বারা এই জগৎ সৃষ্টি করিয়া তাহাতে অনুপ্রবিষ্ট হইয়াছ। ভাগঃ ৮।৬।১১

মায়া তাঁহারই শক্তি, তাঁহা হইতে পৃথক নহে। স্থতরাং জ্বগৎ স্প্তির নিমিত্ত তাঁহার অন্যাপেক্ষা নাই।

এই মায়া তাঁহার সংকল্পাত্মিকা অচিস্তাশক্তি। শক্তি—শক্তিমানে তাদাত্মাভাবে বর্ত্তমান থাকে ও শক্তিমানের ইচ্ছামূসারেই প্রকটিতা হইয়া থাকে।
স্থতরাং মায়া—ব্রহ্মশক্তি বলিয়া—ব্রহ্ম হইতে পৃথক কিছু বস্ত্ব কহে। অতএব
মায়াশক্তি অঙ্গীকার করিয়া প্রপঞ্চস্টি—প্রপঞ্চের অস্তর হইতে বাহিরে অভিব্যক্তি
—"আত্মক্তি"—আপনার কর্ম ভিন্ন অন্ত কিছু নহে। এজন্ত —স্ত্রে "আত্মকৃতি"
শব্দ হেত্তর্থে ব্যবহৃত হইয়াছে।

লৌকিক দৃষ্টাস্ত—একজন কবি নিজ কবিত্বশক্তি—যাহা তাঁহাতে ভাদাত্ম-ভাবে অবস্থিত ছিল তাহা কাব্যাকারে প্রকটিত করিয়া অভিব্যক্ত করিলে, তাঁহাতে কি পরিণাম বা বিকার সংঘটিত হয়? উহার সংঘটনের সংশয় মাত্র আমাদের মনে উদয় হয় না, সেইরূপ প্রপঞ্চ সৃষ্টিতে ব্রন্ধে পরিণাম বা বিকার সংস্পর্শের প্রসঙ্গই উঠে না। শ্রুতিতে উর্ণনাভের জাল প্রস্তুতের দৃষ্টাস্ত দেওয়া হইয়াছে। উক্ত দৃষ্টাস্ত হইতে বুনিতে হইবে যে, উর্ণনাভ যেমন তাহার প্রস্তুত জালের একাধারে নিমিত্ত ও উপাদানকারণ, ব্রহ্মও সেইরূপ জগতের নিমিত্ত ও উপাদানকারণ।

এক এবাদিতীয়োহসাবৈতদাত্মামিদং জগং।
আত্মনাত্মশ্রঃ সভ্যাঃ! সম্জভ্যবতি হস্ক্যাজঃ॥ ভাগঃ ১০।৭৪।২১
এই শ্লোক ১।৪।১৬ স্ত্রের আলোচনায় উদ্ধৃত হইয়াছে। বিশদার্থ তথায়
দ্রষ্টবা।

আত্মৈব তদিদং বিশ্বং স্বজ্জাতে স্বন্ধতি প্রভূঃ। ব্রায়তে ত্রাতি বিশ্বাত্মা হ্রিয়তে হরতীশ্বরঃ।। ভাগঃ ১১।২৮।৬

দর্ব্বদমর্থ পরমেশ্বর এই বিশ্বকে আত্মাতে অভিনন্ধপে স্থৃষ্টি করেন ও স্থৃষ্ট হয়েন, রক্ষা করেন ও রক্ষিত হয়েন, সংহার করেন ও সংস্কৃত হয়েন।

ভাগঃ ১১৷২৮৷৬

এক কথায়, তিনি কর্তা এবং কর্ম—ছুইই সমকালে ও একাধারে। ইহাই তাঁহার অচিন্ত্য শক্তি, এবং এই জন্মই শ্লোকে তাঁহাকে "প্রভূ" বলা হইয়াছে। ভিত্তি:--

সোহকাময়ত—বহু স্থাং প্রজ্ঞায়েয়েতি। স তপোহতপ্যত। স তপ্স্থপু । ইদং সর্ব্বমস্ঞ্জত। যদিদং কিঞ্চ। তৎ স্থ দু । তদেবালুপ্রাবিশং।
তদমুপ্রবিশ্য। সচ্চ ত্যক্ষাভবং। নিরুক্তং চানিরুক্তঞ্চ। নিলয়নং
চানিলয়নঞ্চ। বিজ্ঞানং চাবিজ্ঞানঞ্চ। সত্যং চানৃতঞ্চ সত্যমভবং।

(তৈত্তিঃ আনন্দঃ ২া৬)

তিনি কামনা করিলেন, বহু হইব, জন্মিব। তিনি তপস্থা করিলেন, তপস্থা করিয়া এই যাহা কিছু আছে, তৎ সম্দায় স্প্রে করিলেন, স্প্রে করিয়া তদভান্তরে প্রবেশ করিলেন, প্রবিষ্ট হইয়া সৎ-প্রভাক্ষ, ও তাৎ-পরোক্ষ বস্তুস্বরূপ হইলেন, নিক্ষক, অনিক্ষক, নিলয়ন, অনিলয়ন, বিজ্ঞান, অবিজ্ঞান, সত্য ও অসত্য হইলেন।

मृखः :-- >।।।११

পরিণামাৎ।। ১।৪।২৭ পরিণামাৎঃ —পরিণাম হের্তু।

শিরোদেশে উদ্ধৃত শ্রুতিমন্ত্রে স্পষ্টই উক্ত হইয়াছে যে, ব্রহ্মই প্রত্যক্ষ ও পরোক্ষ বস্তুষদ্ধপে পরিণত হইলেন, নিকৃক্ত—বাক্যের গোচর ও অনিকৃক্ত করে করে অগোচর ইত্যাদি হইলেন। অতএব, সিদ্ধ হইতেছে যে, তিনিই নিমিক্ত ও উপাদানকারণ।

পূর্ববিশক উক্ত শিদ্ধান্তের বিকলে আপত্তি করিতেছেন, তোমার উক্ত শিদ্ধান্ত মত বুঝিব কি, ব্রহ্ম যথন "প্রত্যক্ষ ও পরোক্ষ বস্তুস্থরূপে পরিণত হইলেন" তথন তিনি পরিণামী ও সে কারণ বিকারী হইয়া পড়িলেন, তাহা হইলে তাঁহার নিত্যন্তের, অধিকারীত্ত্বের অপলাপ করা হয়,—বৃহদারণাক শ্রুত্যক্ত অক্ষর ব্যান্তর আপতিত হয়, কঠ শ্রুতি কথিত (কঠ ২।১৯) "নিতা, শাশ্বতঃ, পুরাণঃ—"প্রভৃতি উক্তি প্রত্যাহার করিতে হয়। ইহার সমাধান কি

ইহার উত্তরে সিদ্ধান্তবাদীর বক্তব্য এই—দেখ ১।৪।১৫ সূত্রে প্রতিপাদিত হইয়াছে যে, কি ছান্দোগ্য শ্রুতি, কি ভৈত্তিরিয় শ্রুতি, কি অন্য শ্রুতি, সমৃদায় শ্রুতি এক বাক্যে প্রতিপাদন করে যে ব্রন্ধের সংকল্পবশতঃ প্রপঞ্চের অভিব্যক্তি। চেতনেরই সংকল্প হয়, অচেতনের সংকল্প হইবে কি প্রকারে? আবার ছান্দোণ্য শ্রুতির ৩।১৪।৪ মন্ত্র স্পষ্ট প্রকাশ করেন, তিনি সত্য সংকল্পস্থতরাং তাঁহার সংকল্পের দঙ্গে সঙ্গেই দিদ্ধি সংঘটিত হয়। তাঁহার সংকল্পেই
চৈতন্ত হইতে দৃশুত: জড়ের অভিব্যক্তি—তাহা যথন সম্ভব, তথন তাঁহারই
সংকল্পে উক্ত জড়ের পরিণামবশত: বিভিন্ন ভূত জাতের এবং তাহাদের সংযোগ
বিয়োগে প্রপঞ্চের বস্তুজাতের অভিব্যক্তি অসম্ভব হইবে কেন ? পরিণাম ত
আমরা আমাদের চতুর্দিকে সর্বক্ষণই প্রতাক্ষ করি।

তুমি যে ব্রহ্মে পরিণাম বা বিকার আরোপ করিতেছ, তাহা ঠিক নহে। তিনি নিতা, শাখত, অধিকারী ত বটেই। জগৎ স্থা করিয়াও তিনি তাঁহার স্বরূপে সর্বাদময় প্রতিষ্ঠিত থাকেন, কৃথনই তাঁহার স্বরূপ বিচ্যুতি নাই। এ কারণ তাঁহার অচ্যুত নাম অবার্থ ই বটে।

শ্রীমদ্ভাগবতে বহুস্থানে ইহা বিশদভাবে কথিত আছে। কয়েকটি শ্লোক নিমে উদ্ধৃত হইল।

> যশ্মিরিদং যতশ্চেদং যেনেদং য ইদং স্বয়ম্। যোহস্মাৎ পরস্মাচ্চ পরস্তং প্রাপত্তে স্বয়স্তুবম্॥ ভাগঃ ৮।৩।৩

যাঁহাতে এই বিশ্ব অধিষ্ঠিত, যাঁহা হইতে ইহা উৎপন্ন, যাঁহা কর্তৃক ইহা স্ষ্ট, এবং যিনি স্বয়ং বিশ্বরূপ, এবং যিনি এই কার্য বিশ্ব এবং ইহার কারণ হইতেও ভিন্ন, সেই স্বতঃসিদ্ধ বিভূর শরণ গ্রহণ করি। ভাগঃ ৮।৩।৩

> দেবদেব জগদ্যাপিন্ জগদীশ জগন্ময়। সর্বেষামপি ভাবানাং ত্থমাত্মা হেত্রীশ্বরঃ।। ভাগঃ ৮।১২।৩

হে দেবদেব! হে জগদ্যাপিন্! হে জগদীশ! হে জগন্ময়! আপনি সমস্ত পদার্থের হেতু, অতএব ঈশ্বর ও আত্মা। ভাগঃ ৮।১২।৩

একস্বমেব সদসদ্বয়মদ্বয়ঞ্চ স্বর্ণং কৃতাকৃতমিবেহ ন বস্তুভেদঃ। অজ্ঞানতস্বয়ি জনৈর্বিহিতো বিকল্পো যস্মাদগুণবাতিকরো নিরুপাধিকস্ত।। ভাগঃ ৮়া১২।৭

যেমন কুগুলাদি অলঙ্কার রূপে পরিণত স্বর্গ, ও কেবল স্বর্গ, গৃই এক বস্তু, তেমনি সং, অসং অর্থাৎ কার্য্য কারণ রূপদ্বর ও পরম কারণস্বরূপ অদ্বয় এক আপনিই, বস্তুভেদ নাই। অজ্ঞানবশতঃ লোকেরা আপনাতে ভেদ কল্পনা করিয়া থাকে, বস্তুভঃ আপনি নিরুপাধি, গুণের দ্বারাই ভেদ প্রতীতি হয়, স্বতঃ কোনও

ভেদ নাই। মায়া গুণের সহিত আপনার কোনও সংস্পর্শ না থাকায় আপনাতে ভেদ কোথা হইতে থাকিবে ? ভাগঃ ৮।১২।৭

> বিশ্বং বৈ ব্রহ্মতনাত্তং সংস্থিতং বিফুমায়রা। ঈশ্বরেণ পরিচ্ছিন্নং কালেনাব্যক্তমূর্ত্তিনা॥ ভাগঃ ৩।১০।১২

যথেদানীং তথাচাত্রে পশ্চাদপ্যেতদীদৃশন্। ভাগঃ ৩।১০।১৩
এই বিশ্ব ভগবান্ বিষ্ণুর মায়াতে সংস্কৃত হইয়া ব্রহ্ম তন্মাত্র হইয়াছিল,
পরে পরমেশ্বর, অব্যক্ত মৃত্তি কালকে নিমিত্ত করিয়া ভাহাই পুনরায় পৃথক পৃথক
রূপে প্রকাশ করিয়াছেন। এই বিশ্ব এক্ষণে যে প্রকার, পূর্বেত এই প্রকারই
ছিল, পরে ইহা ঈদৃশই হইবে। ভাগঃ ৩।১০।১২—১৩।

এতন্নানাবিধং বিশ্বমাত্মস্ন্তমধাক্ষজ ! আত্মনান্তপ্রবিশ্যাত্মন্ প্রাণো জীবো বিভর্ষাঞ্জঃ।

ভাগঃ ১০1৮৫৫

হে অধাক্ষজ! হে আত্মন্! তোমার আত্মস্ট এই বিশ্বে তুমি আপনিই অন্তপ্রেশ করিয়া ক্রিয়াশক্তি (প্রাণ)ও জ্ঞানশক্তি (জীব) রূপে বিশ্ব প্রতিপালন করিতেছ। ভাগঃ ১০৮৫।৫

এই প্রদক্ষে ১।১।৫ স্থত্তের আলোচনায় উদ্ধত ১০।৮৭।৪২ শ্লোক দ্রপ্তব্য।

ত্বমেব কালো ভগবান্ বিষ্ণুরব্যয় ঈশ্বরঃ ।। ভাগঃ ১০।১০।০০ তং মহান্ প্রকৃতিঃ সৃক্ষা রজঃসত্তস্তমোময়ী।

ত্বমের পুরুষোহধ্যক্ষঃ সর্বক্ষেত্রবিকারবিৎ।। ভাগঃ ১০।১০।৩১

হে দেব! আপনি ভগবান্, ঈশ্বর ও অবায় বিষ্ণু। আপনিই কাল, অর্থাৎ, কাল আপনার লীলা মাত্র। আপনি মহান্। আপনিই রক্ষ: সত্তঃ তমোময়ী সূক্ষা প্রকৃতি। আপনি পুরুষ। আপনি সর্কক্ষেত্রের অধ্যক্ষ, অতএব আপনি সর্কবিদ্ধরূপ। ভাগ: ১০।১০।২৭

আর অধিক উদ্ধারের প্রয়োজন নাই। শিরোদেশে উদ্ধৃত শ্রুতিমন্ত্রে উক্ত হইয়াছে যে, তিনি:তপস্থা করিলেন এবং তপস্থা করিয়া সৃষ্টি করিলেন। যিনি সর্ব্বাপ্রয়া, আত্ম পুরাণ, স্বয়স্থ্, তিনি আবার তপস্থা করিয়া কাহার উপাসনা করিবেন? এই সন্দেহ সহজেই মনে হইতে পারে। তাই ইহার অর্থ ব্ঝিবার জন্ম মৃত্তক শ্রুতির ১।১।১ মন্ত্র উদ্ধৃত করা গেল। যঃ সর্ববিদ্ যস্ত জ্ঞানময়ং তপঃ। তত্মাদেতৎ ব্রহ্ম নামরূপমন্নং চ জায়তে।। মুগুঃ ১।১।৯

যিনি সর্বাঞ্জ, সর্বাবিদ্, জ্ঞানই থাঁহার তপঃ, সেই ব্রহ্ম হইতেই নাম, রূপ, অন্ন উৎপন্ন হয়।

অতএব, জ্ঞানই তাঁহার তপঃ।

তিনি তপস্থা করিলেন, ইহার অর্থ এই যে পূর্ব্ব স্ক্টিতে, অর্থাৎ প্রলয় হেতু ধ্বংসের পূর্ব্বে বিশ্ব কি প্রকার ছিল তাহা আলোচনা করিয়া তিনি স্কটি করিলেন। উপরে উদ্ধৃত শ্রীমদভাগবতের ৩।১০।১৩ শ্লোকে ইহাই প্রকাশ করিয়াছেন।

এখানে একটি বিষয় লক্ষ্য করা বিশেষ প্রয়োজন। তৈতিরীয় শ্রুতির আনন্দবল্লীর উপক্রমে "সভ্যজানমনন্তং ব্রহ্ম" (তৈতিঃ আনন্দঃ ১) বলিয়া ব্রহ্মের শ্বরূপ উল্লেখ করিয়াছেন। সেই ব্রহ্মই বহু হইবার কামনা করিয়া স্পষ্টি করিলেন, এবং প্রভাক্ষ ও পরোক্ষ সমৃদায় বস্তু পরম্পরা হইলেন, এবং তাহাতে অনুপ্রবেশ করিয়া জগজপে পরিণত বা প্রকাশিত হইলেন, কিন্তু তাহার শ্বরূপবিচ্যুতি হইল না। তিনি "রস্যো বৈ সঃ। রসং হেবায়ং লক্ষানন্দী ভবতি" (তৈত্তিঃ আনন্দঃ ৭)। রস শ্বরূপ রহিলেন, যে রসের এক কণামাত্র পাইয়া বিশ্বব্রহ্মাণ্ড আনন্দান্ত্রত করে। পরে উপসংহারে বলিতেছেন ঃ—

যতো বাচো নিবর্ত্তন্তে। অপ্রাপ্য মনসা সহ। আনন্দং ব্রহ্মণো বিদ্বান্। ন বিভেতি কুতশ্চন।। (তৈত্তিঃ আনন্দঃ ২।৯)

বাক্য, মন, যাঁহার নিকট হইতে ফিরিয়া আসে, অর্থাৎ, বাক্য মন, যাঁহার নিকট গৌছিতে পারে না, সেই ব্রহ্ম আনন্দস্বরূপ, ইহা যে জানে, তাহার সংসারে ভয় করিবার কিছুই নাই।

ইহাও ব্রন্ধের স্বরূপ লক্ষণ। স্থতরাং উপক্রমে ও উপসংহারে যে ব্রন্ধন্য বিষয় কথিত হইল, মধ্যে স্প্টিতেও তিনি অব্যাহতভাবে স্বরূপেই অবস্থিত রহিলেন। স্প্টিজনিত ও প্রত্যক্ষ এবং পরোক্ষ বস্তুজাতে পরিণত হওয়ায় তাঁহার স্বরূপ ব্যত্যয় হইল না। ১১১২ স্ত্তে এই বিষয়ের আমরা সংক্ষেপে আলোচনা করিয়াছি। সেই সিদ্ধান্তের দৃঢ়তার জন্ত এখানে শ্রুতিনমন্ত্র উল্লিখিত হইল। ইহার পোষকে শ্রীমদ্ভাগবতের বহু শ্লোক উদ্ধৃত করা যাইতে পারে। বাহুলাভরে বিরত হইলাম। তবে পূর্বে ভিন্ন ভিন্ন স্থ্রের

আলোচনায় যে সকল শ্লোক উদ্ধৃত করা হইয়াছে, তাহারই কয়েকটির নির্দেশ করা গেল।

১।১।২ স্ত্রের আলোচনায় উদ্ধৃত ১।৫।৬ শ্লোকে "গুণৈরসঙ্গং", ১।১০।২৪ শ্লোকে "ন তত্ত্ব সজ্জতে"। ১।১।৫ স্ত্রের আলোচনায় ৭।১।৩• শ্লোকে "বং বা ইদং সদসদীশ ভবাংস্ততোহন্তঃ", ১০।৮৭।৪২ শ্লোকে "তং কৈবলা নিরস্তযোনি-মভয়ম্।" এই শ্লোকগুলি দ্রষ্টবা।

অপর,

যথা নভোবায্বনলাম্ব্ভূগুণৈর্গতাগতৈর্বর্ত্ত্ব্গুণৈর্ন সজ্জতে। তথাক্ষরং সত্তরজ্ঞমোমলৈরহন্মতেঃ সংস্তৃতিহেতুভিঃ

পরম্॥ ভাগঃ ১১।২৮।২৭

ইহার অর্থ ১।২।৮ স্থতে দেওয়া হইয়াছে।

স্তরাং দিদ্ধ হইল যে, ত্রহ্ম জগদ্রপে প্রকাশিত হইলেও তিনি স্বরূপ হইতে বিচ্যুত হন না। এই জন্তই শঙ্করাচার্য্য প্রমুথ অবৈতবাদিগণ জগৎপ্রপঞ্চের ব্যবহারিক সভ্যতা স্বীকার করিলেও পরমার্থতঃ মিখ্যা বলিয়া সিদ্ধান্ত করেন। পরিণামবাদিগণ নশ্বর অর্থাৎ "অসর্বকালসত্তাক" বলিয়া থাকেন। যথন ত্রন্ধাই জগদ্রপে পরিণত হইয়াছেন, তথন মিখ্যা কি প্রকারে বলা যাইতে পারে, ইহাই তাঁহাদের সিদ্ধান্তের হেতু। ভিন্ন ভিন্ন মতাবলম্বী আচার্য্যগণের বাদ বিবাদের ভিতরে প্রবেশ করা আমাদের উদ্দেশ্য নহে। বিশেষতঃ আমরা পূর্ব্বেই আলোচনায় ব্রিয়াছি যে, বাদ বিসম্বাদ সম্দায়ের আশ্রম্ম ক্রন্মা ভ্রন্মালোচনাই আমাদের লক্ষ্য। বিশেষতঃ সম্দায় বিরোধের পরিণতি ও সমাধান তাঁহাতেই।

তিনি বিশ্বস্রষ্টা, বিশ্বরূপ অথচ বিশ্ব-ব্যতিরিক্ত (অর্থাৎ স্বরূপ শক্তিতে বিশ্ব হইতে পৃথক ভাবে প্রতিষ্ঠিত), বিশ্ব তাঁহার ক্রীডোপকরণ, তিনি বিশ্বের আত্মা, অজ ও প্রমপদ স্বরূপ। আমি তাঁহাকে কেবল প্রণাম করি। ভাগঃ ৮।৩।২৬

সোহহং বিশ্বস্ত্রং বিশ্বমবিশ্বং বিশ্ববেদসম্।

বিশ্বাত্মানমজ্ঞং ব্রহ্ম প্রণতোহস্মি পরং পদম্।। ভাগঃ ৮।৩।২৬ বিশ্ববেদসংঃ—বিশ্বং বেদো ধনং উপকরণং যন্তা তম্। (শ্রীধর)

বিশ্ব ও অবিশ্ব পরস্পর অত্যন্ত বিরোধী। প্রপঞ্চ জগতের কোনও কিছু বস্তুতে এ প্রকার একান্ত বিরোধী ধর্মবিশিষ্ট পদার্থ থাকা সম্ভব নহে। মানবের যুক্তি, জ্ঞান, বাক্য একাধারে এ প্রকার বিরোধের সমাধান করিতে স্বভঃই অসমর্থ। মানবের মন, বৃদ্ধি, তর্ক, বিচার সম্দায়—দেশ কাল ও বস্তু পরিচ্ছির বিষয় সম্বন্ধে সম্বন্ধ। বেথানে দেশ, কাল, বস্তু পরিচ্ছেদের সম্পর্কমাত্র নাই, মানবের মন, বৃদ্ধি, তর্ক, বিচার তাঁহার আলোচনা করিতে পারে না। ব্রহ্ম দেশ, কাল ও বস্তু পরিচ্ছেদের বাহিরে। তিনি প্রপঞ্চয় তাবে অভিব্যক্ত হইলেও, একই সময়ে প্রপঞ্চাতীত, একারণ—মানবের মনঃ ও বাক্য তাঁহার নিকট পৌছিতে পারে না, মনের দ্বারা তাঁহাকে ধারণা করিতে, অথবা বাক্য দ্বারা তাঁহাকে প্রকাশ করিতে, সর্ব্বথা অসমর্থ। তাঁহাতেই সব বিরোধের সমাধান। শিরোদেশে উদ্ধৃত শ্রুতিমন্ত্রেও পরম্পর একান্ত বিরোধী পদার্থ সকলের সমাবেশ করিয়া তাঁহাতেই সমাধান করিয়াছেন। শ্রীমদ্ভাগবতের উদ্ধৃত দাতা২৬ শ্লোকই উক্ত শ্রুতিমন্ত্রের ব্যাখ্যা।

অতএব সিদ্ধান্ত হইল যে, ব্রহ্ম নিজে জগজেপে পরিণত হওয়ায়, ভিনি বিশ্বের উপাদান ও নিমিন্তকারণ উভয়ই। কিন্তু ভাহা হইলেও ভিনি নিজ্য স্ব স্বরূপে প্রভিন্তিত আছেন। স্বরূপ-বিচ্যুতি ভাঁহার হয় না। এজছা ব্রহ্মন্তর ভাষায় প্রকাশ করিতে হইলে, একন্থানেই বিরুদ্ধ ধর্মের সমাবেশ করিতে হয়। শ্রুতি এই হেডুই এক মল্লেই সম্ভণ, নিগুল বলিয়া বর্ণনা করিতে বাধ্য হইয়াছেন। তবে লক্ষ্য রাখা প্রয়োজন যে, উভয়েই ভাহাতে সার্থকভা লাভ করে। নিগুণের প্রাধান্ত দিয়া সগুণের হেয়ত্ব প্রতিপাদন করা শ্রুতির উদ্দেশ্য নহে। ভাষায় অচিল্য ব্রহ্মনত্ব প্রকাশ করিতে হইলে, ঐ প্রকার আপাতদৃষ্ট লৌকিক বিরোধ হইবেই হইবে। কিন্তু ব্রহ্মে কোনও বিরোধ নাই। ভিনি সমুদায় বিরোধের পরিণভি। এই বিষয়টি দ্ঢ়রূপে হনয়্ত্রম্ম করাইবার জন্য ইহা এতবার উল্লেখ করা হইল। আশা করি এই প্রসঙ্গে আরও কয়েকটি শ্লোক উদ্ধার করিলে বিষয়টি আরও বিশেদ রূপে বুঝা যাইবে।

তিস্ম নমঃ পরেশায় ব্রহ্মণেহনস্তশক্তয়ে। অরূপায়োক্রূপায় নম আশ্চর্য্যকর্মণে।। ভাগঃ ৮।৩।৯

তিনি একাধারে পরমেখর, ব্রহ্ম, অরূপ, বহুরূপী, তাঁহার অনস্ত শক্তি, এবং তাঁহার কর্ম সম্দার আশ্চর্যা। তাঁহাকে নমস্কার করি। ভাগঃ ৮।৩।১

নম আত্মপ্রদীপায় দাক্ষিণে পরমাত্মনে।
নমো গিরাং বিদ্বুরায় মনসন্চেতদামপি।। ভাগঃ ৮।৩।১০
তিনি স্বপ্রকাশ, তাঁহাকে অন্ত কিছু ধারা প্রকাশ করা যায় না। তিনি

সর্ববাক্ষী, পরমাত্মা—অর্থাৎ জীবের নিয়ন্তা। তিনি বাক্য, ম্ন ও চিত্তবৃত্তির অগ্রাপ্য । তাঁহাকে নমস্থার করি । ভাগঃ দাতা>০

যদি তিনি বাক্য, মন ও চিত্তবৃত্তির অপ্রাপ্য, তবে কি গাঁহাকে পাইবার কোনও উপায় নাই ? এজন্ম বলিতেছেন :—

সত্ত্বন প্রতিলভ্যায় নৈষ্কর্ম্মোণ বিপশ্চিতা।

নমঃ কৈবল্যনাথায় নির্ব্বাণস্থখসন্বিদে।। ভাগঃ ৮।৩।১১

িনেজ্জাসিদ্ধি দারা চিত্তভূদ্ধি হইলে বিপশ্চিদ্গণ তাঁহাকে লাভ করেন। তিনি কৈবল্যনাথ, মোক্ষাত্মভবানন্দ তাঁহার স্বরূপ। তাঁহাকে নসস্কার করি। ভাগ: ৮।৩)১১

উদ্ধৃত ভাগবতের ৮।৩।১১ শ্লোকে "প্রতিলভ্যায়" পদে গৃঢ় রহস্থ অর্থ প্রচ্ছর রহিয়ছে। "প্রতিলভ্য" পদ "লভ্য" পদের আকাজ্ঞা রাথে। যেমন আমরা, দান-প্রতিদান, ঘাত-প্রতিঘাত, হিংদা-প্রতিহিংদা, ধ্বনি-প্রতিধ্বনি প্রভৃতি সাধারণ ভাবে ব্যবহার করিয়া থাকি। এথানে শুধু "প্রতিলভ্যায়" পদ ব্যবহার করিয়া ভাগবতকার বুঝাইলেন যে, তাঁহার লাভ ত সর্ব্বদাই বর্তমান। জাব তাঁহা হইতে জাত, তাঁহাতে স্থিত, তাঁহার দ্বারা সংজীবিত ও ক্রিয়াশীল হইয়াই ত জগদ্ব্যাপার সম্পাদন করে। স্বতরাং "লভ্যায়" পদ ব্যবহারের প্রয়োজন নাই। তাঁহার কাছে জীবের লাভ বা প্রাপ্তি ত শাখত, উহা কোনও উপায়লভ্য নহে। কিন্তু জীবের কাছে তাঁহার প্রাপ্তি বা "প্রতিলাভ" উপদেশে সমৃদায় শাস্তের সার্থকতা।

যদিও তিনি বাক্য-মনের অগোচর, তথাপি তিনি নিজের অপার করুণায় প্রপঞ্চ বিশ্বে, বিশ্বরূপ হইয়া, ঘোর, মৃচ্, শান্ত প্রভৃতি নানা প্রকার মৃর্তিতে, আমাদের চতুর্দিকে বিরাজ করিতেছেন।

> নমং শাস্তায় ঘোরার মৃঢ়ায় গুণধর্মিণে। নির্দ্বিশেষায় সামাায় নমো জ্ঞানঘনায় চ॥ ভাগঃ ৮।৩।১২

তিনি শান্ত, ঘোর, মৃঢ়, ফলতঃ গুণধর্মের অনুকারী, তিনি একাধারে নির্কিশেন সমত্বিশিষ্ট ও জ্ঞান্থন। তাঁহাকে নমস্কার করি। ভাগঃ ৮।৩।১২

আর বিস্তারের প্রশ্নোজন নাই। যে কয়টি শ্লোক উপরে উদ্ধৃত হইল, তাহা হইতে স্পষ্ট বুঝা যাইবে যে, সমূদায় বিরোধ তাঁহাতে পর্য্যবসান। এবং তিনি জগদ্রপে প্রকাশিত হইলেও স্বরূপে নিত্য প্রতিষ্ঠিত আছেন: ইহাতে তাঁহার স্বরূপ-বিচ্যুতি হয় না।

ভিত্তি:---

- ১। "যদ্ভূত যোনিং পরিপশুন্তি ধীরাঃ"। মুগুক, ১।১।৬ ধীরগণ সেই ভূতযোনিকে (সর্বভূতের উপাদনকারণকে) দর্শন করিয়া থাকেন।
 - ২। "ধধোর্ণনাভিঃ স্বন্ধতে গৃহুতে চ যথা পৃথিব্যামোষধয়ঃ সম্ভবন্তি। যথা সতঃ পুরুষাৎ কেশলোমানি তথাক্ষরাৎ সংভবতীহ বিশ্বম্।"

মুগুক ১।১।৭

মাকড়শা যেমন উর্ণা স্কলন করে এবং গ্রহণ করে, পৃথিবীতে বেমন ওমধিগণ উৎপন্ন হয়, জীবিত পুরুষ হইতে যেমন কেশ লোম সকল জন্মায়, সেইরূপ ব্রহ্ম হইতে এই বিশ্ব উৎপন্ন হয়। মৃগুক ১।১।৭

সূত্র :—১৷৪৷২৮

যোনি*চ হি গীয়তে।। ১।৪।২৮ যোনিঃ + চ + হি + গীয়তে।

যোনি:়—উপাদানকারণ বলিয়া। চঃ—ও। হি:—নিশ্চরে। গীয়তে:—কণিত হন।

শিরোদেশে উদ্ধৃত মৃগুক শ্রুতির ১।১।৬ মন্ত্রে সাক্ষ্যুৎভাবে যোনি শব্দেরই প্রয়োগ আছে। উক্ত শ্রুতির ১।১।৭ মন্ত্রে যদিও উক্ত শব্দের প্রয়োগ নাই, তথাপি যে কর্মটি দৃষ্টান্ত দেওয়া হইয়াছে, তাহা হইতে স্পষ্টই প্রতীতি হয় যে, ব্রহ্মই বিশ্বের উপাদানকারণ।

শ্রীমন্ভাগবত এই কথাই বলিয়াছেন :—

যথোর্ণনাভিহ্নদয়াদুর্ণাং সংতত্য বক্তুতঃ। তয়া বিহাত ভূয়স্তাং গ্রাসত্যেবং মহেশ্বরঃ।। ভাগঃ ১১।৯:২১

১।১।৫ স্তত্তের আলোচনায় (৩৮০-৩৮১ পৃষ্ঠায়) ইহার অর্থ দেওয়া হইয়াছে।

···ইদং স্ষ্ট্রা পুনগ্র সিস সর্বমিবোর্ণনাভিঃ।। ভাগঃ ১২।৮ ৩৫ উর্ণনাভির ন্তার এই প্রপঞ্চ বিশ্ব স্ষ্টি করিয়া পুনরার গ্রাস করেন। ভাগঃ

নমো নমস্তেইখিল কারণায় নিষ্কারণায়ান্তুত কারণায়। ভাগঃ ৮।৩।১৫
আপনি স্বরং নিষ্কারণ, কিন্তু সর্ব্বকারণরপী, পরন্তু সর্ব্বকারণ হইলেও
মৃত্তিকাদি ন্যায় আপনার বিকার নাই, এজন্য আপনি অন্তুতকারণ, আপনাকে
ভূরোভ্য়ঃ নমস্কার করি। ভাগঃ ৮।৩।১৫

বৃহত্বপলব্ধমেতদবযন্ত্যবশেষতয়া যত উদয়ান্তময়ৌ বিকৃতেমূ দি বাবিকৃতাৎ।

ভাগঃ ১০৮৭।১৫

এই চরাচর বিশ্বে যাহা কিছু দেখিতে পাওয়া যায়, এ সকলেরই অবশেষরূপে আপনাকে বৃহৎ ব্রহ্মস্বরূপ বলিয়া জানি, যেহেতু অবিক্বত মৃত্তিকাদি হইতে বিক্বত ঘটাদির উৎপত্তি বিনাশের ন্যায়, অবিক্বত ব্রহ্ম হইতে এই বিক্বত বিশের উদয়ান্ত হইতেছে। ভাগঃ ১০৮৭।১৫

অভএব সর্ব্বপ্রকারে সিদ্ধ হইল যে, ত্রন্ধ উপাদানকারণও বটেন। ৮। সর্বব্যাখ্যানাধিকরণ॥

সূত্র :-- ১।৪।২৯

এতেন সর্বের ব্যাখ্যাতা ব্যাখ্যাতাঃ ॥ ১।৪।২৯ এতেন + সর্বের + ব্যাখ্যাতাঃ + ব্যাখ্যাতাঃ ।

এতেন :—ইহা দারা (যে প্রকার বিচার করা হইল, সেই সম্দায় যুক্তি পরস্পরা দারা)। সবেব :—সমস্ত (সমস্ত নাম—হর, শিব, রুল্র, ব্রহ্মা, ইল্র ইত্যাদি সম্দায় নাম, দৈতবাদ, অদৈতবাদ, জড়বাদ, পরমাণুবাদ প্রভৃতি সকলই ব্রহ্মণর)। ব্যাখ্যাতাঃ:—ব্যাখ্যাত হইল। তুইবার "ব্যাখ্যাতাঃ" শব্দের প্রয়োগ, অধ্যায় সমাপ্তির দ্যোতক।

প্রথম অধ্যায়ের প্রথম পাদের দ্বিতীয় স্ত্র হইতে উক্ত অধ্যায়ের ৪র্থ পাদের ২৮ স্ত্র পর্যন্ত বিচারে, যে দকল যুক্তি পরম্পরা দ্বারার সম্দায় বেদান্তের ব্রহ্মপরত্ব প্রতিষ্ঠিত করা হইল, উক্ত যুক্তি পরম্পরা দ্বারাই সম্দায় নাম ও সম্দায় বাদ ব্রহ্মপর, ইহা বর্ণিত হইল। পাঠকগণ নিজ্ঞ নিজ্ঞ বুদ্ধি অনুসারে তাহা বুঝিতে পারিবেন।

স সর্ববনামা স চ বিশ্বরূপঃ প্রসীদতামনিরুক্তাত্মশক্তি :॥

ভাগঃ ৬।৪।২৩

তিনি সর্বনামধারী, তিনি বিশ্বরূপ, তাঁহার শক্তি বাক্য মনের অগোচর, তিনি প্রসন্ন হউন। ভাগঃ ৪।৬।২৩

> তস্মিন্ ব্রহ্মণ্যদ্বিতীয়ে কেবলে পরমাত্মনি। ব্রহ্মরুদ্রোচ ভূতানি ভেদেনাজ্ঞোহমুপশ্যতি॥ ভাগঃ ৪।৭।৪৯

সেই অদ্বিতীয়, কেবল, প্রমাত্মা ত্রন্ধে, অজ্ঞ ব্যক্তি ব্রন্ধা, রুদ্র, ভূতগণ প্রভৃতি ভেদ দর্শন করিয়া থাকে। ভাগঃ ৪।৭।৪১

> তং সর্ববাদবিষয়প্রতিরূপশীলং বন্দে মহাপুরুষমাত্মনি গূঢ়-বোধম্।। ভাগঃ ১২।৮।৪৩

সেই সর্ববাদ বিষয়ানুসারী ও আপনাতে নিগৃঢ় বোধরূপ মহাপুরুষকে বন্দনা করি। ভাগঃ ১২।৮।৪৩

অভএব সিদ্ধান্ত হইল যে, সমুদায় বেদান্ত ত্রহাপর।

প্রথম অধ্যায় :—	অধিকরণ	সূত্র সংখ্যা
প্রথম পাদ	22	ે ૭૨
দ্বিতীয় পাদ	৬	৩৩
তৃতীয় পাদ	>•	8¢
চতুর্থ পাদ	ь	२२
	७६	202







২৪ পরগনা দিঃ) জেলার জয়নগর গ্রামে ইং ১৯৫২
সারে রামপদ সটোপাধা জন্ম। প্রেসিডেফারি কলেজ
থেকে সংস্কৃত, গাঁল ও পদার্থাবিজ্ঞানে অনার্সা সহ
বি.এ. পাশ করার নর গাঁণতে এম.এ. পাঠকালে তিনি
প্রাদেশিক সিভিল সাভিসের পরশক্ষায় উত্তীর্ণ হয়ে
সরকারী কম্মজীবনে প্রক্রিট হন।

কর্মজীবনে তাঁর নিষ্ঠা ও যোগ্যতার স্বীকৃতি স্বর্প তিনি একাধিক উচ্চসন্মন লাভ করেন। বাল্যকাল থেকেই পিতা স্পশিভত জীবনকৃষ্ণ চট্টোপাধ্যায়ের সন্মিধানে থাকা কালে সাত্বত দর্শনি ও ধর্মশাস্তে তাঁর প্রগাঢ় ঈপ্সা জন্মে। ১৯১০ সালে পত্নীবিয়াগের পরে শাস্তান্শীলনে তিনি সম্প্রণভাবে আত্মনিয়াগে করেন। তথন হইতে বেদান্তদর্শনের উপর তাঁর অন্বেষা আত্যন্তিক নিয়মান্বার্ত্তার মধ্যে স্ব্রুহ্ম এবং আম্ত্যুপ্রতি দিবসের কয়েক ঘণ্টা "সমং কয়েশিরোগ্রীবং ধারয়ন্নচলং স্থিরঃ" অধ্যয়নে বায় করতেন। তৎকালীন পশিভত সমাজ তাঁর জ্ঞানের পরিধি নির্পণ কয়ের 'বেদান্ত বিদ্যাণ্ব' উপাধিতে তাঁকে ভূষিত করেন।

'ব্রহ্মস্ত্র ও শ্রীমদ্ভাগবত' তাঁর Magnum Opus; এছাড়া তাঁর জীবদদশার "গায়ত্রী রহস্য", "মাতৃপ্জা বা চন্ডীরহস্য" এবং বর্তমান গ্রন্থের ভূমিকার্পে রচিত "বেদান্ত প্রবেশ" গ্রন্থ্যর প্রকাশিত হয়। তাঁর আরো কয়েকটি গ্রন্থ "অপরোক্ষান্ভূতি", "শান্তিগীতা", "রামগীতা" প্রকাশিত হয়। "নাম মহিমা" এখনও পান্ডুলিপি আকারে রয়েছে।

SOME OPINIONS ON THE BOOK

Dr. Gourinath Sastri, Professor Emeritus of Sanskrit, University of Calcutta, Ex-Vice Chancellor, Sanskrit University, Varanasi:

...To the ordinary students the Brahma Sutras of Badarayana and the Srimad Bhagavata differ in respect of their approach to the ultimate goal of human life. But Late Chattopadhyayji had taken pains to point out that the apparent difference did not exist and that the two great works were quite in agreement with each other in so far as the realisation of the Ultimate Truth was concerned.....The manuscript copy which runs into hundreds of pages contains evidence of sustained and fruitful research and I would only wish that efforts be made to get it printed and published.....

Dr. Gopikamohan Bhattacharya, Professor and Head of the Department of Sanskrit, Pali and Prakrit, Kuruksetra University & Director, Institute of Indic Studies.

...it is not only a running commentary of the Brahmasutra in the light of the Bhagavata but a treatise of Vedantic Vaishnavism. It is also a scholarly and comprehensive survey of the Vedanta in all its aspects. The author's deep understanding of the Vedanta and Vaishnava literature has given depth and a sense of reality to his study. No explorer has ever presented a wider survey of this synthesis existing in the cardinal texts of these two schools, nor drawn a more stimulating interpretation of the Brahmasutra and the Bhagavata. It is a luminous, profound and extremely stimulating work. This is a work which everyone interested in the currents of Indian philosophy will have to read.....

মহামহোপাধ্যায় শ্রীয়্ত খগেন্দ্রনাথ শাস্ত্রী, 'সাংখ্যদর্শন', 'যোগদর্শন', শ্রীমদ্ ভাগবত', 'শ্রীমদ্ভাগবন্গীতা' প্রভৃতি শাস্ত্রগ্রুথ ব্যাখ্যাতাঃ

ব্রহ্মসূত্র ও শ্রীমদ্ভাগবত এক উদ্দেশ্যেই রচিত হইলেও প্রকারভেদে উভয়ের মধ্যে পার্থক্য আছে। উভয় গ্রন্থের সামঞ্জস্য হৃদয়ে অবধারণ করায় বিশেষ পাণিডত্য ও গবেষণার প্রয়োজন।...বেদান্তবিদ্যার্ণব শ্রীরামপদ চট্টোপাধ্যায় মহাশয় উত্ত গ্রন্থান্তরের পরস্পর সামঞ্জস্যটি এত স্নিপ্র্ণ ভাবে পরিস্ফ্ট করিয়াছেন যে, তাহা প্রকৃত প্রশংসনীয়।...গ্রন্থকর্তা মূল উদ্দেশ্যটি প্রারম্ভে উল্লেখ করিয়া তাহার তাৎপর্য্য প্রকাশে যের্প পরিশ্রম করিয়াছেন, তন্জন্য তিনি ধন্যবাদার্হ, সন্দেহ নাই।...